৫ নগরীয় প্রাচীরের সীমার সুবিস্তার নিমিত্ত সম্রাট ভলিশিয়ানের সময়ে রোম নগরে ত্রিংশৎটা দ্বারের ন্যূন ছিল না। তন্মধ্যে পুসেনটেনা, ফ্ল্যামিনা, ক্যারম্যান্টেলিস, নিবিয়া, স্যালিএনা এবং ক্যাপেনা, এই ছয় টা প্রধান ছিল।

৬ এই বৃহৎ ও ধনবৎ নগর সর্ব্ব সাধারণের, বিশেষতঃ প্রাদ্বাসিদিগের ভূরিং ঐশ্বর্য্যশালি পুরীতে পরিপূর্ণ ছিল। ফলে সংক্ষেপে বক্তব্য এই যে ঐ সকলের সংখ্যা এত অধিক ছিল যে শুদ্ধ তাহারদিগের নাম লিখিলেই এক খান পুস্তক পূর্ণ হইতে পারে, অতএব সমুদয়ের উল্লেখ না করিয়া তন্মধ্যে যে সকল অতি প্রধান এবং যাহার উল্লেখ উপাখ্যানে [illegible] হইয়া থাকে তাবন্মাত্রের বিবরণ লিখিয়া ক্ষান্ত হওয়া যাইবে।

৭ দেবালয় নিকর অমর দেবতাগণের প্রীত্যর্থে উৎসর্গ হয় ঐ প্রযুক্ত প্রথমতঃ তদ্বিষয় লেখা উচিত। দেব ভবন সমূহ মধ্যে ক্যাপিটল, অর্থাৎ; জুপিটর ক্যাপিটোলাইনসের মন্দির সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ছিল। ৮ ঐ মন্দির প্রথম রাজা টার্কুইনস্ প্রিসকুস, অর্থাৎ; প্রাচীন টার্কুইনসের সময়ে নির্ম্মিত হইয়া সপ্তম বা শেষ ভূপতি টার্কুইনস স্থপরবস্, অর্থাৎ; অহঙ্কারী উপাধিধারি টার্কুইনসের সময়ে নিকটস্থ দেশ সংঘাতের লুণ্ঠিত দ্রব্যে পরিপূর্ণ হয়। ঐ মঠ এক উচ্চ স্থানে নির্ম্মিত এবং বারো বিঘা ভূমি ব্যাপিয়া ছিল। তাহার আকার চতুষ্কোণ এবং সম্মুখে তিন শ্রেণী ও দুই পার্শ্বে দুইং পংক্তি স্তম্ভে সুশোভিত ছিল. তাহাতে মৃত্তিকা হইতে এক শত সোপান ছিল। ঐ সময়েং তাহাতে এপ্রকার অদ্ভুত সজ্জা অর্পিত হইয়াছিল যে তাহা সহসা বিশ্বাসের গোচর হয়না। কথিত আছে আগষ্টস একদা পঞ্চবিংশতি মোন স্বর্ণ এবং চত্বারিংশৎ সহস্র টাকার রত্ন দান করিয়াছিলেন; তাঁহার পিত্তল নির্ম্মিত গোবরাট সকল, ঐশ্বর্য্যশালী স্তম্ভ সমূহ, স্বর্ণ মণ্ডিত ছাদ, নিরেট রূপার প্রকাণ্ডাকার ঢাল ও [illegible], এবং স্বর্ণ রথ অতি প্রসিদ্ধ ছিল, তদ্ভিন্ন অনেকানেক রাজা তথা রাজপুত্র

এবং জয়ি সেনাপতিরা তদর্থ অন্যান্য বহু মূল্য দ্রব্য প্রদান করিয়াছিলেন; এই বিষয়ে কিম্বদন্তী উপাখ্যান ... অতি অদ্ভুত ও ... কার বিবরণ লিখিয়াছেন ১০ এই মন্দির অনেক বার দগ্ধ হইয়াছিল কিন্তু যত বার বিনষ্ট হয় তত বারই ঐ রূপে পুনঃ নির্ম্মিত হয় ... ডমিশিয়ান নামক অধিরাজ পূর্ব্বাপেক্ষা সর্ব্বোৎকৃষ্ট ... নির্ম্মাণ করিয়াছিলেন; ঐ মন্দির কেবল স্বর্ণে মণ্ডিত করিতে দুই কোটি পঞ্চবিংশতি লক্ষ টাকা ব্যয় হয়। এক্ষণে ঐ মহৎ ও ঐশ্বর্য্য... আলয়ের যে অতি অল্পাংশ অবশিষ্ট আছে একটা খ্রীষ্টীয় ... ও পরিবর্ত্তিত হইয়াছে।

... প্যান্থিয়ন নামক মন্দির মার্কস্ এগ্রিপ্পা কর্ত্তৃক নির্ম্মিত হইয়া সর্ব্ব দেবের প্রীত্যর্থ উৎসর্গ হইয়াছিল। সেই মঠ গোলাকৃতি এবং তাহার চাল খিলানবৎ ছিল। তাহাতে গবাক্ষ ছিল না, ছাদের উপরি স্থিত একটা গোলাকৃতি ছিদ্র দ্বারা আলো আসিত এবং তন্মধ্যে প্রবিষ্ট বৃষ্টি ধারা ... নিমিত্ত তাহার ঠিক নীচে একটা আশ্চর্য্য প্রণালী ছিল। তাহার উপরিভাগ আদৌ রূপার দ্বারা আচ্ছাদিত ছিল কিন্তু এক্ষণে তৎস্থান সীসকে মণ্ডিত হইয়াছে। ঐ মন্দিরও এইক্ষণে এক খ্রীষ্টিয়ান গ্রীজা হইয়াছে। পরন্তু কাল বশতঃ এ ... সন্নিকটস্থ মৃত্তিকা এমত উচ্চ হইয়াছে যে পূর্ব্বে মন্দিরে প্রবেশ করিতে দ্বাদশটা সোপান উঠিতে হইত, এক্ষণে তাবৎ সংখ্যা সিঁড়ী নীচে যাইতে হয়।

১২ এতদ্ভিন্ন বিশেষ রূপে বর্ণনীয় আর দুইটা মন্দির আছে। এই আলয় দ্বয় পূর্ব্বোক্ত দুইটার ন্যায় ঐশ্বর্য্যশালি ছিল না বটে কিন্তু যে কর্ম্মে নিযুক্ত হইত এবং তাহাতে যে সকল ব্যবহার নির্ভর ... তজ্জন্য তাহাদের উল্লেখ করা আবশ্যক।

১৩। তাহার মধ্যে একটা স্যাটরণ দেবের মন্দির। তাহাতে রাজ্যের ধন থাকিত, কারণ নগরস্থ সর্ব্ব স্থানাপেক্ষা তাহা শক্ত ও নিঃশঙ্ক ছিল। এই সূত্রে রাজ্যের হিসাব, পুস্তক ও কাগজ পত্রা...

রক্ষিত হইত; এবং তন্মধ্যে লাইব্রাই এলেফ্যান্টাই, অর্থাৎ; গজ দন্ত নির্ম্মিত বৃহৎ নির্ঘণ্ট পত্র ছিল, তাহাতে সকল জাতির নাম এবং ক্রমাবাদির বিস্তারিত বর্ণন থাকিত।

১৪। অন্য মন্দিরটা জানস্ দেবের ছিল। তাহা শুদ্ধ পিত্তলে নির্ম্মিত এবং তন্মধ্যে ঐ ঠাকুরের এক মূর্ত্তি ছিল। ঐ মন্দিরে পিত্তলময় কপাট ছিল; তাহা যুদ্ধ সময়ে সর্ব্বদা মুক্ত, ও সন্ধি কালে নিয়ত রুদ্ধ থাকিত; কিন্তু রোমানেরা সতত সংগ্রামে নিযুক্ত থাকাতে এক সহস্র বৎসরের অধিক কাল মধ্যে কেবল নয় বার মাত্র বন্ধ হইয়া ছিল।

১৫। দেবালয়ের পর সং ও কাব্য গৃহ, নাট্যাদি কৌতুকশালা, সর্কাই নামক কেলি স্থান, নামাকাই নাম বিশিষ্ট জাহাজীয় যুদ্ধ ক্রীড়া স্থল, এবং অপরাপর অত্যন্ত প্রসিদ্ধ স্থান সকলকে রোম রাজ্যের প্রধান পুরী বলিয়া গণ্য করা যায়।

১৬। সং ও কাব্য গৃহ অর্দ্ধ চন্দ্রাকারে নির্ম্মিত ছিল এবং তথায় কৌতুকাবহ যাত্রা হইত। তাহাতে নিম্ন লিখিত চতুর্বিধ স্থান থাকিত; যথা;

প্রথম রক্ষিত স্থান। সংগৃহের ঠিক সম্মুখে তাহা থাকিত; এবং দর্শকদিগকে কোন নূতন সং বা দৃশ্য দেখাইবার সময় তাহার যবনিকা এবং পুরাণ কখন বা উপরে গুটান যাইত।

দ্বিতীয় আখড়া। তথায় নাট্যকারিরা অভিনয় করিত।

তৃতীয় মধ্য স্থান, অর্থাৎ; রঙ্গভূমি। সং গৃহের অন্য স্থান হইতে তাহা নিম্ন হইত। নাট্যাদি কৌতুক শালার রঙ্গ স্থানকে বালুকা কহা যাইত; কারণ নৃত্যকারিরা পিছলিয়া না পড়ে তদর্থ তথায় শিকত বিস্তৃত থাকিত।

চতুর্থতঃ দর্শকদিগের বসিবার আসন। তাহা তিন ভাগে বিভক্ত এবং রাজ্য বাসিদিগেরও তিন শ্রেণী ছিল, অতএব সেনেটাধ্যক্ষ, অশ্বারূঢ়, এবং সামান্য লোকদিগের নিমিত্ত এক২ উপযুক্ত পংক্তি

[illegible]ও ছিল। লাটিন ভাষায় পদলোক্ত [illegible] শ্রেণীকে আরচেষ্ট্রা, [illegible]কে কোএষ্ট্রা, এবং তৃতীয় [illegible] পাপডিউলেরিয়া কহে।

১৭ [illegible] কৌতুকশালা [illegible] অণ্ডাকৃতি ছিল। তথায় অস্ত্র ক্রীড়া [illegible] বন্য পশু [illegible] ভূরি২ রণ ক্রীড়া হইত। এই গ্রন্থের স্থানান্তরে এই সকল ক্রীড়ার বিষয় বাহুল্য রূপে বর্ণনা করা যাইবেক।

১৮ সর্কাই নামক কেলি স্থানে গাড়ী দৌড় ও লোকপ্রিয় অন্যান্য ক্রীড়া হইত। ঐ সকল স্থান প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য পরিমাণে অধিক ছিল এবং দর্শকদিগের বিশ্রাম জন্য তথায় শ্রেণীবদ্ধ আসন থাকিত। ঐ সকল স্থানের মধ্যে টার্কুইনস প্রিসকস দ্বারা যাহা নির্ম্মিত হয় [illegible]হা সর্ব্ব শ্রেষ্ঠ এ কারণ তাহার নাম মহা কেলি স্থান বলিয়া প্রসিদ্ধ হয়। তাহা দীর্ঘে এক ক্রোশের চতুর্থাংশ ও প্রস্থে তদুপ-যুক্ত ছিল এবং তাহাতে এক লক্ষ পঞ্চাশ হাজার লোক বসিতে পারিত। ঐ স্থান প্রথমাবধি সুদৃশ্য থাকিয়া পরবর্ত্তি রাজাদিগের কর্ত্তৃক আরো সুশোভিত হয়, শেষে তাহার পরিসর এমত প্রকাণ্ড হইয়াছিল যে তন্মধ্যে দুই লক্ষ পঞ্চাশ সহস্র দর্শক অনায়াসে বসিবার আসন পাইত।

১৯ নামাকাই, অর্থাৎ জাহাজীয় যুদ্ধ ক্রীড়া স্থান, পূর্ব্বোক্ত স্থান হইতে অধিক ভিন্ন ছিল না। তাহার কোনটার পরিমাণ এমত আশ্চর্য্য ও বৃহৎ ছিল যে সমুদয় জাহাজের বহর গোলযোগ বা [illegible] ব্যতিরেকে অনায়াসে শৃঙ্খলা পূর্ব্বক তন্মধ্যে যাতায়াত [illegible] [illegible] ক্রীড়া করিত।

[illegible] ক্যাম্পাস্ মার্শস্, অথবা মার্স * দেবের ক্ষেত্র, অর্থাৎ রণ ভূমি [illegible] টাইবর নদ নিকটস্থ এক [illegible]হৎ ক্ষেত্র মাত্র ছিল তথাপি তাহার বিষয় লেখা উচিত [illegible]হেতুক তথায় সকল [illegible]লোকদিগের সন্তানেরা

---

* মার্স দেব সংগ্রামের অধিষ্ঠাত্রী দেবতা ছিলেন।

সতর্কতার কার্য্য এবং অস্ত্র শস্ত্রাদি ব্যবহার শিক্ষা করিত, তথায় গাড়ী ও ঘোড় দৌড় হইত। এতদ্ভিন্ন বিখ্যাত ব্যক্তিদিগের প্রতিমূর্ত্তি, খিলান, স্তম্ভ, আচ্ছাদিত পথ, এবং অন্য ২ ঐশ্বর্য্য-শালি অট্টালিকা দ্বারা তাহা শোভিত ছিল। এই স্থানে বিদেশীয় দূতদিগের আহ্বানার্থ ভিলা পবলিকা নামক এক বাটী এবং রাজধানী ছিল যেহেতুক নগর মধ্যে তাহাদিগকে লইয়া যাইবার প্রথা ছিল না। তথায় লোকদিগের অনেক সভা হইত ও ঐ সকল সভা স্থান কাষ্ঠ গড়ায় বেষ্টিত ছিল এবং তন্মধ্যে প্রত্যেক জাতি, অর্থাৎ; শত লোক সংখ্যক দলেরা একে২ প্রবেশ করিয়া রাজকীয় বিষয়ে নিজ২ মত প্রদান করিত।

২১ রোমীয় ফোরা, অর্থাৎ; সাধারণ ও প্রকাশ্য স্থান সকল খিলান যুক্ত আচ্ছাদন পথ দ্বারা বেষ্টিত ছিল। সে সকলের মধ্যে পাঁচ টা প্রধান ছিল, যথা;—

২২ প্রথম ফোরম রোম্যানম্। তাহা রামিউলস কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল এবং তাহাকে প্রাধান্য ও সম্মান দিবার কারণ তাহার নাম শুদ্ধ ফোরম্ কহা যাইত। তাহার যে স্থানে লোকদিগের সভা হইত তথায় রসট্রন, অর্থাৎ; বক্তৃতা করণ মঞ্চ ছিল। এন্শিয়ম * নগরবাসিদিগের নিকট হইতে যে সকল জাহাজ অপহৃত হইয়াছিল তাহার দলের অগ্রভাগ, অর্থাৎ; গোলুয়ের উপর পক্ষি চঞ্চ্বাকার পিত্তলের যে অলঙ্কার ছিল তদ্দ্বারা ঐ বক্তৃতা করণ মঞ্চ শোভিত হওন প্রযুক্তই তাহাকে রসট্রন, অর্থাৎ; পক্ষি চঞ্চু কহা যাইত। এই স্থানে অভিযোগকারিদের বাক্যানুবাদ ও বক্তৃতা, এবং অন্ত্যেষ্টি ক্রিয়া স্বরূপ মৃত ব্যক্তিদিগের প্রশংসা ব্যক্ত হইত।

২৩ দ্বিতীয় ফোরম জুলিয়ম। জুলিয়স সিজার গাল † দেশের

---

* এন্শিয়ম নগর ইটালিতে স্থাপিত ছিল।

† গাল দেশ ইটালির উত্তর পশ্চিম ভাগস্থ। এক্ষণে তাহার নাম ফ্রান্স, অর্থাৎ; ফরাসিসদিগের দেশ হইয়াছে।

যুদ্ধে জয়ী হইয়া যে সকল দ্রব্য লুণ্ঠন করিয়া আনিয়াছিলেন তদ্দ্বারা এই স্থান নির্ম্মিত হইয়াছিল। কেবল তাহার প্রাঙ্গন নির্ম্মাণ করিতে ৮০৭১২১০ টাকা ব্যয় হয়।

২৪ তৃতীয় ফোরম আগস্টাই। আগস্টস রাজার ইহা নির্ম্মাণ করেন, [illegible] নামক গ্রন্থকর্ত্তা কহেন উহা রোম নগরীয় একটী অদ্ভুত বস্তু ছিল; তাঁহাতে দুইটা আচ্ছাদিত পথ ছিল; তাহার একটায় ইনিজস্ * অবধি যত লাটিন রাজা হইয়াছিলেন তাঁহাদিগের প্রতিমূর্ত্তি ছিল, এবং অন্যটায় রামিউলস্ অবধি তাবৎ রোমীয় রাজারদিগের, ও প্রজা প্রভুত্ব কালীন বিখ্যাত ব্যক্তিদিগের, এবং স্বয়ং আগস্টসের, প্রতিমা ছিল, অধিকন্তু প্রত্যেক প্রতিমার সঙ্গে তত্তব্যক্তির প্রধান২ কর্ম্মের বিবরণ খোদিত ছিল।

২৫ চতুর্থ ফোরম নরবী। এই স্থান অধিরাজ ডমিশিয়ান কর্ত্তৃক আরব্ধ হইয়া নরবা সম্রাট দ্বারা সম্পূর্ণ হয়; তথায় অধিরাজদিগের প্রতিমা সকল থাকিত।

২৬ পঞ্চম ফোরম্ ট্রেজনাই এই স্থান গঠনের বৈচিত্র নিমিত্ত, সর্ব্ব শ্রেষ্ঠ ছিল; ট্রেজান রাজা যুদ্ধে লুটিত দ্রব্য দ্বারা তাহা নির্ম্মিত ও সুশোভিত করিয়াছিলেন। ঐ স্থান পিত্তলে মণ্ডিত হইয়া অত্যুচ্চ এবং প্রকাণ্ডাকার মস্তক বিশিষ্ট স্তম্ভ যুক্ত পরম সুন্দর ও ঐশ্বর্য্যশালি আচ্ছাদিত পন্থা সকলে বিভূষিত ছিল।

২৭ পর্টিকো, অর্থাৎ; আচ্ছাদিত পথ সকল সুন্দর রূপে নির্ম্মিত এবং রাজ্যের প্রকাশ্য বাটী সমূহে সংলগ্ন থাকিয়া কেবল [illegible] সিদ্ধির অলঙ্কার স্বরূপ হইয়াছিল এমত নহে কিন্তু বিশেষ উপকারও বিস্তার করিত, যথা; সেনেটাধ্যক্ষেরা তথায় কখন২ সভা করিতেন

---

* ট্রয় নগর ধ্বংস হইলে তন্নিবাসী ইনিঅস্ নামক রাজা ইটালিতে আসিয়া বাস করিয়াছিলেন; তিনি রোমানদিগের আদি পুরুষ স্বরূপ গণ্য হয়েন।

কোনং সময়ে বা মণিকারগণ ও অন্যং বহুমূল্য বস্তু ব্যবসায়িবর্গ আপনারদিগের পণ্য লইয়া সে স্থানে বিক্রয় করিত। কিন্তু বিশেষ রূপে পদব্রজে বা অশ্ব পৃষ্ঠে গমনাগমনের প্রকৃত স্থানস্বরূপেই তাহা গণ্য হইত, অপর সেথায় রৌদ্র ও বৃষ্টি এ উভয় নিবারিত ছিল।

২৮ মহৎ কর্ম্মের পুরস্কার ও আশ্বাস দান দ্বারা খিলান সকল স্থাপিত হয়। প্রথমতঃ ঐ সকল ইষ্টক নির্ম্মিত হইয়াছিল কিন্তু পরে তৎসমুদায়কে ঐশ্বর্য্যশালি এবং সুশোভিত করণে কোন প্রকার ব্যয় কার্পণ্য হয় নাই। ঐ সকলের মধ্যে কতক গুলা অদ্যাপি বর্ত্তমান আছে।

২৯ স্তম্ভ সকল কোন মহৎ জয় বা বীরত্বের স্মরণার্থ নির্ম্মিত হওয়া নগরের শোভাকর হইয়াছিল। ট্রেজান ও এন্টোনাইনস নামক অধিরাজ দ্বয় কর্ত্তৃক যে দুইটা স্তম্ভ উত্থাপিত হয় তাহা বিশেষ রূপে বর্ণন করিবার যোগ্য।

৩০ ট্রেজানের স্তম্ভ সুবিশাল চতুর্বিংশতি মর্ম্মর প্রস্তর দ্বারা গঠিত হইয়া ফোরম ট্রেজানাইএর মধ্য স্থলে আছে। ঐ সকল শিলা এমত আশ্চর্য্য রূপে গ্রথিত হইয়াছে যে সমুদয়কে এক খণ্ড বোধ হয়। তদুপরি আরোহণ নিমিত্ত অভ্যন্তরে ১৮৫ টা গোলাকার সোপান ও আলোক প্রবেশার্থ ৪০ টা ক্ষুদ্রং গবাক্ষ আছে। উক্ত স্তম্ভ সংস্থাপন কর্ত্তার মহৎ কর্ম্ম, বিশেষতঃ ডেশিএনদিগের * সহিত রণে যাহাং করিয়াছিলেন তৎসমুদয়ের বিবরণ অতি পরিষ্কার রূপে ঐ স্তম্ভে খোদিত আছে। অপর তাহার চূড়ার উপর ট্রেজানের একটা প্রকাণ্ড প্রতিমূর্ত্তি ছিল; তাহা পরিমাণে ১৩ হস্তের অধিক, এবং সেনাপতির অস্ত্রে ভূষিত হইয়া বাম হস্তে রাজ দণ্ড ও দক্ষিণ করে স্বর্ণের একটা ফাঁপা গোলা ধারণ করিয়া বিরাজমান ছিল। কেহং

---

* ডেশিয়া দেশ ইদানীন্তন জর্ম্মনি প্রদেশে স্থাপিত ছিল; তন্নিবাসিদিগকে ডেশিএন কহা যাইত।

[illegible] মৃত্যুর পর তাঁহার চিতা-ভস্ম ঐ গোলার মধ্যে রক্ষিত হইয়া [illegible]।

৩১ এণ্টোনাইনসের স্তম্ভও ঐ প্রকার নহে, কিন্তু তাহাতে শিল্প বিদ্যার পারিপাট্য অধিক প্রকাশিত ছিল না যেহেতুক তাহা রাজ্যের ভগ্ন দশায় নির্ম্মিত হইয়াছিল। ঐ স্তম্ভ দ্বয় অদ্যাবধি বর্ত্তমান আছে।

৩২ রোমানেরা কি প্রকার সুখভোগী ও ধনী ছিল তদ্বিষয়ের প্রমাণ তাহারদিগের প্রকাশ্য স্নানাগার সকলে প্রাপ্ত হওয়া যাইত। কতক স্নানাগার সকলের সীমা সুদীর্ঘ ছিল এবং এমত ঐশ্বর্য্য বিশিষ্ট হইয়া সজ্জিত থাকিত যে তাহার সৌন্দর্য্য সম্পূর্ণ রূপে সকলেও জানিতে পারা যায় না। সেনেকা নামক গ্রন্থ কর্ত্তা কহেন স্নানাগারের মধ্য ভূমি সকল বহুমূল্য প্রস্তরে মণ্ডিত থাকিত, এবং প্লিনি লেখেন তত্রস্থ অনেক আসন নিরবচ্ছিন্ন রজতে নির্ম্মিত হইয়াছিল।

৩৩ প্রকাশ্য স্নানাগার সকলের মধ্যে ডাইওক্লিশিয়ান এবং এণ্টোনাইনস্ ক্যারাকেলা নামে দুই অধিরাজ যে দুইটী নির্ম্মাণ করেন তদ্দ্বয়ই সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ; সেই স্নানাগার দ্বয়ের অনেকাংশ অদ্যাবধি বর্ত্তমান আছে। তত্রস্থ অত্যুচ্চ খিলান, বিচিত্র স্তম্ভ, বহু মূল্য মর্ম্মর প্রস্তর, মণিময় চক্রাকার ছাদ, প্রশস্ত [illegible], এবং সহস্র২ অলঙ্কার ও সুখের দ্রব্য সামগ্রী দর্শনে দর্শক মাত্রের মন প্রশংসা ও আশ্চর্য্য জ্ঞানে পরিপূর্ণ হয়।

৩৪ অপর তত্রস্থ জল পথ সকলও রাজ্যের মহৈশ্বর্য্যের প্রধান প্রমাণ স্বরূপ ছিল। ঐ সকল বিচিত্র জল প্রণালী দ্বারা অতি দূর হইতে বারি আনীত হইত। সেই প্রণালী সকল খিলানোপরি স্থাপিত ছিল; সেই খিলান কোন২ স্থানে ৬৭ হস্তেরও অধিক উচ্চ ছিল এবং প্রণালী হইতে জলের গমনাগমন নিমিত্ত ঐ সকলের নিকট পর্ব্বতাদি ভিন্ন অন্যান্য ব্যাঘাত অনেক দূর নিরাকৃত হইয়াছিল।

এই সুদৃশ্য জল পথ নিকরের সংখ্যা প্রাকোণায়স নামক গ্রন্থ কর্ত্তার মতে ১৪, কিন্তু বিক্টর নামক বিবরণ লেখকের বিবরণানুসারে ২০ টা ছিল।

৩৫ নগরী হইতে অপরিষ্কার বস্তু সকল লইয়া যাইবার কারণ রাজা টার্কুইনস্ প্রিসকস্ অনেকানেক সামান্য প্রণালী নির্ম্মাণ করিয়াছিলেন। রোমানেরা যে প্রকার মহৎ, ঐ সকল প্রণালীও তদুপযুক্ত ছিল। ঐ সকল পথ অতি বৃহদাকারে ভূমির মধ্যে খাত রূপে নির্ম্মিত হইয়াছিল। এগ্রিপ্পা নামক এক জন বিখ্যাত সেনাপতি ঐ রূপ সাত টা প্রণালী ভূমি তলে একত্র করাইয়া একটা প্রধান স্রোতঃ করত তাহাকে এমত বেগগামী করিয়াছিলেন যে তাহাতে কোন বস্তু স্থির থাকিতে পারিত না। কখনঃ অপরিমিত বর্ষায় ঐ স্রোতঃ উথলিত হইয়া অধঃস্থ মেঝেতে ও পার্শ্বে বেগে আঘাত করিত, কখন বা প্রবাহের শক্তিতে বৃহৎ২ প্রস্তর ও কাষ্ঠ সকল স্রোতে ভাসিয়া যাইত তথাচ ঐ প্রণালীর কোন হানি হইত না। কোন২ সময়ে ভয়ানক ভূমিকম্প দ্বারা নগরীর মূল অতিশয় দোলায়মান হইত, তাহাতেও ঐ সকল প্রণালী ভগ্ন হইত না।

৩৬ রাজপথ সকল পূর্ব্বোক্ত নির্ম্মিতি সকলাপেক্ষা অল্প রূপে নির্ম্মিত হয় নাই; এপ্পিয়ান নামক বর্ত্ম সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও দীর্ঘে ১৭৫ ক্রোশ ছিল। এক হস্ত পরিমিত ভূমিঃ চতুষ্কোণ প্রস্তরে ঐ পথ নির্ম্মিত হয় যদিও ১৮০০ বৎসরের অধিক কাল পূর্ব্বে প্রস্তুত হইয়াছিল তথাপি তাহার অনেকাংশ প্রথমাবস্থার ন্যায় অদ্যাবধি সম্পূর্ণ আছে।

প্রশ্ন।

১ কোন বিষয় সম্পূর্ণ রূপে বুঝিবার কারণ কি বস্তুর আবশ্যক হয়।

২ রোমানদিগের বিষয় অবগত হইবার নিমিত্ত ঐ বিষয় কি জন্য বিশেষ রূপে আবশ্যক হয়।

৩০ ট্রজানের স্তম্ভ বর্ণনা কর।
৩১ এণ্টোনাইনসের স্তম্ভ বর্ণন কর।
৩২ [illegible] কি পুরী ছিল?
৩৩ তাহাদিগের মধ্যে কোন্‌টি অতি প্রসিদ্ধ?
৩৪ [illegible] ঐশ্বর্যোর সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ প্রমাণ কি?
৩৫ আমোদের উপযুক্ত আর কি বস্তু ছিল?
৩৬ সর্ব্ব শেষে লিখিত বস্তু [illegible] কর।

---

## ২ অধ্যায়।

### রোমানদিগের ধর্ম্মশাস্ত্রের বিবরণ।

রোমের দেবতা সমূহ, রোমানদিগের সংকর্ম্ম, অসংকর্ম্ম, লিউপর্কেলিয়া নামক উৎসব, ফেটিস ও আরভেলিস নামক দুই প্রকার পুরোহিতবর্গ, ভবিষ্যৎ কথন, আগর, অর্থাৎ ভবিষ্যৎবেত্তা সকল, তাহাদিগের ভবিষ্যৎ কথনের ধারা, আরস্পিসেস, অর্থাৎ; [illegible]কেরা, পার্টিফিসেস, অর্থাৎ; যাজকেরা, পণ্টিফেক্স ম্যাক্সিমস, অর্থাৎ; প্রধান যাজক, কুমারীগণ, বলিদান, ইত্যাদির বিবরণ।

১ রোমানেরা বহু দেবার্চ্চক ছিল, ঐ দেবতাদিগের সংখ্যা এত অধিক ছিল যে লোকে কহে তাহারা ত্রিংশ সহস্র অমরের অর্চ্চনা করিত, অতএব কেবল প্রধান২ দেবতার কথা লিখিলেও বৃথা কাল ক্ষেপণ ও শ্রম মাত্র হইবে। অধিকন্তু যথার্থ বিবরণ মধ্যে অলীক বিষয় লিখিবার কোন আবশ্যকও নাই, কারণ সে সকল বিষয় কল্পিত দেবাদি বিষয়ক পুস্তকে বিশেষ রূপে প্রকটিত আছে এবং ভদ্র লোকদিগের যে রূপ শিক্ষা করা উচিত তাহাতে তদ্বিষয়ক জ্ঞান নিতান্তই আবশ্যক, সুতরাং তাঁহারা তাহা অবশ্যই জানেন।

২ রাজ্যের শেষাবস্থা অপেক্ষা প্রথমাবস্থায় রোমানদিগের গুণ ও ধর্ম্ম অধিক হইয়াছিল। তাহারা এমত ধর্ম্ম নিষ্ঠ ও অধর্ম্ম ভীত ছিল যে তাহারা কোন অবৈধ ও অশাস্ত্রীয় কর্ম্ম করিত না। তাহারদিগের

এ প্রকার সাহস ছিল যে জীবনকে তুচ্ছ করত অবিবেচনা পূর্ব্বক বিপদে মগ্ন হইত, ও তাদৃক্ পরিমিতাচারী ও পরিমিত ব্যয়ী ছিল যে ন্যায্য সুখ ও আমোদ হইতেও স্বেচ্ছা পূর্ব্বক বিরত থাকিত, আর প্রতিজ্ঞায় এমত দৃঢ় ছিল যে প্রাণ গেলেও তাহাতে বিমুখ হইত না, এবং প্রিয়বাদী না হইয়া বরং কর্কশভাষী হইত।

৩ তাহারা যখন যে জাতিকে পরাভব করিত তখন তাহার-দিগের দেবতাদিগের সেবক হইয়া তাহারদিগের ন্যায় সুখ ভোগী এবং কুকর্ম্মান্বিত হইত। অতএব প্রথমে সাধু, পরিমিতাচারী ও দানশীল থাকিয়া শেষে অসাধু, অপরিমিতাচারী ও লোভী হইল। ৪ তথাপি তাহারা আপনারদিগের পূর্ব্ব সদ্গুণ ত্যাগ করত যত দুষ্কর্ম্মান্বিত হইতে লাগিল ততই তাহারদিগের ধর্ম্ম সম্পর্কীয় পূজা ও ক্রিয়াদির সংখ্যার বৃদ্ধি হইতে আরম্ভ হইল, এবং অবশেষে সার বস্তু লুপ্ত হওয়াতে কেবল পূজা ও বাহ্যিক শোভা থাকে রহিল।

৫ এই সংক্ষেপ মুখবন্ধে রোমানদিগের ধর্ম্মক্রিয়াদির কএকটা প্রসিদ্ধ পর্ব্বাদির বিষয় বর্ণনা করিলেই যথেষ্ট হইবে।

৬ প্রথমতঃ লিউপরকেলিয়া, অর্থাৎ; প্যান * দেবীর উদ্দেশে উৎসব। এই উৎসবারম্ভে কতক ছাগ ও একটা কুকুর বলিদান হইত, তৎপরে মহৎ কুলোদ্ভব দুইটি বালককে তথায় আনয়ন পূর্ব্বক লিউপরকাই, অর্থাৎ; প্যান দেবীর যাজকেরা, রক্তময় অসি দ্বারা তাহাদিগের কপালে শোণিতের চিহ্ন দিলে অন্যেরা দুগ্ধার্দ্র লোম খণ্ড সহিত ঐ চিহ্ন মার্জ্জন করিত। অনন্তর মৃত ছাগের চর্ম্ম কাটিয়া তদ্দ্বারা কতক গুলা চামড়ার কোড়া করত উত্তরীয় বস্ত্র পরিত্যাগ পূর্ব্বক রাজপথে [illegible] বহির্গত হইয়া যাহাকে সম্মুখে পাইত তাহাকেই ঐ কোড়া

---

* প্যান দেবী কৃষাণ ও শিকারী প্রভৃতি লোকদিগের ইষ্ট দেবী ছিলেন।

ঘাত করিত। স্ত্রী লোকেরা স্বেচ্ছাপূর্ব্বক ঐ আঘাত গ্রহণ করিত, কারণ তাহাদিগের এই বিশ্বাস ছিল এ রূপে আঘাতিতা অবলা বন্ধ্যা হয় না। বিবরণ পাঠে অবগত হওয়া যায় প্রসিদ্ধ মার্ক আণ্টনী ঐ আচারকে অশ্রদ্ধা করিতেন না।

৭ দ্বিতীয়তঃ হরকিউলিস স্বীয় গো মহিষাদির অপহারক কেকস রাক্ষসের প্রাণ নাশ করিলে পর তাঁহার সম্মানার্থ রাজা ইভেণ্ডর পটাইশিয়াই ও পিনেরিয়াই নামক ধর্ম্ম সম্পর্কীয় দুইটী বিধি স্থাপন করেন। ঐ বিধিদ্বয়ের নাম পটাইশিয়াই ও পিনেরিয়াই বংশ হইতে সৃষ্টি হয়। উক্ত পুরের রাজ সভাস্থ উক্ত দুই মহৎ বংশ প্রকৃত বীরে গণ প্রপুজ্য দেবতা, অর্থাৎ হরকিউলিসের উদ্দেশে যে বৎস কখন হল বহন করে নাই তাহাকে বলি প্রদান করিতেন।

৮ তৃতীয়তঃ রমিউলসের ধাত্রী একালারেন্‌শিয়া আপন দ্বাদশ পুত্রের সহায়তায় বৎসরে এক বার ক্ষেত্রের মঙ্গল উদ্দেশে একটি যজ্ঞ করিতেন; সেই ক্রতুই রোম রাজ্যের মহা মান্য ফ্রেট্রিস ও আর-ভেলিস্ নামক শ্রেণী দলের উৎপত্তির মূল ছিল। তাঁহারা উক্ত যজ্ঞ করণ কালে ধান্যের শীষ যুক্ত মুকুট মস্তকে ধারণ করিতেন। ভূমি খণ্ড সমূহের বিভাগ ও তৎ সীমার তত্ত্বাবধারণ, এবং তৎ সম্বন্ধে কোন বিবাদ বিসম্বাদ উপস্থিত হইলে তন্নিষ্পত্তি করা তাঁহারদিগের প্রধান কার্য্য ছিল।

৯ মানবসন্দের অন্তঃকরণে ভবিষ্যৎ জ্ঞানার্থ প্রবৃত্তি সর্ব্বদাই বিরাজমান হয়, সেই প্রবৃত্তিকে চরিতার্থ করিবার বিবিধ উপায় সৃষ্ট হইয়াছিল; কথিত আছে ক্যাল্ডিয়া দেশের জন স্থানে ভবিষ্যৎ গণনার আদ্য সৃষ্টি হয়। তথা হইতে গ্রীশ দেশে পরিচালিত হওয়াতে সে স্থান হইতে টস্‌কেনি দেশস্থ লোকেরা তদ্বিষয়ক জ্ঞান প্রাপ্ত হইয়া লাটিন ও রোমীয়দিগকে শিক্ষা করায়।

১০ রোমীয় জনগণের মধ্যে এই শাস্ত্রাধ্যাপকদিগকে আগর্স ও আরস্পিসেস বলা যাইত।

১১। স্বপ্ন, দৈববাণী, ও অলৌকিক ঘটনাদির ব্যাখ্যা করা এবং কোন্ কর্ম্ম কোন্ বিশেষ ব্যক্তির বা সমুদায় রাজ্যের শুভ বা অশুভ সূচক তাহা ব্যক্ত করা ভবিষ্যদ্বক্তাদের কর্ম্ম ছিল। তাহারা তিন প্রকারে ঐ কর্ম্ম সম্পন্ন করিত, যথা প্রথমতঃ বজ্র, বিদ্যুৎ, ধূমকেতু ও উল্কাপাতাদি দর্শন, দ্বিতীয়তঃ পক্ষিগণের উড্ডয়ন অবলোকন ও রব শ্রবণ, এবং তৃতীয়তঃ পিঞ্জরস্থ কুক্কুট শাবক সমূহের আহার অবধারণ। শেষোক্ত উপায় দ্বারা এইরূপে ভবিষ্যৎ অনুভব হইত যথা দৈবজ্ঞগণ এক মুষ্টি শস্য বিকীর্ণ করিয়া পিঞ্জর মুক্ত করিতে আদেশ করিলে যদি কুক্কুটশাবক ভক্ষণার্থ তদভিমুখে ধাবন বা তাহার প্রতি কটাক্ষ না করিয়া দিগন্তরে গমন করিত তাহা হইলে অশুভ লক্ষণ বলিয়া ব্যক্ত করিত। আর যদি সাতিশয় লোভ পরবশ হইয়া তাহারা সেই শস্য কণা গ্রহণ করিত তাহা হইলে বিশেষ শুভ ফল সম্ভাবনা বলিয়া প্রকাশ করিত।

১২। আরস্পিসেস্‌গণ যজ্ঞেতে পশু বলি অবলোকন করিয়া অনুভব দ্বারা কর্ম্মানুষ্ঠানের শুভাশুভ ফল চারি প্রকার বস্তু হইতে নির্দ্দেশ করিতেন, অর্থাৎ; প্রথমতঃ বলিদানীয় পশুর দেহ, দ্বিতীয়তঃ তাহার নাড়ী, তৃতীয়তঃ হোমাগ্নি, চতুর্থতঃ যজ্ঞে ব্যবহৃত গোধূম চূর্ণ, ধূপ, সুরা ও নীর।

১৩। যদি পশুগণ স্বেচ্ছাপূর্ব্বক যজ্ঞ বেদিতে গমন না করিত, কিম্বা আঘাতের পূর্ব্বে প্রস্থান করিত, অথবা আঘাত প্রাপ্তির পর চীৎকার ধ্বনি ও ধড়্ফড় করিত তাহা হইলে সেই লক্ষণ অশুভ বলিয়া গণ্য হইত; এতদ্বিপরীতে তাহারা অবাধে আগমন পূর্ব্বক স্থিরভাবে ও নিরুদ্বেগে আঘাত গ্রহণ করিলে এবং তাহা হইতে অধিক শোণিত নিঃসৃত হইলে লোকের এই সম্পূর্ণ আশ্বাস হইত যে উপস্থিত কার্য্য সিদ্ধ হইবে। ক্ষুদ্র বা ক্ষীণ বক্ষঃ ও যুগ্ম হৃৎপদ্ম দর্শন অমঙ্গল সূচক বলিয়া গণ্য হইত। আর যদি পুরোহিতের হস্ত হইতে নাড়ী ভূঁড়ী পতিত হইত কিম্বা সে সকলের বর্ণ ভস্মবৎ নষ্ট হইত তাহা হইলে

## প্রশ্ন।

১ লিজিয়নদিগের অস্ত্র শস্ত্র কি প্রকার ছিল?

২ অসি কি, বর্ণনা কর?

৩ ঢাল কি, বর্ণনা কর?

৪ পিলম কি, বর্ণনা কর?

৫ হেলমেট কি, বর্ণনা কর?

৬ গাঁড়োয়া কি, বর্ণনা কর?

৭ পদাতিক ও অশ্বারোহী সেনাদের অস্ত্রের বিভেদ কি ছিল?

৮ সৈন্যেরা যুদ্ধার্থ কিরূপে শ্রেণীবদ্ধ হইত?

৯ অশ্বারোহী সৈন্যগণ কোন্ স্থানে থাকিত?

১০ কম্যান্ডর ইনচিফ বা অন্যান্য অধ্যক্ষগণ কোন্ স্থানে অবস্থিতি করিত?

১১ যুদ্ধের বিবরণ বর্ণনা কর?

১২ সর্ব্বদা কি একরূপ নিয়ম ছিল?

১৩ সৈন্য শ্রেণীভুক্ত করিবার রীতি কি একরূপ ছিল?

১৪ কিরূপ রণ পতাকা ব্যবহৃত হইত?

১৫ ম্যানিপিউলাইদিগের পতাকা কি প্রকার?

১৬ অশ্বারোহিদিগের কি প্রকার?

১৭ সৈন্যগণ কি ঐ সমস্ত পতাকার সম্মান করিত?

১৮ রোমানদিগের রণবাদ্য কি প্রকার?

১৯ ঐ সকল যন্ত্রের বর্ণনা কর?

২০ যুদ্ধ কালে বাদ্যকরেরা কোথায় থাকিত?

২১ ঐ ধ্বনি ভিন্ন অন্য কোন ধ্বনি হইত কি না?

২২ কি প্রকারে সৈন্যদিগকে ডাক দেওয়া হইত?

আর ঐ শোকজনক ব্যাপারের বোধক স্বরূপ ঝাউ বৃক্ষ শাখা বাটীর সম্মুখে স্থাপিত হইত।

১৯ শব দাহনের দিনে বাদ্যকরগণ তুরী ও বংশী ধ্বনি করত অগ্রে২ গমন করিত, তদনন্তর শোকাকুল কামিনীগণ মৃত ব্যক্তির প্রশংসা সূচক সংগীত করিতে২ গমন করিতেন তৎপশ্চাৎ নর্ত্তক ও মস্করা লোকে উপহাস সূচক নৃত্য করিতে২ ধাবন করিত তৎপশ্চাৎ [illegible] গাইত, তাহাতে গতাসু ব্যক্তির পূর্ব্ব পুরুষগণের প্রতি-মূর্ত্তি ও অন্যান্য মহাজনগণের অনুরূপ পুত্তলিকা রক্ষিত হইত। তাহার পর লিক্টরগণ অবনত শিরে ফেসেস, অর্থাৎ সম্মান চিহ্ন ধারণ করিয়া শব সমীপে গমন করিতেন, পরিশেষে আত্মীয় স্বজন গণ মৃত দেহকে লইয়া যাইতেন সর্ব্ব পশ্চাৎ শোকার্ত্ত নারীরা বক্ষস্থলে করাঘাত ইত্যাদি ব্যাপার দ্বারা স্বীয়২ কেশাকর্ষণ পূর্ব্বক শোক চিহ্ন প্রকাশ করত গমন করিত।

২০ সকলে এইরূপে [illegible] নির্দ্ধারিত স্থানে উপস্থিত হইলে মৃত ব্যক্তির প্রশংসা সূচক এক বক্তৃতা পাঠ হইত এবং মৃত দেহ এক কাষ্ঠের স্তূপ [illegible] উপর অর্পিত হইত। তদনন্তর এক জন [illegible] অগ্নি প্রদত্ত হইলে পর বহু মূল্য পরিচ্ছদ, [illegible] দ্রব্য, [illegible] ঐ চিতার উপর নিক্ষিপ্ত হইত; সমুদায় ভস্ম [illegible] সকল সুরা প্রোক্ষণ দ্বারা নির্ব্বাণ করা হইত এবং [illegible] অবশিষ্ট অস্থি সঞ্চয়ন করিয়া এক কলস মধ্যে স্থাপিত হইত পরিশেষে সকলে সেই কলস চিতার নিম্ন ভাগে [illegible] শান্তি জল লইয়া প্রস্থান করিত।

২১ অধিরাজদিগের অন্ত্যেষ্টি ক্রিয়াতে ইহা অপেক্ষা অধিক সমারোহ হইত এবং তাহারদিগের চিতার উপর হইতে একটা গৃধ্র

---

* মার্সেলসের শবের অগ্রে ষট্ শত ও [illegible] এক সহস্র [illegible] গমন করিয়াছিল।

অধিক দীর্ঘ হইত। তাহা কুলপতির স্বর্গ গমনের লক্ষণ স্বরূপ গণ্য হইত।

প্রশ্ন।

১ রোমীয় পরিচ্ছদ বর্ণন কর।
২ টোগা কি?
৩ টোগা প্রিটেক্সটা কি?
৪ টোগা বিরিলি কি?
৫ টোগা পাল্মা কি?
৬ টোগা পিক্টাদি কি?
৭ টিউনিকা কি?
৮ কামিনীগণের পরিচ্ছদ কি ছিল?
৯ মস্তকাচ্ছাদন কি ছিল?
১০ পদাবরণ কি ছিল?
১১ বিবাহের অনুষ্ঠান কি২ ছিল?
১২ প্রথম অনুষ্ঠান কি ছিল?
১৩ তাহার পর কি হইত?
১৪ কন্যা উপস্থিত হইলে পর কি হইত?
১৫ শেষানুষ্ঠান কি ছিল?
১৬ রোমীয়গণের অন্ত্যেষ্টি ক্রিয়া কি রূপে সম্পন্ন হইত?
১৭ মুমূর্ষু ব্যক্তির প্রতি কি রূপ আচরণ করা হইত?
১৮ কি রূপে শবকে দাহনোপযুক্ত করা হইত?
১৯ অন্ত্যেষ্টি ক্রিয়ার্থ [illegible] র এবং রণ বর্ণন কর।
২০ শেষ কর্ম্মানুষ্ঠান কি ছিল?
২১ কি রূপ সমারোহ পূর্ব্বক [illegible]দিগের অন্ত্যেষ্টি ক্রিয়া হইত?

## ৯ অধ্যায়।

### রোমীয়দিগের ভোজন প্রথা, নাম করণ, ও প্রচলিত মুদ্রা বিষয়ক।

রোমীয়গণ স্বভাবতঃ দিবা ভাগে এক বার মাত্র, অর্থাৎ; বেলা তিনটার সময় নির্দ্ধারিত আহার করিত। ইহার পূর্ব্বে কিঞ্চিৎ পিষ্টক বা কিসমিস, বাদাম অথবা মধু, তাহাদের জলযোগ হইত।

তাহারদিগের ভোজন গৃহকে তদন্তর্গত খট্টা সংখ্যানুসারে ট্রিক্লিনিয়ম বলা যাইত, কিন্তু গৃহে অর্দ্ধ গোলাকার মেজ ও তদাকার খট্টা রাখিবার প্রথা প্রচলিত হইলে সে সকল গৃহ স্টাইবেডিয়ম নামে বিখ্যাত হইল।

৩ কথিত আছে কার্থেজের যে সর্ব্বস্ব অপহৃত হইয়াছিল তদ্দ্বারা রোমীয় এক মেজের উপযোগি তৈজসাদি মাত্র ক্রয় করা হইতে পারিত, অতএব বোধ হয় রোমীয়গণ যে খট্টাতে উপবেশন করিত তাহা বহু মূল্য ছিল।

৪ নিমন্ত্রিত ব্যক্তিগণ উপনীত হইলে গৃহ স্বামী সমভিব্যাহারে স্নান সমাপনানন্তর আপনং পরিচ্ছদ পরিত্যাগ করিয়া একং শুক্ল বস্ত্র পরিধান করত শয্যায় বিস্তৃত গালিচাসন ও অন্যং প্রকৃত মূল্যবৎ বসন মলিন হইবার ভয়ে পাদুকা পরিত্যাগ করিয়া শয্যোপরি গমন করিতেন। ৫ সকলে উপস্থিত হইলে প্রথম ব্যক্তি শয্যার অগ্রভাগে একটা স্থূল বালিশে ঠেস দিয়া তদুপরি আপন কটিদেশের ভার রাখিয়া ঈষৎ বক্র ভাবে উপবেশন করিতেন। দ্বিতীয় ব্যক্তি প্রথম শোক্ত ব্যক্তির পাদ তলে এক বালিশে আপন মস্তক রাখিয়া অবস্থিতি করিতেন এবং অন্য সকলে পরং ঐ প্রকারে অবস্থিতি করিতেন। এইরূপ শৃঙ্খলা বদ্ধ হইলে তাহারদিগকে মালা ও গন্ধ দ্রব্য প্রদত্ত হইত। মধ্যাসনের মধ্য স্থল অতি সম্ভ্রম জনক [illegible] হইত।

৬ গৃহ স্বামী মেজোপরি বিবিধ দেব পুত্তল পাত্র সাজাইয়া গৃহ মধ্যে আনয়ন করিতেন। তাহারদিগের ভোজন খাদ্যে মূল্য

৪ নিমন্ত্রিত লোক সকল কি রূপে গৃহীত হইত?
৫ কি প্রকারে তাহারা ভোজনে উপবেশন করিতেন?
৬ সামগ্রী সকল কি রূপে আনীত হইত?
৭ রোমীয়গণের প্রচলিত নাম কি?
৮ তাহারদিগের অতিরিক্ত নাম কিং ছিল?
৯ পোষ্য পুত্রগণ কিং নাম গ্রহণ করিত?
১০ রোমীয়গণের প্রচলিত মুদ্রা কি ছিল?
১১ বিবিধ পিত্তল মুদ্রার বর্ণন কর।
১২ আর অধিক মূল্যের কি কোন মুদ্রা ছিল না?
১৩ রোমীয়গণের কি প্রকার রৌপ্য মুদ্রা ছিল?
১৪ তাহারদিগের স্বর্ণ মুদ্রার বর্ণন কর।
১৫ কিং অঙ্ক সংখ্যা তাহারদিগের মধ্যে প্রচলিত ছিল?

হইবেক এবং তিনি তাহা সম্পন্ন করিবার নিমিত্ত মহা আড়ম্বর পূর্ব্বক আয়োজন করিতে লাগিলেন। এই রূপ মহা ভোজের পূর্ব্বে বলিদান ও শেষে মল্লযুদ্ধ অশ্বক্রীড়া এবং গাড়ী দৌড় হইত। রমিউলস্ যেমত আশা করিয়াছিলেন সেই মত অন্য ২ লোকদের মধ্যে সাবিনেরাও ঐ ক্রীড়া দর্শনার্থ বিশেষ ইচ্ছান্বিত হইয়া আপনাদের স্ত্রী ও কন্যা সমভিব্যাহারে রোম নগরে আগমন করিল। ১০ পরে ক্রীড়ারম্ভ এবং বিদেশীয়েরা তদ্দর্শনে নিমগ্ন হইলে কতক গুলিন রোমীয় যুবা খড়্গ [illegible] পূর্ব্বক তাহাদের মধ্যে প্রবেশ করত যুবতী ও সুন্দরী স্ত্রীদিগকে হরণ করিল। নিমন্ত্রিত লোকদের প্রতি এতাদৃশ অমর্য্যাদা করা অতি নিন্দিত বলিয়া কন্যাদের মাতা পিতারা তদ্বিষয়ে বিস্তর নিন্দাবোক্তি করিয়াছিল এবং কন্যারাও ঐ অপহারকদের মতের প্রথমে বিরোধী হইয়াছিল, কিন্তু সে সকলই বৃথা হইল; কন্যারা প্রথমে ভয় প্রযুক্ত অসম্মত হইয়াছিল পরে অপহারকদের নিরন্তর যত্ন ও স্নেহ দ্বারা ভয় দূর হওয়াতে তাহাদের বশীভূত হইল অতএব যে ব্যক্তিরা তাহাদের ঘৃণার যোগ্য হইয়াছিল তাহারাই শীঘ্র তাহাদের প্রণয় ভাজন হইল।

১১ রোমীয়দের এই অপরাধ প্রযুক্ত এক দারুণ যুদ্ধ উপস্থিত হইল। সিনিনা ও আণ্টেম্নি এবং ক্রুষ্টুমাইনম্ এই তিন নগরবাসি যে কেবল প্রথমে সর্ব্বসাধারণের রোষপর হইয়াছিল তাহারা প্রতিফল দিতে প্রতিজ্ঞা করিল। বোধ হয় সাবিনেরা এ বিষয়ে অতিশয় ঔদাসীন্য করিয়াছিল। যাহা হউক ঐ তিন নগর [illegible] পৃথক্ ২ হইয়া আক্রমণ করিয়াছিল এজন্যে রমিউলস্ তাহাদিগকে একে ২ অনায়াসেই পরাজয় করিলেন। পরে [illegible] হইয়া অতি [illegible] সংহার করিতে লাগিলেন অর্থাৎ তাহাদের [illegible] হইল। [illegible] করিয়া কেবল [illegible] কতক ব্যক্তিকে এই সকল

## ৫ পঞ্চমাধ্যায়।

টলস্ হস্তিলিয়সের মৃত্যু অবধি রোমের চতুর্থ রাজা আঙ্কস্ মার্শিয়সের মৃত্যু পর্য্যন্তের বিবরণ।

১ টলসের মৃত্যুর পর কিয়ৎকাল সিংহাসন শূন্যবৎ থাকে, পরে নুমার পৌত্র আঙ্কস মার্শিয়স্ লোকদের দ্বারা রাজ্যাভিষিক্ত হইলেন এবং সেনেট সভারাও তাহাতে সম্মত হইলেন। এই রাজা নুমার বংশোদ্ভব প্রযুক্ত তাঁহারই ন্যায় ধর্ম্ম কর্ম্ম করিতে যত্ন করিয়াছিলেন। ইনি ধর্ম্মার্থ কতক ক্রিয়া স্থাপন করেন তাহা যুদ্ধের পূর্ব্বে হইত; কিন্তু ইনি সর্ব্বদাই প্রজাগণকে কহিতেন যে তোমরা যুদ্ধের ব্যর্থ যুক্তি শিক্ষা ত্যাগ পূর্ব্বক কৃষি কর্ম্ম অভ্যাস করিতে আরম্ভ কর।

২ আঙ্কস্ মার্শিয়সের এই ২ রূপ নিয়ম ও উপদেশ নিমিত্ত নিকটবর্ত্তি দেশের লোকেরা ভাবিল যে ইহা কেবল ভীরুতার চিহ্ন, জ্ঞানের চিহ্ন নহে। অতএব লাটিনেরা তাঁহার অধিকার আক্রমণ করিতে প্রবৃত্ত হইল কিন্তু তাহাদের যে মত অসঙ্গতাচরণ সেইমত ফল হইল, অর্থাৎ আঙ্কস্ তাহাদিগকে পরাজয় করিয়া তাহাদের নগর সকল বিনাশ পূর্ব্বক নগরবাসিদিগকে রোমে লইয়া আসিলেন এবং তাহাদের রাজ্যের কিয়দংশ আপন রাজ্যে সংযোগ করিয়া আপনার অধিকার বৃদ্ধি করিলেন। বিয়াই ও ফাই-ডিনেটিস্ এবং বালশাই এই তিন জাতীয় লোকেরাও তাঁহার প্রতিকূলাচরণ করিয়াছিল, তিনি তাহাদিগকে দমন করিলেন এবং সাবিনেরাও তাঁহা কর্ত্তৃক পরাভূত হইল।

৩ কিন্তু তিনি স্বদেশে যে সকল কর্ম্ম করিয়াছিলেন তাহার সহিত তুলনায় তাঁহার যুদ্ধ কর্ম্ম সকলকে অতি সামান্য কীর্ত্তি

কহিতে হয়, যথা, তিনি নানা দেবালয় ও নগরদুর্গ এবং অপরাধি লোকের কারণ এক কারাগার নির্ম্মাণ করিয়াছিলেন, এতদ্ভিন্ন টাইবর নদীর ধারে এক ঘাট প্রস্তুত করিয়াছিলেন যাহাতে তন্নদীস্থ বাণিজ্যের ও নিকটস্থ লবণের খনি সকলের যে লাভালাভ তাহা প্রজাদেরই হইতে লাগিল। এই রূপে প্রজাদের ধন ও নগরের সৌষ্ঠব বৃদ্ধি করিয়া চতুর্বিংশতি বৎসর রা জ্যশাসনের পর তিনি পঞ্চত্ব পাইলেন।

প্রশ্ন

১ হ্যাষ্টিলিয়সের মৃত্যুর পর লোকেরা কাহাকে রাজা করিল এবং সে রাজা কি২ কর্ম্ম করেন?

২ তাঁহার শত্রুরা উক্ত নিয়মের নিমিত্ত তাঁহাকে কি [illegible] ভাবিয়াছিল, ও তাহারা তাঁহার প্রতি আক্রমণ করিয়া কি ফল পাইয়াছিল?

৩ আঙ্কস্ রাজা আর কি২ কর্ম্ম করিয়াছিলেন?

---

## ৬ ষষ্ঠ অধ্যায়।

আঙ্কস্ মার্শিয়সের মৃত্যু অবধি রোমের পঞ্চম রাজা, টার্কুইনিয়স্ প্রিস্কসের মৃত্যু পর্য্যন্তের বিবরণ।

১ লুকিয়স্ টার্কুইনিয়স্ প্রিস্কসের আদি নাম লুকুমো; তিনি টার্কুইনিয়া নগর হইতে আসাতেই তাঁহার উপাধি টার্কুইনিয়স্ হইয়াছিল। তিনি পূর্ব্ব গত আঙ্কস্ রাজার পুত্রদের রক্ষক স্বরূপে নিযুক্ত হয়েন। তাঁহার পিতা করিন্থ নগরের এক জন বণিক্। তিনি বাণিজ্য দ্বারা বিস্তর ধনোপার্জ্জন করত কোন উৎপাত নিমিত্ত স্বদেশ পরিত্যাগ পূর্ব্বক ইটালি দেশে আসিয়া বাস করেন। লুকুমো পিতৃ বিষয় প্রাপ্ত হইয়া টার্কুইনিয়া

আক্সিয়স নিবিয়স নামক এক ব্যক্তি সর্বাপেক্ষা অতি প্রসিদ্ধ গণক ছিল।

৮ এক দিবস টাকুইন এই দৈবজ্ঞের বিদ্যা পরীক্ষা নিমিত্তে তাহাকে জিজ্ঞাসা করিলেন আমি এইক্ষণে যে বিষয় মনন করিতেছি তাহা সিদ্ধ হইতে পারে কি না? নিবিয়স গণিয়া কহিল হাঁ হইতে পারে। তচ্ছ্রবণে রাজা অবজ্ঞা পূর্বক উপহাস্য করিয়া কহিলেন আমি এই শাণ প্রস্তরটা ক্ষুর দ্বারা কাটিবার মনন করিতেছিলাম। তাহাতে গণক উত্তর করিল সাহস পূর্বক কাটিলেই ছেদন করিতে পারিবেন; ইহা শুনিয়া রাজা কাটিতে লাগিলেন, এবং সেই শিলাটী দৈবজ্ঞের কথা প্রমাণ দ্বিখণ্ড হইল। তদবধি রোম নগরে কোন ব্যক্তি ঐ গণকের পরামর্শ না লইয়া কোন কর্ম্মে প্রবৃত্ত হইত না।

৯ টাকুইন কেবল রাজ্য প্রাপ্ত হইয়া ক্ষান্ত না হইয়া রাজচিহ্নও পাইতে ইচ্ছা করিলেন। তিনি লিডিয়ার রাজাদের ব্যবহার দেখিয়া স্বর্ণ মুকুট ও গজদন্ত নির্মিত সিংহাসন আর উপরে এক উড্ডীন পক্ষিযুক্ত রাজ দণ্ড এবং শ্বেত নীল রক্তের রাজ বস্ত্র ব্যবহার করিতে আরম্ভ করিলেন। তিনি রাজ্যাধিকার গ্রহণ করিলে পর গত রাজার পুত্রেরা পঁচিশ বৎসরেরও অধিক কাল শান্ত হইয়াছিল, অতএব বোধ হয় ঐ সকল রাজ চিহ্ন দেখিয়াই, পরে তাঁহার প্রতি তাহাদের দ্বেষ জন্মিল; এবং তিনি আপন জামাতা সর্বিয়স টলিয়সকে রাজ্যের উত্তরাধিকারী করিতে মনস্থ করাতে তাহাদের ক্রোধ আরো বৃদ্ধি হইল। ১০ রাজ পুত্রদের দ্বেষের কারণ যাহা হউক কিন্তু শেষে তাহারা টাকুইনকে হত্যা করিতে প্রতিজ্ঞা পূর্বক দুই জন হত্যাকারী নিযুক্ত করিয়া আপনাদের মনস্কামনা সিদ্ধ করিল। ঐ হত্যাকারীরা বিচার প্রার্থনার ছলে রাজবাটীতে গিয়া রাজাকে কুঠারাঘাতে নিহত করিল; পরে তাহারা পলায়ন করিতেছিল ইতিমধ্যে রাজ-

## ১১ একাদশাধ্যায়।

### ত্রিবুন কর্ম্মের সৃষ্টি অবধি ডিসেম্বিরি কর্ম্মের সৃষ্টি পর্য্যন্তের বিবরণ।

---

পূর্ব্বোক্ত বিরোধের সময় কৃষি কর্ম্মে একেবারে অমনোযোগ হওয়াতে তৎপর বৎসর দুর্ভিক্ষ ঘটিল। ২ সেনেট সভারা সাধ্যানুসারে এই দুর্ঘটনার প্রতীকার করিতে যত্ন করিলেন, তথাপি লোকেরা অতিশয় কষ্টে বাধিত হওয়াতে, আপনারদের ভিন্ন অন্যের দোষ দিতে ইচ্ছুক হইয়া কহিল কুলীনদের দোষই আমারদের দুঃখের কারণ, কেননা তাঁহারা যাবৎ শস্য ক্রয় করিতেছেন, তাঁহার অভিপ্রায় এই যে বহুমূল্যে বিক্রয় করিলে লোকেরদের ঋণ সম্পর্কীয় প্রাপ্য ধন না পাইলেও তাঁহাদের ক্ষতি বোধ হইবেক না। ৩ কিন্তু শস্যপূর্ণ কতিপয় জাহাজ অন্যায় সিসিলি উপদ্বীপ হইতে আসিবাতে তাহাদের ভরসা হইল এবং তন্নিমিত্ত তাহারা কিয়ৎকাল পুনর্ব্বার শান্ত হইয়া রহিল।
৪ কিন্তু করিওলেনস নামক এক জন সেনেট সভ্য কহিয়াছিলেন যাবৎ সেনেটের দুঃখের প্রতীকার না হইবেক তাবৎ পর্য্যন্ত কাহারেও শস্য প্রদত্ত হইবেক না ইহাতে লোকেরা তাঁহার প্রতি ক্রোধ প্রকাশ করিতে উদ্যত হইল এবং ত্রিবুনেরা তাঁহাকে পরীক্ষা করিতে লোকেরদের সম্মুখে আহ্বান করিলেন। ৫ বিচারের নিরূপিত দিবস উপস্থিত হইলে সকলের মন অত্যন্ত ব্যাকুল হইল, এবং নিকটস্থ দেশ

---

* ডিসেম্বিরাই শব্দ লাটিন, তাহার উৎপত্তি এই, ডিসেম শব্দের অর্থ দশ আর বিরাই শব্দের অর্থ ব্যক্তি, অতএব ডিসেম্বিরি শব্দে দশ জন বিচারকর্ত্তা বুঝায়। তাঁহারা দেশের শাসন ও ব্যবস্থা করিতেন।

৭ প্যানটিয়স সন্ধির নিমিত্ত যে২ পণ নির্ব্বন্ধ করিলেন তাহাতে রোমানেরা সম্মত হইল কি না?

৮ রোমে এ সংবাদ উপস্থিত হইলে নগরবাসিদের মন কি রূপ হইল?

৯ ইহাতেই কি ঐ সমর শেষ হইল?

১০ সামনিটদের সহিত সংগ্রামে রোমানদের কোন২ লোক [illegible] প্রাপ্ত হয়?

১১ পরে সামনিটেরা দুরবস্থায় পড়িয়া কি উপায় করিল?

১২ পিরস কেমন লোক? আর তিনি সামনিটদের আশ্রয় নিমিত্ত কি উদ্যোগ করিলেন?

১৩ তিনি স্বয়ং গমন করিলেন কি না?

১৪ তাঁহার সহগামী সেনা নির্বিঘ্নে পঁহুছিয়াছিল কি না?

১৫ তিনি গিয়া প্রথমে কোন্ বিষয়ে যত্ন করিলেন?

১৬ রোমানেরা কি রূপ উদ্যোগ করিয়াছিল?

১৭ পিরস কি হঠাৎ যুদ্ধারম্ভ করিলেন?

১৮ রোমানেরা কি উত্তর কহিয়া পাঠাইল?

১৯ তাহার পর কি হইল?

২০ পিরস রোমানদিগকে কি রূপ জ্ঞান করিয়াছিলেন?

২১ তিনি প্রথমে কি২ উপায় করিয়াছিলেন?

২২ তিনি আত্ম ভয়ে সাবধান হইলে তাহাতে ফল দর্শিয়াছিল কি না?

২৩ পিরস্ কি রূপে রোমানদের আক্রমণে বাধা দিয়াছিলেন?

২৪ এই যুদ্ধে বিশেষ বর্ণনীয় কি আছে?

২৫ কোন্ পক্ষের জয় হইল?

২৬ হস্তি হেতুক কি রূপে জয়ের নিষ্পত্তি হইল?

২৭ কি উপায় দ্বারা রোমানেরা সর্ব্বতোভাবে পরাভব হইল?

প্রশ্ন।

১ বিয়েন্সেরা কি আচরণ করিতেছিল?

২ তাহাদের আচরণে রোমানেরা কি [illegible] করিল?

৩ সেই দেশ [illegible] ছিল কি না।

৪ বিয়েন্সেরা কি সমান রূপে প্রতিপক্ষতা করিয়াছিল?

৫ ঐ সময়ে কি হইবার উপক্রম হইল এবং তাহার নিবারণ কি রূপে হইল?

৬ কোন ব্যক্তি রোমানদের সেনাপতি হইলেন?

৭ কমিলসের পরিচয় কি?

৮ তিনি কি নিমিত্ত [illegible] পতিত্বে অভিষিক্ত হইলেন?

৯ তাঁহার নিয়োগে কি হইল?

১০ বিয়াই নগর হস্তগত করিবার নিমিত্ত তিনি কি উপায় করিলেন?

১১ তিনি জয় নিশ্চয় করিয়া কি করি[illegible]

১২ তৎপরে কি হইল?

১৩ বিয়াই নগর লুট করাতে কি ফল হইল এবং কেমিলস কি আচরণ করিলেন?

১৪ আর কোথায় কেমিলসের বীরত্ব প্রকাশ হয়?

১৫ ফলিরাই নগর জয় সুকঠিন হইয়াছিল কি না?

১৬ ঐ জয়ের বিষয়ে কেমিলসের নিকট কি প্রসঙ্গ হয়?

১৭ ঐ প্রসঙ্গে কেমিলস কি করিলেন?

১৮ সেই বিশ্বাসঘাতকের কি দণ্ড হইল?

১৯ কেমিলসের ঐ আচরণে কি ফল দর্শিল?

২০ তিনি সর্বসাধারণের মান্য হইয়াছিলেন কি না?

২১ তাঁহার কি অপবাদ ঘটিল?

২২ কেমিলস পরীক্ষা পর্যন্ত অপেক্ষা করিলেন কি না?

২৩ তিনি কি প্রকারে অদৃষ্টের উপর নির্ভর করিলেন এবং পরে কোথায় গমন করিলেন ?

২৪ তাঁহার গমনের পর কি হইল ?

২৫ রোমীয়দের শত্রু কে হইল ?

২৬ গালদের স্বভাব এবং আচরণ কি রূপ ছিল ?

২৭ ঐ সময়ে গালেরা কি করিতেছিল ?

২৮ ক্লুসিয়ম্ বাসিরা আপনাদের রক্ষার কারণ কি করিল ?

২৯ তাহাদের প্রার্থনা সফল হইল কি না ?

৩০ কে২ দূত হইলেন ?

৩১ [illegible] রোমীয়েরা তাহাদিগকে কি রূপ অভ্যর্থনা করিলেন ?

৩২ রোমীয় দূতদিগের বাক্যে কি রূপ উত্তর করিলেন ?

৩৩ পরে দূতেরা কি করিল ?

৩৪ ঐ ব্যবহারে কি ফল হইল ?

৩৫ গালেরা যে২ দেশের মধ্য দিয়া গমন করিল ঐ সকল দেশবাসিদের কেমন জ্ঞান হইল ?

৩৬ তাহারা গমন কালে কাহারও কি ক্ষতি করিয়াছিল ?

৩৭ রোমানেরা আত্ম রক্ষার্থ কি করিল ?

৩৮ দেশের মঙ্গলার্থ বিশেষ রূপে কাহারা আপন [illegible] সমর্পণ করিতে স্থির করিল ?

৩৯ গালেরা জয়ী হইয়া কি ব্যবহার করিল ?

৪০ গালেরা রোমের সম্মুখে আসিলে কি হইল ?

৪১ সেনেট্ সভাজনের দর্শনে কি ঘটিল ?

৪২ পেপিরিয়স্ যষ্টি প্রহার করাতে কি হইল ?

প্রকাশ হইল না যে কি নিমিত্ত তাঁহাদের আগমন হইয়াছে তাহা জিজ্ঞাসা করাতে দূতেরা উত্তর করিলেন যে আমাদের অপরাধ না পাইলে ইটালি দেশে সমর করিবার রীতি নাই অতএব ক্লুসিয়ম্ নিবাসিরা আপনার নিকট কি অপরাধ করিয়াছে আমরা তাহা জানিতে আসিলাম। ৩২ এতৎ শ্রবণে [illegible] রুক্ষ উত্তর করিলেন যে সাহসি ব্যক্তিরা যুদ্ধ দ্বারা যাহা অধিকার করে তাহাই ন্যায্য; দেখ, রোমানেরা এ রূপে অনেক নগর হস্তগত করিয়াছেন। অপর ক্লুসিয়ম্ বাসিদের প্রতি ক্রোধ করিবার অন্য কারণও আছে, তাহারা স্বয়ং যে সকল ভূমিতে কৃষি করিতে না পারে এবং যাহাতে বাস করিবার নিমিত্ত তাহাদের লোকও নাই আমরা সে সকল ভূমি চাহিয়াছিলাম কিন্তু তাহারা তাহা দিতে স্বীকার করে নাই। ৩৩ রোমান দূতেরা পরের অহঙ্কার বাক্য প্রায় কখন সহ্য করে নাই অতএব ব্রেনসের এই সগর্ব্ব প্রত্যুত্তর শ্রবণে অন্তঃক্রুদ্ধ হইলেন পরন্তু তৎক্ষণাৎ ক্রোধ প্রকাশ না করিয়া তথা হইতে ক্লুসিয়ম্ নগরে প্রবেশ করত আপনারাই ঐ নগরবাসিদের অধ্যক্ষ হইয়া তাহাদের সহিত গালদের প্রতি যুদ্ধ যাত্রা করিলেন। পরন্তু তাঁহাদের এ কর্ম্ম করা কোন মতে উচিত ছিল না, যেহেতু দূতের ধর্ম্ম এরূপ নয়। এই যুদ্ধে ফেবিয়স্ এমবষ্টস্ নামক এক জন দূত স্বহস্তে এক জন গালকে হত শায়ী করিয়াছিলেন; শস্ত্র গ্রহণ সময়ে শত্রুরা তাহা দেখিতে পাইয়াছিল।

৩৪ দূতের এবম্প্রকার অন্যায়াচার দর্শনে ব্রেনস্ মহাক্রোধান্বিত হইয়া তাহার প্রতিফল প্রদান নিমিত্ত সেনেট সভাদের নিকট বার্ত্তাবহ প্রেরণ করিল কিন্তু তাঁহারা তদাবেদনে মনোযোগ করিলেন না। তাহাতে ব্রেনস্ ক্লুসিয়মের আক্রমণ বিসর্জ্জন করিয়া সমুদয় জয়ি সৈন্য সমভিব্যাহারে

তৎক্ষণাৎ রোমের প্রতি [illegible] করিল। ৩৫ যে২ দেশের মধ্য দিয়া গালেরা গমন করিতে লাগিল সে সকল দেশের লোকেরা তাহাদের অসংখ্য সৈন্য ও অদ্ভুত স্বভাব এবং সমরের ভয়ানক আয়োজন দর্শনে সভয় হইয়া আপনাদের রক্ষার আশা একবারে ত্যাগ করিল। ৩৬ কিন্তু গাল জাতীয় লোকেরা কেবল রোমানদের প্রতিই অতিক্রোধ থাকাতে অন্য কাহারও কিঞ্চিন্মাত্র হানি করিল না শুদ্ধ রোমানদের প্রতিহিংসা চিকীর্ষায় গমন করিতে লাগিল। পরে আলিয়া* তরঙ্গিণীর তট সন্নিকৃষ্ট এক নিদারুণ রণ হইল তাহাতে রোমানেরা পরাজিত এবং তাহাদের চত্বারিংশৎ সহস্র লোক বিনষ্ট হইল। ৩৭ রোমীয়েরা এই পরাজয়ে সর্ব্বাঙ্গ হীন হওয়াতে সর্ব্ব প্রকার ক্লেশের আস্পদ হইল। নগর বাসিদের মধ্যে কেহ২ পলায়ন পরায়ণ হইয়া নিকটবর্ত্তি কোন২ নগরে প্রস্থান করিল কেহ২ আমাদের নগর নাশের সহিত আমরাও নষ্ট হইব এই প্রতিজ্ঞা করিয়া তথায় ব্রেনসের আগমন পর্য্যন্ত অপেক্ষা করিয়া রহিল। । ৩৮ প্রাচীন২ সেনেট সভ্য এবং পুরোহিতেরা বিবেচনা করিলেন যে লোকদের পাপে এই বিপদ্ ঘটিয়াছে অতএব তাহার প্রায়শ্চিত্তার্থ তাঁহারা আপনাদের প্রাণ সমর্পণ করিতে প্রতিজ্ঞা করিয়া পবিত্র বসন পরিধান পূর্ব্বক ফোরমের মধ্যে গিয়া হস্তি দন্ত নির্ম্মিত আসনে বসিয়া রহিলেন কারণ তাঁহাদের এই দৃঢ় বিশ্বাস হইয়াছিল যে তদাচরণে অবশ্যই দুঃখ দূর হইবেক। ৩৯ এদিকে গাল জাতীয়েরা রোমীয়দের শিবিরস্থ দ্রব্য সামগ্রী বণ্টন পুরঃসর ভোগ করিতে প্রবৃত্ত হইয়া [illegible] যুদ্ধে আর

---

* আলিয়া তরঙ্গিণী ইটালী দেশে স্থিতা। তাহা টাইবর নদীর সহিত মিলিতা হইয়াছে।

একদা ফোরমের মধ্যে অকস্মাৎ একটা গর্ত্ত হওয়াতে গণকেরা কহিয়াছিলেন যে রোমের কোন বহুমূল্য বস্তু তন্মধ্যে নিক্ষেপ না করিলে তাহা এদিকে বন্ধ হইবেক না; মহাবীর কার্শিয়স্ তৎশ্রবণে অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া অশ্বারোহণ পূর্ব্বক স্বদেশের প্রীতি এবং বীর্য্য হইতে কোন বস্তু বহুমূল্য নহে ইহা কহিয়া স্বয়ং তাহার মধ্যে লম্ফ প্রদান পূর্ব্বক প্রাণ ত্যাগ করিলেন।২৬ পুরাতন লেখকেরা কহেন যে কার্শিয়সের নিপতনে সেই গর্ত্ত তৎক্ষণাৎ রুদ্ধ হইয়াছিল*। এই ব্যাপার রোম স্থাপনের ৩৯৩ বৎসর পরে হয়। ঐ রোমীয় ৩৯৬ শাকে মহাবীর কেমিলসের মৃত্যু হইল তাহাতে সকলেই শোকাকুল হইলেন। লোকেরা তাঁহাকে দ্বিতীয় রমিউলস্ কহিত কেননা রমিউলস্ রোম নগর নির্ম্মাণ করেন কেমিলস্ হইতে তাহার পরিত্রাণ হয়। অপর কথিত আছে তিনি যে সকল যুদ্ধে প্রবৃত্ত হন তাহাতেই জয়ী হইয়াছিলেন এবং যে সকল নগর আক্রমণে প্রবৃত্ত হইয়াছিলেন তাহা সমস্তই হস্তগত করেন আর স্বদেশের অত্যন্ত হিতকারী ছিলেন যেহেতু স্বদেশীয় জন কর্ত্তৃক অপমানিত হইলেও ক্রোধ সম্বরণ করিয়া আবশ্যক সময়ে দেশের উপকার করিতেন।

প্রশ্ন।

১ রোমীয়দের রক্ষার আশা কোথায় ছিল?

২ রোমানেরা দুর্গমধ্যে অবস্থিতি করিলে ব্রেনস্ কি করিলেন ও তাহাতে কি ফল হইল?

৩ ঐ দুর্গের প্রতি আক্রমণ কি প্রকারে হইতে লাগিল?

৪ ব্রেনস্ নিরাশ হইয়া অপর কোন উপায় প্রাপ্ত হইল কি না?

---

* নিবুর সাহেব কহেন যে ঐ গর্ত্ত কার্শিয়স্ পতিত হইলে তাহা মৃত্তিকাদি দ্বারা পূর্ণ হইয়াছিল।

করিবার বিষয় স্বয়ং রচিয়া অভিনয়ন করিত, এবং সৎকাব্যে, পরি- বর্ত্তে ব্যঙ্গ ও অসভ্যোক্তি ব্যবহার করিত। ৪ পরন্তু এতদনন্তর সেটর নামক সভ্যতর কেলি কৌতুক রচনা হইল; সেই ক্রীড়া কৌতুকে প্রধান লোকের চরিত্রাদি অভিনয়ন এবং ইতর লোকদিগের সম্মুখে তাহাদিগকে ব্যঙ্গ করা যাইত। ৫ এ সকলের পর ট্রাজিডি ও কমিডি নামক কাব্য গ্রীক হইতে সংগৃহীত হইল। ফলতঃ রোমের প্রথম কাব্য লেখক লিবিয়স্ অন্ড্রোনিকস্ বাস্তবিক গ্রীক বংশেই জন্মিয়াছিলেন। ৬ এই রূপে উত্তম কাব্যের চর্চ্চা আরম্ভ হইবা মাত্র রোমানেরা ঘৃণা পূর্ব্বক পূর্ব্বের সমস্ত অসভ্য কাব্য একেবারে পরিহার পূর্ব্বক গ্রীকদের আদর্শ প্রমাণ সৎকাব্য সকল রচনা করিতে লাগিল। যদিও রোমানেরা কেলির বিষয়ে গ্রীকদের তুল্য কখনও হইতে পারে নাই তথাপি অনেক প্রকার কোমল কবিতা বিষয়ে উহাদের অপেক্ষা উত্তম হইল, যথা; শোক সূচক ও পল্লিগ্রাম সম্পর্কীয় এবং নীতি বোধক কবিতা রোমান জাতির নূতন প্রকার সৌন্দর্য্য প্রাপ্ত হইল, এবং পূর্ব্বোল্লিখিত অসভ্য কথোপকথনের বিনিময়ে সেটর অর্থাৎ সভ্য প্রকার কৌতুক রচনার প্রথা তাহারা স্বয়ং করিল।

৭ রোমানেরা সন্ধির অবসরে যখন এই সমস্ত গুণের আলোচনায় প্রবৃত্ত ছিল, তখন যুদ্ধের নূতন উদ্যোগ করিতেও অমনো- যোগী হয় নাই; যেহেতুক নিশ্চিন্তভার সময়ে তাহাদের পূর্ব্ব সাহসের হ্রাস না হইয়া বরং নূতন উদ্যম সহকারে তাহা বৃদ্ধি প্রাপ্ত হইল। ৮ তাহারা তদনন্তর ইলিরিয়নদের প্রতি কোপ প্রকাশ করিল কারণ ঐ জাতীয় লোকেরা বাণিজ্য ব্যবসায়ে কিয়ৎ সংখ্যক রোমান প্রজার উপর দৌরাত্ম্য করাতে রোমানেরা সে বিষয় আপনাদের দূত দ্বারা তদ্দেশের টিউটা নাম্নী রাণীর নিকট আবেদন করিয়াছিল কিন্তু তিনি তাহার বিচার না করিয়া

দিগকে হত্যা করিতে আজ্ঞা করিয়াছিলেন। ৯ অতএব রোমানেরা ঐ জাতির প্রতি যুদ্ধ যাত্রা করিয়া তাহাদিগকে পরাজিত করিল এবং তাহাদের প্রায় তাবৎ নগর নিজাধীন করিয়া লইল শেষে যে এক সন্ধি নির্দ্ধার্য্য হইল তদ্দ্বারাও তাহাদের দেশের অনেকাংশ রোম রাজ্যে সমর্পিত এবং অবশিষ্টাংশের কারণ বার্ষিক কর নিরূপিত হইল। এই সন্ধির শেষ পণ এই ছিল যে ইলিরিয়নেরা দুই খান তরির অধিক লইয়া লিসস্ নদী পার হইতে পারিবে না আর সেই দুই তরণীতেও কোন প্রকার অস্ত্র শস্ত্র থাকিবেক না।

১০ ইলিরিয়নদের পর গাল জাতীয়েরা রোমানদের কোপে পড়িল। ১১ যখন সময় সৈন্য দল বিভিন্ন হইলেই গালেরা রোমানদের অধিকারে আক্রমণ করিবার সুযোগ পাইত; অতএব এইক্ষণে সেই সাবকাশে ঐ অসভ্য জাতীয়েরা আলপস পর্ব্বতের উত্তর হইতে নূতন সৈন্য সংগ্রহ করিয়া ইটুরিয়া দেশে প্রবেশ পূর্ব্বক অগ্নি ও খড়্গ দ্বারা অপচয় করত শেষে এত নিকটে আসিয়া উপস্থিত হইল যে তথা হইতে রোম নগরে যাইতে কেবল তিন দিবসের পথ ব্যবধান রহিল। ১২ এক জন প্রীটর ও এক জন কন্সল গালদিগকে বারণ নিমিত্ত প্রেরিত হইলেন, এবং ইহাঁরা এক যুদ্ধ রীতিতে প্রযুক্ত তাহাদিগকে বেষ্টন করিতে পারিলেন। ১৩ ঐ ও অসভ্য জাতীয়েরা রোমানদের বাধা দিতে দুই শ্রেণী হইয়া নানা উদ্যোগ করিয়াছিল কিন্তু সকলই বৃথা হইল যেহেতুক তাহাদের সাহস ভিন্ন অন্য উপায় ছিল না, আর তাহাদের সৈন্য অস্ত্র হীন ও অশিক্ষিত ছিল তদপেক্ষা রোমানদের সেনা সম্যক্ প্রকার অস্ত্রে সুসজ্জিত ও যুদ্ধ কৌশলে সুশিক্ষিত ছিল। ১৪ এই সময়ে গালদের চল্লিশ সহস্র লোক হত ও দশ সহস্র বন্দীকৃত হয়। ১৫ রোমানেরা এই জয়ের পর মার্সেলস দ্বারা গালদের উপর

আর এক বার জয়ী হইল তাহাতে উক্ত রোমান সেনাপতি স্বহস্তে গালদের রাজা বিরিডোমেরসকে হত্যা করিলেন। ১৬ রোমানদের এবম্প্রকার জয় হওয়াতে গালেরা সন্ধির প্রার্থনা করিতে বাধিত হইল; সেই সন্ধির নির্দ্ধারিত পণে রোম রাজ্যের সীমা বৃদ্ধি হইয়াছিল। রোমানেরা এই রূপে ক্রমাগত জয়ী হওয়াতে আপনাদের পূর্ব্ব বিনষ্ট দেশ সকল পুনর্ব্বার অধিকার করিতে লাগিল, এবং রণকণ্ডূ নিবারণ নিমিত্ত কেবল স্বযোগ্য শত্রুর অপেক্ষায় রহিল।

১৭ কার্থেজিনিয়নদের অবিচ্ছেদে রণ করণের সুসঙ্গতি ছিল না কেবল এই প্রযুক্ত তাহারা রোমানদের সহিত সন্ধি করিয়াছিল; অতএব সেই অসঙ্গতি দূর হইবামাত্র তাহারা সন্ধি ভঙ্গ করিয়া স্পেন্ দেশস্থ সাগেন্টম্ নগর আক্রমণ করিল। এই নগরের সহিত রোমের বন্ধুতা থাকাতে রোমানেরা কার্থেজিনিয়নদিগকে তদাক্রমণে ক্ষান্ত হইতে কহিল; কিন্তু তাহারা না শুনিয়া দৃঢ়তা ও বিক্রম পূর্ব্বক আক্রমণে প্রবৃত্ত হইল। ১৮ অতএব রোমানেরা কার্থেজিনিয়নদের সন্ধির অপালন নিমিত্ত আবেদন করিতে কার্থেজে দূত প্রেরণ পূর্ব্বক কহিয়া পাঠাইল যে তোমাদের সেনাপতি হানিবাল এ বিষয়ের পরামর্শ দিয়াছে, তাঁহাকে আমাদের হস্তে সমর্পণ কর কিন্তু তাহারা সম্মত না হওয়াতে উভয় পক্ষীয়েরা দ্বিতীয় পুনিক যুদ্ধের কারণ উদ্যোগ করিতে লাগিল।

১৯ কার্থেজিনিয়নেরা হানিবালের প্রতি এই সংগ্রামের ভার অর্পণ করিল। ২০ এই অদ্ভুত ব্যক্তি বালক কালাবধি রোমের শপথকারি শত্রু ছিলেন: তাঁহার অত্যল্প বয়ঃক্রমের সময় তাঁহার পিতা তাঁহাকে যজ্ঞবেদির নিকটে লইয়া গিয়া এই রূপ শপথ করাইয়াছিলেন যে তিনি কখন রোমানদের সহিত বন্ধুত্ব ব্যবহার করিবেন না এবং তিনি যাবৎ জীবিত বর্ত্তমান থাকিতে

কখন রোমানদের প্রাতিকূল্য করিতে ক্ষান্ত হইবেন না। ২১ হানিবল্ সৈন্য শাসনে সুনিপুণ ছিলেন ও স্বাপেক্ষা প্রধান লোকের নিকট নম্র হইতেন। তাঁহার যুদ্ধ ক্ষেত্রে প্রথম প্রবেশেই ঐ দুই গুণ প্রকাশ পাইল। তিনি ঐ দুই গুণে সেনাপতিদের ও সেনাদের তুল্যরূপে প্রিয়পাত্র হইলেন। ২২ তাঁহার আপদ প্রতীকারক্ষম মহৎ সাহস ও পূর্ব্ব সাবধান হইবার যোগ্য স্থির বুদ্ধি ছিল আর কোন প্রকার পরিশ্রমে শ্রান্তি শরীর ও চাতুর্য্যে সাহসের ম্লানতা হইত না। অপর তিনি শীত ও গ্রীষ্ম সমান রূপে সহ্য করিতে পারিতেন, আর যাহাতে কেবল ক্ষুধা নিবৃত্তি হয় এমত আহার করিতেন, তাঁহার রসনা সুস্বাদ্যাস্বাদন আসক্ত ছিল না। অপর তৎকালে অশ্বারোহণ ও দৌড়ন কার্য্যে তাঁহার সমান অন্য কোন লোক সুপারগ ছিল না। ২৩ অতএব এই মহল্লোক পূর্ব্বকালীন সেনাপতিদের মধ্যে অতি শ্রেষ্ঠ ছিলেন। রোমানেরা যে সমস্ত কার্থেজ রাজ্য ধ্বংস করিতে নিশ্চিত ছিল সেই কালে তিনি স্পেন দেশের সমস্ত অংশ বিনষ্ট করিয়া নানা জাতীয় বহুত সৈন্য সংগ্রহ করত একেবারে ইটালিতে যুদ্ধ যাত্রার প্রতিজ্ঞা করিলেন। ২৪ অনন্তর উপযুক্ত সৈন্যের সহিত হানো নামক এক ব্যক্তিকে স্পেন দেশস্থ অধিকার সকল রক্ষা করিতে স্থাপন করিয়া স্বয়ং পঞ্চাশ সহস্র পদাতিক ও নব সহস্র অশ্বারোহি সৈন্য সমভি-ব্যাহারে পাইরিনিজ্ পর্ব্বত পার হইয়া গাল দেশে গমন পূর্ব্বক তাহা শীঘ্র পার হইয়া গেলেন। ২৫ ঐ দেশ অতি বৃহৎ ও তৎকালে অতিশয় বন্য ছিল এবং তাহাতে তাঁহার শত্রুতুল্য অনেক অসভ্য জাতি বাস করিত। ২৬ ঐ দেশের বন ও নদী বিশেষতঃ অতি বেগবতী রোন্ নামী নদী ও তৎপারদ্বয়ে স্থিত শত্রু সকল এবং ভয়ঙ্কর স্রোতস্বতী ডিউরান্স নদী

এ সকল দর্শনে তাঁহার মনে ভয় মাত্র জন্মিল না। তিনি বহু সাহস পূর্ব্বক এই সকল প্রতিঘাত উত্তীর্ণ হইয়া দশ দিনের মধ্যে আল্পস্‌ পর্ব্বতের নিম্ন দেশে গিয়া উপস্থিত হইলেন। তদপর হানিবাল [illegible] ঐ শিখরের উপর দিয়া এক নূতন পথ অনুসন্ধান করণের মানস করিলেন। ২৬ যৎকালে তিনি এই বিষয়ের জন্য যত্ন পাইতেছিলেন তখন শীত ঋতুর মধ্য সময় সুতরাং তৎকালসম্ভব শঙ্কাজনক অন্যান্য অনেক বিঘ্ন উপস্থিত হইল। আল্পস্‌ পর্ব্বত অতিশয় উচ্চ এবং তাহার উপরিভাগ তুষারে আচ্ছাদিত আর তত্রস্থ লোক সকল অসভ্য ও অতিশয় ভয়ঙ্কর এবং তাহাদের পরিধান পশুচর্ম্ম, এবং কেশ কর্কশ ও দীর্ঘ, এতদ্রূপ সমস্ত বিলোকনে দর্শকদের মনে অন্ধকার ও ভয় জন্মে। ২৭ কিন্তু ইহাতে কার্থেজিনিয়ান সেনাপতির সাহস কোন অংশে কিঞ্চিৎ মাত্র খর্ব্ব হইল না। তিনি পঞ্চদশ দিবসে উক্ত পর্ব্বত পার হইয়া ইটালির নিম্ন ক্ষেত্রে গিয়া উপস্থিত হইলেন। পরন্তু এইক্ষণে তাঁহার সৈন্যের অর্দ্ধাংশ মাত্র জীবিত ছিল, অর্দ্ধাংশ সেনা শীত এবং তদ্দেশস্থ লোকের দ্বারা বিনষ্ট হইয়াছিল।

প্রশ্ন

১ প্রথম পুনিক্‌ যুদ্ধ সমাপ্ত হইলে পর কি ঘটিল?
২ সন্ধির সময়ে রোমানদের কি লভ্য দর্শিল?
৩ এ পর্য্যন্ত রোমানদের কি প্রকার আমোদ প্রমোদ ছিল?
৪ জাঁড়ের নকলের পর কি প্রকার কৌতুক রচনা হয়?
৫ এই কৌতুকের পর আর কি প্রকার কাব্য প্রকাশ হয় ও তাহা রোমানেরা কাহাদের হইতে প্রাপ্ত হয়?
৬ এখনও কি পূর্ব্বের কৌতুকে তাহাদের সুখ বোধ হইত?
৭ রোমানেরা কি এই সকল গুণের চর্চ্চাতেই ব্যস্ত ছিল অথবা কোন উদ্যোগও করিতেছিল?

৮ প্রথমে কোন্ জাতীয়েরা তাহাদের কোপে পড়িয়াছিল ও তাহাদের কি অপরাধ ছিল?

৯ পরে কি ঘটনা হইল?

১০ ইহাদের পর আর কোন্ জাতীয়েরা রোমানদের কোপে পড়িল?

১১ তাহারা কি দোষ করিয়াছিল ও তাহারা কি প্রকার দৌরাত্ম্য করিত?

১২ তাহাদের প্রতীকার করিতে রোমানেরা কি প্রকার উদ্যোগ করিল?

১৩ গালেরা রোমানদের প্রতিযোগিতা করিয়া কোন ফল উৎপাদন করিতে পারিয়াছিল কি না?

১৪ এই যুদ্ধে কি ফল দর্শিল?

১৫ এই জয় হওয়াতেই কি এ যুদ্ধের অবসান হইল?

১৬ এ যুদ্ধে রোমানদের কি২ লভ্য হয়?

১৭ রোমানদের সহিত কার্থেজিনিয়নেরা পূর্ব্বে যে সন্ধি করিয়াছিল তাহা ক্রমিক পালন করিল কি না?

১৮ কার্থেজিনিয়নেরা রোমানদের নিষেধ অমান্য করাতে কি ফল দর্শিল?

১৯ কার্থেজিনিয়নেরা কোন্ ব্যক্তির উপর এই সমরের ভার দিল?

২০ হানিবালকে এই পদে মনোনীত করণের বিশেষ কারণ কি?

২১ তিনি সৈন্যেরদের প্রেমপাত্র হইয়াছিলেন কি না?

২২ তাঁহার শারীরিক ও মানসিক কি২ গুণ ছিল?

২৩ তিনি কি প্রতিজ্ঞা করিয়াছিলেন?

২৪ তিনি কি২ উপায় করিলেন?

২৫ পথের আঘাত দর্শনে কি তাঁহার মনে ভয় জন্মে নাই?

২৬ এই পথ দুর্গম হইবার কারণ কি?

এই সকল বাধাকে, তাঁহার গমনের প্রতিবন্ধকতা করিতে পারিল কি না?

১৫ অধ্যায়ের ২ খণ্ড।

১ হানিবাল অসংখ্য সেনা সহ তাহাদের আলপ্স পর্ব্বত উত্তীর্ণ হইয়া আগমন করিতেছেন এই সংবাদ রোম নগরে প্রকাশ হইবা মাত্র সেনেট সভ্যেরা তাঁহাকে বাধা দিবার নিমিত্ত সিপীওকে প্রেরণ করিলেন। কিন্তু তাঁহার অনেক লোক বিনষ্ট হওয়াতে তিনি পলায়ন পরায়ণ হইতে বাধিত হইলেন। ২ অতএব হানিবাল জয়ী হইয়া স্বীয় সৈন্য সংখ্যা বৃদ্ধি করিতে অতি সুবিবেচনা ও কৌশল করিতে লাগিলেন, যথা; তিনি নিজ সেনাদিগকে আজ্ঞা করিলেন তোমরা গালদের অধিকারে কোন দৌরাত্ম্য না করিয়া কেবল রোমানদের দেশ অপচয় কর; ইহাতে এই ফল দর্শিল যে নির্ব্বোধ গালেরা সহসা সন্তুষ্ট হইয়া স্বয়ং আগমন করত আহ্লাদ পূর্ব্বক হানিবালের পক্ষ হইল।

৩ দ্বিতীয় যুদ্ধ ট্রিবিয়া নদীর তটে হয়। ৪ রোমানেরা স্বভাবতঃ অত্যন্ত উত্তপ্ত ও ক্রোধান্বিত, কর্থেজিনিয়ন্ সেনাপতি ইহা বিশেষ রূপে অবগত থাকাতে প্রায় সকল সময়ে তাঁহার লক্ষ্য দর্শিয়াছিল তিনি এক সহস্র অশ্বারূঢ় সেনার প্রত্যেকের পশ্চাতে এবং ২ জন পদাতিক সৈন্য রাখিয়া তাহাদিগকে নদী পার হইয়া শত্রুদের দেশ লুট পূর্ব্বক সংগ্রামে প্রবৃত্ত হইতে প্রেরণ করিলেন। তাহাতে রোমানেরা তাহাদিগকে ত্বরায় পরাভূত করিল। অতএব যেন বাস্তব পরাজয় হইল এই রূপ দেখাইয়া তাহারা নদীর দিকে পলায়নোন্মুখ হইল, এবং সেম্প্রোনিয়স্ কন্সলও তদনুরূপ ব্যগ্রতা পূর্ব্বক তাহাদের পশ্চাৎ ধাবমান হইলেন*। কিন্তু তাঁহার

* এই সময়ে সিপিও পূর্ব্ব যুদ্ধের অস্ত্রাঘাতে পীড়িত ছিলেন।

সেনারা নদীর অন্য পারে উপস্থিত হইলে, তিনি অর্দ্ধ পরাভূত প্রায় হইলেন, যেহেতুক তাঁহার লোকেরা কক্ষ দেশ পর্য্যন্ত শীতল জলে চলিয়া অত্যন্ত ক্লান্তি প্রযুক্ত নিস্পন্দপ্রায় হইয়াছিল। ৫ সুতরাং রোমানদের সম্যক্ প্রকারে পরাভব হইল; তাহাদের যত বিংশতি সহস্র সেনা শত্রু কর্ত্তৃক হত বা পুনর্ব্বার নদী পার হইবার সময় জলমগ্ন হয়, তাহাদের কেবল দশ সহস্র লোক রক্ষা পাইয়াছিল, তাহারা আপনাদিগকে চতুর্দ্দিকে বৈরি কর্ত্তৃক বেষ্টিত দেখিয়া দুঃসাহসী হইয়া একেবারে শত্রু শ্রেণীর মধ্য দিয়া যুদ্ধ করত পলায়ন করিয়াছিল এবং শেষে প্লাসেন-শিয়া * নগরে গিয়া আশ্রয় পাইল।

৬ রোমানেরা তৃতীয় বার থ্রাসিমীনি † নামক হ্রদের নিকট পরাভূত হয়। এই হ্রদের নিকট একটা পর্ব্বত শ্রেণী ছিল; সেই পর্ব্বত ও ঐ হ্রদের মধ্যে একটা অপ্রশস্ত পথ দিয়া চতুর্দ্দিকে শৈল বেষ্টিত এমত এক পর্ব্বত স্থলাতে প্রবেশ করা যাইত। হানিবাল ঐ শৈলের উপর আপন উত্তম ২ সেনাগণকে শ্রেণী বদ্ধ করিয়াছিলেন। ফ্লামিনিয়স নামক রোমান সেনাপতি হানিবালকে আক্রমণ করিবার নিমিত্ত ঐ পর্ব্বত পলীর মধ্যে আপ সৈন্য লইয়া গেলেন। ৭ কার্থেজিনিয়নদের এমত উচ্চ স্থানে অবস্থিতিতেই বিপক্ষ দল দর্শিবার সম্ভাবনা ছিল না; তাহাতে এক ঘটনা উপস্থিত হওয়াতে বিস্তর উপকার হইল,

---

* ইটালি দেশস্থ ট্রিবিয়া ও পো নদীদ্বয়ের যোগ যে স্থানে হয় সেই স্থলে প্লাসেনশিয়া নগর স্থাপিত আছে। এইক্ষণে তাহার নাম প্লাসেনজা হইয়াছে।

† ইটালি দেশস্থ পেরুজিয়া নগরের নিকট থ্রাসিমীনি হ্রদ আছে। এইক্ষণে ইহার নাম পেরুজিয়া হইয়াছে।

পড়ল; যুদ্ধ কালে থ্রাসিমীনি হ্রদ হইতে কুজ্ঝটিকা উঠিবাতে রোমানেরা উপরিস্থিত শত্রুদিগকে দেখিতে পাইল না, কিন্তু পর্ব্বতস্থিত কার্থেজিনিয়নেরা কুজ্ঝটিকার উপরে থাকাতে রোমানিদের সকলকে স্পষ্টরূপে দেখিতে পাইল। ৮ উক্ত সেনাপতি দ্বয় আপন২ সৈন্যগণকে যে প্রকার স্থানে রাখিয়াছিলেন তজ্জন্য যে রূপ ঘটনা সম্ভাবনা বোধ হয় সেই রূপই ঘটিল অর্থাৎ রোমান সৈন্য বিনষ্ট হইল আর শত্রুরা কোন স্থান হইতে তাহা-দিগকে আঘাত করিতেছে তাহা তাহারা দেখিতেও পাইল না। যাহা হউক এই পর্ব্বতস্থলীর সমর ক্ষেত্রে রোমানেরা পঞ্চদশ সহস্র সৈন্যের ও তাহাদের অধ্যক্ষ ফ্লামিনিয়সের নিধন হয়; এতদ্ভিন্ন তাহাদের দুই সহস্র লোক বন্দীকৃত হয়।

৯ রোমানেরা আপনাদের এই পরাজয় বার্ত্তা অবগত হইয়া তাহাদের তদ্বিষয়ক আশঙ্কা দূরীভূত হইলে সেনেট সভ্যেরা এতাদৃশ এক জন উপযুক্ত লোককে একাধিপতি করিয়া সেনানী পদে নিযুক্ত করিতে প্রতিজ্ঞা করিলেন যে তাঁহা হইতে সর্ব্ব প্রকারে রক্ষার ভরসা হইতে পারে। ১০ অপর ফেবিয়স মাক্সিমস নামক এক জন অতি সাহসিক ও সাবধান লোককে ঐ কর্ম্মে নিযুক্ত করিতে মনস্থ করিলেন। এ ব্যক্তির সাহস ও সতর্কতা এই দুই গুণই ছিল। ১১ তিনি এই সন্ধান পাইয়াছিলেন যে কার্থেজিনিয়নেরা নিজ দেশ হইতে অধিক দূরে আসিয়াছে অতএব এস্থানে তাহাদিগকে খর্ব্ব করা বিনাযুদ্ধে কেবল উৎপাত দ্বারাই সম্পন্ন হইতে পারিবেক। এই নিমিত্ত তিনি শত্রুদের অশ্বারূঢ় সেনা যেখানে উঠিতে না পারে এতাদৃশ উচ্চ স্থানে শিবির করিতে আরম্ভ করিলেন, এবং সৈন্যগণ স্থান পরিবর্ত্ত করিলেই

নিরীক্ষণ পূর্ব্বক তাহাদের [illegible] অত্যন্ত এবং গমনাগমনে বাধা দিয়া কষ্ট দিতে প্রবৃত্ত হইলেন [illegible]।

১২ ফেবিয়স্ এবম্প্রকার কৌশল দ্বারা একবার হানিবালকে চতুর্দিকের পর্ব্বত মধ্যে ঈদৃশ [illegible] রুদ্ধ করিলেন যেখানে কোন ক্রমে শীতকাল যাপন করা যাইতে পারে না, এবং অত্যন্ত বিপদগ্রস্ত না হইলে সেখান হইতে সৈন্যদিগকে নির্গত করা দুঃসাধ্য। ১৩ ফলতঃ হানিবালের পক্ষে এই সঙ্কট হইতে উদ্ধারের কোন উপায় মাত্র ছিল না। ১৪ তিনি এতদবস্থায় পতিত হইয়া এই উপায় করিলেন, যথা; দুই সহস্র বলীবর্দ্দের শৃঙ্গে প্রজ্বলিত মশাল বান্ধিয়া শত্রুদের প্রতি তাড়াইতে আজ্ঞা করিলেন। এই বলদ সকল মস্তক নাড়িতে২ পর্ব্বতের ধার বহিয়া উঠিবাতে বোধ হইতে লাগিল যেন নিকটস্থ সকল বনে অগ্নি লাগিয়াছে ইহাতে রোমানদের যে সকল সেনা কার্থেজিনিয়নদিগকে পর্ব্বতে বাধা দিতে প্রস্তুত হইয়াছিল তাহারা আপনাদের অভিমুখে এবম্প্রকার অগ্নি শিখা ধাবমান দেখিয়া কি জানি [illegible] তাহাদের সংহারার্থ আসিতেছে এই রূপ জ্ঞান করত ভয়ে পলায়ন পরায়ণ হইল। ১৫ হানিবাল এই কৌশলে স্বীয় সেনাগণকে সঙ্কট হইতে উদ্ধার করিয়া পর্ব্বতের নিম্নভাগে অতি প্রশস্ত পথ দিয়া প্রস্থান করিলেন, কিন্তু গমন কালে তাঁহার সৈন্যের পশ্চাদ্ভাগে কিঞ্চিৎ অপচয় হইল।

১৬ ফেবিয়স্ অনবরত পূর্ব্বোক্ত প্রকার কৌশল করত হানিবালের স্থান পরিবর্ত্তন করিলেই তাঁহাকে নানা মতে উৎখাত করিতে ছিলেন এবং সময়ে সেনেটের [illegible] করিয়া তাহাদের এই রূপ এক পত্র লিখিলেন যে রোম নগরে [illegible] করা যাইবেক তাহাতে আমার উপস্থিত থাকা আবশ্যক [illegible] তুমি যোগে প্রত্যাগমন করিয়া। ১৭ তিনি অশ্বারোহীগণের

নিকট বিদায় গ্রহণ কালে অশ্বারোহি সৈন্যাধ্যক্ষ মিনুশিয়স-কে বিশেষ রূপে কহিয়া গেলেন যে আমার অনুপস্থিত সময়ে যুদ্ধ সংগ্রামে প্রবৃত্ত হইও না। পরন্তু ঐ অধ্যক্ষ তাঁহার আজ্ঞা পালন করে নাই অতএব তাহার অপরাধের কারণ শাস্তি দিতে প্রতিজ্ঞা করিলেন। ১৮ কিন্তু সেনেট সভারা ঐ সেনানীর প্রতি দয়া করিয়া তাহাকে ফেবিয়সের সমান শক্তি দিতে প্রতিজ্ঞা করিলেন। ১৯ অতএব ফেবিয়স পুনর্ব্বার প্রত্যাগমন করিয়া মিনুশিয়সের সহিত সৈন্য বিভাগ করিয়া লইলেন, এবং দুই জনে পৃথক্ ২ ধারানুসারে কার্য্য করিতে লাগিলেন। ২০ হানিবাল ধূর্ত্ততা করিয়া মিনুশিয়সের সৈন্যদিগকে যুদ্ধে প্রবৃত্ত করাইয়া-ছিলেন তাহাতে যদি ফেবিয়স্ মিনুশিয়সের প্রতি রাগ বিস্মরণ পূর্ব্বক রাজ্যের সাধারণ মঙ্গল প্রার্থনায় ঐ সহকারির আশ্রয়ার্থ না আসিতেন তবে তাহাদের সমূলে বিনাশ হইত। ২১ পরন্তু তাহাদের উভয়ের সৈন্য একত্র হওয়াতে হানিবাল তাড়িত হইলেন। পরে মিনুশিয়স্ নিজ অবিবেক দোষ হৃদয়ঙ্গম করিয়া সমস্ত বিষয়ের ভার ফেবিয়সের হস্তে সমর্পণ করিল।

২২ ফেবিয়স্ আপন কাল অতীত হইলে সেনাপতিত্ব কর্ম্ম ত্যাগ করিলেন এবং টেরেনশিয়স্ বারো তৎপদে মনোনীত হইলেন। ২৩ বারো অতি নীচ বংশোদ্ভব ছিলেন কেবল ধন ও আত্মগরিমা জন্যই উক্ত পদস্থ হইলেন। ২৪ অপর ইমিলিয়স্ পালস্ তাঁহার সহকারী স্বরূপে নিযুক্ত হইলেন; এই ব্যক্তির স্বভাব বারোর বিপরীত ছিল, ইনি সংগ্রামে অতি বিজ্ঞ ও সাবধান ছিলেন এবং নীচ কুলোদ্ভব সহকারির পারগতায় অত্যন্ত অবজ্ঞা করিতেন।

২৫ রোমানদের প্রায় নবতি সহস্র সেনা একত্র হওয়াতে তাহারা আপনাদিগকে সুপথ জ্ঞান করিয়া পুনর্ব্বার হানিবালের

প্রতিযোগিতা [illegible] প্রতিজ্ঞা করিল। তিনি ঐ সময় কানি গ্রামের [illegible] শিবির করিয়াছিলেন; তথায় তাঁহার শিবির করণে এই ফল দর্শিয়াছিল, যথা; সে সময় ঐ অঞ্চলে এক দিকে বায়ু বহিত, তাহাতে তিনি এমত যুক্তি করিয়া শিবির করিলেন যে তাঁহার শিবিরের পশ্চাদ্বর্ত্তি শুষ্ক মাঠ হইতে মেঘের ন্যায় ধূলি উড্ডীয়মান হইয়া আসিতে লাগিল সুতরাং তদ্দ্বারা শত্রুদের অত্যন্ত যন্ত্রণা হইবার সম্ভাবনা হইল। হানিবাল এই স্থানে চল্লিশ সহস্র পদাতিক ও তদর্দ্ধ অশ্বারূঢ় সৈন্য লইয়া রোমানদের আগমন প্রতীক্ষা করিতেছিলেন। ২৬ তাঁহার আশা পূর্ণ হইল অর্থাৎ রোমান কন্সলেরা অতি শীঘ্র রণ স্থলে গিয়া উপস্থিত হইল। তাঁহারা আপনাদের সৈন্য দুই অংশে বিভক্ত করিয়া দুই জনে এক ২ দিন পৃথক ২ অধ্যক্ষতা করিবেন এই রূপ স্থির করিলেন। ২৭ তাঁহারা উপস্থিত হইলে পর প্রথম দিবসে ইমিলিয়স যুদ্ধ করিতে ইচ্ছা করিলেন না। কিন্তু তৎপর দিবসে বারোর পর্য্যায় হইবাতে তিনি ইমিলিয়সের মতের অপেক্ষা না করিয়া সঙ্কেত করত রোমান ও কার্থেজিনিয়ন সৈন্যের মধ্যে অফিডস নামক যে নদী ছিল তাহা পার হইয়া নিজ সেনাদিগকে যুদ্ধ ক্ষেত্রে ব্যূহীকৃত করিলেন। ২৮ প্রথমে লঘু অস্ত্রধারি পদাতিকদের সংগ্রাম আরম্ভ হয় তৎপরক্ষণেই অশ্বারূঢ়ের যুদ্ধ প্রবৃত্ত হইল কিন্তু রোমান অশ্বারূঢ়েরা নিউমিডিয়ন অশ্বারূঢ়দের সহিত রণ করিতে অপারগ হইবাতে পিছিয়া [illegible] এক একটা সৈন্য [illegible] তাহাদের আক্রমার্থ আসিল। তদনন্তর [illegible] যুদ্ধ বাধিলে [illegible] সেনাপতিরা ও অন্যেরা যুদ্ধ করিয়াছিল উভয়ে রোমান সেনা [illegible] প্রকাশ করিতে উদ্যত [illegible] হইল। হানিবাল [illegible] দেখিয়া ঐ সৈন্যদের কতকগুলি রোমানদের [illegible] ছাড়িয়া দিতে আজ্ঞা করিলেন: তাঁহার প্রতিজ্ঞা এই যে নিজ সৈন্যের দুই

পার্শ্বে আফ্রিকা দেশীয় যে উত্তম ২ সেনাদিগকে রাখিয়াছিলেন তাহাদের কর্তৃক রোমানেরা বেষ্টিত হইবে। উহারা ঐ রূপ করাতে রোমানদের অনেক লোক বিনষ্ট হইতে আরম্ভ হইল যেহেতুক রোমানেরা অশ্রান্ত আফ্রিকানদের পুনঃপুনঃ আক্রমণে অত্যন্ত ক্লান্ত হইয়াছিল। ২৯ শেষে রোমান সৈন্যের সর্বত্র পরাজয় হইলে পলায়ন সর্ব্বত্র হইল, সেই সময় ইমিলিয়স শত্রুদের এক জন ফিন্দা অস্ত্র ক্ষেপক দ্বারা আঘাতিত হইয়া আপন অশ্বারোহ সেনা সমভিব্যাহারে ধীরে ২ যাইতে ২ শত্রুদের প্রতিযোগিতা করিতে সাধ্যানুসারে যত্নবান্ হইয়াছিলেন। ৩০ কিন্তু অশ্বপৃষ্ঠে ক্রমে উপবেশনে অশক্ত হওয়াতে অশ্ব হইতে অবরোহণ করিতে বাধিত হইলেন। লেন্টলস্ নামক রোমান সৈন্যের এক জন অধ্যক্ষ পলায়মান শত্রুদের হইতে পলায়ন করত কিঞ্চিৎ দূরে পথি মধ্যে দেখিলেন যে ইমিলিয়স্ একখান প্রস্তরের উপর সর্ব্বাঙ্গে ক্ষতবিক্ষত ও রক্তময় হইয়া শত্রুদের আগমনের অপেক্ষায় বসিয়া আছেন। ৩১ লেন্টলস্ তাঁহাকে ঐ দুঃখিত অবস্থায় দেখিয়া কহিলেন অহে ইমিলিয়স অদ্য আমাদের যে অপচয় হইল তাহাতে তোমার কোন প্রকার অপরাধ নাই অতএব তুমি আমার অশ্ব লইয়া পলায়ন করহ। তাহাতে মুমূর্ষু কন্সল উত্তর করিলেন, লেন্টলস্ আমি তোমার মধুর বচনে উপকৃত হইলাম কিন্তু এইক্ষণে আর কোন উপায় নাই এবং আমারও শেষ হইয়াছে, অতএব তুমি গিয়া সেনেট সভ্যদিগকে কহ তাঁহারা যেন রোম নগরকে এমত শক্ত করেন যাহাতে এই হানিবাল আক্রমণ পূর্ব্বক অধিকার করিতে না পারেন। আর ফেবিয়সকে এই কথা কহিও যে আমি জীবদ্দশায় তাঁহার পরামর্শানুসারে কার্য্য করিয়াছি, এবং মৃত্যুকালেও সেই সকল পরামর্শ উত্তম বলিয়া গ্রাহ্য করি-

২৮ এই যুদ্ধ কি রূপে সম্পন্ন হইল?

২৯ ইহার পর কি হইল?

৩০ ইমিলিয়স কি প্রকার দুর্দ্দশাগ্রস্ত হইয়াছিলেন?

৩১ ইমিলিয়সের সহিত লেন্টলসের সাক্ষাৎ হইলে উভয়ে কি রূপ কথোপকথন করিয়াছিলেন?

৩২ কি প্রকারে ইমিলিয়সের প্রাণ ত্যাগ হয়?

৩৩ এই যুদ্ধে রোমানদের কত লোক হত হয়?

## ১৫ অধ্যায়ের ৩ খণ্ড।

১ রোমানদের পূর্ব্বোক্ত ভয়ঙ্কর পরাজয়ের আশঙ্কা দূর হইলে সেনেট সভ্যেরা রাজ্যের শক্তি বৃদ্ধি করণার্থ এক জন ডিক্টেটর নিযুক্ত করিতে প্রতিজ্ঞা করিলেন। ২ ভিরো কান্সি পরে বারো অবশিষ্ট রোমীয় সেনা শত্রু হস্তে নিক্ষেপ করিয়া রোমে প্রত্যাগমন করিলে সকলে এই রূপ অনুমান করিয়াছিলেন যে তাঁহা হইতেই গত বিপদ সকল ঘটিয়াছিল অতএব তিনি অবশ্য উপযুক্ত ব্যবস্থার জন্য অত্যন্ত তিরস্কৃত হইবেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে রোমানেরা তাঁহার সহিত অসদ্ ব্যবহার করে নাই বরং তাহাদের অনেকানেক লোক তাঁহাকে আহ্বান করিতে অগ্রসর হইয়া গিয়াছিল; এবং তিনি যে রোমের রক্ষার বিষয়ে নিরাশ হন নাই এজন্য সেনেট সভ্যেরাও তাঁহার ধন্যবাদ করিয়াছিল। ৩ অনন্তর রোমানেরা ফেবিয়স এবং মার্সেলসের হস্তে সংগ্রামের ভার অর্পণ করিল। তাহারা ফেবিয়সকে দেশের ঢাল এবং মার্সেলসকে অসি স্বরূপ জ্ঞান করিত। হানিবাল ঐ দুই মহাসেনানীকেও পরাজয় করিতে চেষ্টা করিলেন কিন্তু তাঁহারা কহিলেন তুমি ইটালি হইতে প্রস্থান করিতে

বিদ্যাবিশারদের যন্ত্র সকল অগ্নিকুণ্ড দ্বারা রক্ষিত হইয়াছিল। ১৫ নগরের প্রায় তাবৎ লোকেরা সমরে নিধন প্রাপ্ত হইল। এই ভয়ঙ্কর ঘোর সমর সময়ে আর্কিমিডিস এক স্থানে বসিয়া আপন বিদ্যার বিষয় চিন্তা করিতেছিলেন এক জন রোমান সেনা তাঁহাকে দেখিয়া তাঁহাকেও হত্যা করিল। ১৬ কিন্তু মার্সেলস তাঁহার মৃত্যুর কথা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইলেন যেহেতু তৎকালে রোমের প্রধান২ লোকের মধ্যে বিদ্যার গুণ বোধ হইতে আরম্ভ হইতেছিল। অতএব তিনি অতিশয় সমারোহ পূর্ব্বক আর্কিমিডিসের সমাধি দিতে ও তদুপরি তাঁহার স্মরণার্থে এক স্তম্ভ নির্ম্মাণ করিতে আজ্ঞা করিলেন।

১৭ স্পেন দেশে যদ্যপিও রোমের সৌভাগ্য কিঞ্চিৎ কাল খর্ব্ব হইয়াছিল তথাপি সিপিও আফ্রিকেনসের দ্বারা তাহার অবস্থা ত্বরায় উত্তম হইল। এই ব্যক্তি স্পেন দেশের প্রোকান্সলি* কর্ম্মের প্রার্থনা করিয়াছিলেন, কিন্তু ঐ সঙ্কট বিপদের সময় অন্য কোন লোক তাহা প্রাপ্ত হওনে ইচ্ছুক ছিলেন না। ১৮ এই সময় সিপিও চতুর্বিংশতি বৎসর বয়স্ক হইলেও তিনি প্রধান সেনাপতি ও সল্লোক হইবার উপযুক্ত গুণ বিশিষ্ট ছিলেন। তাঁহার সাহসের সহিত কোমল স্বভাব মিশ্রিত ছিল, তিনি যুদ্ধের কৌশলে প্রায় হানিবালের তুল্য ছিলেন এবং শরীর বিষয়ে বরং তাঁহা অপেক্ষায়ও প্রধান ছিলেন। ১৯ ইহার পূর্ব্বে তাঁহার পিতা স্পেন দেশের যুদ্ধে হত হইয়াছিলেন অতএব ঐ দেশ

---

* প্রোকান্সল রোমান অধ্যক্ষ বিশেষ। ওই পদ প্রাপ্ত ব্যক্তি শাসিত দেশে কন্সলের তুল্য ক্ষমতায় কার্য্য করিতেন।

২৫ হানিবাল আফ্রিকা দেশস্থ লেপ্টিস্ * নগরে উপস্থিত হইয়া আড্রুমিটম্ নগরের প্রতি যাত্রা করিলেন, এবং প্রস্থান করিলে ২৫ কার্থেজ হইতে অষ্টত্রিংশৎ ক্রোশ দূরবর্তি জামা নগরের নিকট গিয়া উত্তরিলেন। ২৬ তৎকালে শিপিও রাজা মাসিনিসার সহিত সহস্র অশ্বারূঢ় এবং পদাতিক সেনাচয় সমভিব্যাহারে হানিবালের প্রতিকূলে যাত্রা করিয়াছিলেন; তিনি হানিবালের আগমনে কোন ক্রমেই ভীত হয়েন নাই, বরং আপনার সাহস প্রকাশ করণার্থ হানিবাল কর্তৃক প্রেরিত চরদিগকে স্বীয় শিবিরের সমগ্র বিভব দেখাইয়া আজ্ঞা করিলেন তোমরা এই ক্ষণে আপনাদের প্রভুর সমীপে গমন করহ এবং আমাদের শিবিরে যাহা২ দেখিলা সমুদয় তাঁহাকে অবগত করাইও। ২৭ অতএব কার্থেজিনিয়ন সেনাপতি হানিবাল আপন বলের ন্যূনতা নিশ্চয় জানাতে সন্ধির প্রসঙ্গ করত যুদ্ধ স্থগিত করিবার চেষ্টায় পণের বিষয়ে কথোপকথন করিবার নিমিত্ত শিপিওর সহিত সাক্ষাৎ করিতে প্রার্থনা করিলেন তাহাতে শিপিও সম্মত হইলেন। ২৮ কিন্তু অনেক ক্ষণ কথোপকথনের পর পণ বিষয়ে মতের অনৈক্য হওয়াতে উভয়েই খড়্গ দ্বারা বিরোধ ভঞ্জনের উদ্যোগ করিতে স্ব২ শিবিরে পুনর্গমন করিলেন। ২৯ এই সংগ্রাম সর্বাংশেই স্মরণীয় হইয়াছিল, যেহেতুক তৎ সংক্রান্ত যে কোন বিষয়ের বিবেচনা করা যায় তাহাই গুরুতর

* লেপ্টিস্ নগর আড্রুমিটম্ হইতে প্রায় নয় ক্রোশ অন্তর, এইক্ষণে তাহার নাম লেমটা হইয়াছে। ভূমধ্যস্থ সমুদ্রের তটে লেপ্টিস্ নামক অপর নিকটবর্তি আর একটা নগর ছিল তাহাকে এখন লিবিডা কহা যায়। পূর্বকালে প্রথম নগরকে ক্ষুদ্র এবং শেষকে বৃহৎ লেপ্টিস্ কহা যাইত।

বোধ হয়, [illegible] এই সময়োপলক্ষে উভয় পক্ষে অতি প্রধান সৈন্যাধ্যক্ষ [illegible] নিযুক্ত হইয়াছিল ও দুইটা [illegible] পৃথিবীর মধ্যে আপন২ [illegible] [illegible] বিরোধ উপস্থিত হয়। অতএব [illegible] বিবাদে [illegible] অধিক উপস্থিত হয় যে এতদপেক্ষা মহা[illegible] [illegible] হয় না। হানিবাল পূর্ব্বে যে২ রূপে যুদ্ধ সজ্জা করিয়াছিলেন সে সকল অপেক্ষাও এবারের রণ সজ্জা অত্যুত্তম হইয়াছিল। ৩০ সংগ্রামারম্ভে কার্থেজিনিয়ানদের পক্ষে হস্তি সকল প্রথমে অগ্রসর হয়, কিন্তু তাহারা রোমানদের সৈন্যদের ধ্বনিতে ভীত ও [illegible] বিক্ষেপক ও ধানুষ্ক সেনা দ্বারা পীড়িত হওয়াতে তাহাদিগকে যাহারা চালাইতেছিল তাহাদেরই উপর পড়িয়া হানিবালের সৈন্যের দুই পার্শ্বস্থ অশ্বারোহদের মধ্যে অতিশয় গোলযোগ ঘটাইল। ৩১ অশ্বারূঢ় সৈন্যগণই হানিবালের বিশেষ ভরসার স্থল ছিল কিন্তু ঐ দুই দিকের [illegible] হইলেন। পরে উভয় পক্ষে পরস্পর অস্ত্র বর্ষণ আরম্ভ হইল কিন্তু সে বিষয়েও রোমানেরা শারীরিক বলবান্ প্রযুক্ত কার্থেজিনিয়ানদিগকে পরাস্ত করিল। ৩২ মাসিনিসা কার্থেজিনিয়ান্ অশ্বারূঢ় সেনাদের পশ্চাতে গমন করিতেছিলেন, এমত সময়ে সুযোগ দর্শনে প্রত্যাগমন করিয়া তাহাদের পশ্চাদ্ভাগ আক্রমণ করিলেন তাহাতে তাহাদের সর্ব্বতোভাবে পরাজয় হইল এবং কার্থেজিনিয়ানদের বিংশতি সহস্র সেনা হত ও [illegible] হাজার বন্দীকৃত হইল। ৩৩ প্রধান ও নির্ভয় সেনাপতি হইতে যে২ কার্য্য হইতে পারে হানিবাল তাহা সম্যক্ প্রকারে করিয়া শেষে কতিপয় অশ্বারূঢ় সেনা সমভিব্যাহারে আড্রুমিটম নগরে পলায়ন করিলেন। এই সময়ে দুর্ভাগ্য জন্য তাঁহার তাবৎ ক্ষমতা ও সাহস এবং বিজ্ঞতা যেন বিলুপ্ত হইয়াছিল।

৯ ইহার পরে কি ঘটনা হইল?

১০ কার্থেজ নগরের সেনেট সভা কি প্রতিজ্ঞা করিল?

১১ হানিবাল [illegible] শপথ একবারে [illegible] পাইয়াছিলেন কি না?

১২ [illegible] তাবৎ মহাদেশ [illegible] অবগত হইয়াছিলেন কি না?

১৩ আসড্রুবালের মৃত্যু শুনিয়া হানিবাল কি স্থির করিলেন?

১৪ রোমানদের কি অন্যত্রেও জয় হইয়াছিল?

১৫ সিরেকুস নগরবাসিদের কি দুর্দশা হইয়াছিল?

১৬ আর্কিমিডিসের মৃত্যু কেন দুঃখের বিষয় হইয়াছিল?

১৭ স্পেন দেশে রোমানদের কি পর্যন্ত জয় হইয়াছিল?

১৮ সিপীও কিরূপ লোক ছিলেন?

১৯ সিপীওর স্পেন দেশের লোকানসাম্পাদ প্রাপ্তি বিষয়ে কি সুযোগ হইয়াছিল?

২০ তাঁহার কীর্ত্তি কি কেবল স্পেন দেশেই হইয়াছিল?

২১ তিনি আফ্রিকা দেশে কোন বিশেষ বাধা পাইয়াছিলেন কি না?

২২ এ বিষয়ে সিপিও কি রূপ ব্যবহার করিয়াছিলেন?

২৩ কার্থেজনিবাসেরা বারম্বার পরাভূত হইয়া এক্ষণে কি উপায় স্থির করিল?

২৪ হানিবাল স্বদেশে পুনর্গমনের আজ্ঞা পাইয়া কি তুষ্ট হইলেন?

২৫ তিনি আফ্রিকায় উপস্থিত হইয়া কোন্ স্থানে গমন করিলেন?

২৬ ঐ সময় সিপিও কিরূপ ব্যবহার করিয়াছিলেন?

২৭ সিপিও পরেও কি হানিবাল যুদ্ধ করণে সম্মত ছিলেন?

২৮ হানিবাল ও সিপিওর পরস্পর কথোপকথনে কি কার্য্য দর্শিল?

২৯ পরে যে যুদ্ধ উপস্থিত হয় তাহা কেমন?

৩০ তাহার আরম্ভ কি রূপে হয়?

৩১ শেষে কি হইল?

প্রচার করিলেন যে অত্যাচারি বিচারকর্ত্তাদের পরীক্ষা করিবার ক্ষমতা সেনেটের সভ্যদের হস্ত হইতে লইয়া নাইটদের হস্তে প্রদত্ত হইবেক; এই রাজ্যের মূল ব্যবহারের অতি গুরুতর পরিবর্ত্ত হইল। ২৬ এই সকল কর্ম্ম দ্বারা কেইয়স্ লোকপ্রিয় ও শক্তিমান হওয়াতে সেনেট সভ্যেরা তাঁহার প্রতি অতিশয় ক্রোধান্বিত হইলেন। ২৭ কিন্তু লোকেরা যে বিশ্বাসঘাতক ও চঞ্চল তিনি তাহা শীঘ্রই জানিতে পারিলেন যেহেতু তাহারা এই ক্ষণে তাঁহাকে অবিশ্বাস করিয়া ড্রসসের প্রতি বিশ্বাস করিতে লাগিল; সেনেট সভ্যেরা খলতা করিয়া তাঁহার বিপক্ষতা করিবার কারণ ঐ ব্যক্তিকে নিযুক্ত করিয়াছিলেন। ২৮ কেইয়স্ লোকদিগের মঙ্গলার্থ পুনর্ব্বার লিসিনিয় ব্যবস্থা স্থাপন করিয়া আপন সাহায্য নিমিত্ত ইটালীর ভিন্ন২ দেশ বাসিদিগকে আহ্বান করিলেন কিন্তু তাহা বৃথা হইল যেহেতু সেনেট সভ্যেরা তাহাদের সকলকে রোম হইতে যাইতে আজ্ঞা করিলেন আর যে একটী বিদেশীয়ের সহিত কেইয়স্ বন্ধুতা করিয়া একত্র ভোজন করিয়াছিলেন তাঁহারা তাহাকে কারাগারে বদ্ধ করিলেন। ২৯ এই অপমান ভিন্ন তাঁহার অন্য এক আত্যন্তিক অমর্য্যাদা হইল, কারণ তিনি তৃতীয়বার ট্রিবিউন পদাভিলাষী হইয়া তৎপদাভিষিক্ত হইতে পারিলেন না। কথিত আছে তিনি সর্ব্বতোভাবে মনোনীত হইয়া ছিলেন কিন্তু যে সকল ব্যক্তিদের প্রতি তাহার পক্ষ হইয়া উত্তর করিবার ভার ছিল তাহারা মিথ্যা করিয়া অনেকে তাঁহাকে অমনোনীত করিয়াছে এমত কহাতে তিনি অগ্রাহ্য হইলেন। বোধ হয় ঐ সকল লোক উৎকোচ গ্রহণ করিয়া ঐ রূপ কহিয়াছিল *।

* ইদানীন্তন ইউরোপীয়দের ন্যায় পুরাতন লোক গুটিকাপাত

১৪ গ্রেকসের এবং তাঁহার বন্ধুদের কি দশা হইল?

১৫ শত্রুরা গ্রেকসের মৃত্যুর পর তাঁহার অবশিষ্ট বন্ধুদের প্রতি হিংসা করিতে ক্ষান্ত হইল কি না আর গ্রেকসের মৃত্যুর কিয়ৎকাল পরে কি ঘটনা হইল?

১৬ জ্যেষ্ঠ গ্রেকসের মৃত্যু সময় কেইয়সের কি অবস্থা ছিল?

১৭ তিনি কি বস্তুতঃ লোকপ্রিয় হইতে অনিচ্ছুক ছিলেন?

১৮ তিনি কি প্রকারে প্রসিদ্ধ হইলেন?

১৯ তিনি আপন গুণের দ্বারা লোকদের যে আদরণীয় হইয়াছিলেন তাহার কি প্রমাণ পাইলেন?

২০ নিউমিডিয়ার রাজা গ্রেকসকে সম্মান করিলে সেনেট সভ্যেরা কি ব্যবহার করিলেন?

২১ তাঁহাদের সেই ব্যবহারে কি ফল হইল?

২২ গ্রেকস্ ক্রোধ প্রযুক্ত সর্ব্বাগ্রে কি করিলেন এবং ঐ ক্রোধ প্রকাশ হইলে পপিলিয়স কি করিলেন?

২৩ তৎপরে গ্রেকস্ কি করিলেন?

২৪ তৎপরেই বা কি করিলেন?

২৫ গ্রেকস্ সেনেটদের অত্যাচার নিশ্চয় করিলে কি ব্যবস্থা হইল?

২৬ ঐ ব্যবস্থায় কি ফল দর্শিল?

২৭ লোকেরা তাঁহার স্থির বন্ধু হইল কি না?

২৮ তাঁহার আত্মরক্ষার চেষ্টা সফল হইল কি না?

২৯ তাঁহার স্ত্রীর কি অসম্মান হইল?

## ২ দ্বিতীয় খণ্ড।

১ একণে স্পষ্ট প্রকাশ হইল যে সেনেট সভ্যেরা কেইয়সকে বিনাশ করিতে দৃঢ় প্রতিজ্ঞা করিয়াছেন। কন্সল অপিমিয়স সেনেট

সজ্য ও নাইট এবং অসংখ্য দাস ও স্বপক্ষীয়দের সহায়তায় সন্তুষ্ট না হইয়া রোমানদের [illegible] তোষিদ কাণ্টীয়া উপদ্বীপস্থ এক দল লোককে আত্ম রক্ষক করিয়া সর্ব্বদা সঙ্গে থাকিতে কহিলেন। ২ তিনি এই প্রকারে রক্ষিত হওয়াতে আপনাকে অধিক শক্তিমন্ত জ্ঞান করিয়া কেইয়সের সাক্ষাৎ পাইলেই তাঁহার অপমান করিতে লাগি[illegible] কেননা, বিরোধ উপস্থিত না হইলে কেইয়সকে হত্যা করিবার সুযোগ পাইবেন না। ৩ কিন্তু কেইয়স স্বীয় অপমান সহ্য করিতেন এবং বোধ হয় কন্সলের অভিপ্রায় অবগত হইয়া আত্মরক্ষার্থে কোন অস্ত্রও স্বসন্নিধানে রাখিতেন না। ৪ সে যাহা হউক, তাঁহার বন্ধু ফলবিয়স ফ্লেকস নামক এক জন উৎসাহশীল ট্রিবিউন [illegible] ন্যায় নিরুদ্যোগ না হইয়া প্রতিবাদিদিগের প্রতিযোগিতা করণ নিমিত্ত পল্লী গ্রামীয় অনেক লোককে রোমে আনয়ন করিলেন, ঐ ব্যক্তিরা কর্ম্ম প্রার্থনা ছলে তথায় আসিল। ৫ যে দিবসে বিবাদ ভঞ্জন হইবার সম্ভাবনা, সেই দিবস প্রত্যূষে উভয় দলস্থেরা কেপিটলে গমন করিল। সে স্থলে যে সময় কন্সল রীত্যনুসারে বলিদান করিতেছিলেন, তৎকালে ছিন্ন পশুর অঙ্গের নাড়ী পরিষ্কার করিবার নিমিত্ত এক জন লিকটর তাহা হস্তে লইয়া ফ্লেকসকে ও তাঁহার সঙ্গিদিগকে কহিল, অরে দুষ্ট নগরবাসিরা সাধু লোকের গমনের পথ হইতে তোরা অন্তর হ। ৬ এই অপমান জনক বাক্যে তাহাদের এতাদৃশ ক্রোধ হইল যে তাহাদের হস্তে লিখিবার যে যন্ত্র ছিল তাহার দ্বারা তৎক্ষণাৎ ঐ লিকটরের প্রাণ বিনাশ করিল। ৭ ইহাতে ঐ স্থলে মহা কলরব হইল এবং কেইয়স তাহার নিবারণ করিতে না পারিয়া আপন দলস্থেরাই [illegible]দিগকে বিবাদের [illegible] বলিয়া তাহাদিগকে ভর্ৎসনা করত সমস্ত সন্ধি [illegible] [illegible] করিলেন। ৮ [illegible] ঐ অবসরে [illegible] [illegible]

সিন্নার সেনাপতি ঐ সমস্ত প্রতিবন্ধকতা নিরাকরণ পুরঃসর জয় লাভের উপক্রম করিলে মেরিয়স দাসদিগকে কহিতে লাগিল তোমরা আমার পক্ষভুক্ত হইলে আমি তোমাদিগকে স্বাধীনতা প্রদান করিব কিন্তু কেহই তাহার কথা শুনিল না। অতএব আপন দলবল সহ তাহাকে পলায়ন করিতে হইল।

প্রশ্ন।

১ রোমানেরা ভ্রষ্টতা নিমিত্ত স্বদেশে যে প্রকার অমান্য [illegible] বিদেশেও কি তদ্রূপ অমান্য হইল?

২ রোমীয়েরা কোন্ প্রসিদ্ধ যুদ্ধে জয় পাইল এবং [illegible] পরিচয় দি[illegible]

৩ জুগরথা কি প্রকারে রাজ্য পাইয়াছিল?

[illegible] জুগরথা রোমানদিগকে কি প্রকারে তুষ্ট করিল?

৫ দশ জন অধ্যক্ষ জুগরথার রাজ্যে গমন পূর্ব্বক কি প্রকারে কর্ম্ম নির্ব্বাহ করিলেন?

৬ জুগরথ রাজ্যের যে অংশ পাপ্ত হইল তাহাতে তুষ্ট হইলেন কি না?

৭ জুগরথা আপন ভাগিনীর সহিত পুনর্ব্বার বিবাদের চেষ্টা করে তাহাতে কৃতকার্য্য হয় কি না?

৮ জুগরথা [illegible] করিলে রোমানেরা তাহার প্রতিফল দিয়াছিল কি না?

৯ জুগরথা রোমানদের আহ্বান মান্য করিয়াছিল কি না?

১০ জুগরথার সহিত যুদ্ধ আরম্ভ হইলে রোমানদের পক্ষে কি রূপ দর্শিল?

১১ মেটেলস নিউমিডিয়ায় আসিয়া সৈন্যেরদের কি রূপ অবস্থা দৃষ্টি করিলেন?

১২ নিউমিডিয়ায় সেনাদের সকল অবস্থা রহিল কি না?

১৩ মেটিলস আপন জয়ের ফল ভোগ করিতে পারিলেন কি না?

১৪ কেইঅস মেরিয়সের পরিচয় কি?

১৫ মেরিয়সের কি সম্বন্ধ হইয়াছিল?

১৬ মেরিয়স কি উপায়ে মনোবাঞ্ছা পূর্ণ করিলেন?

১৭ মেরিয়স সৈন্যাধ্যক্ষ হইয়া কি রূপ আচরণ করিলেন?

১৮ জুগরথা পরাজিত হইয়া কাহার আশ্রয় প্রার্থনা করিল?

১৯ বকসের সহিত জুগরথার মিত্রতা বিচ্ছেদ হইয়াছিল কি না?

২০ বকসের সন্ধি প্রার্থনায় সেনেট সভ্যেরা সম্মত হইলেন কি না?

২১ বকস্ সেনেট সভ্যদের মতানুসারে সন্ধি স্বীকার করিল কি না?

২২ পরে জুগরথার কি হইল?

২৩ মেরিয়স জুগরথাকে জয় করিয়া কি করিয়াছিলেন?

২৪ মেরিয়স লোকদিগের প্রিয় হইবার চেষ্টা করিলে কি ফল হইল?

২৫ ইটালী দেশের ভিন্ন জাতিদের সহিত যে যুদ্ধ হয় তাহা বহু কাল স্থায়ী হইয়াছিল কি না?

২৬ ঐ যুদ্ধ নিবারণার্থে সেনেট সভ্যেরা কি করেন?

২৭ ঐ যুদ্ধ নিবারণের যে উপায় করেন তাহাতে কি ফল হয়?

২৮ তৎপরে রোমীয়েরা কাহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হয়?

২৯ সে যুদ্ধে কে সেনাপতি হইল?

৩০ সিল্লার পরিবর্ত্তে মেরিয়সকে সেনাপতি করিলে কি ফল হইল?

৩১ সিল্লার সেনারা রোমানদের সহিত বিরোধ করিবার কথা উপস্থিত করিলে তিনি সম্মত হইলেন কি না?

৩২ ঐ বিরোধে কি ফল দর্শিল?

আসিয়াছিস্। দাস কোন উত্তর করিতে নাপারিয়া আপন অস্ত্র নিক্ষেপ পূর্ব্বক বেগে কারাগার হইতে বহির্গত হইয়া প্রভুর সন্নিধানে কহিল মেরিয়সকে বধ করা আমার সাধ্য নয়। ৫ মিন্টর্নিয়ান দাসের ত্রাস দর্শনে শাসনকর্ত্তা বুঝিলেন মেরিয়সের ভাগ্য প্রসন্ন হইয়াছে অতএব মেরিয়স ইটালি হইতে পলায়ন করুন পরে তাঁহার অদৃষ্টে যাহা হয় এই বিবেচনা করিয়া তাঁহাকে কারাগার হইতে মুক্ত করিয়া একখান তরি প্রদান করিলেন। কিন্তু সমুদ্রমধ্যে হঠাৎ প্রচণ্ড পবন বহমান হওয়াতে তাঁহার সেই তরি ইটালির দিকে গমন করিল। সুতরাং তিনি সিসিলি উপদ্বীপে গিয়া উপস্থিত হইলেন। তৎকালে ঐ দ্বীপে দৈবাৎ এক জন রোমীয় কুইষ্টর উপস্থিত ছিল সে মেরিয়সকে ধরিতে প্রতিজ্ঞা করিল তাহাতে তিনি তথাহইতে পলায়ন করিয়া তরির মধ্যে গমন পূর্ব্বক তরণী চালাইয়া দিলেন। তাঁহার এই পলায়নে সাহায্যকারি ষোল জন নাবিক হত হইল। পরে আফ্রিকা দেশের কার্থেজ নামক উচ্ছিন্ন নগরে গিয়া উত্তীর্ণ হইলেন এবং ঐ নগরের [illegible] হইয়া সেই নগরের ইষ্টকাদি রাশির উপরি উপবেশন করিলেন। কিন্তু তথাকার শাসনকর্ত্তা তাঁহাকে শীঘ্র ঐ স্থান হইতে পলায়ন করিতে দূত দ্বারা আজ্ঞা প্রেরণ করিলেন। ৭ মেরিয়স পূর্ব্বে ঐ শাসনকর্ত্তার দুঃখের সময় মহোপকার করিয়াছিলেন অতএব তাহার এই কৃতঘ্নতায় সাতিশয় অসন্তুষ্ট হইলেন এবং তাঁহার আজ্ঞানুবর্ত্তী হইতে প্রস্তুত হইয়া দূতকে কহিলেন তোমার প্রভুকে বিজ্ঞাপন করিও তুমি আমাকে কার্থেজের ভগ্ন অট্টালিকার ইষ্টকাদির উপর উপবেশন করিতে দেখিয়াছ। মেরিয়স এই বাক্য দ্বারা ইঙ্গিতে জ্ঞাপন করিলেন ঐ মহৎ নগরের পতনের ন্যায় সর্ব্বতোভাবে তাঁহার পতন দশা উপস্থিত।

৮ মেরিয়স তথা হইতে পুনর্ব্বার নৌকারোহণ পূর্ব্বক গমন করত সাগরের উপরেই শীত কাল যাপন করিলেন। সকল স্থানে শত্রু

হইলেন তাহাতে তাঁহার দশ সহস্র সৈন্য নষ্ট ও ছয় সহস্র সেনা বন্দি হইল। ২৩ এই পরাভব হইলে পরে [illegible] আরবেলন্ অপ্রত্যাশী হইলেন এবং কার্বো গোপনে পলায়ন হইয়া আফ্রিকায় বহুকাল ভ্রমণ করিতে লাগিলেন. কিন্তু দৈবাৎ একদিন পম্পির সহিত পথে পতিত হওয়াতে তিনি সভার সন্তোষের নিমিত্ত তাঁহার মস্তকচ্ছেদ করিতে আজ্ঞা করিলেন। ২৪ সিলা এই প্রকারে স্বদেশের [illegible] দগ্ধ করিয়া রাজধানী প্রবেশ করিলেন। কিন্তু যুদ্ধের সময় [illegible] প্রাপ্ত হইয়াছিলেন যদি সুস্থির হইয়া [illegible] করিতেন অথবা জয়ের পরেই জীবন ত্যাগ করিতেন তাহা হইলে [illegible] সন্ত্রম হইত।

২৫ এই সংগ্রামে শত্রুপক্ষের যে অষ্ট সহস্র জন প্রাণভয়ে পলায়ন পরায়ণ হইয়া রক্ষা পায় তাহারা স্বেচ্ছাক্রমে বিজয়ি সিলার অধীন হইল, তথাপি সিলা কেম্পস্ মার্শিয়সের নিকট পব্লিক নামক বৃহৎ ভবনে তাহাদিগকে অবরুদ্ধ করিয়া রাখিতে আজ্ঞা করিলেন। অপর সেনেট সভ্যদিগকে আহ্বান পূর্ব্বক কোন প্রকার আক্ষেপ প্রকাশ না করিয়ে শান্তভাব সমস্ততা দ্বারা আপন বীরত্বের বর্ণনা করিতে লাগিলেন এবং পূর্ব্বোক্ত অভাগ্য সেনাদের বধ নিমিত্ত গোপনে অনুমতি পাঠাইলেন। ২৬ তাহাতে ঐ হতভাগ্য ব্যক্তিদের ভয়ানক চীৎকার শব্দে মহা কোলাহল হইল। সেনেট সভ্যেরা তৎশ্রবণে বিস্ময়াপন্ন হইয়া মনে করিলেন নগর লুঠ হইতেছে কিন্তু সিলা অম্লানমুখে তাঁহাদিগকে কহিলেন আমার আজ্ঞায় কতকগুলিন অপরাধির শাস্তি হইতেছে তাহাদের চীৎকারে আপনারা অসুখী হইবেন [illegible] পর দিবস চল্লিশ জন সেনেট সভ্যকে ও ষোড়শ শত নাইটকে নষ্ট করিতে আদেশ করিলেন।

* যুবা মেরিয়স আত্মঘাতী হইলে পর তাঁহার মস্তক সিলার আজ্ঞাক্রমে ফোরমে নিক্ষিপ্ত হইল।

প্রশ্ন।

১ সিলা প্রথমে কি২ কর্ম্ম করিলেন এবং মেরিয়সের কি দশা হইল?

২ মেরিয়স পলাইতে পারিলেন কি না?

৩ তদনন্তর তাঁহার কি দশা হইল?

৪ তৎপরে তাঁহার কি অবস্থা হইল?

৫ মেরিয়সের হত্যা নিমিত্ত যে দাস প্রেরিত হয় সে কৃতকার্য্য হইতে না পারিলে প্রেস্থরেরা কি বোধ করিল?

৬ ইহার পর মেরিয়স্ কি রূপ দুর্দশাগ্রস্ত হইলেন?

৭ প্রিটরের কৃতঘ্নতায় মেরিয়স্ কি প্রকার আচরণ করিলেন?

৮ তৎপরে তিনি কোথায় গমন করিলেন?

৯ সেণ্টাক্টেলের নিকট হইতে যে দূত আসিবার আশা [illegible] আসিয়াছিল কি না?

১০ এ সময় মেরিয়সের ভাগ্য কি প্রকারে প্রসন্ন হইল?

১১ সিলা ও মেরিয়স্ কি আচরণ করিলেন?

১২ মেরিয়সের মৌখিক ধার্ম্মিকতা বহু কাল ছিল কি না?

১৩ কাহারা তাঁহার প্রতিহিংসার পাত্র হইল?

১৪ তৎপরে তিনি কি করিলেন?

১৫ ইহার পর তিনি কত কাল জীবিত ছিলেন?

১৬ সিলা মেরিয়সের কর্ম্ম শুনিয়া কি করিলেন?

১৭ তিনি কি প্রতিবন্ধকতা করিলেন?

১৮ তাঁহার কি দশা হইল?

---

সে ব্যক্তি রোমের প্রবল বৈরী হইয়া রোমীয় [illegible]টরদের ও [illegible] পরাভব করিল কিন্তু শেষে ক্রেসস্ কর্ত্তৃক পরাজিত হইল। [illegible] পম্পি স্পেন হইতে প্রত্যাগমন করিবার সময়ে তাহার অবশিষ্ট সেনার সাক্ষাৎ পাইয়া সকলকেই বধ করিলেন। এই যুদ্ধ [illegible] যুদ্ধ নামে বিখ্যাত হয়।

স্বেচ্ছাধ প্রকাশ পাইল এবং আদৌ আপন অনীকিনী বিদায় করিতে কেহই স্বীকার করিল না অতএব অতিশয় আপদ ঘটিবার সম্ভাবনা হইল। অবশেষে ক্রেসস্ ক্রোধ সম্বরণ পূর্ব্বক স্বীয় সৈন্য বিদায় করিলেন এবং পম্পিও ত্বরায় তদ্রূপ করিলেন। ৩ অনন্তর উভয়েই লোকদের অধিক প্রিয় হইবার চেষ্টায় প্রবৃত্ত হইলেন তাহাতে ক্রেসস্ সামান্য লোকদিগকে অনেক বার ভোজ দিয়া এবং দরিদ্রদের প্রতি শস্য বিতরণ করিয়া প্রায় তিন মাস পর্য্যন্ত অনেককে আহার দিলেন কিন্তু পম্পি লোকদের শক্তিহ্রাসের কারণ সিলার কৃত ব্যবস্থার অন্যথা করিয়া পূর্ব্বে গ্রেকস্ নাইটদের প্রতি বিচার করিবার যে অধিকার ছিল তাহা পুনর্ব্বার তাহাদিগকে দিলেন এবং ট্রিবিউনদের প্রতিও পূর্ব্বের ন্যায় ক্ষমতার্পণ করিলেন। ৪ এই প্রকারে উভয়ে স্বার্থ সিদ্ধির চেষ্টাকে সাধারণের মঙ্গল চেষ্টার ন্যায় দর্শাইতে লাগিলেন; ইহাতেই ক্রেসসের লোভ দাতৃত্ব স্বরূপে আর পম্পির লোভ সাধারণ স্বাধীনতার প্রতি প্রেম স্বরূপে প্রকাশমান হইল। ৫ এই কালে মেডিটরেনিয়ন্ অর্থাৎ ইউরোপ ও আফ্রিকার মধ্যস্থ সমুদ্রে নাবিক তস্করেরা অতিশয় দৌরাত্ম্যকারী হইল এবং পম্পি তাহাদের দমন পুরঃসর দেশ রক্ষণ করিলে তাঁহার যথেষ্ট সুখ্যাতি হইল সুতরাং ট্রিবিউনেরা মনে করিল প্রিয় পম্পিকে অনায়াসে শ্রেষ্ঠ পদাভিষিক্ত করিতে পারিব। ৬ অনন্তর মেনলিয়স্ নামা ট্রিবিউন প্রসঙ্গ করিলেন রাজ্য মধ্যে সমস্ত সৈন্যের অধ্যক্ষতা এবং আসিয়া দেশের শাসন ও মিথ্রিডেটিসের সহিত আরব্ধ অন্তিম সমরের কর্তৃত্ব এই কএক বিষয়ের ভার কেবল পম্পির প্রতি অর্পণ নিমিত্ত ব্যবস্থা করণ কর্ত্তব্য। এতৎ প্রস্তাবে প্রায় সকলেই সম্মত হওয়াতে আনুষী ব্যবস্থা স্থাপিত হইল।

৭ অনন্তর পম্পি মিথ্রিডেটিসের সহিত সংগ্রামের ভার গ্রহণ, [illegible] সৈন্যদের [illegible] প্রতি যাত্রা করিলেন। ৮ সে সময় লিউকলস

ব্যাকুল হইলেন এবং পুনরাশায় বঞ্চিত হইয়া আপিনাইন পর্ব্বত শ্রেণীর উপর দিয়া ত্বরায় পলায়ন পূর্ব্বক গাল দেশে যাইতে চেষ্টা করিলেন। কিন্তু এ চেষ্টা বিফল হইল যেহেতু তাঁহার সৈন্যাপেক্ষা অধিক বলবান এক দল সৈন্য ঐ পথ রুদ্ধ করিয়াছিল। ২৩ কাটিলাইন চতুর্দ্দিকে বেষ্টিত হইয়া সমস্ত আশা বিহীন হইলে জয় অথবা মৃত্যু ভিন্ন অন্য উপায় নাই স্পষ্ট জানিতে পারিলেন, অতএব পশ্চাদ্গামী হইয়া বিপক্ষদের সহিত যুদ্ধারম্ভ করিলেন। ২৪ কন্সল এণ্টোনিয়সের শারীরিক পীড়া প্রযুক্ত পিট্রিয়সের উপর যুদ্ধের ভার অর্পণ হয়। ঐ ব্যক্তি একপ্রকার মহা সমর করিলেন তাহাতে অনেক লোক নষ্ট হইলেও কেটেলাইনের সমস্ত সৈন্যের পরাভব করিয়া সকলকেই নষ্ট করিলেন। ইহাতে কেটেলাইন সকল আশায় নিরাশ হইয়া শত্রু মধ্যে প্রবেশ পূর্ব্বক শস্ত্রাঘাতে হত হইলেন। ২৫ [illegible] হওয়াতে প্রধান ও শক্তিমান্ লোক সকলের রাজ্য লোভ বৃদ্ধি হইল। পম্পি যে রূপে ইউরোপ ও আফ্রিকা জয় করিয়াছিলেন সেই প্রকারে পূর্ব্ব দেশ সকল জয় করিয়া এক্ষণে রোমে পুনরাগমন করিলেন।

২৬ ক্রেসস রোম মধ্যে অতি ধনী এবং পম্পি ভিন্ন অন্য সর্ব্বাপেক্ষা শক্তিমান্ ছিলেন। অপর সেনেট সভায় পম্পি অপেক্ষাও তাঁহার অধিক স্বপক্ষ ছিল ও পম্পি যে প্রকার দ্বেষ ভাজন হইয়াছিলেন তিনি সে প্রকার হন নাই। এই দুই ব্যক্তির পরস্পর বিপরীত অভিপ্রায় ও আচরণ নিমিত্ত উভয়ের মনে ঈর্ষার উদয় হইয়া, পরন্তু এইরূপ ঈর্ষা ক্রমাগত থাকিলেই পরে রাজ্য রক্ষা হইতে পারিত। ২৭ কিয়ৎ কাল পূর্ব্বে জুলিয়স্ সিজর স্পেনে প্রিটর হইয়া গিয়াছিলেন। সেখান হইতে বহু ধন ও মান সহকারে পুনরাগমন পূর্ব্বক ঐ দুই ব্যক্তির পরস্পর ঈর্ষার দ্বারা আপনার লাভ করিতে প্রতিজ্ঞা করিলেন। ২৮ এই সিজরের পূর্ব্ব পুরুষেরা অতিশয় কৌলিন্যে বিখ্যাত ছিলেন। ইনিও বহুকালাবধি সেনেট সভাদের

নিপক্ষাচরণ পূর্ব্বক লোকদের পক্ষপাত করাতে যথেষ্ট গৌরবাস্পদ হয়েন। ইনি লোকদের কত প্রকার পক্ষপাত করিতেন তাহার এক নিদর্শন এই, শিলা কর্ত্তৃক যে সকল ব্যক্তি দেশ হইতে বহিষ্কৃত হইয়াছিল তাহার মৃত্যুর পরে তাহাদিগকে পুনর্ব্বার রোমে আনয়ন করিয়াছিলেন। রাজনীতি বিশারদ সিজর প্রপাম্প পাম্পির নিকট গমন পূর্ব্বক কহিলেন তুমি যদি আমার প্রতিনিধিত্ব স্বীকার কর তাহা হইলে তোমার বাঞ্ছা পূরণ নিমিত্ত এক কালে সেনেট সভ্যেরা বিপক্ষতা করিয়া অপকার করিতে পারিবেন না। ৩০ পাম্পি উপযুক্ত ব্যক্তিকে সহায় পাইয়া আহ্লাদ পূর্ব্বক তাঁহা[illegible] স্বীকার করিলেন।

৩১ তদনন্তর সিজর ক্রেসসের নিকট গমন করিলে তাহাদের পূর্ব্ব সম্বন্ধ প্রযুক্ত অনায়াসেই পরস্পর প্রণয় হইবার সম্ভাবনা হইল। ৩২ সিজর দেখিলেন উঁহাদের মিলনে উভয়েরই আপত্তি নাই [illegible] এব [illegible] তাহাদিগকে একত্র করিয়া কহিলেন তোমাদের পরস্পরের সাম্যভাব থাকলে যথেষ্ট মঙ্গল হইতে পারিবেক। ইহা কহিয়া মিলন করিয়া দিলেন। ৩৩ এই প্রকারে তাঁহাদের পরস্পর প্রণয় হইলে স্থির হইল তিন জনের সম্মতি ব্যতিরেকে রাজ্য মধ্যে কোন ব্যাপার হইবেক না। ৩৪ তাঁহাদের তিন জনের যে সভা হয় তাহার নাম ট্রাইমবিরেট অর্থাৎ তিন অধ্যক্ষ যুক্ত সভা। সেই সভার অভিপ্রায় সেনেট সভ্যদের এবং লোকদের অভিপ্রায় হইতে ভিন্ন ছিল। কিন্তু ইহারা আপনাদের অভীষ্ট সিদ্ধ করিবার নিমিত্ত সেনেট সভ্যদের ও লোকদের সহায়তার উপর নির্ভর করিতেন সুতরাং ইহাতে রাজ্যের পূর্ব্ব রীতির ক্ষীণতা হইতে লাগিল।

প্রশ্ন।

১ শিলার মৃত্যুর পরে কোন্ ব্যক্তি রাজ্য মধ্যে কলহ উৎপাদনের কারণ হইল?

২ কোন্ সময়ে পাম্পি ও ক্রেসস পরস্পর ঈর্ষান্বিত হইল এবং

তাহাদের [illegible] কেন সেনাধ্যক্ষতা ত্যাগ করিল?

৩ তাহারা লোকপ্রিয় হইবার নিমিত্ত কি রূপ চেষ্টা করিল?

৪ তাহাদের মৌখিক ও আন্তরিক ভাব কেমন ছিল?

৫ কি উপায়ে পাম্পির ক্ষমতাদি বৃদ্ধি হইল? এবং ট্রিবিউনেরা তাহাতে কি আশা করিল?

৬ ট্রিবিউনেরা আপনাদিগের বাঞ্ছা পূর্ণ করিবার নিমিত্ত কি উপায় করিল?

৭ পাম্পি যুদ্ধের ভার গ্রহণানন্তর কি করিলেন?

৮ মিথ্রিডেটিসের কি অবস্থা হইল এবং কে যুদ্ধের শেষ করিল?

৯ পাম্পি যে জয় করেন তাহাতে কি ফল হইল এবং রোমে কি উৎপাত ঘটিল?

১০ উৎপাতের মূলীভূত কুমন্ত্রণার কর্ত্তা কোন্ ব্যক্তি ছিল।

১১ কেটেলাইনের কি প্রকার আচরণ ছিল?

১২ আপন ঋণ পরিশোধের কারণ কেটেলাইন যে মন্ত্রণা করে তাহাতে কি স্থির হইল?

১৩ শিষ্টেরা কুমন্ত্রণায় প্রবৃত্ত হইবার কারণ কি?

১৪ কেটেলাইন কি কারণে সিসিরোর মৃত্যু বাঞ্ছা করিলেন?

১৫ সিসিরো এই সকল বার্ত্তা কি প্রকারে শুনিলেন?

১৬ নগর রক্ষা হেতু সেনেট সভ্যদিগকে একত্র করাতে কি স্থির হইল?

১৭ কেটেলাইন কি কারণে সেনেট সভায় প্রবেশ করিলেন এবং সে স্থানে কিং ঘটিল?

১৮ পরে কেটেলাইন কি করিলেন?

১৯ অবশিষ্ট কুমন্ত্রিদের কি দশা হইল?

২০ কেটেলাইনের সৈন্য কত এবং তাহাদের কি প্রকার অস্ত্র শস্ত্র ছিল?

বলা বিবেচনা করিয়া সেই ব্যক্তিকে তাঁহার সহকারির পদে নিযুক্ত করিলেন। ৩ কিন্তু শিজরের পরাক্রম সাতিশয় প্রবল হইয়া উঠিল তাঁহাতে বিবুলস্ অপেক্ষা বলবান্ লোকও তাঁহার প্রতিযোগিতা করিতে অক্ষম হইলেন, সুতরাং ঐ ব্যক্তি সেনেটরদের অভিপ্রায়ানুসারে কিয়দ্দিন যত্ন করিয়া অবশেষে ক্ষান্ত হইলেন। ৪ শিজর ক্রমে প্রজা প্রিয় হইয়া সাম্রাজ্য স্থাপনের সঙ্কল্প করিলেন। এবং এমত একটি ব্যবস্থা প্রচার করাইলেন যে দেশীয় যে২ কৃষি লোকেরদের তিন সন্তান অথবা তদধিক পুত্র, তাহারা কাম্পেনিয়ার ভূমির অংশ অধিকার করিবেক। এতৎ প্রস্তাব স্বরূপতঃ দেশীয় লোকের পক্ষে শ্রেয়স্কর বটে কিন্তু শিজর অন্যাভিপ্রায়ে তাহার প্রসঙ্গ করাতে দূষ্য হইয়াছিল।

৫ শিজর এবম্প্রকারে স্বদেশে শঙ্কাশূন্য হইয়া রোমের অধিকৃত দূরবর্ত্তি প্রদেশ সকল আপনাদের মধ্যে অংশ করিয়া লইবার মানস করিলেন এবং তদর্থে নিজ সহকারিদের সহিত পরামর্শ করিতে লাগিলেন। ৬ সুতরাং অতি ত্বরায় সমস্ত স্থান বিভক্ত হইল। পাম্পি যুদ্ধ করিয়া ক্লান্ত এবং যশ গৌরব প্রাপ্তে পরিতৃপ্ত হইয়াছিলেন অতএব কোন সময় স্বদেশে অবস্থিতি পূর্ব্বক বিশ্রাম করিবার বাসনায় স্পেন দেশ স্বীয় অংশ রূপে মনোনীত করিলেন। অপর ক্রেশস্ সিরীয়া দেশ গ্রহণ করিলেন, কেননা যে২ সেনাপতি ঐ দেশ জয় করণে প্রবৃত্ত হয় তাঁহারা সকলেই ধনী হইয়াছিলেন অতএব তিনিও তদ্দ্বারা ধনবান্ হইবার আশয়ে তাহা গ্রহণে আগ্রহান্বিত হইলেন। সুতরাং স্থূল দেশ অর্থাৎ গাল প্রদেশ শিজরের অংশে পতিত হইল। এই দেশে ভূরি২ পরাক্রমশালী ও দুর্দ্দান্ত জাতিরা বসতি করিত, তাহাদের অনেকেই রোমানদের অধীন এবং কতক ব্যক্তি নাম মাত্রে পারতন্ত্র্য স্বীকার করিত অর্থাৎ অধীনতার কোন চিহ্ন দর্শাইত না। ৭ গাল দেশের তাৎকালিক দশা প্রযুক্ত শিজর [illegible] শাসনার্থ নিযুক্ত না হইয়া অনেক যুদ্ধ বিগ্রহ করিতে ব্যাপৃত হইলেন। [illegible]

উত্তরোত্তর প্রবলা হইল। ১৭ পরন্তু তাঁহার প্রাণেশ্বর এবং [illegible] প্রভাবে আপনি মরিয়া আচ্ছন্ন হইলেক এখন [illegible] পাম্পির [illegible] শাবিৎ স্থান প্রাপ্ত না হইল [illegible] যত্ন করিতে [illegible] করিলেন না। ১৮ অতএব পাম্পি আত্ম [illegible] এই প্রকারে স্থাপিতে [illegible] হইয়া শিজরের সুখ্যাতি কোন মতে খর্ব করিবার মানসে প্রধান [illegible] করিলেন, শিজরের পক্ষ [illegible] কুরব প্রচার দ্বারা লোকের অবিশ্বাস জন্মাইয়া না দিতে পারেন, তাহা প্রকাশ করিত না। ১৯ [illegible] দুইটি ঘটনা উপস্থিত হওয়াতে ঐ দুই ব্যক্তির পরস্পর মনো ভঙ্গ বৃদ্ধি হইতে লাগিল। প্রথমতঃ জুলিয়ার মৃত্যু হইল; ইনি পাম্পির স্ত্রী এবং শিজরের কন্যা ছিলেন, ইঁহা হইতে ঐ দুই জনের প্রণয় অতিশয় বৃদ্ধিশীল হইয়াছিল, দ্বিতীয়তঃ ক্রেসসের বিনাশ হইল, এই ব্যক্তি পার্থিয়নদের* [illegible] যুদ্ধ করিতে গিয়াছিলেন, অপ্রাজ্ঞতা প্রযুক্ত দুর্বৃত্ত শত্রুর প্রতি বিশ্বাস [illegible] এমত আপদে পতিত হইলেন যে তাহা হইতে উদ্ধার হইতে না পারিয়া আপন [illegible] দোষে হত হইলেন।

২০ শিজর ও পাম্পির দ্বেষভাব বুঝিতে পারিয়াছিলেন অতএব তাঁহা হইতে আপনার মঙ্গল চেষ্টায় পোষকতা [illegible] বাধ্যাত হয় পাত্রীকা জন্য কর্ণালি কর্ম্মের ও গ্যালিক দেশীয় কর্তৃত্বের কাল বৃদ্ধি করিবার প্রার্থনা করিলেন। ২১ পাম্পি ঐ বিষয়ে বাহ্যে নিতান্ত অমনোযোগী হইয়া রহিলেন, কিন্তু গোপনে দুই জন লোক নিযুক্ত করিলেন। সেই দুই ব্যক্তি সেনেট সভায় প্রবেশ পূর্ব্বক কহিল দেশের ব্যবস্থানুসারে তাৎপর্য্য নহে যে কোন ব্যক্তি অনুপস্থিত থাকিয়া কন্সাল

---

* পার্থিয়নদের সুরেনা নামক এক জন সেনাপতি প্রতারণা দ্বারা অর্থাৎ সন্ধি বিষয়ে কথোপকথনার্থে [illegible] ক্রেসসকে আপন নিকটে পাইয়া তাঁহার মস্তক ছেদন পূর্ব্বক স্বীয় প্রভু আরোডিসের নিকট প্রেরণ করিয়াছিলেন।

লেন পাম্পি এ বিষয়ে সর্ব্বতোভাবে সম্মত আছি। পরে সিজর ধৈর্য্য প্রকাশ পূর্ব্বক কহিলেন সেনা দ্বারা কর্ম্ম সিদ্ধ না হইলেই রণ করা উচিত। ২৯ সিজর ঐ সকল ব্যাপারে অসন্তুষ্ট হইয়া পত্রে পাম্পিকেও আপনার প্রার্থনার ন্যায্যতা প্রদর্শন নিমিত্ত কহিলেন পাম্পি কর্ম্ম ত্যাগ করিলেই আমি ত্যাগ করিব। কিন্তু সেনেটেরা ক্রম ক্রমে আপনাদের শক্তিতে বিশ্বাস এবং পাম্পির আশ্বাসে নির্ভর করিয়া সিজরের প্রস্তাব অগ্রাহ্য করিলেন। ইহাতেও সিজর সংগ্রাম দ্বারা স্বদেশের মধ্যে উৎপাত উৎপাদন করিতে ইচ্ছুক হইলেন না অতএব শেষে কেবল দুই দল লিজিয়ন সৈন্য এবং ইলিরিয়া রাজ্য প্রার্থনা করিলেন কিন্তু সেনেটেরা তাহাতেও অসম্মত হইল। ৩০ সুতরাং সিজর এতদ্বিষয়ের সামঞ্জস্য সুকঠিন বোধ করিতে লাগিলেন এবং যদ্যপিও তাঁহার নিজ প্রার্থনা উত্তম না হয় তথাপি নিজ সেনাকে যে অনুরাগ ইহা নিশ্চয় জানিয়া ইটালির নিকট সৈন্য আনিতে আরম্ভ করত স্বয়ং তৃতীয় লিজিয়ন সেনা সমভিব্যাহারে আল্পস্ পর্ব্বত পার হইলেন এবং রাবেনায় অবস্থিতি পূর্ব্বক তথা হইতে পুনর্ব্বার লিপি দ্বারা কন্সলদিগকে কহিয়া পাঠাইলেন পাম্পি সৈন্যের উপর কর্ত্তৃত্ব ভার ত্যাগ করিলে আমিও আপন সৈন্য ত্যাগ করি। ৩১ কিন্তু সেনেটেরা তাহাতে সম্মত না হইয়া সময় নিরূপণ পূর্ব্বক এই আজ্ঞা করিলেন যে তোমাকে অধিকৃত দেশ পরিত্যাগ পূর্ব্বক সৈন্য সঙ্গ ভঙ্গ করিতে হইবেক যদ্যপি না করহ তবে দেশের শত্রু বলিয়া গণ্য হইবে।

১ সিজর প্রথমতঃ কি চেষ্টা করিয়াছিলেন?

২ তাঁহার মানস সিদ্ধি নিমিত্ত কি সেনেটোরগণের মতের অপেক্ষা ছিল না?

৩ নিয়মমতে সিজরের শক্তির দমন হইয়াছিল কি না?

৪ সিজর কিরূপে লোক সেনা অধিকার [illegible] কেমনে আরম্ভ করিলেন?

৫ তিনি আপন কল্পনা সিদ্ধির নিমিত্ত আর কি করিয়াছিলেন?

৬ রোমের অধীন দেশ সকল ত্রিয়ম্বকদের মধ্যে কি রূপে বিভক্ত হইল?

৭-৮ শিজরের অংশে যে দেশ পড়িয়াছিল তাহা ভাল কি না?

৯ কোন জাতি প্রথমে শিজরের অধীন হইয়াছিল?

১০ তৎপরে আর কোন্ জাতি অধীনত্ব স্বীকার করে?

১১ কোন্ জাতীয়েরা তাঁহার প্রতি প্রতিবন্ধকতা করিয়াছিল ও তাহাতে কি ফল দর্শে?

১২ শিজর আর কোন্২ জাতীয়দিগকে অধীন করেন?

১৩ তিনি কি এই সকল জয়েই ক্ষান্ত হইয়াছিলেন?

১৪ ব্রিটনেরা তাঁহাকে কি রূপে বাধা দিয়াছিল?

১৫ তাহারদের পরাভব হইলে কিং ঘটনা হইয়াছিল?

১৬ শিজরের অভীষ্ট লাভের প্রতি কি সুযোগ ছিল?

১৭ শিজরের মানসের বিষয়ে পাম্পির কি পূর্ব্বে কোন সন্দেহ হয় নাই?

১৮ পাম্পি সেই সন্দেহ প্রযুক্ত পরে কি উপায় করিলেন?

১৯ কিং ঘটনায় পাম্পি ও শিজরের মধ্যে অপ্রণয় বৃদ্ধি হইল?

২০ শিজর পাম্পির স্বভাব পরীক্ষার কারণ কি উপায় করিয়াছিলেন?

২১ শিজরের প্রার্থনায় পাম্পি কি প্রকাশ্য রূপে প্রতিবন্ধকতা করিয়াছিলেন?

২২ পাম্পি কি অভিপ্রায়ে গুপ্তভাবে লোক দ্বারা শিজরের প্রতিযোগিতা করেন?

২৩ শিজর পাম্পির জালে পতিত হইয়াছিলেন কি না?

২৪ সেনেটেরা কোন্ পক্ষের সপক্ষতা করিয়াছিলেন?

২৫ শিজর আপন সৈন্য ত্যাগ করিলেন কি না?

২৬ ইহার পর সেনেটেরা কি ব্যবহার করিলেন?

২৭ পাম্পির বিপক্ষে কুরিও যে প্রস্তাব করেন তাহাতে কি ফল দর্শে?

২৮ সেনেটদের মধ্যে এক জন আসিয়া যে কথা কহে পাম্পি তাহা রক্ষা করিয়াছিলেন কি না?

২৯ এ বিষয়ে শিজর কি ব্যবহার করিলেন?

৩০ বিবাদের মীমাংসা না হওয়াতে তিনি কি ব্যবহার করিলেন?

৩১ তাহাতে সেনেটের কি আজ্ঞা প্রচার হইল?

## ২০ অধ্যায় ২ খণ্ড।

---

১ সেনেটদের উক্ত রূপ কঠিন আজ্ঞাতেও শিজরের বিরক্তি ব্যক্ত হইল না। তিনি যে দিবস ইটালি দেশে যাত্রা করিতে মানস করিয়াছিলেন তৎপূর্ব্ব রজনীতে আপন বন্ধুগণের সহিত জ্ঞান ও বিজ্ঞান শাস্ত্রের কথোপকথন করত ভোজন করিয়াছিলেন; সে সময় তাঁহার [illegible] উপস্থিত দুর্ভাবনার কোন চিহ্ন প্রকাশ পায় নাই। [illegible] পরে গাত্রোত্থান পূর্ব্বক নিজ সমভিব্যাহারিদিগকে কহিলেন আমি ক্ষণেক কালের নিমিত্ত তোমারদের নিকট বিদায় [illegible] তোমরা দুঃখিত হইও না, এক মুহূর্ত্তের মধ্যেই পুনরাগমন করিতেছি। পরে তৎক্ষণাৎ শকট প্রস্তুত করাইয়া তদুপরি আরোহণ পূর্ব্বক কএক জন বয়স্য সমভিব্যাহারে ইটালির সীমাবর্ত্তি আর্মিনিয়ম্ নগরে যাত্রা করিলেন। সেই দিন প্রাতঃকালে ঐ স্থানে স্বীয় সৈন্যের কিয়দংশ প্রেরণ করিয়াছিলেন। ২ রাত্রি প্রযুক্ত এই ভ্রমণ অতিশয় ক্লেশকর হইলেও কষ্ট স্বীকার পূর্ব্বক ক্ষণেক পদব্রজে ক্ষণেক বা অশ্বারোহণে ইতস্ততঃ দর্শন করত রজনী যাপন করিলেন। অনন্তর প্রভাতে রুবিকন্ নদীর নিকটে উপস্থিত হইয়া সৈন্যেরদিগকে দেখিতে পাইলেন তাহাদের সংখ্যা প্রায় পাঁচ সহস্র ছিল। রুবিকন্ নদী প্রাচীন গাল দেশকে ইটালি হইতে পৃথক্ করে এবং সেই স্রোতস্বতী

শিজরের গাল দেশীয় অধিকারের সীমা ছিল। ৩ রোমানেরা ঐ তরঙ্গিণীকে রোম রাজ্যের পর্য্য সীমা জ্ঞান করিত অর্থাৎ তাহাদের মতে এই স্থির ছিল যে ঐ নদী পার হইলে ব্যবস্থা লঙ্ঘনের অপরাধ হইত। ৪ অতএব শিজর সৈন্যের সহিত ঐ নদী তীরে উপস্থিত হইয়া অদ্ভুত উদ্যোগের পরেও সভয় প্রায় হইয়া দণ্ডায়মান রহিলেন এবং কিয়ৎ কাল নিস্তব্ধ ভাবে নদীর দিকে দৃষ্টি করিয়া পার হইবেন কি না এতদ্বিষয়ে মনেং বিতণ্ডা করিতে লাগিলেন। পরে আপনার এক জন সৈন্যাধ্যক্ষের প্রতি কটাক্ষ করিয়া কহিতে লাগিলেন যদি এই নদী পার হইয়া যাই তবে স্বদেশের প্রতি বিভ্রাট ঘটাইব পার না হইলেও আপনার সর্ব্বনাশ। ৫ অনন্তর কিঞ্চিৎ কাল নিবৃত্ত থাকিয়া পরে উচ্চৈঃস্বরে কহিলেন, চল দেবতারা যে স্থানে লইয়া যান ও শত্রুদের অত্যাচারের কারণ যে স্থানে যাওয়া উচিত সেই স্থানেই যাই। এতাবৎ কহিয়া পূর্ব্ববৎ প্রফুল্ল হইলেন পরে পাষ্টি পড়িল অর্থাৎ আর বিবেচনা নাই বলিয়া নদী প্রবেশ করিলেন। তাঁহার সেনারাও ত্বরা পূর্ব্বক পশ্চাৎ গমন করিয়া রুবিকন নদী পার হইল পরে আর্মিনিয়মে নগর উপস্থিত হইয়া অনায়াসে স্বায়ত্ত করণ পুরঃসর অধিকার করিলেন তথাকার নিবাসিরা কোন প্রকার প্রতিবন্ধকতা করিতে পারিল না।

৬ রোমানেরা শিজরের অচিন্ত্য উদ্যোগের ফল প্রত্যক্ষ করিয়া সাতিশয় ভীত হইল এবং মনেং বিতর্ক করিতে লাগিল শিজর বুঝি রোম নগর ধ্বংস করিতে আসিতেছেন। অতএব ব্যাকুল হইয়া নগর বাসি লোক নগর পরিত্যাগ পূর্ব্বক পল্লীগ্রামে প্রস্থায়ন পরায়ণ হইল এবং পল্লীগ্রামস্থ ব্যক্তিরা নগরে আগমন করিতে লাগিল। ৭ সাধারণ প্রজাজনের এই বিদ্রোহ উপস্থিত দেখিয়া পাম্পির মনে বিষাদোদয় হওয়াতে তিনি অনুতাপ করিতে লাগিলেন হায় আমা হইতে এই সকল উৎপাত ঘটিল কেননা আমিই শিজরের শক্তি বৃদ্ধির কারণ। তাঁহার বন্ধুদিগের মধ্যেও অনেকে এই গোলযোগে উত্যক্ত

হইয়া তাঁহার আলস্য ও মিথ্যা গর্ব্ব মিশ্রিত ভর্ৎসনা করিলেন। ৮ পরিহাস রসে রসিক ফেবোনিয়স্ নামা এক ব্যক্তি পাম্পির সপক্ষ সেনেট ছিলেন তিনি ব্যঙ্গ করিয়া কহিলেন ওহে পাম্পি শ্রবণ করিয়াছিলাম তোমার পদাঘাতে সৈন্য প্রস্তুত হইবে এখন দেখিতে পাই না কেন? কেটো অনুযোগ পূর্ব্বক বলিলেন অনেকবার সাবধান করিয়াছি কিছুতেই মনোযোগ কর নাই। কিন্তু এই ব্যক্তি সর্ব্বদা সকল বিষয়ে কেবল বিপত্তির সম্ভাবনা কহিতেন সুতরাং কোন্ টা সুপরামর্শ কোন্ টা অপরামর্শ নির্ণয় করা সুকঠিন ছিল এ কারণ তাঁহার বাক্যে অমনোযোগ জন্য দোষারোপ হইতে পারে না। ৯ পরে সকলে এইরূপে নিন্দা করিতে আরম্ভ করিলে পাম্পি সাতিশয় বিরক্ত হইলেন এবং নিজ পক্ষীয়দিগকে আশ্বাস দান পূর্ব্বক উপস্থিত বিপদের সাধ্যানুসারে প্রতীকার করিতে প্রতিজ্ঞা করিয়া কহিলেন আমি তোমাদের সেনাপতি তোমাদের সৈন্যের অভাব নাই। পরন্তু ইহাও কহিলেন সিজরের অভিপ্রায় যেমত উত্তম হওয়া [illegible] মনে ক্রমাগত তাহার সেই রূপ মত জ্ঞান করিয়াছি [illegible] অবশ্য স্বীকার করি কিন্তু আমার বন্ধুগণের [illegible] যে প্রকার বিপদ হয় না [illegible] ১০ অপর তাহারদিগকে কহিলেন রাজ্যের অবস্থা এখনও মন্দ হয় নাই, পূর্ব্ব দেশ [illegible] আমার দুই জন অধ্যক্ষের সহিত স্পেন দেশে [illegible] আফ্রিকা এবং রোমানদের সহিত [illegible] সকল রাজ্য হইতে আশ্রয় পাওয়া যাইতে পারিবে। ১১ পাম্পির এই কথা শ্রবণে তাঁহার পক্ষীয় লোকদের কতক ভরসা হইল। অতএব সেনেটের কতক ব্যক্তি এবং তাঁহার নিজ বন্ধু বান্ধব ও অনুগত লোকে বিশেষতঃ যাহারা তাঁহার স্বপক্ষতাচরণে ভাগ্যবন্ত হইবার আশা করিত তাহারা সকলে তাঁহার মতানুবর্ত্তী হইতে সম্মত হইল। কিন্তু তাঁহার [illegible] ছিল না। এ রোমে

[illegible]কিয়া শিজরকে বাধা দিতে পারেন অতএব আপনার সেনা কাপুয়া *
নগরে লইয়া যাইতে প্রতিজ্ঞা করিলেন। সেখানে শিজরের অধীনস্থ
গাল দেশীয় দুই দল সেনা পূর্ব্বাবধি অবস্থিতি করিতেছিল।

১২ শিজর পাম্পির সহিত পুনর্ব্বার প্রণয় করিতে যৎপরোনাস্তি
যত্ন পাইয়াছিলেন তাহাতে ফলোদয় না হওয়াতে পাম্পির সৈন্য
সংগ্রহের পূর্ব্বেই তাঁহাকে কাপুয়াতে আক্রমণ করিবার প্রতিজ্ঞা করিয়া
প্রথমতঃ মধ্যস্থিত নগর সকল অধিকার করিতে যাত্রা করিলেন।
ইদানীং রোমের বিষয় চিন্তা করেন নাই কেননা তাঁহার নিশ্চয়
বোধ ছিল অন্যান্য স্থান অধীন হইলে সে নগর সুতরাং হস্তগত হই-
বেক।

১৩ প্রথমতঃ কার্ফিনিয়ম নগরবাসিরা তাঁহার আগমনে প্রতি-
বন্ধকতা করিতে চেষ্টা করিল। ডমিসিয়স্ নামা এক ব্যক্তি কার্ফিনিয়-
মের রক্ষক ছিল; সেনেটেরা তাহাকে শিজরের পরিবর্ত্তে গাল দেশের
শাসন কর্ত্তৃত্ব পদে নিযুক্ত করিয়াছিলেন। অতএব শিজর দ্বারায় তন্নগর
আক্রান্ত হইলে ডমিসিয়স্ তাঁহার পরাভব নিমিত্ত পাম্পিকে পুনঃ
পুনঃ আহ্বান করিয়া পাঠাইল কিন্তু তাঁহার আগমনে বিলম্ব হওয়াতে
শেষে স্বয়ং পলায়ন পরায়ণ হইবার যত্ন করিল। ১৪ ডমিসিয়স্
পলায়নের উপক্রম করিলে তাহার অনীকিনীগণ কোপান্বিত হইয়া
তাহাকে আক্রমণকারির হস্তে সমর্পণ দ্বারা স্বং হিতান্বেষণের প্রতিজ্ঞা
করিল। যদিও শিজর শত্রু সেনাদের প্রস্তাবে তৎক্ষণাৎ সম্মত
হইলেন তথাপি স্বীয় সৈন্য নিকরের প্রতি হঠাৎ নগর প্রবেশের
অনুমতি দিলেন না। ১৫ কিয়ৎ কাল পরে লোকদের মধ্যে লেন্টু-
লস্ নামা এক ব্যক্তি কর্ণাস নগর হইতে নির্গমন পুরঃসর শিজরের
[illegible] প্রবেশ করিয়া আপনার ও আত্ম পক্ষীয় লোকদের কারণ
ক্ষমা প্রার্থনা করত পূর্ব্ব কথা শিজরকে স্মরণ করিয়া ভিক্ষা করিল

* কাম্পানিয়া দেশের রাজধানীর নাম কাপুয়া।

তোমার সহিত আমার পূর্ব্বাবধি বন্ধুত্ব আছে এবং আমি তোমা হইতে বিস্তর উপকার প্রাপ্ত হইয়াছি। ১৬ সিজর ঐ ব্যক্তির কাতরতা দর্শনে দয়ার্দ্র হইলেন সুতরাং তাহার কথা সমাপ্ত না হইতেই অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক উত্তর করিলেন আমি রোমের এবং রোমীয়দের স্বাধীনতা বিনাশ নিমিত্ত ইটালিতে আগমন করি নাই, তাহাদের স্বাতন্ত্র্য পুনঃ স্থাপন নিমিত্ত আসিয়াছি। ১৭ সিজরের এই সদয় বচন রোমের সর্ব্বত্র প্রচার হইলে সেনেট ও কুলীনেরা স্ব স্ব সন্তান সন্ততি ও নগর রক্ষক কতিপয় সৈন্য সমভি-ব্যাহারে নগরের বহির্ভাগে গমন পূর্ব্বক তাহার অনুগ্রহ প্রার্থনা করিতে লাগিলেন। কিন্তু তিনি তাঁহাদের প্রতি কৃতঘ্নতার দোষা-রোপ করিয়া শেষে কহিলেন তোমাদের স্বাধীনতা দিলাম এখন যে স্থান উত্তম জ্ঞান হয় তথায় প্রস্থান কর। ১৮ পরে অপরাধিগণকে বিমুক্ত দিয়া সেনাগণকে ঘনিষ্ঠ করিবার চেষ্টা করিতে লাগিলেন কেননা বিবেচনা করে স্থির করিয়াছিলেন, তাঁহার অধিক সেনার প্রয়োজন হইলেও হইতে পারে কিন্তু আপনি জীবিত থাকিতে সৈন্যাধ্যক্ষ [illegible] কদাচিৎ হইবার সম্ভাবনা নাই।

১৯ পম্পি কার্ফিনিয়ম নগরের দুর্দশার কথা শ্রবণে সাহসে বাসি-ত্মকর বোধ করিলেন পরে ব্রুন্ডুসিয়ম্ নগরে প্রস্থান করিয়া চিন্তা করিলেন যাবৎ আমার সৈন্য সকল একত্র না হয় তাবৎ এই স্থানে থাকিয়া সিজরের আক্রমণে প্রতিবন্ধকতা করিব। ২০ ইহাতে তাঁহার অভীষ্ট সিদ্ধ হইল কেননা কিয়ৎকাল সিজরকে অবরোধ আক্রমণে নিযুক্ত রাখিয়া গোপনে সসৈন্যে ডিরাকিয়ম নগরে প্রস্থান করিলেন। সে স্থলে থাকিয়া তাঁহার সাহায্যার্থ এক দল যোদ্ধা সং-গ্রহ করিয়াছিলেন। ২১ সে যাহা হউক, পম্পি নির্বিঘ্নে পলায়ন করিলেন বটে কিন্তু তাঁহা হইতেই ইটালির সকল স্থান শত্রু হস্তে পতিত হইল। প্রতিবন্ধকতা করিয়া সিজরের গতিরোধ করিতে পারে এতাদৃশ একটী নগর বা একটী দল রহিল না।

২২ সিজর তরি বিরহে পাম্পির পশ্চাদ্বর্ত্তী হইতে অসমর্থ হইয়া রাজকোষ অধিকার করণার্থ রোমে গমন করিলেন; তৎকালে ধনাগারে বিপুল অর্থ ছিল পাম্পি অবিজ্ঞতা বশতঃ আপন সঙ্গে তাহা লইয়া যাইতে বিস্মৃত হইয়াছিলেন। ২৩ সিজর ভাণ্ডার দ্বারে উপস্থিত হইলে কোষ রক্ষক মেটেলস্ তাঁহাকে অভ্যন্তরে প্রবেশ করিতে বারণ করিল তাহাতে তিনি তরবারি ধারণ পূর্ব্বক মৃত্যুর ভয় প্রদর্শন করত কহিলেন অরে মূর্খ তোর প্রাণ বিনাশ করা আমার পক্ষে দুষ্কর কর্ম্ম নহে। সিজরের এই সাহসোক্তিতেই অভীষ্ট সিদ্ধি হইল কারণ মেটেলস্ স্থানে প্রস্থান করিল তাহাতে তিনি ভাণ্ডার হইতে তিন লক্ষ পৌণ্ড অর্থাৎ প্রায় তিন সহস্র পঞ্চাশ লক্ষ পরিমিত স্বর্ণ ও যথেষ্ট রৌপ্য আকর্ষণ করিলেন।

২৪ সিজর এই রূপে সমরের সঙ্গতি করিয়া রোম হইতে যাত্রা করত প্রতিজ্ঞা করিলেন আফ্রেনিয়স্ ও পিট্রিয়স্ নামে পাম্পির যে দুই সেনাপতি জয়শীল সৈন্য সমভিব্যাহারে বহুকাল স্পেন দেশে অবস্থিতি করিতেছে তাহাদিগকে পরাজিত করিব। ২৫ তিনি উক্ত অধ্যক্ষদ্বয়ের ক্ষমতা সামান্য জ্ঞান করিতেন অতএব উপহাস করিয়া কহিয়াছিলেন আমি একণে অধ্যক্ষ হীন সৈন্যের সহিত সংগ্রামার্থ গমন করিতেছি প্রত্যাগমনানন্তর আবার সৈন্য শূন্য সেনাপতির সঙ্গে রণক্ষেত্রে সাক্ষাৎ করিতে হইবে।

২৬ সিজরের হের্ডা নগর সন্নিধানে আফ্রেনিয়স্ ও পিট্রিয়সের সহিত প্রথম সংগ্রাম হইল কিন্তু তাহাতে তাঁহার পক্ষে মঙ্গল দর্শিল না কেননা উভয় পক্ষীয়েরাই আপনাদিগকে জয়ী কহিয়াছিল। পরন্তু তাঁহার অনুপম কৌশল দ্বারা পরিশেষে বৈরিবর্গের আহারীয় ও পানীয় লাভে ঈদৃশ কষ্ট হইল যে তাহারা বিবেচনা পূর্ব্বক স্বেচ্ছানুসারে স্বতই অধীনতা স্বীকার করিতে ব্যগ্র হইল। ২৭ দয়া গুণে সিজরের অতিশয় আস্থা ছিল অতএব বিপক্ষ পক্ষ পরাভূত হইলেও তাহাদিগকে প্রিয় বাক্য কহিয়া

রোমে প্রেরণ করিলেন, তাহাতে অধ্যক্ষরা সিজরের প্রতি আপনা-
দের আচরণ এবং আপনাদের প্রতি তাঁহার ব্যবহার পর্য্যা-
লোচনে পুরস্কার স্বরূপ লজ্জিত হইয়া প্রত্যাগমন করিয়া তদীয়
অনুপম সুমহদ্গুণের কথা ক্রমে সর্ব্ব সমীপে ব্যক্ত করিতে লাগিল
সুতরাং তাঁহার প্রতি লোকের ভক্তি ও স্নেহ দৃঢ়তর হইল। ২৮
যে যাত্রা দ্বারা সিজর এইরূপে প্রায় চত্বারিংশৎ দিবসের মধ্যে
সম্পূর্ণ কোন দেশ জয় করিয়া রোমে পুনরাগমন করিলেন এবং
রোমীয়েরা আহ্লাদ সূচক নূতন চিহ্ন প্রকাশ পূর্ব্বক অভ্যর্থনা
করিয়া ডিক্টেটরি ও কন্সলি পদে তাঁহাকে নিযুক্ত করিল। কিন্তু
একাদশ দিবস পরেই তিনি ডিক্টেটরি পদ স্বয়ং পরিত্যাগ করি-
লেন।

প্রশ্ন।

[illegible] পম্পেয়েরা সিজরের প্রতি যে শত্রুতাচরণ করিল তাহাতে
[illegible] তিনি অসন্তুষ্ট হইয়াছিলেন কি না?

[illegible] সিজরের ইটালি প্রস্থান কালে কোন সংবাদ ঘটিয়াছিল
কি না?

[illegible] [illegible] বিশেষ গৌরবের কারণ কি?

[illegible] সিজর কি নিমিত্তে ঐ তরঙ্গিণী পার হইয়াছিলেন?

[illegible] শেষে তিনি কি স্থির করিলেন?

[illegible] সিজরের আগমনে রোমানেরা কি মনে করিয়াছিল?

[illegible] তাহাতে পম্পির কিরূপ মানস হয়?

[illegible] এই বিপদে [illegible] পম্পিকে কিরূপ উপ-
দেশ করিয়াছিল?

[illegible] তাহাতে পম্পি কি উত্তর করেন?

[illegible] তিনি কি করিয়া দেশের অবস্থার উত্তমতা [illegible]

[illegible] কি কর্ম্ম করিয়াছিলেন?

[illegible] সিজর কোন কর্ম্মে নিযুক্ত ছিলেন?

১৩ প্রথমে কোন্ নগরের লোকেরা তাঁহার আগমনে অ-বজ্ঞা প্রকাশ করিয়াছিল।

১৪ সেই নগরে সিজরের মনোবাঞ্ছা পূর্ণ হয় কি না।

১৫ আক্রান্ত লোকেরা সিজরের দয়া প্রাপ্ত হইবার নিমিত্তে কি উপায় করিয়াছিল।

১৬ তাহাতে তিনি কি রূপ উত্তর করেন।

১৭ সে উত্তরের কি ফল দর্শে।

১৮ তিনি আফ্রানের অধ্যক্ষদের ন্যায় সেনাদিগকেও কি বিদায় দিয়াছিলেন।

১৯ পাম্পি কোন্ স্থানে প্রস্থান করেন, ও তাঁহার প্রস্থানের তাৎপর্য্যই বা কি।

২০ তাঁহার সেই মানস সফল হইয়াছিল কি না।

২১ পাম্পির পলায়নে কি ফল দর্শিয়াছিল।

২২ সিজর পাম্পির পশ্চাদ্গমন করিয়াছিলেন কি না।

২৩ সিজর রাজকোষ অধিকার করিতে চেষ্টা করিলে কেহ বাধা দিয়াছিল কি না।

২৪ ইহার পর সিজর আর কোন কীর্ত্তির উদ্যোগ করেন।

২৫ পাম্পির যে দুই জন অধ্যক্ষ স্পেন দেশে ছিল তাহাদের পারগতার বিষয়ে সিজরের কি রূপ জ্ঞান ছিল।

২৬ তিনি কি তাহাদিগকে অনায়াসে পরাভব করিয়াছিলেন।

২৭ তিনি জয়ী হইয়া কি রূপ ব্যবহার করিয়াছিলেন।

২৮ এই যুদ্ধ কত দিন পর্য্যন্ত থাকে এবং ইহাতে কি ফল দর্শে।

---

## ২০ অধ্যায় ৩ খণ্ড।

১ সিজর যৎকালে স্পেন দেশে পূর্ব্বোক্ত ব্যাপারে ব্যাপৃত ছিলেন সেই সময় পাম্পি ইপাইরস ও গ্রীকে থাকিয়া তাঁহার প্রতিযোগিতা করিবার উদ্যোগ করিতেছিলেন। ২ তাঁহার [illegible]

নগর রক্ষার্থ নিযুক্ত হইয়াছিলেন। ২৫ এই সময়ে পাম্পির সেনাধ্যক্ষেরা তাঁহাকে যুদ্ধে প্রবৃত্ত করাইবার মানসে নিয়ত বিনতি করিতে লাগিল তাহাতে তিনি আপন বিবেচনা পরিত্যাগ পূর্ব্বক তাহাদের মতই মত করিলেন এবং স্বীয় সতর্কতা ও যুক্তি পরিত্যাগ পূর্ব্বক তাহাদের লোভ ও রোষের পরবশ হইয়া অনুচিত আচরণে প্রবৃত্ত হইলেন। ২৬ ফলতঃ থেসেলিতে গমন করিয়া পাস্কালি নগর সিজরের হস্তগত হইবার অল্প দিন পরেই পাম্পি সসৈন্যে ফার্সেলিয়ার* ক্ষেত্রে উপস্থিত হইলেন এবং তাঁহার অধ্যক্ষ সিপিও আপনার সৈন্যের সহিত তথায় আসিয়া মিলিত হইল। তাঁহারা এই স্থানে সিজরের আগমন প্রতীক্ষা করত এক যুদ্ধ দ্বারাই দেশের ভাগাভোগ নির্ণয় করিতে স্থির করিয়াছিলেন।

প্রশ্ন।

১ যৎকালে সিজর স্পেন দেশ জয় পূর্ব্বক রোমে সম্মান প্রাপ্ত হয়েন তখন পাম্পি কি কার্য্যে প্রবৃত্ত ছিলেন?

২ পাম্পির কি২ সুযোগ ছিল?

৩ কোন্ ঘটনা দ্বারা তাঁহার জয়াশা হয়?

৪ তাঁহার উক্ত উদ্যোগে কি সিজরের মনে শঙ্কা হইয়াছিল?

৫ সিজর কি নিতান্তই যুদ্ধ করিতে ইচ্ছুক ছিলেন?

৬ পাম্পি প্রথমে কোন্ বিষয়ে যত্ন করিয়াছিলেন?

৭ দুই দলের সৈন্যেরা পরস্পর প্রথমতঃ কোন্ স্থানে সাক্ষাৎ করে?

৮ সাক্ষাৎ হইলে পরই কি যুদ্ধারম্ভ হইয়াছিল?

---

* থেসেলি প্রদেশে ফার্সেলস্ নামে এক নগর ছিল এক্ষণে তাহার নাম ফার্সা হইয়াছে, সেই নগরের সন্নিকটে যে বৃহৎ মাঠ আছে তাহার নাম ফার্সেলিয়া। সিজর এবং পাম্পির যুদ্ধের নিমিত্ত ঐ স্থান অতি প্রসিদ্ধ হয়।

৯ সিজরের সাহায্যার্থ যে সৈন্য আসিবার কল্প ছিল তাহারা আসিয়াছিল কি না ও তাহাদিগকে আনাইবার নিমিত্ত তিনি কি করিয়াছিলেন।

১০ পরে কি রূপে সিজরের নৈরাশ্য দূর হইয়াছিল ?

১১ পাম্পি কি প্রকার উদ্যোগ করিতেছিলেন ?

১২ তিনি যে অন্তরীপে শিবির করিয়াছিলেন তথায় বহু কাল ছিলেন কি না ?

১৩ তাঁহাকে যন্ত্রণা দিবার নিমিত্ত সিজর কি২ উপায় করিয়াছিলেন ?

১৪ পাম্পির শিবির রুদ্ধ করিয়া তাঁহার কি রূপ ভরসা হইয়াছিল ?

১৫ উভয় [illegible]ীয় সেনারা কি২ কর্ম্মে নিযুক্ত ছিল ?

১৬ সিজর পাম্পির ক্রিয়া ও তীর নিবারণার্থ কি সুযোগ করিয়াছিলেন এবং তাঁহাকে সঙ্কুচিত করিতেই বা কি কার্য্য করিলেন ?

১৭ সিজরের ঐ সকল চেষ্টা ব্যর্থ করণার্থ পাম্পি কি উপায় করিলেন ?

১৮ পাম্পির [illegible] হইয়াছিল কি না ?

১৯ তাহাতে সিজর কি প্রতিজ্ঞা করিলেন ?

২০ সিজর কি প্রকারে যুদ্ধারম্ভ করেন ও তাহাতে কি ফল দর্শিল ?

২১ এই যুদ্ধে পাম্পির লক্ষ্য হইলে জয় নিশ্চয় করণার্থ যত্ন করিয়াছিলেন কি না ?

২২ সিজর কোন স্থানে পলায়ন করিলেন এবং তাঁহার পরাভবে কি ফলোদয় হইল ?

২৩ গম্ফাই নিবাসিরা তাঁহার প্রতি যে অন্যায় ব্যবহার করিয়াছিল তিনি কি তাহা সহ্য করিয়াছিলেন ?

২৪ তিনি তাহাদিগের কি প্রতিফল দিলেন ?

২৫ তাহাতে পাম্পি কি রূপ ব্যবহার করিলেন ?

২৬ যে স্থানে সিজর ও পাম্পির বিরোধ শেষ হয় তাহার নাম কি?

———

২০ অধ্যায় ৪ খণ্ড।

১ সিজর স্বীয় দলস্থ জনগণের অভিপ্রায় হৃদয়ঙ্গম করণার্থ কিয়ৎকাল নানা কৌশল করিতে লাগিলেন। পরে সেনা নিকরকে স্থির প্রতিজ্ঞ ও সবল অবলোকন করিয়া থারসেলিয়ার যে নিম্ন ভূভাগে পাম্পি শিবির স্থাপন পূর্ব্বক অবস্থিতি করিতেছিলেন তদভিমুখে যাত্রা করিলেন। ২ অতএব পৃথিবী মধ্যে উৎকৃষ্ট ও বিখ্যাত সাহসী দুই পক্ষের দুই দল সেনা পরস্পর নিকটবর্ত্তী হইল এবং বিরোধীয় বিষয়ের গুরুতা নিমিত্ত প্রত্যেক পক্ষের সৈন্যগণের মনঃ ভিন্নং আশা ও চিন্তায় আন্দোলিত হইতে লাগিল। ৩ পাম্পির অনীকিনীগণ আপনাদের সংখ্যাধিক্য দর্শনে সমরে জয় লাভ স্থির করিয়া মনেং তৎসুখ অনুভব করিতে প্রবৃত্ত হইল এবং সিজরের যোদ্ধৃবর্গ জয়ের উপায় চিন্তায় মনোনিবেশ করিল। ফলতঃ পাম্পির সেনারা আপনারদের সংখ্যাধিক্য ও ভূরিং সেনাপতির সাহায্য প্রযুক্ত জয় লাভে এক প্রকার জাতপ্রত্যয় হইয়াছিল। সিজরের স্বল্প সেনা আপনাদের অতি বিজ্ঞ এক মাত্র অধ্যক্ষের শিক্ষা এবং আচরণের উপর সমুদায় আশা নির্ভর করিয়াছিল। ৪ পাম্পির সপক্ষ ব্যক্তিরা স্বয়ং সঙ্গত আচরণ করিতেছে এই বিশ্বাসে জয় লাভের আশা করিয়াছিল এবং সিজরের হিতৈষি লোকে সন্দিগ্ধ চিত্ত হইয়া এতাবন্মাত্র কহিত আমরা অনেক বার সন্ধির প্রসঙ্গ করিয়া নিরাশ হইয়াছি অতএব আমাদের কোন অপরাধ নাই, দেবতারাই আমাদিগকে জয়ী করিবেন। এবম্প্রকারে উভয় দলের লোকদের ভাবনার বিষয় ভিন্নং হইলেও দুই পক্ষের ঘৃণা ও লোভের বিষয় অভিন্ন ছিল। ৫ পরন্তু সিজর সর্ব্বদা সমরার্থ ব্যগ্রতা প্রকাশ করিতেন। বৈরির দল বল অধিক দেখিয়াও ক্ষুব্ধ হইলেন না, আপনিই অগ্রে সংগ্রামে প্রবৃত্ত

হইলেন। পাম্পি স্বীয় সেনাগণের প্রতি সন্দেহ করিয়াই হউক অথবা বিপদ্ ঘটনার ভয় করিয়াই হউক পর্ব্বতের যে নিম্নভাগে অবস্থিতি করিতেছিলেন সুবিধা বোধে সেই স্থানেই রহিলেন। ৬ সিজর সুবিধা ক্রমে বৈরির প্রতি আক্রমণ করিবার আশায় সহিষ্ণুতা সহকারে নানা উপায় অনুসন্ধান করত স্বীয় শিবির উত্তোলন পূর্ব্বক অন্যত্র লইয়া যাইতে মানস করিলেন যেহেতু নিশ্চয় জানিতেন সহিষ্ণুতা গুণে পাম্পি তাঁহার তুল্য নহেন সুতরাং শীঘ্রই পরিশ্রান্ত হইবেন। ৭ তিনি তদর্থ আজ্ঞা প্রদান করিলে শিবির উত্তোলিত হইতে আরম্ভ হইল ইতিমধ্যে তাঁহার সমীপে সংবাদ আসিল যে পাম্পির সেনা স্বস্থান পরিত্যাগ পুরঃসর অধিক দূরে গমন করিয়াছে অতএব এক্ষণে তাহাদের সঙ্গে সংগ্রামে প্রবৃত্ত হইলে তাঁহার পক্ষে যৎসামান্য হানির সম্ভাবনা। ৮ সিজর এতদ্বার্ত্তা প্রাপ্ত হইয়া চলিষ্ণু সেনাগণকে পুনর্ব্বার অবস্থিতি করিতে আদেশ করিলেন এবং আনন্দে গদ্গদ হইয়া তাহাদের সমীপে কহিতে লাগিলেন এতাবৎ কাল যে সুখের সময়ের অপেক্ষা করা যাইতেছিল সংপ্রতি তাহা উপস্থিত হইয়াছে অতি শীঘ্র পূর্ণ কাম ও গৌরব ভূষিত হইতে পারিব। পরে ব্যূহ রচনা পূর্ব্বক যোদ্ধৃবর্গ সমভিব্যাহারে রণ ক্ষেত্রে গমন করিলেন।

৯ তাঁহার সেনা পাম্পির সৈন্যাপেক্ষা গণনায় অর্দ্ধেকেরও অধিক ছিল না, অর্থাৎ পাম্পির পদাতিক পঞ্চ চত্বারিংশৎ সহস্র এবং অশ্বারোহী সপ্ত সহস্র ছিল, কিন্তু সিজরের পদাতিক দ্বাবিংশতি সহস্র ও অশ্বারোহি এক সহস্র মাত্র। ১০ সিজর স্বীয় সৈন্যদলের এইরূপ স্বল্প সংখ্যা নিমিত্ত পূর্ব্বাবধি সাতিশয় শঙ্কিত ছিলেন, অতএব কিয়ৎকাল পূর্ব্বে নিজাধীনস্থ পদাতিক সেনাগণ মধ্যে বলবান্ ব্যক্তিদিগকে নির্ব্বাচন পুরঃসর অশ্বারোহি সেনার সহিত সমর করিতে শিক্ষা প্রদান করেন তাহাদিগের সাহায্যে তদীয় এক সহস্র অশ্বারোহি

সেনা [illegible] সপ্ত সহস্র অশ্বারোহির তুল্য হইয়াছিল এবং ইতি- [illegible] ক্ষুদ্র যুদ্ধে তাহারা শত্রুর উপরি জয় লাভ করিয়াছিল।

পাম্পি আত্ম পক্ষে জয় লাভের সম্পূর্ণ আশা করিতেন এবং [illegible] কহিতেন কাহারও শরীরে শস্ত্রাঘাত না করিয়াও সিজরের [illegible] সৈন্য দল নিরাকৃত করিতে পারিব। তিনি মনো মধ্যে স্থির করিলেন উভয় পক্ষের যোদ্ধাগণ [illegible] স্থাপিত হইলে আপনার অশ্বারোহি সেনা সিজর [illegible] দিগকে [illegible] চতুর্দিকে বেষ্টন করিব [illegible] মাত্রে আপনি স্বীয় [illegible] স্থলে যাত্রা করিলেন। ১২ অনন্তর উভয় পক্ষের যোদ্ধারা পরস্পর সম্মুখীন হইলে দুই পক্ষের দুই অধ্যক্ষ স্বং ব্যূহ মধ্যে গমন পূর্ব্বক নানা প্রকারে তাহাদের উৎসাহ বৃদ্ধি, সাহস প্রদান, ও ভয় ভঞ্জন করিতে আরম্ভ করিলেন। ১৩ পাম্পি বক্তৃতা করিয়া স্বদলস্থ যোদ্ধাদিগকে কহিতে লাগিলেন তোমরা এতাবৎ কাল আমার সমীপে যে গৌরবান্বিত ঘটনার প্রার্থনা করিতে অধুনা তাহা সম্মুখে উপস্থিত, এতাদৃশ সুবিধার সময় আর প্রাপ্ত হওয়া দুর্ঘট, তোমাদের সংখ্যা ও শৌর্য্য বীর্য্য যে রূপ দেখিতেছি বিপক্ষ পক্ষকে অনায়াসে নিরাকরণ পূর্ব্বক জয় পতাকা উড্ডীয়মানা করিতে সমর্থ হইবে সন্দেহ নাই ফলতঃ বৈরির সেনাগণ সকলেই বয়ো বাহুল্য বশতঃ দুর্ব্বল এবং পরাভবের আশঙ্কায় ভীত; তোমরা বলিষ্ঠ যোদ্ধা, তাহাদিগকে অবলীলাক্রমে পরাস্ত করিবে সংশয় কি? অপর তোমাদের অসাহসী হইবার কোন কারণ নাই, বিবেচনা করিয়া দেখ, আমাদিগের বলাধিক্য ব্যতীত জয় লাভের এই একটী কারণ আছে যে আমরা ন্যায্য বিষয়ের নিমিত্ত এই সমরে উপস্থিত হইয়াছি, তোমরা স্বাধীনতা ও স্বদেশ রক্ষা নিমিত্ত নিযুক্ত হইতেছ, অতএব দেশের ব্যবস্থা এবং দেশীয় অধ্যক্ষগণ হইতে তোমাদের আনুকূল্য হইয়াছে; ফলতঃ পৃথিবী শুদ্ধ সমস্ত লোক তোমাদের আচরণ দিদৃক্ষু হইয়া আগমন পূর্ব্বক সকলেই তোমাদের

জয় প্রার্থনা করিতেছে। তোমারা যে বিপক্ষের সহিত সংপ্রতি সমরে প্রবৃত্ত হইবে সে ব্যক্তি দস্যু, সে আপনি আপনার দেশের উপদ্রব-কারী, কেহই তাহার শ্রেয়ঃ আকাঙ্ক্ষা করে না. অপর সে আত্ম দোষ ও পরাভব স্মরণ করিয়া অপমানিত প্রায় হওত স্বয়ং ভগ্নোৎসাহ হই-তেছে অতএব তোমরা এই সময়ে যাহাতে দৌরাত্ম্যের প্রতীকার ও রোমীয় সর্ব্ব সাধারণ জনগণের মান স্থাপন দ্বারা তাহাদের পক্ষে যথার্থ বিচার হয় তাদৃশ উৎসাহে সম্পাদন কর। ১৪ পরন্তু সিজর ঐ রূপ ঔদ্ধত্য প্রকাশ না করিয়া স্বীয় সৈন্য ব্যূহ মধ্যে গমন পূর্ব্বক বিপদ্ সময়ে যাদৃশ গাম্ভীর্য্য অবলম্বনে প্রশংসা ভাজন হইতেন তাদৃক্ গভীর ভাবে উপদেশ প্রদান করিলেন। তিনি সেনাগণ সন্নিধানে ইহাই বিশেষ রূপে বর্ণনা করিয়া কহিলেন বারম্বার সন্ধির প্রার্থনা করিয়া নিরাশ হইয়াছি, সমরে প্রবৃত্ত হইয়া মানব শোণিতে রণ ভূমি আর্দ্রীভূত করিতে আমার কদাপি বাসনা ছিল না, অগত্যা আয়োধনের আয়োজন করিতে হইয়াছে, পরন্তু আমার দুঃখের বিষয় এই যে এই রণে যে পক্ষের জয় লাভ হউক উভয় দলেরই ভূরিং সাহসিক সেনার নিপাত সম্ভাবনা। ১৫ সিজরের সেনাগণ এতাবদুক্তিতে তাহার প্রতি আন্তরিক ভক্তিমান্ হইয়া স্বতঃ সাতি-শয় উৎসাহ অবলম্বন করিল এবং বিজয়ার্থ অধৈর্য্য হইয়া রণে প্রবৃত্ত হইবার আজ্ঞা প্রার্থনা করিল পরে তাঁহার আদেশে অবি-লম্বে যুদ্ধারম্ভ হইল। সিজরের যোদ্ধাগণ সমরারম্ভে বিনিস্ দেবীর নাম উচ্চারণ করিল এবং পাম্পির পক্ষীয় লোকেরা হর-কুলিসকে স্মরণ করিল। ১৬ সে যাহাহউক, উভয় পক্ষের যোদ্ধা দিগের মধ্যস্থলে যুদ্ধের নিমিত্ত অত্যল্প স্থান ছিল। পাম্পি বিপক্ষ পক্ষের যোদ্ধাদিগকে বিশৃঙ্খল করিবার মানসে স্বীয় সেনাগণকে আজ্ঞা করিলেন তোমরা স্বং স্থানে দণ্ডায়মান হইয়া অস্ত্র শস্ত্র প্রক্ষেপ কর। সিজরের সৈন্যগণ ক্রোধ ভরে ধাবমান হইয়া আসিতেছিল ইতিমধ্যে বৈরি দলের অনীকিনীদিগকে স্বং স্থলে

স্থির থাকিতে দেখিয়া আপনারাও যুক্তি পূর্ব্বক তৎক্ষণাৎ এক স্থানে দণ্ডায়মান হইল। ১৭ তাহাতে অদ্ভুত স্থৈর্য্য উপস্থিত হইল, দুই দলের লোকেরা ভয় এবং গাম্ভীর্য্য সহকারে দণ্ডায়মান হইয়া কিয়ৎ ক্ষণ পরস্পরের মুখ নিরীক্ষণ করিতে লাগিল। তদনন্তর সিজরের সেনাগণ ক্রোধ ভরে পুনর্ব্বার বৈরির প্রতি ধাবমান হইল এবং প্রথমতঃ বর্ষা নিঃক্ষেপ পুর্ব্বক পরে তরবারি প্রহার দ্বারা প্রতিপক্ষের সেনা নিকরের সর্ব্বাঙ্গ ক্ষত বিক্ষত করিতে প্রবৃত্ত হইল. পাম্পির যোদ্ধাগণও ঐ রূপ করিয়া অনেক ক্ষণ পর্য্যন্ত সহিষ্ণুতা প্রকাশ পুরঃসর বিপক্ষের শস্ত্র প্রহার সহ্য করিল। যদিও অশ্বারোহি যোদ্ধারা প্রথমতঃ অস্ত্র গ্রহণ পূর্ব্বক রণ করিতে অনুমতি পাইয়াছিল তথাপি শেষে ধনু ও ফিঙ্গা ধারী সেনাগণ তাহাদের সহিত মিলিত হইয়া বাণ বর্ষণ করত সিজরের যোদ্ধাদিগকে পশ্চাদ্গামী করিল। ১৮ পরে সিজর কোহার্ট নামক যে ছয় দল সৈন্যকে সহযোগি করণার্থ পৃথক্ রাখিয়াছিলেন তাহাদিগকে আজ্ঞা করিলেন তোমরা অগ্রসর হইয়া শত্রু সেনার মুখে বাণ বর্ষণ কর। ১৯ তাহাতে তাঁহার মনোভীষ্ট সিদ্ধ হইল, কেননা পাম্পির যে অশ্বারোহি সেনার ইতিপূর্ব্বে জয় লাভ সম্ভাবনা হইয়াছিল তাহারা পরাস্ত হইয়া গেল। ফলতঃ সিজরের ঐ সেনাগণ ভয়ানক রূপে শস্ত্র প্রহার করিয়াছিল, বিপক্ষদিগের মুখে অনবরত বাণ বর্ষণ করাতে তাহারা স্ব২ শরীর রক্ষণে চেষ্টা না করিয়া অনবরত কেবল মুখ বাঁচাইতে যত্ন করিয়াছিল।

২০ তৎপরেই পাম্পির দলস্থদের পলায়ন আরম্ভ হইল। অনেকে নিকটবর্ত্তি গিরি কন্দরে প্রস্থান পূর্ব্বক প্রচ্ছন্নবেশে আত্ম রক্ষা করিল; যে সকল ধানুষ্ক ও ফিঙ্গা নামক অস্ত্রধারী যোদ্ধা সাহসে নির্ভর করিয়া রণ করিতেছিল তাহারা সর্ব্বাঙ্গে ক্ষত বিক্ষত হইয়া সকলেই অচিরে সমর ভূমি মধ্যে শয়ান হইল। ২১ তদনন্তর সিজর জয় প্রবাহ বিস্তার নিমিত্ত সেই সকল কোহার্টকে পাম্পির যোদ্ধ-

বর্গের পার্শ্ববর্ত্তি স্থান আক্রমণ করিতে আজ্ঞা প্রদান করিলেন। তাহারা কিয়ৎকাল পর্য্যন্ত সাতিশয় সাহসিকতার সহিত এই আক্রমণ নিবারণ করিলে সিজর আপনার অনিযোজিত সেনার তৃতীয় শ্রেণীকে সম্মুখীন হইতে ইঙ্গিত করিলেন। ২২ অতএব পাম্পির পদাতিকচয় সম্মুখে নূতন সেনা এবং পশ্চাদ্ভাগে বিজয়ি কোহার্টদিগের দ্বারা আক্রান্ত হওয়াতে আত্ম রক্ষা করিতে অসমর্থ হইয়া ত্বরায় আপনাদের শিবিরের দিকে প্রস্থান করিল। অপর বিদেশীয় জনগণ এই ঘটনার উপক্রমে একেবারেই পলায়ন পরায়ণ হইল; কেবল দক্ষিণ ভাগের সৈন্য দল কিয়ৎ কাল যাবৎ স্ব স্থানে অবস্থিতি করিয়াছিল। ২৩ এক্ষণে সিজর আপনার জয় নিশ্চয় জানিয়া স্বাভাবিক দয়ার উদ্রেকে স্বীয় সেনাদিগকে উচ্চস্বরে কহিতে লাগিলেন তোমরা বিদেশীয় পলায়ন পরায়ণ বৈরিগণের পশ্চাৎ২ ধাবমান হও কিন্তু রোমীয়দিগকে তাড়না করিও না। ইহাতে তাহারা অস্ত্র শস্ত্র পরিত্যাগ করাতে সকলে যথাভীষ্ট দিকে বিনা বাধায় গমন করিল কেবল বিদেশীয় সহকারি সেনাদিগের মধ্যে অনেক ব্যক্তি সমরশায়ী ও অনেকে ছিন্ন ভিন্ন হইয়া পলায়ন পরায়ণ হইল। ২৪ প্রাতঃকালাবধি দিবা দ্বিতীয় প্রহর পর্য্যন্ত যুদ্ধ হওয়াতে প্রচণ্ড দিনকরের কিরণে সকলে সাতিশয় শ্রান্ত হইয়াছিল তথাপি জয়িসেনাগণ বিরত না হইয়া আপনারদের সেনানীর দৃষ্টান্তানুবর্ত্তী হওত সমরোৎসাহ প্রকাশ করিয়াছিল এবং সিজরও মনে করিয়াছিলেন যাবৎ শত্রুর শিবির অধিকৃত না হইবে তাবৎ জয় সম্পূর্ণ হইবেক না; সুতরাং স্বয়ং সেনাদিগের সহিত পদব্রজে গমন করত তাহাদিগকে তৎকর্ম্মে তৎপর করেন। ২৫ পাম্পির শিবির রক্ষক কোহার্ট দলস্থেরা বিশেষতঃ থ্রেসিয়ন্ এবং অন্যান্য অসভ্য জাতীয় ভৃতিং সেনারা সাতিশয় সাহস পূর্ব্বক প্রতিযোগিতা করিল বটে কিন্তু সিজরের জয়ি সৈন্যের প্রভাব কোন মতেই খর্ব্ব হইল না, অতএব পাম্পির পক্ষীয়েরা পরিশেষে শিবির পরিত্যাগ করত পর্ব্বতে পলায়ন করিল।

প্রশ্ন।

১ সিজর কি পাম্পির ন্যায় রণ করিতে ইচ্ছুক ছিলেন না?

২ যুদ্ধের ভাবনায় নিটকবর্ত্তি লোকদের মনে কি রূপ ভাবের উদয় হইল?

৩ দুই পক্ষের কিং সুযোগ ছিল?

৪ তাঁহাদের পরস্পর বিশেষ প্রত্যাশার বিষয় কি ছিল?

৫ প্রথমে কোন্ পক্ষীয়েরা সম্মুখে উপস্থিত হয়?

৬ এ বিষয়ে সিজর কি ব্যবহার করেন?

৭ পরে কি হইল?

৮ পাম্পি শিবির ত্যাগ করিয়াছেন শুনিয়া সিজর কি করিলেন?

৯ উভয় পক্ষের সৈন্য সংখ্যা কি সমান ছিল?

১০ সিজর স্বীয় সৈন্যের ন্যূনতার প্রতীকারার্থ কি উপায় করিলেন?

১১ পাম্পি কি প্রকার আশা ও গর্ব্ব করিয়াছিলেন?

১২ সেনাপতি দ্বয় কি প্রকার ব্যবহার করিতে লাগিলেন?

১৩ পাম্পি আপন সেনাদের প্রতি বক্তৃতা করিয়া কি কহিয়াছিলেন?

১৪ সিজর আপনার সেনাদিগকে কি পরামর্শ দিলেন?

১৫ তাঁহার বক্তৃতায় কি ফল দর্শিল এবং যুদ্ধে প্রবৃত্ত হইবার নিমিত্ত উভয় পক্ষে কিং সঙ্কেত বাক্য ব্যবহার করিয়াছিল?

১৬ কি রূপে আক্রমণারম্ভ হইল?

১৭ পরে রণ কি রূপে দারুণ হইয়া উঠিল?

১৮ সিজর পরাভব নিবারণ নিমিত্ত কি উপায় করেন?

১৯ সে উপায় সফল হইয়াছিল কি না?

২০ অবশেষে কি ঘটিল?

২১ পাম্পির সৈন্য পরাভূত হইলে তাহাদের নিগ্রহ করিতে সিজর স্বীয় সেনাদিগকে কি আজ্ঞা করিলেন?

২২ তাহার পর কি হইল?

২৩ জয়ের পর সিজর কি ব্যবহার করেন?

২৪ শ্রান্তি জন্যও কি সিজরের সেনাদের উগ্রতা নিবৃত্তি হয় নাই?

২৫ পাম্পির সেনারা শিবির রক্ষার্থ যত্ন করিয়াছিল কি না?

---

২০ অধ্যায় ৫ খণ্ড।

১ সিজর স্বদেশীয় ভূরি২ লোকের শব রণ ক্ষেত্রে এবং শিবিরের নানা স্থানে বিস্তীর্ণ দেখিয়া বিষণ্ণ বদনে এক ব্যক্তিকে কহিলেন আপন দোষে এই সকল লোকের বিনাশ হইয়াছে ইহাতে আমার কোন অপরাধ নাই। ২ পাম্পির শিবিরে মিথ্যা গর্ব্ব ও উন্মত্ততার অনেক চিহ্ন প্রকাশমান হইতেছিল। শিবিরের চতুর্দ্দিক্ নানা প্রকার সুগন্ধ বৃক্ষ দ্বারা শোভিত, পর্য্যঙ্ক সকল রক্ত বর্ণে রঞ্জিত, এবং চতুষ্পার্শ্বস্থ মেজ সকল বিবিধ পাত্রে পূর্ণ ছিল; এই সকল সুখ ভোগের চিহ্ন দ্বারা যুদ্ধের উদ্যোগ বোধ না হইয়া বরং ভোজের অথবা জয়োল্লাসের আয়োজন পরিজ্ঞান হইয়াছিল। ৩ ফলতঃ তাদৃশ ঐশ্বর্য্য সম্পন্ন শিবির দর্শনে সিজরের সৈন্য কি! সকলেরই লোভ জন্মিতে পারিত, কিন্তু সিজর শত্রুদের পশ্চাদ্গমন ব্যতিরিক্ত কোন দ্রব্যের অন্বেষণ করিতে সেনাগণকে অনুমতি প্রদান করেন নাই। ৪ অনিত্রের অসংখ্য সেনা নিকটস্থ পর্ব্বতে পলায়ন করিয়াছিল, সিজর সেই পলায়িত বৈরিদিগকে অধীন করিতে স্বীয় সৈন্য সমভিব্যাহারে তাহাদের পশ্চাৎ গমন পূর্ব্বক প্রথমতঃ পর্ব্বতের তলে শ্রেণী বদ্ধ হইয়া বেষ্টন করিলেন কিন্তু সে স্থানে জল-কষ্ট হওয়াতে শীঘ্র তাহা পরিত্যাগ পূর্ব্বক লারিসা নগরের প্রতি যাত্রা করিতে হইল। ৫ ইহাতে এক অপ্রশস্ত পথ দিয়া আপন সৈন্য লইয়া গিয়া শত্রু সেনাদের গতিরোধ করিলেন। সে যাহাহউক, শেষে ঐ হতভাগ্য বিদ্রোহী ব্যক্তিরা অন্য এক গিরি গহ্বরে গিয়া

আশ্রয় লইল, তাহার তলে এক ক্ষুদ্র নদী থাকাতে তাহাদের জল কষ্ট দূরীভূত হইল। ৬ যদিও সিজরের সেনারা প্রাতঃকালাবধি সন্ধ্যা পর্য্যন্ত নিরন্তর পরিশ্রম করিয়া অবসন্ন হইয়াছিল, তথাপি শত্রুরা ঐ নদীর জলে সাহায্য পাইতে না পারে এমত পন্থা করিতে পুনর্ব্বার উদ্যোগী হইল। এইরূপে পলায়িত লোকেরা আশ্রয় বা আহারের তাবৎ আশায় বঞ্চিত হইয়া অধীনত্ব স্বীকার পূর্ব্বক জয়ির নিকট দূত প্রেরণ করিল [illegible] বিষয়ে কথোপকথন সময়ে বিক্রান্ত লোকদের মধ্যে যে এক [illegible] সম্ভ্রান্ত ছিল তাহারা রাত্রিযোগে পলায়ন করিল অবশিষ্ট সকলে পর দিন প্রভাতে অস্ত্র শস্ত্র সহিত আপনারদিগকে জয়ির হস্তে সমর্পণ করিল। সিজর তাহাদিগকে কোমল বচনে অভ্যর্থনা করিলেন এবং স্বীয় সেনাগণকে কহিতে লাগিলেন তোমরা এই শরণাগত ব্যক্তিদের উপর কোন প্রকার উপদ্রব করিও না, ইহাদের দ্রব্য সামগ্রী বলে লইও না। ৭ তিনি এইরূপে সম্পূর্ণ জয় প্রাপ্ত হইয়াছিলেন, এতাদৃশ জয় পূর্ব্বে কখন আর কাহারও হয় নাই। ফলতঃ যুদ্ধ সমাপ্তির পর যে দয়া প্রকাশ করিয়াছিলেন তাহাতে বোধ হয় তিনিই তাদৃশ জয়ের উপযুক্ত পাত্র। ঐ রণে তাঁহার কেবল দুই শত লোক সমর শায়ী হয়, কিন্তু পাম্পির পক্ষ দশ সহস্র সেনা হত ও চব্বিশ সহস্র বন্দীকৃত হইয়াছিল, ইহাদের অনেকে পরে সিজরের সৈন্য মধ্যে মিলিত হয়। ৮ যে সকল সেনেট ও নাইট সিজরের হস্তে পতিত হইয়াছিলেন তিনি অনুগ্রহ পূর্ব্বক তাঁহাদিগকে যেখানে ইচ্ছা যাইতে অনুমতি দিলেন। কোন২ ব্যক্তি তাঁহার ভয়ে আপনাদিগকে কোন পক্ষীয় বলিয়া পরিচয় দেয় নাই অতএব তাহারা পাম্পিকে যেং পত্র লিখিয়াছিল সিজর সে সকল পত্র পাঠ না করিয়া দগ্ধ করিলেন, পূর্ব্বে পাম্পিও একবার ঐ রূপ করিয়াছিলেন। ৯ সিজর এই-রূপে সেনাপতির ও রাজনীতিজ্ঞের ন্যায় সমুদয় কার্য্য নির্ব্বাহ করিয়া আপন সমভিব্যাহারে যে সকল সেনা শত্রুদের [illegible]

করিয়াছিল তাহাদিগকে বিশ্রাম প্রদান নিমিত্ত পূর্ব্ব রাত্রিতে যেহ সেনা শিবিরে বাস করিয়াছিল তাহাদিগকে বাহিরে আনাইয়া সেই দিবসেই লারিসা নগরে প্রস্থান করিলেন।

১০ পাম্পি পূর্ব্বে সেনাপতিত্বের অহঙ্কার ও মহা সাহস প্রকাশ করিয়াছিলেন এইক্ষণে আপন ভরসা স্থল কতিপয় অশ্বারূঢ় সৈন্যের পরাভব দেখিয়া একেবারে হত জ্ঞান হইলেন। ১১ অতএব আপনার পলায়িত সেনাদিগকে পুনর্ব্বার সংগ্রহ পূর্ব্বক বিপদের প্রতীকার চেষ্টা অথবা নূতন সৈন্য দ্বারা জয়ির আগমন নিবারণে যত্ন না করিয়া প্রথম ব্যাঘাতেই অবাক হইয়া রহিলেন এবং শিবিরে পুনর্গমন পূর্ব্বক এই ঘটনার কর্ত্তার ন্যায় কার্য্য না করিয়া যাহা হয় হউক এইরূপ স্থির করিয়া ক্ষণেক কাল জড়বৎ নিশ্চিন্ত থাকিলেন শেষে শিবির আক্রান্ত হইয়াছে শুনিয়া চৈতন্য হইলে সবিস্ময়ে কহিলেন কি, শত্রুরা আমাদের পরিখা পর্য্যন্ত আগমন করিয়াছে। ১২ পরে যুদ্ধ সজ্জা পরিত্যাগ পূর্ব্বক সমুচিত বেশ পরিধান করত অশ্বারোহণে লারিসায় পলায়ন করিলেন। অনন্তর শত্রুরা পশ্চাদ্গমন করে নাই দেখিয়া তথা হইতে অশ্বের মৃদু গতি করণ পুরঃসর এই দুরবস্থা জন্য মহা যন্ত্রণা ও উদ্বেগে মগ্ন হইয়া ধীরে২ টেম্পি * নামক পর্ব্বত স্থলীতে গিয়া উত্তীর্ণ হইলেন। তথায় পিনিয়স † নদীর পার্শ্বে গমন করত এক ধীবরের কুটীরে আশ্রয় লইয়া রাত্রি যাপন করিলেন। প্রভাতে এক

* গ্রীক দেশের থেসেলি প্রদেশে এক পর্ব্বত স্থলী আছে, তাহার নাম টেম্পি, এই স্থানকে প্রাচীন কবিরা অতি মনোরম বলিয়া বর্ণনা করিয়াছেন।

† পিনিয়স্ নদী থেসেলি প্রদেশে আছে, ইহা পিন্ডস পর্ব্বত হইতে নির্গত হইয়া ওসা ও আলম্পস্ পর্ব্বতের মধ্যবর্ত্তি স্থান সকলে ব্যাপ্ত হওত শেষে টেম্পি নাম ধারণ পূর্ব্বক থর্মিয়ন্ নামক সমুদ্র মোহনায় মিশ্রিত হইয়াছে।

খান ক্ষুদ্র তরি যোগে অর্ণবের ধারে২ যাইতে২ এক খান বোঝাই নৌকায় পাইল তুলিবার উদ্যোগ হইতেছে দেখিয়া তাহাতে গমন করিলেন. ঐ তরণীর নাবিক তাঁহাকে চিনিতে পারিয়া তাঁহার পূর্ব্ব পদোপযুক্ত সম্মান করিল।

১৩ অনন্তর তিনি পিনিয়স্ নদীর মুখ হইতে আম্ফিপোলিস্* নগরে গমন করিলেন কিন্তু সে স্থলেও মঙ্গলের আশা না দেখিয়া আপন স্ত্রী কর্নিলিয়াকে আনয়ন নিমিত্ত লেস্‌বস্ † উপদ্বীপের দিকে যাত্রা করিলেন। তিনি স্বীয় পত্নীকে যে ঐ স্থানে রাখিয়া আই-লেন তাহার কারণ এই, ঐ স্থান সমর ক্ষেত্র হইতে অন্তর এপ্রযুক্ত যুদ্ধ জন্য আপদ ও কষ্ট হইবার সম্ভাবনা ছিল না। ১৪-১৫ পাম্পির জয় হইবে এই আশায় তাঁহার স্ত্রী এ পর্য্যন্ত তথায় ছিলেন কিন্তু এই-ক্ষণে স্বামির দূতের বাক্য অপেক্ষা তাহার অশ্রুপাতে আপনাদের অসৌভাগ্য বুঝিতে পারিয়া যৎপরোনাস্তি দুঃখিতা হইলেন। দূত তাঁহাকে কহিল এক্ষণে পাম্পির এক খান মাত্র তরি আছে তাহাও তাঁহার আপনার নহে অতএব যদ্যপি তাঁহাকে দেখিবার বাঞ্ছা থাকে ত্বরায় আইস। এ কথা শুনিবা মাত্র কর্নিলিয়া শোকে মূর্চ্ছা-গতা হইয়া ধরাবলুণ্ঠিতা হইলেন. কিয়ৎ ক্ষণ তাঁহার শরীরে জীব-নের কোন চিহ্ন রহিল না, পরে চৈতন্য প্রাপ্ত হইলে আপনি কহিলেন এখন খেদ করিবার সময় নয় এই বলিয়া নগর মধ্য দিয়া সাগর তীরে ত্বরায় গমন করিলেন।

১৬ পাম্পি আশা ভঙ্গ জন্য ক্ষণ কাল নিস্তব্ধ থাকিয়া পরে প্রেয়সীকে

* মাসিডোনিয়া দেশে আম্ফিপোলিস্ নামক এক প্রাচীন নগর ছিল এক্ষণে তাহার নাম চিসিপোলি হইয়াছে।

† ভূমধ্যস্থ সমুদ্রে লেস্‌বস্ নামক অতি ফলবান্ রূপে বিখ্যাত এক উপদ্বীপ আছে, সে উপদ্বীপে অনেকানেক কবি ও পণ্ডিত লোক উৎপন্ন হইয়াছিলেন।

বাহু দ্বারা আলিঙ্গন করিলেন তাহাতে কার্নিলিয়া খেদ প্রকাশ পূর্ব্বক কহিলেন হায়, মহাশয় আমারদের বিবাহের পূর্ব্বে আপনি এই অর্ণবে ভূরি২ রণতরির অধ্যক্ষ ছিলেন কিন্তু এইক্ষণে আপনাকে স্বীয় প্রাণ লইয়া অন্যের নৌকা যোগে পলায়ন করিতে হইল, আহা! আপনি এ অভাগিনীর অন্বেষণে কেন আগমন করিয়াছেন আমার দুর্ভাগ্যের ফল আমি একাকিনী ভোগ করিতাম। আহা! আমি পূর্ব্বে প্রাণ ত্যাগ করিবার মনস্থ করিয়াছিলাম কেন করিলাম না, তাহা হইলে এ দুঃখ দর্শন করিতে হইত না, এক্ষণে আপনার ক্লেশ বর্দ্ধিনী হইয়া রহিলাম।

১৭ মনুষ্য বর্গের সংসারব্যাপার সকলই অনিশ্চিত, পাম্পি তাহার দৃষ্টান্ত আপনাতে পাইয়া খেদ পরিহার পূর্ব্বক অনেক প্রকার শান্ত্বনা বাক্য দ্বারা প্রেয়সীকে প্রবোধ দিতে লাগিলেন তৎপরে তাঁহাকে সমভিব্যাহারে লইয়া তরণী খুলিয়া গমন করিলেন কুত্রাপি বিলম্ব করেন নাই কেবল আহারীয় দ্রব্য সংগ্রহ করণার্থ পথিমধ্যে দুই২ একং বার নৌকা লাগান করিয়াছিলেন। ১৮ ইজিপ্ট দেশের রাজা যে টালমি, পাম্পি তাঁহার পিতার মহা উপকারী ছিলেন অতএব তাঁহার শরণ লইতে মানস করিলেন। কিন্তু টালমি তৎকালে বয়ঃ প্রাপ্ত হয়েন নাই এ কারণ রাজকর্ম্মের ভার মন্ত্রিদের প্রতি ছিল। ১৯ মন্ত্রিরা এই কুমন্ত্রণা করিল যে পাম্পি রাজার সম্মুখে উপস্থিত হইতে না হইতে তাঁহাকে তীরে আহ্বান করিয়া হত্যা করা যাউক। আকিলিস্ নামক মিসর সেনার অধ্যক্ষ এবং সেপ্টিমিয়স নামক যে ব্যক্তি পূর্ব্বে পাম্পির অধীনে শত সৈন্যাধ্যক্ষ রূপে নিযুক্ত ছিল এই দুই জনে এ কুমন্ত্রণার কার্য্য সম্পন্ন করিতে ভার গ্রহণ পূর্ব্বক অন্য তিন চারি জন লোক সমভিব্যাহারে লইয়া একখান ক্ষুদ্র নৌকা বাহিয়া পাম্পির তরির নিকট গিয়া উপস্থিত হইল, ঐ তরণী তীর হইতে অনেক অন্তরে ছিল।

২০ ইহারদের আগমনে পাম্পি কর্ণিলিয়ার নিকট সাফক্লিস্ নামক কবির এক শ্লোক পাঠ করিয়া বিদায় হইলেন, সে শ্লোকের

অর্থ এই "যে ব্যক্তি আপন স্বাধীনতা দস্যুকে দিয়া প্রত্যয় করে সে সেই ক্ষণ হইতেই দাসত্ব প্রাপ্ত হয়।" পরে তিনি দুই জন সঙ্গির সমভিব্যাহারে আকিলিসের কর ধারণ পূর্ব্বক হন্তাদের নৌকায় গিয়া প্রবেশ করিলেন। ২১ এই সময়ে কর্ণিলিয়া বিষণ্ণ বদনে তরণীর পার্শ্বের ধারে অধঃশিরা হইয়া এই বিচ্ছেদের কারণ উচ্চৈঃস্বরে ক্রন্দন করত কহিতে লাগিলেন হায়! তুমি কোথায় চলিলা? পাম্পির গমন কালীন ঐ স্ত্রী এবম্প্রকার খেদোক্তি করত তাঁহার প্রতি এক দৃষ্টে চাহিয়া রহিলেন।

২২ নাবিকেরা ঐ অবলার কাতরোক্তি ও হাহাকার শব্দে কর্ণপাত না করিয়া তরণী বাহিয়া তীরের দিকে চলিল। সে সময় সকলেই নিস্তব্ধ থাকাতে পাম্পি সেপ্টিমিয়সের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক তাহাকে চিনিয়া কহিলেন বন্ধো আমার অনুমান হয় তুমি একবার আমার অধীনে কার্য্য করিয়াছিলে। সেপ্টিমিয়স্ এই কথায় উত্তর প্রদানার্থ তাচ্ছীল্য রূপে কেবল মস্তক নত করাতে পাম্পি রাজ সম্বোধনে যে প্রার্থনা পত্র লিখিয়া আনিয়াছিলেন তাহা পাঠ করিতে লাগিলেন। অনন্তর তরী তীরের নিকটবর্ত্তী হইল, কর্ণিলিয়া অসহ্য উদ্বেগের সহিত স্বামির প্রতি নির্ণিমেষ এক দৃষ্টে চাহিয়াছিলেন, এক্ষণে তটোপরি ভূরি২ ব্যক্তিকে পাম্পির আহ্বানার্থ একত্র দণ্ডায়মান অবলোকন করিয়া মনে২ নানা আশা করিতে লাগিলেন। ২৩ কিন্তু দুঃখের বিষয় এই যে তাঁহার সে সকল আশা অন্তে বিফল হইল। পাম্পি স্বীয় ভৃত্যের হস্তাবলম্বন পূর্ব্বক উঠিবা মাত্র সেপ্টিমিয়স্ তাঁহার পৃষ্ঠদেশে অস্ত্রাঘাত করিল, তাহার উপর আকিলসও আর একটা শস্ত্র প্রহার করিল। ২৪ অতএব পাম্পি স্বীয় নিধন নিকটবর্ত্তী বুঝিয়া আপন গাত্র ও মুখ বস্ত্র দ্বারা আবরণ পুরঃসর বিনা বাক্যব্যয়ে মৃত্যু স্বীকারে মনঃ স্থির করিলেন। ২৫ এই ভয়ঙ্কর ব্যাপার দর্শনে কর্ণিলিয়া ও তাঁহার সমভিব্যাহারি লোকেরা এমত উচ্চস্বরে চীৎকার করিয়া উঠিল যে তাহাদের ধ্বনি তীর

পর্য্যন্ত গিয়াছিল। পরন্তু তাহাদের নাবিকদেরও বিপদাশঙ্কা হইয়াছিল অতএব কাল বিলম্ব করা অনুচিত বোধ করিয়া তাহারা তখনই পাইল তুলিয়া তরি খুলিয়া দিল এবং সেই সময়ে সুবাতাস হওয়াতে ভাগ্যে মিসরীয়দেরা হস্ত হইতে পরিত্রাণ পাইল। ২৬ এ দিকে পাম্পির হন্তারা তাঁহার মস্তক ছেদন পূর্ব্বক তাহাতে সুগন্ধি মসলা বিলেপন করিয়া সিজরকে উপঢৌকন প্রদানার্থ লইয়া চলিল, এবং তাঁহার শরীরকে সকলের দৃষ্টি গোচর করাইবার কারণ সাগর তীরে বিবস্ত্র ফেলিয়া ফিলিপ নামে পাম্পির এক জন দাসকে তাহার প্রহরিতায় নিযুক্ত করিয়া গেল। ২৭ কিন্তু ফিলিপ সকল লোক অন্তর হইলে সমুদ্রের সলিলে সেই শবের স্নান করাইয়া তত্রস্থ এক খান জালজীবির ভগ্ন নৌকা হইতে কতকগুলা কাষ্ঠ সংগ্রহ পূর্ব্বক চিতা নির্ম্মাণ করিলেন। ২৮ এক জন প্রাচীন রোমীয় সেনা যৌবন কালে পাম্পির অধীনে কার্য্য করিয়াছিলেন তিনি ফিলিপকে এই সৎকর্ম্মে প্রবৃত্ত দেখিয়া সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন, অহে, তুমি যে পাম্পির অন্ত্যেষ্টি ক্রিয়ার এই সামান্য উদ্যোগ পাইতেছ তোমার পরিচয় কি? ফিলিপ উত্তর করিলেন আমি তাঁহার এক জন দাস। তাহাতে ঐ সেনা উত্তর করিলেন তুমি যদি অনুমতি কর তবে আমি এই পুণ্যাবহ ক্রিয়ায় সাহায্য করি, তাহাতে দেশান্তরে থাকিয়া যদিও অনেক দুঃখ ভোগ করিতেছি তথাপি আমার এই পরম সন্তোষ জন্মিবে যে আমি আপন প্রাচীন সেনাপতির ঔর্দ্ধদেহিক ক্রিয়ায় আনুকূল্য করিতে পারিলাম এবং রোমের মধ্যে যাঁহার অপেক্ষা বীর আর কেহ জন্মে নাই তাঁহার শরীর স্পর্শ করিতে পারিলাম।

২৯ যাহাহউক এইরূপে পাম্পির অন্ত্যেষ্টি ক্রিয়া সুসম্পন্ন হইয়াছিল। প্লুটার্ক নামা ইতিহাস বেত্তা কহেন কর্ণিলিয়া তাঁহার চিতা ভস্ম আনয়ন করিয়া ইটালি দেশে আলবা* নগরের নিকটে

* ঐ নগর আলবা পাম্পিয়া নামে প্রসিদ্ধ। রোমান অধিকা-

তাঁহার যে উদ্যান বাটী ছিল তাহাতে রাখিয়াছিলেন। ৩০ এরূপও শ্রুত আছে যে যে স্থানে পাম্পির শব দাহ হয় সেই স্থানে কিয়ৎ কাল পরে মিসর দেশ বাসিরা এক সমাধি নির্ম্মাণ করিয়া তাহার উপর এই লিখিয়া দেয় যে পূর্ব্বে যে ব্যক্তির উদ্দেশে স্থানে২ মন্দির নির্ম্মাণ হইত এইক্ষণে সেই মহাত্মার শব এই ক্ষুদ্র সমাধির মধ্যে স্থাপিত হইল।

৩১ পাম্পির লোকান্তর প্রাপ্তি অবধি রোমের সাধারণাধিকার বিভক্ত হইয়া গেল এবং তদবধি সেনেট সভ্যেরা শক্তি হীন হইলেন ও রোম দেশ নিয়ত এক২ জন কর্ত্তার অধীনে থাকিতে আরম্ভ হইল।

প্রশ্ন।

১ যুদ্ধ স্থলে রাশীকৃত শব দর্শনে সিজরের মনে কি রূপ ভাবের উদয় হইয়াছিল?

২ পাম্পির শিবিরে কি প্রকার সজ্জা প্রকাশমান ছিল?

৩ সিজরের সেনারা কি পাম্পির শিবিরে মূল্যবৎ দ্রব্য সকল দেখিয়া তাহা লুঠ করিতে আরম্ভ করিয়াছিল?

৪ পলায়িত সেনাদের কি দশা হইয়াছিল?

৫ ইহাতেই কি সিজরের সেনাদের পরিশ্রম সমাপ্ত হয়?

৬ সিজরের সেনারা যে২ উদ্যোগ করিয়াছিল তাহাতে পলায়িত সেনাদের কি ফল দর্শে?

৭ এই জয়ই প্রধান কি না? আর ইহাতে দুই পক্ষের কত২ লোক নিধন প্রাপ্ত হয়?

৮ পরাভূত লোকদের প্রতি সিজর কি প্রকার ব্যবহার করিয়াছিলেন?

---

রের সময় তাহা লিগুরিয়ার রাজধানী নগর ছিল। অদ্যাবধি ঐ নগরকে আলবা কহে কিন্তু যে প্রদেশে ঐ নগর আছে তাহার নাম মাণ্টসিরাট হইয়াছে।

৯ তাহার পর আর কি করেন ?

১০ এই পরাভবে পাম্পির মন কি প্রকার হইয়াছিল ?

১১ পাম্পি যে ঐ বিষয়ে হত জ্ঞান হইয়াছিলেন তাহার প্রমাণ কি ?

১২ এ বিষয়ে পাম্পির আর কি বৃত্তান্ত আছে ?

১৩ পিনিয়স্ নদীর মুখ হইতে তিনি কোন্ স্থানে গমন করেন ?

১৪-১৫ পাম্পির দুর্দ্দশা বার্ত্তা শুনিয়া কর্নিলিয়ার মন কি প্রকার হইয়াছিল ?

১৬ পাম্পির সহিত কর্নিলিয়ার সাক্ষাৎ হইলে তাঁহাদের পরস্পর কি প্রকার ব্যবহার ও কথোপকথন হইয়াছিল ?

১৭ পাম্পি কর্নিলিয়াকে শান্ত্বনা করণার্থ কি প্রকার চেষ্টা করিয়াছিলেন ?

১৮ পাম্পি বিপদ হইতে মুক্ত হইবার নিমিত্ত কি প্রতিজ্ঞা করিলেন ?

১৯ টাঙ্গমির মন্ত্রিরা পাম্পির বিষয়ে কি মত স্থির করিয়াছিল ?

২০ পাম্পি তাহাদের মন্ত্রণা জালে পতিত হইয়াছিলেন কি না ?

২১ পাম্পির স্ত্রীর পতিবিচ্ছেদ অত্যন্ত পীড়াদায়ক হইয়াছিল কি না ?

২২ তাহার নৌকায় গমন কালীন কি ব্যাপার ঘটিয়াছিল ?

২৩ কর্নিলিয়া যে আশা করিয়াছিলেন তাহা সফল হইল কি না ?

২৪ পাম্পি আপন ধূর্ত্ত হন্তাদের উদ্দেশে কোন প্রতিবন্ধকতা করিয়াছিলেন কি না ?

২৫ পাম্পির মৃত্যু কর্নিলিয়ার সমক্ষে হইয়াছিল কি না ?

২৬ ঐ হন্তারা তাঁহার শবের কি দুর্দ্দশা করিল ?

২৭ তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়া করণার্থ কি কোন বন্ধু উপস্থিত ছিল ?

২৮ ঐ কর্ম্ম সম্পন্ন করণে কোন্ লোক সাহায্য করিল ?

২৯ পাম্পির চিতা কোথায় [illegible] হইয়াছিল ?

সেন্ প্রাণ রক্ষা হেতু আপন রাজধানীর দিকে পলায়ন করিয়াছি-লেন কিন্তু আপনার এক জন সেনাপতি কর্ত্তৃক হত হইলেন। এই [illegible] বিষয়ে অবশ্যই বোধ হইতে পারে যে তাঁহার পিতৃ হত্যার সমু-চিত দণ্ড বিধান নিমিত্ত জগদীশ্বর ঐ নির্ব্বন্ধ করিয়াছিলেন। সে [illegible]ন্টিক সিজর ফার্নেসেস্‌কে অতি সহজে পরাভব করিয়াছিলেন [illegible] তিনি তৎক্ষণাৎ রোম নগরস্থ আপনার এক জন বন্ধুকে কেবল এই তিন শব্দ লিখিয়া পাঠাইলেন, যথা, "আসিলাম, দেখিলাম, জয় করি-লাম" অর্থাৎ আসিয়া শত্রুদের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিবা মাত্রেই [illegible] পরাজয় করিলাম। যদিও ইহা কেবল অহঙ্কারের কথা [illegible] শত্রু সহজ ছিল সুতরাং এ রূপ ক্ষুদ্র [illegible] বিষয়ে অধিক কথায় বর্ণন করা অনুপযুক্ত জ্ঞান করিয়াছি-লেন।

প্রশ্ন।

১ সিজরের কি রূপ পরাক্রম ও আচরণ ছিল?

২ এই সকল জয়ে তিনি কি সন্তুষ্ট ছিলেন?

৩ পরে তিনি কোথায় গমন করিলেন?

৪ তিনি মিসর দেশে উপস্থিত হইলে কি ঘটিল?

৫ তাহাতে তিনি কি সুখী হইলেন?

৬ মিসর বাসিরা তাঁহার প্রতি কি রূপ ব্যবহার করিল?

৭ সিজর তাহাতে কি ক্রোধ প্রকাশ করিলেন?

৮ তিনি ঐ রূপ ব্যবহার কি বহু কাল করিলেন?

৯ ঐ সময়ে কোন্ ব্যক্তি মিসর দেশের রাজা ছিলেন?

১০ ক্লিওপেট্রা কি নিমিত্ত সিরিয়া হইতে দূরীভূতা হইয়া-ছিলেন?

১১ কোন্ ব্যক্তি সিংহাসনাধিকারী হইবে এ বিষয়ে সিজর হস্তা-র্পণ করাতে মিসরবাসিরা কি সন্তুষ্ট ছিল?

১২ পরে সিজর কি করিলেন?

১৩ একিলাস্ তাঁহাকে আক্রমণ করাতে তিনি কি করিলেন?

১৪ সিজর কি রূপে শত্রুদের মানস ভঙ্গ করিলেন?

১৫ ক্লিওপেট্রার আচরণ কি রূপ ছিল?

১৬ ক্লিওপেট্রার মনোহারি কিং গুণ ছিল?

১৭ তাঁহার অভিলাষিত সিদ্ধি বিষয়ে কিং ব্যাঘাত উপস্থিত হইল এবং তাহা কি প্রকারে দূরীভূত হইল?

১৮ ক্লিওপেট্রার রূপে সিজর কি মোহিত হইলেন?

১৯ আর্সিনো কি করিলেন?

২০ সিজরকে বিরক্ত করিবার নিমিত্ত শত্রুরা কি করিয়াছিল এবং তাহাদের সে চেষ্টা কি রূপে বিফল হইল?

২১ কি ঘটনাতে সিজরের অভিপ্রায় সিদ্ধ হইল না?

২২ সিজর কি মতে পলায়ন করিলেন?

২৩ পরে মিসর বাসিরা কি করিল?

২৪ সিজর কি তাহাদের কথাতে সম্মত হইলেন?

২৫ সিজর কি প্রকারে সেই বিপদ হইতে মুক্ত হইলেন?

২৬ ঐ জয়ে কি ফল হইল?

২৭ পরে সিজর কি করিতে লাগিলেন?

২৮ সিজরের সৈন্যদের ঐ নির্ভয় বাক্যে কি ফল হইল?

২৯ ফার্নেসেস্ আর কি অপরাধ করিয়াছিলেন?

৩০ ফার্নেসেস কি সিজরকে সাহস পূর্ব্বক বাধা দিলেন?

৩১ পরে কি হইল?

---

## ২১ অধ্যায় ২ খণ্ড।

১ সিজর এইপ্রকারে রাজকীয় ব্যাপার সকল নিষ্পাদন পূর্ব্বক ইটালি দেশে পুনর্গমন নিমিত্ত জাহাজারোহণ করিয়া ত্বরায় তথায় গিয়া উপস্থিত হইলেন। বিপক্ষগণ তাঁহার তাদৃশ ত্বরায় আগমন মনো মধ্যেও চিন্তা করে নাই। কিন্তু তাঁহার বোধে ইটা-

লিতে অগ্রে উপস্থিত হওয়া নিতান্ত আবশ্যক ছিল কেননা মনে করিয়াছিলেন আর কিঞ্চিৎ কাল বিলম্ব করিলে বিশেষ মন্দ হইবার সম্ভাবনা। ২ প্রবাস সময়ে তিনি পাঁচ বৎসরের নিমিত্ত কন্সল, এক বর্ষের কারণ ডিক্টেটর, ও যাবজ্জীবন জন সমূহের ট্রিবিউন, এই তিন পদে মনোনীত হইয়াছিলেন। ৩ কন্সল মার্ক আণ্টোনি তাঁহার অনুপস্থিতি নিমিত্ত প্রতিনিধি স্বরূপে রোম শাসন করিতেছিলেন তিনি নগরকে কলহ ও দুষ্ক্রিয়ায় পরিপূর্ণ করাতে ঈদৃশ ভুরিং উৎপাত ঘটিতেছিল যে সিজর ঐ সময়ে না আসিলে সে সকলের শান্তি হইত না। ৪ সিজর আপন দয়া ও পরিমিত আচরণ প্রকাশ পূর্ব্বক স্বপক্ষ এবং বিপক্ষদের মধ্যে কোন প্রকার পক্ষপাত না করিয়া নগরের সুস্থিরতা পুনঃ স্থাপন করিলেন। ৫ এইরূপে কোমল উপায় দ্বারা রোমের মধ্যে স্বীয় শক্তি পুনর্ব্বার দৃঢ় করণানন্তর সৈন্য সহ আফ্রিকা দেশে যাত্রা করিতে প্রস্তুত হইলেন, কারণ সিপিও এবং কেটো নামা দুই জন সেনাপতি ইতিপূর্ব্বে পাম্পির ছিন্ন ভিন্ন সৈন্যদিগকে সংগ্রহ পূর্ব্বক ঐ স্থানে পুনর্ব্বার শ্রেণীবদ্ধ করিয়াছিলেন, তাহারা মারিটেনিয়ার * রাজা যুবার নিকটে বিশেষ সাহায্য প্রাপ্ত হইতেছিল। অতএব সিজর অবশিষ্ট সেনাদিগকে পশ্চাতে যাইতে আজ্ঞা করিয়া আপনার দ্রুতগামি ও মহোদ্যমশালি এক প্রস্তুত স্বল্প সৈন্য দল সহিত সর্ব্বাগ্রে আপনি আফ্রিকায় গিয়া উত্তীর্ণ হইলেন। ৬ কিয়ৎ কাল পরে সিপিও সংগ্রামে প্রবৃত্ত হইয়া পরিশেষে সম্পূর্ণ ও সর্ব্বতোভাবে পরাভূত হইলেন। তাহাতে যুবা ও তাঁহার সেনাপতি

---

* পূর্ব্বতন মারিটেনিয়া নামক স্থান বিভক্ত হইয়া এইক্ষণে ফেজ এবং মারোক্কা এই দুই দেশ হইয়াছে। ঐ দেশ দ্বয় মহাদ্বীপ আফ্রিকার পশ্চিমাংশে আছে। পূর্ব্বে মারিটেনিয়া দেশকে কখনং মারিয়াও কহা যাইত, এবং মহারাজাধিরাজ ক্লাডিয়সের শাসন সময়ে তাহা রোমাধীন এক প্রদেশ হইয়াছিল।

পেটিয়স নিরাশ হইয়া পরস্পর হত্যা করত প্রাণত্যাগ করিলেন। অপর সিপিও জলপথে স্পেন দেশে পলাইবার চেষ্টা করত শত্রু হস্তে পতিত হইয়া মারা পড়িলেন। এইরূপে হতভাগ্য পাম্পির উচ্ছিন্ন সৈন্য দলের সকল সেনাপতি বিনষ্ট হইল কেবল কেটো একাকী জীবিত রহিলেন।

৭. সৌভাগ্য ও দুর্ভাগ্যে হর্ষ বিষাদ শূন্য এই অসাধারণ মনুষ্য ফার্সেলিয়ার সমরের পর আফ্রিকায় প্রস্থান করত পাম্পির হতভাগ্য সৈন্যের অবশিষ্টাংশকে উত্তপ্ত মরুভূমি ও বিবিধ বিষধর সর্পে পূরিত দেশ সকলের মধ্য দিয়া লইয়া গিয়া এইক্ষণে ইউটিকা* নগর রক্ষার ভার গ্রহণ পূর্ব্বক তথায় অবস্থিতি করিতে ছিলেন। ৮ রোমীয় শাসনের নিয়মে তাঁহার এতাদৃশী প্রীতি ছিল যে ইউটিকাস্থ প্রধান২ লোকদিগকে লইয়া এক সেনেট সভা করিয়া শত্রু হস্ত হইতে ঐ নগরের উদ্ধার করণ পূর্ব্বক অনধীন হইতে দৃঢ় প্রতিজ্ঞা করেন। কিন্তু পরে তাঁহার সমভিব্যাহারিদের অন্তঃকরণে স্বাধীনতা বিষয়ক প্রেম খর্ব্ব হইল দেখিয়া তিনিও তদ্বিষয়ে তাহাদের আর প্রবৃত্তি জন্মাইতে উৎসাহী হইলেন না, কারণ তাঁহার এই দৃঢ় মত ছিল যাহারা স্বভাবতঃ স্বেচ্ছা পূর্ব্বক দাসত্বে রত, তাহাদিগকে বল দ্বারা স্বাধীনতায় অনুরক্ত করা অসাধ্য ও অনুচিত। ৯ অতএব আপনার বন্ধুবর্গের মধ্যে কোন২ ব্যক্তিকে জলপথে পলায়ন করিতে, এবং কাহাকেও বা সিজরের নিকট শরণাপন্ন হইতে পরামর্শ দিয়া বলিলেন আমার নিমিত্ত কোন চিন্তা করিতে হইবেক না, আমি অবশেষে জয়ী হইয়াছি। অনন্তর বয়স্যগণ সমভিব্যাহারে নিশাযোগে

* ইউটিকা নগর আফ্রিকায় ছিল এইক্ষণে তথায় টিউনিস রাজ্য স্থাপিত হইয়াছে। কার্থেজ নগরের পতন হইলে পর তাহা আফ্রিকাস্থ রোমীয় রাজধানী হইয়া তথাকার যাবৎ ব্যাপারের মূল স্থান হয়।

হৃষ্ট মনে ভোজন করিয়া আপন নিকেতনে গমন পূর্ব্বক পুত্র ও মিত্রদিগের প্রতি নিয়মাতিরিক্ত স্নেহ প্রকাশ করিলেন। তৎপরে শয়নাগারে প্রবেশ পুরঃসর পর্য্যঙ্কোপরি শয্যায় শয়ন করিয়া আত্মার অমরত্ব ও অনশ্বরত্ব বিষয়ক গ্রীক জাতীয় প্লেটো নামক প্রসিদ্ধ বিজ্ঞান, শাস্ত্রবেত্তার প্রশ্নোত্তর পুস্তক কিয়ৎ কাল পাঠ করিলেন। পরে শয্যার শিরোদেশে দৃষ্টি নিক্ষেপ করাতে তথায় আপনার খড়্গ দেখিতে না পাইয়া চমৎকৃত হইলেন। ঐ অস্ত্র তথায় না থাকিবার কারণ এই, যৎকালীন তাঁহারা রাত্রি ভোজন করিতেছিলেন সেই সময় তাঁহার পুত্রের আদেশে তাহা স্থানান্তরে স্থাপিত হইয়াছিল। যাহা হউক, তরবারি কি হইল ইহা জিজ্ঞাসা করিবার নিমিত্ত তিনি কএক জন ভৃত্যকে আহ্বান করিলেন কিন্তু কাহারো উত্তর প্রাপ্ত হইলেন না। পরে পুনর্ব্বার পুস্তক পাঠে মনোনিবেশ করিলেন এবং ক্ষণেক কাল পরে পুনরায় অসি কোথায় জিজ্ঞাসা করিলেন। অধ্যয়ন সমাপ্ত হইলে মনে করিলেন আমার বাক্য কেহ গ্রাহ্য করিতেছে না অতএব অতি উগ্র স্বরে প্রত্যেকের নামোচ্চারণ করত সকল দাসকে আহ্বান করিয়া আপনার খড়্গ আনিতে আজ্ঞা করিলেন। ১০ ইহাতে তাঁহার পুত্র তদীয় দারুণ প্রতিজ্ঞা ত্যাগ করাইবার জন্য সজল নয়নে বিনীতি পূর্ব্বক নিবেদন করিলেন কিন্তু তাহাতে কেবল অনুযোগ প্রাপ্ত হইলেন সুতরাং জনকের প্রবোধ জন্মাইতে আর যত্ন করিলেন না। অনন্তর তরবারি আনীত হইলে কেটো সন্তোষ প্রকাশ করত কহিলেন "এইক্ষণে আমি পুনর্ব্বার আত্ম বশ হইলাম।" পরে তিনি আর একবার ঐ পুস্তক হস্তে লইয়া পাঠ করিলেন, ঘোর নিদ্রায় নিমগ্ন হইলেন। নিদ্রা ভঙ্গের পর আপনার এক জন দাসকে আহ্বান করিয়া জিজ্ঞাসা করিলেন অরে আমার বন্ধুরা কি আহারান্তে শয়ন করিয়াছেন? তাঁহাদিগের কি ঘোর নিদ্রা [illegible] আবশ্যক আছে? ইহাতে সেই দাস "মহাশয় সমস্ত বিষয়েই মঙ্গল" এই বাক্য অস্ফুটস্বরে কহিবাতে তিনি

তাঁহাকে নিজ গৃহ হইতে প্রস্থান করিতে আজ্ঞা করিলেন। এই প্রকারে একাকী হইবা মাত্র খড়্গ গ্রহণ পূর্ব্বক আপন বক্ষঃ স্থলের অধোদেশে আঘাত করিলেন; কিন্তু তাহাতে তৎক্ষণাৎ প্রাণ বিয়োগ হইল না, শয্যা হইতে পতিত হইবাতে যে একটা টেবিলে ইতিপূর্ব্বে রেখা গণিত ও ক্ষেত্র পরিমাণ বিদ্যা সম্পর্কীয় কতিপয় রেখা ও অঙ্ক অঙ্কিত করিয়াছিলেন, সেইটা তাঁহার শরীরের ভারে উল্টিয়া পড়িয়া গেল। ভৃত্যেরা তৎশব্দে চীৎকার করিয়া উঠিল এবং তাঁহার পুত্র ও মিত্রগণ তৎক্ষণাৎ গৃহ মধ্যে প্রবেশ করিয়া দেখিলেন তিনি ধরায় লুণ্ঠিত হইতেছেন এবং তাঁহার উদরের নাড়ী সকল ক্ষত বিক্ষত হইয়া বহির্ভূত হইতেছে। ১১ কিন্তু নাড়ীতে কোন আঘাত লাগে নাই দেখিয়া এক জন অস্ত্র চিকিৎসক আনাইয়া তদ্দ্বারা নাড়ী সকল পুনর্ব্বার স্ব স্থানে সংস্থাপন করিতে উদ্যত হইলেন। ইতিমধ্যে কেটোর একবার চৈতন্য হওয়াতে তাঁহারা জীবন রক্ষার্থ যত্ন করিতেছেন জানিতে পারিয়া আপনি সেই চিকিৎসককে বিদায় করিয়া দিলেন এবং ভয়ানক প্রতিজ্ঞায় সমারূঢ় হইয়া বহির্গত উদর নাড়ী সকল স্বয়ং ছিন্ন ভিন্ন ও বিদীর্ণ করত অবিলম্বে প্রাণ ত্যাগ করিলেন।*

১২ কেটোর মৃত্যু হওয়াতে আফ্রিকার যুদ্ধ নির্ব্বিঘ্নে সমাপ্ত হইল এবং সিজর এতাদৃশ সমারোহ পূর্ব্বক জয় পতাকা উড্ডীয়মান করিয়া রোমে প্রত্যাগমন করিলেন যে পূর্ব্বে তদ্রূপ কখন হয় নাই। এবিষয়ে অনুমান করা যাইতে পারে যে ঐ জয়ের মহিমা

* ইউটিকা বাসিরা ঐ মহাত্মা রোমানকে এমত শ্রদ্ধা ও স্নেহ করিত যে যদিও সিজর সেই সময়ে তাহাদিগের নগরে প্রবেশোন্মুখ হইয়াছিলেন তথাপি তাহারা সমারোহ পূর্ব্বক কেটোর শবের কবরাদি ও তাঁহার গুণ ও [illegible] অনুরূপ সম্মান [illegible] ক্রিয়াদি করিয়া ক্ষান্ত হয় নাই।

বৃদ্ধি নিমিত্ত তিনি পূর্ব্বং জয়ে অধিক যত্ন করেন নাই * যাহা হউক, তাঁহার এই জয়ের সমারোহ এবং জিত দেশ ও নগর সকলের সংখ্যাধিক্য দেখিয়া লোকে নাতিশয় চমৎকৃত হইল। ১৩ ফলতঃ জয় সমারোহ ক্রমাগত চারি দিবস পর্য্যন্ত বর্ত্তমান ছিল, অর্থাৎ প্রথম দিবসে গাল দেশে,† দ্বিতীয় দিনে মিসরে,‡ তৃতীয় বাসরে আসিয়া প্রদেশে,§ এবং চতুর্থাহে আফ্রিকায় ॥ জয় জন্য মহাং

* রোমে যাইবার পূর্ব্বে সিজর কার্থেজ্ ও করিস্থ নামক দুই নগর পৃথক্ রূপে নির্ম্মাণ করণের আজ্ঞা প্রদান করিলেন। ঐ বিখ্যাত নগর দ্বয় একই বৎসরে বিনষ্ট হইয়া প্রায় এক শত বৎসর যাবৎ নির্মনুষ্য ছিল কিন্তু ঐ সময়ে একই অব্দে পুনর্ব্বার নির্ম্মিত হইল।

† সিজর তিন শত জাতি ও অষ্ট শত নগরের নাম লিপি বদ্ধ করিয়া এই জয়ের চিহ্ন স্বরূপে আপনার রথের অগ্রেং লইয়া যাইতে কহিয়াছিলেন; তিনি দশ লক্ষ শত্রু নষ্ট করিয়া ঐ সকল নগর জয় করেন।

‡ এই জয়ের সমারোহ মধ্যে টালমি ফাটিনস্ ও একিলাসের প্রতিমূর্ত্তি এবং পেলিউসিয়ম, আলেকজাণ্ড্রিয়া ইত্যাদি নগরীর চিত্রপট আনীত হইয়াছিল। এতদ্ভিন্ন ক্লিওপেট্রার সহোদরা আর্সিনো এবং যুদ্ধে বন্দীকৃত ভূরিং বিখ্যাত ব্যক্তি জয়ির স্যন্দনাগ্রে পদব্রজে গমন করিয়াছিলেন।

§ "আসিলাম, দেখিলাম, জয় করিলাম" এই তিনটী শব্দ বৃহদক্ষরে লিখিত হওয়াতে এই তৃতীয় জয়োৎসব প্রসিদ্ধ হয়।

॥ পূর্ব্বোক্ত তিন জয়োৎসব দর্শনে লোকেরা যে প্রকার আনন্দিত হইয়াছিল চতুর্থ জয়ে তাদৃক হয় নাই, কারণ ইহাতে পরাজিত রাজা ও রাজপুত্রদিগের প্রতিমূর্ত্তি সকলের মধ্যে সিপিওর, পেট্রিয়সের, এবং কেটোর প্রতিমূর্ত্তিও ছিল, তদ্দর্শনে সকলের অশ্রুপাত ও দীর্ঘ নিশ্বাস হইতে লাগিল।

আনন্দোৎসব হইয়াছিল। সিজরের প্রাচীন ও পরীক্ষিত সেনাগণ অনেক দিন রণে প্রবর্ত্তমান থাকাতে অস্ত্রাঘাতে ক্ষত বিক্ষত হইয়াছিল অতএব এইক্ষণে সমরে বিরত হইয়া জীবনের অবশিষ্টাংশ বিশ্রাম করত যাপন করিতে সংকল্প করিল এবং আপনারদের দিগ্বিজয়ি সেনাপতির পশ্চাৎ২ গমন পূর্ব্বক লারেল * নামক বৃক্ষ শাখায় সুসজ্জিত হইয়া তাঁহাকে রোম রাজধানীস্থ দুর্গে লইয়া গেল।

১৪ সিজর এই জয় নিমিত্ত প্রত্যেক সেনাকে সার্দ্ধৈক সহস্র এবং প্রত্যেক সেনচিউরিএন অর্থাৎ শত সৈন্যাধ্যক্ষকে তাহার দ্বিগুণ ও প্রধান২ সেনাপতিদের এক২ জনকে তচ্চতুর্গুণ মুদ্রা প্রদান করিলেন। নগর বাসিরাও তাঁহার এই জয়োৎসব নিমিত্ত বদান্যতার ফলভাগী হইল কারণ তাহাদিগের প্রত্যেককে ন্যূনাধিক ৬/২ ছয় মোন দুই শের পরিমিত শস্য ও /৫ পাঁচ শের তৈল এবং ২০০ শত টাকা দান করিলেন। পরে বিংশতি সহস্র লোককে উত্তম রূপ ভোজ দিয়া তাহাদের আমোদার্থ অস্ত্র ক্রীড়কগণকে কৌতুক যুদ্ধ করিতে আজ্ঞা দিলেন এবং ইটালি প্রদেশের সকল স্থানের দর্শকগণে রোম নগর পরিপূর্ণ করিলেন।

১৫ লোকেরা উক্ত প্রকার আমোদে মত্ত হইয়া মনে করিল সিজর তাহাদিগের যে২ উপকার করিয়াছেন তাহার পরিশোধার্থ কেবল তাঁহার অধীন হওয়া উচিত হয় না তদতিরিক্ত অন্য কোন প্রকারে বিশেষ সম্মানের চিহ্ন প্রকাশ করা আবশ্যক। অতএব আপনারদিগের স্বাধীনতা নাশক এই মহান্ ব্যক্তির অর্চ্চনা নিমিত্ত নূতন২ আরাধনার প্রথা সৃষ্টি করিতে ব্যগ্র হইয়া তাঁহাকে পরম স্তুত্য উপাধি প্রদান করিল অর্থাৎ তাঁহার এই অভিনব খ্যাতি প্রচার করিল যে তিনি

---

* পূর্ব্ব কালে গ্রীক ও রোমানাদি জাতির মধ্যে কেহ কোন বিষয়ে জয়ী হইলে লারেল নামক বৃক্ষ শাখায় সজ্জিত হইবার যোগ্য হইতেন এ কারণ ঐ শাখা সম্মানের চিহ্ন বলিয়া গণ্য ছিল।

৩০ মিসরবাসিরা তাঁহার উদ্দেশে সম্মানের কি কর্ম্ম করিয়াছিল?

৩১ পাম্পির মৃত্যুর পর রোম রাজ্যের কি প্রকার অবস্থা হইল?

---

## ২১ অধ্যায় ১ খণ্ড।

### প্রজা প্রভুক রাজ শাসনের ধ্বংসাবধি আগষ্টস নামক প্রথম সম্রাটের আপনাস্ত বৃত্তান্ত।

রোমীয়াব্দ ৭০৬।

১ সিজর অতি অদৃষ্টবান্ পুরুষ ছিলেন এবং তাঁহার জন্মকাও ইষ্ট সাধনোপযোগিনী ছিল, তদীয় বিবিধ গুণ রত্নের ইয়ত্তা হইত না, দোষের মধ্যে এই ছিল যে অতি মাত্র উচ্চাভিলাষ করিতেন। তাঁহার এতাদৃশী রণ দক্ষতা ছিল যে যে কোন সৈন্য সহযোগে জয়ী হইতে পারিতেন অতএব যে কোন প্রজা প্রভুক রাজ্যে তাঁহার জন্ম হউক না কেন, সেই রাজ্যই শাসন করিতে সক্ষম ছিলেন। ২ যাহাহউক এই-ক্ষণে সংপূর্ণ জয় লাভ হওয়াতে তাঁহার উৎসাহ উত্তরোত্তর বৃদ্ধিশীল হইল এবং নূতন২ বিপদ সহ সাক্ষাৎ করণার্থ সাহস জন্মিতে লাগিল। সম্প্রতি যে জয় লাভ করিলেন সেই জয়ের প্রবাহ বিস্তার নিমিত্ত যে কোন দেশে পাম্পি প্রস্থান করিবেন তদ্দেশেই তাঁহার পশ্চাৎ২ ধাবমান হইতে প্রতিজ্ঞা করিলেন। তিনি মনেং জানিয়াছিলেন যদিও নূতন২ জয় লব্ধ হইতেছে তথাপি যাবৎ চির বৈরি পাম্পিকে আপনার আয়ত্ত করিতে না পারিব তাবৎ অকন্টকে রাজ্য ভোগ হওয়া সুকঠিন। ৩ অতএব কাল বিলম্ব না করিয়া চারি সহস্র সেনা সমভিব্যাহারে মিসর দেশের প্রতি যাত্রা করত আলেকজাণ্ড্রিয়া নগরে গিয়া উত্তীর্ণ হইলেন। কিন্তু তাঁহার স্বল্প সংখ্যক সৈন্য ঐ পরাক্রান্ত রাজ্য বশীভূত রাখিতে একান্ত অযোগ্য ছিল। যাহা হউক, তিনি তথায় উপস্থিত হইয়া সর্ব্বাগ্রে পাম্পির ক্লেশ জনক মৃত্যু বার্ত্তা শ্রবণ করিলেন এবং কিঞ্চিৎ কাল পরেই এক জন হন্তা

পাম্পির ছিন্ন মস্তক ও অঙ্গুরী আনয়ন পুরঃসর তাঁহার সম্মুখে উপস্থিত করিল। ঐ হন্তা মনে করিয়াছিল সিজর ঈদৃশ উপহার প্রাপ্ত হইয়া অবশ্য সন্তুষ্ট হইবেন। ৫ কিন্তু তিনি এতাদৃশ নির্দ্দয় ছিলেন না যে পূর্ব্বকার স্নেহ পাত্র এবং আপনার সমকক্ষ লোকের ছিন্ন মুণ্ড দর্শনে আনন্দিত হয়েন, ঐ মুণ্ড আনিবা মাত্র তদ্দর্শনে বিমুখ হইলেন, এবং ক্ষণ কাল নিস্তব্ধ থাকিয়া শোক প্রকাশ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন। পরে বহু মূল্য সুগন্ধি দ্রব্য সহ ঐ মস্তক দাহ করাইয়া এক মন্দির নির্ম্মাণ করিলেন এবং তন্মধ্যে চিতা ভস্ম স্থাপন পুরঃসর নিষ্ঠুরতা ও অমনুষ্যত্বের শাসিকা নেমেসিস্ দেবীর প্রীত্যর্থ সেই মঠ প্রতিষ্ঠা করিয়া দিলেন। ৬ এই সময়ে মিসর দেশবাসিরা রোমানদের সহিত সন্ধি ভঙ্গ করিবার মনস্থ করিতেছিল, কারণ তাহারা ঐ সন্ধিতে আপনাবদের এক প্রকার অধীনতা জ্ঞান করিত, অতএব রোমীয় রাজ পরাক্রম সূচক পাতাকাদি অগ্রে উড্ডীয়মান করিয়া সিজরকে আপনারদের নগরে প্রবেশ করিতে দেখিয়া বিরক্ত হইল। তাহাদের মধ্যে কটিনস নামক এক ব্যক্তি সিজরকে অনাদর করিয়া তদীয় জীবন বিনাশে উদ্যত হইল। ৭ সিজর উপযুক্ত সৈন্য বিরহে তদানীং এই বিশ্বাসঘাতকতার দণ্ড বিধান অসম্ভব বিবেচনা করিয়া আপনার অন্তঃকরণেই ক্রোধ সম্বরণ করিলেন পরে পাম্পির সাহায্যার্থ যে সমস্ত সৈন্য ইতিপূর্ব্বে সংগৃহীত হইয়াছিল ঐ সকল সেনা মিসর দেশের নিকটে আছে অবগত হইয়া তাহাদিগের আনয়নার্থ গোপনে দূত প্রেরণ করিলেন। অপর তাহাদের আগমন পর্য্যন্ত এতাদৃশ ছল করিতে লাগিলেন যেন মিসরাধিপতির মন্ত্রির প্রতি তাঁহার সম্পূর্ণ বিশ্বাস আছে এবং তদর্থ আপনি সমারোহ পূর্ব্বক নানাবিধ আমোদ প্রমোদ করিয়া আলেকজাণ্ড্রিয়া নগরস্থ [illegible] বিজ্ঞান শাস্ত্রজ্ঞ ব্যক্তিদের সহিত সদালাপনে কাল যাপন করিতে লাগিলেন। ৮ কিন্তু প্রাড়িবাক হইতে বিপদাশঙ্কা দূর হইবা মাত্র তিনি পূর্ব্বোক্ত ব্যবহার পরিহার করিয়া [illegible]

রোমানদের কন্সল অর্থাৎ প্রধান কর্ম্মচারী, অতএব মিসর দেশীয় রাজ সিংহাসনের উত্তরাধিকারি স্থাপন করা আমার কর্ত্তব্য কর্ম্ম।

৯ এই সময়ে দুই ব্যক্তি মিসরীয় রাজ পদাকাঙ্ক্ষী ছিলেন। এক জন টালমি; লোকেরা ইহাকে রাজা বলিয়া মান্য করিত, এবং দ্বিতীয় টালমির ভগিনী বিখ্যাতা ক্লিওপেট্রা; টালমি তদ্দেশীয় আচারানুসারে তাঁহার পাণিগ্রহণ করিয়াছিলেন। ঐ ক্লিওপেট্রা পিতৃকৃত দান পত্রানুসারে পরিণেতা ভ্রাতার সহিত তুল্যাংশিত্ব রূপে রাজ্যাধিকার করেন। ১০ কিন্তু শেষে অংশীকৃত রাজ্যে অসন্তুষ্টা হইয়া একাকিনী স্বদেশীয় রাজ্য শাসন করিতে চেষ্টা পান, তাহাতে রোমীয় সেনেট সভায় তাঁহার প্রার্থনা অগ্রাহ্য এবং টালমিই রাজ্যাভিষিক্ত হইলে তিনি স্বীয় কনিষ্ঠা ভগিনী আর্সিনোর সহিত সিরিয়া প্রদেশে নির্ব্বাসিতা হয়েন। ১১ এই সময়ে সিজর নির্ব্বাসিতা রাজ্ঞীকে পুনর্ব্বার রাজ্য লাভের আশা দিয়া তাঁহাকে ও টালমিকে আপনং অধিকারিত্বের প্রমাণ দর্শাইতে আহ্বান করিলেন। কিন্তু যুবরাজের কার্য্যাধ্যক্ষ ফোটিনস্ সিজরের এই প্রস্তাব অবজ্ঞা করিয়া তাঁহাকে আলেকজাণ্ড্রিয়া নগরে অবরোধ করিবার নিমিত্ত বিংশতি সহস্র সৈন্য প্রেরণ করিলেন। ১২ সিজর সাহস পূর্ব্বক বিপক্ষদিগকে দূরীভূত করিয়া দিলেন, এবং স্বকীয় অল্প সৈন্য দ্বারা ঐ বৃহন্নগরীর রক্ষণ ও আয়ত্ত করা সুকঠিন বিবেচনা করিয়া রাজ-বাটীতে অবস্থান পূর্ব্বক আক্রমণ নিবারণ করিতে অবধারণ করিলেন। ১৩ পরে মিসর সেনাপতি একিলাস অতিশয় বল পূর্ব্বক তাঁহাকে আক্রমণ করিয়া রাজবাটীর সম্মুখস্থ সমুদ্রে যে সকল পোত ছিল তাহা হস্তগত করণার্থ চেষ্টা করিতে লাগিলেন। ১৪ কিন্তু ঐ সকল রণ তরি অরি করাধীন হইলে যে ফল সম্ভাবনা, সিজর তাহা বিশেষ রূপে হৃদয়ঙ্গম করিয়া তৎসমুদায় অনল মুখে সমর্পণ করিলেন। বিপক্ষ গণ অগ্নিনিবারণ নিমিত্ত নানা চেষ্টা করিল কিন্তু সফল হইল না। তদনন্তর পরে তিনি ফেরো দ্বীপ অধিকার করাতে প্রয়োজনীয় দ্রব্যাদি পাই-

বার উপায় হইল এবং তথায় অবস্থিতি পূর্ব্বক মিসর দেশীয় একত্রীভূত সৈন্যদিগকে বাধা দিবার সঙ্কল্প করিলেন *। ১৫ এই সময়ে ক্লিওপেট্রা আপনার সুসময় বুঝিয়া রাজ্য লাভার্থ সৈন্যের অধীনতা অপেক্ষা সিজরের আশ্রয়াবলম্বন শ্রেয়ো বোধে তাঁহার অনুগতা হইতে স্থির করিলেন। তিনি বিবেচনা করিয়াছিলেন যে আপনার সম্মোহন রূপ লাবণ্য ব্যতীত অন্য কোন কৌশলে সিজরকে বশীভূত করিতে পারিবেন না। ১৬ তিনি নব যৌবনা ও পরমা সুন্দরী ছিলেন এবং তাঁহার আন্তরিক সুশীলতা দ্বারা বাহ্য সৌন্দর্য্য অতিশয় বৃদ্ধি পাইয়াছিল, অপর তাঁহার স্বর অতি মধুর সুতরাং অতি মিষ্টভাষিণী ছিলেন। অধিকন্তু এতাদৃশ রূপ গুণ সম্পন্না হইয়াও তৎকাল প্রচলিত বিদ্যাতে অতিশয় নিপুণা ছিলেন এবং বাগ্‌বোধক ব্যক্তির সাহায্য ব্যতিরেকে সপ্ত জাতীয় দূতের সহিত কথোপকথন করিতে পারিতেন। ১৭ পরন্ত সিজরের নিকট উপস্থিত হওয়াই তাঁহার পক্ষে সুকঠিন হইয়াছিল, কারণ রাজবাটী গমনের সমুদায় বর্ত্মই তাঁহার শত্রুরা অধিকার করিয়াছিল, অতএব যুক্তি করিয়া এক ক্ষুদ্র তরণী আরোহণে দিবাবসান সময়ে রাজ মন্দিরের সমীপে গিয়া উত্তীর্ণা হইলেন, পরে তাঁহার লোকেরা তাঁহাকে শয্যা বস্ত্রে আচ্ছাদন করত কাপড়ের বস্তার ন্যায় করিয়া একেবারে সিজরের নিজ গৃহ মধ্যে লইয়া গেল। ১৮ ক্লিওপেট্রার বাক্ কৌশলে সিজর চমৎকৃত হইলেন এবং সুবুদ্ধি ও রসিকতাতে তাঁহার মদনানল প্রজ্বলিত হইল, আর ঐ কামিনী এমত ব্যভিচারিণী ভাব দেখাইতে লাগিলেন যে তাহাতে সিজর নিতান্ত বশীভূত হইয়া তাঁহার সপক্ষ না হইয়া রহিতে পারিলেন না।

১৯ তৎকালীন ক্লিওপেট্রা নিজাভিলষিত সিদ্ধকরণে এইরূপ

---

* এই যুদ্ধে আলেকজান্ড্রিয়া নগরস্থ বিখ্যাত পুস্তকাগার সেবাৎ দগ্ধ হইয়াছিল, তন্মধ্যে ৭০০০০০ সপ্ত লক্ষ গ্রন্থ ছিল।

উদ্যোগিনী ছিলেন, সেই সময়ে তাহাঁর সহোদরাও শিবিরে থাকিয়া ঐকান্তিক ভাবে স্বার্থ সাধনে যত্নবতী হয়েন। তিনি আপনার বিশ্বাস পাত্র গ্যানিমিডি নামক এক ব্যক্তির সহায়তায় মিসর সেনার বহু সংখ্যক ব্যক্তিকে সপক্ষ করিলেন, এবং অসভ্য জাতিদিগের শিবিরে মধ্যে২ তৎকাল সুলভ যে সকল আকস্মিক বিশৃঙ্খলতা ঘটিত অনতি-বিলম্বে তাহার একটা ঘটনা উপস্থিত হইলে মিসর সেনাপতি একি-লাসকে হত্যা করাইয়া তৎপদে গ্যানিমিডিকে অভিষিক্ত করণা-নন্তর পূর্ব্বাপেক্ষা অধিক পরাক্রম প্রকাশ পূর্ব্বক আক্রমণের উপ-ক্রম করিলেন। ২০ গ্যানিমিডি যে সকল পয়ঃ প্রণালী দ্বারা রাজ-ভবনে সুমধুর জল যাইত ঐ সকলের সহিত সমুদ্রের মিলন করাইয়া সর্ব্বাগ্রে ঐ মিষ্ট জল লবণাক্ত করাইলেন। কিন্তু সিজর বহু সং-খ্যক কূপ খনন করাইয়া অচিরে জলকষ্ট নিবারণ করিলেন। পরে তাঁহার চতুর্বিংশতি সংখ্যক সৈন্যদল তাহার সহিত মিলিত হইতে না পারে এতদর্থ গ্যানিমিডি দুই বার চেষ্টা করিলেন, কিন্তু বার দ্বয়ের যত্নই বিফল হইল। অনন্তর যে সেতু দ্বারা মিসর দেশের সহিত ফ্যারস উপদ্বীপের সংযোগ ছিল গ্যানিমিডি সেই সেতু অধি-কার করাতে সিজর তাঁহাকে তথা হইতে দূরীকৃত করিতে সংকল্প করিলেন। ২১ অতএব যখন ঘোরতর সংগ্রাম হইতেছিল তখন সিজরের নাবিকেরা কেহ বুভুৎসা কেহবা লিপ্সা যুক্ত হইয়া রণ স্থলে আগমন পূর্ব্বক স্ব২ পক্ষীয় সেনাদের সহিত মিলিত হইয়া সমরে প্রবৃত্ত হইল। কিন্তু পরে অকারণে হঠাৎ অতিশয় ভীত হইয়া রণে ভঙ্গ দিয়া পলায়ন করাতে সৈন্য দল মধ্যে অত্যন্ত গোলযোগ উপস্থিত হইল। সিজর তদ্দৃষ্টে ছিন্ন ভিন্ন সেনাদিগকে পুনর্ব্বার শ্রেণী বদ্ধ করিতে যথোচিত যত্ন করিলেন, কিন্তু তাহাতে কোন ফল দর্শিল না, ফলেও ঐ বিশৃঙ্খলতা শুধরাইবার কোন উপায় ছিল না। অপর পলায়নোন্মুখ সেনাদের মধ্যে কেহ জলমগ্ন কেহ বা অরাতি খড়্গে ছিন্ন ভিন্ন হইয়া ধরাশায়ী হইল। ২২ সিজর দেখিলেন যে সৈন্যদলের

এই বিপদ নিবারণের কোন সদুপায় নাই অতএব সম্মুখস্থ ভূপ ভবনে পলাইবার কারণ এক পোতে আরোহণ পূর্ব্বক প্রস্থান করিলেন। কিন্তু আপনি নৌকারোহী হইবা মাত্র সৈন্যগণও সেই তরিতে গিয়া সমারূঢ় হইল অতএব আরোহিদের ভরে তরী জল নিমগ্ন হইবার উপক্রম দেখিয়া তিনি সমুদ্রের উপরি লম্ফ প্রদান করিলেন আর বাম হস্ত উচ্চ করিয়া তাহাতে নিজ লিখিত গাল দেশের বিবরণ এবং দন্তে আপন বর্ম্ম ধারণ পূর্ব্বক সন্তরণ করিতে২ দুই শত হস্ত অন্তরে আসিলেন পরে রাজপুর সম্মুখস্থ নৌকা সমূহের নিকটে যাওয়াতে তাহাতে আশ্রয় প্রাপ্ত হইলেন।

২৩ অতএব রাজবাটী অধিকার করণের সমুদয় উদ্যম বিফল হইলে এবং আলেকজ্যাণ্ড্রিয়া বাসিরা শেষে আপনাদের রাজাকে সিজরের হস্ত হইতে উদ্ধার করিতে চেষ্টা করিল, সিজর এই সকল বিবাদ বিসম্বাদের আরম্ভেই বল দ্বারা তাঁহাকে হস্তগত করিয়াছিলেন। অতএব তাহারা আপনাদের স্বাভাবিক শঠতা প্রকাশ পূর্ব্বক কহিল আমরা সন্ধি করণে নিতান্ত ইচ্ছুক। এতদর্থে আমাদের রাজার স্বয়ং উপস্থিত হইয়া অনুমতি দিবার অপেক্ষা মাত্র আছে। ২৪ তাহাদের শাঠ্য যদিও বিদিত হইল তথাপি সিজর আপন অবিশ্বাস গোপন করত তাহাদের সম্রাট টালমিকে তাহাদিগের হস্তে সমর্পণ করিলেন কারণ সে ব্যক্তি নিতান্ত বালক ছিল, বালকের ক্ষমতা দ্বারা কোন বিপদ ঘটিবে এমত আশঙ্কা করেন না। পরন্তু টালমি মুক্ত হইয়া সন্ধির প্রসঙ্গ করিলেন না বরঞ্চ যথা সাধ্য পরাক্রম প্রকাশ পূর্ব্বক সংগ্রাম করিতে উদ্যোগ করিতে লাগিলেন। ২৫ সিজর কিয়ৎ কাল যাবৎ এই প্রকারে খল ও কুটিল বৈরি দিগের অনিবার্য্য যন্ত্রণা ভোগ করিতে লাগিলেন কিন্তু অবশেষে তাহার বলাক্রান্ত মিথ্রিডেটিস্ পার্গেমস্ নামক এক জন বিখ্যাত পুরুষ তাঁহার ঐ ক্লেশ নিবারণ করিলেন। এই সেনাপতি এক দল সৈন্য সমভিব্যাহারে মিসর দেশে গমন পূর্ব্বক পেলিউ-

সম্মত হয়েন, কিন্তু যে সকল সাহসী ও পারদর্শী বৃদ্ধ সৈন্য বহু কালাবধি তাঁহার সৌভাগ্য ও দুর্ভাগ্যের পশ্চাদ্গামী হইয়াছিল তাহারা ঐ আচরণ জন্য তাঁহাকে নির্ভয়ে অনুযোগ করত ঐ ক্লেশ ও লজ্জাকর ভ্রমণে তাঁহার সহভিব্যাহারী হইতে অস্বীকার করিল। ২৮ পরন্তু কিয়দ্দিন পরে ঐ মোহ রূপ নিদ্রা হইতে জাগ্রৎ হইলেন এবং প্রেম অপেক্ষা সম্ভ্রমই শ্রেষ্ঠ বোধ হইল। অতএব ক্লিওপেট্রা ও তদ্গর্ভজ আত্ম ঔরস পুত্রকে পরিত্যাগ পূর্ব্বক বাস্ফোরস * দেশের রাজা ফার্নেসেস্কে দমন করিতে প্রতিজ্ঞা করিলেন। উক্ত রাজা ঐ সময়ে রোমীয়দের পূর্ব্বাঞ্চলস্থ অধিকার কিঞ্চিৎ আক্রমণ করিয়াছিলেন।

২৯ রোমীয়েরা ফার্নেসেসের পিতা মহান্ উপাধিধারি মিথ্রিডেটিস্কে পদচ্যুত করিয়া যে সকল দেশ গ্রহণ করিয়াছিল, ফার্নেসেস্ তাহা পুনর্জ্জয় করণাকাঙ্ক্ষায় আর্মেনিয়া † ও কালকিস ‡ নামক দুই দেশ আক্রমণ পূর্ব্বক আপনার বিপক্ষতায় প্রেরিত ডমিশিয়সকে পরাঙ্মুখ করিলেন। ৩০ সিজর তাঁহার প্রতিকূলে যাত্রা করাতে তিনি সিজরের নামে এবং তদীয় সৈন্যের পরাক্রমে সাতিশয় ভীত হইয়া উপস্থিত বিপদ হইতে পরিত্রাণ প্রাপ্তি নিমিত্ত কপটতা পূর্ব্বক সন্ধির চেষ্টা করিতে লাগিলেন। ৩১ সিজর ফার্নেসেসের অপরাধে ও কৃতঘ্নতায় নিতান্ত বিরক্ত হইয়া তাঁহার প্রেরিত দূতেদের সহিত কাল্পনিক ব্যবহার করিয়া যথাসাধ্য ত্বরা সহকারে হঠাৎ তাঁহার সৈন্যের উপর আক্রমণ করত অত্যল্প কাল মধ্যে সম্পূর্ণ জয় প্রাপ্ত হইলেন। ফার্নে-

---

* বাস্ফোরস দেশের কিয়দংশ ইউরোপে কিন্তু অধিকাংশ আসিয়াতে আছে, তাহার আর এক নাম পানটস্।

† আর্মেনিয়া প্রদেশ আসিয়ামাইনর দেশে আছে।

‡ কালকিস দেশ আর্মেনিয়ার উত্তর দিক্স্থ। এইক্ষণে তাহার নাম মিঙ্গ্রেলিয়া হইয়াছে।

লোকেরদের রীতি চরিত্রের কর্ত্তা, তদ্ভিন্ন এই উপাধি দিল যে তিনি রাজাধিরাজ ও রোম রাজ্যের পিতা। অধিকন্তু তাঁহার শরীর পবিত্র বলিয়া গণ্য করিল ফলতঃ রাজ্যের মধ্যে অতি সম্ভ্রমসূচক যত উপাধি ছিল সমুদায়ই তাঁহার প্রতি অর্পিত হইল। ১৬ পরন্তু ইহা অবশ্য স্বীকার্য্য বটে যে তিনি তাদৃশ সুখ্যাতির উপযুক্ত পাত্র ছিলেন কেননা তাঁহার দ্বিতীয় কেহ ছিল না। তিনি রাজ্য শাসনে প্রবৃত্ত হইয়া দুষ্ট দমন এবং শিষ্ট পালনে প্রবৃত্ত হন; আর বিচার করিবার শক্তি কেবল সৈনেটাধ্যক্ষ এবং অশ্বারোহি সেনাদের প্রতি অর্পণ করিয়া সম্বায় সম্পর্কীয় বহুবিধ ব্যবস্থা করত ধনিদিগের অপরিমিত ও লজ্জাকর ব্যয়ের এবং সুখাসক্তির শাসন করেন। অপিচ এই প্রস্তাব করিয়াছিলেন যে সকল ব্যক্তির বহু সন্তান সন্ততি আছে তাহারা পারিতোষিক পাইবে। এই কৌশলে রোম নগর পুনর্ব্বার বহুলোকালয় হইবার সূত্র হইল অর্থাৎ বারম্বার রাজ্য বিপ্লবে তত্রস্থ লোকদের সংখ্যা বিস্তর হ্রাস হইয়াছিল ঐ উপায়ে পুনর্ব্বার অনেকে আসিয়া বসতি আরম্ভ করিল।*

১৭ এই প্রকারে রোম নগরীর সৌভাগ্য পুনঃ স্থাপন করিয়া সিজরকে পুনর্ব্বার স্পেন দেশে গমন করিতে হইল, যেহেতু মহামহিম পাম্পির প্রাচীন সেনাপতি লেবাইনস্ এবং তদীয় দুই তনয় তাঁহার প্রতিকূলে সে স্থানে এক দল সৈন্য সংগ্রহ করিয়াছিলেন। ১৮ সিজর তাঁহাদিগের পরাভব নিমিত্ত স্বীয় স্বাভাবিক ক্রান্ততা সহকারে গমন করিয়া অবিলম্বে তথায় উপস্থিত হইলেন। কিন্তু তিনি রোম হইতে যাত্রা করিয়াছেন শত্রুরা ইহাও মনে করে নাই। অতএব পাম্পির দুই পুত্র নিয়স পাম্পি এবং সেক্সটস পাম্পি আপনাদের পিতার দুর্ভাগ্য বিবেচনা করিয়া সংগ্রামে প্রবৃত্ত হইতে সাধ্যানু-

---

* এই সময়ে সিজর রোমীয় পঞ্জিকা পূর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট করিয়াছিলেন।

সারে বিলম্ব করিতে প্রতিজ্ঞা করিলেন, তাহাতে দুই পক্ষের সৈন্যেরা প্রথমতঃ কেবল পরস্পরের নগর বেষ্টন ও পরস্পরকে অকস্মাৎ আক্রমণ করিবার পন্থায় কাল যাপন করিতে লাগিল। ১৯ পরন্তু শেষে সিজর বৈরিদিগের ভুরিং নগর অধিকার করত অবিশ্রান্ত যত্ন পূর্ব্বক তাহাদের পশ্চাদ্গামী হইলেন এবং মন্ডা* নামক গ্রামের রণ ভূমিতে বিপক্ষ পক্ষকে সংগ্রামে প্রবৃত্ত করিলেন। ২০ নিয়স্ পাম্পি প্রত্যূষে এক পর্ব্বতের নিম্ন ভাগে অতি সুনিয়ম ও সুশৃঙ্খলা পূর্ব্বক স্বীয় ব্যূহীকৃত সৈন্য স্থাপন করিয়াছিলেন, সিজর আপনার যোদ্ধাদিগকে সেই স্থানের অধঃস্থ ক্ষেত্রে স্থাপন পূর্ব্বক আপনার দুর্গের পরিখা হইতে কিয়ৎ দূর অগ্রসর হইয়া বিপক্ষেরা শৈল হইতে অবতরণ করিবে এই আশয়ে সেনাদিগকে সেই স্থানে স্থির হইয়া থাকিতে আজ্ঞা করিলেন কিন্তু কিয়ৎ বিলম্বেই তাহারা এই আজ্ঞায় অসন্তোষ প্রকাশ করিতে লাগিল। পাম্পির সেনারা সাহসে নির্ভর করিয়া পরাক্রম পূর্ব্বক অতি বেগে তাহাদিগের উপর আসিয়া পতিত হইল সুতরাং ঐ স্থানেই ঘোরতর সংগ্রাম উপস্থিত হইল। ২১ পাম্পির সেনারা প্রথমে প্রচণ্ডতা পূর্ব্বক রণ করিল তাহাতে যদিও সিজরের যোদ্ধাদিগের জয় করা অভ্যাস ছিল তথাপি তাহারা অস্থির হইয়া পড়িল। অতএব সিজর সাতিশয় বিপদাপন্ন হইলেন, তিনি তাদৃশ বিপন্ন আর কখন হয়েন নাই। যাহাহউক, ভয়ানক সমর ক্ষেত্রে শেষে স্বয়ং প্রবেশ করত সেনাদিগকে সম্বোধন পূর্ব্বক উচ্চস্বরে কহিতে লাগিলেন "অহে আমি তোমাদিগের অধ্যক্ষ হইয়া যুদ্ধ করিতে২ বৃদ্ধ হইলাম কিন্তু শেষে কি এই হইল এখন তোমরা কতিপয় বালকের হস্তে আমাকে অর্পণ করিলা।" ২২ এই মর্ম্মান্তিক বেদনা প্রকাশক

---

* এই গ্রাম স্পেন দেশস্থ গ্রানেডা প্রদেশে আছে, মন্ডা নামক নগরের নিকটবর্ত্তী তাহার নাম মনডা হইয়াছে। এক্ষণে ঐ অতি সামান্য গ্রাম হইলেও পূর্ব্ব নামে খ্যাত আছে।

বাক্যে তাঁহার দশম সংখ্যক সৈন্যদলস্থ জনগণ প্রত্যেকে স্বং স্বাভাবিক অপেক্ষাও অধিক শূরত্ব প্রকাশ করিতে আরম্ভ করিল। ঐ সময় লেবাইনস্ তাঁহার দলস্থ নিউমিডিয়ান্ জাতীয় পরাঙ্মুখ অশ্বারোহি সেনার পশ্চাতে কতিপয় অশ্বারূঢ় সৈন্য প্রেরণ করাতে তিনি কপটতা পূর্ব্বক উচ্চস্বরে কহিলেন দেখ লেবাইনসের সৈন্যেরা পলায়ন পরায়ণ হইতেছে। উভয় পক্ষের লোকেরা ঐ ধ্বনি লইয়া আন্দোলন করাতে সিজরের সেনাদিগের সাহস বৃদ্ধি ও বিপক্ষদিগের অকস্মাৎ নৈরাশ্য হইল। ২৩ ফলতঃ এইক্ষণে সিজরের সেই দশম শ্রেণী রণ প্রকাশ পুরঃসর অগ্রসর হইয়া শত্রুদিগকে সম্পূর্ণ রূপে পরাভূত করিল *। তাহাতে নিয়স্ পাম্পির ত্রিশ সহস্র সেনা হত হইল, তন্মধ্যে লেবাইনস্ আপনিও রণশায়ী হইলেন। সিজর সেনাপতির উপযুক্ত সম্মানের সহিত তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পাদন করিলেন। নিয়স্ পাম্পি সমুদ্র পথে পলায়ন করিতেছিলেন, সিজরের সেনাপতি তাঁহাকে দেখিতে পাইয়া বর্ত্মাবরোধ করিল তাহাতে তিনি একটা অন্ধকারময় বিবর মধ্যে আপনাকে গোপন করিয়া রাখিলেন কিন্তু পরে সিজরের সেনারা তাঁহাকে দেখিতে পাওয়াতে তৎক্ষণাৎ তাঁহার মস্তক ছেদন পূর্ব্বক তাহা সিজরের সম্মুখে আনিয়া উপহার দিল। তাঁহার ভ্রাতা সেক্সটস অতিশয় গোপন বেশে লুকায়িত হইয়াছিলেন কেহই তাঁহার তত্ত্ব করিতে পারে নাই, তিনিই পরে প্রসিদ্ধ নাবিক তস্কর হইয়া রোম বাসিদিগের অতিশয় ভয়ের ও ক্লেশের কারণ হইয়াছিলেন।

২৪। সিজর এই রূপে আপনার সমস্ত অরাতি নিঃশেষ করিয়া জীবনের অবশিষ্টাংশ রাজ্যের মাঙ্গলিক কর্ম্মে বিনিয়োগ করিতে

---

* সিজর ঐ যুদ্ধের পর লিখিয়া [illegible] আনিয়া আপনার [illegible] [illegible] যুদ্ধ করিয়াছি কিন্তু আপনার প্রাণ রক্ষা হেতু এই [illegible]

মনস্থ করিলেন, অতএব ভূরি২ অপূর্ব্ব অট্টালিকা নির্ম্মাণ পূর্ব্বক রোম নগরীকে ভূষিত করিতে আরম্ভ করিলেন এবং কার্থেজ ও করিন্থ নামে দুই নগর পুনর্ব্বার নির্ম্মাণ করত উভয় স্থানেই বহু২ লোকের বসতি করাইলেন। অপর ইটালি দেশস্থ অনেক পর্ব্বত সমভূমি ও পানটস্ * দেশীয় জলাশয় সকল শুষ্ক করিতে চেষ্টা করিতে লাগিলেন আর পিলাপনিসস্ দেশস্থ † ডমরু মধ্যের মধ্য ভাগ কর্ত্তন পূর্ব্বক দুই দিগের সমুদ্রকে পরস্পর মিলিত করিয়া দিতে যত্নবান হইলেন। ২৫। ফলতঃ নিরালস্য হইয়া এমত২ গুরুতর বিষয় সকলের কল্পনা করিয়াছিলেন যে অতি দীর্ঘ জীবী হইলেও তাদৃশ ব্যাপার সকল সম্পন্ন করা অতি দুষ্কর ছিল। তিনি যে২ কল্পনা করেন তন্মধ্যে ক্রাসসের হত্যার প্রতিফল প্রদানার্থ পার্থিয়নদিগের প্রতিকূলে যুদ্ধ যাত্রার প্রস্তাব সম্পাদন নিমিত্ত অত্যন্ত উৎসুক হইয়াছিলেন অতএব তদর্থ গন্তুকেই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া গণ্য করা যায়। পূর্ব্বে ক্রাসস্ পার্থিয়নদিগের দেশের অভ্যন্তরে প্রবেশ করিয়াছিলেন কিন্তু অবশেষে পরাভূত হওত বন্দী হইয়া নিষ্ঠুর রূপে হত হন, অর্থাৎ পার্থিনিয়নেরা তাঁর অপরিসীম ধনাকাঙ্ক্ষার দণ্ড স্বরূপে তাঁহার গলদেশে দ্রবীভূত স্বর্ণ ঢালিয়া দিয়াছিল। পার্থিয়া হইতে তিনি হির্কেনিয়া ‡ দেশ দিয়া ক্যাস্পিয়িন সমুদ্রের কূলে গমন করত

---

* পনটস্ প্রদেশ আসিয়ার মধ্যস্থ আর্মেনিয়া দেশের উত্তর পশ্চিমে ছিল। পূর্ব্ব কালের লোকেরা কহেন তথায় বিবর নামক যে এক প্রকার পশু ছিল তাহার মুষ্কে মহোপকারি ঔষধ হইত।

† গ্রীস দেশের দক্ষিণাংশে পিলাপনিসস্ নামে প্রায় দ্বীপ ছিল, এইক্ষণে তাহার নাম মোরিয়া হইয়াছে।

‡ আসিয়া মহা দ্বীপস্থ পার্থিয়া দেশের উত্তরে ও মিডিয়া দেশের পশ্চিমে হির্কেনিয়া দেশ আছে। সর্প ও বন্য পশ্বাদিতে পরিপূর্ণ এবং পর্ব্বতময় প্রযুক্ত সেখানে অবাধ্যরূপ সৈন্যাদিকে শ্রেণী বদ্ধ করিয়া স্থাপন করা যাইতে পারে না।

সিথিয়া * দেশে প্রবেশ করিতে মনুস্থ করেন এবং শেষে জর্মেনিয়া † প্রদেশস্থ অতি বিস্তৃত নিবিড় বনের মধ্য দিয়া একটা পথ নির্ম্মাণ পূর্ব্বক গাল দেশে আগমন ও রোমে পুনর্গমন করিতে স্থির করিয়াছিলেন। তাঁহার ঈদৃশ দুরূহ ব্যাপার সকল সিদ্ধি করিবার মানস কেবল উচ্চাভিলাষ বিলসিত ছিল, সন্দেহ নাই কিন্তু কতিপয় লোকের দ্বেষ বশতঃ তৎসমুদয়ই নিষ্ফল হয়।

প্রশ্ন।

১ পরে সিজর কি করিলেন?

২ রোমে অনুপস্থিত থাকিবার সময়ে তাঁহার প্রতি কি২ সম্মান অর্পণ হইয়াছিল?

৩ তাঁহার প্রতিনিধি কি রূপ আচরণ করিয়াছিলেন?

৪ সিজর কি রূপে রোম মধ্যে পুনর্ব্বার স্থিরতা স্থাপন করিলেন?

৫ পরে তিনি কোন্ কর্ম্মে প্রবৃত্ত হইলেন?

৬ ঐ যুদ্ধে কি ফল হইল?

৭ কেটো কি প্রকার অবস্থায় পতিত হইয়াছিলেন?

৮ তিনি কি উপায় কল্পনা করিয়াছিলেন?

* ইউরোপ ও আসিয়ার সর্ব্ব উত্তরাঞ্চলের নাম সিথিয়া, তাহার উত্তরাংশ অতিশয় শীতল, তথায় পূর্ব্বে কেহ বাস করিতে পারিত না। পূর্ব্ব কালীন লোকেরা ঐ স্থানের সীমা অবগত ছিলেন না, কারণ দক্ষিণ ব্যতিরিক্ত অন্য কোন দিকে কেহ কখন গমন করেন নাই। টারটেরি, আসিয়াস্থ রুসিয়া, সাইবিরিয়া, মসকোবিয়া, প্রসিয়া, পোলাণ্ড, হঙ্গেরির কিয়দংশ, লিথিউএনিয়া, জর্মেনির উত্তরাংশ, সুইডেন, নারওয়ে প্রভৃতি অনেক দেশ পূর্ব্বে সিথিয়া নামে বিখ্যাত ছিল।

† জর্মনি দেশ ইউরোপের মধ্যস্থ এবং ফ্রান্সের পূর্ব্ব দিকে অবস্থিত।

সম্মানের বিনিময়ে ঐ উপাধি গ্রহণ করিতে মনস্থ করিয়াছিলেন কি না এ কথা প্রকাশ [illegible] নাই, কিন্তু ইহা নিশ্চয় হইয়াছিল যে তাঁহার [illegible] উদার ও সরল স্বভাব ছিল এবং আপনি মনে২ আপনাকে ঐ বিষয়ে নির্দোষ জানিয়া নিশ্চিন্ত থাকিতেন *। ও তাহার প্রমাণ এই; তিনি অতিশয় শক্তিমান এ প্রযুক্ত অনেকে তাঁহার হিংসা করে, কোন ব্যক্তি এই কথা তাঁহার নিকট কহাতে তিনি উত্তর করিয়াছিলেন সর্ব্বদা সাশঙ্ক হইয়া [illegible] বিশ্বাসঘাতকদের হস্তে একেবারে প্রাণ পরিত্যাগ করা শ্রেয়স্কর; তিনি ব্রুটস্ নামক এক ব্যক্তির [illegible] অতিশয় প্রত্যয় করিতেন কিন্তু এক্ষণে বন্ধুবর্গ তাঁহার [illegible] হইবার নিমিত্ত তাঁহাকে পরামর্শ প্রদান করিল তাহাতে তিনি আপনার দুর্ব্বল ও বিক্ষত বক্ষঃস্থল অনাবৃত করিয়া উচ্চস্বরে তাহাদিগকে কহিলেন "তোমরা কি মনে কর ব্রুটস্ এতাদৃশ বহুযত্ন স্থান অর্থাৎ এই বিক্ষত বক্ষঃস্থল পুনর্ব্বার বিদারণ

---

* সিজর কৃষি ও মৃগয়াকারিদিগের ইষ্ট দেবতার সম্মানার্থ লিউপরকেলিয়া নামক পর্ব্বে সাহায্য করিয়াছিলেন এবং আপনার জয়ালঙ্কারে ভূষিত হইয়া বিচার স্থানে এক স্বর্ণাসনোপরি উপবিষ্ট হইতেন। ঐ সময়ে আন্টনী তাঁহাকে এক খান রাজ মুকুট প্রদান করেন তাহাতে তিনি হস্ত দ্বারা তাহা সরাইয়া দেন, আন্টনী পুনর্ব্বার দিবার উপক্রম করিলে তিনি পুনশ্চ অস্বীকার করেন। লোকে অনুমান করিয়া কহিয়া থাকে সিজর ও আন্টনী ঐ রূপ করিতে পূর্ব্বে পরামর্শ করিয়াছিলেন। যাহা হউক, সিজর রাজ মুকুট লইতে দুই বার অসম্মত হওয়াতে লোকেরা তাঁহার মহাং ধন্যবাদ করিয়াছিল তাহাতে তিনি স্পষ্টই বুঝিতে পারিয়াছিলেন তাহা গ্রহণ করিলে তাঁহার অতিশয় বিপদ হইত; কিন্তু রাজ উপাধির প্রতি লোকের এ রূপ বিদ্বেষ দেখাতে তাঁহার যে [illegible]পরোনাস্তি নৈরাশ্য ও মনো দুঃখ হইয়াছিল সে ভাবের গোপন হয় নাই।

করিতে প্রয়াস করিবেন।" পরে রাত্রি কালে ভোজন করিতে২ কোন্ প্রকার মৃত্যু সহজ এ বিষয়ের বাদানুবাদ উপস্থিত করিলেন। তাহাতে আপনি এই মত প্রকাশ করিলেন অগ্রে কিঞ্চিন্মাত্র জ্ঞান না থাকিয়া অকস্মাৎ যে নিধন, তাঁহাই সর্ব্বাপেক্ষা সুখদ। পরে আপনি বৈরিদিগকে অত্যল্প ভয় করেন ইহা সকলকে জানাইবার নিমিত্ত আপনার শরীর রক্ষক স্পেন দেশীয় প্রহরিদিগকে বিদায় করিয়া দিলেন।

৪ এইক্ষণে ষষ্টি জন সেনেটাধ্যক্ষ মিলিত হইয়া তাঁহার বিপক্ষে মন্ত্রণা করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহারা অন্যান্য লোক অপেক্ষা বিশেষ ভয়ের স্থল ছিলেন কেননা তাঁহাদিগের অধিকাংশ সিজরের আত্মীয় এবং সকলেই সিজর দ্বারা অন্যান্য নগরবাসি অপেক্ষা গৌরবান্বিত হইয়াছিলেন। পরন্তু এক্ষণে তাঁহারাই তাঁহার প্রধানত্বে অসহিষ্ণু হইলেন। ফার্সেলিয়ার যুদ্ধের পর সিজর দয়াপ্রযুক্ত যে ব্রুটসের জীবন রক্ষা করেন এবং যে ক্যাসস্ তাঁহার অনুগ্রহে ক্ষমা প্রাপ্ত হইয়াছিলেন, সেই দুই ব্যক্তি এক্ষণে ঐ কুমন্ত্রণার প্রধান হইলেন কারণ ঐ বৎসর তাঁহারা উভয়েই নগরের বিচার কর্ত্তা হইয়াছিলেন। ৫ যে ব্রুটস্ রোম নগরকে প্রথমতঃ স্বাধীন করেন তাঁহারই বংশে আমি জন্মিয়াছি এই মনে করিয়া ব্রুটস্ অতিশয় অভিমান করিতেন; ফলতঃ তাঁহার পূর্ব্ব পুরুষদিগের শোণিত শরীর পরম্পরায় যেমত তাঁহার দেহে প্রবহমান হইতেছিল [illegible] স্বাধীনতার প্রেমও সেইরূপ তাঁহার চিত্তে দীপ্যমান ছিল। পরন্তু তিনি যদ্যপিও কঠিন এবং স্বেচ্ছাচারি শাসনে নিতান্ত বিরক্ত ছিলেন তথাপি এই স্বেচ্ছাচারি শাসন কর্ত্তা সিজরের নিকট যথেষ্ট উপকার প্রাপ্ত হওয়াতে তাঁহার প্রতি প্রেম না করিয়া অন্য মত করিতে পারেন নাই।

৬ সে যাহা হউক, তাঁহারা ন্যায়তঃ ঐ বিষয়ে প্রবৃত্ত হইয়াছেন লোকদিগকে জ্ঞাপন করিবার নিমিত্ত মার্চ্চ মাসের আইডস্ অর্থাৎ

১৫ দিবস পর্য্যন্ত আপনাদিগের সংকল্প পূর্ণ করিতে বিলম্ব করিলেন, কেননা সিজরের প্রতি রাজমুকুট প্রদানার্থ ঐ দিবস নির্দ্ধারিত হইয়াছিল। ৭ গণকেরা গণনা করিয়া কহিয়াছিল ঐ দিবস সিজরের প্রতি সাংঘাতিক উৎপাত ঘটিবে; অপর ঐ দিবসের পূর্ব্ব রাত্রে সিজর আপন স্ত্রী ক্যালফর্নিয়াকে স্বপ্নে বিলাপ করিতে দেখিয়াছিলেন। পত্নীর নিদ্রা ভঙ্গ হইলে তাঁহাকে তদ্বিবরণ জিজ্ঞাসা করাতে তিনি অস্ফুটে স্পষ্ট রূপেই কহিয়াছিলেন, স্বপ্নে দেখিলাম যেন তুমি বিশ্বাসঘাতকদের হস্তে আমার ক্রোড়ে হত হইয়া রহিয়াছ। ৮ এই সকল কুলক্ষণ দর্শনে ও কুসংবাদ শ্রবণে সে দিবস সিজরের সেনেট সভায় গমনের মানস কোন২ অংশে পরিবর্ত্তন হইতে আরম্ভ হইল, কিন্তু যাবৎ সহধর্ম্মচারিণী কুস্বপ্ন না দেখিবেন তাবৎ পর্য্যন্ত গৃহ হইতে বহির্গত না হইলে অতি নিন্দা ও লজ্জা হইবে এবং সেনেট সভায় তাঁহার উপস্থিত হইবার নিমিত্ত সমগ্র আয়োজন হইয়াছে এই কথা এক জন কুমন্ত্রণাকারী আসিয়া কহিল সুতরাং তিনি আপনার পূর্ব্ব প্রতিজ্ঞাই বলবতী রাখিতে স্থির করিলেন। ৯ তখন সেনেট সভায় গমন করেন তৎকালে এক জন দাস ঐ কুমন্ত্রণার সংবাদ দিবার নিমিত্ত তাঁহার নিকটে গমন করিতে চেষ্টা করিল কিন্তু জনতা প্রযুক্ত যাইতে পারিল না। গ্রীক জাতীয় আর্টিমিডোরস্ নামক এক জন পণ্ডিত ঐ ষড়যন্ত্রের সমাচার পাইয়া তাহার প্রধান২ কথা এক পত্রে লিপি বদ্ধ করিয়া তাঁহার সমীপে উপস্থিত করিল, কিন্তু তিনি স্বয়ং তাহা পাঠ না করিয়া আপনার এক জন কার্য্য সম্পাদকের হস্তে প্রদান করিলেন কেননা নিয়ম করিয়াছিলেন যাত্রার সময়ে কোন আবেদন পত্র পাইলে তৎক্ষণাৎ পাঠ করিব না সম্পাদকের হস্তে দিয়া অবকাশ ক্রমে তদ্বিবরণ অবগত হইব। সেনেট সভার যে স্থানে ষড়যন্ত্রকারিরা তাঁহাকে আক্রমণ করিবার নিমিত্ত প্রস্তুত ছিল, তিনি তথায় প্রবেশ করিলে স্পিউরাইনা নামক যে গণক তাঁহার বিপদ্ গণিয়া বলিয়াছিল তাহার সন্দর্শন পাই-

ত্রয়োবিংশতি আঘাত প্রাপ্ত হইয়া পাম্পির প্রতিমূর্ত্তির নিম্নভাগে কলেবর পরিত্যাগ করিলেন।

১৩ অতএব সিজর ষট্ পঞ্চাশৎ বর্ষ বয়ঃক্রমে পৃথিবী জন্মান্তের চতুর্দ্দশ বৎসর পরে হত হইলেন। ১৪ তাঁহার বিবরণ পাঠ করিলে তদীয় অদ্ভুত ভাগ্য এবং মহা ক্ষমতা এতদুভয়ের মধ্যে কোন বিষয়ের অধিক প্রশংসা কর্ত্তব্য তাহা স্থির করা অতি দুষ্কর হয়। তিনি প্রথমাবধি স্বদেশ স্বাধীন করিবার স্পৃহা করিয়াছিলেন একথা বলিলে তাঁহার সুবিখ্যাত তীক্ষ্ণ বুদ্ধির নিন্দা করা হয়, কারণ তদ্বিষয়ে সহস্র২ ব্যাঘাত সম্ভাবনা ছিল দৈব বল ব্যতীত কেবল ক্ষমতা দ্বারা সে সকলের নিবাকরণ হইতে পারিত না, অতএব যে বিষয়ের সিদ্ধিতে অধিক প্রতিবন্ধক, তাঁহার তুল্য সুবুদ্ধি লোকে তদর্থ যত্ন করিবেন ইহা কদাপি যুক্তি সিদ্ধ হইতে পারে না। ১৫ অপর ইহাও সম্ভাব্য বটে যে অন্যান্য কৃতকার্য্য ব্যক্তিদিগের ন্যায় তিনি প্রত্যেক ঘটনায় সাধ্যানুসারে আপনার মঙ্গল সাধনের চেষ্টা করিয়াছিলেন এবং সৌভাগ্য ও উন্নতির সঙ্গে২ তাঁহার আকাঙ্ক্ষাও বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল অতএব প্রথমতঃ সামান্য পদ প্রাপ্ত্যাশায় সন্তুষ্ট থাকিলেও শেষে অভিপ্রায় সফল হওনে প্রতিবন্ধক না দেখিয়া সসাগরা ধরা শাসন করিতে মানস করিয়াছিলেন ফলতঃ মহাত্মা মনুষ্যের স্বভাবই এই, যত ক্ষমতা প্রাপ্ত হন ততই অধিক আশা করেন।*

১৬ কুমন্ত্রণাকারিরা সিজরকে নষ্ট করিয়া রোমীয় দুর্গে প্রস্থান পূর্ব্বক ব্রূটসের বেতন ভোগী যে এক দল অস্ত্র ক্রীতুক ছিল তাহারদিগের দ্বারা সেই স্থানের সমুদায় মর্য্যাদা রক্ষা করিল।

* রোমানেরা তাঁহাকে যে শক্তি দিতে অস্বীকৃত ছিল তিনি লোভ প্রযুক্ত তাহা গ্রহণ করেন বটে কিন্তু অতিশয় পরিমিত কাল তাহা ভোগ করিয়াছিলেন। লোকেরা তাঁহার প্রতি শ্রদ্ধা ভক্তি এবং বন্ধুরা আদর ও রিপুরা সম্মান করিত। ফলতঃ ঐ সমস্ত গুণে অসীম শক্তি পাইবার উপযুক্ত পাত্র তদ্ব্যতীত অন্য কেহ ছিল না।

১৭ তাঁহার বন্ধুরা বিবেচনা করিলেন সুবিচার ছলে পরাক্রম বৃদ্ধি এবং আপনারদিগের লোভ সম্পূর্ত্তির এই উপযুক্ত কাল। আন্টনীও ঐ সকল ব্যক্তির মতে মত দিলেন। ১৮ এই ব্যক্তির গুণ অল্প কিন্তু দোষ অধিক ছিল এবং অতিরিক্ত ক্ষমতা পাইলে ইন্দ্রিয় সুখে ও লাম্পট্যাদি কুক্রিয়ায় আমোদী হইতেন অর্থাৎ ঐ২ বিষয়ের নিমিত্তই সতত অভিলাষী ছিলেন। ইনি বাল্য কালে যুদ্ধ বিদ্যা শিক্ষা করাতে কেবল তাহাতেই সুনিপুণ ছিলেন। * সে যাহা হউক ঐ বৎসর কন্সল থাকাতে অবকাশ পাইয়া লেপিডস্ নামক কলহপ্রিয় এক ব্যক্তির সহিত মিলিত হইলেন এবং যে শক্তি গ্রহণ করিতে গিয়া সিজর প্রাণে বিরহিত হন সেই শক্তি অবলম্বন করিতে প্রতিজ্ঞা করিলেন। পরে লেপিডস্ আপনার অনুগত এক দল সৈন্যের সহিত ফোরম্ † নামক স্থান অধিকার করিলে আপনি কন্সল পদস্থ থাকাতে তাঁহারদিগের অধ্যক্ষতার ভার প্রাপ্ত হইলেন। ১৯ তাঁহারা প্রথমে সিজরের কাগজ পত্র ও ধন অধিকার করিয়া পরে সেনেট সভ্যদিগকে একত্র করিলেন। ২০ ঐ সম্ভ্রান্ত সভা একণে যে রূপ গুরুতর অথচ কোমল বিষয়ের বিবেচনা নিমিত্ত আহূত হইল পূর্ব্বে কখন তদ্রূপ কার্য্যার্থ একত্র হয় নাই। ঐ সভাতে এই নির্ণয় করিতে হইল যে সিজর বিধিবৎ বিচার কর্ত্তা কিম্বা পীড়া জনক রাজ্যাপহারী ছিলেন এবং তাঁহার হন্তাদিগকে পুরস্কার

* কুমন্ত্রণাকারিদিগের এই মত ছিল যে সিজরের সহিত আন্টনীকেও নষ্ট করা যায় কিন্তু সম্ভ্রান্ত ব্রুটস্ সপক্ষ হইয়া তাঁহার প্রাণ রক্ষা করিয়াছিলেন। পরন্তু আন্টনী অতি কৃতঘ্নতা পূর্ব্বক উপকারের বিপরীত ফল প্রদান করিলেন।

† রোমে ফোরম্ নামক এক প্রকাশ্য স্থান ছিল, তথায় সম্পত্তি, রাজ্য ও দোষাদি বিষয়ের ব্যবস্থা দায়কেরা এবং বক্তারা বক্তৃতা করিতেন।

দেওয়া কি দণ্ড করা উচিত। সভ্যদিগের মধ্যে অনেকেই তাঁহার অনুগ্রহে উচ্চ পদ প্রাপ্ত হইয়া প্রচুর ধনোপার্জ্জন করিয়াছিলেন, অতএব তাঁহাকে রাজ্যাপহারক কহিলে যদি আপনারদিগের ঐ সম্পত্তি বিনষ্ট হয় এতদাশঙ্কায় তাহা কহিতে পারিলেন না। অপর নির্দ্দোষ বলিলেও রাজ্য মধ্যে সমূহ বিপদ্ সম্ভাবনা; অতএব তাঁহারা আপনারদিগকে মহা বিপদ্গ্রস্ত বোধ করিলেন শেষে অনৈক্য বিষয় ঐক্য করিতে ইচ্ছুক হইয়া সিজরের সমস্ত কর্ম্মই ভাল বলিলেন এবং কুমন্ত্রণাকারিদিগকেও ক্ষমা করিলেন।

২১ তাহাদিগের ঐ মতে আণ্টনীর কিঞ্চিন্মাত্র সন্তোষ জন্মিল না, কারণ তাহাতে অত্যাচার অসহিষ্ণু বহু লোক অর্থাৎ সিজরের হন্তারা রক্ষা পাইল সুতরাং অসীম শক্তি পুনর্ব্বার স্থাপন হওনের বিলক্ষণ প্রতিবন্ধক রহিল। সে যাহা হউক সেনেট সভ্যেরা সিজরের সমস্ত কর্ম্মে কোন প্রকার প্রভেদ না করিয়া উপরোক্ত মতই বলবৎ করিলেন কিন্তু আণ্টনী এই যুক্তি করিলেন যে সিজর জীবিতাবস্থায় যে রূপ দাম্ভিকতা পূর্ব্বক শাসন করিয়াছিলেন মৃতাবস্থাতেও তাঁহাকে সেইরূপ প্রভুত্ব করাইব। ২২ অতএব সিজরের হিসাবের পুস্তক সকল প্রাপ্ত হইয়া তাঁহার প্রধান কর্ম্মচারিকে বশীভূত করিলেন এবং আপনি যাহা উপযুক্ত জ্ঞান করিলেন তাহার দ্বারা সেই বিষয়ই ঐ পুস্তকে লেখাইলেন। এই উপায় দ্বারা বিস্তর টাকা লোকেরদিগের নামে বিতরণ লেখাইলেন কিন্তু সিজর জীবদ্দশায় থাকিলে আপনি তত দান কখন করিতেন না। এইরূপে রাজ্যের বিরুদ্ধে যে সকল লোকের কোন প্রকার মনস্থ ছিল তাহাদিগের সকলেরই নামে পারিতোষিক লেখা হইল। ২৩ আণ্টনী এই সকল বিষয় স্থির করিয়া সিজরের অন্ত্যেষ্টি ক্রিয়া করিবার কারণ সেনেট্দিগের অনুমতি প্রার্থনা করিলেন। তাঁহারা ভদ্রতার রীত্যনুসারে ঐ বিষয়ে অমত করিতে পারিলেন না কারণ আপনারা সিজরকে কখন রাজ্যাপহারক কহেন নাই। অতএব আণ্টনী সমারোহ পূর্ব্বক তাঁহার

শব ফোরমে আনয়ন করিয়া বন্ধুর শেষ কর্ত্তব্য কর্ম্ম তায় এবং করত লোকেরদিগকে স্বং সত্যের বিষয়ে প্রবৃত্তি জনক হেতু দর্শাইয়া তাহাদিগের ক্রোধ বৃদ্ধি করিতে লাগিলেন। ২৪ তিনি ঐ বিষয়ে কৃতকার্য্য হইবার জন্য প্রথমে সিজরের অনুমতি পত্র পাঠ করিলেন। তাহাতে এই লিখিত ছিল, আমার অপনার পোষ্য অক্টেভিয়স আমার নাম গ্রহণ পূর্ব্বক উত্তরাধিকারী হইয়া আমার নিজ ধনের চতুর্ভাগের তিন ভাগ লইবেন কিন্তু যদি তাঁহার মৃত্যু হয় তবে ব্রুটস তাহা পাইবেন এবং টাইবর * নদীর পারস্থ উদ্যান সকল রোমানেরা প্রাপ্ত হইবে, অপর প্রত্যেক নগরবাসী প্রায় ২৩৷৵ আনা করিয়া পাইবেক। পরে সিজরের শোণিতাক্ত শরীরের অস্ত্র বিদ্ধ পরিচ্ছদ উন্মোচন করিয়া তাহাতে যত আঘাত লাগিয়াছিল তাহার সংখ্যা সকলকে জ্ঞাপন করিলেন। এতদ্ভিন্ন অস্ত্রাঘাতের ক্ষত চিহ্নিত মোম নির্ম্মিত একটা প্রতিমূর্ত্তি তাহাদিগের সম্মুখে স্থাপন করিলেন। ২৫ তদ্দর্শনে লোকেরা রাগ সম্বরণ করিতে না পারিয়া সকলে একবাক্য হইয়া কুচক্রিদিগের প্রতি হিংসা করিবার মানস প্রকাশ করিল এবং সিজরের প্রজ্বলিত চিতা হইতে জ্বলন্ত কাষ্ঠ গ্রহণ পূর্ব্বক ঐ সকল লোকের গৃহে অগ্নি দিতে ধাবমান হইল। তাহারা এইরূপে রাগান্ধ হইয়া যাইতে২ পথি মধ্যে সিনা নামক এক ব্যক্তির সাক্ষাৎ পাওয়াতে তাহার নামে সে এক ব্যক্তি কুমন্ত্রণাকারিদের মধ্যে ছিল এই যে ইহা বোধ করত তাহাকে খণ্ড২ করিয়া বিদীর্ণ করিল। ২৬ কিন্তু যথার্থ কুচক্রিরা উত্তম রূপে রক্ষিত থাকাতে তাহাদের কোন হানি হইল না বরং তাহারা ঐ সকল ব্যক্তিকে অনায়াসে দূরীকৃত করিয়া দিল পরন্তু আপনাদিগের

* ইটালি দেশস্থ টাইবর নামক বিখ্যাত নদী রোম নগর দিয়া প্রবাহিত হইয়া অষ্টিয়া নামক ঘাটের নিকটে মেডিটেরেনিয়ন সমুদ্রে মিলিত হইয়াছে।

প্রতি সাধারণের ভয়ানক রূপ দেখিয়া নগর মধ্যে থাকা বিপজ্জনক জ্ঞান করত তৎক্ষণাৎ হইতে প্রস্থান করিল।

২৭ মহা প্রসঙ্গের মূল আন্টনী একণে অবকাশ পাইয়া সাধ্যানুসারে আপনার মঙ্গল করিতে সচেষ্ট হইলেন কিন্তু আক্টেবিয়সের জন্য তাঁহার আকাঙ্ক্ষার বিষম ব্যাঘাত পড়িল। ঐ ব্যক্তি শেষে আগষ্টস * উপাধি প্রাপ্ত হয়েন, তিনি সিজরের ভগিনী পৌত্র, পরে তাঁহার পোষ্য পুত্র হইয়াছিলেন; আক্টেবিয়স যে প্রতিকূল হইবেক আন্টনী কখন মনেও করেন নাই। অধিকন্তু শক্তি প্রাপ্তি বিষয়ে আগষ্টস ভিন্ন অন্য এক ব্যক্তি তাঁহার শত্রু হইলেন তাহার নাম লেপিডস। তিনি ধনী ও ক্ষমতাপন্ন ছিলেন। ২৮ প্রথমতঃ এই তিন ব্যক্তি পৃথক২ রূপে স্বার্থ চেষ্টা করিয়াছিলেন তাহাতে তিন জনেরই অমঙ্গল হইতে আরম্ভ হয় অতএব শেষে মিলিত হইয়া সিজরের হত্যাকারিদের প্রতিহিংসা করিতে প্রতিজ্ঞা করেন এবং আপনাদের শক্তি বিভাগ করিয়া লয়েন। ২৯ ইহারা রোমীয় ইতিহাসে দ্বিতীয় ট্রাইয়মবিরেট অর্থাৎ ত্রিরাধ্যক্ষ রূপে বিখ্যাত।

প্রশ্ন।

১ সিজর ডিকটেটরাদি হইলে রাজ্যে কি জনরব হইল।

২ ঐ জনরব কি সত্য? সিজর যে রাজা হইতে বাঞ্ছা করেন নাই, তাহার কি২ প্রমাণ আছে?

৩ কোন্ ব্যক্তিরা সিজরের বিপক্ষে কুমন্ত্রণা করিল?

৪ ব্রুটসের কি রূপ আচরণ ছিল?

৫ কুমন্ত্রণাকারিরা কোন্ দিবসে সিজরের প্রাণ নাশ করিতে স্থির করিল?

* সিজরের ভগিনী জুলিয়ার কন্যা একসিয়ার গর্ভে ও কেয়স আকটেবিয়স নামক এক সেনেট সভ্যের ঔরসে আকটেবিয়স অর্থাৎ আগষ্টসের জন্ম হয়।

৬ তিনি কি এই কুমন্ত্রণার বিষয় কিছুই অবগত হন নাই?

৭ সেনেট সভায় গমন বিষয়ে কুলকর্ণ দর্শনে তিনি কি মনে করিয়াছিলেন এবং সে সঙ্কল্প কি প্রকারে ভঙ্গ হইল?

৮ ঐ মন্ত্রণার আর কোন সম্বাদ প্রাপ্ত হইয়াছিলেন কি না?

৯ সেনেট সভায় প্রবেশ করিলে পর তাঁহার এবং স্পিউরাইনার মধ্যে কি কথোপকথন হইল?

১০ কুমন্ত্রণাকারিরা কি প্রকারে আপনাদের ইষ্ট লাভ করিতে আরম্ভ করল?

১১ তাহারা কি সঙ্কেত স্থির করিয়াছিল এবং সঙ্কেতানুসারে কি করিল?

১২ সিজরের মৃত্যুর বিষয় বিস্তার করিয়া কহ?

১৩ সিজরের কত বয়ঃক্রম হইয়াছিল?

১৪ তিনি প্রথমাবধি রাজ্যাধিকার করিতে মনস্থ করিয়াছিলেন কি না?

১৫ তিনি কি প্রকারে রাজকীয় শক্তি প্রাপ্ত হইয়াছিলেন?

১৬ মন্ত্রণাকারিরা আপনাদের রক্ষার্থ কি উপায় করিল?

১৭ সিজরের মৃত্যু হইলে তাঁহার বন্ধুদের কি মানস হইল?

১৮ আণ্টনী কে ও তাঁহার কিরূপ আচরণ এবং তিনি কি করিলেন?

১৯ সেনেট সভ্যেরা একত্র হইয়া কি করিলেন?

২০ সেনেট সভ্যেরা যে মত স্থির করিলেন তাহাতে আণ্টনী তুষ্ট হইলেন কি না?

২১ আণ্টনী আপন মানস সিদ্ধ করিবার কারণ কি২ উপায় করিলেন?

২২ সেনেট সভ্যদিগকে কি জন্য সিজরের অন্ত্যেষ্টি ক্রিয়ায় আজ্ঞা দিতে হইল?

২৩ ঐ আজ্ঞা পাইয়া আণ্টনী কি করিলেন?

২৪ সিজরের অনুশক্তি পত্রে কি লেখা ছিল?

২৫ পরে আন্টনী কি করিলেন?

২৬ আন্টনীর বাক্য শ্রবণে ও সিজরের অস্ত্র বিক্ষত বস্ত্র ও মোমের প্রতিমূর্ত্তি দর্শনে লোকেরা কি করিল?

২৭ লোকদের রাগে মন্ত্রণাকারিদের কি বিশেষ হানি হইল এবং তাহারা পরে কি করিল?

২৮ শক্তি প্রাপ্তি বিষয়ে আন্টনীর কে২ শত্রু হইল?

২৯ রোমে দ্বিতীয় ত্রিয়াধ্যক্ষ পদ স্থাপন হইলে কোন২ ব্যক্তি সেই পদে অভিষিক্ত হইল?

---

## ২১ অধ্যায় ৪ খণ্ড।

১ উল্লেখিত তিন ব্যক্তির মধ্যে মিলন হইলেও তাঁহাদের মনো মধ্যে বিশ্বাসঘাতকতার আশঙ্কা দূরীভূত হইল না, অতএব তাঁহারা হেনস্* নামক নদীর নিকটবর্ত্তি একটা ক্ষুদ্র উপদ্বীপে একত্র হইতে পরামর্শ করিলেন কেননা সে স্থানে কোন প্রকার বিপদ ঘটিবার সম্ভাবনা ছিলনা। ২ লেপিডস প্রথমতঃ উক্ত উপদ্বীপে প্রবেশ করিয়া দেখিলেন আশঙ্কার কোন চিহ্নই নাই ইহাতে অন্য দুই জনকে তথায় আসিতে কহিয়া পাঠাইলেন, পরে তাঁহারা আসিয়া উপস্থিত হইলে আন্টনী ডসিমস ব্রুটসকে হত্যা করিয়াছিলেন এ নিমিত্ত আগষ্টস তাঁহাকে প্রণাম করিয়া তদুপলক্ষে কথোপকথন আরম্ভ করিলেন। এই সময় ডসিমস ব্রুটস্ স্বীয় সৈন্য কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া মেসিডোনীয়া হইতে পলায়ন করিতে চেষ্টা করিতেছিলেন তৎকালে হঠাৎ আন্টনীর লোকদের দৃষ্টি পথে পতিত হয়েন তাহাতে তাহারা তাঁহাকে ধৃত করিয়া হত্যা করে। ৩ সে যাহা হউক ত্রিয়া-

---

* রেনস নদীস্থ উপদ্বীপের নাম এইক্ষণে রেনো হইয়াছে ঐ নদী বলোনা দেশের মধ্য দিয়া গিয়া পো নদীতে মিলিত হইয়াছে।

ধ্যক্ষেরা অতীত বিষয়ে দৃষ্টি না করিয়া ক্রমাগত তিন দিবস সাম্রাজ্যের বিভাগ বিষয়ক বাদানুবাদে রত হইলেন এবং কত লোকের মৃত্যু হইবে তাহা স্থির করিয়া এই নির্দ্ধারিত করিলেন ট্রাইয়ম্বিরেট নাম গ্রহণ পূর্ব্বক পাঁচ বৎসরের নিমিত্ত রাজ্যের প্রধান ক্ষমতা হস্তগত করিব। অপর স্থির হইল আণ্টনী গাল প্রদেশে, লেপিডস স্পেন দেশে এবং আগস্টস আফ্রিকা ও সিসিলি সার্দিনিয়া সমুদ্রস্থ উপদ্বীপে শাসন কর্ত্তা হইবেন কিন্তু যদবধি তাঁহাদের সাধারণ শত্রু বিনষ্ট না হয় তদবধি ইটালি ও তৎপার্শ্ব দিকস্থ প্রদেশ সকল তিন ব্যক্তিরই কর্তৃত্বাধীন থাকিবেক. ইহা স্থির করিয়া পরে তাঁহাদের সম্প্রদায় রিপু ধ্বংস হয় এতদর্থ যাহাকেং বিনাশ করিতে হইবেক প্রত্যেকে তাহার একং তালিকা প্রদান করিলেন। ঐ সকল তালিকাতে তাঁহাদের কেবল শত্রুর নাম লিখিত হইল এমত নহে তন্মধ্যে তাঁহাদের বন্ধুগণের নামও রহিল কারণ তাঁহাদের তালিকানুসারে একের বন্ধু অন্যের শত্রু এমত প্রমাণ হইয়াছিল। অতএব লেপিডস আপন অংশিদিগের জিতার্থ ইমিলিয়স পালস নামক স্বীয় সহোদরের হত্যায় স্বীকৃত হইলেন ও আণ্টনী আপন পিতৃব্য লুসিয়সের প্রাণ সংহারে আপত্তি করিলেন না. আর আগস্টস মহা পণ্ডিত সিসিরোকে স্বীয় সহকারির হস্তে সমর্পণ করিলেন তাহাতেই তিনি আণ্টনীর আজ্ঞায় হত হয়েন*।

---

* তাহারা যে রূপ ভয়ানক ও কদর্য্য হত্যাদি করিল তাহা বর্ণন করা অসাধ্য। নগর কেবল কাটাকাটি শব্দে ও মানব শোণিতে পরিপূর্ণ এবং রাজপথ সকল শবে আচ্ছাদিত হইল আর অতি বিখ্যাত সেনেটর সভ্যদের ছিন্নমস্তক উক্ত মঞ্চ সকলে স্থাপিত ও তাহাদের শরীর কুক্কুর এবং শীকারি পক্ষি সকলের ভোগার্থ পথিমধ্যে নিক্ষিপ্ত হইল। এতদ্ভিন্ন তিন শত সেনেট সভ্য ও দুই সহস্রের অধিক যোদ্ধাগণ এবং অন্যান্য অনেক সম্ভ্রান্ত ব্যক্তি হত হইলেন। এই ভয়ঙ্কর

৫ এই সময়ে সিজরের প্রাণ বধার্থ যন্ত্রণাকারিদের প্রধান ব্রুটস ও ক্যাসিয়স রোম নগর পরিত্যাগ করিতে বাধিত হইয়া গ্রীস দেশে প্রবেশ পূর্ব্বক আথেন্স নগরস্থ রোমান ছাত্রদের স্বদেশের স্বাধীনতার পক্ষ হইতে প্রবৃত্তি জন্মাইতে লাগিলেন এবং ব্রুটস্ মেসিডোনিয়ায় গমন করত এক দল পরাক্রান্ত সৈন্য সংগ্রহ করিলেন আর ক্যাসিয়স সিরিয়া প্রদেশে গমন পূর্ব্বক দ্বাদশ লিজিয়ন সৈন্যদলের অধ্যক্ষ হইয়া আপন বৈরি ডলাবেলাকে ঈদৃক্ বিপদে নিক্ষেপ করিলেন যে সে ব্যক্তি আত্মঘাতী হইয়া প্রাণত্যাগ করিল। ৬ পরে উভয়ে স্মির্ণা * নগরে মিলিত হইলেন। তাঁহাদের দুই জনের সংগৃহীত সেনা নিকরের সংখ্যাধিক্য দেখিয়া তাঁহাদের আত্ম পক্ষীয় লোকেরা পুনর্ব্বার আশ্বাসান্বিত হইল। অপর ভ্রম বশতঃ ব্রুটস্ এবং ক্যাসিয়সের পরস্পর যে যৎকিঞ্চিৎ মনোমালিন্য হইয়াছিল তাহা দূরীভূত হইয়া ঐ সময়ে তাঁহাদেরও পরস্পর সাতিশয় প্রণয় হইল। যৎকালে তাঁহারা দেশ বহিষ্কৃত জনগণের ন্যায় ইটালি পরিত্যাগ করিয়া গিয়াছিলেন, তৎকালে এক জন সেনা কিম্বা একটী নগরও তাঁহাদের অধীনস্থ ছিল না কিন্তু এইক্ষণে ভূরিং পরাক্রান্ত সৈন্য সংগ্রহ পূর্ব্বক যুদ্ধের যাবতীয় আবশ্যক দ্রব্য সংকলন করিলেন এবং যে যুদ্ধের ফলে পৃথিবীর অধিকার অনধিকার নির্ভর করিয়াছিল তাহাতে প্রবিষ্ট হইতে বিলক্ষণ সক্ষম হইলেন।

৭ কুমন্ত্রণাকারিরা এবম্প্রকার সদবস্থায় থাকিয়া ক্লিওপেট্রার বিরুদ্ধে গমন করিতে মনস্থ করিল কারণ ঐ রাজ্ঞী তাহাদের শত্রু পক্ষের সাহায্যার্থ যথেষ্ট উদ্যোগ করিতেছিলেন। ৮ কিন্তু আগ-

---

মনকে দাসেরা কৃতজ্ঞতার অনেক প্রমাণ দর্শাইয়াছিল কারণ তাহাদিগের অনেকে যৎপরোনাস্তি যন্ত্রণা সহ্য করত মৃত্যু স্বীকার করিয়াছিল তথাপি প্রভুরা কোথায় ছিলেন তাহা প্রকাশ করে নাই।

* আসিয়া মাইনর দেশস্থ আইওনিয়া প্রদেশে স্মির্ণা নগর আছে।

ষ্টস্ ও আণ্টনী ক্ষণারিংগের সৈন্য ব্যূহ সমভিব্যাহারে তাঁহাদের প্রতি-
কূলে আগমন করিতেছেন হঠাৎ এই সংবাদ প্রাপ্ত হওয়াতে উক্ত
আশ্রম বিসর্জ্জন করিলেন। ব্রুটস সৈন্য সহ গ্রীস ও মেসিডোনিয়া
প্রদেশে গমন করিয়া সে স্থানে শত্রুদের সহিত যুদ্ধ করিবার প্রসঙ্গ
করিলেন কিন্তু ক্যাসিয়স প্রথমে লিসিয়দের * ও রোডিয়দের † প্রতি-
কূলে রণ যাত্রা করিতে পরামর্শ দিলেন কারণ তাহারা নিরূপিত কর
প্রদানে তাচ্ছল্য করিয়াছিল। ৯ ব্রুটস ঐ পরামর্শে সম্মত হইলেন
এবং তাঁহাদিগের সেনারা ঐ বিষয়ে প্রবৃত্ত হইয়া প্রচুর ধন প্রাপ্ত
হইল। ফলতঃ রোডিয়দের জীবন ব্যতীত অন্য কিছুমাত্র অবশিষ্ট
রহিল না। ১০ অপিচ লিসিয়েরা অধিক দুর্দশাগ্রস্ত হইল, কারণ
তাহারা আপনারদের জ্যান্থস্ নামক রাজধানীর মধ্যে থাকিয়া ব্রুট-
সের সহিত মহা যুদ্ধ করিয়াছিল তাহাতে তিনি বিনয় ও কৌশল দ্বারা
তাহারদিগের অধীন হইবার বিস্তর চেষ্টা করেন বটে কিন্তু তাহারা
কোন ক্রমেই তাঁহার অধীনতা গ্রাহ্য করে নাই। ১১ অপর রোমান-
সেনারা নগর বশীভূত করিবার নিমিত্ত যে২ কার্য্য করিয়াছিল লিসিয়রা
সে সকল দগ্ধ করিবার চেষ্টা করিল, ইতিমধ্যে দৈবাৎ জ্যান্থস নগরে
অগ্নি স্পর্শ হইল। ব্রুটস নগর অধিকার করিবার এই সুযোগ
পাইয়াও তদর্থ চেষ্টা না করিয়া তাহার রক্ষার্থ অতিশয় যত্নবান হই-
লেন এবং অগ্নি নির্ব্বাণ নিমিত্ত আপন সৈন্যগণকে বিনয় করিতে
লাগিলেন। ১২ কিন্তু নিপুণ সময় ব্যবহারের নিমিত্ত নগর
বাসিরা তাঁহার প্রতি কৃতজ্ঞ হওয়া দূরে থাকুক বরং উন্মত্ত প্রায়
হইয়া সেই অনলে ঝম্প দেই দেহ বিসর্জ্জন করিতে প্রতিজ্ঞা করিল।

---

* [illegible] সমুদ্রের [illegible] উপদ্বীপবাসিদিগকে রোমীয় কহা যায়।

† [illegible] বাসিদের নাম [illegible]

অতএব তাহারা অগ্নি নির্ব্বাণের চেষ্টায় প্রতিবন্ধকতা করত অধিক প্রজ্বলিত করিবার কারণ শুষ্ক কাষ্ঠ ও নল খাগড়া প্রভৃতি তন্মধ্যে নিক্ষেপ করিতে লাগিল। ১৩ তাহাদিগকে এই প্রকারে আপন ইচ্ছায় বিনষ্ট হইতে দেখিয়া ব্রুটস্ অতিশয় দুঃখিত হইলেন এবং দুর্গ নিকটে অশ্বারোহণ পূর্ব্বক হস্ত বিস্তার করত উচ্চস্বরে বিনয় পূর্ব্বক কহিতে লাগিলেন, অহে তোমরা স্ব২ দেহের সঙ্গতির ও আপন২ জন্ম স্থানের প্রতি নির্দ্দয় হইও না। কিন্তু তাহারা তাঁহার বিনয় বাক্যে বধির হইয়া একাগ্র চিত্তে অগ্নি মধ্যে বেগে প্রবেশ পূর্ব্বক অবিলম্বে নগর সহ ভস্মসাৎ হইল। ১৪ এই ভয়াবহ ভয়ঙ্কর ব্যাপার অবলোকনে দয়ালু ব্রুটস অশ্রু পূর্ণ লোচন হইয়া আপনার সৈন্যদিগকে কহিলেন যদি তোমরা কোন লিসিয়কে জীবিত আনিতে পার উপযুক্ত পুরস্কার দিব. ইহাতে সৈন্যেরা সাধ্যানুসারে চেষ্টা করিতে লাগিল কিন্তু কেবল পঞ্চাশ জনের অধিক ব্যক্তিকে রক্ষা করিতে পারিল না। ১৫ কোনং ইতিহাস বেত্তারা কহেন ব্রুটসের আজ্ঞাতেই ঐ ঘটনা হইয়াছিল। তাঁহারা ইহাও কহেন যে যে সকল লিসিয় স্বেচ্ছা পূর্ব্বক অধীন হইয়াছিল ব্রুটস্ তাহাদেরও সকল প্রকার সম্পত্তি বল পূর্ব্বক হরণ করিয়াছিলেন। *

১৬ ব্রুটস্ এবং ক্যাসিয়স পুনর্ব্বার সার্ডিস † নগরে পরস্পর মিলিত হইলেন এবং নির্জ্জনে কথোপকথন নিমিত্ত একটী উপযুক্ত বাটীতে প্রবেশ করিয়া ভৃত্যদিগকে আজ্ঞা দিলেন আমাদের পরামর্শ কালে কাহাকেও ভবন মধ্যে আসিতে দিও না। ১৭ ব্রুটস্ গৃহ প্রবেশানন্তর উপবিষ্ট হইয়া প্রথমতঃ ক্যাসিয়সকে ভর্ৎসনা করিতে

---

* ব্রুটস্ যে এমত নির্দ্দয় কর্ম্ম করিয়াছিলেন ইহা কোন মতে বিশ্বাস হয় না।

† আশিয়া মাইনরস্থ লিডিয়া প্রদেশের রাজধানীর নাম সার্ডিস ছিল।

লাগিলেন কারণ শুনিয়াছিলেন তিনি ক্ষমতা ও গুণ বিবেচনা না করিয়া কেবল অর্থের অপেক্ষা করত লোকদিগকে কর্ম্ম দিয়াছেন ও অধীনস্থ রাজ্য সকল হইতে অপরিমিত কর গ্রহণ করিয়াছেন। ক্যাসিয়স তাঁহার উদ্ভাবিত প্রথম অপবাদ অস্বীকার করিলেন বস্তুতঃ তাহা সমুদায় অলীকই ছিল কিন্তু তাঁহাদের বাদানুবাদে ক্রমে মহা বিসম্বাদ ঘটিবার উপক্রম হইল এবং পরিশেষে উভয়েই উচ্চস্বরে কথা কহিতে২ ক্রন্দন আরম্ভ করিলেন। ১৮ তাঁহাদের বন্ধুরা দ্বারে থাকিয়া ঐ কলরব শ্রবণ করত মহা ভীত হইল কিন্তু কাহারও সাহস হইল না যে গৃহে প্রবেশ করে। পরে ফেবোনিয়স নামে এক জন অতি মুখর লোক যে মুখরতা নিমিত্ত আপনিই আপনার শ্লাঘা করিত গৃহে প্রবেশ করিয়া ব্যঙ্গোক্তি দ্বারা উভয়কে শান্ত করিতে চেষ্টা করিল। ১৯ ক্যাসিয়স বুদ্ধিমান ছিলেন এ কারণ অনায়াসে স্বীয় ক্রোধ সম্বরণ করিলেন; এবং বন্ধুদের সহিত আমোদ করিতে বিরত হইলেন না। কিন্তু তিনি অস্থির প্রকৃতি প্রযুক্ত কখন২ নিষিদ্ধ বিষয়ে প্রবৃত্ত হইতেন এ নিমিত্ত তাঁহার আচরণ সর্ব্ব প্রকারে প্রশংসনীয় ছিল না। ব্রুটসের আচরণ ও স্বভাব তদপেক্ষা উত্তম ছিল কেননা তিনি অতি সুশীল সদাশয় ও মহানুভব ছিলেন এবং মনোমধ্যে ঈদৃশ দৃঢ়তা ধারণ করিতেন যে পাপ বা ইন্দ্রিয় সুখ কোন মতে তাঁহার প্রতি আক্রমণ করিতে পারে নাই। এতদ্ভিন্ন যথার্থতা বিষয়ে তাঁহার এবম্প্রকার আস্থা ছিল যে কোন ক্রমেই তাহার অন্যথায় প্রবৃত্ত হইতেন না। ২০ সে যাহা হউক, তাঁহাদের পরস্পর বাদানুবাদে রাত্রি উপস্থিত হওয়াতে ক্যাসিয়স ব্রুটস্ ও অন্যান্য আত্মীয় স্বজনদিগকে সেই স্থানে ভোজনার্থ আহ্বান করিলেন। পরে সর্ব্বদা জ্ঞানানুশীলন করিলে যে প্রকার দৃঢ়তা ও গাম্ভীর্য্য হয় তাহা বিস্মরণ করিয়া কিয়ৎ কালের নিমিত্ত রাজ্য বিষয়ক ভাবনা বিসর্জ্জন পূর্ব্বক আমোদ প্রমোদে সকলেই অভিনিবিষ্ট হইলেন। ভোজনানন্তর ব্রুটস্ আপন শিবিরে গমন করিলেন। ২১ তিনি

স্বভাবতঃ অল্প কাল নিদ্রা যাইতেন এবং সর্ব্ব বিষয়ে পরিমিতাচার করণে তাঁহার এমত অভ্যাস হইয়াছিল যে বিশ্রাম না করিলেও শারীরিক স্বাস্থ্য পক্ষে কোন ব্যাঘাত হইত না। অন্যান্য রোমীয়েরা দিবসে নিদ্রা যাইত কিন্তু তিনি দিবা ভাগে শয্যা স্পর্শ করিতেন না, অপর রজনীযোগে আবশ্যকের অধিক কাল বিশ্রাম করিতেন না; এইক্ষণে নানা ভাবনায় পরিবৃত হওয়াতে ভোজনানন্তর নিয়মিত বিশ্রামেরও লাঘব হইয়াছিল তাহাতে সমস্ত নিশা জাগ্রৎ হইয়া প্রাতঃ কাল পর্য্যন্ত বিদ্যাভ্যাস করিতেন। ২২ প্লুটার্ক কহেন ক্যাসিয়াসের নিকট হইতে আগমনানন্তর ব্রুটস্ ঘোর নিশায় বিদ্যাভ্যাস করিতেছিলেন। তৎকালে তাঁহার শিবির নিস্তব্ধ ছিল এবং তত্রস্থ প্রদীপ সকল নির্ব্বাণ হইবার উপক্রম হইতেছিল কিন্তু সেই সময়ে কেহ নিকটে গমন করিলে যদ্রূপ শব্দ হয় তদ্রূপ ধ্বনি হঠাৎ কর্ণগোচর হওয়াতে দ্বারের প্রতি দৃষ্টিপাত করিয়া দেখিলেন কপাট উদ্ঘাটিত হইয়াছে। কিয়ৎ কাল পরে একটা প্রকাণ্ড আকৃতি সম্মুখে আসিয়া উপস্থিত হইল এবং আরক্ত লোচনে ভয়ানক ভাবে তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া রহিল। ২৩ কথিত আছে ব্রুটস্ ঐ ভয়ানক মূর্ত্তি নিরীক্ষণ করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, তুমি মানব না দৈত্য? আমার নিকট কি নিমিত্ত আসিলে? দৈত্য উত্তর করিয়াছিল "আমি তোমার কুগ্রহ, তুমি ফিলিপাই * নগরে আমাকে আর এক বার দেখিতে পাইবে।" তিনি এই ভয়ঙ্কর উত্তরে কিঞ্চিন্মাত্র ভীত বা অস্থির না হইয়া কহিয়াছিলেন ভাল, তবে তোমার সহিত পুনর্ব্বার সাক্ষাৎ হইবে। ২৭ এই কথার পর দৈত্য অদৃশ্য হইলে ব্রুটস্ ভৃত্যদিগকে জিজ্ঞাসা করিলেন, তোমরা কিছু দেখি-

---

* ফিলিপাই নগর মেসিডোনিয়া দেশের প্রান্ত ভাগে স্থাপিত, তথায় ব্রুটস ও ক্যাসিয়সের সহিত আণ্টনী ও আগষ্টসের যুদ্ধ হওয়াতে তাহা বিখ্যাত হইয়াছে।

আছ, তাহারা কহিল "না মহাশয়" ইহাতে তিনি পুনর্ব্বার পুস্তক পাঠে মনোযোগী হইলেন। ২৮ অনন্তর ঐ অদ্ভুত ঘটনার বিবরণ ক্যাসিয়সকে কহিয়াছিলেন, তাহাতে তিনি কহিলেন, এইক্ষণে তুমি নানা ভাবনায় বিক্ষিপ্ত চিত্ত হইয়াছ, মনের স্থিরতা নাই অতএব ঐ বিষয় ভ্রম মাত্র, বস্তুতঃ কোন দৈত্য আইসে নাই। ক্যাসিয়সের ঐ কথা ব্রুটসের মনে লাগিল। পরে আণ্টনী আগষ্টসকে মেসিডোনিয়ায় আসিতে শুনিয়া উভয়ে সেই প্রদেশে গমন পূর্ব্বক ফিলিপাই নগরের সহ সৈন্যগণকে শ্রেণীবদ্ধ করিলেন, তথায় ত্রিয়াম্বা-ক্ষেরা অবস্থিতি করিয়াছিল।

প্রশ্ন।

১ কোন্ স্থানে ট্রাইয়ম্বিরেটদিগের প্রথম সভা, হয় এবং কি নিমিত্ত সেই সভা হইয়াছিল?

২ তাহারা কি প্রকার সতর্ক হইয়াছিল?

৩ আর কি করিয়াছিল?

৪ সভার কি ফল হইয়াছিল?

৫ কোন্২ ব্যক্তির নিধন স্থির হইয়াছিল?

৬ ব্রুটস্ এবং ক্যাসিয়সের কি হইয়াছিল?

৭ এই সকল ঘটনায় তাঁহাদের সম্বন্ধে লোকের মনে কি বোধ হইয়াছিল?

৮ তাহারা প্রথম কি নির্দ্ধার্য্য করিয়াছিল?

৯ তাহারা কি মানসানুযায়ি কর্ম্ম করিয়াছিল?

১০ রোডিএন এবং লিসিয়দের প্রতি কি ঘটিয়াছিল?

১১ কি দুর্ঘটনায় নগরের বিনাশ হইয়াছিল?

১২ তাহারা কি ব্রুটসের চেষ্টায় সাহায্য করে নাই?

১৩ ব্রুটস কি উপায় দ্বারা তাহাদিগকে অভিপ্রেত কর্ম্ম হইতে নিবৃত্ত করিবার চেষ্টা করিয়াছিলেন?

১৪-১৫। তিনি কি উপায় দ্বারা লিসিয়দিগের উদ্ধার করিবার চেষ্টা করিয়াছিলেন?

১৬। ব্রুটস্ ও ক্যাসিয়স্ কোন্ স্থলে একত্র হইয়াছিলেন এবং তাহাদের পরস্পর সাক্ষাতের পর কি হইল?

১৭ তাহাদিগের সাক্ষাৎ কি মৈত্রী ভাবে হইয়াছিল?

১৮ কেহ কি মধ্যস্থতা করে নাই?

১৯ এই মহাত্মাদিগের চরিত্র কি প্রকার ছিল?

২০ পরস্পর সাক্ষাৎ হইলে পর কি হইল?

২১ ব্রুটসের আচরণ কি রূপ ছিল?

২২ ঐ রূপে পড়িতেং কি ঘটনা হইল?

২৩ তাহাদিগের পরস্পর কি রূপ আলাপ হইল?

২৪ তিনি এ বার্ত্তা কাহার নিকট প্রকাশ করিয়াছিলেন কি না?

২৫ ব্রুটস কি ঐ মতের অনুগামী হইয়াছিলেন এবং পরে কি হইয়াছিল?

---

## ২১ অধ্যায় ৫ খণ্ড।

১ উভয় দলের সৈন্যদের সমাগমনে সমস্ত লোক মহা সংশয় ও সন্ত্রাস যুক্ত হইল যেহেতু এই যুদ্ধের জয়াজয়েই পৃথিবীর মঙ্গলামঙ্গল নির্দ্ধারিত হইয়াছিল। ফলতঃ সকলে মনে করিত ব্রুটস্ জয়ী হইলে জগন্মণ্ডলস্থ সমস্ত মানব স্বাধীন হইবেন কিন্তু তিয়াধাক্ষদিগের জয় লাভে সকলের পক্ষে একাধিপত্যকারি রাজার তর্জ্জন ভার সম্ভব। ২ যে যাহা হউক কেবলে ব্রুটস্ ব্যতীত যাবতীয় লোকই এই ঘোর সময় উপস্থিত দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন ও অস্থিরচিত্ত হইলেন কেবল তিনি নির্ব্বিকার চিত্তে সুস্থির হইয়াছিলেন এবং জয় হউক বা পরাজয় হউক কিছুতেই ক্ষতি নাই বোধ করিয়া ঐ বিষয়ে একেবারে উপেক্ষা করিতে লাগিলেন। এক দিন আপনার এক জন বন্ধুকে কহিলেন আমি কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন করিয়া সন্তুষ্ট চিত্ত আছি এখন

জয়ী হইতে পারিলে স্বদেশের স্বাধীনতা পুনঃ স্থাপন করিব কিন্তু যদি পরাভব হয় যুদ্ধে প্রাণত্যাগ করিব আর কাহারও অধীন হইব না, আমার কর্ত্তব্যতায় আমি এই স্থির করিয়াছি অতএব কোন বিষয়ে আমার আশঙ্কা নাই। ৩ যে সকল ব্যক্তি স্বাধীনতার আকাঙ্ক্ষা করিতেছিলেন তাঁহাদের অর্থাৎ ব্রুটসের পক্ষীয় লোকেরদের অশীতি সহস্র পদাতিক, এবং বিংশতি সহস্র অশ্বারোহী ছিল আর ত্রিয়াধ্যক্ষদের এক লক্ষ পদাতিক এবং ত্রয়োদশ সহস্র অশ্বারোহী ছিল। ৪ অতএব উভয় দলই মহাবলে পরাক্রান্ত হইয়া ফিলিপাই নগরের ক্ষেত্রে গিয়া স্ব২ শিবির স্থাপন করিল। নগর সন্নিধানে পরস্পর প্রায় অর্দ্ধ ক্রোশ ব্যবধানে যে দুইটা গিরি ছিল তাহার উপর ব্রুটস্ এবং কাসিয়স্ আপনাদের দুই শিবির স্থাপন পূর্ব্বক মধ্য স্থলে পথ রাখিয়া পরস্পর রক্ষা করিতে লাগিলেন। ৫ তাঁহারা এই সুগম স্থানে অবস্থিতি করিয়া আপন২ অভিমত কর্ম্ম করিতে এবং সহজে যুদ্ধ করিতে বিলক্ষণ ক্ষমতাবান্ হইলেন। তাঁহাদের শিবিরের পশ্চাদ্ভাগে সমুদ্র থাকাতে বিবিধ খাদ্য দ্রব্য প্রাপ্ত হইতে লাগিলেন। অপর তথা হইতে ছয় ক্রোশান্তরে থেসস্ উপদ্বীপ ছিল তাহাতে ঐ স্থানও তাঁহাদের ভাণ্ডার স্বরূপ হইল। ৬ কিন্তু ত্রিয়াধ্যক্ষেরা নিম্নভাগে শিবির স্থাপন করাতে তাঁহাদিগকে প্রায় সার্দ্ধ দ্বাবিংশতি ক্রোশ দূর হইতে খাদ্য সামগ্রী আহরণ করিতে হইত সুতরাং তাঁহারা ত্বরায় যুদ্ধারম্ভের উপায় নিমিত্ত যৎপরোনাস্তি যত্ন পাইতে লাগিলেন, কলতঃ তাদৃশ কষ্টদায়ক স্থানে থাকাতে কাল বিলম্বে তাঁহাদের অমঙ্গলই সম্ভাবনা হইয়াছিল। তাঁহারা ঐ কারণে কএক বার আপনারদের শিবিরের বহির্ভাগে বাহিনীদিগকে ব্যূহীকৃত করিয়া সমরোদ্যোগও করিয়াছিলেন। ৭ কিন্তু প্রতিপক্ষীয়েরা রণক্ষেত্রে প্রবেশ না করিয়া স্ব২ শিবিরের নিকটে পর্ব্বতের উপরেই সৈন্যের শ্রেণী রচনা করিল কলতঃ কাল বিলম্ব করিলেই ব্রুটস্ প্রভৃ-

তির জয়ী হইবার সম্ভাবনা ছিল, ক্যাসিয়স এই বিবেচনা করিয়াই যুদ্ধ না করিয়া কেবল শত্রুদিগকে বিরক্ত করিতে প্রতিজ্ঞা করেন। ৮ কিন্তু ব্রুটস্ আপনার কতিপয় সৈন্যাধ্যক্ষের প্রতি বিশ্বাসঘাতকতার সন্দেহ করিয়া ক্যাসিয়সের প্রতিজ্ঞা ভঙ্গ করিতে সাধ্যানুসারে চেষ্টা করিলেন এবং তাঁহাকে কহিলেন "আমি দুঃখ শেষ করিতে অধৈর্য্য হইয়াছি, জয় প্রাপ্ত কিম্বা পরাভূত হই, দুঃখের অন্ত হইলে ভাল হয়, অতএব যুদ্ধে বিলম্ব করিও না। ৯ ব্রুটসের এই বাঞ্ছা ত্বরায় পূর্ণ হইল কারণ আণ্টনীর সৈন্যেরা বহু পরিশ্রমে ক্যাসিয়সের শিবিরের বাম পার্শ্বস্থ জলার মধ্য দিয়া ব্রুটসের শিবিরের পশ্চাদ্ভাগস্থ থেসস্ উপদ্বীপ পর্য্যন্ত যে এক পথ করিয়াছিল উভয় পক্ষের সৈন্যেরা তাহা অধিকার করিবার নিমিত্ত পরস্পর বহু যত্ন করিয়া শেষে যুদ্ধ করিতে প্রতিজ্ঞা করিল। ১০ কিন্তু ঐ বিষয়ে ক্যাসিয়সের কোন প্রকারে মত ছিল না কেননা পূর্ব্বে পাম্পি যেমত যুদ্ধের উপর রোমের স্বাধীনতা নির্ভর করিতে বাধিত হইয়াছিলেন তিনিও এক্ষণে সেই মত অবস্থাগ্রস্ত হইলেন। পরন্তু পর দিবস প্রভাতে ব্রুটস্ এবং ক্যাসিয়স যুদ্ধের কিয়ৎ কাল পূর্ব্বে পরস্পর কথোপকথন করিয়া শেষে রণ যাত্রার্থ আজ্ঞা প্রদান করিলেন। ১১ ক্যাসিয়স ব্রুটসকে জিজ্ঞাসা করিলেন আমাদের পরাজয় হইলে কি কর্ত্তব্য স্থির করিয়াছ? তিনি উত্তর করিলেন কেটো আত্মঘাতী হওয়াতে পূর্ব্বে আমি আপনার গ্রন্থে তাঁহার নিন্দা করিয়া লিখিয়াছিলাম যে ঐহিক দুঃখ নিবারণার্থ আত্ম জীবন বিনাশ অতি অকর্ত্তব্য, কারণ ঐ দুঃখ পরমেশ্বরের অগোচর নহে, অপঘাত মৃত্যু দ্বারা প্রাণ ত্যাগ তাঁহার বিরুদ্ধাচরণ মাত্র। কিন্তু এক্ষণে আমার ঐ মতের পরিবর্ত্তন হইয়াছে আমি স্বদেশের মঙ্গলার্থ আত্ম প্রাণ সমর্পণ করিয়াছি এবং বোধ করিতেছি স্বেচ্ছাক্রমে স্বীয় প্রাণ ত্যাগে আমার সম্পূর্ণ অধিকার আছে, পৃথিবী মধ্যে দুঃখ পাইয়া জীবিত থাকাতে কোন ফল নাই,

যদি আমার অদৃষ্ট অপ্রসন্ন হয় তবে আত্মঘাতী হইয়া পরকালে সুখী হইতে পারিব। ১২ ক্যাসিয়স এই কথা শুনিয়া ব্রুটসকে আলিঙ্গন করত কহিলেন, বন্ধো এইরূপে আমরা নির্ভয়ে শত্রুর সম্মুখবর্ত্তী হইতে পারিব কারণ যদ্যপি জয়ী হইতে পারি স্বতই মঙ্গল হইবে পরাজিত হইলেও জয়িদের হইতে কোন আশঙ্কা রহিল না। ১৩ আগষ্টসের পীড়া প্রযুক্ত আণ্টনী সেনাপতি হইয়া ক্যাসিয়সের সৈন্য শ্রেণীর প্রতি মহা বলে আক্রমণ করিলেন। এ স্থানে ব্রুটস্ আগষ্টসের সৈন্য প্রতি ধাবমান হইলে প্রথম আক্রমণেই তাহারা ছিন্ন ভিন্ন হইল। পরে ব্রুটস্ তাহাদের শিবিরের অভ্যন্তর পর্য্যন্ত গমন করিয়া তত্রস্থ রক্ষকদিগকে হত্যা করিলেন তাহাতে তাঁহার সৈন্যেরা লুট করিতে আরম্ভ করিল। ১৪ ইতিমধ্যে ক্যাসিয়সের অশ্বারোহি সৈন্যেরা পরাজিত হইয়া পলায়ন করিল। অভাগা ক্যাসিয়স পদাতিক সেনাগণকে স্ব২ স্থানে রাখিবার নিমিত্ত চেষ্টা করিতে ত্রুটি করেন নাই, অপর পলায়িত লোকদিগকে স্থগিত করিয়া পুনর্ব্বার শ্রেণী বদ্ধ করিবার কারণ স্বহস্তে জয় পতাকা ধারণ করিয়াছিলেন কিন্তু এক ব্যক্তির বীরত্বে ত্রাসিত সৈন্যেরদিগকে সাহসিক করা অতি সুকঠিন সুতরাং জয়ের আশায় নিরাশ হইয়া আপন শিবিরে প্রস্থান করিয়া আত্মঘাতী হইলেন।* ব্রুটস্ আদৌ ক্যাসিয়সের পরাজয় সংবাদ পাইলেন এবং তৎপরেই তাঁহার মৃত্যু বার্ত্তা কর্ণগোচর হইল; অতএব একেবারে শোক সাগরে মগ্ন হইয়া কহিলেন এত দিনে রোম যথার্থ রোমীয় জন

---

* অনেকে এইরূপ কহেন; কিন্তু তাঁহার মস্তক তদীয় শরীর হইতে পৃথক ছিল এ কারণ কেহ২ অনুমান করেন যে পিনডারস বিশ্বাসঘাতকতা পূর্ব্বক তাঁহাকে হত্যা করিয়াছিল। এই ব্যক্তিকে ক্যাসিয়স দাসত্ব হইতে মুক্ত করিয়াছিলেন।

বিশিষ্ট পুত্রে বিরহিত হইলেন কারণ তৎকালে ক্যাসিয়স * ব্যতীত বীর্য্যবান রোমান অন্য কেহ ছিল না।

১৫ ক্যাসিয়সের মৃত্যু হইলে ব্রুটস্ একাকী সেনাপতি হইয়া ছিন্ন ভিন্ন যোদ্ধৃ নিকরকে একত্র করিলেন এবং জয়ের নূতন আশ্বাস প্রদান পূর্ব্বক তাহাদিগকে সজীব করিতে সচেষ্ট হইলেন। শিবির লুঠ হওয়াতে সেনাগণেরও সর্ব্বস্ব বিনষ্ট হইয়াছিল অতএব ব্রুটস তাহাদের প্রত্যেককে দুই সহস্র ডেনেরাই † মুদ্রা প্রদান করিতে স্বীকার করিলেন। ১৬ ইহাতে তাহারা পুনর্ব্বার সাহসান্বিত হইয়া এই দান নিমিত্ত সেনানীর প্রসাদ করত উচ্চস্বরে তাঁহার গুণ ঘোষণা করিতে লাগিল তথাপি তাহাদের উপর ব্রুটসের সম্পূর্ণ বিশ্বাস হইল না এ কারণ শত্রুরা পর দিবস যুদ্ধ করিতে চাহিলেও তিনি সম্মতি দিলেন না। ১৭ কিয়দ্দিন অগ্রে বিপক্ষদিগের জাহাজস্থ সৈন্যগণ পরাভূত হইলে তাহারদের আহারীয় দ্রব্যের অতিশয় অভাব হইয়াছিল অতএব ব্রুটস্ আহারের ক্লেশ দিয়াই তাহাদের পরাভব করিতে মনস্থ করিলেন। ১৮ কিন্তু তাঁহার এই মতে সৈন্যেরা কেহই সম্মত হইল না। তাহারা দিন২ আপনারদের বল ও ক্ষমতার বৃদ্ধি দেখিয়া তৎকালে সেনাপতির অধীনতা ত্যাগ করিয়াছিল অতএব বিংশতি দিবস বিরামের পর আপনাদের ইচ্ছায় সম্মুখ যুদ্ধ করিতে ইচ্ছুক হইল। কিন্তু উভয় পক্ষীয় সৈন্যেরা শ্রেণীবদ্ধ হইয়াও যুদ্ধে প্রবৃত্ত হইতে পারিল না, অনেক ক্ষণ পর্য্যন্ত পরস্পরের সম্মুখে স্থির হইয়া দণ্ডায়মান রহিল। কথিত আছে ব্রুটস্ পূর্ব্ব নিশায় পূর্ব্ব খণ্ডে প্রকাশিত উপদেবতা প্রত্যক্ষে

* ক্যাসিয়স সে সময়ের এক জন প্রসিদ্ধ সেনাপতি ও পরম ধার্ম্মিক এবং মহৎ মনুষ্য বলিয়া গণ্য ছিলেন।

† রোম দেশের প্রধান রৌপ্য মুদ্রার নাম ডেনেরাই, তাহার মূল্য বাঙ্গালা চারি আনা দুই কড়া দুই ক্রান্তি।

বা অন্তঃকরণ মধ্যে দেখিয়াছিলেন এ কারণ তাঁহার স্বাভাবিক সাহস ও বীরত্বের লাঘব হইয়াছিল। সে যাহা হউক, তিনি আপন সেনাদিগকে আশ্বাস দিয়া যুদ্ধার্থ আজ্ঞা প্রদান করিলেন এবং যেং স্থানে সৈন্যগণকে প্রেরণ করিলেন তথাতেই জয়ী হইলেন। পরে আপনি পদাতিকদের অধ্যক্ষ হইয়া শত্রুদের পদাতি এবং অশ্বারোহি সেনার সহায়তায় তাহাদের প্রতি আক্রমণ আরম্ভ করিলেন। ১৯ কিন্তু ক্যাসিয়সের সেনারা নিরর্থক শঙ্কাকুল হইল এবং তাহাদের সেই আশঙ্কা সৈন্যের অন্যান্য অংশে বিস্তার হওয়াতে সকলেই রণে ভঙ্গ দিল। এই যুদ্ধে ব্রুটস স্বীয় সাহসি যোদ্ধাদের দ্বারা বেষ্টিত হইয়া অনেক ক্ষণ পর্যান্ত অদ্ভুত বীরত্ব প্রকাশ করিলেন। কেটোর পুত্র ও ক্যাসিয়সের ভ্রাতা প্রভৃতি তাঁহার পার্শ্বে থাকিয়া রণ করিতেং নিধন প্রাপ্ত হইলেন এবং শেষে নিতান্ত অসহায় হওয়াতে তিনিও সমরক্ষেত্র পরিত্যাগ পূর্ব্বক পলায়ন করিতে বাধ্য হইলেন। ২০ এ স্থানে সৈন্যাধ্যক্ষদের দুই জন আপনারদের জয় নিশ্চয় জানিয়া এই আজ্ঞা প্রচার করিলেন যে ব্রুটসকে কোনমতে পলায়ন করিতে দেওয়া হইবেক না। ইহাতে সমুদায় অনীকিনী তাঁহাকে ধৃত করিবার নিমিত্ত যত্নবান হইল। এইরূপে তাঁহাকে ধৃত করা নিশ্চিত হইলে এক দল থ্রেসীয় অশ্বারোহী তাঁহার পশ্চাৎ২ গমন করত নিকটবর্ত্তী হইয়া প্রায় ধৃত করে এমত সময়ে তাঁহার বন্ধু লুসিলিয়স ঐ দুর্গতি দর্শনে আপন প্রাণান্ত স্বীকার পূর্ব্বক তাঁহাকে রক্ষা করিতে প্রতিজ্ঞা করিলেন এবং সাহসে নির্ভর করত থ্রেসিয়দের পথি মধ্যে পতিত হইয়া কহিলেন আমি ব্রুটস। থ্রেসীয়েরা ব্রুটসকে চিনিত না অতএব লুসিলিয়সকে ধারণ করিয়া পুলকিত হইল এবং সেনাদিগকে আপনাদের ইষ্ট লাভের সংবাদ দিবার নিমিত্ত কতিপয় ব্যক্তিকে পাঠাইয়া দিল। ২১ এইরূপে কপটে ব্রুটসকে ধরাতে তাহাদের গমন স্থগিত হইল এবং আণ্টনী ব্রুটসকে শীঘ্র বিনাশ করিবার মানসে তাঁহার দুর্দশার সময়েই অপমান করণার্থ ত্বরায়

গমন করিলেন। ২২ তাঁহার পশ্চাৎ২ অনেক অধ্যক্ষ ও সেনারা আসিতে লাগিল, তাহাদের মধ্যে কেহ২ ঐ রূপ ধার্ম্মিক ব্যক্তির দুর্দশা দর্শনে মনে২ মহা বিষণ্ণ হইল, কেহ বা এই বলিয়া তাঁহার নিন্দা ও ভর্ৎসনা করিতে লাগিল ব্রুটস্ কি অন্যায়, আপন জীবন রক্ষার্থ দাসত্ব স্বীকার করিল। সে যাহাহউক, আণ্টনী সৈন্যেরা আসিতেছে দেখিয়া আপন ইচ্ছায় ব্রুটসকে আহ্বান করিতে প্রস্তুত হইলেন। কিন্তু লুসিলিয়স প্রফুল্ল বদনে অগ্রসর হইয়া কহিলেন, অহে আণ্টনী ব্রুটস ধৃত হয়েন নাই, আমি ধৃত হইয়াছি, অসৌভাগ্যের এতাদৃশী শক্তি হয় নাই যে ধর্ম্মের উপর এ প্রকার অত্যাচার করে; আমি তোমাকে প্রবঞ্চনা ও নিরাশ করিয়াছি, অতএব আমার প্রাণ দণ্ড কর, ব্রুটসের সম্মান রক্ষার্থ যদি আমার জীবন যায় দুঃখিত নহি। এই কৃতজ্ঞতায় আণ্টনী সন্তুষ্ট হইয়া লুসিলিয়সকে কেবল ক্ষমা করিলেন এমত নহে, বিস্তর পারিতোষিক প্রদান পূর্ব্বক তাঁহার সহিত বন্ধুতা করিলেন।

২৩ ব্রুটস এই অবকাশে কতিপয় বয়স্য সমভিব্যাহারে এক ক্ষুদ্র স্রোতস্বতী পার হইয়া একটা পর্ব্বতের নিম্নে বসিয়াছিলেন বৈরিদের অনুসরণ নিবারণ এবং আপনার শ্রান্তি দূর হইলে তিনি স্বর্গের প্রতি দৃষ্টি করিয়া ইউরিপাইডি * কবির এই শ্লোক পাঠ করিলেন যথা, "হে দেবগণ তোমাদের নিকট প্রার্থনা করি পৃথিবী মণ্ডলে যেন কখন বিনা দণ্ডে পাপের অবস্থান না হয়"†।

* ইউরিপাইডি গ্রীক দেশের এক জন বিখ্যাত কবি; তাঁহার কবিতাতে শোক ও বিলাপের বর্ণনা আছে। খ্রীষ্ট জন্মের ৪৮৫ বৎসর পূর্ব্বে আথেনী নগরের নিকটস্থ সালেমিস উপদ্বীপে তাঁহার জন্ম হয়।

† পাপ পুণ্যের বিবেচনা ইহ কালে না হইয়া পরকালে হয় ইউরিপাইডি ইহা জানিতেন না অতএব তিনি ঐ প্রকার লিখিয়াছেন।

পরে ঐ কবির অপর এক পদ্য পাঠ করিলেন, যথা, "হে ওরে অভাগা ধর্ম্ম আমি তোকে সৎ এবং শ্রেয়োদায়ক জ্ঞান করিয়া সেবা করিয়াছিলাম কিন্তু তুই অতি অপদার্থ, তোর নামমাত্র সার, তুই অদৃষ্টের দাস *। ২৫ অনন্তর যে সকল লোক রণে পতিত হইয়াছিল তাহাদের নিমিত্ত দুঃখ প্রকাশ করিতে লাগিলেন এবং যাহারা সে সময় পর্য্যন্ত জীবিত ছিল তাহাদের তত্ত্ব জানিবার নিমিত্ত ষ্ট্যাটিলিয়সকে পাঠাইয়া দিলেন কিন্তু সে ব্যক্তির পুনরাগমন হইল না, পথি মধ্যে বিপক্ষদিগের একদল অশ্বারোহী তাহাকে বিনষ্ট করিল। তাহার মৃত্যু সংবাদ আগত হইলে ব্রুটসও আপনার প্রাণ ত্যাগ করিতে প্রতিজ্ঞা করিলেন এবং তিনি আপন এই উপকার করিবার নিমিত্ত নিকটস্থ লোক সকলকে বিনয় করিতে লাগিলেন কিন্তু তাঁহাদের কেহই এমত শোক জনক কার্য্য স্বীকার করিল না। অতএব তিনি আপনার মিত্র ষ্ট্রেটোকে একান্তে লইয়া গিয়া সুহৃদের শেষ কর্ম্ম করিবার নিমিত্ত বিনয় করিতে লাগিলেন কিন্তু তিনিও অঙ্গীকার করিলেন না। যখন এ ব্যক্তিও অস্বীকার করিলেন তিনি এক জন দাসকে ঐ কর্ম্ম করিতে আজ্ঞা করিলেন। ২৬ তখন ষ্ট্রেটো ক্রন্দন করিতে২ কহিলেন যদি ব্রুটস দাস হস্তে প্রাণ ত্যাগ করেন লোকে কহিবে শেষাবস্থায় বন্ধু বান্ধব বিরহে ভৃত্যের নিকট আশ্রয় প্রার্থনা করিতে হইয়াছিল, আমি কোন প্রকারে এই দুঃসহ বাক্য সহ্য করিতে পারিব না, ইহা কহিয়া মুখ ফিরাইয়া খড়্গের অগ্রভাগ তাঁহার দিকে ধারণ করিলেন। ইহাতে ব্রুটস তৎক্ষণাৎ

---

* ব্রুটস মহা জ্ঞানী বলিয়া গণ্য ছিলেন, তিনি যে ইউরিপাইডিসের ঐ রূপ অগ্রাহ্য মতে মত দিয়াছিলেন কোন প্রকারেই সম্ভাব্য নহে বিশেষতঃ বলম্নিয়স যাঁহার বিবরণানুসারে প্লুটার্ক ব্রুটসের মৃত্যু বৃত্তান্ত লেখেন এবং যিনি ব্রুটসের মৃত্যুকালীন উপস্থিত ছিলেন তিনি এ বিষয়ের কিছুই উল্লেখ করেন নাই।

তদুপরি পতিত হইয়া প্রাণ ত্যাগ করিলেন। রোমীয় ৭১১ শকে এই ঘটনা হইল, তৎকালে ব্রুটসের বয়ঃক্রম চত্বারিংশৎ বৎসর হইয়াছিল।

প্রশ্ন।

১ উভয় সৈন্যের আগমন হইলে সকলে কি নিমিত্ত ভীত হইল?

২ এ বিষয়ে ব্রুটসের মনের ভাব কি রূপ ছিল? তিনি আপনার এক জন বন্ধুকে কি কহিলেন?

৩ উভয় পক্ষে কত ও কি রূপ সৈন্য ছিল?

৪ কোন্ স্থানে তাহাদের পরস্পরের সাক্ষাৎ হইল এবং ব্রুটস্ প্রভৃতি কি প্রকারে শিবির স্থাপন করিলেন?

৫ পর্ব্বতোপরি শিবির স্থাপন করাতে ব্রুটসের পক্ষীয়দের লভ্যের বিষয় কি হইল?

৬ ক্রিয়াধ্যক্ষদেরও ঐ রূপ লভ্য হইল কি না?

৭ তাহারা যুদ্ধ করিতে ইচ্ছুক হইলেও শত্রুরা কি নিমিত্ত অস্বীকার করিল?

৮ ব্রুটস্ কেন ক্যাসিয়সকে যুদ্ধ করিতে পরামর্শ দিলেন?

৯ ব্রুটসের বাঞ্ছা কি রূপে সিদ্ধ হইল?

১০ কি নিমিত্ত যুদ্ধ করিতে ক্যাসিয়সের অমত হইল?

১১ ব্রুটস্ ও ক্যাসিয়সের মধ্যে কি প্রকার কথোপকথন হইল?

১২ কি রূপে যুদ্ধ আরম্ভ হইল? এবং ব্রুটস্ কি২ কর্ম্ম করিলেন?

১৩ ক্যাসিয়স স্বীয় সেনাদিগকে স্বং স্থানে রাখিবার নিমিত্ত কি উপায় করিলেন এবং তাহা বিফল হওয়াতে কি ঘটিল?

১৪ ক্যাসিয়সের মৃত্যু সংবাদ প্রাপ্ত হইয়া ব্রুটস্ কি রূপ দুঃখিত হইলেন এবং কি কহিলেন?

১৫ ব্রুটস্ জয়ী হইবার কারণ কোন চেষ্টা করিলেন কি না?

১৬ পরে কি হইল?

১৭ ব্রূটস্ কোন্ উপায় দ্বারা শত্রুদিগকে বশীভূত করিতে আরম্ভ করিলেন ?

১৮ তাঁহার ঐ মতে সকলে মত দিল কি না ? পরে কি২ বিষয় ঘটিল ?

১৯ তাঁহার পরাভবের প্রধান কারণ কি ছিল এবং তিনি তদ্বিষয়ে কি প্রকার আচরণ করিলেন ?

২০ ত্রিয়াধ্যক্ষেরা ব্রূটসকে ধৃত করিতে আজ্ঞা দিলে কি হইল ? লুসিলিয়স তাঁহার উদ্ধারার্থ কি করিলেন ?

২১ পরে কি হইল ?

২২ আণ্টনী ও লুসিলিয়সের পরস্পর সাক্ষাৎ হইলে কি হইল ?

২৩ এই অবকাশে ব্রূটস্ যাহা করিলেন ও যাহা কহিলেন তাহা বিস্তার করিয়া কহ ?

২৪ যুদ্ধে জীবিতদিগের তত্ত্ব করিবার নিমিত্ত ব্রূটস্ কাহাকে পাঠাইলেন ? তিনি পুনরাগমন না করিলে কি করিলেন ?

২৫ তাঁহার কথায় ষ্ট্রেটো অস্বীকার করাতে ব্রূটস কি করিলেন ?

২৬ ষ্ট্রেটো কি কহিলেন এবং ব্রূটসের কি প্রকারে মৃত্যু হইল ?

---

## ২১ অধ্যায় ৬ খণ্ড।

১ ব্রূটসের মৃত্যুর পর ত্রিয়াধ্যক্ষেরা রাজার ন্যায় ব্যবহার করিতে আরম্ভ করিলেন এবং জয় লব্ধ রাজ্য আপনারদের সন্তোষমত ভাগ করিয়া আপনারদের মধ্যে বিভাগ করিয়া লইলেন। ২ পরন্তু তাঁহারা তিন জনে রাজকীয় শক্তি গ্রহণ করিলেন বটে কিন্তু কেবল দুই জনে ভোগ করিতে লাগিলেন। লেপিডস দৈন্যের নিকট প্রতিপন্ন কিম্বা লোকদের মধ্যে ক্ষমতাবান

ছিলেন না, সুতরাং রাজকীয় শক্তি কোন অংশে প্রকাশ করিতে পারিলেন না, ফলতঃ কেবল আগষ্টস ও আণ্টনীর পরস্পর সন্দেহ থাকাতেই তিনি ক্রিয়াধ্যক্ষ পদে নিযুক্ত হইয়াছিলেন। ৩ সে যাহা হউক, তাঁহারা যাহাদের প্রতিহিংসা করিতে স্থির করিয়াছিলেন একণে তাহাদের উপর দৌরাত্ম্য করিতে প্রস্তুত হইলেন। তাহাতে হর্টেনসিয়স ও ড্রুসস্ এবং কুইনটিলিয়স বারস এই তিন প্রধান ও অতি মান্য ব্যক্তি আত্ম হত্যা বা তাঁহাদের আজ্ঞা দ্বারা হত হইলেন, অধিকন্তু এক জন সেনেট সভ্য ও তাঁহার পুত্র এই আজ্ঞা প্রাপ্ত হইলেন যে তোমাদের মধ্যে কোন্ ব্যক্তির মৃত্যু হইবে আর কোন্ ব্যক্তি জীবিত থাকিবে গুটিকাপাত দ্বারা তাহা স্থির করহ, ইহাতে তাঁহারা উভয়েই অস্বীকার করিয়া পিতা স্বেচ্ছাক্রমে ঘাতুক হস্তে আত্ম প্রাণ সমর্পণ করিলেন এবং পুত্র জনকের সম্মুখে স্বহস্তে আত্ম হত্যা করিয়া প্রাণ ত্যাগ করিল। অপর এক ব্যক্তি ক্রিয়াধ্যক্ষদের নিকট এই প্রার্থনা করিয়াছিলেন মৃত্যুর পর আমার অন্ত্যেষ্টি ক্রিয়া করিতে যেন অনুমতি হয় তাঁহাতে আগষ্টস এই নিষ্ঠুর উত্তর করেন শকুনি প্রভৃতিরাই শীঘ্র তোমার অন্ত্যেষ্টি ক্রিয়া করিবেক। ৪ অনন্তর তাঁহারা ব্রূটসের মস্তক রোমে আনয়ন পূর্ব্বক সিজরের প্রতিমার পদতলে নিক্ষেপ করিতে আজ্ঞা দিলেন। লোকেরা তাহা দেখিয়া সাতিশয় খেদিত হইল। পরে তাঁহার চিতা ভস্ম কেটোর কন্যা ও তাঁহার স্ত্রী পোরশিয়ার নিকট প্রেরিত হইল। পোরশিয়া অতি মহানুভবা মহিলা ছিলেন, ঐ সংবাদ প্রাপ্তি মাত্রে পিতা ও পতির দৃষ্টান্তানুসারে জ্বলন্ত অঙ্গার ভক্ষণ করিয়া আপন প্রাণ ত্যাগ করিলেন *। ৫ লোকে কহে যেং ব্যক্তি সিজরের হত্যার সংশ্রবে ছিল সকলেরই ঐ রূপ অপঘাত মৃত্যু হইয়াছিল।

---

* ইহা কেবল গল্প মাত্র, কারণ প্লুটার্ক কহেন ব্রূটস্ জীবিত থাকিতেই পোরশিয়ার মৃত্যু হয়।

৬ সাধারণাধিকার বিনষ্ট হইলে ত্রিয়াধ্যক্ষেরা আপনাদের শক্তি স্থাপন করিয়া বাস্থিত প্রভুত্ব ভোগ করিতে প্রবৃত্ত হইলেন। ৭ আণ্টনী গ্রীস দেশে গমন করিলে তথাকার সমস্ত লোকে তাঁহার তোষামোদ করিতে আরম্ভ করিল। তিনি কিয়ৎ কাল আথেন্সী নগরে থাকিয়া তত্রস্থ পণ্ডিতদের সহিত আলাপ এবং বিচার আচার করিলেন তৎপরে গ্রীস দেশ হইতে আসিয়াতে গমন করিলেন। সেই দেশস্থ রোম রাজ্যাধীন যাবতীয় ভূপতি তাঁহার প্রভুত্ব স্বীকার করিল আর পরমা সুন্দরী রাজ্ঞীরা তাঁহার প্রিয়া হইবার মানসে কেহ২ বিস্তর উপহার প্রদান করিল এবং কেহ২ আপনাদের যৌবন ও রূপ লাবণ্য দ্বারা প্রেম রজ্জুতে বন্ধন করিতে চেষ্টা করিল। ৮ এইরূপে ভূরি২ রাজাতে বেষ্টিত হইয়া রাজ্যে২ গমন করত কাহার নিকট অন্যায়ে কর গ্রহণ কাহাকেও বা অনুগ্রহ করিতে লাগিলেন। এতদ্ভিন্ন মহা গর্ব্ব পূর্ব্বক আপন ইচ্ছায় বহুতর ব্যক্তিকে রাজ্যাভিষিক্ত করিলেন। যথা, কেপেডোসিয়ার * রাজ্যে আরিয়ারথিসের যথার্থ স্বত্ব থাকিলেও তাঁহাকে নিরাকরণ করিয়া সিসেনিসের মাতার শরীর সৌন্দর্য্যে মুগ্ধ হওত সিসেনসকে অভিষিক্ত করিলেন। অপর হিরডকে জুডিয়ার † সিংহাসনে স্থাপিত করিলেন। কিন্তু আণ্টনীর অধীনস্থ সমস্ত ব্যক্তি অপেক্ষা মিসর দেশীয় বিখ্যাতা রাজ্ঞী ক্লিওপেট্রাই তাঁহার বিশেষ প্রিয় পাত্র হইয়াছিলেন।

৯ সাইপ্রস ‡ উপদ্বীপস্থ ক্লিওপেট্রার প্রতিনিধি শাসন কর্ত্তা

* কেপেডোসিয়া দেশ আসিয়া মাইনরে স্থাপিত, তাহা পূর্ব্বে উত্তম অশ্ব ও অশ্বতর নিমিত্ত খ্যাত ছিল।

† রোমীয়দের সময়ে জুডিয়া শব্দে তাবৎ পেলেস্টাইন দেশ বুঝাইত, ঐ দেশ আসিয়া মাইনরে স্থাপিত।

‡ সাইপ্রস উপদ্বীপ মেডিটরেনিয়ন অর্থাৎ ভূমধ্যস্থ সমুদ্রের পূর্ব্ব ভাগে স্থাপিত।

পূর্ব্বে ক্যাসিয়স প্রভৃতি মন্ত্রণাকারিদের সাহায্য করিয়াছিলেন সেই বিরুদ্ধাচরণের বিচার করা আবশ্যক বিবেচনা করিয়া আন্টনী তাঁহাকে আজ্ঞা করিলেন তোমার প্রতি কৃতঘ্নতার যে অপরাধ হইয়াছে তাহা হইতে কি প্রকারে মুক্ত হইতে পার আমার নিকট আসিয়া বর্ণনা কর। ১০ রাজ্ঞী এই আদেশে সহজেই সম্মত হইলেন কেননা স্বয়ং নির্দোষ ছিলেন, অপর বিবেচনা করিলেন তাঁহার নিকট গমন না করিলেও আপনার রূপ লাবণ্য দ্বারা তাঁহাকে বশীভূত করিবার সম্ভাবনা নাই। রাজ্ঞীর বয়ঃক্রম তৎকালে সপ্তবিংশতি বৎসর হইয়াছিল অতএব নবা বয়সে যে সকল হাব ভাব জন্মিতে না পারে বুদ্ধি কৌশলে তৎসমুদায় শিক্ষা করিয়াছিলেন। অপর তাঁহার রসিকতা ও বক্তৃতাশক্তি পূর্ব্বাপেক্ষা বৃদ্ধি শীল হইয়াছিল ফলতঃ যদিও রোমে তাঁহার তুল্য সুন্দরী অনেক ছিল তথাপি তাদৃশ মিষ্টভাষিণী কেহ ছিল না। ১১ সে যাহা হউক, আন্টনী এ সময়ে টার্সস * নগরে থাকাতে ক্লিওপেটরা সে স্থানে প্রস্থান করিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিতে স্থির করিলেন এবং যানা-রোহ পূর্ব্বক সিডনস † নদী দিয়া যাত্রা করিলেন। তাঁহার জাহাজের পশ্চাদ্ভাগ স্বর্ণ দ্বারা মণ্ডিত হইল তাহাতে বেগুনিয়া বর্ণের পাইল এবং রৌপ্য নির্ম্মিত নৌকা দণ্ড রহিল, আর নাবিকেরা বংশী প্রভৃতি বাদ্য যন্ত্রের তালে২ ঐ সকল দণ্ড ক্ষেপণ পূর্ব্বক বাহিয়া চলিল। শিল্পকর এবং চিত্রকরেরা যে প্রকার অলঙ্কার দিয়া রতি অর্থাৎ বিনস ‡ দেবীকে সুসজ্জিত করেন ক্লিওপেটরা সেই প্রকার ভূষণা-

---

* আসিয়া মাইনরস্থ সিলিসিয়া প্রদেশে টার্সস নগর আছে, পূর্ব্বে তাহা অতিশয় বিশিষ্ট ও ধনী এবং সুন্দর রাজধানী ছিল। এইক্ষণে তাহার নাম টেরেসো হইয়াছে।

† সিডনস নদী সিলিসিয়া প্রদেশে আছে।

‡ বিনস দেবী রূপ লাবণ্যের অধিষ্ঠাত্রী, এবং প্রেমের কর্ত্রী বলিয়া পুরাতনেরদের মধ্যে গণ্য।

দিকে ভূষিতা হইয়া স্বর্ণ তারাময় এক সিংহাসনে হেলান দিয়া বসিয়া রহিলেন। তাঁহার উভয় পার্শ্বে কন্দর্প তুল্য সুশ্রী বালক সকল দণ্ডায়মান হইয়া চামর ব্যজন করিতে লাগিল এতদ্ভিন্ন অপ্সরা সদৃশী সুন্দরী স্ত্রীরা নিরিয়ড * ও গ্রেশদের † নামা ভূষণে ভূষিত হইয়া পরস্পর সমান দূরে দণ্ডায়মান হওত তাঁহাকে বেষ্টন করিয়া রহিল। তিনি এইরূপে সুশোভিতা হইয়া যে সময় গমন করিতে লাগিলেন তৎকালে তাঁহার অর্ণব তরি স্থিত সুগন্ধি দ্রব্যের সৌরভে নদীর উভয় তীর আমোদিত হইল এবং ঐ সমারোহ নিরীক্ষণ নিমিত্ত অসংখ্য লোক আহ্লাদ ও আশ্চর্য্য প্রকাশ পূর্ব্বক নদী তটে আসিয়া দণ্ডায়মান হইল। ১২ ‡ আন্টনী ক্লিওপেট্রার রূপ লাবণ্য অবলোকন মাত্রে মোহিত হইয়া আপন মনো মধ্যে কাম রিপুর প্রাবল্য কোন মতে নিরোধ করিতে পারিলেন না সুতরাং তাহাই তাঁহার পক্ষে ভাবি মহা দুর্গতির কারণ হইল। ঐ দিকে ক্লিওপেট্রা আপন রাজ্যের রক্ষণোপায় করিয়া মিশর দেশের প্রতি পুনর্ব্বার যাত্রা করিলেন তাহাতে আন্টনী সমস্ত বিষয় পরিত্যাগ পূর্ব্বক তাঁহার পশ্চাদ্বর্ত্তী হইলেন। তাঁহার অবশ মন যে সুখ সম্ভোগে লুব্ধ ছিল মিশর নিবাসিরাও তাহাতে যথোচিত সাহায্য করিল সুতরাং তিনি সর্ব্ব প্রকারে অবশ হইয়া পড়িলেন।

১৩ যৎকালে আন্টনী, মিশর দেশে গিয়া নিশ্চিন্ত থাকিলেন

---

* সমুদ্রীয় অপ্সরাদিগকে নিরিয়ড কহে, তাহারা হিন্দুদের নাগ কন্যা তুল্য।

† এগ্লিয়া ও থেলিয়া এবং ইফ্রোসিনি নাম্নী তিন জন বিদ্যাধরীকে গ্রেশ কহিত।

‡ ক্লিওপেট্রাকে আহ্বান করিবার কারণ আন্টনী এক ঐশ্বর্য্যশালি সিংহাসনে বসিয়াছিলেন কিন্তু রাজ্ঞীর ঐ রূপ আগমনে সকল লোক তাঁহাকে পরিত্যাগ করিয়া তথায় গমন করিয়াছিল।

সে সময় আগষ্টস স্বীয় সৈন্যগণকে স্বদেশে আনিয়া তাহাদের ইটালি মধ্যে বাস এবং ভরণ পোষণের উপযুক্ত উপায় করিয়া দিতে প্রবৃত্ত হইলেন। ১৪ তিনি পূর্ব্বে পুরস্কার স্বরূপে তাহাদিগকে ইটালির মধ্যে ভূমি দিতে অঙ্গীকার করিয়াছিলেন এক্ষণে সেই অঙ্গীকার পালন নিমিত্ত তত্রস্থ অধিকারিদিগকে দূর করিয়া দেওয়া নিতান্ত আবশ্যক বোধ করিলেন। ১৫ অতএব তাঁহার আদেশে অসংখ্য স্ত্রী আপন২ শিশু সন্তান ক্রোড়ে করিয়া স্ব২ গৃহ পরিত্যাগ পূর্ব্বক প্রত্যহ মন্দির ও রাজপথ সকলে ক্রন্দন করত বেড়াইতে লাগিল তাহাদের সন্তান গণের শৈশব ও নির্দোষতা দর্শনে নিষ্ঠুর আগষ্টস ব্যতীত সকলের অন্তঃকরণে দয়া উপস্থিত হইল। কৃষক ও মেষ পালক প্রভৃতি লোকেরা কেহ২ জয়ির নির্দয় মানস অন্যথা করিবার নিমিত্ত কেহ বা পৃথিবীর অন্যান্য অংশে বাস করিবার কারণ অনুমতি প্রার্থনা করত বিনয় করিতে লাগিল। ১৬ এই দুর্ভাগা ব্যক্তিদের মধ্যে বরজিল * নামা প্রসিদ্ধ কবি ছিলেন তাঁহার গ্রন্থ দ্বারা লোকের যিরূপ উপকার হয়, সহস্র২ জয়ী হইতেও তদ্রূপ উপকার হয় নাই। ১৭ তিনি আপন পৈতৃক বিষয় রক্ষার্থ আগষ্টসের † নিকট গমন পূর্ব্বক অতিশয় কাতরতা প্রকাশ করত তাঁহার প্রার্থনা

* লাটিনদের মধ্যে বরজিল কবির রাজা স্বরূপে গণ্য হয়েন, ইউরোপের প্রাচীন লোকদের মধ্যে হোমর ভিন্ন তাঁহার সদৃশ আর কেহ কবি ছিল না। ইনিয়ড ও জর্জিক প্রভৃতি তাঁহার কএক খান প্রসিদ্ধ গ্রন্থ অদ্যাপি প্রচলিত আছে, সে সকলে যে রূপ নিপুণতা ও বিজ্ঞতা প্রকাশ আছে সে রূপ প্রায় অন্য কোন গ্রন্থে দেখা যায় না।

† যে সেনা তাঁহার ভূমি অধিকার করিয়াছিল বরজিল তাঁহাকে আগষ্টসের পূর্ব্বোক্ত আজ্ঞা কহিবাতে সে তাঁহাকে প্রায় হত করিয়াছিল কিন্তু তিনি একটা নদী সন্তরণ দ্বারা পার হইয়া প্রাণ রক্ষা করিয়াছিলেন।

গ্রাহ্য হইল কিন্তু তদ্ব্যতীত বেনিউসিয়া* ও ক্রিমোনার† [illegible] লোকেই নির্দ্দয়তা পূর্ব্বক দূরীকৃত হইল।

১৮ এই সময়ে ইটালী ও রোম নগরে মহা উৎপাত উপস্থিত হইল, কারণ গর্ব্বিত সেনারা স্বেচ্ছানুসারে লুঠ আরম্ভ করিল এবং সেক্সটস‡ পাম্পি সমুদ্রে অধিকার করিয়া গমনাগমনের পথ রুদ্ধ করিলেন তাহাতে বাণিজ্যকারিদের মিসর প্রভৃতি দেশ হইতে শস্যানয়ন একেবারে রহিত হইয়া গেল। ঐ সময়ে রাজ্য মধ্যে একটা যুদ্ধ উপস্থিত হওয়াতে উক্ত উৎপাতের বৃদ্ধি হইল। ঐ যুদ্ধের কারণ এই, আণ্টনী ক্লিওপেট্রার প্রতি আসক্ত হওয়াতে তাঁহার স্ত্রী ফলবিয়া ক্রোধ ও ঈর্ষায় অধীরা হইয়া মিসর রাজ্ঞীর ক্রোড় হইতে স্বামিকে আনিবার জন্য নানা উপায় করিয়াছিলেন। [illegible] অপর আগষ্টসের সহিত বিচ্ছেদ করিয়া দিলে ইষ্ট লাভ অর্থাৎ আণ্টনীর ঐ আসক্তি বিনষ্ট হইবেক এমত মনে করিয়া পতির সহোদর লুসিয়সের যোগে এই ছলে বিবাদের বীজ রোপণ করিয়া দিলেন যে ভূমি বিভাগ সময়ে আণ্টনী আগষ্টসের তুল্য অংশ পাইবেন। ঐ প্রস্তাবে তাঁহাদের মধ্যে বিবাদ হইবার উপক্রম হইল এবং মীমাংসার নিমিত্ত আগষ্টস সেনাদিগকে মধ্যস্থ মানিলেন কিন্তু লুসিয়স তাহাতে সম্মত হইলেন না, কারণ আপনাদের পৈতৃক ভূমি সম্পত্তি বর্জ্জিত ছয় দল সৈন্য তাঁহার বশীভূত থাকাতে তিনি আপন ক্ষমতাক্রমে আগষ্টসকে সম্মত হইতে বাধ্য করণে প্রতিজ্ঞা করিলেন।

* বেনিউসিয়া নগর ইটালির দক্ষিণ পূর্ব্বাংশে আছে, তাহা রোম হইতেও প্রাচীন। এইক্ষণে বেনিউসিয়া নামক রাজ্যের রাজধানী হইয়াছে।

† ক্রিমোনা নগর বেনিউসিয়ার নিকট স্থাপিত, এইক্ষণে তাহা ক্রিমোনিসি দেশের রাজধানী হইয়াছে।

‡ সেক্সটস পাম্পি মহান্ উপাধি বিশিষ্ট পাম্পির এক পুত্র।

সুতরাং আগষ্টস ও আণ্টনীর সহিত যুদ্ধ উপস্থিত হইল এবং তৎকালে যদিও আণ্টনী উপস্থিত ছিলেন না তথাপি তাঁহার সৈন্যাধ্যক্ষেরা তাঁহারই নামে যুদ্ধ প্রচার করিল। ২১ পরন্তু এই রণে আগষ্টস জয়ী হইলেন এবং লুসিয়স দুই দল সৈন্যদ্বারা রুদ্ধ হইয়া পেরুষিয়া * নগরে প্রস্থান করিতে বাধিত হইলেন। শত্রুরা তাঁহাকে ঐ স্থানে কঠিন রূপে বেষ্টন করিল। তিনি অনেক বার নগর হইতে বহির্গমন করিয়া শত্রুদিগকে সাহস পূর্ব্বক আক্রমণ করিলেন এবং ফলবিয়াও সাধ্যানুসারে তাঁহার সাহায্য করিলেন কিন্তু কিছুতেই কোন ফল দর্শিল না বরঞ্চ শেষে আহারের কষ্ট হওয়াতে রণ বিজয়ির কৃপা প্রার্থনা করিতে হইল। আগষ্টস সৌজন্য প্রকাশ পুরঃসর আহ্বান করিয়া তাঁহাকে ও তাঁহার সঙ্গিদিগকে ক্ষমা করিলেন।

২২ আণ্টনী সহোদরের পরাজয় এবং পত্নীর পলায়ন শ্রবণ করিয়া আগষ্টসকে বাধা দিতে প্রতিজ্ঞা করত ভূরি২ রণ তরির সহিত গমন করিলেন। ২৩ পরে আথেনী নগরে উত্তীর্ণ হইয়া তথায় ফলবিয়ার সহিত সাক্ষাৎ করত এই কলহ উত্থাপন জন্য তাঁহাকে যথোচিত ভর্ৎসনা করিলেন এবং তাঁহার রূপ লাবণ্যের প্রতি ঘৃণা করিতে লাগিলেন। অপর যদিও ফলবিয়ার সাংঘাতিক পীড়া হইয়াছিল তথাপি তাঁহাকে পরিত্যাগ করিয়া আগষ্টসের সহিত যুদ্ধার্থ ইটালি যাত্রা করিলেন। ২৪ ব্রণ্ডুসিয়মে † তাঁহাদের পরস্পর সাক্ষাৎ হইলে সকলেরই এই বোধ হইল এইক্ষণে রণাগ্নি প্রজ্বলিত হইবে। ঐ সমরার্থ আণ্টনীর অনেক সৈন্য ছিল কিন্তু তাহারা নূতন সংগৃহীত। পরন্তু সেক্সটস পাম্পি তাঁহার সহায়

* পেরুসিয়া নগর ইটুরিয়া প্রদেশে টাইবর নদীর তীরে স্থাপিত, অধুনা তাহার নাম পেরুজিয়া হইয়াছে।

† ব্রণ্ডুসিয়ম নগর বিনিস্থ দেশের মোহানার নিকটে স্থাপিত আছে, তাহার নাম এক্ষণে কণ্ডুসাই হইয়াছে।

ছিলেন। আন্টনী ও আগষ্টসের বিচ্ছেদ অবধি এই ব্যক্তির শক্তি দিনং বৃদ্ধিশীল হইতেছিল। আগষ্টসের অধীনে পুরাতন কিছু অনেক সেনা সমূহ ছিল বটে কিন্তু তাহারা আপনাদের পূর্ব্ব সেনাপতি আন্টনীর সহিত যুদ্ধ করিতে কোন মতে ইচ্ছুক হইল না। অতএব সন্ধির প্রসঙ্গ হওয়াতে শেষে পরস্পরের মিলন হইল এবং উভয়ে উভয়ের দোষ ক্ষমা করিলেন। তাঁহাদের ঐ সন্ধির দৃঢ়তা স্থাপন নিমিত্ত আগষ্টসের ভগিনী আকটেবিয়ার সহিত আন্টনীর বিবাহ হইল। ২৬ এইরূপে নির্ব্বিরোধ হইলে তাঁহাদের মধ্যে রোম রাজ্যের নূতন প্রকার বিভাগ হইল অর্থাৎ আগষ্টস রাজ্যের পশ্চিমাংশ পাইলেন, পূর্ব্বাংশ আন্টনীর অংশে রহিল এবং লেপিডস আফরিকায় অধিকার লইয়াই সন্তুষ্ট হইলেন। অপর সেক্সটসের বিষয় এই স্থির হইল যে তিনি পিলাপনিসস্* এবং ভদ্ভিন্ন যে উপদ্বীপ হস্তগত করিয়াছেন তাহা তাঁহার অধিকারেই থাকিবেক তদ্ব্যতীত তাঁহার এই ক্ষমতা হইল যে উপস্থিত না থাকিয়াও কন্সল পদের কর্ম্ম আপনার এক জন বন্ধু দ্বারা নির্ব্বাহ করিতে পারিবেন। আর এই স্থির হইল যে তিনি সমুদ্রের পথ মুক্ত করিয়া দিবেন তাহাতে সিসিলি দ্বীপ হইতে রোমীয়দের প্রাপ্য শস্য নির্ব্বিঘ্নে আসিতে পারিবেক। এই প্রকার সাধারণ বিষয়ক সন্ধি হওয়াতে সকলের মনে সন্তোষ জন্মিল এবং তাহারা মনে করিল তাহাদের দুঃখের একেবারে শেষ হইল †।

---

* পিলাপনিসস নামক প্রায়দ্বীপ গ্রীশ দেশে স্থাপিত এইক্ষণে তাহার নাম মোরিয়া হইয়াছে।

† আন্টনী আগষ্টস সমভিব্যাহারে পাম্পির তরি মধ্যে গমন করিয়া এই সন্ধি স্থির করিলেন, যৎকালে তাঁহারা কথোপকথন করিতেছিলেন সেই সময় পাম্পির মিনাস নামক এক জন অধ্যক্ষ তাঁহার নিকট নিবেদন করিল যদি আজ্ঞা হয় আমি তত তাজে তাহাদের

প্রশ্ন।

১ ব্রুটসের মৃত্যুর পর কি হইল।

২ ত্রিয়াধ্যক্ষদের তিন জনেরই কি সমান শক্তি হইল?

৩ তাঁহারা কোন্ কর্ম্মে প্রথম প্রবৃত্ত হইলেন? তাঁহাদের আজ্ঞায় কে কি প্রকারে দণ্ড পাইল?

৪ ব্রুটসের মস্তকের দুর্দশা দর্শনে লোকদের মনে কি ভাবোদয় হইল এবং তাঁহার বনিতা পোরশিয়া কি করিলেন?

৫ লোকে সিজরের হত্যার বিষয়ে কি রূপ কহিয়া থাকে?

৬ সাধারণাধিকার ধ্বংস হওয়াতে কি হইল?

৭ আণ্টনী কোন২ স্থানে গমন করিলেন? এবং তত্তৎ স্থানে তাঁহার কি রূপ সম্মান হইল?

৮ তিনি কি কর্ম্ম করিলেন? কে তাঁহার বিশেষ প্রিয় হইল।

৯ তিনি ক্লিওপেট্রাকে কি আজ্ঞা করিলেন? সে আজ্ঞার কারণ কি?

১০ ক্লিওপেট্রার কি প্রকার রূপ গুণ ছিল।

১১ তিনি কি প্রকার সমারোহ পূর্ব্বক আণ্টনীর নিকট গমন করিলেন?

১২ উভয়ের সাক্ষাৎ হইলে কি ঘটিল।

১৩ এ স্থানে আগষ্টস কি করিতে লাগিলেন?

১৪ তিনি সেনাদের নিকট কি স্বীকার করিয়াছিলেন? তাঁহার সফলতা নিমিত্ত কি সুযোগ আবশ্যক হইল?

১৫ তাঁহার ঐ দৌরাত্ম্যে কি হইল?

---

রজ্জু কর্ত্তন করি-তাড়া করিলে অনায়াসে এ ত্রিশক্তিদিগকে হস্তগত করিতে পারিব কিন্তু পাম্পি সুখাপেক্ষা সুনাম ও সম্মান ভাল বাসিতেন অতএব মহানুভবতা প্রকাশ পূর্ব্বক তাঁহার ঐ বিশ্বাসঘাতকীয় পরামর্শ অগ্রাহ্য করিলেন।

১৬ বসতি স্থান পরিত্যাগিদের মধ্যে কোন্ ব্যক্তি প্রধান ছিল?

১৭ বরজিলের প্রার্থনা গ্রাহ্য হইল কি না?

১৮ ইটালীয়েরদের কি অবস্থা হইল?

১৯ আত্মীয়দের পরস্পর যুদ্ধ কি কারণে হইল?

২০ আগষ্টসের মীমাংসার কথায় লুসিয়স কি জন্য অস্বীকৃত হইলেন?

২১ যুদ্ধে কে জয়ী হইল এবং লুসিয়সের কি প্রকার অবস্থা হইল?

২২ যুদ্ধ বার্ত্তা শুনিয়া আণ্টনী কি করিলেন?

২৩ স্ত্রীর সহিত কি রূপ ব্যবহার করিলেন?

২৪ কোন্ পক্ষে কত সেনা ছিল?

২৫ আগষ্টসের সেনারা কি কারণ রণে অসম্মত হইল এবং তাহাতে কি ফল দর্শিল?

২৬ কি প্রকারে রাজ্য বিভাগ হইল ও সেক্সটসের সহিত কিরূপ স্থির হইল?

---

## ২১ অধ্যায় ৭ খণ্ড।

১ আগষ্টসের মনোবাঞ্ছা কেবল আণ্টনীর নিমিত্ত পূর্ণ হয় নাই অতএব আগষ্টস তাঁহাকে দূরীভূত করিতে মানস করিয়া রোমীয়দের নিকট তাঁহার কলঙ্ক প্রকাশ করিতে সাধ্যানুসারে চেষ্টা পাইলেন। পরন্তু আণ্টনীর আত্ম কদাচারও তাঁহার ঐ চেষ্টার সাহায্য করিতে লাগিল। ২ আণ্টনী পার্থিয়দের প্রতিকূলে অসংখ্য সৈন্য সহিত গমন করিয়া শেষে চতুর্থাংশ সেনা ও সমস্ত দ্রব্যাদি বিনষ্ট করত প্রত্যাগমন করিলেন।

৩ আণ্টনী কলঙ্কের ভয় করেন নাই; রাজ্য বিষয়ে তাচ্ছল্য করত কেবল সুখাসক্ত হইয়া ক্লিওপেটরার সহিত দিবা রাত্রি

প্রেমালাপে কালযাপন করিতেন এবং সেই ভুবনমোহিনীও তাঁহাকে বশতাপন্ন করিবার নিমিত্ত নিত্যং নূতনং আমোদ করিতে প্রবৃত্ত হইলেন। ৪ ফলতঃ অহরহ নবামোদের সৃজন ও তুচ্ছ বিষয় গুরুতর করণ এই দুই কার্য্যে ঐ বরবর্ণিনীর তুল্য নিপুণা অত্যল্প মহিলা ছিল। অপর তিনি এতাদৃশী চতুরা ছিলেন যে ইন্দ্রিয় সুখ সম্ভোগে অবসন্ন হইয়া মধ্যে যে কিঞ্চিৎ কাল অবকাশ পাইতেন সে সময়ও আমোদ প্রমোদে যাপন নিমিত্ত কখন রাজমহিষীর কখন বা ব্যাকস* দেবের সেবকার এবং কখন বা মৃগয়াকারিণীর বেশ ধারণ পূর্ব্বক বিবিধ ক্রীড়া কৌতুক করিতেন। ৫ আণ্টনীও প্রেয়সীকে কেবল মিসর দেশীয় সুখ ভোগ করাইয়া সন্তুষ্ট হইলেন না, অহরহ নবীনং সুখ সামগ্রী রচনা করিতে প্রবৃত্ত হইলেন এবং তজ্জন্য রোমীয়দের অধিকারস্থ সমুদয় ফিনিসিয়া †, সিলো সিরিয়া, সাইপ্রস, ‡ সিলিসিয়া, আরেবিয়া, এবং জুডিয়ার অধিকাংশ ইত্যাদি কতিপয় দেশ প্রিয়তমাকে প্রদান করিলেন। কিন্তু এই গুরুতর দানে তাঁহার অধিকার ছিল না; এতদাচরণ হর্কিউলিসের ব্যবহারানুরূপ হইল। ৬ এই প্রকারে ভুরিং অজ্ঞানতার কর্ম্ম করাতে রোম মধ্যে তাঁহার যশঃকান্তি বিনাশ হইল। আগস্টস ঐ বিরাগ সূত্রে আপনার অভীষ্ট সাধন মানসে তাঁহার দোষ বিস্তার করিতে প্রবৃত্ত হইলেন। ৭ ক্রমে আণ্টনীর প্রতি রোমীয়দের মনোভঙ্গ দেখিয়া এই ছলে আপনার ভগিনী

---

* ব্যাকস দেব পূর্ব্ব কালীন লোকদের মধ্যে মদ্য ও সর্ব্ব প্রকার লম্পটতার অধিষ্ঠাতা বলিয়া গণ্য ছিলেন সুতরাং তাঁহার সেবকেরা যাবতীয় কুক্রিয়ান্বিত হইত।

† ফিনিসিয়া ও সিলোসিরিয়া এই দুই প্রদেশ সিরিয়া দেশে স্থাপিত।

‡ সিলিসিয়া ও আরেবিয়া অর্থাৎ আরবদের দেশ এবং জুডিয়া এই কএক প্রদেশ আসিয়া মাইনরে স্থাপিত।

আক্‌টেবিয়াকে তাঁহার নিকট প্রেরণ করিতে পরামর্শ করিলেন যে তিনি স্বীয় স্বামির সমীপে গিয়া তাঁহাকে সুধারান্বিত করিবেন কিন্তু বস্তুতঃ তাঁহার তাদৃশ অভিপ্রায় ছিল না, কেবল যুদ্ধের সূত্রোৎপাদন নিমিত্ত ঐ রূপ কহিয়া ভগিনীকে পাঠাইয়া দিলেন কারণ বিলক্ষণ জানিতেন আণ্টনী আক্‌টেবিয়াকে অবজ্ঞা করিয়া বিদায় করিবেন।

৮। সে সময় আণ্টনী লিউকোপলিস * নগরে উপপত্নীর সহিত সুখ ভোগ করিতেছিলেন, যখন শুনিলেন আক্‌টেবিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত আথিনী নগর পর্য্যন্ত আসিয়াছেন তখন নায়িকার সহিত মহা অসুখী হইলেন বিশেষতঃ সুচতুরা ক্লিওপেটরা মনোমধ্যে এই আশঙ্কা করিতে লাগিলেন আক্‌টেবিয়ার রূপে আণ্টনী পাছে বশীভূত হয়েন; অতএব তিনি যৎপরোনাস্তি বিমর্ষান্বিত হইলেন এবং [illegible] নায়কের এবম্প্রকার বোধ জন্মাইতে চেষ্টা করিলেন আমি তোমাকে প্রাণের অধিক ভাল বাসি। আণ্টনী তাঁহাকে অনেক বার অশ্রুপাত করিতে দেখিয়াছিলেন কিন্তু যখন২ ঐ অবস্থা অবলোকন করিতেন তখন বাহ্যে তাহা লুকাইতে বিশেষ যত্ন করিতেন এবং এই ভাব প্রকাশ করিতেন যেন আপন বিষাদের কারণ তাঁহাকে জানাইতে ইচ্ছুক নহেন। ৯। ঐ অবলার এবম্প্রকার চতুরতায় এবং পারিষদগণের তোষামোদ ও বিনয়ে বশীভূত হইয়া আণ্টনী হতজ্ঞান হইলেন সুতরাং আক্‌টেবিয়ার সহিত সাক্ষাৎ না করিয়া তাঁহাকে কেবল গৃহে পুনর্গমন করিতে আজ্ঞা করিলেন এমত নহে বরং একেবারে ত্যাগ করিয়া মিশর রাজ্ঞীকে বিবাহ করিলেন। এই আচরণে রোমীয়েরা রাগান্বিত হইবে ইহা জানিয়াও তাহাদিগকে তুচ্ছ করিলেন। ১০ সে যাহা হউক, তিনি বিবাহোৎসব নিমিত্ত কোন গৃহে মিসরবাসিদের সমাজ করিলেন

---

* লিউ কোপলিস নগর আসিয়া মাইনরস্থ কেরিয়া প্রদেশে স্থাপিত।

এবং এক রূপার চাঁদনীর তলে দুই জনের স্বর্ণ সিংহাসন পাতিয়া ব্যাকস দেবের ন্যায় পরিচ্ছদ পরিধান পূর্ব্বক স্বয়ং এক সিংহাসনে আরোহণ করিলেন এবং ক্লিওপেট্রাকে মিশর দেশের প্রধান দেবী আইসিসের * ন্যায় সুসজ্জিতা করিয়া অন্য প্রধানাসনে উপবেশন করাইলেন। ১১ অপর এই ঘোষণা করিলেন আমি ক্লিওপেট্রাকে যে২ দেশ প্রদান করিয়াছি অদ্যাবধি তৎসমুদায়ে তিনি রাজত্ব করিবেন তাঁহাকে স্বীয় পুত্র সিজারিওর + সহিত ঐ সকল দেশ স্বেচ্ছাক্রমে শাসন করিবার সম্পূর্ণ শক্তি প্রদান করিলাম। এতদ্ভিন্ন ক্লিওপেট্রার গর্ব্ভে আপনার ঔরসে যে দুই সন্তান জন্মিয়াছিল তাহাদিগকে রাজাধিরাজ উপাধি দিয়া অনেক রাজ্য প্রদান করিলেন। পরে রোম নগরে কন্সলদের নিকট এই সকল কুৎসিত ব্যাপার এক২ করিয়া অম্লান বদনে বর্ণন করত আপনার মূর্খতা চূড়ান্ত করিলেন।‡

১২ এইরূপে আগষ্টস যুদ্ধের ছল পাইয়া আন্টনীর প্রতিকূলে যাত্রা করিবার মানসে সেনেটদিগের নিকট প্রার্থনা করিলেন কিন্তু সে সময় ইলিরিয়দের একটা উপদ্রব দমনার্থ প্রবৃত্ত থাকাতে তাঁহার ঐ প্রার্থনায় সেনেটদিগের মত হইল না। ১৩ তাহার

---

* মিশর দেশীয়েরা আইসিসকে চন্দ্র করিয়া কহিত। ইউরোপীয়েরা চন্দ্রকে স্ত্রী কহে।

+ সিজরের ঔরসে ক্লিওপেট্রার গর্ব্ভে সিজারিওর জন্ম হয়।

‡ এই সময়ে আগষ্টস সেক্সটস পাম্পির সহিত যুদ্ধে প্রবৃত্ত ছিলেন, বহু কাল ব্যাপিয়া ঘোরতর স্থল যুদ্ধ হইলে পর তাঁহাকে পরাভব করিয়া হত্যা করেন। ইহার অল্প কাল পরেই লেপিডস আপন সেনাদের কর্তৃক পরিত্যক্ত হইয়া অপদস্থ হইয়াছিলেন কিন্তু আপন জোতদারীর বিষয়ের উপর তাঁহার পূর্ব্বের ন্যায় অধিকার ছিল।

পর ঐ বিষয়ের নিমিত্ত নানা উদ্যোগ করিতে লাগিলেন, আন্টনী তাহা জানিতে পারিয়া সেনেটরদের সমীপে এই কহিয়া পাঠাইলেন আগষ্টসের বিপক্ষে আমার অনেক আবেদন আছে। তিনি সিসিলি উপদ্বীপ অধিকার করিয়া আমাকে তাহার অংশ দেন নাই ও লেপিডসকে অপদস্থ করিয়া তাঁহার অধিকার ভোগ করিতেছেন, এতদ্ভিন্ন [illegible] বঞ্চিত করিয়া কেবল আপন সেনাদের মধ্যে ইটালির সকল ভূমি বন্টন করিয়া দিয়াছেন। ১৪ আগষ্টস এই সমস্ত অভিযোগ পরিহাস পূর্ব্বক এই উত্তর করিলেন [illegible] পর সামান্য প্রদেশ স্বীয় সেনাগণকে প্রদান করিয়াছি [illegible] আন্টনীর অসন্তোষ প্রকাশ করা অন্যায়, তিনি [illegible] করিয়াছেন এক্ষণে অনায়াসে আপন সেনাদিগকে অনেক নগর ও দেশ প্রদান করিতে পারিবেন *। ১৫ আন্টনী এই পরিহাসে ক্রোধান্বিত হইয়া আগষ্টসের সহিত যুদ্ধার্থ অবিলম্বে ইটালিতে সৈন্য প্রেরণ করিলেন এবং যাহাতে সমরাগ্নি প্রবল হইয়া উঠে এমত উদ্যোগ করণার্থ ক্লিওপেট্রার সহিত সেমস † উপদ্বীপে গমন করিলেন। ১৬ সে স্থানে উপস্থিত হইয়া অদ্ভুত ও উপহাস্য এক কর্ম্মে প্রবৃত্ত হইলেন অর্থাৎ যুদ্ধ এবং ইন্দ্রিয় সুখ এই দুই পরস্পর বিরোধি বিষয়ে একেবারে অনুরাগী হইলেন। মিসর দেশ অবধি ইউক্সিন ‡ সমুদ্র পর্য্যন্ত যত রাজ্য ছিল তত্তৎ স্থানের রাজাদিগকে সৈন্য [illegible]-গ্রীয় দ্রব্য এবং অস্ত্রাদি পাঠাইতে আজ্ঞা করিলেন। আর [illegible]-

---

* আগষ্টসের এই উত্তর উপহাস মাত্র, কেননা আন্টনী পার্থিয়দের বিপক্ষে গমনানন্তর নিরাশ হইয়া প্রত্যাগমন করিয়াছিলেন।

† মেডিটরেনিয়ন সমুদ্রস্থ আর্কিপেলেগো নামক দ্বীপ সমূহের মধ্যে সেমস প্রসিদ্ধ ছিল।

‡ ইউক্সিনকে এইক্ষণে ব্লাকসি অর্থাৎ কাল সমুদ্র কহা যায়।

কারক, ভণ্ড, নট প্রভৃতিরাও তাঁহার নিকট উপস্থিত হইতে আজ্ঞা পাইল।

১৭ অনন্তর তিনি প্রিয়তমার সহিত সেমস হইতে আথেনি নগরে গমন পূর্ব্বক তথায় তাঁহাকে নূতন সম্মানে সম্মানিত করিলেন কিন্তু একম্বিধ অলীক ব্যাপারে কালক্ষেপ হওয়াতে আগষ্টসের পক্ষে অতিশয় উপকার হইল। ফলতঃ যদিস্যাৎ আণ্টনী উক্ত স্থান হয়ে প্রত্যাগত না হইয়া অবিলম্বে রোম নগরে গমন পূর্ব্বক যুদ্ধ করিতেন তাহা হইলে আগষ্টসের অতিশয় অনিষ্ট হইত কেননা সে সময় তাঁহার যুদ্ধ করিবার কোন উদ্যোগ ছিল না, কিন্তু আণ্টনীর কালক্ষেপে তিনি কেবল যুদ্ধার্থ প্রস্তুত হইলেন এমত নহে, যথা নিয়মে ও তাহাতে প্রবৃত্ত হইলেন। সে যাহা হউক, উভয় পক্ষীয়েরা সমরার্থ সুসজ্জিত হইল অর্থাৎ যদর্থ ঐ যুদ্ধ উপস্থিত হয় উভয় পক্ষে তদুপযুক্ত সেনা সংগৃহীত হইল। ১৮ এক ব্যক্তির সহিত পূর্ব্ব দেশীয় তাবৎ সেনা এবং অন্যের সহিত পশ্চিম দেশের সমুদয় অনীকিনী আগমন করিয়াছিল। আণ্টনীর এক লক্ষ পদাতিক দ্বাদশ সহস্র অশ্বারোহি ও পাঁচ শত রণ তরি ছিল এবং আগষ্টসের অশীতি সহস্র পদাতিক ও দ্বাদশ সহস্র অশ্বারোহী ছিল কিন্তু তাঁহার রণতরি যদিও আণ্টনীর অর্দ্ধেকেরও অধিক ছিল না বটে তথাপি সে সকল উত্তম রূপে নির্ম্মিত ও তাহাদের নাবিক এবং সৈন্যেরা অতিশয় সুশিক্ষিত ছিল।

১৯ ইপাইরস দেশের এম্ব্রেসিয়া মোহনার তীরস্থ একশিয়ম * নগরের নিকট খ্রীষ্ট জন্মের একত্রিংশৎ বৎসর পূর্ব্বে সেপ্টেম্বর মাসের ২ তারিখে একটা মহা সমর হইল তাহাতে জাহাজ†

---

* একশিয়ম নগরের নাম এইক্ষণে এক্তিও হইয়াছে।

† আণ্টনী মোহনার নিকট আপন জাহাজ শ্রেণীবদ্ধ করিলেন এবং আগষ্টস তাঁহার সম্মুখে অবস্থিতি করিলেন, উভয় সেনাপতি

সকল এক স্থানে স্থির হইয়া থাকাতে উভয় দলস্থ সৈন্যেরা মোহ-
নার উভয় তীরে যুদ্ধ দর্শক স্বরূপে শ্রেণীবদ্ধ হইয়া জয় ধ্বনি
করিতেং আপনং দলস্থদের যুদ্ধে প্রবৃত্তি নিমিত্ত উৎসাহ প্রদান
করিল। ২০ উভয় পক্ষীয়েরা যে রূপে রণ করিতে লাগিল সে
রূপ ধারায় পূর্ব্বে কেহ কখন সমর করে নাই। সে কালে জাহাজ
সকলের অগ্র ভাগ পিত্তলময় চঞ্চু দ্বারা সজ্জিত থাকিত এবং ঐ
সকল চঞ্চু বিপক্ষদিগের রণ তরির প্রতিকূলে বেগে ধাবমান হই-
বার প্রথা ছিল কিন্তু এ যুদ্ধে আন্টনীর জাহাজ সকল বৃহৎ প্রযুক্ত
অচল হইয়াছিল আর নাবিকেরাও বড় পরিপক্ব ছিল না সুতরাং
তাহাদের আবশ্যক দ্রুতগতির সম্পূর্ণ রূপ অভাব হইল। আগষ্টসের
তরির নিকর অতিশয় লঘু থাকাতে সে সকল আন্টনীর প্রকাণ্ড ও
বিকট জাহাজের প্রতিকূলে ধাবমান হইতে ভীত হইল অতএব
জাহাজ সকল কেবল শ্রেণীবদ্ধ হইয়া থাকাতে জলের উপর রণ
হইয়াও তাহারা [illegible] স্থলের ন্যায় যুদ্ধ করিতে লাগিল। যাহা
হউক [illegible] পড়িয়া সমান উৎসাহে সংগ্রাম করিয়াছিল তাহাতে
কোন পক্ষের জয় [illegible] নির্ণীত হইল না, পরন্তু আন্টনীর সৈন্য মধ্যে
গোলযোগের উপক্রম হইল। ২১ ক্লিওপেট্রা এই যুদ্ধ দ্বারাই ভাগ্যা
ভাগ্য স্থির করিতে মানস করিয়াছিলেন, কিন্তু স্ত্রী জাতিরা স্বভা-
বতঃ ভীরু হইয়া থাকে এ প্রযুক্ত ভীতা হইয়া হঠাৎ রণে ভঙ্গ দিয়া
আপন ষাটি খান ক্ষুদ্র নৌকার সহিত প্রস্থান করিলেন পরন্তু এ স্থলে
চমৎকারের বিষয় এই যে তাঁহার ভঙ্গ দেখিয়া আন্টনীও আপন
জাহাজ সকল অমিরর হস্তে সমর্পণ পূর্ব্বক তাঁহার পশ্চাৎ গমন
করিলেন সুতরাং তাঁহার স্থলস্থ সৈন্যেরাও সেনানী কর্ত্তৃক পরি-
ত্যক্ত হওয়াতে আগষ্টসের অধীন হইল।

---

ভিন্নং স্থানে না থাকিয়া আবশ্যক মতে আপনাদের সকল জাহা-
জেই গমনাগমন করিতে লাগিলেন।

২২ আন্টনী এক খান ক্ষুদ্র তরিতে অধিক দণ্ড যোগ করিয়া তদ্যোগে ক্লিওপেট্রার পশ্চাৎ২ গমন করত শীঘ্র তাঁহার জাহাজের পার্শ্বে উপস্থিত হইলেন এবং আপন তরি ত্যাগ পূর্ব্বক তন্মধ্যে প্রবেশ করিলেন। ক্লিওপেট্রা জাহাজের পশ্চাদ্ভাগে ছিলেন, আন্টনী তাঁহার সহিত সাক্ষাৎ না করিয়া অগ্রভাগে গমন পূর্ব্বক বিমর্ষ বা মৌন ভাবে বসিয়া রহিলেন। ক্রমাগত তিন দিবস ঐ ভাবে ক্ষেপণ হইল। ঐ দিনত্রয়ের মধ্যে একবারও ক্লিওপেট্রার সহিত বাক্যালাপ করিলেন না কিন্তু রাগ বা লজ্জা এতদ্দ্বয়ের মধ্যে কি কারণে ঐ রূপ ব্যবহার করিলেন তাহার নিশ্চয় হয় নাই। যাহা হউক রাজ্ঞীর দাসীরা ত্বরায় তাঁহাদের দুই জনের মিলন করিয়া দিলে পুনর্ব্বার পূর্ব্বের ন্যায় প্রেম প্রবাহ বহমান হইল। ২৩ আপনার সেনাগণ এ পর্য্যন্ত কৃতজ্ঞ আছে কেবল এই ভাবিয়াই আন্টনী স্থির চিত্ত ছিলেন এবং সেই আশাসেই তাহাদিগকে আসিয়ায় গমন করিতে আজ্ঞা করেন কিন্তু যখন আপনি আফ্রিকায় আগমন করিলেন তখন ঐ ভ্রম দূরীভূত হইল, কারণ সেখানে এই সমাচার প্রাপ্ত হইলেন সেনাগণ তাঁহার পক্ষ পরিত্যাগ পূর্ব্বক আগষ্টসের অধীন হইয়াছে। এই ব্যবহারে সৈন্যগণের প্রতি কোন মতে দোষারোপ করা যাইতে পারে না কারণ একশিয়মের এই যুদ্ধের পর আগষ্টস তাহাদিগকে সপক্ষ করিবার নিমিত্ত অনেক লোভ প্রদর্শন করিয়াছিলেন তথাপি তাহারা আন্টনীর প্রতি অচলা ভক্তি রাখিয়াছিল এবং সেনাপতি আসিয়া পুনর্ব্বার রণে প্রবৃত্ত করাইবেন এই আশয়ে ক্রমিক সাত দিবস পর্য্যন্ত অপেক্ষা করিয়াছিল। কিন্তু পরে যখন দেখিল আপনাদের ঐ আশায় নৈরাশ্য হইল এবং আপনাদের মধ্যস্থ প্রধান২ লোকেরা পরিত্যাগ করিতে লাগিল তখন সুতরাং আগষ্টসের অধীনতা স্বীকার করিতে বাধিত হইল। ২৪ সে যাহা হউক, আন্টনী এই বার্ত্তা পাইয়া এবম্বিধ হতাশ হইলেন যে আত্ম হত্যা দ্বারা প্রাণ ত্যাগ করিতে উদ্যত হইয়া-

ছিলেন। তাঁহার মিত্রেরা বহু বিনয় ও বিস্তর কষ্টে প্রবোধ [illegible] ঐ ভয়ানক ব্যাপার হইতে তাঁহাকে নিবৃত্ত করেন এবং আলেকজন্দ্রিয়ায় লইয়া যান। ২৫ আণ্টনী এইরূপে দুর্দশাপন্ন হইয়া আপন সাহস ও মনের স্থিরতায় একেবারে বর্জ্জিত হইলেন কিন্তু ক্লিওপেট্রা সে রূপ হইলেন না, তিনি বরং প্রজাদের বিষয় [illegible] আক্রমণ ও দৌরাত্ম্য পূর্ব্বক ধন সংগ্রহ করিয়া এক অদ্ভুত ও অশ্রুত কল্পনা স্থির করিলেন অর্থাৎ আপনার রণতরি সকল মেডিটরেনিয়ন সমুদ্র হইতে কি উপায়ে সুএজ নামক ডমরু মধ্য উল্লঙ্ঘন পূর্ব্বক আরব সমুদ্রের মোহনায় প্রবেশ করিতে পারে তদুপায় অনুসন্ধানার্থ আজ্ঞা প্রেরণ করিলেন। ঐ মোহনা রোমের অধীন ছিল না অতএব এই আশা করিলেন তথায় নিরাপদে আপনার ধন সম্পত্তির সহিত থাকিতে পারিবেন। তদনন্তর তাঁহার আজ্ঞায় কএক খান জাহাজ তথায় প্রেরিত হইয়াছিল কিন্তু আরবীয়েরা তাহা দগ্ধ করিয়া ফেলিল এবং আণ্টনী তাঁহাকে ঐ মানস হইতে নিবৃত্ত করিলেন। তদনন্তর [illegible] ত্যাগ করিয়া অন্য এক অসম্ভব বিষয়ে প্রবৃত্ত হইলেন অর্থাৎ জয়ি আগষ্টসের বিপক্ষতাচরণ পূর্ব্বক মিশর দেশ রক্ষা করিতে মনস্থ করিলেন। ২৬ এই মানস পূর্ণ করণার্থ সাধ্যানুসারে চেষ্টা করিয়া যুদ্ধের সমুদায় আয়োজন করিতে লাগিলেন তাঁহার মনের এই আশা ছিল যদিও আগষ্টসের আক্রমণ ব্যর্থ করিতে না পারি তথাচ তাঁহার সহিত আপন লভ্য জনক পণে সন্ধি করিতে পারিব। বাস্তবিক ক্লিওপেট্রা আণ্টনীর কেবল সৌভাগ্যের সহিতই প্রেম করিয়াছিলেন তাঁহার সহিত করেন নাই অতএব যদিস্যাৎ আণ্টনীর অনিষ্ট করিয়াও আপন রক্ষা ও মঙ্গল করিবার অবকাশ পাইতেন আহ্লাদ পূর্ব্বক তাহা করিতেন। ২৭ এক্ষণে তাঁহার বয়ঃক্রম প্রায় চল্লিশ বৎসর হইয়াছিল, তথাপি আপন রূপ লাবণ্যজন্য অনেক ভরসা করিতেন এবং যে সকল কৌশল দ্বারা আণ্টনীকে প্রেম পাশে বন্ধন করিয়াছিলেন তদ্দ্বারা আগষ্টসকেও বদ্ধ করিবের বাসনা করিতেন অতএব

ান্টনী আগস্টসের নিকট যে তিন বার দূত প্রেরণ করেন সেই তিন রেই গোপনে নিজ দূত পাঠাইয়া আপন পক্ষে অনেক গোপনীয় সঙ্গ করেন। তিনি আগস্টসের সমীপে কেবল এই যাচ্ঞা করিয়াছেলেন আমার প্রাণ দান পূর্ব্বক গুপ্ত রূপে নির্জ্জনে বাস করিতে দিয়া র্বিঘ্নে কালযাপন করিবার অনুমতি দেউন, কিন্তু এ প্রার্থনাতে কান উত্তর পাইলেন না। ২৮ রাজ্ঞী স্বীয় সন্তানদের নিমিত্ত জয়ির কট প্রকাশ্য রূপে কোন বিষয়ের প্রসঙ্গ করিয়া পাঠাইয়া গোপনে াপন মুকুট ও সিংহাসনাদি তাঁহাকে সমর্পণ করিতে অঙ্গীকার করিলেন। আগস্টস তাঁহার প্রকাশ্য প্রসঙ্গে কোন প্রতিবচন না দিয়া গাপনীয় কথার এই উত্তর প্রেরণ করিলেন যদি তুমি আণ্টনীকে হত্যা বা আমার নিকট প্রেরণ কর তাহা হইলে তোমার প্রতি যথোচিত কৃপা করিব। ২৯ ক্লিওপেট্রার এই গুপ্ত আচরণ আণ্টনীর গোচর হইল এবং নূতন২ ঘটনাতে তাঁহার ক্রোধ ও ঈর্ষার বৃদ্ধি হইতে লাগিল। অতএব তিনি সমুদ্রের সেতুর উপর এক নির্জ্জন গৃহ নির্ম্মাণ করাইয়া তন্মধ্যে রুদ্ধ থাকিয়া অত্যাচারি লোকে আপন নিষ্ঠুর অভিপ্রায় অসিদ্ধ হইলে যে রূপ মনঃ পীড়া পায় সেই রূপ মানসিক দুঃখে জ্বলিতে লাগিলেন; অপর নর নিন্দক টাইমনের * সদৃশ সমস্ত মানবের সহিত বাক্যালাপ ত্যাগ করিয়া একান্তে রহিলেন। ৩০ পরন্তু তাঁহার ঈর্ষা এতাদৃশী বুদ্ধিশালিনী হইল যে অচিরে তাঁহাকে পুনর্ব্বার মানব মণ্ডলীর মধ্যে আসিতে হইল।

---

* টাইমন এক জন মনুষ্য দ্বেষী, সে খ্রীষ্ট জন্মের ৪২০ বৎসর পূর্ব্বে আথিনি নগরে জন্মে। তাহার সমভিব্যাহারে এপিমেনটস নামা এক ব্যক্তি ছিল। ঐ টাইমন আলসিবাইডিস্‌কে অতিশয় মান্য করিত; এক দিন এপিমেনটস তাহাকে ঐ বিষয়ের কারণ জিজ্ঞাসা করাতে এই উত্তর করে আলসিবাইডিস্ হইতে আমার স্বদেশীয় আথিনিদের সর্ব্বনাশ হইবে এই নিমিত্ত আমি তাঁহার সমাদর করি।

আগষ্টসের থির্সস নামা এক জন চর ক্লিওপেট্রার সহিত গোপনে কথোপকথন করিয়াছে এই বৃত্তান্ত অবগত হইয়া তিনি ঐ নি... স্থান হইতে বাহির হয়েন এবং সেই ব্যক্তিকে ধৃত করিয়া নি... রূপে বেত্রাঘাত করত আপন প্রভুর নিকট পাঠাইয়া... অপর তাঁহার দ্বারা আগষ্টসকে এই লিপি পাঠাইয়া... আমাকে দুর্দশাগ্রস্ত দেখিয়া আমার অপমান করিয়াছিল... তাহাকে শাস্তি দিয়াছি এ বিষয়ে যদি তোমার প্রতিহিংসা করিবার বাসনা হয় আমার দাসত্ব হইতে মুক্তি প্রাপ্ত হিপার্কস তোমার নিকট আছে তুমিও তাহাকে ঐ রূপ শাস্তি দিও। হিপার্কসের প্রতি ... রূপ দণ্ড হইলে আণ্টনীর পরম সন্তোষ হইত কারণ সে ব্যক্তি তাঁহাকে পরিত্যাগ করিয়া তাঁহার সৌভাগ্যান্বিত প্রতিবাদির পক্ষে মিলিত হইয়াছিল।

প্রশ্ন।

১ আগষ্টসের মনোবাঞ্ছা সিদ্ধির কি প্রতিবন্ধক ছিল? সেই বাধা শোধন করণার্থ তিনি কি করিলেন?

২ আণ্টনী পার্থিয়দের প্রতিকূলে যাত্রা করিলে কি ফল হইল?

৩ আণ্টনী কি দুর্ভাগ্যের কারণ দুঃখিত হইলেন?

৪ ক্লিওপেট্রা কোন্ বিষয়ে বিশেষ প্রসিদ্ধা ছিলেন? এবং কি করিতে লাগিলেন?

৫ আণ্টনী ক্লিওপেট্রাকে কিং দান করিলেন?

৬ তাঁহার এই অজ্ঞানতায় কি ফল হইল?

৭ আগষ্টস আণ্টনীর সহিত বিরোধ উপস্থিত করিবার নিমি... কি উপায় করিলেন?

৮ অকটেবিয়ার আগমন বার্ত্তা প্রাপ্ত হওয়াতে আণ্টনী ও ক্লিওপেট্রা সুখী কি দুঃখী হইলেন এবং ক্লিওপেট্রা কি করিতে লাগিলেন?

৯ আণ্টনী আপন স্ত্রীর প্রতি কি রূপ আচরণ করিলেন?

"আমি একি প্রতিনিধি দ্বারা আপনকার অধীনে আক্‌শিয়মে যুদ্ধ করিয়াছিলাম।" এই কথায় তিনি অত্যন্ত সন্তুষ্ট হইলেন এবং স্বয়ং তাঁহার প্রতিনিধি হইয়া প্রার্থিত বিষয় সফল করিয়া দিলেন। অপর এক দিবস কোন লোক ভয়াকুল হইয়া এক খান আবেদন পত্র প্রদান করাতে তিনি তাহাকে কহিলেন "বন্ধো তুমি যেমত ভীত হইয়াছ তাহাতে বোধ হয় আমাকে মনুষ্য জ্ঞান না করিয়া হস্তি জ্ঞানে যেন কোন দ্রব্য দিতেছ, যাহা হউক শঙ্কা করিও না, সাহসী হও"। ৩ এক সময়ে তিনি বিচার করিতেছিলেন তদবসরে মিসিনস্‌ নামক এক ব্যক্তি বিচার কার্য্যাবলোকনে তদীয় নির্দয় ভাবের আবির্ভাব সম্ভাবনা বুঝিয়া এবং তন্নিবারণার্থ জনতা প্রযুক্ত তাঁহার নিকটে স্বয়ং গমন করিতে না পারিয়া এক খান কাগজে "উঠ রে হন্তা" এই শব্দ লিখিয়া তাঁহার ক্রোড়ে নিক্ষেপ করিল। আগষ্টস তাহা পাঠ করিয়া অসন্তুষ্ট হইলেন না, বরং যে সকল লোকদিগকে দণ্ড করিবার মানস করিয়াছিলেন দণ্ডায়মান হইয়া তাহাদিগকে ক্ষমা করিলেন। ৪ তাঁহার যে পূর্ব্ব স্বভাবের সর্ব্বতোভাবে পরিবর্ত্ত হইয়াছিল পাম্পির পৌত্র কার্নিলিয়স সিনার প্রতি সদ্ব্যবহার করাতেই তাহা সপ্রমাণ হয়; ঐ ব্যক্তি তাঁহার বিপক্ষে একটা কুমন্ত্রণায় প্রবৃত্ত হইয়াছিল তদ্বিষয় প্রকাশ হইলে তিনি মন্ত্রণাকারিদিগের মধ্যে অন্যান্য ব্যক্তিকে বহুবিধ তিরস্কার করিয়া বিদায় করেন কিন্তু সিনাকে পরম উপকার দ্বারা বাধ্য করত লজ্জা দিবার মানসে সম্বোধন করিয়া কহিয়াছিলেন, অহে সিনা তুমি আমার প্রতি বারম্বার শত্রুতা ও কুমন্ত্রণা করিতেছ আমি দুই বার ক্ষমা করিয়া তোমার প্রাণ নষ্ট করি নাই এবারেও অপরাধ গ্রহণ না করিয়া কন্সল্‌ অর্থাৎ প্রধান রাজকর্ম্মকারির পদে তোমাকে নিযুক্ত করিলাম, অদ্যাবধি বৈরি ভাব পরিত্যাগ করিয়া আমার সহিত বন্ধুতা কর বরং আমাদের উভয়ের মধ্যে এই মাত্র বিরোধ থাকুক যে তোমার প্রতি আমার বিশ্বাস কি আমার প্রতি তোমার কৃতজ্ঞতা এই দুইয়ের মধ্যে কোন্‌টা প্রধান।

৫। তিনি এবম্বিধ বিবিধ সদ্ব্যবহার করিয়া অনেক কাল রাজ্য শাসন করিলেন। প্রথমতঃ সন্ধি সংস্থাপন দ্বারা সমুদ্র লাভার্থ যত্নবান্ হইয়াছিলেন পরে তাঁহার আপনার অধীন সৈন্যাধ্যক্ষদিগের দ্বারাই সর্ব্বত্র জয় হইতে লাগিল।

৬ কিন্তু অনন্তর সাংসারিক অসুখ হওয়াতে তাঁহাকে অত্যন্ত মনো দুঃখ পাইতে হইল। তিনি টাইবিরিয়স নিরো নামক এক ব্যক্তির বিবাহিতা লিবিয়া নাম্নী স্ত্রীকে তাহার সম্মতিক্রমে বিবাহ করিলেন; যৎকালে ঐ বনিতা তাঁহার পরিণীতা হয় সে সময় ছয় মাস অন্তঃসত্ত্বা ছিল। ঐ রমণীর অত্যন্ত দাম্ভিকতা স্বভাব ছিল বিশেষতঃ সে আপনাকে অধিরাজের প্রিয়তমা জ্ঞান করিয়া স্বেচ্ছানুসারে তাঁহার উপর কর্তৃত্ব করিত। ৭ সেই স্ত্রীর টাইবিরিয়স ও ড্রুসস্ নামক দুই পুত্র জন্মে। আগষ্টস বিবাহ করিলে তিন মাস পরে কনিষ্ঠ ড্রুসস্ ভূমিষ্ঠ হয়, অতএব লোকেরা ড্রুসস্কে আগষ্টসেরই ঔরস জাত জ্ঞান করিত কিন্তু আগষ্টস পরে জ্যেষ্ঠ পুত্র টাইবিরিয়সকে পোষ্য পুত্র করাতে সেই ব্যক্তিই রাজ্যের উত্তরাধিকারী হইলেন। টাইবিরিয়স সর্ব্বদা সন্দিগ্ধ চিত্ত ও অবাধ্য ছিলেন এবং এমত কলহ রত ও অস্থির ছিলেন যে অবশেষে রাজাজ্ঞানুসারে পঞ্চ বৎসরের নিমিত্ত দেশ বহিষ্কৃত হইয়া রোড উপদ্বীপে প্রেরিত হন। যদিও দেশান্তরে গিয়া সে স্থানে নিভৃত ভাবে অবস্থিতি পূর্ব্বক বিদ্যার চর্চ্চা ও গ্রীকদিগের সহিত সদালাপে কাল যাপন করিয়াছিলেন তথাচ পরে বিদ্বান্ হইলাও বিপরীত ব্যবহার করিলেন। ৮ আগষ্টস আপনার প্রথমা পত্নী স্ক্রিবোনিয়ার গর্ভজাতা জুলিয়া নাম্নী কন্যার কদাচারে অতিশয় অসুখী ছিলেন। প্রথমতঃ আপন সেনাপতি আগ্রিপার সহিত তৎপরে টাইবিরিয়সের সহিত ঐ জুলিয়ার উদ্বাহ হয়। পরন্ত জুলিয়া অতিশয় নীচ প্রকৃতি এবং [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] আপনার [illegible] সর্ব্বপ্রকার কদাচার করিতে আরম্ভ করিল। সে এতাদৃশ

মুকুট ও এক খণ্ড স্বর্ণ দিয়া পুরস্কার করিলেন কিন্তু ঐ ব্যক্তি সেই রাত্রিতেই বিপক্ষদিগের নিকট গমন পূর্ব্বক তাহাদিগের সহিত মিলিত হইল কেননা আপন বিজ্ঞতা সহকারে এই বিবেচনা করিয়াছিল ধন প্রাণ রক্ষার্থ প্রবল পক্ষের আশ্রয় গ্রহণই শ্রেয়স্কর।

আণ্টনী এই ব্যাপারে ক্রোধে প্রজ্বলিত হইয়া সাহস পূর্ব্বক জল ও স্থল উভয় স্থানে প্রতিবাদির বিরুদ্ধাচরণ করিতে প্রতিজ্ঞা করিলেন কিন্তু তদ্বিষয়ে প্রবৃত্ত হইবার পূর্ব্বে তাঁহাকে এই কহিয়া পাঠাইলেন আইস কেবল তোমায় আমায় সমর করি আগষ্টস তাঁহার এবং আপনার অবস্থার প্রভেদ জানিতেন সুতরাং অসম সাহসিক প্রসঙ্গে সহসা সম্মত না হইয়া কপট তাচ্ছল্য প্রকাশ পূর্ব্বক এই উত্তর করিলেন আমার সহিত সংগ্রাম ব্যতীত তোমার মৃত্যুর অনেক পন্থা আছে।

৬ আণ্টনী এই কথায় পর দিন আপনার অবশিষ্ট অনীকিনী সহিত নগরের নিকটবর্ত্তি এক উচ্চ স্থানে অবস্থিতি করিয়া নাবিক যোদ্ধাদিগকে আজ্ঞা করিলেন শত্রুদের রণতরির উপর আক্রমণ পূর্ব্বক সংগ্রামের আরম্ভ কর। তাঁহার আদেশ ক্রমে তাহারা শ্রেণীবদ্ধ হইয়া যথা নিয়মে গমন করিতে লাগিল, তিনি তদ্দর্শনে পরম আহ্লাদিত হইলেন। ৭ কিন্তু তাঁহার এই হর্ষে আশু বিষাদ উপস্থিত হইল কারণ ঐ সকল নাবিক সেনা আগষ্টসের রণ তরির নিকটস্থ হইয়া তত্রস্থ সৈন্যগণকে সম্মান করত তাহাদিগের সহিত মিলিত হইল এবং পরে একত্র হইয়া নৌকা বাহিয়া পুনর্ব্বার ঘাটে আসিল। এই সময়ে আণ্টনীর অশ্বারোহি সেনাগণও পরিত্যাগ করিয়া যাওয়াতে তাঁহার দুঃখের ইয়ত্তা রহিল না। এক্ষণে তিনি পদাতিকদিগকেই যুদ্ধে প্রবৃত্ত হইবার নিমিত্ত প্রবৃত্তি দিতে যৎপরোনাস্তি যত্ন করিতে লাগিলেন কিন্তু তাহারা অনতিবিলম্বে পরাভূত হইল অতএব আপনি নগরে প্রত্যাবর্ত্তন করিতে বাধিত হইলেন। ৮ আণ্টনী এই সকল দুর্ঘটনায় সন্দিহান হইয়া পশ্চাত্তাপ করিতে২

পথিমধ্যে ক্রোধে উচ্চস্বরে কহিতে লাগিলেন বোধ হয় ক্লিওপেট্রার বিশ্বাসঘাতকতা নিমিত্তই এই সমস্ত বিপদ ঘটিল, যে সকল লোক কেবল তাহারেই নিমিত্ত আমার শত্রু হইয়াছিল ঐ দুষ্টা তাহাদের হস্তে আমাকে সমর্পণ করিল। ফলতঃ তাঁহার এই সন্দেহ অমূলক নহে, কারণ ক্লিওপেট্রার গুপ্ত আজ্ঞানুসারেই রণ তরি সকল অরি পক্ষে গিয়া মিলিত হইয়াছিল।

৯ আণ্টনীর মনে ঐ রূপ সন্দেহ জন্মিলে ক্লিওপেটরা অনেক দিন পর্য্যন্ত ভীতা হইয়া রহিলেন এবং তাঁহার ঐ মনোভাঙ্গে হঠাৎ কোন বিপদ না ঘটে এতন্নিমিত্ত আইসিস্ দেবীর মন্দিরের নিকটে এক অট্টালিকা নির্ম্মাণ করিলেন। ১০ ঐ অট্টালিকা দৃশ্যে সমাধির ন্যায় হইল কিন্তু বস্তুতঃ সমাধি নহে। ঐ স্থানে তিনি আপনার বহু মূল্য দ্রব্য সকল মশালে ও শুষ্ক কাষ্ঠে এবং অন্যান্য যে সমস্ত বস্তু অগ্নি স্পর্শ মাত্রে জ্বলিয়া উঠে তাহাতে আচ্ছাদন প্রভৃতি লইয়া গেলেন। ১১ তিনি মনোমধ্যে দুইটী অভিপ্রায় করিয়া ঐ স্থান নির্ম্মাণ করিয়াছিলেন, প্রথম এই যে তাহাতে প্রবেশ করিয়া আণ্টনীর কোপ হইতে রক্ষা পাইবেন, দ্বিতীয় এই যে, অগস্টসের এতাদৃশ বিশ্বাস হইবে যে উপযুক্ত পণে তাঁহাকে স্বাধীনতা প্রদান না করিলে তিনি আপন ধনাদি দগ্ধ করিয়া ফেলিবেন। ফলতঃ ঐ মহিলা অবিলম্বে এই ঘোষণা করিতে আজ্ঞা দিলেন যে আণ্টনীর ক্রোধ ভয়ে ক্লিওপেট্রা ঐ অট্টালিকায় পলায়ন পূর্ব্বক লীলা সম্বরণ করিলেন। পরে আপনি তন্মধ্যে গিয়া দ্বারাবরোধ পূর্ব্বক অবস্থিতি করিতে লাগিলেন। ১২ আণ্টনী সকল রিপুরই বশতাপন্ন ছিলেন, ক্লিওপেট্রার কপট মৃত্যুর সংবাদ প্রাপ্তি মাত্রে তাঁহার মনে পূর্ব্ব প্রেম এবং স্নেহ পুনর্ব্বার উদিত হইল অতএব শোক সাগরে মগ্ন হইয়া এইরূপ বিলাপোক্তি করত ক্রন্দন করিতে লাগিলেন "এক্ষণে আমার আর জীবনে কি ফল? ভাবনা ও ক্লেশের সান্ত্বনা স্বরূপ যে একটী বস্তু ছিল তাহাতেও বঞ্চিত হইলাম, হা প্রেয়সি ক্লিওপেট্রা তোমার

সহিত বিচ্ছেদ হওয়াতে যত না দুঃখ হইয়াছে তুমি স্ত্রী জাতি হইয়া আমাকে মৃত্যুর পথ দেখাইলে ইহাতে ততোধিক দুঃখ ও আপনার প্রতি হেয় জ্ঞান জন্মিতেছে।" ১৩ আণ্টনী আপনার এরস্ নামক এক জন মুক্ত দাসকে পূর্ব্বাবধি প্রতিশ্রুত করাইয়া রাখিয়াছিলেন যখন দুর্ভাগ্য ক্রমে নিরুপায় হইব তখন আমাকে বধ করিও। এক্ষণে সেই দাসকে আহ্বান পূর্ব্বক কহিতে লাগিলেন "এরস তোমার অঙ্গীকার পালনের সময় উপস্থিত হইয়াছে" ইহাতে ঐ কৃতজ্ঞ দাস তৎক্ষণাৎ আণ্টনীকে আঘাত করিবার ছলে অসি নিষ্কাসন করিল কিন্তু তাঁহার উপর আঘাত না করিয়া হঠাৎ মুখ ফিরাইয়া তাহা আপন বক্ষঃ স্থলে বিদ্ধ করিল ও প্রিয় প্রভুর পদতলে অবলুণ্ঠিত হইয়া প্রাণত্যাগ করিল। ১৪ আণ্টনী দাসের এই কৃতজ্ঞাচরণে বিস্ময়াপন্ন হইয়া প্রভু ভক্ত সেই ব্যক্তিকে আপন ক্রোড়ে ক্ষণ কাল ধারণ করিলেন পরে তাহার হস্ত হইতে সেই অস্ত্র স্বয়ং গ্রহণ করিয়া তদ্দ্বারা আপন উদর বিদীর্ণ করত একটা খট্টাঙ্কের উপর উল্টিয়া পড়িলেন। ১৫ যদিও এই আঘাত সাংঘাতিক হইল তথাচ শোণিত ধারার বহন স্থগিত হওয়াতে পুনর্ব্বার সজ্ঞান হইয়া জীবনের শেষ করণার্থ গৃহাগত লোকদিগকে বিনয় করিতে লাগিলেন কিন্তু তাহারা ভীত হইয়া প্রস্থান করিল। ১৬ তিনি ঐ রূপ দুঃখের অবস্থায় পড়িয়া রহিয়াছেন ইত্যবসরে ক্লিওপেট্রার এক জন লেখক তাঁহার সন্নিকটে আসিয়া রাজ্ঞীর জীবন সংবাদ জ্ঞাপন পূর্ব্বক কহিলেন মহাশয় সমাধিস্থা কর্ত্রী ঠাকুরাণী আপনাকে তথায় যাইতে বিনতি করিতেছেন। পরে তিনি উক্ত স্থানে আনীত হইলেন, কিন্তু ক্লিওপেট্রার সহিত কেবল দুই জন সহচরী থাকাতে তাহারা ভয়ে বহির্দ্বার মুক্ত করিতে পারিল না, গবাক্ষ দ্বার হইতে ক গাছ রজ্জু নীচে নিক্ষেপ পূর্ব্বক অতি কষ্টে তাঁহাকে আকর্ষণ রিয়া উপরে লইল। ১৭ আণ্টনী শোণিতাক্ত শরীর হইয়াও ওপেট্রার প্রতি হস্ত বিস্তার করত শয্যা হইতে গাত্রোত্থান

করিতে চেষ্টা করিলেন। ক্লিওপেট্রা তদ্দর্শনে সাতিশয় শোকাকুল হইয়া আপন বস্ত্র ছিন্ন ও বক্ষে করাঘাত এবং যে২ স্থানে দারুণ আঘাত জন্য আন্টনীর প্রাণ ওষ্ঠাগত হইতেছিল তথায় পুনঃ২ চুম্বন করিলেন অপর অহে আমার পতি ও আমার প্রভু ও আমার রাজা, এবম্প্রকার সম্বোধন পূর্ব্বক ক্রন্দন করিতে লাগিলেন। ১৮ আন্টনী তাঁহাকে শান্ত্বনা করিয়া কহিলেন, "প্রিয়ে ক্লিওপেট্রা তোমার নিকট আমার বিনয় এই যদ্যপি সম্মানে আপন প্রাণ রক্ষা করিতে পার রাখিও। অপর তুমি আমার দুর্ভাগ্য জন্য খিদ্যমানা হইও না বরং আমি জীবদ্দশায় সুখী [illegible] তাহা ভাবিয়া আমার সহিত আনন্দিতা হও। আমি সকল মানবাপেক্ষা [illegible] ক্রান্ত ছিলাম, এক্ষণে আমার পতন হইল বটে কিন্তু [illegible] নহে কারণ আমি নিজে রোমান, রোমান দ্বারাই পরাজিত হইলাম।" এই কথা কহিতে২ তাঁহার প্রাণ বিয়োগ হইল।

১৯ আগস্টস আন্টনীর এই দুঃসাহসিক আচরণের বিষয় অবগত হইয়া যে কোন প্রকারে হউক ক্লিওপেট্রাকে আপনার অধীন করিবার নিমিত্ত প্রকিউলসকে পাঠাইয়া দিলেন। ২০ তাঁহার এ বিষয়ে এবম্প্রকার উদ্যোগী হইবার দুই কারণ ছিল। প্রথম, ক্লিওপেট্রাকে বশীভূত করিলে তিনি যে ধন সম্পত্তি পূর্ব্বোক্ত সমাধি স্থলে লইয়া গিয়াছিলেন তাহা নষ্ট করিতে পারিবেন না; দ্বিতীয় এই যে, তাঁহার শরীর রক্ষা করিতে পারিলে আপনার জয়ের সুশোভন ভূষণ স্বরূপ হইতে পারিবেন। ২১ পরন্তু ক্লিওপেট্রা ঐ বিষয়ে বিশেষ সতর্ক ছিলেন, বহির্দ্বার ব্যতীত অন্য কোন পথ দিয়া প্রকিউলসের সহিত কথোপকথন করিতে অস্বীকার করিলেন। বহির্দ্বার দিয়া কথা কহিতে স্বীকার পাইবার তাৎপর্য্য এই যে তাহা দৃঢ় রূপে রুদ্ধ থাকাতে বল দ্বারা প্রবেশ্য হইবে না। পরে এক খান কাষ্ঠ নির্ম্মিত সোপানে আরোহণ পূর্ব্বক পূর্ব্বে আন্টনী যে গবাক্ষ দ্বার দিয়া গিয়াছিলেন প্রকিউলস আগস্টসের দুই জন সেনা সহ সেই

গবাক্ষ দ্বারা ক্লিওপেটরার গৃহে প্রবেশ করিলেন। রাজ্ঞী তাঁহাকে দেখিবা মাত্র আপনার কটি বন্ধ এক খান ছুরিকা বহিষ্করণ পুরঃসর আত্মঘাতিনী হইবার উদ্যম করিলেন তাহাতে প্রকিউলিয়স তাঁহার হস্ত হইতে ঐ অস্ত্র বল পূর্ব্বক গ্রহণ করিলেন। ২২ ক্লিওপেটরা এইরূপে বশবর্ত্তিনী হওয়াতে আগষ্টস আহ্লাদিত হইয়া এপা-ফ্রোডাইটসকে আজ্ঞা করিলেন রাজমহিষীকে বাটীতে লইয়া সাব-ধান পূর্ব্বক তাঁহার পরিরক্ষণ করিবা। অপর আজ্ঞা দিলেন রাজ্ঞী যে রূপ পদস্থ ব্যক্তি, তদনুরূপ বিনয় ও ন্যূনতা প্রদর্শন পূর্ব্বক তাঁহার সহিত ব্যবহার করিয়া যাহাতে তিনি পরাধীনতা সহ্য করিতে পারেন তাহা করিও।

২৩ যদিও আণ্টনীর অন্ত্যেষ্টি ক্রিয়া নিমিত্ত অনেক রাজা ও ভূরিং সৈন্যাধ্যক্ষ যত্ন পাইয়াছিলেন তথাচ তজ্জন্য সুখ্যাতি কেবল ক্লিও-পেটরারই হইল এবং তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়াদি করণের সম্মান কেবল তিনিই পাইলেন। ফলতঃ আণ্টনী যাহাং পাইবার যোগ্য ছিলেন এবং ক্লিওপেটরার স্বীয় প্রেমানুসারে তাঁহাকে যাহাং দেওয়া উচিত ছিল তৎসমুদয় রাণীর প্রতি প্রদত্ত হইল। ২৪ পরন্তু রাণী পরাধী-নতা প্রযুক্ত কেবল ম্রিয়মাণাবস্থায় রহিলেন। তাঁহার সমূহ ক্ষতি ও মহা শোক এবং বক্ষঃস্থলের নিদারুণ আঘাত এই কএক কারণে শারীরিক মহতী পীড়া জন্মিল কিন্তু সেই পীড়ার বৃদ্ধি হয় এতদর্থ তিনি নিতান্ত বাঞ্ছিত হইলেন, অতএব আমার রোগের উপকারই পথ্য, এই ছলে আহার ত্যাগ করিয়া অনশনে প্রাণ [illegible] করিতে প্রতিজ্ঞা করিলেন। ২৫ কিন্তু আগষ্টস তাঁহার ঐ গূঢ় মানস অব-গত হইয়া চিকিৎসকদিগের দ্বারা এই ভয় প্রদর্শন করিতে লাগিলেন, "যদ্যপি তুমি এ প্রকারে দেহপাত কর তাহা হইলে তোমার সন্তান-দিগকে নষ্ট করিব"। অতএব আপন অপত্যবর্গের মৃত্যুর হেতু হইতে অশক্ত হওয়াতে শেষে চিকিৎসকদের মতানুসারে ঔষধ পথ্য গ্রহণে সম্মতা হওত রোগ হইতে মুক্তা হইলেন।

২৬ এই সময়ে আগষ্টস আলেকজণ্ড্রিয়া নগরে প্রবেশ করিয়া তত্রত্য লোকদের ভয় ভঞ্জনার্থ তথাকার আর্কস নামক পণ্ডিতের সহিত সদালাপ করিতে লাগিলেন। পরন্তু লোকেরা তাঁহার আগমনে কম্পান্বিত হইল এবং সকলেই ভূতলে পতিত হইয়া তাঁহাকে সাষ্টাঙ্গে প্রণিপাত করিল। অপর অপরাধি ব্যক্তিরা আপনাদের নিধনাজ্ঞা যে রূপে অপেক্ষা করিয়া থাকে সেইরূপ ভাবে তাঁহার সম্মুখে পতিত হইয়া রহিল। ২৭ আগষ্টস তাহাদিগকে গাত্রোত্থান করিতে অনুমতি করিয়া কহিলেন তিন কারণে আমি তোমাদিগকে ক্ষমা করিলাম। প্রথম, আমি তোমাদিগের নগর নির্ম্মাতা মহা আলেকজণ্ডরের প্রতি অতিশয় ভক্তি করি। দ্বিতীয়, সুনির্ম্মাণ ও সুগঠন নিমিত্ত এ স্থান অতিশয় প্রশংসনীয়। তৃতীয় তোমাদের গহবাসি আর্কসের সহিত আমার বন্ধুতা আছে। ২৮ ফলতঃ সেখানকার গণ্য লোকদের মধ্যে কেবল দুই জন নিহত হইয়াছিল অর্থাৎ আণ্টনীর পুত্র আণ্টিলস এবং জুলিয়স সিজরের তনয় সিজারিও। তাঁহারা দুই জনেই স্ব২ শিক্ষকদের বিশ্বাসঘাতকতায় আগষ্টস কর্ত্তৃক ধৃত হয়েন। কিন্তু ঐ বিশ্বাসঘাতিরা পরে ঐ কৃতঘ্নতাচরণ জন্য দণ্ডিত হইয়াছিল। আগষ্টস ক্লিওপেট্রার অন্যান্য সন্তানদের প্রতি সাতিশয় সদ্ব্যবহার করিয়া শিক্ষক হস্তে তাঁহাদিগকে সমর্পিত করত আজ্ঞা করিলেন তাঁহারা যেমত মহা কুলোদ্ভব যেন তদনুরূপ সমস্ত বস্তু প্রাপ্ত হয়েন। ২৯ অপর ক্লিওপেট্রার পীড়া শান্তি হইলে পর তিনি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আগমন করিলেন তাহাতে রাজ্ঞী পর্য্যঙ্কে শয়ানা হইয়া তাঁহাকে অভ্যর্থনা করিলেন; পরে গৃহমধ্যে প্রবেশ করিলে গাত্রোত্থান করিয়া আপনি যে সামান্য পরিধেয় বসন পরিধান করিয়াছিলেন সেই পরিচ্ছদেই সাষ্টাঙ্গে প্রণিপাত করিলেন। বহু দুঃখ ও ক্লেশ জন্য তাঁহার আকৃতি বিকৃতি প্রাপ্ত হইয়াছিল আর তিনি মুক্তকেশী, ভয়াকুলা, বিবর্ণা, এবং বারম্বার রোদনে স্ফীত নয়না হইয়াছিলেন, কিন্তু তথাপি তাঁহার স্বাভাবিক সৌন্দর্য্য দীপ্যমান হইয়া প্রকাশ

পাইল এ[illegible] তাঁহার ম[illegible] গতি ও মনোহর কটাক্ষ তখনও অনুরূপ লাবণ্যের স[illegible]ী স্বরূপ হইয়া প্রকাশমান হইল। ৩০ সে যাহা হউক, আগস্টস অ[illegible]নার [illegible]তাস্বরূপ শিষ্টাচার পূর্ব্বক ভূমি পতিত রাণীকে উত্তোলন ক[illegible]সিতে [illegible] আপনি তাঁহার পার্শ্বে উপবেশন করিলেন। ৩১ অতঃপর ক্লিও[illegible]ট্রা সর্ব্বতোভাবে আপন মানস পূর্ণ করণাভি[illegible]ী যাহাতে তাঁহার প্রতি নির্ব্বিবাদে অনুকূল হয়েন তদর্থ নান[illegible] করিলেন, এবং তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা ও স্তব করিয়া [illegible]নোমোহন করিতে নানা যত্ন করিতে লাগিলেন। অপর আপনার [illegible]কোন প্রকার [illegible] নাই ইহা প্রদর্শন করিতে চেষ্টা করিলেন[illegible] স্পষ্ট প্রমাণ থাকাতে সে চেষ্টায় কোন ফল দর্শিল না। প[illegible] দুঃখিদের প্রতি সিজরের দয়ার বিষয় স্মরণ করিয়া দি[illegible] মহাশয় তাঁহাকে যে সকল লিপি লিখিয়াছিলেন তাহার মধ্যে [illegible] কোমল ও স্নিগ্ধ শব্দে লিখিত কতিপয় পত্র পাঠ করত তাঁহার [illegible]তে যে আত্মীয়তা ছিল তদ্বিষয়ে অনেক কথোপকথন করিলেন আর ক্রন্দন করিতে২ কহিতে লা[illegible] সিজর আমার প্রতি যে রূপ অনুগ্রহ[illegible]ত ছিলেন এই [illegible]হা বলি[illegible] কোন ফল নাই, আহা! তাঁহার সহিতএ অ[illegible] মৃত্যু কেন হই[illegible] না। পরন্তু তোমাকে দেখিয়া এখন আমি মনে করি যেন তিনিই বর্ত্তমান আছেন। ৩২ কিন্তু আগস্টস স্বীয় বুদ্ধি দ্বারা এই সকল চাতুর্য্য বুঝিতে পারিলেন, অতএব তাঁহার ঐ কথায় গৌরব না করিয়া যৎসামান্য রূপে উত্তর করিলেন, তাহাতে কুটিলান্তঃকরণা ক্লিওপেট্রা অন্য প্রকার চেষ্টায় প্রবৃত্তা হইলেন। ৩৩ তিনি আগস্টসের লোভ জন্মাইবার নিমিত্ত আপনার ধন ও অলঙ্কারের এক তালিকা প্রদান করিলেন। ৩৪ ইহাতে এতাদৃশ এক অসাধারণ ঘটনা ঘটিল যে তদ্দ্বারা স্পষ্ট প্রকাশ হইল শিষ্টাচার ও সভ্যতার এক্ষণে যে রূপ চলন আছে তৎকালে তদ্রূপ ছিল না, কারণ ঐ তালিকা অসম্পূর্ণ এবং রাজ্ঞী আপন সম্পত্তির কিয়দংশ গোপন করিয়া রাখিয়া-

প্রতিজ্ঞাতা হইয়াছিলেন সেই সকল প্রতিশ্রুত কথা পুনঃ পুনরুচ্চারণ করিতে লাগিলেন। পরে স্নান করিয়া উত্তম ও সুস্বাদু খাদ্য সামগ্রী প্রস্তুত করিতে কহিয়া বহু মূল্য অথচ ঐশ্বর্য্যশালি বসন পরিধান করিলেন এবং ভোজনানন্তর দুই জন প্রিয় সখী ব্যতীত অন্য সকলকে সে স্থান হইতে প্রস্থান করিতে আজ্ঞা দিয়া এক ঝুড়ি ফলের সহিত একটা কাল সর্প গোপনে আনয়ন করিলেন : তদনন্তর আণ্টনীর শরীর যে সমাধিতে ছিল তন্মধ্যে তাঁহার শবও থাকে এই প্রার্থনা করিয়া আপন দারুণ প্রতিজ্ঞার বিষয় লিপি যোগে আগস্টসকে জ্ঞাপন করিলেন। ৩৮ আগষ্টস পত্র পাইবা মাত্র রাণীর প্রতিজ্ঞা ভঙ্গ করণার্থ দূত প্রেরণ করিলেন কিন্তু তাহারা সময়ে উপস্থিত হইতে পারিল না। বিলম্বে আসিয়া গৃহ প্রবেশ পূর্ব্বক দেখিল ক্লিওপেট্রা রাজ বেশ পরিধান করিয়া পর্য্যঙ্কোপরি গতাসু হইয়া পড়িয়া আছেন আর আইরাস নামিকা এক জন কৃতজ্ঞা সখী তাঁহার পদতলে পতিতা হইয়া মরিয়া রহিয়াছে এবং কারমিয়ন নামিকা অন্য সখী অর্দ্ধ মৃতা হইয়া রাজ্ঞীর মস্তকে রাজমুকুট স্থাপন করিতেছে। এতদ্দর্শনে দূতদের মধ্যে এক জন জিজ্ঞাসা করিল, কারমিয়ন এ কর্ম্ম কি ভাল হইয়াছে? সে উত্তর করিল হাঁ, ক্লিওপেট্রার ন্যায় বিখ্যাতা ও সম্ভ্রান্ত কুলোদ্ভবা রাণীর এ উপযুক্ত কর্ম্ম বটে। এই কথা কহিয়া সেও আপন কর্ত্রীর অঙ্কে পতিতা হইয়া প্রাণ ত্যাগ করিল *।

প্রশ্ন।

১ আগস্টস কোন্ দেশ জয় করিলেন?

২ তাঁহার আগমনে আণ্টনী কি করিলেন?

৩ ঐ সামান্য জয়ে তিনি কি অভিমানী হইলেন?

৪ তাঁহার ঐ সেনা কি পুরস্কার পাইল এবং কি রূপে কৃতজ্ঞতা প্রকাশ করিল?

---

* ক্লিওপেট্রা আণ্টনীর সহিত দ্বাদশ বৎসর সহবাস করিয়া ৩৮ বৎসর বয়সে পঞ্চত্ব পাইয়াছিলেন।

৫ ঐ রূপ ব্যবহারে আন্টনীর কি রূপ মনঃপীড়া হইয়াছিল এবং তিনি কি করিলেন?

৬ তিনি কি আরো যুদ্ধ করিয়াছিলেন?

৭ তাঁহার আহ্লাদ কি স্থায়ী হইল?

৮ পরাজয়ে তাঁহার কি রূপ অবস্থা হইল?

৯ ক্লিওপেটরা ঐ দুর্ভাগ্য স্বীকারার্থে কি প্রস্তুত ছিলেন?

১০ তিনি কি রূপ পূর্ব্ব সাবধান হইয়াছিলেন?

১১ ঐ সমাধি নির্ম্মাণে তাঁহার কি অভিপ্রায় ছিল?

১২ আন্টনী তাহা অবগত হইয়া কি দুঃখিত হইলেন?

১৩ পরে কি হইল?

১৪ আন্টনী কি স্বপন অভিপ্রায় দৃঢ় করিলেন?

১৫ তাঁহার কি তৎক্ষণাৎ মৃত্যু হইল?

১৬ তাঁহার সহিত ক্লিওপেটরার আর সাক্ষাৎ হইয়াছিল কি না?

১৭-১৮ সেই সাক্ষাতের বিবরণ বল?

১৯ আগষ্টস এ বিষয়ে কি আচরণ করিলেন?

২০ আগষ্টস কি নিমিত্ত ক্লিওপেট্রার জীবন রক্ষা করিতে উদ্যোগী ছিলেন?

২১ তিনি কি সহজে তাঁহার সমীপে যাইতে পারিলেন? এবং তাহাতে কি ফল হইল?

২২ তাঁহার প্রতি কি রূপ ব্যবহার হইল?

২৩ কে আন্টনীর অন্ত্যেষ্টি ক্রিয়া করিল?

২৪ এ প্রকার অনুগ্রহ প্রাপ্ত হইয়া তিনি কি পরাধীনতায় সম্মত হইলেন?

২৫ আগষ্টস কি উপায়ে তাঁহার প্রতিজ্ঞা রহিত করিলেন?

২৬ আগষ্টস আলেকজাণ্ড্রিয়ায় প্রবেশ করিলে কি২ ঘটনা হইল?

২৭ তাঁহাদের ভয় কি সত্য হইল?

২৮ কেহ রণ শায়ী হইল?

২৯ আগষ্টস ক্লিওপেট্রার সহিত সাক্ষাৎ করিতে গিয়া কি প্রকারে অভ্যর্থিত হইলেন?

৩০ তিনি তাঁহার প্রতি কি ব্যবহার করিলেন?

৩১ এই সাক্ষাতে রাজ্ঞী কি রূপ আচরণ করিলেন?

৩২ তাঁহার ছলে আগষ্টস ভুলিলেন কি না?

৩৩ তিনি পরে কি চেষ্টা করিলেন তাহাতে কি ফল হইল?

৩৪ সকল বিষয় বিশেষ করিয়া বল?

৩৫ ঐ ক্ষমা প্রার্থনা গ্রাহ্য হইল কি না?

৩৬ কাহার নিকট লিপি প্রেরণ করিয়া রাণী ঐ বিষয় অবগত হইয়াছিলেন এবং তদ্দ্বারা কি জ্ঞাত হইলেন?

৩৭ তিনি কি প্রতিজ্ঞা করিলেন ও তাহা কি প্রকারে সফল হইল?

৩৮ আগষ্টস কি তাঁহার ঐ প্রতিজ্ঞা ভঙ্গ করণে চেষ্টিত হয়েন নাই? আর সে চেষ্টা কি সকল হইয়াছিল?

---

## ২২ অধ্যায় ১ খণ্ড।

১ আণ্টনীর মৃত্যু হইলে আগষ্টস রোম রাজ্যের অধিপতি হইলেন এবং জয়োল্লাস প্রকাশ পুরঃসর রোম নগরীতে প্রত্যাগমন করিয়া নানা প্রকার মহোৎসব ও ক্রীড়াদি দর্শাইতে প্রবৃত্ত হইলেন; তাহাতে রাজ্যস্থ প্রজা জন তাঁহার পূর্ব্বাচরিত নিষ্ঠুর ব্যবহার সকল ক্রমেং বিস্মৃত হইতে লাগিল। যদিও মনুষ্য হত্যা প্রভৃতি নৃশংসতাচরণই তাঁহার রাজ্য সংস্থাপনের সূত্র হইয়াছিল, তথাপি রাজ্যেশ্বর হইয়া অবধি দয়া প্রকাশ করিয়া সমস্ত প্রজাকে বশীভূত করিতে প্রতিজ্ঞা করিলেন। ২ অতএব পৃথিবীর মধ্যে যে রাজ্যের সদৃশ অন্য রাজ্য ছিল না একণে সেই বৃহদ্রাজ্যের যাবত্ত লোক তাঁহার হস্তগত হইল। রোমীয়েরা আপনাদের পূর্ব্ব সাহস এবং যেং

বিশেষ চরিত্র দ্বারা অন্যান্য জাতি অপেক্ষা বিখ্যাত ছিল [illegible] এক জন রাজার একাধিপত্য হেতু এক্ষণে তাহাদের সে সকল [illegible] সর্ব্বতোভাবে অন্তর্হিত হইবার উপক্রম হইল; কিন্তু তৎকালীন ঐ নগরের উন্নতি ও ঐশ্বর্য্য সম্পত্তি প্রযুক্ত পৃথিবীর নানা [illegible] জাতীয় মনুষ্য তথায় আসিয়া বসতি করিয়াছিল অতএব [illegible] প্রতি তাহাদের জন্ম ভূমি তুল্য স্নেহ ছিল না। অতএব সমস্ত [illegible] একমত করিয়া রাখিবার নিমিত্ত বোধ হয় তাদৃশ ব্যক্তির [illegible] পত্য আবশ্যক ছিল। ৩ কিন্তু আশ্চর্য্যের বিষয় এই [illegible] দের মধ্যে দীর্ঘ কাল ব্যাপিয়া পরস্পর বিরোধ ও আত্ম কলহ অত্যন্ত বিনাশ হইলেও রাজ্য দিনং দৃঢ়তর ও বৃদ্ধিশীল হইতে লাগিল এবং বিরোধি রাজগণও বিনষ্ট হইল।

৪ আগষ্টস প্রথমে আণ্টনীর বন্ধুদিগকে বশীভূত করিতে যত্নবান হইলেন এবং তন্নিমিত্ত সাধারণের প্রতি এই ঘোষণা দিলেন আণ্টনীর নিকটে অন্য হইতে প্রাপ্ত যে সকল কাগজ পত্র ও লিপ্যাদি ছিল তাহা পাঠ না করিয়া দগ্ধ করিয়াছি। এরূপ ঘোষণার তাৎপর্য্য এই যদি কেহ মনো মধ্যে আশঙ্কা করে আণ্টনীর বন্ধু বলিয়া তাঁহাকে শত্রু জ্ঞান করিয়াছি, তাহা হইলে সে ব্যক্তি আমার ঘনিষ্ঠ হইতে ভীত হইবেক।

৫ সে যাহা হউক তিনি যদিও প্রথমতঃ সৈন্য বলে রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন তথাপি এক্ষণে সেনেট সভা দ্বারা সেই রাজ্য শাসন করিতে মত স্থির করিলেন। উক্ত সভ্যদিগের পূর্ব্ববৎ গৌরব ছিল না বটে কিন্তু তাঁহার এই দৃঢ় বিশ্বাস ছিল যে ঐ সভ্যদিগের ন্যায় জ্ঞান ও বিচার নৈপুণ্য অন্য কাহারও নাই অতএব রাজ্য সম্বন্ধীয় বিচারের চূড়ান্ত নিষ্পত্তির ভার তাহাদিগের প্রতি অর্পণ করিলেন তাহাতে এবং আপনার বদান্যতা ও প্রসাদ দানে প্রজা পুঞ্জ এবং সেনা নিকর অতিশয় অনুরক্ত হইল। ৬ সেনেট সভ্যদিগের হস্তে বিচার নিষ্পত্তির ভারার্পণ করাতে অন্য এই বিশেষ ফল

দর্শিল যে বিচারক গত নিষ্ঠুরতাচরণ জন্য বিরাগ তাহাদিগের উপরে, ও ক্ষমা করণ নিমিত্ত অনুরাগ তাঁহার আপনার প্রতি, বর্দ্ধিতে লাগিল। এইরূপে সেনেট সভ্যাদিগের হস্তে অধিকাংশ রাজকর্ম্মের ভারার্পণ ও জন্টতার প্রতি অনাদর পূর্ব্বক সর্ব্ব প্রকার পদস্থ লোক-দিগকে কর্ত্তব্য কর্ম্মে নিয়োগ করিবার বাহ্যিক সামান্য শক্তি স্বহস্তে রাখিয়া কৌশলে সকল বিষয়ে স্বাতন্ত্র্য প্রকাশ করিতে লাগিলেন। অপর তিনি ঐ শক্তি গ্রহণ করিলে কেহ কোন আপত্তিও করিল না। ৭ উক্ত রূপে আপন ক্ষমতা রক্ষা করাতে প্রকারান্তরে রাজ্যের একাধিপত্যই তাঁহার হস্তগত হইল, কিন্তু নির্ব্বোধ লোকেরা তাঁহার পরিমিতাচরণে চমৎকৃত হইয়া বিবেচনা করিতে লাগিল রাজবিদ্রোহাচরণ ব্যতীত অন্যান্য তাবৎ বিষয়ে আমার-দের স্বাধীনতা হইল; এবং সেনেট সভ্যেরা এই অনুভব করিতে লাগিলেন অবিচার করণের ক্ষমতা ভিন্ন সকল বিষয়েই আমাদের সম্পূর্ণ শক্তি রহিল। ফলতঃ সকলেই একবাক্যে কহিয়াছিল স্বাধীনতায় যে সুখ জন্মে এই রাজনীতি দ্বারা রোমীয়েরা তাহাতে বঞ্চিত হইল না, অথচ স্বাধীনতা হইতে যেং দুর্দশা হইবার সম্ভা-বনা তাহাও তাহাদের ঘটিবে না। ৮ আগষ্টসের রাজ্য সময়ে ঐ কথা সত্য হইয়াছিল এবম্প্রকার কহিলেও কহা যাইতে পারে কিন্তু তাঁহার উত্তরাধিকারিদিগের সময়ে ঐ কথার সংপূর্ণ অন্যথা হইয়াছিল কেননা তাঁহারদের শাসনে দুষ্ট প্রাদুর্ভুত ও রাজবিদ্রোহিতা-চরণে যেং দুর্দশার সম্ভব, প্রজারা তৎসমুদায়ই ভোগ করিয়া-ছিল।

৯ আগষ্টস রাজ্য মধ্যে প্রশংসনীয় সুনীতি সংস্থাপন করিয়া আপনার হস্তে সাম্রাজ্য রাখিবেন ও লোকদিগকে পূর্ব্ববৎ স্বাতন্ত্র্য পুনঃ প্রদান করিবেন, এই চিন্তায় ব্যাকুল হইলেন। ১০ পরে মিসি-নাস নামক মন্ত্রির পরামর্শে, আপনার অধীনেই রাজত্ব রাখিলেন, এবং ঐ অমাত্যের মতানুসারে রাজ্যের সমস্ত কর্ম্ম করিতে লাগিলেন।

উক্ত মন্ত্রির মন্ত্রণায় অধিক নম্র ও সদালাপী এবং দয়ালু হইয়াছিলেন, অপর বিজ্ঞজনের সমাদর করত তাঁহাদের সহিত মিত্রাচরণে ও সম্ভাষণে কাল ক্ষেপণ করিতেন। পণ্ডিতেরাও উৎকৃষ্ট সময়ে সদালাপ করিয়া তাঁহার সন্তোষ জন্মাইতেন এবং সর্ব্বত্র তদীয় গুণানুবাদ করিতেন।

১১ আগষ্টস এইরূপে প্রজাবর্গের সুখ শান্তি স্থাপন করিয়া যখন দেখিলেন তাঁহার প্রতি তাহাদের তজ্জন্য গাঢ়ানুরাগ জন্মিয়াছে তখন রাজত্ব পরিত্যাগের ইচ্ছা প্রকাশ করত তাহাদের মনে আপন মহত্ত্বে দৃঢ়তর বিশ্বাস জন্মাইবার মানস করিলেন। ১২ এই অভিপ্রায় সফল করিবার নিমিত্ত সেনেট সভায় যে সকল লোক তাঁহার সহায় ছিল এবিষয়ে তাহাদিগকে যে রূপ আচরণ করিতে হইবেক অগ্রে উপদেশ দিয়া শিখাইয়া রাখিয়াছিলেন পরে আপনি সভ্যদিগের সমীপে দণ্ডায়মান হইয়া স্বাভাবিক বক্তৃতা শক্তি প্রকাশ পূর্ব্বক আত্ম মত ব্যক্ত করত কহিলেন এতাদৃশ বৃহদ্রাজ্যের শাসন অতিশয় দুরূহ কর্ম্ম অমর দেবতা ব্যতীত নর লোকের ক্ষমতা সাধ্য নহে, এই বলিয়া নিজ হস্তে রাজ্য ভার রাখিতে মনো মধ্যে সম্যক প্রকার ইচ্ছুক হইলেও নম্রতা পূর্ব্বক আপনার অযোগ্যতা প্রকাশ করিতে লাগিলেন। তদনন্তর আপনার শস্ত্র ও বাহু বলে উপার্জ্জিত যে শক্তি সেনেট সভা কর্ত্তৃক দৃঢ়ীকৃতা হইয়া সমর্পিতা হইয়াছিল কপট সরলতা পূর্ব্বক তাহা পরিত্যাগ করিলেন। সভ্যেরা এ বিষয়ে এরূপ জ্ঞান করিলেন যে রোমীয়দিগের পূর্ব্ব কালীয় স্বাভাবিক দেশ হিতৈষিতা গুণ তাঁহার অন্তঃকরণ হইতে অদ্যাবধি অন্তরিত হয় নাই। ১৩ ফলতঃ সেনেট সভ্যদিগের মধ্যে যে ব্যক্তি এই গুপ্ত ব্যাপার যে প্রকারে অবগত ছিলেন তাহার মনে ঐ বক্তৃতা শ্রবণে তদনুরূপ ভাবের উদয় হইল পরন্তু অনেকেই তাঁহার ঐ ব্যবহার সত্য জ্ঞান করিয়া বিবেচনা করিল কোন মহাত্মার এরূপ ঔদার্য্য এ পর্য্যন্ত কখন প্রকাশ হয় নাই। কেহ বা তাঁহার গোপনীয় অভিপ্রায় জ্ঞাত হওয়াতে

লেও ঐ বক্তৃতায় অপ্রত্যয় করিল। অপর যে সকল ব্যক্তি লোক-দিগের পূর্ব্ব কলহে ক্লেশ পাইয়াছিল তাহারা তাঁহার রাজত্ব পরিত্যাগে পুনর্ব্বার সেই সকল দুঃখ সম্ভাবনা বোধ করিয়া শঙ্কাকুল হইল কিন্তু তাঁহার বক্তৃতার সময়ে শ্রোতৃবর্গের অধিকাংশ মন্ত্রি-দিগের পূর্ব্ব উপদেশানুসারে তাঁহার প্রার্থনায় পুনঃ২ ব্যাঘাত জন্মাইয়া কপট ক্রোধ প্রকাশ করিল। ১৪ ঐ সকল লোক এক-বাক্য হইয়া বিনয় করিতে লাগিল আপনি রাজ্য ভার ত্যাগ করি-বেন না। তাহাতে তিনি পুনঃ২ অস্বীকার করিলেন কিন্তু লোকেরা বিশেষ আগ্রহ প্রকাশ করিয়া শেষে তাঁহাকে প্রায় স্বীকার করিতে বাধিত করিল এবং শরীর রক্ষার বিষয়ে তাঁহাকে অধিক নিঃশঙ্ক করিবার কারণ তৎক্ষণাৎ এই আজ্ঞা প্রচার করাইল যে তাঁহার রক্ষক সেনারা পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ বেতন পাইবেক। ১৫ লোকেরা এই সম্মান প্রদান করাতে তিনি তাহাদের প্রতি প্রত্যুপকার প্রদ-র্শন নিমিত্ত দেশের মধ্যবর্ত্তি ক্ষুদ্র২ প্রদেশের শাসন ভার সেনেট সভ্যদিগকে প্রদান করিলেন। কেবল যে সকল রাজ্য প্রবলতর ও যাহার রক্ষার্থ অধিক সংখ্যক সৈন্যের আবশ্যক তাহারই শাসন কর্তৃত্ব ভার স্বহস্তে রাখিলেন, ঐ ভারও কেবল দশ বৎসরের নিয়ম করিয়া লইয়াছিলেন তাহাতে লোকদের সম্পূর্ণ আশা হইল পুনর্ব্বার স্বাধীনতা পাইতে পারিব। পরন্তু তিনি ঐ নিয়ম এমত কৌশলে করিয়াছিলেন যে নিয়মিত প্রথম দশ বৎসর অতীত হইলে পর দশ বৎসরের শাসন ভারও পুনর্ব্বার তাঁহারই হাতে আসিত এইরূপে দশ২ বৎসর করিয়া মৃত্যু কাল পর্য্যন্ত ক্রমাগত রাজ্য ভোগ করিলেন।

১৬ তিনি ছল পূর্ব্বক রাজ ভার পরিত্যাগ ...এর ইচ্ছা প্রকাশ করাতে রাজস্থ জনগণের অন্তঃকরণে তাঁহার প্রতি দৃঢ় বিশ্বাস জন্মিয়াছিল এবং তন্নিমিত্ত তদনন্তর তাঁহার রাজ্য চ্যুত হই-বার আশঙ্কা মাত্র হয় নাই বরং উত্তরোত্তর সম্মান বিশিষ্ট উপাধি হইয়াছিল ও সেই সময়াবধি তাঁহার নাম আগষ্টস হয়। তাঁহার

অদ্ভুত উপাখ্যান; বর্ণনার প্রথমাবধি যে আগষ্টস নাম ব্যবহার
করা গেল তাহার তাৎপর্য্য এই যে ইতিহাসে তিনি ঐ নামেই প্রসিদ্ধ।
তাঁহার রাজত্ব কালে রাজবাটীর দ্বারের সম্মুখে রাজ চিহ্ন সূচক
এক লারেল বৃক্ষ রোপিত হয় এবং তিনি যেং ভবনে অবস্থিতি
করিতেন সেইং আলয় রাজবাটী বলিয়া কথিত হয়। অপর তিনি
"দেশের পিতা" এই উপাধি প্রাপ্ত হইয়াছিলেন এবং তাঁহার শরীর
পবিত্র ও অনভিযোজ্য রূপে বিখ্যাত হইয়াছিল। ১৭ শত্রু মিত্রের
সংক্ষেপ বিবরণ এই যে সকলেই তাঁহার প্রশংসা ও মনোরঞ্জ
নত্ব গুণের কীর্ত্তন করিয়া শ্রান্ত হইয়াছিল। তিনি অনেং সেনেট
সভ্যদিগের কপট বাক্যাদের ঘৃণা করিয়াও তাঁহাদের হইতে রাজ
সম্মান প্রাপ্ত হইতেন; ইহাতে এই বোধ হয় যে মনুষ্যবর্গের কেবল
উপাধিতেই সম্মান ও তজ্জন্যই ক্ষমতা হইয়া থাকে।

১৮ পরন্তু তিনি দশম বার কন্সলী পদ প্রাপ্ত হইলে সেনেট
সভ্যেরা সাহস পূর্ব্বক তাঁহার ক্রিয়া সকল গ্রাহ্য করিয়া তাঁহাকে
ব্যবস্থার অনধীন করিলেন অর্থাৎ ব্যবস্থা দ্বারা তাঁহার কার্য্যের
বিচার করা স্থগিত হইল। তদনন্তর কিয়ৎ কাল পরে সভ্যেরা
তাঁহার পূর্ব্ব কৃত ও ভবিষ্যতে করণীয় ব্যবস্থা পালনার্থ শপথ করিতে
ইচ্ছা প্রকাশ করিলেন। ১৯ অপর তাঁহার সম্মানার্থ এই নিয়ম
নিবদ্ধ হইল যে কোন লোকের মৃত্যু কাল উপস্থিত হইলে সেই মুমূর্ষু
ব্যক্তি আপন সন্তানদিগকে এইরূপ আজ্ঞা করিবেন যে আমার প্রাণ
বিয়োগের পরে তোমরা কাপিটলের মন্দিরে নৈবেদ্য লইয়া
যাইবা, তাহাতে ইহা লিখিয়া দিবা যে অন্তকালে আমি আগষ্টসকে
কুশলে রাখিয়া প্রাণত্যাগ করিলাম। অপর ইহা স্থির হইল যে
রাজা যে দিবস নগরে প্রবেশ করিবেন সে দিনে কোন লোকের
প্রাণ দণ্ড হইবেক না। এক বার দুর্ভিক্ষ উপস্থিত হইলে ডিক্টেটরী
কর্ম্ম গ্রহণার্থ লোকেরা তাঁহার নিকট আসিয়া বিস্তর বিনয় করিয়াছিল

কিন্তু ঐ কর্ম্ম ব্যবস্থা দ্বারা রহিত হওয়াতে তিনি কোন মতে স্বীকার করেন নাই।

২০। যদিও তাঁহার প্রতি বহু প্রকার উপাধি ও নানাবিধ কর্ম্মের ভার সমর্পিত হইয়াছিল তথাপি তিনি বিশেষ পরিশ্রম ও মনোযোগ পূর্ব্বক সমুদায়ই সম্পন্ন করিতেন। ২১ অপর সেনেট সভ্যদিগের ভ্রষ্টতা ও লোকদের লম্পটতার দমনার্থ কতিপয় উত্তম২ ব্যবস্থা প্রচার করিলেন। আর এই আজ্ঞা প্রকাশ করিলেন কোন ব্যক্তি বৎসরে দুই বারের অধিক এক শত বিংশতির অধিক লোক লইয়া অস্ত্র-ক্রীড়া করিতে পারিবেক না, তন্নিমিত্তও সেনেট সভ্যদিগের অনু-মতি লইতে হইবেক। ঐ সময়ে রোমীয়দিগের ভ্রষ্টতা প্রবল হও-য়াতে ঐ প্রকার ব্যবস্থা স্থাপনের বিশেষ প্রয়োজন হইয়াছিল। ফলতঃ রোমীয়েরা মধ্যে২ বহুং সৈন্য আনয়ন করিয়া যুদ্ধে প্রবৃত্ত করাইত এবং তাহাদের অর্দ্ধেক লোক হত না হইলে প্রায় সংগ্রাম হইতে নিবৃত্ত হইত না। ২২ পূর্ব্বে নাইট লোকেরা এবং প্রধান২ বংশ জাত স্ত্রীগণ কেলিগৃহে নৃত্যাদি করিতেন, কিন্তু আগষ্টস এক্ষণে আজ্ঞা করিলেন ভবিষ্যতে তাঁহারা ও সদ্বংশজাত সন্তান সন্ততিরা কদাচ ঐ রূপ নৃত্যাদি করিতে পারিবেন না। ২৩ বিবাহ নিমিত্ত যে বয়ঃক্রম নিরূপিত ছিল সেই বয়সে কোন২ ব্যক্তি পরিণয়ে অসম্মত হওয়াতে তাহাদিগের দণ্ড করিলেন। যে সকল লোকের সন্তান সন্ততি অধিক হইয়াছিল তাহাদিগকে পুরস্কার দিলেন এবং এই ব্যবস্থা প্রচার করিলেন যে দ্বাদশ বৎসর বয়ঃক্রম সম্পূর্ণ না হইলে বালিকারা বিবাহ যোগ্যা হইবেক না এবং যদি কোন ব্যক্তি কাহাকেও দুষ্ক্রিয়া অথবা ব্যভিচার করিতে প্রত্যক্ষ দর্শন করে তবে সে তৎক্ষণাৎ তাহাকে বধ করিতে পারিবেক। অপর এই আজ্ঞা প্রকাশ করিলেন সকল লোককেই সেনেট সভ্যদিগের প্রতি অধিক সম্মান করিতে হই-বেক। এইরূপে পূর্ব্বে সেনেট সভ্যদিগের শক্তির যত হ্রাসতা করি-য়াছিলেন এক্ষণে তত অধিক মর্য্যাদা করিয়া তাহাদিগকে সন্তুষ্ট করি-

লেন। ২৪ অপিচ অন্য এক বিধি করিলেন যে ভবিষ্যতে কোন লোকের গুণ ও আচরণের পরীক্ষা না করিয়া তাহাকে নগরের নিয়মিত স্বাধীনতা দেওয়া যাইবেক না; এবং দাসদিগের মুক্তির নিমিত্ত নূতন২ নিয়ম স্থির করিলেন ও সেই নিয়ম সম্যক্ প্রকারে প্রতিপালন করিতে লাগিলেন। নাটক দর্শনে তাঁহার অত্যন্ত অনুরাগ থাকিলেও নাট্যকারকদিগের রীতি ব্যবহার সাবধানে পরীক্ষা করত তন্মধ্যস্থ লম্পটদিগকে দূর করিয়া দিলেন ও নাটকের অভিনয় সময়ে কোন প্রকার নির্লজ্জতা প্রচার করিতে দিতেন না, এবং যদিও মল্ল যুদ্ধাদির প্রতি আপনার অতিশয় অনুরাগ ছিল তথাচ তদ্দর্শনার্থ স্ত্রীলোকদিগকে গমন করিতে দিতেন না; ঐ সকল ক্রীড়া নগ্ন পুরুষ দ্বারা সম্পন্ন হওয়াতে স্বভাবতঃ সলজ্জ অবলা জাতির তদ্দর্শন অনুচিত বোধ করিলেন। ২৫ অপর কার্য্যার্থিরা পদস্থ হইয়া উৎকোচ গ্রহণ না করে এতদর্থ তাহাদিগের নিকট অনেক অর্থ নিক্ষেপ স্বরূপে লইয়া পদস্থ করিতে লাগিলেন। তাহারা কোন কুব্যবহার করিলে তাহাদিগের সেই নিক্ষিপ্ত অর্থ দণ্ড করিতেন। ২৬ পূর্ব্বে দাসেরা আপনারদের প্রভুর কোন দোষ প্রকাশ করিতে পারিত না, কিন্তু তিনি সেই রীতি ভঙ্গ করত এক ব্যক্তির দাসকে অন্য লোকের স্থানে বিক্রয় করিবার প্রথা স্থাপন করিলেন এবং পূর্ব্ব প্রভুর দাসত্ব হইতে মোচন করাতে পূর্ব্ব প্রভুর বিপক্ষে সেই দাসের সাক্ষ্য দেওনের বিষয়েও কোন প্রতিবন্ধকতা রাখিলেন না। ২৭ অপর পাপ এবং দুষ্ক্রিয়ার নাশক ভয়ানক বিধি সকল সংস্থাপন করিয়া রোমীয়দিগের রীতি একেবারে পরিবর্ত্ত করিয়া দিলেন ও রোমীয় সৈন্যদিগের উগ্র স্বভাব মৃদু ভাবাপন্ন করিয়া তাঁহাদিগকে নগর বাসিদের ন্যায় সুশীল করিলেন।

প্রশ্ন।

১ আণ্টনীর মৃত্যু হওয়াতে কি ফল দর্শিল?

২ এই সময়ে রোমীয়দিগের ব্যবহার কি প্রকার ছিল?

৩ লোকদিগের আত্ম বিরোধ দ্বারা রাজ্যের শক্তির হ্রাস হইয়াছিল কিনা?

৪ প্রথমে আগষ্টস কোন্ বিষয়ে যত্নবান হইলেন?

৫ তিনি কি রূপে রাজ্য শাসন করিবার মনস্থ করিলেন?

৬ তাঁহার আচরণে কি ফল দর্শিল?

৭ রোমীয়েরা কি সুখোৎপত্তি মনে করিল?

৮ তাহাদিগের অনুমান যথার্থ কি না?

৯ এই কালে কোন্ দুই চিন্তায় আগষ্টসের মন অস্থির হইয়াছিল?

১০ তিনি কোন্ ব্যক্তির পরামর্শ গ্রহণ করিলেন? সেই পরামর্শই বা কি?

১১ আপন শক্তি দৃঢ় রূপে সংস্থাপনার্থ তিনি কি উপায় করিয়াছিলেন?

১২ তিনি আপন মনোগত ইচ্ছা কি রূপে ব্যক্ত করেন?

১৩ তাহার উক্তিতে শ্রোতৃগণের মনে কি ভাবোদয় হইল?

১৪ এ বিষয়ে তাঁহার গুপ্ত বন্ধুরা কি প্রকার ব্যবহার করিয়াছিল?

১৫ আগষ্টস আর কিং কৌশল করিলেন?

১৬ তাঁহার কপট কৌশলে কি ফল দর্শিল?

১৭ লোকদের স্তবে তিনি মোহিত হইয়াছিলেন কি না?

১৮ সেনেট সভ্যেরা তাঁহার প্রতি আর কিং অধীনতার নীচ চিহ্ন প্রকাশ করিয়াছিলেন?

১৯ তাঁহার অধিক সম্মানার্থ রোমীয়েরা কিং নিয়ম করিয়াছিল?

২০ এই সকল সম্মান প্রাপ্তে তাহার কার্য্যোদ্যোগের এবং স্বাভাবিক পরিশ্রমের কিছু হ্রাসতা হইল কি না?

২১ তিনি উপকার জনক কি ব্যবস্থা স্থাপন করিলেন?

২২ তৎপরে আর কি ব্যবস্থা করিলেন?

২৩ বিধায় ও সেনেট সভ্যদিগের [illegible] কি২ ব্যবস্থা করিয়াছিলেন?

২৪ তিনি কিপ্রকারে লোকদিগের [illegible]

২৫ কি রূপে উৎকোচ গ্রহণ নিবারণ করিলেন?

২৬ কি উপায় দ্বারা বিচারের কর্ম্ম বৃদ্ধি করিলেন?

২৭ এই সকল ব্যবস্থা স্থাপিত হওয়াতে কি২ [illegible] ছিল?

---

২২ অধ্যায় ২ খণ্ড।

১ আগস্টস সর্ব্ব বিষয়ে নম্রতা প্রকাশ করাতে তাঁহার [illegible] দেখিয়া নগরবাসি লোকেরাও ক্রমে বিনম্র স্বভাব হইতে লাগিল অথচ তাঁহার নম্রতাচরণে কোন প্রকার অসম্মান হইবার আশঙ্কা রহিল না। রাজ্য মধ্যে স্বসমান অন্য কোন ব্যক্তি না থাকাতে তিনি সকল ব্যক্তির সহিত সম্প্রীতি করিতে আরম্ভ করিলেন আর যদি দৈবাৎ কেহ তাঁহাকে অভিযোগ করিত, ধৈর্য্য পূর্ব্বক সহ্য করিতেন। অপর যদিও নিজ ক্ষমতা দ্বারা স্বেচ্ছানুসারে কোন ব্যক্তিকে অপরাধী বা নিরপরাধ করিতে সমর্থ ছিলেন তথাপি তাহা না করিয়া বিচার ও ব্যবস্থায় যাহা হইত তাহাতেই সম্মত হইতেন এবং কোন অভিযুক্ত ব্যক্তিকে রক্ষা করিতে ইচ্ছুক হইলে স্বয়ং তাহার পক্ষ হইয়া বিচারপতির সহিত উত্তর প্রত্যুত্তর করিতেন। ২ একদা প্রাইমলের প্রতিনিধি অহঙ্কার করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন আগস্টস তোমার বিচার স্থানে আসিবায় প্রয়োজন কি, তাহাতে তিনি মৃদু ভাবে উত্তর করেন "সাধারণের হিতেচ্ছা আমাকে বিচারাগারে আনিয়াছে"। এক সময়ে এক জন প্রাচীন সৈন্য আশ্রয় প্রার্থনা করিলে আগস্টস তাহাকে আজ্ঞা করিলেন তুমি প্রতিনিধি দ্বারা আপন প্রার্থনা প্রকাশ কর, তাহাতে ঐ সৈন্য উত্তর করিল,

১০ আন্টনী ও ক্লিওপেট্রার বিবাহের সমারোহ কি রূপ হইল?

১১ আন্টনী ক্লিওপেট্রাকে আর কি২ দান করিলেন এবং তৎপরে কি রূপ নির্লজ্জতা প্রকাশ করিলেন?

১২ আগষ্টস কি নিমিত্ত আন্টনীর সহিত যুদ্ধ করিতে বিলম্ব করিলেন?

১৩ আন্টনী সেনেট সভায় আগষ্টসের কি অপবাদ দিলেন?

১৪ আগষ্টস ঐ অপবাদে কি উত্তর করিলেন?

১৫ আগষ্টসের সোপহাস উত্তর পাইয়া আন্টনী কি করিলেন?

১৬ সেনসে গিয়া আন্টনী কি অদ্ভুত আচরণ করিলেন?

১৭ আন্টনীর আলস্য দ্বারা আগষ্টসের কি উপকার হইল?

১৮ উভয়ের কি রূপ সৈন্য ছিল?

১৯ উভয়ে আপন২ সেনাদিগকে কি রূপে শ্রেণী বদ্ধ করিলেন? এবং কোথায় কোন্ তারিখে যুদ্ধ হইল?

২০ কি প্রকারে যুদ্ধ হইতে লাগিল? সে রূপ সমর পূর্ব্বে কখন হয় নাই তাহার কারণ কি?

২১ যুদ্ধে কাহার জয় কাহার পরাজয় হইবে তাহা কি রূপে স্থির হইয়াছিল?

২২ আন্টনী ক্লিওপেট্রার জাহাজে কি করিলেন এবং পরে কি হইল?

২৩ আন্টনী কি ভাবিয়া স্থির ছিলেন? তাঁহার সৈন্যেরা আগষ্টসের অধীন হইয়াছিল এ জন্য তাহাদের প্রতি দোষ দেওয়া যাইতে পারে কি না?

২৪ ঐ বার্ত্তা পাইয়া আন্টনীর মনে কি রূপ ভাবোদয় হইল?

২৫ ক্লিওপেট্রা কি২ কর্ম্ম করিলেন ক্রমশঃ বিস্তার করিয়া কহ?

২৬ কি অভিপ্রায়ে ক্লিওপেট্রা আগষ্টসকে বাধা দিতে স্থির করিলেন?

২৭ ক্লিওপেট্রা এ পর্য্যন্ত যে আপন সৌন্দর্য্যের ভরসা করিতেন তাহার প্রমাণ কি? আণ্টনী আগষ্টসের নিকট কি প্রার্থনা করিয়াছিলেন এবং তাহাতে কি উত্তর পাইলেন?

২৮ আগষ্টসের নিকট ক্লিওপেটরা কি২ প্রসঙ্গ করিলেন এবং তাহার কি উত্তর পাইলেন?

২৯ আগষ্টসের সহিত ক্লিওপেট্রার গোপনে কথোপকথন হইবার সংবাদ পাইয়া আণ্টনী কি করিলেন?

৩০ আণ্টনী নির্জ্জন স্থান হইতে কি জন্য বহির্ভূত হইলেন এবং বাহির হইয়া কি করিলেন?

---

## ২১ অধ্যায় ৮ খণ্ড।

১ম আগষ্টস আর এক দল সৈন্য সহ মিশর দেশস্থ পেলিউসিয়ম নগর আক্রমণ করিলে তথাকার শাসন কর্ত্তা তাহাতে প্রতিবন্ধকতাচরণ না করিয়া তাঁহার হস্তে তাহা অর্পণ করিলেন কিন্তু এ কর্ম্ম অসামর্থ্য বা ক্লিওপেট্রার অনুরোধে করেন তাহা স্থির করিতে পারা যায় না। যাহা হউক, আলেকজাণ্ড্রিয়া নগরে যাইবার অন্য কোন ব্যাঘাত না থাকাতে আগষ্টস অবিলম্বে তথায় যাত্রা করিলেন ২ আণ্টনী তাঁহার আগমন বার্ত্তা শুনিয়া নগর হইতে বহির্গত হইলেন এবং নৈরাশ্যে পতিত হইয়াও ঘোরতর সংগ্রাম করত শত্রু সেনাদিগকে পরাঙ্মুখ করিলেন। ৩ এই ক্ষুদ্র লভ্যে পুনর্ব্বার তাঁহার আশ্বাস হইল। অতএব স্বীয় স্বাভাবিক গর্ব্ব প্রকাশ পূর্ব্বক জয়োৎসবে নগর প্রবেশ করিলেন। রাজবাটীতে উপস্থিত হইয়া রণ সজ্জা ও অস্ত্র শস্ত্রের সহিত ক্লিওপেট্রাকে আলিঙ্গন করত যে এক জন সেনা যুদ্ধে প্রসিদ্ধ হইয়াছিল তাহাকে তাঁহার সহিত পরিচিত করিয়া দিলেন। ৪ রাজ্ঞী সেই ব্যক্তিকে এক খান যু

নির্লজ্জ হইয়াছিল যে যামিনী যোগে নায়ক সহ বিলাসের নিমিত্ত নগরস্থ সাধারণ গৃহ স্থির করিত, অপর আপনার পিতার বিচারা- লয়েরও বিচার করে নাই।

৯ আগষ্টস প্রথমে ঐ পাপীয়সী কন্যার প্রাণ সংহার করিতে মনস্থ করিলেন, পরে বিবেচনা দ্বারা স্ত্রীবধ অনুচিত বোধ হওয়াতে তাহাকে দেশ হইতে বহিষ্কৃত করত পাণ্ডাটারিয়া নামক উপদ্বীপে পাঠাইয়া দিলেন, অপর ঐ দুরাচারিণী মাদক দ্রব্য গ্রহণ করিতে না পারে তন্নিমিত্ত বিশেষ রূপে নিষেধ করিয়া দিলেন এবং অনুমতি ব্যতিরেকে কোন ব্যক্তি তাহার সহিত সাক্ষাৎ করিতে পারিবে না এতদাজ্ঞাও প্রচার করিলেন আর স্ক্রিবোনিয়াকে তাহার সমভিব্যাহারে থাকিবার নিমিত্ত পাঠাইয়া দিলেন। কেহ কখন জুলিয়ার পক্ষে কোন কথা কহিলে তিনি উত্তর করিতেন বরং অনল ও জলের একত্র মিলন হইতে পারে তথাচ জুলিয়ার সহিত কদাপি আমার ঐক্য হইবেক না। ১০ আগষ্টস আপন সম বয়স্ক প্রায় অনেক লোক অপেক্ষা দীর্ঘ- জীবী হইয়া শেষে চতুঃসপ্ততি বৎসর বয়ঃক্রমে রাজ্যশাসন সম্বন্ধীয় ক্লান্তি হইতে বিশ্রামের ও টাইবিরিয়সের রাজ্যাভিষেকের বিষয় চিন্তা করিতে লাগিলেন। তিনি সেনেট সভ্যদিগকে কহিলেন তোমরা আমাকে প্রণাম করণার্থ আর রাজ বাটীতে আসিও না, এবং আমিও ভবিষ্যতে তোমারদের সহিত যদি পূর্ব্ববৎ কথোপকথন না করিতে পারি, তাহাতে অপরাধ গ্রহণ করিও না। ১১ এই সময়াবধি টাইবিরিয়স আগষ্টসের সহিত রাজ শাসন বিষয়ে সহকারী হইয়া প্রায় তাঁহার সমান শক্তি প্রাপ্ত হইলেন। পরন্তু আগষ্টস রাজ্য শাসনের ভার একেবারে ত্যাগ করিতে পারেন নাই, কেননা রাজ্য শাসন কর্ম্ম অভ্যাস হওয়াতে তাহা তাঁহার সুখের আকর স্বরূপ হই- য়াছিল সুতরাং সেই ভার বস্তুতঃ ত্যাগ করিয়াও তাবৎ বিষয়ে সতর্ক রূপে অধ্যক্ষতা করত মৃত্যু কাল পর্য্যন্ত আপন প্রজাদিগকে স্নেহ করিয়াছিলেন। ১২ তিনি প্রাচীনাবস্থা প্রযুক্ত সেনেট সভায়

আগমনে অশক্ত হইয়া বিংশতি জন লোককে এক বৎসরের নিমিত্ত আপনার মন্ত্রি স্বরূপে নিযুক্ত করিয়াছিলেন পরে এই আজ্ঞা প্রচার করেন যে মন্ত্রিরা কন্সলদিগের সহিত এক মত হইয়া যাহা২ স্থির করিবেন তাহাই ব্যবস্থার ন্যায় পরিগৃহীত ও প্রচলিত হইবেক। ১৩ অনুমান হয় তাহার কিয়ৎ কাল পরেই তিনি আপনার মৃত্যু নিকটবর্ত্তি বুঝিয়া উত্তরাধিকারি পত্র প্রস্তুত করণ পূর্ব্বক ভেষ্টা দেবীর পরিচারিকা কুমারীদের হস্তে সমর্পণ করেন। তিনি একবার প্রজা সংখ্যা করিয়া দেখিয়াছিলেন তৎকালে রোমে ত্রয়স্ত্রিংশৎ সহস্রাধিক এক চত্বারিংশৎ লক্ষ লোক ছিল অতএব অনুমান করা যাইতে পারে তৎকালীন রোম নগর ইদানীন্তন রোমের চতুর্গুণ বৃহৎ ছিল। ১৪ কথিত আছে যে সময়ে কাম্পাস্ মার্সিয়াস ভুমিতে মানব উৎসব করিতেছিল তৎকালে একটা উৎক্রোশ পক্ষী শূন্যে উড্ডয়ন করত কএক বার রাজাকে প্রদক্ষিণ করিয়া নিকটস্থ এক মন্দিরের অভিমুখে গমন পূর্ব্বক যে স্থানে অগ্রিপার নাম লিখিত ছিল তথায় উপবিষ্ট হইয়াছিল। ভবিষ্যদ্বেত্তারা ঐ ঘটনাকেই রাজার মৃত্যু লক্ষণ স্বরূপ জ্ঞান করেন। ১৫ ঐ ঘটনার কিয়ৎ কাল পরে নৃপতি টাইবিরিয়সের সহিত ইলিরিয়ায় গমন করিয়াছিলেন এবং অতিসারে পীড়িত হইয়া সে স্থান হইতে প্রত্যাগমন পূর্ব্বক টাইবিরিয়স এবং অন্যান্য আত্মীয়দিগকে সন্নিধানে আহ্বান করেন। তিনি মৃত্যুর কয়েক দণ্ড পূর্ব্বে এক খান দর্পণ আনয়ন পূর্ব্বক পূর্ব্বাপেক্ষা অধিক যত্ন সহকারে আপনার কেশ বিন্যাস করিয়া দিতে আজ্ঞা করিয়াছিলেন, তদনন্তর আপন শয্যার চতুর্দ্দিকে দণ্ডায়মান বান্ধবদিগকে দেখিয়া জিজ্ঞাসা করেন আমার জীবদ্দশায় আমি উচিত কার্য্য করিয়াছি কি না? তাঁহারা উত্তর করিলেন আপনার কর্ত্তব্য কর্ম্ম সকল উত্তম রূপে সম্পন্ন হইয়াছে। ইহা শুনিয়া তাহাদিগকে কহিলেন তবে তোমরা আমার প্রতি যাহা কর্ত্তব্য তাহা কর, এই কথা কহিতে কহিতেই তাঁহার নিশ্বাস রোধ হইল এবং লিবিয়ার

প্রাড়েই প্রাণত্যাগ করিলেন। তৎকালে তাঁহার বয়ঃক্রম ৭৪ বৎসর হইয়াছিল অতএব ৪৪ বৎসর রাজ্য শাসন করিয়া দেহ ত্যাগ করিলেন। তিনি মৃত্যুর পূর্ব্বে লিবিয়াকে কহিয়াছিলেন প্রেয়সি তুমি আমাদের সেই বিবাহের সময় ও ইদানী পরস্পরের এই চিরবিরহ দুই ঘটনা স্মরণ করিও।

১৬ আগষ্টসের পরলোক প্রাপ্তি হইলে রাজ্যস্থ সমস্ত লোক শোক সাগরে নিমগ্ন হইল এবং কেহ২ অনুমান করিতে লাগিল লিবিয়া আপন পুত্রের শীঘ্র রাজত্ব লাভ নিমিত্ত ষড়্যন্ত্র করিয়া অধিরাজকে কাল গ্রাসে নিক্ষেপ করিল। ফলেও লিবিয়া রাজ বাটীর সমুদায় দ্বারে প্রহরি স্থাপন পূর্ব্বক কিয়ৎ কাল আগষ্টসের মৃত্যু গোপনে রাখিয়াছিলেন। ঐ কালের মধ্যে কখন তাঁহার আরোগ্য কখন বা পীড়া বৃদ্ধির কথা প্রচার করিতেন। পরে উত্ত-রাধিকারির বিষয় অবগত হইলে তাঁহার মৃত্যু সংবাদ প্রচার পূর্ব্বক সকলকে জানাইলেন আগষ্টস টাইবিরিয়স্‌কে উত্তরাধিকারি করিয়া গিয়াছেন। ১৭ সে যাহা হউক. মহারাজের অন্ত্যেষ্টি ক্রিয়া অতি সমারোহ পূর্ব্বক সম্পন্ন হইল। সেনেট সভ্যেরা তদুপলক্ষে স্ব২ স্থানে অবস্থিত হইলে টাইবিরিয়স তাঁহাদের নিয়োগানুসারে মহারাজের জন্য শোক প্রকাশ করিয়া পরে সান্ত্বনা বাক্যে প্রবোধ করিলেন। তদনন্তর অধিকাংশের প্রার্থনায় লিখিত উত্তরাধি-কারিত্বের লিপি পঠিত হওয়াতে প্রকাশ পাইল যে আগষ্টস টাইবি-রিয়স ও লিবিয়াকে আপনার উত্তরাধিকারী করিয়া গিয়াছেন। ১৮ তিনি আপনার জীবনের শেষ পর্য্যন্ত রাজ্যের উপকারার্থ যেমত যত্ন করিয়াছিলেন প্রজারা তাঁহার মৃত্যুতে তদনুরূপ শোক প্রকাশ করিল যেহেতু রাজার মরণানন্তর সকলে প্রার্থনা করিয়া এমত আজ্ঞা প্রচার করাইল যে রাজ্যস্থ সমস্ত স্ত্রী লোক এক বৎসর পর্য্যন্ত মৃতাশৌচ পালন করিবেক। অপর লোকেরা দেব-তার ন্যায় সম্মান দান পুরঃসর তাঁহার উদ্দেশে ভূরি২ মন্দির প্রতিষ্ঠা

করিতে লাগিল। এই সময় নুমিরিয়স আটিকস্ নামা এক জন সেনেট সভ্য সকলকে আগষ্টসের প্রশংসা করণে উদ্যোগী দেখিয়া আপনি ধন লাভের লোভে শপথ করিয়া কহিল আমি আগষ্টসকে স্বর্গারোহণ করিতে স্বচক্ষে দেখিয়াছি। ইহাতে সাধারণ জনগণ পরম হর্ষান্বিত হইয়া তাহাকে যথেষ্ট অর্থ পুরস্কার দিল এবং আগষ্টসের দেবত্ব বিষয়ে তাহাদিগের মনে সন্দেহ মাত্র রহিল না।

১৯ আগষ্টসের শক্তি প্রথমতঃ প্রজা হত্যা দ্বারা বৃদ্ধি হইতে আরম্ভ হয় কিন্তু শেষে সেই শক্তি তাহাদের সুখ বর্দ্ধিকা হইয়া পরিণতি প্রাপ্ত হইয়াছিল সুতরাং তিনি এমত সম্মান প্রাপ্ত হইলেন যে লোকেরা মুক্ত কণ্ঠে কহিতে লাগিল তিনি না জন্মিলে অথবা যদি জন্মিয়াছিলেন তবে মৃত্যুর অধীন না হইলে উত্তম হইত। ২০ সে যাহা হউক আগষ্টস প্রভৃতি তিন ব্যক্তির আধিপত্য কালে যে সকল নিষ্ঠুরতাচরণ হইয়াছিল তাহাতে এমত বোধ হয় কেবল সহকারি দ্বয়ের যুক্তিতেই সে সকল ঘটিয়া থাকিবেক। অপিচ আগষ্টসের বিবরণ পাঠ করিলে বোধ হয় তিনি এইরূপ অনুমান করিয়াছিলেন যে প্রতিহিংসা দ্বারাই পরম ধর্ম্ম কলেও তদানীং রোম দেশে পুনর্ব্বার শান্তি স্থাপনার্থ নিষ্ঠুরতারই আবশ্যক হইয়াছিল কারণ রোমীয়দিগের উগ্র স্বভাবের দমন না হইলে তদ্দেশে দৃঢ়তর রূপে রাজত্ব স্থাপন হইবার সম্ভাবনা ছিল না। ২১ পরন্তু তিনি রাজ্যের সাধারণ মানবের নামুতঃ কর্ত্তৃত্ব স্থাপন করিয়া প্রজাদিগকে বঞ্চিত করিয়াছিলেন বটে কিন্তু পরিণাম দর্শিতা পূর্ব্বক একাধিপত্যে শাসন করাতে তাহাতে বস্তুতঃ তাহাদিগকে সুখী করিয়াছিলেন। তাঁহার এই গুণ অন্যান্য অনেক নৃপতি অপেক্ষা অসাধারণ ছিল, অতএব তাঁহার আক্টেবিয়স নাম হইতে আগষ্টস নাম পৃথক্ করিলে ইতিহাসের মধ্যে তাঁহাকে নিষ্কলঙ্ক মহীপাল বলিলেও বলিতে পারা যায়। ২২ এই সময়ে যিশুখ্রীষ্ট যিহুদিয়া দেশে* জন্ম গ্রহণ করেন।

* নবম শতাব্দাবধি জেনসের মন্দির বারত্রয় রুদ্ধ হয়।

প্রশ্ন।

১ স্বভাবতঃ আগষ্টসের কি রূপ চরিত্র ছিল?

২ তাঁহার নম্র স্বভাব বিষয়ে কতক গুলি প্রমাণ প্রদর্শন কর?

৩ তাঁহার নম্রতা বিষয়ে আর কি প্রমাণ আছে?

৪ তাঁহার প্রাক্তন কুস্বভাব যে পরিবর্ত্ত হইয়াছিল তাহার নিদর্শন কি?

৫ তিনি কি২ গুণে বিশেষ প্রসিদ্ধ হইয়াছিলেন?

৬ তাঁহার গৃহ সুখ ছিল কি না?

৭ তাঁহার পত্নী ঘটিত বিবাদ ব্যতীত অন্য কোন মনস্তাপ ছিল কি না?

৮ তাঁহার আর কি২ অসুখ হইয়াছিল?

৯ তিনি কি প্রকারে আপন কন্যার শাস্তি দিয়াছিলেন?

১০ আগষ্টসের রাজত্ব দীর্ঘ কাল স্থায়ি হইয়াছিল কি না?

১১ তিনি রাজকর্ম্মে টাইবিরিয়সকে সহকারী করিয়াছিলেন কি না?

১২ শাসনের ভার লাঘব নিমিত্ত কি উপায় করিলেন?

১৩ আপনার অন্ত কাল উপস্থিত দেখিয়া কি২ উদ্যোগ করিলেন?

১৪ তাঁহার মৃত্যুর পূর্ব্ব লক্ষণ কি প্রকাশ হইল?

১৫ কি রূপে তাঁহার জীবনাবসান হইল?

১৬ তাঁহার মৃত্যুতে প্রজাদের কি প্রকার শোক হইয়াছিল এবং কি অভিপ্রায়ে রাণী কিয়ৎকাল তাঁহার মৃত্যু বার্ত্তা গোপনে রাখিলেন?

১৭ তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়া কি রূপে হইল?

১৮ তাঁহার উদ্দেশে কি২ সম্মান প্রদত্ত হইল?

১৯ তিনি ঐ সম্মানের উপযুক্ত পাত্র ছিলেন কি না?

২০ তাঁহার প্রথমাবস্থায় নিষ্ঠুরাচরণের কারণ কি প্রদর্শিত হইয়াছে?

২১ তিনি কি উপায় দ্বারা আপন শক্তি দৃঢ়তর করিয়াছিলেন?

২২ তাঁহার রাজ্য শাসনের কালে কি প্রসিদ্ধ ঘটনা হইয়াছিল?

---

## ২২ অধ্যায় ৩ খণ্ড।

১ টাইবিরিয়স যৎকালে রোম রাজ্যের অধিপতি হইলেন তখন তাঁহার বয়ঃক্রম ষট্ পঞ্চাশৎ বৎসর হইয়াছিল। তিনি আগষ্টসের জীবদ্দশায় কপট ভাবে আপন নিষ্ঠুর স্বভাব গোপন করিয়া রাখিতেন।* এক্ষণে তাঁহার মৃত্যুর পরেও কিয়ৎ কাল আপনার প্রকৃতি ব্যক্ত করিতে ক্ষমতাবান্ হইতে পারিলেন না, বরং রাজ্য শাসনারম্ভ করিয়া বদান্যতা ও দয়াশীলতাদি গুণ বিশেষ রূপে প্রকাশ করিলেন। ২ কিন্তু কিয়দ্দিন পরে মৃত ভ্রাতা ড্রুসসের পুত্র জর্মানিকস জর্মান জাতীয়দের সহিত যুদ্ধে জয়ী হওয়াতে তদনন্তর আপন আন্তরিক গুপ্ত ভাব আর গোপনে রাখিতে না পারিয়া অকুতোভয়ে আত্ম প্রকৃতি প্রকাশ করিতে প্রবৃত্ত হইলেন। ৩ সিংহাসনে দৃঢ় রূপে স্থাপিত হইবার পূর্ব্বে শুনিলেন প্যানোনিয়ার† সৈন্যেরা আগষ্টসের মৃত্যু সংবাদ পাইয়া এবং রাজ্যে নূতন ঘটনার দর্শনাকাঙ্ক্ষী হইয়া রাজার প্রাতিকূল্যে কুকার্য্যে উদ্যত হইয়াছে অতএব ত্বরায় ঐ সেনাদিগকে দমন করিয়া তাহাদিগের অধ্যক্ষ

---

* টাইবিরিয়স অগ্রে আপনার ক্রুরভাব গোপনে রাখিতেন বটে কিন্তু রাজ্য শাসন আরম্ভ করিয়াই আগষ্টসের দৌহিত্র আগ্রিপাকে নষ্ট করাতে তদবধি ঐ প্রকৃতি প্রচার হইবার উপক্রম হয়।

† ইউরোপের অনেকাংশের নাম প্যানোনিয়া, কার্নিওলা, ক্রোশিয়া, স্লাভোনিয়া, বাসনিয়া, আষ্ট্রিয়ার কিয়দংশ, সর্বিয়া এবং হঙ্গেরি, এই কএক দেশ তাহার অন্তর্গত ছিল কিন্তু তাহার চতুঃসীমার স্থিরতা ছিল না, কারণ সময়ে২ ন্যূন বৃদ্ধি হইত।

পরসেনিয়সের প্রাণ বিনষ্ট করিলেন *। ৪ অপর জর্মানি দেশে অন্য এক বিরোধ উপস্থিত হইল তাহাতে সাতিশয় উদ্বিগ্ন হইলেন। রাজ্যের ঐ ভাগে পূর্ব্বোক্ত প্রশংসনীয় গুণযুক্ত যুবা জর্মানিকস্ সৈন্যাধ্যক্ষ ছিলেন, পরে মৃত অধিপতি আগষ্টসের অভিপ্রায়ানুসারে তথাকার উত্তরাধিকারি রূপে পরিগণিত হয়েন। একদা তিনি জর্মান দেশে না থাকাতে বিরোধি সৈন্যেরা রাজ বিদ্রোহী হইয়া প্রচার করিল সমস্ত রোম রাজ্য আমাদেরই হস্তগত, এবং অস্মদাদির অস্ত্র বলই জর্মানিকসের ঐশ্বর্য্যের হেতু। কিন্তু অবিলম্বে যখন তিনি জর্মানিতে প্রত্যাগমন করিলেন তখন সকলে একবাক্য হইয়া পুনর্ব্বার তাঁহাকেই রাজ্যাভিষিক্ত করিতে মত করিল। ৫ ফলতঃ জর্মানিকস সেনাদের অতিশয় প্রিয় পাত্র ছিলেন; তাহারা তাঁহাকে প্রায় দেবতার ন্যায় মান্য করিত, তিনি এই সুযোগে অত্যল্প যত্ন করিলেই অনায়াসে রাজ্যমধ্যে সর্ব্বশ্রেষ্ঠ পদ প্রাপ্ত হইতে পারিতে কিন্তু উচ্চ পদাকাঙ্ক্ষা অপেক্ষা কর্ত্তব্যাকর্ত্তব্যের বিবেচনায় বিশেষ অনুরাগী থাকাতে রাজ্যাভিষেকের প্রস্তাব মাত্রে সন্তুষ্ট না হইয়া অবিশ্রান্ত পরিশ্রম দ্বারা বিরোধ ভঞ্জনার্থ চেষ্টা করিতে লাগিলেন এবং অতি কষ্টে ঐ বিষয়ে কৃতকার্য্য হইলেন অর্থাৎ বিরোধি সেনাদের দমন করণার্থ প্রথমতঃ অনেক২ প্রধান অধ্যক্ষের প্রাণ নষ্ট করিলেন পরে তাহারা বশীভূত হইলে রোমীয় সাধারণ শত্রু জর্মান জাতীয়দিগের শাসনার্থ তাহাদিগকে সমভিব্যাহারে লইয়া গেলেন †।

---

* বিরোধি সৈন্যেরদের অতি ত্বরায় দমন হইল কারণ বিরোধের সময়ে চন্দ্র গ্রহণ হওয়াতে তাহারা আপনারদের ভ্রান্তিমূলক বিশ্বাসে অমঙ্গল সম্ভাবনা বোধ করিয়া ক্ষান্ত হয়।

† চিরকালেই প্রসিদ্ধ আছে যে সহোদর সহোদরের সংগ্রামে অর্থাৎ আত্ম যুদ্ধে বিস্তর প্রাণি বিনাশ হয়।

৬ টাইবিরিয়স জর্মানিকসের প্রভু ভক্তিতে সন্তুষ্ট ছিলেন বটে কিন্তু শেষে তাঁহাকে সাধারণের প্রিয় পাত্র দেখিয়া মনে২ দ্বেষ করিতে লাগিলেন। জর্মানিকস কিয়ৎকাল পরে জর্মানদের সহিত যুদ্ধে জয়ী হওয়াতে তাঁহার দ্বেষ ভাব প্রবল হইয়া উঠিল। জর্মানিকস ভূরি২ বন্য দেশ অধিকার করত যুদ্ধে শত্রুদিগকে পুনঃ২ পরাভূত করিলেন। ৭ তাঁহার সেই জয়ে রাজার দ্বেষ ভাব বৃদ্ধি হইতে লাগিল, ফলতঃ তাঁহার বল বীর্য্যই টাইবিরিয়সের ক্রোধের কারণ হইল। ৮ তিনি জর্মানিকসকে সৈন্য দল হইতে আনাইবার নিমিত্ত যে কৌশল করিলেন তাহাতেই তাঁহার দ্বেষভাব প্রথম প্রকাশ পায় কিন্তু ক্লিমেন্স * দ্বারা ইটালিতে রাজ বিদ্রোহ উপস্থিত হইবাতে তাহার ঐ অভিপ্রায় সিদ্ধি বিষয়ে কাল বিলম্ব হয়। পরে তিনি ঐ ব্যক্তিকে রাজধানীর মধ্যে এক গুপ্তাগারে অপ্রকাশিত রূপে বধ করিলেন।

৯ টাইবিরিয়স উক্ত প্রকারে গৃহ শত্রুকে বিনষ্ট করিয়া জর্মানিকসকে উপায় দ্বারা জর্মানি দেশস্থ সৈন্য ব্যূহ হইতে রোমে আনাইবার নিমিত্ত যত্ন করিতে লাগিলেন। প্রথমতঃ তাঁহার নূতন প্রাপ্ত জয় জন্য সম্মানের উপায় করিয়া দিলেন পরে তাঁহাকে এক লিপি লিখিলেন, তাহার মর্ম্ম এই যে সেনেট সভা হইতে তোমার যে সম্মান হইয়াছে তাহা ভোগ করিবার জন্য স্বদেশে প্রত্যাগমন কর, তুমি এক দেশে নয় বার যুদ্ধ যাত্রা করিয়া নয় বারই জয়ী হওয়াতে তোমার যথেষ্ট গৌরব হইয়াছে। অপর লিখিলেন বিরোধি জাতিদিগের আত্ম কলহ নিবারণ না করিলেই তাহাদিগের সমুচিত শাস্তি হইবেক দমন করিলে তদ্রূপ শাসন হইবেক না। ১০ জর্মা-

* ক্লিমেন্স পূর্ব্বে আগ্রিপা পস্থুমসের ভৃত্য ছিল; তাহার বয়ঃক্রম ও অবয়ব তাহার প্রভুর ন্যায় হওয়াতে আগ্রিপার মৃত্যুর পরে সেই ব্যক্তিই আপনাকে আগ্রিপা বলিয়া প্রচার করে ও অনেক লোককে স্বপক্ষ করিয়া তাহাদিগের দ্বারা ঐ রূপ জল্পনা করায়।

নিকস তাঁহার ঐ লিপি প্রাপ্ত হইয়া রোমে প্রত্যাগমন করিলেন তাহাতে তিনি নগরে উপস্থিত হইবার পূর্ব্বে কয়েক ক্রোশ পথ থাকিতে নগরীয় ভূরিং লোক প্রত্যুদ্গমন করিয়া দেবতার ন্যায় সম্মান পূর্ব্বক তাঁহার অভ্যর্থনা করিল। * তাঁহার শরীরের সৌন্দর্য্য ও জয়োল্লাস প্রকাশক যে শকট আরোহণ করিয়া তাঁহার পাঁচটী সন্তান আসিতেছিল সেই শকট ও বেরসের সৈন্যের পুনরুদ্ধারিত রথ পতাকাদি দর্শনে লোকেরা অতিশয় আহ্লাদিত ও চমৎকৃত হইল"।

১১ তদনন্তর জর্মানিকস পূর্ব্ব দেশে যুদ্ধার্থ নিযুক্ত হইয়া আপন বনিতা আগ্রিপিনা এবং সন্তানদিগকে সমভিব্যাহারে লইয়া রোম হইতে যাত্রা করিলেন। ১২ কিন্তু টাইবিরিয়স তাঁহার শক্তি খর্ব্ব করণার্থ পাইসো নামক এক ব্যক্তিকে সিরিয়া দেশের শাসন কর্ত্তা করিয়া পাঠাইলেন। ঐ ব্যক্তি স্বভাবতঃ রাগান্ধ ও অপরিণাম দর্শী সুতরাং টাইবিরিয়সের দুষ্টাভিপ্রায় সফল করণার্থ সর্ব্বতোভাবে উপযুক্ত পাত্র ছিল। ১৩ টাইবিরিয়স তাহার প্রতি এইং ভার অর্পণ করিলেন যথা সমুদায় বিষয়ে জর্মানিকসের প্রাতিকূল্যাচরণ করিবে এবং তাঁহার প্রতি সকল লোকের দ্বেষ ভাব জন্মাইয়া দিবে আর সুযোগ পাইলে তাঁহার প্রাণ সংহারেরও পন্থা দেখিবে। পাইসো তাঁহার আদিষ্ট বিষয় সম্পাদনার্থ প্রবৃত্ত হইয়া সুযোগ ক্রমে জর্মানিকসের বিরুদ্ধে কটূক্তি প্রকাশ করিলেন এবং তিনি আর্থিনিয়নদের প্রতি বিশেষ সহায়তা করিয়া রোমীয়দের গৌরবের হানি করিয়াছেন এই অপবাদের আরোপ পূর্ব্বক ঘোষণা

---

* পূর্ব্বে জর্মানদিগের কর্ত্তৃক বেরস্ ধৃত ও পরাভূত হইয়াছিলেন এবং তাঁহার সমস্ত সৈন্য নিহত হইয়াছিল। আগস্টস সেই ক্ষতি ও অপমানে এরূপ বিষণ্ণ হইয়াছিলেন যে অনেক দিবস পর্য্যন্ত শোক বস্ত্র পরিধান করেন এবং মধ্যেং শোকোক্তি করিয়া কহিতেন বেরস্, আমার সৈন্য সকল প্রতিদান কর।

করিতে লাগিলেন। ১৪ কিন্তু জর্মানিকস পাইসোর প্রতি উপেক্ষা করিয়া তাহার অনিষ্ট চেষ্টায় কোন প্রকার প্রতিবন্ধকতাচরণ করিলেন না, আপন কর্ত্তব্য কর্ম্মেই বিশেষ রূপে মনোযোগ করিতে লাগিলেন। ১৫ তথাপি পাইসো এবং অশাম্য ক্রোধ ও নির্দয় স্বভাবে বিখ্যাতা প্লান্‌সিনা নাম্নী তাঁহার পত্নী এই দুই জনে তাঁহার দুর্নাম করণে বিরত হইল না। জর্মানিকস আপনার কেবল ধৈর্য্য ও সহিষ্ণুতাকেই তাহাদের সেই সমস্ত কটূক্তির প্রতিযোগিতা করিতে নিযুক্ত করিলেন। ফলতঃ তাহারা যত ক্রোধ প্রকাশ করিতে লাগিল তিনি ততই স্বাভাবিক নম্রতা গুণ দ্বারা তাহাদের প্রতি শিষ্টাচার করিয়া কৌশলে তাহা হইতে রক্ষা পাইতে চেষ্টা করিলেন। ১৬ অনন্তর তিনি পাইসোর কুযুক্তি ও তদপেক্ষা অধিক আপদ জনক তাহার স্ত্রীর কুমন্ত্রণা হইতে রক্ষা পাইবার মানসে মিসর দেশীয় প্রসিদ্ধ প্রাচীন স্তম্ভাদি দর্শনের ছলে তথায় প্রস্থান করিলেন। ১৭ কিন্তু তথা হইতে প্রত্যাগমন করিয়া অতিশয় পীড়িত হইলেন। তদনন্তর ভ্রম করিয়াই হউক অথবা শত্রুদের বিশ্বাসঘাতকতার কোন চিহ্ন পাইয়াই হউক পাইসোকে কহিয়া পাঠাইলেন অদ্যাবধি তোমার সহিত আমার সমস্ত সম্বন্ধ রহিত হইল। পরে তাঁহার পীড়া দিনং বৃদ্ধিশীল হইতে লাগিল এবং কিয়দ্দিন মধ্যে মৃত্যু বিষয়ে কোন সন্দেহ রহিল না। ১৮ তিনি আপনার নিধন নিকটবর্ত্তি দেখিয়া শয্যার চতুর্দিকে দণ্ডায়মান বন্ধুদিগের প্রতি সম্বোধন করত কহিলেন, “হে মিত্র গণ, আমার মৃত্যু ঘটনা যদিস্যাৎ রোগ বশতঃ হইত তাহা হইলে এই অল্প বয়ঃক্রমে পৃথিবীর সুখ ভোগে বঞ্চিত হওয়াতে যে দুঃখের বিষয় হইত, পাইসো ও প্লান্‌সিনার কৃতঘ্নতায় এই ঘটনা হওয়াতে তদপেক্ষা অধিক মনস্তাপের বিষয় হইতেছে। যাহা হউক এক্ষণে তোমাদের নিকট আমার নিবেদন এই আমার যে প্রকারে মৃত্যু ঘটনা হইল ও আমি যাদৃশী যন্ত্রণা ভোগ করিতেছি তাহা অধিরাজের সুগোচর করাইবে। আমার জীবদ্দশায় যে

সকল ব্যক্তি আমাকে স্নেহ করিতেন ও যাহারা আমার সৌভাগ্যে দ্বেষ করিত, বোধ করি সকলেই আমার এই মরণের বিবরণ শ্রবণে দুঃখিত হইবেন কেননা আমি বহু বার শত্রুদের অনিবার্য্য শিলা ও কাপ হইতে রক্ষা পাইয়া এক্ষণে একটা স্ত্রীর ধূর্ত্ততায় হত হইলাম। অপর নিবেদন এই যে তোমরা লোকেরদের নিকট আমার এই বিষয়ের বিচার প্রার্থনা করিও তাহাতে তাহারা দয়া করিয়া তোমাদের কথা অবশ্য শ্রবণ করিবেন, যদিও আমার হন্তারা ছল পূর্ব্বক কহে যে আমরা রাজআজ্ঞানুসারে নষ্ট করিয়াছি, তথাপি লোকেরা বিশ্বাস করিবে না! যদিও কেহ প্রত্যয় করে তথাপি ক্ষমা করিবে না।" ১৯ তিনি এই সকল কথা কহিয়া আপন হস্ত প্রসারিত করিলেন তাহাতে তাঁহার শোকাকুল সুহৃদগণ স্নেহ পূর্ব্বক সেই কর ধারণ করিয়া প্রতিজ্ঞা পুরঃসর কহিতে লাগিল আমরা বরং প্রাণত্যাগে সম্মত হইব তথাপি তোমার ঘাতুকের প্রতিহিংসায় অনুৎসাহী হইব না। তদনন্তর তিনি মুমূর্ষু সময়ে প্রিয়তমার প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক কহিলেন, প্রেয়সি, তোমার প্রতি আমার এই বক্তব্য আমাদের উভয়ের পরিণয়াবধি যে প্রণয় হয় তাহা স্মরণে রাখিয়া সময় ক্রমে যখন যে ক্লেশ উপস্থিত হইবেক তাহা সহিষ্ণুতা করণে কাতরতা প্রকাশ করিও না; অপর আপন শত্রুদের প্রতিহিংসা না করিয়া বরং তাহাদের হিংসা হইতে রক্ষা পাইবার চেষ্টায় থাকিও।

২০ জর্মানিকসের মৃত্যু বার্ত্তা প্রচার হইলে রাজ্যস্থ সমস্ত লোক সাতিশয় শোকাকুল হইল, বিশেষতঃ রোম নগরবাসিরা বৎপরোনাস্তি পরিতাপ প্রকাশ করিতে লাগিল। ২১ এই সাধারণ মনস্তাপের সময় লোকেরা পাইসোকে বধ করিতে স্থির করিয়া তাহার ও তদীয় বনিতার প্রতি এই দোষারোপ করিল যে তাহারা অশীঘ্র বিনাশক বিষ প্রদান দ্বারা জর্মানিকসকে কাল গ্রাসে নিক্ষেপ করিয়াছে। এ বিষয়ে কেহ২ মহারাজ ও তাঁহার মাতা লিবিয়ার প্রতিও সন্দেহ করিয়াছিল। ২২ জর্মানিকসের ভার্য্যা রোমে প্রত্যা-

গমন করিলে লোকেরদের ঐ সন্দেহ প্রবল ও ক্রোধ উদ্রিক্ত হইয়া উঠিল। আগ্রিপিনা দুর্জয় সাহস এবং পাতিব্রত্য স্বভাবে সর্ব্ব সমীপে আদরণীয়া ছিলেন, একটা পাত্রে স্বামির দেহ ভস্ম পরিপূর্ণ করিয়া হস্তে গ্রহণ পূর্ব্বক সন্তানগণ সমভিব্যাহারে আগষ্টসের সমাধি স্থলে গমন করিলেন। ২৩ তিনি যে সময়ে নগরে প্রবেশ করিলেন তৎকালে সেনেট সভা ও অন্যান্য লোকেরা খেদোক্তি প্রকাশ পূর্ব্বক তাঁহার অভ্যর্থনা করিল এবং যে সকল প্রাচীন সৈন্যেরা তাঁহার স্বামির অধীনে থাকিয়া যুদ্ধ করিয়াছিল তাহারাও আন্তরিক শোক প্রকাশ করিতে লাগিল। অপর ঐ ভস্ম যখন সমাধিস্থ হয় তখন সকলে নিস্তব্ধ হইয়া নিরীক্ষণ করিতে লাগিল কিন্তু সেই ব্যাপার সমাপ্ত হইবা মাত্র একদা চীৎকার ধ্বনি পূর্ব্বক কহিয়া উঠিল এদেশে সাধারণাধিকার আর নাই।

২৪ যদিও সাধারণ লোকেরা অনুমান করিল বটে যে টাইবিরিয়সের দ্বেষ বশতঃ পাইসো তাঁহার নিয়োগে জর্মানিকসের প্রাণ নষ্ট করিয়াছে তথাচ পাইসোর নামে জর্মানিকসের বধ জন্য সেনেট সমাজে অভিযোগ করিল তাহাতে টাইবিরিয়সও কোন আপত্তি করিলেন না।

২৫ পাইসোর আচরণ বিষয়ক বিচার বহু কাল পর্য্যন্ত হইতে লাগিল, কিন্তু তিনি আত্মঘাত দ্বারা সেই বিচারের শেষ করিলেন *। সকলে তাঁহার স্ত্রী প্লানসিনাকে অত্যন্ত দোষী বলিয়া নিশ্চয় করিয়াছিলেন কিন্তু সেই অবলা লিবিয়ার সহায়তায় শাস্তি হইতে পরিত্রাণ পাইল।

---

* এক দিবস প্রাতঃকালে এইরূপ দৃষ্টি হইল পাইসো ছিন্ন মস্তক হইয়া পড়িয়া আছে এবং তাঁহার স্বকীয় খড়্গ নিকটে রহিয়াছে। কিন্তু ঐ কার্য্য তিনি স্বহস্তে করেন অথবা টাইবিরিয়সের আজ্ঞানুসারে লোকদ্বারে নিষ্পন্ন হইল না।

২৬ একণে তাবৎ প্রকার সন্দেহ ও ভয়ের হেতু দুরীভূত হওয়াতে টাইবিরিয়স ছদ্মবেশ পরিত্যাগ পূর্ব্বক স্বীয় স্বাভাবিক আচরণ প্রকাশ করিতে আরম্ভ করিলেন। ২৭ নিষ্ঠুরতাচরণের আরম্ভেই তিনি সিজেনস নামক এক জন রোমীয় নাইটকে বিশ্বাস পুর্ব্বক আপনার মন্ত্রিত্ব পদে নিযুক্ত করিয়াছিলেন *। সে ব্যক্তি অতি দুর্গম্য কাপট্যাচরণ দ্বারা তাঁহার স্নেহ পাত্র হইয়াছিল এবং ধূর্ত্ততা ব্যবসায়ে আপন প্রভু হইতেও নিপুণ ছিল। পরন্তু কেবল সে ব্যক্তি যে টাইবিরিয়সের যাবতীয় নিষ্ঠুর কার্য্যের পরামর্শী ছিল এমত নিশ্চয় নাই, কেবল এতাবন্মাত্র নির্দ্ধারিত কহা যাইতে পারে যে তাহার মন্ত্রিত্ব পদে অভিষেক হইলে পর টাইবিরিয়স পুর্ব্বাপেক্ষা অধিক সন্দিগ্ধ ও নির্দয় হইয়াছিলেন।

প্রশ্ন।

১ টাইবিরিয়স যে সময় রাজ সিংহাসন প্রাপ্ত হইলেন তৎকালে তাঁহার বয়ঃক্রম কত, ও তাঁহার কি প্রকার আচরণ ছিল?

২ কোন্ বিষয়ে তাঁহার যথার্থ স্বভাব প্রকাশ পায়?

৩ প্রথমে তিনি কোন্ উপদ্রবের সংবাদ পাইলেন?

৪ তদপেক্ষা আর কি কঠিন উপদ্রব ঘটিয়াছিল?

৫ লোকেরা জর্মানিকসের সম্মান করিতে উদ্যত হইলে তিনি কি সম্মত হইলেন?

৬ টাইবিরিয়স জর্মানিকসের গুণের গৌরব করিয়াছিলেন কি না?

৭ জর্মানিকসের জয়ে টাইবিরিয়স আহ্লাদিত হইয়াছিলেন কি না?

৮ তাঁহার প্রতি যে দ্বেষ ভাব হইয়াছিল তাহা কি রূপে প্রকাশ হয়?

৯ ক্রিমেন্স হত হইলে পর আর কি ঘটিয়াছিল?

---

* সিজেনসের কেবল নাইটের পদ ছিল বটে কিন্তু অতি প্রসিদ্ধ বংশে জন্মিয়াছিলেন।

১০ জর্মানিকস রোমে আগমন করিলে লোকেরা তাঁহাকে কি প্রকারে অভ্যর্থনা করিল?

১১ তদনন্তর তিনি আর কি কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন?

১২ তাঁহার শক্তি দমনার্থ টাইবিরিয়স কোন্ ব্যক্তিকে নিযুক্ত করিয়াছিলেন?

১৩ টাইবিরিয়স জর্মানিকসের বিরুদ্ধে পাইসোর প্রতি কি আজ্ঞা করিয়াছিলেন এবং পাইসো সে আজ্ঞা কি রূপে সম্পন্ন করিলেন?

১৪ এ বিষয়ে জর্মানিকস কি প্রকার ব্যবহার করিয়াছিল?

১৫ জর্মানিকসের অনিষ্ট চেষ্টায় পাইসো কি ক্রমাগত দৃঢ়তা প্রকাশ করিয়াছিল?

১৬ জর্মানিকস পাইসো ও তাহার স্ত্রীর কুমন্ত্রণা অবগত হইয়াছিলেন কি না?

১৭ তিনি মিশর দেশ হইতে প্রত্যাগমন করিলে পর কি ঘটনা হইল?

১৮ তিনি মৃত্যু কালে যেং কথা কহিয়াছিলেন তাহা কহ?

১৯ এই সময় আর কি ব্যাপার হইয়াছিল?

২০ তাঁহার অকাল মৃত্যুতে লোকেরদের মনস্তাপ হইল কি না?

২১ তাঁহার মৃত্যুর পর কোন্২ ব্যক্তি লোকদের কোপে পড়িল?

২২ লোকেরদের ক্রোধ কি রূপে বৃদ্ধি হইল?

২৩ লোকেরা আগ্রিপিনার কি রূপ মর্য্যাদা করিল?

২৪ পাইসো দুর্বৃত্ত রাজার কার্য্য সিদ্ধি করিয়া পুরস্কার পাইল কি না?

২৫ পাইসোর পরিণামে শেষে কি হইল?

২৬ ইহার পর টাইবিরিয়স কি প্রকার ব্যবহার করিতে লাগিলেন?

২৭ কোন্ ব্যক্তি টাইবিরিয়সের প্রধান মন্ত্রী হইয়াছিল?

২২ অধ্যায় ৪ খণ্ড।

১ সিজেনস মন্ত্রিত্ব পদে স্থাপিত হইয়া প্রথমতঃ টাইবিরিয়সকে এই প্রবৃত্তি প্রদান করিতে যত্নবান হইলেন যে রোমের বহির্ভাগে গমন পূর্ব্বক মনোরম নিভৃত স্থানে অবস্থিতি করিয়া বিশ্রাম করুন। তাঁহার এতদ্বিষয়ে আগ্রহান্বিত হইবার অভিপ্রায় এই যে রাজা যদি স্থানান্তরে অবস্থান করেন তবে তাঁহার সহিত লোকদের সাক্ষাৎ বা কথোপকথন করিবার আবশ্যক হইলে তাহারদিগকে আমার উপাসনা করিতে হইবেক, তাহাতে লভ্য হইতে পারিবেক। ২ রাজাও সিজেনসের কথা ক্রমেই হউক অথবা স্বীয় স্বাভাবিক রিপুর পরবশতাতেই হউক নগর পরিত্যাগ করিয়া জুপিটর ও আগস্টসের উদ্দেশে মন্দির প্রতিষ্ঠা করিবার ছলে ইটালির দক্ষিণাংশে কাম্পেনিয়া নামক প্রদেশে গমন করিলেন। কিন্তু লোকেরা সেখানেও আবেদন পত্র লইয়া তাঁহার নিকট গমনাগমন করাতে ঐ স্থানের প্রতিও অবিলম্বে তাঁহার বৈরক্তি জন্মিল, তাহাতে কিয়দ্দিনানন্তর কেপ্রিয়া নামক উপদ্বীপে প্রস্থান করিলেন এবং এই গুপ্ত স্থানে পলায়িত ব্যক্তির ন্যায় গোপনে রহিলেন। এখানে প্রজাদের দুঃখের সংবাদ প্রাপ্ত হইলেও মনোযোগ করিতেন না, কেবল সর্ব্বদা কুৎসিত সুখ ভোগে মত্ত রহিলেন। ৩ এই সময় অবধি তাঁহার স্বভাব ক্রমশঃ নিষ্ঠুরতা দোষে সংস্পৃষ্ট হইতে লাগিল এবং লোকদের প্রতি বিশ্বাসঘাতকতার সন্দেহ উত্তরোত্তর অধিক হইয়া উঠিল। নগরের সর্ব্বত্র যে সকল দূত ও গুপ্ত চর স্থাপিত হইয়াছিল তাহারা লোকদের নিতান্ত নির্দোষ কার্য্যেতেও দোষারোপ করিতে লাগিল। ৪ ইহাতে জর্মানিকসের পুত্র নিরো এবং ড্রুসস্ এই দুই জন রাজ্যের শত্রু রূপে পরিগণিত হইয়া আগে কারাগারে রুদ্ধ পরে অনশন দ্বারা প্রাণে নষ্ট হইবার আদেশ প্রাপ্ত হইল। আর তাহাদের মাতা আগ্রিপিনা দেশান্তরে প্রেরিতা হইল। তদনন্তর সাবিনস্, আসিনস্, গালস্ এবং সিরিয়াকস এই চারি ব্যক্তি শাস্তানা

অপরাধের হলে দোষী হইয়া নিহত হইল। ৫ এইরূপে সিজেনস সাম্রাজ্য পদের উপযুক্ত যাবতীয় ব্যক্তিকে ক্রমেং বিনষ্ট করিতে লাগিল এবং দিনং রাজার অধিক প্রিয়পাত্র ও সেনেট সভায় বিশেষ প্রতিপন্ন হইল। অপর রাজাপেক্ষা অধিক সম্মানার্থে তাহার প্রতিমা নির্ম্মাণ হইতে লাগিল। ফলতঃ সিজেনসই যেন রাজা হইয়াছে এই ভাবে লোকেরা তাহারই শুভাশুভ উল্লেখ পূর্ব্বক শপথ করিতে এবং যে অত্যাচারী রাজা রাজ্য ভোগ করিতেছিল তদপেক্ষাও তাহাকে অধিক ভয় করিতে আরম্ভ করিল। ৬ কিন্তু তাহার এই ঝটিতি অতি বৃদ্ধি কেবল নিপতনের পূর্ব্ব লক্ষণ হইল। সাটার্ণিয়স সিকণ্ডস্ নামা এক ব্যক্তি সাহস পূর্ব্বক রাজার প্রতি তাহার বিশ্বাসঘাতকতা প্রকাশ করাতে এবং জর্ম্মানিকসের মাতা আণ্টোনিয়া তাদৃশ্যের প্রতিপোষক হওয়াতে নৃপ সন্নিধানে তাহার অপমান হইবার প্রথম সূত্র হইল। ৭ অপর যে সেনেট সভ্যেরা তাঁহার বৃদ্ধি দেখিয়া পূর্ব্বাবধি হিংসা করিতেন, এবং তাঁহার ক্রূরতা জন্য ভীতও ছিলেন, তাঁহারা এক্ষণে এই সুযোগে টাইবিরিয়সের আজ্ঞা উল্লঙ্ঘন পূর্ব্বক তাহাকে কারারুদ্ধ না রাখিয়া একেবারে প্রাণ দণ্ডের আজ্ঞা করিলেন। ৮ ঘাতুকেরা যখন তাহাকে হত্যার স্থানে আনিতে লাগিল তখন লোকেরা পশ্চাৎ২ গমন করত নানা প্রকার অপমান ও অভিশাপ এবং নিন্দা করিয়া তাহার প্রতিমূর্ত্তি সকল ফেলিয়া দিল। তদনন্তর ঘাতুকেরা তাহার গলা রুদ্ধ করিয়া প্রাণ বিনাশ করিল।

৯ সিজেনসের ঐ রূপে প্রাণ বিনাশ হওয়াতে রাজার ক্রোধ প্রদীপ্ত হইয়া উঠিল এবং তাহাই অনেকের প্রাণ হত্যার হেতু হইল। প্রথমতঃ পাইসোর পত্নী প্লান্সিনা ও সিজেনসের আত্মীয়গণ নৃপ ক্রোধে পতিত হইয়া জীবনে বঞ্চিত হইলেন। পরে অধিরাজ অন্যান্য কোটি মনুষ্যকে একেং জন২ করিয়া হত্যা করণে শ্রান্ত হইয়া বিচার ব্যতিরেকে একেবারে সকলকেই বধ করিবার আজ্ঞা প্রচার করিলেন সুতরাং হত্যা ও শোকে নগর পরিপূর্ণ হইল।

১০ কার্ষিলিয়স নামা এক ব্যক্তি রাজ দণ্ডের যন্ত্রণা হইতে মুক্তি পাইবার মানসে আত্ম হত্যা দ্বারা প্রাণত্যাগ করাতে টাইবিরিয়স কহিয়াছিলেন "এ ব্যক্তি আমার হস্ত হইতে আশ্চর্য্য রূপে পরিত্রাণ পাইল"। অপর এক জন কারারুদ্ধ ব্যক্তি আপন বধের কাল বিলম্বে অসহিষ্ণু হইয়া কাতরতাপূর্ব্বক বিনয় করাতে তাহাকে কহিয়াছিলেন "আমি তোমার এতাদৃশ সুহৃদ্ নহি যে তোমার যন্ত্রণা লাঘব করিব।"

১১ এইরূপে টাইবিরিয়স অবনীমণ্ডলে সর্ব্ব জনের ঘৃণ্য হইলেন এবং অন্যের জীবনের শত্রু ও আপন জীবনের ক্লেশপ্রদ হইয়া মহা অসুখে কাল যাপন করিতে লাগিলেন। তদনন্তর দ্বাবিংশতি বৎসর রাজ্য শাসনের পর অগ্নি মান্দ্য হওয়াতে আপন মৃত্যুর লক্ষণ বুঝিতে পারিলেন। ১২ অতএব উত্তরাধিকারি স্থির করিবার উপযুক্ত সময় বুঝিয়া কালিগিউলা নামক এক দুষ্ট ব্যক্তিকে তদর্থে মনোনীত করিলেন। ঐ ব্যক্তির দুরাচারিত্ব বিশেষ রূপে অবগত থাকিলেও তাহাকে তৎপদাভিষিক্ত করণের তাৎপর্য্য এই যে তাহার অধিক দুষ্টতার দ্বারা নিজ নিষ্ঠুরতা বিষয়ক অখ্যাতি খর্ব্ব হইতে পারিবেক।

১৩ কিন্তু হঠাৎ মৃত্যুর বশতাপন্ন হইতে না হয় এই ইচ্ছায় স্থান পরিবর্ত্তন দ্বারা তদ্বিষয়ক দুর্ভাবনা দূর করিতে মানস করিলেন অতএব প্রিয় উপদ্বীপ পরিত্যাগ পূর্ব্বক মহা দ্বীপে অর্থাৎ ইটালিতে প্রত্যাগমন করিয়া তত্রস্থ নেপলস্ নগরের নিকট মাইসিনম্ নামক অন্তরীপে* কালযাপন করিতে স্থির করিলেন। পরন্তু এই স্থানে আগমনের পরেই তাঁহার মূর্চ্ছা রোগ উপস্থিত হইল এবং সকলে ঐ রোগকে সাংঘাতিক জ্ঞান করিল। ১৪ এক বার তাঁহার

---

* ঐ অন্তরীপ ইটালি দেশের অন্তঃপাতি নেপেল্‌স প্রদেশের একটি সমুদ্র তীরে স্থাপিত আছে।

মূর্চ্ছা হওয়াতে কালিগিউলা মৃত্যু অনুমান করিয়া প্রিট্রোরিয়ন্ সেনাদের* দ্বারা আপনার অধিরাজত্ব প্রকাশ পূর্ব্বক রাজ গৃহ হইতে নির্গত হইয়া লোকেরদের ধন্যবাদ শ্রবণ করিতে লাগিলেন ইতিমধ্যে হঠাৎ সংবাদ প্রাপ্ত হইলেন অধিরাজ সেই পীড়া হইতে মুক্ত হইয়াছেন। ১৫ এই সমাচারে রাজ সভাস্থ সমস্ত ব্যক্তি অত্যন্ত ভাবনা ও ভয়যুক্ত হইলেন। যাঁহারা কিয়ৎ পূর্ব্বে রাজার মৃত্যু সংবাদে আন্তরিক আহ্লাদ প্রকাশ করিতেছিলেন একণে তাঁহারা পুনর্ব্বার সুস্থ হইবার সমাচারে ছল করত, অধিরাজের পীড়া জন্য মিথ্যা উদ্বেগ প্রকাশ করত নূতন রাজাকে পরিত্যাগ করিলেন। ১৬ অপর কালিগিউলা ঐ সংবাদ বজ্রাঘাত তুল্য জ্ঞান করিয়া নিরানন্দ ও নিস্তব্ধ হইয়া এই চিন্তায়মগ্ন হইলেন রাজা হওয়া দূরে থাকুক, এইক্ষণে রাজ দণ্ডে মৃত্যু না হইলে পরম মঙ্গল জ্ঞান করিব। ১৭ পরন্তু কুকর্ম্মাচরণে অতি নিপুণ মেক্রো নামক এক ব্যক্তি মৃতকল্প ভূপতির গলদেশে উপধান প্রদান করিয়া কেহ২ কহেন হলাহল সংযোগ দ্বারা তাঁহাকে বধ করিতে আজ্ঞা করিলেন। যে প্রকারে হউক টাইবিরিয়স দ্বাবিংশতি বৎসর রাজ্য শাসন করিয়া ৭৮ বৎসর বয়ঃক্রমে পঞ্চত্ব প্রাপ্ত হইলেন।

১৮ এই রাজার রাজত্বের অষ্টাদশ বৎসরে খ্রীষ্টের ক্রুশ যন্ত্রে মৃত্যু হইয়াছিল ইহাতেই অনুভব হয় তৎকালীয় মনুষ্যবর্গের অত্যুৎকট পাপ প্রযুক্ত সর্ব্ব সাধারণ ভ্রষ্টতা হইতে পরিত্রাণ প্রাপ্তির জন্য খ্রীষ্টের দেহ ত্যাগ রূপ বলি ব্যতিরিক্ত অন্য উপায় ছিল না। পাইলেট নামক এক ব্যক্তি খ্রীষ্টের সহিষ্ণুতা ও মৃত্যু হইতে পুনরুত্থান এবং অদ্ভুত ক্রিয়ার বিবরণ লিপি বদ্ধ করিয়া টাইবিরিয়সের নিকট পাঠাইয়াছিলেন এবং অধিরাজ ও রোমীয়

---

* প্রথমে আগষ্টস রাজা প্রিটোরিয়ন নামক ঐ সৈন্য দলকে আপন শরীর রক্ষার্থ নিযুক্ত করিয়াছিলেন।

লোক দ্বারা তাঁহার দেবত্ব স্বীকার করণ বিষয়ে নিজ সম্মতি প্রকাশ করিয়া তত্তাবদ্বৃত্তান্ত বিস্তারিত পূর্ব্বক সেনেট সভার গোচর করিলেন। ১৯ কিন্তু উক্ত সভার অধ্যক্ষেরা তদ্বিষয়ে অসম্মতি প্রকাশ পূর্ব্বক কহিলেন প্রাচীন ব্যবহারানুসারে ধর্ম্ম সম্বন্ধীয় যাবতীয় ব্যাপারের ভার আমাদের প্রতি অর্পিত আছে, খ্রীষ্টের দেবত্ব স্বীকার বিষয়ক প্রসঙ্গ অগ্রে অস্মদাদির সন্নিধানে উপস্থিত হয় নাই, অতএব আমরা তাঁহার দেবত্ব স্বীকার করিতে পারি না। পরে তাঁহারা ক্রোধ পূর্ব্বক এই আজ্ঞা প্রচার করিলেন যে খ্রীষ্ট মতাবলম্বি লোকদিগকে নগর হইতে বহিষ্কৃত হইতে হইবে। কিন্তু টাইবিরিয়স তাহার বিপরীত আজ্ঞা প্রচার করিলেন, যথা, কেহ খ্রীষ্টিয়ানদিগের দুর্নাম করিলে প্রাণ দণ্ডে দণ্ডিত হইবেক সুতরাং খ্রীষ্টিয়ানেরা তাঁহার রাজ্য শাসনের সময় নিরুদ্বেগে যাপন করিল।

২০ কালিগিউলা রাজ্য শাসন আরম্ভ করিয়া অষ্টমাস মাত্র ধর্ম্মাচরণ প্রদর্শন করত আপনার পাপ ক্রিয়া, গোপনে রাখিয়াছিলেন কিন্তু তদনন্তর পরিমিতাচার অথবা দয়ার কোন চিহ্ন রহিল না; বরং ক্রোধ ও লোভ এবং নিষ্ঠুরতাচরণ বিষয়ে তাঁহার স্বেচ্ছাচারিত্ব সর্ব্বতোভাবে প্রবল হইয়া উঠিল সুতরাং গর্ব্বিত্ব অধার্ম্মিকত্ব লম্পটত্ব লুব্ধত্বাদি দোষ সকল স্বাভাবিক বিকট মূর্ত্তি ধারণ পুরঃসর প্রকাশ পাইতে লাগিল।

২১ কালিগিউলা স্বয়ং শাসন কর্ত্তৃত্ব পদ গ্রহণ করিলেন তাহাতেই প্রথমতঃ তাঁহার অহঙ্কার প্রকাশ পাইল কেমনা কেবল রাজারাই শাসন কর্ত্তৃত্বোপাধি প্রাপ্ত হইতেন। অপর অহঙ্কারের চিহ্ন এই যে কিরীট ধারণে উদ্যত হয়েন কিন্তু পৃথিবীর মধ্যে যাবতীয় ভূপতি অপেক্ষা তিনি শ্রেষ্ঠ সুতরাং মুকুট প্রভৃতি ধারণ তাঁহার পক্ষে বিধেয় নহে মন্ত্রিদের কেবল এই কথাতে তদ্বিষয়ে ক্ষান্ত হইয়াছিলেন। ২২ অল্পিক কিয়ৎকাল পরে স্বেচ্ছানুসারে দেবতার তুল্য মর্য্যাদা গ্রহণ করিয়া যেন্ দেবতার সহিত স্বীয় স্বভাবের ঐক্য দেখি-

লেন তাঁহাদেরই নামে নিজ নাম রাখিলেন। এই অভিপ্রায়ে জুপিটর * এবং অন্যান্য দেবতার প্রতিমার মস্তক ছেদন পূর্ব্বক তৎপরিবর্ত্তে আপনার মুখের প্রতিমূর্ত্তি সে সকলে স্থাপন করাইতে আজ্ঞা করিলেন। তিনি কখন২ ক্যাষ্টর ও পালক্স † এই দুই দেব মূর্ত্তির মধ্য স্থলে উপবিষ্ট হইয়া ইহাদের মন্দিরে আগত পূজকদিগকে আদেশ করিতেন তোমরা আমারই অর্চ্চনা কর। ২৩ ফলতঃ তিনি এক প্রকার বিকৃতচিত্ত হইয়াছিলেন। ঐ বিষয়েও মতের স্থৈর্য্য ছিল না। অপর যত বার বস্ত্র পরিবর্ত্তন করিতেন তত বার আপনার দেব মূর্ত্তির পরিবর্ত্তন করিতেন। কখন বা দেবীর মূর্ত্তি ধারণ করিতেন। কদাচিৎ বা জুপিটর বা মার্স ‡ দেবের কখন বা বিনস § কিম্বা ডায়ানা ॥ দেবীর বেশ বিশিষ্ট হইতেন। ২৪ এতদ্ভিন্ন তাঁহার

---

* প্রাচীন গ্রীকেরা জুপিটরকে যাবতীয় দেবতা অপেক্ষা প্রধান কহিত. তিনি স্যাটরণ দেবের ও রিয়া দেবীর পুত্র; জ্যোতিঃ শাস্ত্র তাঁহাকে বৃহস্পতি গ্রহ বলিয়া বর্ণনা করিয়াছে।

† ক্যাষ্টর ও পালক্স এই দুই দেব জুপিটরের যমজ সন্তান, তাঁহারা টেণ্ডরস রাজার মহিষী লিডার গর্ভজাত। দেবাদির ইতিহাস মধ্যে যুদ্ধ এবং অন্যান্য বিষয়ের প্রসঙ্গে তাঁহাদের সাতিশয় ক্ষমতা প্রকাশ আছে। জ্যোতিঃশাস্ত্রে ক্যাষ্টর ও পালক্সকে মিথুন রাশি কহে।

‡ প্রাচীন ইতিহাসে মার্স দেবকে রণ বিজয়ী দেবতা কহে, জ্যোতিঃশাস্ত্রানুসারে তিনি মঙ্গল গ্রহ।

§ বিনস দেবী রূপ ও প্রেমের অধিষ্ঠাত্রী বলিয়া প্রাচীন ইতিহাসে বর্ণিত হইয়াছেন, জ্যোতিঃ শাস্ত্রে তাঁহাকে শুক্র ও কেতু গ্রহ কহে।

॥ প্রাচীনেরা ডায়ানা দেবীকে মৃগয়াধিষ্ঠাত্রী বলিয়া বর্ণনা করিয়াছেন। তিনি স্বর্গে সিন্থিয়া অর্থাৎ চন্দ্র, মর্ত্ত্যলোকে ডায়ানা, এবং পাতালে হিকেটী নামে প্রসিদ্ধ।

আদেশে একটা মন্দির নির্ম্মাণ হইয়া তদীয় নামে প্রতিষ্ঠিত হয়। তিনি তন্মধ্যস্থ আপনার স্বর্ণময়ী প্রতিমা স্থাপন পূর্ব্বক সেই মূর্ত্তিকে আপনার তুল্য পরিচ্ছদ পরিধান করাইতেন; ভূরিং ব্যক্তি তাঁহার অনুরোধে আগমন পূর্ব্বক ঐ প্রতিমার পূজা করিত এবং নিয়ত অর্চ্চনার নিমিত্ত কতিপয় পূজক নিযুক্ত ছিল। সুস্বাদু ও উৎকৃষ্ট দ্রব্য দ্বারা ঐ প্রতিমার ভোগ হইত এবং তাঁহার অর্চ্চক-দিগের এমত মর্য্যাদা হইয়াছিল যে নগরস্থ অত্যন্ত ধনাঢ্য ব্যক্তি-রাও তৎপদের আকাঙ্ক্ষা করিত। কিন্তু তিনি আপনার পত্নী ও অশ্বকে ঐ পদ প্রদান পূর্ব্বক মর্য্যাদা যুক্ত করিলেন। অপর কিয়ৎ-কালানন্তর উন্মত্ততা প্রকাশ পূর্ব্বক আপনিই আপন প্রতিমার পূজক হইলেন। ২৫ ফলতঃ তিনি যত প্রকারে আপনাকে দেবতার ন্যায় দর্শাইতেন সকলই উপহাস্য। পূর্ণিমার নিশায় ভবন হইতে বিনির্গত হইয়া নিশাকরের প্রতি দৃষ্টিপাত করত সম্বোধন বচনে প্রিয় ব্যক্তির ন্যায় প্রেমালাপ করিতেন। অপর বজ্রের অনুরূপ শব্দ করণার্থ বহুবিধ শিল্প রচনা করাইয়াছিলেন এবং সর্ব্বদাই জুপিটর দেবকে ভয় প্রদর্শন করিবার মানসে হোমর কবির বাক্য উচ্চারণ পূর্ব্বক উচ্চস্বরে কহিতেন, হে জুপিটর হয় তুমি আমাকে পরাভূত কর, নতুবা আমি তোমাকে পরাজয় করিব। অপর সর্ব্বদা জুপিটরের প্রতিমার কর্ণে জপের ন্যায় বাক্য কহিতেন এবং তৎকালে ছল ক্রমে এই-রূপ জানাইতেন যেন জুপিটরের সহিত তাঁহার কথোপকথন হইতেছে এবং কথা কহিতে২ এমত ভাব প্রকাশ করিতেন যেন তাঁহার প্রত্যুত্তরে ক্রুদ্ধ হইয়া কহিতেছেন যে গ্রীক দেশ হইতে তাঁহার আগমন হইয়াছে পুনর্ব্বার সেই দেশে পাঠাইয়া দিবেন এবং কখনং শান্ত মূর্ত্তি প্রদর্শন পূর্ব্বক জুপিটর ও আপনি উভয়ে ঐকমত্যে কাল্যাপন করণের সন্তোষ প্রকাশ করিতেন।

২৬ পরন্তু তাঁহার ঐ অসংখ্য দোষের মধ্যে অপরিমিতাচরণ অত্যন্ত প্রসিদ্ধ ছিল এবং তাহাই অন্যান্য দোষ উৎপাদনের

এক হেতু হয়। তিনি এবম্প্রকার সুখাসক্ত ছিলেন যে পূর্ব্ব [illegible]
দের সহিত তুলনা করিলে তাঁহাদের সুখ ভোগিতা গণ [illegible]
যাইতে পারে না। তিনি স্নান করণের নূতন প্রথা সৃষ্টি করি[illegible]
নিরর্থক বহুবিধ বহু মূল্য তৈল ও সুগন্ধি দ্রব্য অপচয় করি[illegible]
অপর তাঁহার আহারীয় দ্রব্য সামগ্রীও বহু ব্যয়ে প্রস্তুত [illegible]
আর ইহাও কথিত আছে যে তাঁহার ভক্ষ্য দ্রব্যের সহিত [illegible]
ভূত মণি রত্নাদি মিশ্রিত করিয়া দিতে হইত। কখন২ অ[illegible]
নিমন্ত্রিত ব্যক্তিগণের সম্মুখে মাংসের পরিবর্ত্তে শুদ্ধ স্বর্ণের [illegible]
আনাইয়া দিয়া কহিতেন মনুষ্যের উচিত পরিমিত ব্যয়ী [illegible]
অধিরাজ হয়।

২৭ গৃহ ব্যাপারে কীদৃক্ অপরিমিত ব্যয় করিতেন তাঁহার [illegible]
পালনেই তদ্বিষয় প্রকাশ পায়। মর্ম্মর প্রস্তর দ্বারা মন্দুরা এ[illegible]
গজ দন্ত করণক ভক্ষণ পাত্র নির্ম্মাণ করাইয়াছিলেন, আর তাঁহা[illegible]
ইন্‌সিটেটস * ঘোটক ঘোড় দৌড়ে যাইবে এমত কথা হইলে [illegible]
রাত্রে নিদ্রার ব্যাঘাত না হয় এতদর্থ অশ্বশালয়ে প্রহরী নিযুক্ত
করিয়া দিতেন।

---

* কালিগিউলার উক্ত ইন্‌সিটেটস তুরঙ্গের বিষয়ে কতকগুলি
অসম্ভব কথা প্রকাশ আছে, যথা, যাহারা ঐ তুরগ দর্শনার্থ আগ
মন করিত তাহাদের মান রক্ষার কারণ তিনি ঐ ঘোটকের
অট্টালিকা ও রন্ধনশালা এবং ঐশ্বর্য্যশালী দ্রব্যাদি প্রস্তুত করা
ইয়া দিতেন এবং কখন২ ঘোটককে আপন ভোজন সময়ে নিম
ন্ত্রণ করিয়া স্বর্ণ মণ্ডিত চণক ও কাঞ্চন পাত্রে মদ্য প্রদান করিতেন
অপর অশ্বের মঙ্গলামঙ্গল উল্লেখ করিয়া দিব্য করিতেন এবং কথিত
আছে মৃত্যু না হইলে ঐ ঘোটককে মন্ত্রিত্ব পদেও অভিষিক্ত করি-
তেন।

প্রশ্ন।

১ সিজেনস রাজমন্ত্রী হইয়া প্রথমে কোন্ বিষয়ে যত্নবান্ হই-লেন?

২ রাজা তাঁহার পরামর্শ গ্রহণ করিলেন কি না?

৩ ভূপতি গুপ্ত স্থানে অবস্থান করিলে কি অনিষ্ট ফল দর্শিয়া-ছিল?

৪ সিজেনসের কুমন্ত্রণায় কোন্২ ব্যক্তি পতিত হইয়াছিল?

৫ সিজেনসের প্রতিপত্তির উত্তরোত্তর বৃদ্ধি হইয়াছিল কি না?

৬ তাহার এই উচ্চ পদ দীর্ঘ কাল স্থায়ি হইয়াছিল কি না?

৭ তাহার কি রূপ দণ্ড বিধানের আজ্ঞা হইয়াছিল?

৮ তাহাকে বধ করিবার কালে কি২ ঘটনা হইয়াছিল?

৯ টাইবিরিয়সের নিষ্ঠুরতায় কেবল সিজেনসেরই কি মৃত্যু হই-ছিল?

১০ টাইবিরিয়স কি রূপে আপন নিষ্ঠুরতা বৃদ্ধি করিয়াছিলেন?

১১ তাঁহার এই প্রকার ক্রূরতা কি বহু কাল ছিল?

১২ আসন্ন কাল উপস্থিত হইলে তিনি কি উদ্যোগ করিলেন?

১৩ তিনি আপন জীবনাশা ত্যাগ করিয়াছিলেন কি না?

১৪ রাজার মৃত্যু সংবাদ শুনিয়া কালিগিউলা কি রূপ ব্যবহার রিল?

১৫ রাজার জীবন সমাচার পাইয়া রাজ সভাস্থ ব্যক্তিদিগের কি রূপ ভাবের উদয় হইয়াছিল?

১৬ কালিগিউলা কি সাহস পূর্ব্বক এই বিষয়ে ভয় দূর করিয়া-ল?

১৭ রাজা জীবিত থাকিলে যে আশঙ্কার সম্ভাবনা ছিল তাহার রূপে নিবারণ হইল?

১৮ এই নৃপতির শাসন কালে কি২ প্রসিদ্ধ ঘটনা হইয়াছিল

এবং তদুপলক্ষে তিনি কি উদ্যোগ করিয়াছিলেন?

১৯ টাইবিরিয়সের অভিলাষ পূর্ণ হইয়াছিল কি না?

২০ কালিগিউলা রাজত্ব প্রাপ্তির পরে কি রূপ আচরণ করিয়াছিলেন?

২১ তিনি কোন্২ কার্য্য দ্বারা আপন অহঙ্কার প্রকাশ করেন?

২২ তিনি অহঙ্কার বশতঃ আর কি২ অসম্ভব ব্যবহার করিয়াছিলেন।

২৩ তিনি কোন্ দেবতার নামে আপনাকে দেবতা রূপে গণনা করাইয়াছিলেন?

২৪ অপর কি২ অবোধতার নিদর্শন প্রকাশ করিয়াছিলেন?

২৫ তাঁহার উন্মত্ততার আর কিছু নিদর্শন আছে?

২৬ তাঁহার কোন্ দোষ সর্ব্বাপেক্ষা প্রবল ছিল?

২৭ গৃহ ধর্ম্ম বিষয়ে তাঁহার অপব্যয়ের কি চিহ্ন আছে

---

## ২২ অধ্যায় ৫ খণ্ড।

১ কালিগিউলার অধর্ম্মাচরণাপেক্ষা ক্রূরতাই প্রবলতর ছিল তিনি সেনেট সভ্যদিগের অনেককে হত্যা করিয়া পরে তাহাদিগকেই আহ্বান করিতেন। অপর রাজ্য মধ্যে অব্যবহার্য্য ব্যক্তিকে না রাখিবার মানসে অনেক বৃদ্ধ ও কর্ম্মাক্ষম লোককে বন্য পশুর মুখে নিক্ষেপ করাইলেন। তিনি অপরাধ দেওয়া যাহাদের প্রাণ দণ্ডের আজ্ঞা করিতেন তাহাদের দেহস্থ মাংস দ্বারা নিজ পালিত বন্য জন্তুগণের আহার দান স্থির করিয়াছিলেন অতএব দশ২ দিন অন্তর দোষিদিগের অনেককে পশুদের ভোজনার্থ পাঠাইয়া দিতেন, এবং এইরূপ হত্যাকে উপহাস পূর্ব্বক হিসাব পরিষ্কার কহিতেন।

পরন্তু পশুর মুখে নিক্ষিপ্ত ব্যক্তিদের মধ্যে এক জন কহিয়াছিল আমার কোন অপরাধ নাই কেন প্রাণ দণ্ড হয়, তিনি এই বাক্য শ্রবণে তদীয় রসনা কর্ত্তন করাইয়া তাহাকে বন্য প

সমূহের মধ্যে নিক্ষেপ করেন*। ২ ফলতঃ লোকদিগকে ক্রমেং যন্ত্রণা দিয়া হত্যা করিতে অতিশয় আমোদী হইতেন এবং তদ্রূপ আচরণের এই হেতু কহিতেন যে তদ্বারা বধ্য ব্যক্তিরা বিশেষ রূপে মৃত্যু যাতনা অনুভব করিতে পারিবে। এই প্রাণি হিংসার সময় নিরুপায় ব্যক্তিদের যাতনা দীর্ঘ কাল স্থায়ী করণার্থ স্বয়ং উপস্থিত থাকিয়া আদৌ তাহাদিগকে ক্লেশ দিতে আজ্ঞা করিতেন। ৩ উক্ত প্রকারে হত্যা করিবার সময় নিজ নির্দয় স্বভাব ও কঠিনতা প্রকাশ পুরঃসর অহঙ্কার করণার্থ আপনার অন্যান্য গুণাপেক্ষা সেই স্বভাবের অধিক গৌরব করিতেন। ৪ একবার কোন বিষয়ের উপলক্ষে নগর বাসিদের প্রতি ক্রোধান্ধ হইয়া কহিয়াছিলেন যদি সমুদয় রোমীয়দিগের গলদেশ এক হইত তাহা হইলে একাঘাতে তাহারদের সকলকেই বিনাশ করিতাম।

৫ এবম্ভূত কঠিন ও স্বেচ্ছাচারি নিষ্ঠুরতা জন্য তাঁহার বিরুদ্ধে গোপনে অনেকং মন্ত্রণা হইতে আরম্ভ হইল, কিন্তু অবিলম্বে জর্মান ও ব্রিটন জাতীয়দিগের প্রতিকূলে তাঁহার পূর্ব্ব কল্পিত যুদ্ধ যাত্রার উদ্যোগ হওয়াতে কিয়ৎ কালের নিমিত্ত ঐ গুপ্ত মন্ত্রণা স্থগিত রহিল। ৬ তিনি এই যুদ্ধ যাত্রার্থ অসংখ্য সৈন্য সংগ্রহ পূর্ব্বক সং-গ্রাম করিতে দৃঢ় প্রতিজ্ঞা করাতে সাধারণ লোকদিগের মনে প্রত্যয় হইল যে স্থানে প্রয়াণ করিবেন সেই স্থলেই বিজয়ী হইবেন। ৭ পরন্তু সৈন্যেরা বিশৃঙ্খল রূপে গমন করাতে তাঁহার চিত্তে সম্পূর্ণ রূপে উদ্বেগের আবির্ভাব হইল। কোহর্ট† সেনা-

* এক দিবস তিনি নিয়মানুসারে পশু মুখে নিক্ষেপণীয় অপরাধি ব্যক্তিদিগকে উপস্থিত না দেখাতে দর্শকদিগের মধ্যে কতক লোককে ফেলিয়া দিতে আজ্ঞা করিলেন এবং ঐ নিরপরাধ ব্যক্তিদিগের আর্ত্তনাদে তাঁহার কঠোর আমোদে ব্যাঘাত না হয় এ নিমিত্ত নিক্ষেপ করণের অগ্রে তাহাদের জিহ্বা ছেদন করাইয়া দিলেন।

† ৫০০ পাঁচ শত সৈন্য দলকে কোহর্ট বলা যায়।

দল একং বার অধিক বেগে স্বং শ্রেণী পরিত্যাগ করিয়া যাইতে লাগিল, কখন বা তাহাদের এতাদৃশী মন্দগতি হইল যে সৈন্যদের উপযুক্ত শীঘ্র গমনাভাবে যুদ্ধ যাত্রা বোধ না হইয়া উৎসব যাত্রার ন্যায় অনুমান হইতে লাগিল। ৮ তিনি নিজে অষ্ট জন বাহকের স্কন্ধে চতুর্দোলোপরি আরোহণ করিয়া সমারোহ পূর্ব্বক গমন করিতেছিলেন এবং পথিমধ্যে ধূলির ক্লেশ নিবারণার্থ সংমার্জ্জন ও বারি নিষেক দ্বারা বর্ত্ম সকল পরিষ্কার করণের আদেশ করিয়াছিলেন। ৯ কিন্তু এমত বহ্বারম্ভে পরিশেষে লঘু ক্রিয়াও হইল না, যেহেতু ব্রিটেন দেশ জয় করিতে পারিলেন না, তদ্দেশ বহিষ্কৃত কেবল এক জন রাজাকে আশ্রয় দিয়া সেনেট সভায় পত্র লিখিলেন সমুদয় উপদ্বীপ জয় করিলাম। ১০ অপর জর্ম্মানি দেশ জয় করিতেও সক্ষম হইলেন না, কেবল গাল দেশের সাগর তীর পর্য্যন্ত সৈন্যদিগকে লইয়া গিয়াছিলেন কিন্তু সে স্থানে যুদ্ধ যন্ত্র সকল মহাড়ম্বর পূর্ব্বক সসজ্জ রাখিয়া ও সেনাদিগকে শ্রেণী বদ্ধ রাখিয়া আপন অর্ণব পোতে আরোহণ পূর্ব্বক সমুদ্রের ধারেং গমন করত সংগ্রামারম্ভের সঙ্কেত সূচক তুরী ধ্বনি করিতে আজ্ঞা করিলেন। ১১ তাঁহার সৈন্যেরা সঙ্কেতানুসারে তৎক্ষণাৎ তীরস্থ শঙ্খ বরাটিকাদি আপনং টোপরে এরূপ ভাবে সংগ্রহ করিতে লাগিল যেন ঐ সকল দ্রব্য পরাজিত অর্ণব হইতে বিলুণ্ঠন করিতেছে এবং সে সকল যেন রোমীয় দুর্গও রাজবাটীর উপযুক্ত। ১২ এবম্প্রকারে মহা যুদ্ধ সমাপ্ত হইলে রণজয়ি সেনাপতির ন্যায় সৈন্যদিগকে একত্র আহ্বান করিয়া প্রগল্‌ভ ভাবে বক্তৃতা পূর্ব্বক তাহাদের প্রশংসা করিলেন, তৎপরে পুরস্কার স্বরূপে তাহাদিগকে ধন প্রদান করিয়া তাহাদের শঙ্খাদি ধন লাভ জন্য উল্লাস প্রকাশ করত আমোদ প্রমোদ করিতেং বিদায় দিলেন। অপর এই কীর্ত্তি চির স্মরণীয় করিবার নিমিত্ত, সমুদ্র তীরে স্তম্ভাকৃতি একটা উচ্চ অট্টালিকা নির্ম্মাণ করিতে অনুমতি করিলেন।*

---

* জন মণ্ডলী মধ্যে এইরূপ প্রচার আছে যে সমুদ্র তীরস্থ

১৩ ৮ বশেষে প্রিটেরিয়ান্ দলাধ্যক্ষ ক্যাশিয়স কীরিয়া নামক এক ব্যক্তি ঐ দুরাত্মার দৌরাত্ম্য হইতে পৃথিবীকে উদ্ধার করিলেন। কালিগিউলা ঐ ব্যক্তিকে সর্ব্বদা বিদ্রূপ করিতেন এবং তাহার স্বর স্ত্রী জাতির তুল্য সুকোমল থাকাতে নিরন্তর তাহাকে অবলা বলিয়া হেয় জ্ঞান করিতেন। অপর রোমীয়দের রীত্যনুসারে কীরিয়া কখন২ রাজ সঙ্কেত বাক্য গ্রহণার্থ আগমন করিলে স্ত্রী বৎ মৃদু স্বভাব সূচক বিনস বা আডোনিস কিম্বা অন্যান্য সুদৃশ্য দেবতার প্রতিমূর্ত্তি তাহার হস্তে প্রদান করিতেন; ইত্যাদি কারণে অন্যান্য ব্যক্তি অপেক্ষা কীরিয়া রাজার প্রতি অধিক কোপান্বিত ছিল।

১৪ কালিগিউলার দ্বারা যেং সেনেট ও নাইটদের অপমান বা কোন প্রকার অপকার হইয়াছিল কীরিয়া তাহাদের মধ্যে অনেককেই স্বকীয় অভিপ্রায় জ্ঞাত করাইয়াছিলেন। যে সময় ইহাঁরা উক্ত দুরাত্মাকে বধ করিবার মন্ত্রণা করিতেছিলেন তৎকালে তদ্বিষয়ের সিদ্ধিদায়ক এক অচিন্তনীয় ঘটনা হঠাৎ উপস্থিত হইল।

১৫ এক জন গুপ্ত সংবাদদায়ক পেম্পিডিয়াস্ নামক এক ব্যক্তি সম্ভ্রান্ত সেনেট সভ্যের নামে রাজাজ্ঞা অবজ্ঞা করণের কথা ব্যক্ত করিয়া সম্রাট সমীপে অভিযোগ করিল এবং সাক্ষ্য দ্বারা ঐ বিষয় সপ্রমাণ করণার্থ কুইনটিলিয়া নাম্নী এক নর্ত্তকীকে আহ্বান করিল। ১৬ কিন্তু পুরুষাপেক্ষা কুইনটিলিয়ার অধিক সাহস থাকাতে সে প্রতিজ্ঞা পূর্ব্বক অস্বীকার করিল আমি ষড়্যন্ত্রের বৃত্তান্ত অনভিজ্ঞা অতএব যদিও সে দণ্ড যন্ত্রে বদ্ধ হইল এবং তাহার প্রতি যন্ত্রণা দিবার আজ্ঞা হইল তথাপি কীরিয়ার দোষ প্রকাশ করিল না।

১৭ তাহার প্রতিজ্ঞার বিষয়ে আশ্চর্য্য এই যে উক্ত ষড়্যন্ত্রের

---

বলোন নামক ঘাটের প্রবেশ দ্বারে স্তম্ভাকৃতি যে উচ্চ গৃহ অদ্যাবধি বিদ্যমান আছে কালিগিউলা উপরোক্ত যুদ্ধোপলক্ষে তাহা নির্ম্মাণ করাইয়াছিলেন।

ঐ বিশেষ সমুদয় বৃত্তান্ত জ্ঞাত ছিল এবং তন্নিমিত্ত কীরিয়া তাহাকে যন্ত্রণা দিতে অধ্যক্ষতা করিতেছিলেন, কিন্তু তথাপি কোন প্রকারে প্রকাশ করিল না, বরং ঐ চক্রান্তের কোন কথা ব্যক্ত করিবে না ইঙ্গিতে এতাদৃশ অভিপ্রায় জানাইবার জন্য যন্ত্রণা যন্ত্রের নিকট গমন কালে আপন চরণ দ্বারা চক্রান্ত পক্ষীয় এক জনের পদাঙ্গুলি স্পর্শ করত গমন করিল। ১৮। এইরূপে সেই অবলা আপনার হস্ত পদের গ্রন্থি ভগ্ন হওয়া পর্য্যন্ত যন্ত্রণা ভোগ করিল, পরে তদবস্থায় রাজসন্নিধানে আনীত হইলে রাজা তদীয় দুঃখ সহিষ্ণুতা দর্শনে দয়ার্দ্রচিত্ত হইয়া কিঞ্চিৎ পারিতোষিক দিতে আদেশ করিলেন।

১৯। কীরিয়া উক্ত যন্ত্রণা প্রদান ব্যাপারের অধ্যক্ষতা পদে নিযুক্ত হওয়াতে ক্রোধ সম্বরণ করিতে না পারিয়া চক্রান্তকারিদের সহিত বিবিধ প্রকার পরামর্শের পর এই স্থির করিলেন পালাটিন * ক্রীড়ার সময়ে যখন তাঁহার শরীর রক্ষকেরা অন্যমনস্ক থাকিবে তখন তাহাকে সংহার করণার্থ আক্রমণ করিবেন। ২০। পালাটিন ক্রীড়া চারি দিবস হইত, তাহার তিন দিবস গত হইলে কীরিয়া ভাবিতে লাগিলেন ষড়যন্ত্রের দ্বারা কার্য্য সিদ্ধি

* পালাটিন নামক পর্ব্বতে ঐ মেলা হইত, এ জন্য সেই পর্ব্বতের নামেতে ঐ মেলা পালাটিন ক্রীড়া নামে খ্যাত হইয়াছে যে সপ্ত পর্ব্বতোপরি রোম নগর নির্ম্মিত হয় তন্মধ্যে ঐ পর্ব্বত অতি বৃহৎ। রোমুলস প্রথমে ঐ পর্ব্বত অধিকার করিয়া তদুপরি স্বীয় রাজধানী ও ধর্ম্মাধিকরণ স্থাপন করিয়াছিলেন এবং তদনন্তর টলস হাষ্টিলিয়স, আগষ্টস, ও অন্যান্য সম্রাটেরা ঐ স্থানেই রাজধানী ও বিচারাগার নিরূপিত রাখিয়াছিলেন, অতএব পালাটিন পর্ব্বতে প্রথমে রাজধানী হওয়াতে ঐ পর্ব্বতের নাম হইতে রাজাদের বাস স্থানের নাম লাটিন ভাষায় প্যালাশিয়ম, ও ইংরেজি ভাষায় পেলেস বলিয়া ব্যবহৃত হইয়াছে।

বিষয়ে যদি কাল বিলম্ব হয় তাহা হইলে ব্যক্ত হইবার সম্ভব, এতদ্ভিন্ন তাহার মনে অন্য এক আশঙ্কা হইল পাছে তাঁহা অপেক্ষা অধিক সাহসী অন্য কোন ব্যক্তি ঐ দুরাত্মাকে বিনষ্ট করিয়া প্রশংসা প্রাপ্ত হয়। এবম্বিধ বিবিধ ভাবনা করিয়া পরিশেষে নিশ্চয় করিলেন ঐ ক্রীড়ার শেষ দিবসে যথন কালিগিউলা গুপ্ত ক্ষুদ্র চাঁদনী যুক্ত পথ দিয়া রাজ বাটীর নিকটস্থ স্নানাগারে প্রবেশ করিবেন সেই সময় আপন মনোরথ পূর্ণ করিব।

২১ ঐ ক্রীড়ার শেষ দিবস মহা সমারোহ হওয়াতে কালিগিউলা বিশেষ উল্লাসিত হইয়া অন্যান্য লোকের সহিত তদ্বিষয়ে কথোপকথন করিতেছিলেন এবং আপন বিনাশ জনক ষড়যন্ত্র জানিতে না পারাতে একত্রিত বহু লোকের মধ্যে নানাবিধ ফল ও অন্যান্য দুষ্প্রাপ্য দ্রব্য নিক্ষেপ করাইয়া তৎপ্রাপ্তির প্রত্যাশায় তাহাদের ব্যগ্রতা দর্শনে আমোদ করিতেছিলেন। ২২ ইত্যবসরে এক জন সেনেট সভ্য আপনার পরিচিত এক ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন তুমি কোন নূতন সংবাদ শুনিয়াছ কি না? সে কহিল কিছুই শ্রবণ করি নাই, পরে সেনেট সভ্য কহিলেন "অদ্য এক দুরাত্মার বিনাশ হইবে" ইহাতেই সে ব্যক্তি কালিগিউলার মৃত্যু অনুভব করিয়া জিজ্ঞাসককে সাবধান হইতে কহিল। এইরূপে ষড়যন্ত্রের ব্যাপার ব্যক্ত হইবার উপক্রম হইয়াছিল কিন্তু সে স্থানে কালিগিউলার কোন আত্মীয় ব্যক্তি না থাকাতে প্রকাশ হইতে পারিল না। ২৩ কালিগিউলা সমস্ত দিন অবিশ্রান্ত ক্রীড়া রসে আসক্ত থাকিবেন এমত মানস করিয়াছিলেন, ষড়যন্ত্রকারিরা তাঁহার ঐ ভাব বুঝিয়া অত্যন্ত উৎকণ্ঠিত হইল বিশেষতঃ কীরিয়া এই অভাবনীয় বিলম্ব দেখিয়া এমত বিরক্ত হইলেন যে নিবারণ না করিলে তিনি সমাজের মধ্যস্থলেই আপনার মনস্কামনা পূর্ণ করিতেন। ২৪ পরন্তু তিনি ঐ বিষয় বিবেচনা করিতেছিলেন ইতিমধ্যে ষড়যন্ত্রের মধ্যবর্ত্তী আস্পোরিনস নামা এক ব্যক্তি কালিগিলাকে পরামর্শ দিল আপনি একবার স্নানা-

গারে গমন করিয়া কিঞ্চিৎ আহার গ্রহণ পূর্ব্বক কিয়ৎকাল বিশ্রাম করুন তাহা হইলে ক্রীড়া দর্শনে অধিক আমোদ হইবে। ২৫ ইহাতে মহারাজ গাত্রোত্থান করিলে কুচক্রিরা ব্যস্ত সমস্ত হইয়া সকলকে দূরীকৃত করিল এবং রাজার প্রতি আপনাদের প্রনিষ্ঠতা দর্শাইবার ছলে আপনারাই তাঁহাকে বেষ্টন করিয়া চলিল। পরে রাজ চক্রবর্ত্তী স্নানাগারের পথে এক খিলান গৃহে প্রবেশ করিলে কীরিয়া স্বীয় ক্ষুদ্র খড়্গ দ্বারা তাঁহাকে আঘাত করত ভূমি শায়ী করিয়া কহিল, "অরে দুরাত্মা এখন আপন কুকর্ম্মের ফল অনুভব কর" পরে অন্যান্য কুচক্রিরাও তাঁহার উপর আঘাত করণার্থ ধাবমান হইল। রাজা সাহস পূর্ব্বক তাহাদের উদ্যমে বাধা দিয়া কহিলেন এখনও আমার প্রাণ বিয়োগ হয় নাই। পরন্তু তাহারা ত্রিংশৎ আঘাতে তাঁহাকে একেবারে নিপাত করিল।

২৬ এইরূপে কালিগিউলা ২৯ বৎসর বয়ঃক্রম কালে পূর্ণ চারি বৎসর রাজ্য শাসনের পূর্ব্বে উচিত দণ্ড স্বরূপ মৃত্যু প্রাপ্ত হই-লেন। সেনেকা তাঁহার বিষয়ে যাহা কহিয়াছেন তাহাতেই তাঁহার আচরণের ব্যাখ্যা হয়, অর্থাৎ প্রভুত্ব শক্তি পাপ সহকারিণী হইলে যাদৃশী দুর্ব্বৃত্ততা উৎপন্ন করিতে পারে তাহাই দর্শাইবার নিমিত্ত বুঝি সৃষ্টি কর্ত্তা কালিগিউলার সৃষ্টি করিয়াছিলেন।

প্রশ্ন।

১ কালিগিউলা ঈশ্বরের প্রতি অশ্রদ্ধা করিতেন তদপেক্ষা তাঁহার আর উৎকট কুক্রিয়া ছিল কি না?

২ তিনি কি রূপে আপন নিষ্ঠুরতা বৃদ্ধি করিয়াছিলেন?

৩ কোন্ বিষয়ে আপন স্বভাবের বিশেষ গৌরব করিতেন?

৪ কি অসম্ভব ও কুৎসিত ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন?

৫ তাঁহার এই সকল অত্যাচারে কি ফল দর্শিল?

৬ ব্রিটন ও জর্মান জাতীয়দের প্রতিকূলে যুদ্ধ করণার্থ কি প্রকার উদ্যোগ করিয়াছিলেন?

৭ এই যুদ্ধ যাত্রা কালে তাঁহার কি রূপ স্বভাব ব্যক্ত হইয়াছিল?

৮ তিনি মধ্যে২ কি রূপে ভ্রমণ করিয়াছিলেন?

৯ এই যুদ্ধোপলক্ষে কিং কীর্ত্তি প্রকাশ করিয়াছিলেন?

১০ এই কল্পিত সমরোপলক্ষে কি প্রকাশ্য আড়ম্বর দর্শান হইল?

১১ পরিশেষে সেই আড়ম্বরের কি ফল হইল?

১২ আর কোন্ বিষয়ে তাঁহার উন্মত্ততা প্রকাশ হইয়াছিল?

১৩ কে তাঁহাকে হত্যা করে ও কি কারণে তাঁহার প্রতি হত্যাকারির ক্রোধ হয়?

১৪ অন্য কেহ কীরিয়ার গুপ্তাভিপ্রায় জ্ঞাত ছিল কি না?

১৫ যে ঘটনায় তৎপ্রতিকূলে ষড়যন্ত্র স্থির হয় তাহা কি?

১৬ কুইন্টিয়াস দ্বারা পাম্পিডিয়সের অপবাদ সপ্রমাণ হইয়াছিল কি না?

১৭ কুইন্টিয়ার প্রতিজ্ঞার মধ্যে কোন্ বিষয় বিশেষ প্রশংসার যোগ্য?

১৮ শেষে কি ফল দর্শিল?

১৯ রাজার প্রতিকূলে ষড়যন্ত্রকারিদের মানস সিদ্ধি বিষয়ে কাল বিলম্ব হইয়াছিল কি না?

২০ এই ষড়যন্ত্রেকারিরা কি রূপ প্রতিজ্ঞা করিয়াছিলেন?

২১ কালিগিউলার বিপক্ষে যে এই সকল ষড়যন্ত্র হইতেছিল তিনি তাহা অবগত অথবা তদ্বিষয়ে সন্দিগ্ধ হইয়াছিলেন?

২২ ষড়যন্ত্রকারিরা ষড়যন্ত্রের বৃত্তান্ত গোপন করিয়াছিল কি না?

২৩ ঐ ষড়যন্ত্র নিষ্ফল হইবার কি লক্ষণ হইয়াছিল?

২৪ কালিগিউলা প্রথমতঃ সমস্ত দিবস ক্যাপিটল ক্রীড়া দর্শনের অভিলাষ করিয়াছিলেন কি রূপে তাহা প্রকাশ হইল?

২৫ তাঁহার মৃত্যুর বিবরণ কি?

২৬ তাঁহার স্বভাবের সংক্ষেপ বিবরণ কি?

## ২২ অধ্যায় ৬ খণ্ড।

১ কালিগিউলার নিধন সংবাদ প্রচার হইবা মাত্র সকল দিকেই সাতিশয় বিশৃঙ্খলা হইল। ষড়্যন্ত্রকারিরা কেবল দুরাত্মা নরপতির বধ করিয়াছিল কিন্তু কোন ব্যক্তিকে তৎপদাভিষিক্ত করিতে ... নের নির্দ্ধারণার্থ উদ্যোগ করে নাই, অতএব এক্ষণে গুপ্ত ... প্রস্থান পূর্ব্বক কেবল স্ব২ রক্ষার নিমিত্ত ব্যগ্র হইল। ... কত সৈন্য রাজ বাটীর মধ্যে ইতস্ততো ভ্রমণ করিতে২ দেখিল ... গিউলার পিতৃব্য ক্লাডিয়স নির্জ্জনে লুক্কায়িত আছেন; ... ব্যক্তি স্বীয় ক্ষুদ্র বুদ্ধিতা প্রযুক্ত সকলের অবজ্ঞা ভাজন ছিলেন তথাপি ঐ সেনারা তাঁহাকেই রাজ্যাভিষিক্ত করিবার অভিপ্রায়ে স্কন্ধোপরি আরোপণ করিয়া শিবিরে আনয়ন করিল। তিনি ঐ প্রকারে আনীত হওয়াতে যে সময় আপন মৃত্যুই নিশ্চয় করিতেছিলেন সেই সময়ে সৈন্যেরা তাঁহাকে রাজা বলিয়া সম্বোধন করিল।

৩ সে যাহা হউক, ক্লাডিয়স পঞ্চাশৎ বৎসর বয়ঃক্রমে রাজ্যাভিষিক্ত হইলেন। শৈশবাবধি বিবিধ রোগগ্রস্ত থাকাতে তাঁহার মানসিক ও শারীরিক শক্তির প্রাখর্য্য ছিল না, সুতরাং রাজকার্য্য দূরে থাকুক গৃহ কর্ম্মও প্রকৃত রূপে সম্পন্ন করণে অসমর্থ ছিলেন না।

৪ অন্যান্য অক্ষম রাজাদের শাসনারম্ভ সময়ে রাজদ্রোহি লোকেরা আপনাদের শুভ লক্ষণ দর্শনে যে রূপ রাজ্যের ... আকাঙ্ক্ষা করিত ক্লাডিয়সের শাসনারম্ভেও তদ্রূপ করিতে লাগিল। ক্লাডিয়স রাজ্যাভিষিক্ত হইবামাত্রই কালিগিউলার নির্দয় কর্ম্ম সকল রহিত করিয়া নূতন নিয়ম দ্বারা লোকদিগের অন্তঃকরণ হইতে পূর্ব্ব রাজার কুকর্ম্ম ও অপকার জন্য বৈরক্তি অন্তর করাইলেন।

৫ তিনি উপাধি ও মর্য্যাদা বিষয়ে পূর্ব্বং ভূপাপেক্ষা নিরাকাঙ্ক্ষতা প্রকাশ করত স্বীয় শান্ত স্বভাব ব্যক্ত করিতে লাগিলেন এবং সকল লোকের প্রতি কঠিন শাস্তির ... প্রদর্শন করত এই আজ্ঞা প্রচার করিলেন যে তোমরা কালিগিউলার উদ্দেশে যেমত বলি

প্রদান করিতে আমার উদ্দেশে তদ্রূপ করিও না। অপর স্বয়ং আবেদন শ্রবণে ও সকল বিষয়ের পুঙ্খানুপুঙ্খ বিবেচনা করণে যত্নবান হইলেন এবং সর্ব্বদা সুশীলতা প্রকাশ পূর্ব্বক বিচার করিতে লাগিলেন। আর নিজ রাজ্যের হিতার্থে তাঁহার যাদৃশ প্রযত্ন হইল জয় প্রাপ্ত দেশের রক্ষণাবেক্ষণ বিষয়েও তদ্রূপ আগ্রহ প্রদর্শন করিতে আরম্ভ করিলেন। কালিগিউলা হিরড আন্টিপসের হস্ত হইতে জুডিয়া রাজ্য বল পূর্ব্বক গ্রহণ করিয়াছিলেন; ইনি সেই রাজ্য ঐ হিরড আন্টিপসের ভ্রাতুষ্পুত্র হিরড আগ্রিপার হস্তে পুনরর্পণ করিলেন। আর ঐ হিরড আন্টিপস বাপ্টিষ্ট জানকে বিনষ্ট করাতে তাহাকে দেশ হইতে বহিষ্কৃত করিয়া দিলেন।

৬ তিনি অন্যান্য দেশ বিজয় দ্বারাও প্রজা পুঞ্জের চিত্তে সন্তোষ জন্মাইতে যত্নবান হইয়াছিলেন। ব্রিটন জাতীয়েরা প্রায় এক শত বৎসরাবধি স্বচ্ছন্দ রূপে আপনাদের উপদ্বীপের স্বাধীনতা ভোগ করিতেছিল, এক্ষণে পরস্পর কলহ করিয়া বিবাদ ভঞ্জনার্থ রোমের মধ্যস্থতা প্রার্থনা করিতে লাগিল। ৭ অপর যে সকল ব্যক্তি নিজ দেশকে রোম রাজ্যাধীন করিতে ইচ্ছুক হইয়াছিল তাহারদের মধ্যে প্রধান বেরিকস নামা এক পুরুষ রোমের রাজাকে বুঝাইয়া কহিলেন ব্রিটন উপদ্বীপ অধিকার করিলে বিবিধ প্রকার উপকার হইবে। ৮ এই ব্যক্তির পরামর্শানুসারে ক্লাডিয়স প্লাশ্যস নামক এক জন প্রেটরকে ব্রিটন দেশের প্রতিকূলে সমরোত্থাপনার্থ গাল দেশে প্রেরণ করেন। কিন্তু প্লাশ্যসের সেনারা ব্রিটন উপদ্বীপ পৃথিবীর সীমার বহিস্থ জ্ঞান করিয়া সে স্থলে সংগ্রাম করণে অনিচ্ছা প্রকাশ করত প্রথমতঃ পোত আরোহণ করিতেই বিরত হইল, পরে নানাবিধ প্ররোচনা বাক্যে যুদ্ধ যাত্রায় সম্মত হইল। অনন্তর ব্রিটন জাতীয়েরা আপনাদের সিনোবিলিন্ নামক রাজার অধীনে রোমীয়দিগের প্রাতিকূল্য করত অনেক বার পরাভূত হইল।

৯ এইরূপে বিজয় হওয়াতে ক্লাডিয়স লোভাকৃষ্ট হইয়া এক্ষণে

এই ছল করিতে লাগিলেন যে পলায়িত রোমীয় ব্যক্তিদিগকে আশ্রয় দেওয়াতে ও তাহাদিগকে প্রত্যর্পণ না করাতে ইহাই সপ্রমাণ হইতেছে যে তাহারা অদ্যাপি সম্পূর্ণ রূপে বশীভূত হয় নাই, অতএব আমি স্বয়ং ব্রিটন দেশে গমন করিব। ১০ কিন্তু তাঁহার এই যাত্রাতে কোন উপকার হইল না, কেবল গর্ব্ব মাত্র প্রকাশ পাইল। তাহার প্রমাণ এই ; তিনি ব্রিটনে ষোড়শ দিন মাত্র অবস্থিতি করিয়া অধিকার বৃদ্ধির পক্ষে প্রযত্ন না করিয়া কেবল পরাজিত ব্যক্তিদের নিকট পূজা গ্রহণে আগ্রহ প্রকাশ করত কাল হরণ করিয়াছিলেন *। ১১ তথাপি রোমে প্রত্যাগমন করিলে বহুবিধ আনন্দোৎসব হইল এবং সেনেট সভ্যেরা তদুপলক্ষে জয়োল্লাস প্রকাশ করিতে দিলেন অপর তাঁহার এই যুদ্ধ জয় চির স্মরণীয় করণার্থ বার্ষিক ক্রীড়া স্থাপন হইল †। ১২ সেই সময় প্লাশাস ও তাঁহার সহকারি সেনাপতি বেস্পাসিয়ান আপনাদের প্রতি অর্পিত যুদ্ধের ভার উত্তমরূপে নির্ব্বাহ করেন। এই দুই সেনাপতির বিষয়ে সিউটোনিয়স নামক প্রসিদ্ধ ইতিহাসবেত্তা কহেন ইহঁারা ত্রিংশদ্বার যুদ্ধে জয়ী হইয়া ব্রিটন উপদ্বীপের কিয়দংশ করপ্রদ ও কিয়দংশ অধীন করিয়াছিলেন। ১৩ ফলতঃ ব্রিটন জাতীয়েরা প্লাশ্যাসের দ্বারা সর্ব্বতোভাবে পরাভূত হইলেও পরে তৎপদাভিষিক্ত আষ্টোরিয়স নামক সেনাপতির সময় আপনারা সমরার্থ পুনরুদ্যম করিয়াছিল। ইহাতে এই অনুমান হয় যে ব্রিটনেরা আষ্টোরিয়সের অবিজ্ঞতা দর্শনে অবজ্ঞা করিয়া অথবা

---

* ক্লাডিয়স স্বভাবতঃ এমত ভীরু ও ঈদৃশ সন্দিগ্ধচিত্ত ছিলেন যে কেহ তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আগমন করিলে প্রথমে তাহার গাত্র বস্ত্র মধ্যে কোন অস্ত্র আছে কি না এতদ্রূপ নানা প্রকার অনুসন্ধান না করিয়া নিকটে আসিতে দিতেন না ; স্ত্রী লোক ও বালকের প্রতিও এইরূপ অসম্ভব সন্দেহ করিতেন।

† খ্রীষ্ট জন্মের পর ৫১ অব্দে ঐ ক্রীড়া স্থাপন হয়।

তাহাকে রণ বিষয়ে নূতন বৃত্তী জানিয়া অনায়াসে বিজয় প্রাপ্তির প্রত্যাশায় বিদ্রোহাচরণ পূর্ব্বক রোমের অধীনত্ব অঙ্গীকার করিয়াছিল। ১৪ ব্রিটন উপদ্বীপস্থ সফক্ নর্ফক্, কাম্ব্রিজ এবং হন্টিংডন নামক প্রদেশ নিবাসি আইসিনি জাতীয়েরা এবং উইল্ট ও সমরসেট নামক প্রদেশ নিবাসি ক্যাঙ্গাই জাতীয়েরা এবং ইয়র্কশাইর প্রদেশস্থ ব্রিগান্টিস্ প্রভৃতি জাতীয় লোকেরা যদিও রোমানদের সহিত প্রতিযোগিতা করিয়া পরিশেষে পরাভূত হইল তথাপি সমর সময়ে স্বীয়২ বিশেষ সাহসতা প্রকাশ করিয়াছিল। কিন্তু সর্ব্বাপেক্ষা সিলিউরিস্ অর্থাৎ ব্রিটন উপদ্বীপস্থ ওএলস্ নামক প্রদেশের দক্ষিণ ভাগস্থ লোকেরা আপনাদের রাজা কারেকটেকসের অধীনে যুদ্ধ করত বিশেষ রূপে প্রতিকূল হইয়াছিল ; তাদৃশ প্রতিপক্ষ রোমীয় সেনাপতি কর্ত্তৃক পূর্ব্বে কখন দৃষ্ট হয় নাই। ১৫ * কারেকটেকস অসভ্য রাজা, কেবল সাহস পূর্ব্বক আত্ম রক্ষা করিয়াছিলেন এমত নহে কিন্তু একং বার এতাদৃশ দুর্ব্বল সংগ্রাম করিয়াছিলেন যে তাহাতে কোন্ পক্ষে জয় হইবে তাহার নিশ্চয় হইত না। তিনি বিশেষ নৈপুণ্য প্রকাশ পুরঃসর সংগ্রাম করিতেং রণ ভূমি হইতে রোমীয়দিগকে তদ্দেশীয় অত্যন্ত দুর্গম স্থানে নিক্ষেপ করিয়া ক্রমশঃ নয় বৎসর তাহাদিগকে সশঙ্ক রাখিয়াছিলেন।

১৬ কিন্তু আষ্টোরিয়স রণ স্থলে উপস্থিত হইলে কারেকটেকস তাহার সহিত যুদ্ধই চূড়ান্ত জ্ঞান করিয়া এবং সেই সংগ্রামেই উভয় পক্ষের ভাগ্যাভাগ্য স্থির হইবে ইহা মনেং বিবেচনা করিয়া স্থির ভাবে সম্বোধন পূর্ব্বক স্বদেশীয়দিগকে কহিতে লাগিলেন, এই যুদ্ধে তোমাদের স্বাধীনতা কিম্বা দাসত্ব নিশ্চিত হইবেক অতএব আপনারদের পূর্ব্ব পুরুষেরা বীরত্ব প্রকাশ করাতে যে করদান হইতে রক্ষা পাইয়াছিলেন এক্ষণে তাহা স্মরণ করত তাঁহাদের তুল্য

* কারেকটেকসের প্রকৃত নাম কেরাডগ্।

কর্ম্ম কর। ১৭ পরন্তু অশিক্ষিত সাহস দ্বারা যে পর্য্যন্ত কার্য্য হইতে পারে তাহার কোন ত্রুটি না হইলেও তাহারা শ্রেণীবদ্ধ রোমীয় সৈন্যের উপর প্রবল হইতে পারিল না, সুতরাং তুমুল রণের পর ব্রিটনেরা সম্পূর্ণ রূপে পরাভূত হইল এবং কারেকটেকসের বনিতা ও দুহিতা কারাগারে আনীতা হইল। কারেকটেকস স্বয়ং ব্রিগাণ্টিসদের রাজ্ঞী কার্টিসমাণ্ডুয়ার শরণাগত হইয়াছিলেন কিন্তু তিনি বিশ্বাসঘাতকতা করিয়া তাঁহাকে শত্রু হস্তে সমর্পণ করিলেন। ১৮ অনন্তর তিনি রোমে আনীত হইলে ক্রমিক নয় বৎসর মহা রাজ্যের প্রাতিকূল্যাচরণে নিযুক্ত থাকাতে নগরবাসিরা অত্যাশ্চর্য্য বোধ করত তাঁহাকে দেখিবার নিমিত্ত ব্যগ্র হইল। কারেকটেকস যুদ্ধে ধৃত হইলেও কিঞ্চিন্মাত্র ম্লান ভাব প্রকাশ করেন নাই। যৎকালে আসেন্ধা জনগণ তাঁহাকে রাজবর্ত্ম দিয়া লইয়া যাইতেছিল তখন তিনি চতুর্দিকস্থ নানাবিধ বস্তুর সৌন্দর্য্য বর্ণন করিয়া উচ্চস্বরে কহিলেন, হায় কি চমৎকার, ইহাদের স্বদেশে প্রচুর ঐশ্বর্য্য থাকিতেও ব্রিটন দেশের ক্ষুদ্র কুটীর নিবাসি কারেকটেকসের প্রতি এতাদৃশ বিদ্বেষ করে। ১৯ পরে যখন মহারাজের সন্নিধানে আনীত হইলন তখন অন্যান্য যুদ্ধ লব্ধ ব্যক্তিদের ন্যায় নীচতা স্বীকার পূর্ব্বক হাহাকার শব্দ দ্বারা ক্ষমা প্রার্থনা না করিয়া বিক্রান্ত ভাবে বিচার স্থানের সম্মুখে দণ্ডায়মান হইলেন এবং যদিও ক্ষমা প্রাপ্ত্যর্থ সম্পূর্ণ ইচ্ছুক ছিলেন তথাচ নীচত্ব স্বীকার পূর্ব্বক তদর্থ যাচ্ঞা করিলেন না, বরং ভূপতির প্রতি সম্বোধন করিয়া কহিলেন, যদি আমি প্রতিযোগিতা না করিয়া প্রথমেই অধীনত্ব স্বীকার করিতাম তাহা হইলে আমার সেই সৌভাগ্য প্রশংসনীয় হইত না এবং আপনারও সমর মহিমা চিরস্মরণীয় থাকিত না কেননা আপনি জয়ী হইতেন না এবং আমারও নাম প্রকাশ হইত না। কিন্তু এক্ষণে যদি প্রাণ দণ্ড না কর তবে তোমার দয়ার চিরস্মরণীয় দৃষ্টান্ত স্থল হইব। অনন্তর ক্লাডিয়স কৃপা পূর্ব্বক তাঁহাকে ক্ষমা

করিয়া আক্টোরিয়ার জয় সূচক আনন্দোৎসবের অনুমতি প্রদান করিলেন।

২০ ক্লাডিয়স রাজ্যের শাসন আরম্ভ করিয়া অনেক সুনিয়ম করাতে প্রজা পুঞ্জের মনে এই দৃঢ় প্রত্যাশা হইল যে তাঁহার সময়ে সুখে কালযাপন করিতে পারিব, কিন্তু কিয়ৎকাল পরে তিনি আপন প্রিয়পাত্রগণের প্রতি রাজকর্ম্মের ভারার্পণ করিয়া স্বয়ং নিশ্চিন্ত হওয়াতে সাধারণ মঙ্গলার্থ যত্ন হ্রাস হইতে লাগিল। এই ভূপতি শৈশবাবধি জড় স্বভাব ছিলেন এ কারণ অন্যের পরামর্শ বিনা কোন মতে স্বয়ং রাজকীয় কর্ম্ম নির্ব্বাহ করিতে পারিতেন না। ২১ মেসে-লিনা নাম্নী তাঁহার পত্নী প্রধান মন্ত্রিগণের মধ্যে গণ্যা ছিলেন, এই স্ত্রী ব্যভিচারে রতা থাকাতে তাহার নাম ভ্রষ্টা স্ত্রী গণের সংজ্ঞা স্বরূপ হইয়াছিল। ক্লাডিয়স সেই মহিলার অভিপ্রায়ানুসারে নির্দয় কর্ম্ম সকল করিতেন এবং তাহার নিমিত্ত সেই সকল ব্যাপারে নিষ্ঠু-রতা জ্ঞান না করিয়া এই কাঠিন্যাচরণ কেবল হিতার্থ এইরূপ কহি-তেন। কিন্তু তাঁহার মহিষী ক্রমে২ এতাদৃশী কুক্রিয়ান্বিতা হইল যে তাহার তুল্য দুশ্চরিত্রা রমণী রোম রাজ্যে কেহ কখন দেখে নাই। এই দুষ্কর্ম্ম ও ভ্রষ্টাচার নিমিত্ত তাহার ও তাহার উপপতি কেয়িয়স সাইলিয়সের একদা প্রাণ দণ্ড হইল *।

* মেসেলিনা এমত নির্ভয় পূর্ব্বক দুষ্ক্রিয়া করিতেন যে আপন [illegible] সিলিয়সকে স্বকীয় ভার্য্যা পরিত্যাগ করাইয়া প্রকাশ্য রূপে আপনার সহিত তাহার বিবাহ ঘটাইলেন; ক্লাডিয়স তৎকালে আস্টিয়া নামক স্থানে থাকাতে ঐ সকল ব্যাপার অবগত ছিলেন না, বিশেষতঃ রাজার উপর মেসেলিনার অতিশয় প্রভুত্ব প্রযুক্ত ভয় করিয়া কেহ তাহা ব্যক্ত করিতে পারে নাই। বোধ হয় নার্সি-সস ঐ দুশ্চরিত্রের কথা রাজাকে অবগত করিয়া আশঙ্কা করিয়াছিলেন তাঁহার ক্রোধ থাকিতে২ মেসেলিনাকে হত্যা না করিলে কোপাব-

২২ তদনন্তর ক্লাডিয়স স্বকীয় ভ্রাতা জর্মানিকসের কন্যা আগ্রিপিনাকে বিবাহ করিলেন। এই স্ত্রীও অত্যন্ত নির্দয় স্বভাবা ও অর্থাকাঙ্ক্ষিনী ছিল। ইনি রাজ মহিষী হইয়াই মানস করিলেন আপনার পূর্ব্ব পতির ঔরস পুত্র নিরো রাজপদাভিষিক্ত হয়েন। অতএব ক্লাডিয়সের সহিত সর্ব্বদা গর্ব্ব প্রকাশ পূর্ব্বক আলাপ করিতে লাগিলেন। এক দিবস সুরা পানে কিঞ্চিন্মত্ততার উদ্রেক হইলে ক্লাডিয়স খেদ করিয়া কহিলেন আমার ভার্য্যাদিগের কদর্য্য ব্যবহারে জন্য দুঃখ ভোগ করা ও পরে তাহাদের হত্যা করা আমার অদৃষ্টের লিপি। ২৩ তাঁহার এই বাক্যে অর্থ রাণীর মনো ভঙ্গ হইল এবং ক্লাডিয়স ঐ অভিপ্রায় সম্পন্ন করিতে না পারেন ঐ রাজ্ঞী বিশেষ সতর্ক হইলেন। তিনি বহু দিবসাবধি স্বয়ং অধিরাজকে বিষ পান করাইয়া বিনাশ করণের মানস করিয়াছিলেন এক্ষণে অবিলম্বে ঐ মানস পূর্ণ করিতে নিশ্চয় করিলেন। পরে কতিপয় দিবস পর্য্যন্ত মনেং বিবেচনা করিতে লাগিলেন নৃপতিকে কি পরিমাণে গরল সেবন করাই, কারণ তাঁহার চিত্তে এমত আশঙ্কা হইয়াছিল অধিক মাত্রা খাওয়াইলে পাছে বিশ্বাসঘাতকতা প্রকাশ পায় এবং অত্যল্প পরিমাণে দিলে পাছে ইষ্ট সিদ্ধি না হয়। ২৪ অবশেষে বহুবিধ বিতর্ক করিয়া জ্ঞানাপহারক অথচ অশীঘ্র নাশক হলাহল আনয়ন করত মহারাজের প্রিয় আহারীয় দ্রব্য কোঁড়কের সহিত মিশ্রিত করিয়া রাখিলেন। ২৫ ক্লাডিয়স তাহা ভক্ষণ করিবা মাত্র অচেতন্য হইয়া পড়িলেন কিন্তু ইহাতেও কোন সন্দেহ হইল না, যেহেতু তিনি প্রত্য-

---

মানে রাজা তাঁহাকে ক্ষমা করিলেও করিতে পারেন। পরন্তু অনুমান হয় তিনি মেসালিনার মৃত্যু সংবাদ অবগত হইয়া তদ্বিষয়ে আক্ষেপও করেন নাই ফলতঃ কিয়দ্দিন পরে একদা এতাবন্মাত্র অনুসন্ধান করিয়াছিলেন মেসালিনা রাত্রে ভোজনের কালে কেন আইসে না।

হই অচেতন হওয়া পর্য্যন্ত ভোজন করিতেন পরে পরিচারকেরা ধরা-ধরি করিয়া তাঁহাকে শয্যায় লইয়া যাইত।

২৬ পরন্তু বোধ হয় রাজার কঠিন ধাতু প্রযুক্ত ঐ হলাহল সকল হইল না, অতএব আগ্রিপিনা রাজবিলম্বে ক্রুদ্ধ নিশ্চয় হইয়া এক জন অনুগত বৈদ্যাধমকে আপন মনোগত গুপ্তাশয় ব্যক্ত করিয়া বমন করাইবার ছলে ভূপতির অঙ্গ দেশের মধ্যে বিষযুক্ত একটা ক্ষুদ্র পক্ষ প্রদান পূর্ব্বক তাঁহাকে সংহার করিতে আজ্ঞা করিলেন। এইরূপে প্রথম ক্লাডিয়সের পঞ্চত্ব প্রাপ্তি হইলে আগ্রিপিনার মনস্কামনা পূর্ণ হইল। এই অধিরাজ বাল্যাবস্থাবধি বহুবিধ পীড়া দ্বারা পীড়িত থাকাতে ইহাঁর বুদ্ধির প্রভাব খর্ব্ব হইয়াছিল। আগ্রিপিনার প্রথম স্বামির ঔরস পুত্র নিরো রাজ সিংহাসনে অভিষিক্ত হইল কেননা গত রাজাও ঐ ব্যক্তিকে পোষ্য পুত্র রূপে গ্রহণ করিয়াছিলেন।

প্রশ্ন।

১ কালিগিউলার মৃত্যুর পরে কি ঘটনা হইয়াছিল?

২ তাঁহার পদে কোন্ ব্যক্তি অভিষিক্ত হইয়াছিল?

৩ ক্লাডিয়সের চরিত্র কি প্রকার ছিল?

৪ তিনি প্রথমতঃ কি রূপ ব্যবহার করিয়াছিলেন?

৫ তিনি রাজ শাসনের কিং কার্য্যের সুনিয়ম করিয়া বিশেষ সুখ্যাতি প্রাপ্ত হন?

৬ তিনি কোন যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন কি না?

৭ ব্রিটনদের প্রতিকূলে যুদ্ধ করিবার নিমিত্ত কোন্ ব্যক্তি তাঁহার প্রবৃত্তি জন্মাইয়াছিল?

৮ কোন্ ব্যক্তি এই রণের ভার প্রাপ্ত হইয়া প্রেরিত হয় ও তাহাতে কি ফল দর্শে?

৯ এ বিষয়ে ক্লাডিয়স কি প্রতিজ্ঞা স্থির করিয়াছিলেন?

১০ তাঁহার এই যাত্রায় কোন বিশেষ কীর্ত্তি হইয়াছিল কি না?

১১ প্রত্যাগমন সময়ে কোন প্রকার সমারোহ হইয়াছিল কি না?

১২ ক্লাডিয়স পুনরাগমন করিলেই কি ব্রিটন দেশে যুদ্ধ হইয়াছিল?

১৩ প্লশ্যাস ও তাঁহার সহকারি বেস্পাসিয়নের জয় হইলে ব্রিটন দেশে আর কি যুদ্ধ হয় নাই?

১৪ ব্রিটনদের মধ্যে কোন্২ জাতীয়েরা রোমীয়দিগের অত্যন্ত প্রতিকূল হইয়াছিল?

১৫ কারেক্‌টেকস রোমীয়দিগের সহিত সংগ্রামে কি প্রকার খ্যাত হন?

১৬ কারেক্‌টেকস কি কৌশল দ্বারা স্বীয় সৈন্যদের সাহস বৃদ্ধি করিয়াছিলেন?

১৭ তাঁহার যত্ন সফল হইয়াছিল কি না?

১৮ কারেক্‌টেকস যুদ্ধে বদ্ধ হইয়া রোমে আনীত হইলে কি ব্যাপার হইয়াছিল?

১৯ মহারাজের সম্মুখে তিনি কি প্রকার ব্যবহার করিয়াছিলেন?

২০ ক্লাডিয়স প্রথমাবধি শেষ পর্যন্ত রাজ্যের সুশাসন করিয়াছিলেন কি না?

২১ কোন্ ব্যক্তি তাঁহার নির্দয় কার্য্যের প্রধান মন্ত্রী ছিল?

২২ ক্লাডিয়স দ্বিতীয় পক্ষে কাহাকে বিবাহ করিয়াছিলেন এবং সেই স্ত্রী তাঁহার প্রতি কি রূপ ব্যবহার করিয়াছিল?

২৩ ক্লাডিয়স ঐ স্ত্রীর প্রতি শাসন করাতে কি ফল দর্শিয়াছিল?

২৪ এই রাজ্ঞী রাজার নিকট [illegible] শেষে কি প্রতিজ্ঞা করিলেন?

২৫ তাহাতে কি ফল দর্শিল?

২৬ পরে রাজা আরোগ্য হইয়াছিলেন কি না?

২২ অধ্যায় ১ খণ্ড।

১ নিরো সপ্ত দশ বৎসর বয়ঃক্রম কালে সিংহাসনাভিষিক্ত হইয়া যে ভাবে রাজ্যের শাসনারম্ভ করিলেন তাহাতে সকলেই তাঁহার অনুরাগ করিতে লাগিল, অর্থাৎ সকলের বোধ হইল তিনি তরুণ বয়সেই সুবিচারক ও সদাশয় এবং দয়াবান্ হইয়াছেন ফলতঃ যদি কোন অপরাধির প্রাণ দণ্ডের নিমিত্ত তৎসম্বন্ধীয় আজ্ঞা পত্র স্বাক্ষরার্থ তাঁহার নিকট আনীত হইত তাহাতে তিনি দয়ার্দ্রচিত্ত হইয়া উচ্চস্বরে কহিতেন হে ঈশ্বর লিখিতে শিক্ষা না করিলে আমার পক্ষে ভাল হইত।

২ কিন্তু তাঁহার বয়ো বৃদ্ধি ক্রমে ক্রমশঃ প্রকৃত কুৎসিত স্বভাব ব্যক্ত হইতে লাগিল। প্রথমতঃ আপনার জননীকে হত্যা করাতেই তাঁহার অন্তরের নির্দ্দয়তার নিদর্শন প্রকাশ পাইল। তিনি আপনার মাতা আগ্রিপিনাকে জলধি জলে নিমগ্ন করিয়া বিনাশ করিতে চেষ্টা করিয়াছিলেন তাহাতে কৃতকার্য্য না হওয়াতে রাজ নিকেতনেই তাঁহার প্রাণ সংহারের আজ্ঞা করিলেন। অপর মাতার মৃত দেহ দর্শনার্থ আগমন করিয়া কহিতে লাগিলেন আমার প্রসূতি এতাদৃক্ রূপবতী ছিলেন পূর্ব্বে আমি ইহাঁকে ঈদৃক্ জ্ঞান করি নাই।

---

১ তিনি যে রূপে আপনার জননীকে জলমগ্ন করাইবার চেষ্টা করেন তাহা অবগত হইলে বিস্ময় জন্মে। এ প্রকার খিল যুক্ত করিয়া এক খান পোত প্রস্তুত করাইয়াছিলেন যে সমুদ্রের মধ্যে গিয়া খিল খুলিয়া দিলেই পোতের সকল কাষ্ঠ পৃথক্২ হইয়া যাইতে পারিত কিন্তু বাহ্যে এমত প্রকাশ পাইত যে নৌকা জলমগ্না হইল। আগ্রিপিনা স্বভাবতঃ সন্দিগ্ধ চিত্তা ছিলেন অতএব আদৌ ঐ পোতে আরোহণ করিতেই সম্মতা হয়েন নাই। কিন্তু পরে পুত্রের ছলনাযুক্ত মধুর বাক্যে অসংশয় হইয়া নিরাপদ জ্ঞানে তাহাতে আরোহণ করেন। তদনন্তর সমুদ্রের মধ্যস্থলে উপস্থিত

৩ এবম্প্রকারে মনুষ্যত্বের সেতু ভগ্ন করিয়া পরে স্বীয় রিপু সকলকে যথেচ্ছা ক্রমে স্বং বিষয় ভোগ করিতে দিলেন। তাঁহার কামাদি রিপুবর্গ কেবল অধম ছিল এমত নহে, মনুষ্যত্বের বহির্ভূতও ছিল সুতরাং সে সকলে মহা অনর্থ উৎপাদন করিতে লাগিল। অপর তাঁহার এই এক অদ্ভুত প্রকার বিপরীত স্বভাব ছিল যে এক দিকে ভয়ানক নিষ্ঠুর কার্য্য করিতেন তাহাতে ত্রাস ও ঘৃণায় লোকের মন যে সময় কম্পমান হইত সেই সময়েই অন্য দিকে এমত আমোদ জনক ব্যাপারে আসক্ত হইতেন যে তদবলোকনে সকলের অন্তঃকরণ আর্দ্র ও মোহিত হইয়া যাইত। বাল্যকালাবধি গান বাদ্যের প্রতি তাঁহার অধিক অনুরাগ ছিল এবং কাব্য নাটকাদিতেও অনভিজ্ঞ ছিলেন না। অপর ঘোড় দৌড়ের ক্রীড়ায় সাতিশয় আমোদ ছিল ফলতঃ সর্ব্বদাই প্রকাশ্য রূপে এই প্রকার আমোদ প্রমোদে কাল হরণ করিতেন।

৪ যদ্যপি তিনি নৃশংস ব্যবহারের এই পর্য্যন্ত সীমা করিতেন ও তাবন্মাত্রে নিপুণতা জন্য জনগণ কর্ত্তৃক ঘৃণ্য হইয়া ভাদৃক ব্যাপার হইতে বিরত হওত তদ্বিষয়ে ভয়ঙ্কর মূর্ত্তি ধারণে আর যত্ন না করিতেন তাহা হইলেও সাধারণের সৌভাগ্যোদয়ের সম্ভাবনা হইত কিন্তু তাঁহার অত্যাচরণাপেক্ষা নিষ্ঠুরতাচরণ ক্রমেং বহুল হইতে লাগিল। তিনি জগদীশ্বরের সৃষ্টির বিরুদ্ধে যেমত নানা দুষ্কর্ম্মের সৃষ্টি করিলেন প্রতি দিন নূতনং আমোদ জনক বিষয়ের সৃষ্টি করণেও

---

হইলে পূর্ব্ব পরামর্শানুসারে খিল সকল খুলিয়া দেওয়াতে নৌকা ভগ্ন হইল কিন্তু সাগরস্থ ধীবরগণ তাহাদের ক্ষুদ্র তরণীতে রাজ্ঞীকে তুলিয়া লইয়া তাঁহার উদ্যান ভবনে রাখিয়া গেল। নিরোর অন্যান্য নির্দয় কার্য্যের আর এক নিদর্শন এই যে তাঁহার শিক্ষকের এবং পাপীয়সী নাম্নী এক প্রসিদ্ধ দুশ্চরিত্রা রমণীকে বিবাহ করিবার নিমিত্ত আপন গুণবতী ও রূপবতী ভার্য্যা আক্টেবিয়ার প্রাণ হত্যা করিয়াছিলেন।

রূপ উৎসাহী হইতেন। ঐ তাঁহার শাসন কালে রোম নগরের অধিকাংশ স্থান প্রবল অগ্নি মুখে পতিত হইয়া ভস্মসাৎ হয়; তাহাতে অনেক ইতিহাস লেখকেরা তাঁহার প্রতিই দোষারোপ করেন। কথিত আছে তিনি স্তম্ভাকার একটা উচ্চ দুর্গের উপর উপবিষ্ট হইয়া সেই দহন দাহ দর্শন করত ট্রয় নগর দাহন কালে যে কবিতা রচিতা হইয়াছিল বীণা যন্ত্রে মিলাইয়া নানাবিধ অভিনয় করত তাহা গান করিয়াছিলেন এবং লোকদিগকে হুতাশন নির্ব্বাণ করিতে নিষেধ করেন সুতরাং অনেকানেক লোক ভবনে অনল প্রদান পূর্ব্বক কহিতেলাগিল এইরূপ রাজাজ্ঞা হইয়াছে। ৬ অনন্তর রাজা ঐ কার্য্য নিমিত্ত আপনার অপবাদ খ্রীষ্টিয়ানদিগের উপর অর্পণ করণার্থ নানাবিধ উপায় করিতে লাগিলেন; খ্রীষ্টিয়ানেরা তৎকালে ঐ নগরে দল বৃদ্ধি করণ পূর্ব্বক আপনাদের স্থায়িত্ব নিমিত্ত যত্ন করিতেছিল। ৭ রাজা ঐ মিথ্যাপবাদের উপলক্ষে তাহাদিগের উপর ভয়ানক দৌরাত্ম্য আরম্ভ করিলেন তদপেক্ষা ভয়ঙ্কর ব্যাপার কদাপি দৃষ্ট হয় নাই। তিনি ঐ সকল খ্রীষ্টিয়ানদের মধ্যে কোন২ ব্যক্তিকে বন্য জন্তুর চর্ম্ম দ্বারা আচ্ছাদিত করাইয়া কুক্কুর মুখে নিক্ষেপ করিতে আজ্ঞা দিলেন তাহাতে সারমেয়েরা চর্ম্মাবৃত মানবকে পশু জ্ঞান করিয়া বিনষ্ট করিল। অপর কাহাকেও ক্রুশ যন্ত্রে নিবদ্ধ করিয়া এবং কাহাকেও জীবিত সত্ত্বে দগ্ধ করিয়া বিনষ্ট করিলেন। টাসিটস নামক ইতিহাস লেখক কহেন উক্ত প্রকার যন্ত্রণা দানের ব্যাপার দিবা ভাগে সমাপ্ত না হওয়াতে রজনী পর্য্যন্ত প্রজ্বলিত জ্বলন ছিল তাহাতে সেই নিশা নষ্টান্ধকার ও আলোকময়া হয়। নিরো সারথির বেশ ধারণ করিয়া উদ্যান হইতে ঐ হতভাগ্যদিগের মৃত্যু যাতনা দর্শনে আমোদ করিলেন কখন বা ঐ যন্ত্রণা বিষয়ক কথোপকথন দ্বারা কখন বা নানাবিধ ক্রীড়া কৌতুক দেখাইয়া তত্রস্থ লোকদিগের মনোরঞ্জন করিতে লাগিলেন। ৮ নিরপরাধ খ্রীষ্টিয়ানদের প্রতি এইরূপ নিগ্রহ হওয়াতে

অনেক প্রধান লোকের পতন হইল সেণ্ট পালের মস্তক ছেদ হইল এবং সেণ্ট পিটর অধঃ মস্তকে ক্রুশে হত্যা পরিপর লোক প্রাপ্ত হয়েন। তাঁহার স্বর্গীয় প্রভু ঊর্দ্ধ শিরা হইয়া ক্রুশ যন্ত্রে হত হয়েন এই হেতু তিনি তদপেক্ষা অধিক অপমান স্বীকার করিয়া স্বেচ্ছা পূর্ব্বক উক্ত প্রকার মৃত্যু অঙ্গীকার করিয়াছিলেন। ৯ পরে পাইসো নামক এক জন ক্ষমতাপন্ন সাধু নিরোর বিরুদ্ধ ষড়যন্ত্র করিলেন কিন্তু তাহা সফল না হইতে২ প্রকাশ হওয়াতে নিরোর মনে নানা প্রকার সন্দেহ জন্মিতে লাগিল তাহাতে তিনি রোমীয় প্রধানং বংশ-জাত অনেক সাধু পুরুষের সংহার করিলেন। ১০ অতি বিখ্যাত ও বিজ্ঞান শাস্ত্রে পারদর্শী সেনাকা এবং তাঁহার ভ্রাতুষ্পুত্র সুকবি লিউকান এই দুই ব্যক্তিও উক্ত প্রকার হত্যার গ্রাসে পতিত হইলেন*।

---

* ইপিকেরিস নাম্নী এক কুলটা নিরোর বিপক্ষে ষড়যন্ত্রে দৈবাৎ পতিত হইয়াছিল। তদ্বিষয় রাজার বিদিত হইলে তাহাকে যন্ত্রণা দেওয়ার কালে সে যে রূপ দৃঢ় প্রতিজ্ঞতা পূর্ব্বক সহিষ্ণুতা প্রকাশ করিয়াছিল স্ত্রী জাতির সাহস বিষয়ে তাহা এক দৃষ্টান্ত স্বরূপ কহা যাইতে পারে। ঐ স্ত্রীকে বেত্রাঘাত ও অগ্নি দ্বারা দগ্ধ এবং যন্ত্রণা যন্ত্রে বদ্ধ করিয়া নানাবিধ ক্লেশ দিলেও তাহার মুখ হইতে চক্রান্ত বিষয়ক একটা কথাও নির্গত হয় নাই। তাহার হস্ত পদাদি ভগ্ন ও ছিন্ন হওয়াতে সে দাঁড়াইতে অশক্ত হইলে পরদিবস যখন তাহাকে যাতনা দিবার জন্য এক খান কেদারার উপর বসাইয়া আনিতে-ছিল সেই সময় সে আপনার কটি বন্ধ কেদারার উপরি ভাগে বন্ধন করিয়া তাহাতে ফাঁসী প্রস্তুত করত স্বেচ্ছামতে গলদেশে দিয়া ঝুলিতে লাগিল। যে স্ত্রী এক সময় দাস কর্ম্ম দ্বারা জীবন ধারণ করিয়াছিল সে যে সকল ব্যক্তি কখন পরিচিত নহে ও যাহাদের দ্বারা কোন উপকার প্রাপ্ত হয় নাই তাহাদের জীবন রক্ষার্থ প্রফুল্ল মনে এই অসীম যন্ত্রণা ও মৃত্যু পর্য্যন্ত স্বীকার করিল।

নিয়ে। ঐ কুচক্রের ব্যাপারে সেনেকার লিপ্ত থাকা বিষয়ে কোন প্রকৃত প্রমাণ পাইয়াই হউক কিম্বা তাঁহার প্রতি নিষ্ঠুর ব্যবহারে দোষ করিয়াই হউক এক জন ট্রিবুনকে তাঁহার নিকটে প্রেরণ করত কহিয়া দিলেন সেনেকাকে কহিবে তিনি কুচক্রকারীর দলভুক্ত, আমার এতাদৃশ সন্দেহ হইতেছে। যখন ট্রিবুন সেনেকার নিকট উপস্থিত হইল তখন তিনি আপন ভার্য্যা পালিনার সহিত ভোজন করিতেছিলেন পরে ট্রিবুন আপন আগমনের বৃত্তান্ত অবগত করাইলে সেনেকা অকাতরে উত্তর করিলেন আমি কখন মানুষের উপর আত্ম সুখাসুখের নির্ভর করি নাই এবং কখন রাজাকে কুকর্ম্মার্থে প্রবর্ত্তিকর প্ররোচনা বাক্য কহি নাই, এক্ষণেও আমার ঈদৃক ইচ্ছা নাই যে তদ্রূপ করিয়া নিজ হিত চেষ্টা পাই। ১১ ট্রিবুন প্রত্যাগমন করিয়া সেনেকার উত্তর বাক্যের মর্ম্ম রাজাকে অবগত করাইলে রাজা জিজ্ঞাসা করিলেন তোমার বাক্য শুনিয়া সেনেকা মৃত্যু ভয়ে ভীত হইয়াছিলেন কি না? ট্রিবুন কহিলেন আমার বোধ হয় তিনি কিঞ্চিন্মাত্রও ভীত হইলেন না। ইহা শুনিয়া রাজা কহিলেন তবে পুনর্ব্বার তাহার নিকটে গমন করিয়া বল আমি তাহার বধাজ্ঞা দিলাম। ট্রিবুন তৎক্ষণাৎ এক জন সেন্টুরিয়ান্ দ্বারা রাজাজ্ঞানুসারে সেনেকার নিকট ঐ সংবাদ পাঠাইলেন কিন্তু ঐ বৃত্তান্ত শ্রবণে সেনেকার মনে কিঞ্চিন্মাত্র ভয় জন্মিল না বরঞ্চ আপনাকে নির্দোষ জানিয়া সম্পূর্ণ রূপে সাহস প্রকাশ করিতে লাগিলেন। প্রথমতঃ বনিতাকে প্রবোধোক্তি দ্বারা সান্ত্বনা করত সতত ধর্ম্মাচরণ পূর্ব্বক কালহরণ করণার্থ উপদেশ প্রদান করিলেন। ১২ কিন্তু তাঁহার মহিলা পালিনা পতি মরণান্তে কোন মতেই প্রাণ ধারণ করিব না এইরূপ প্রতিজ্ঞা প্রকাশ করিয়া এমত ব্যগ্র ভাবে সহমরণের বাসনা ব্যক্ত করিলেন যে অবশেষে তাঁহাকে তদ্বিষয়ে সম্মতি প্রদান করিতে হইল, অপর সেনেকার চিত্তে পূর্ব্বাবধি এই এক সংস্কার ছিল যে মৃত ব্যক্তিই ধন্য. সুতরাং বনিতার প্রার্থনায় সম্মত

হইলেন; অতএব উভয়ই এককালে স্ব২ বাহুর শিরা ছেদন করাই-লেন। ১৩ সেনেকা বৃদ্ধাবস্থা ও শরীরে অনাস্থা প্রযুক্ত কঠোরাচরণ দ্বারা দুর্ব্বল ছিলেন ইহাতে তাঁহার বাহু হইতে অল্পে২ রুধির নির্গত হইতে লাগিল অতএব তিনি উরু ও পাদ দ্বয়ের শিরা কর্ত্তন করাইলেন তাহাতে তাঁহার যাতনা সুতীব্র ও দীর্ঘ কাল স্থায়ী হইলেও সাহস বা বক্তৃতা শক্তির হ্রাস হইল না; তাদৃশাবস্থাতেও দুই জন লেখককে সম্মুখে রাখিয়া এক দীর্ঘ প্রবন্ধ লিপি বদ্ধ করিলেন। তাঁহার পঞ্চত্ব প্রাপ্তির পর অনেকে ঐ প্রবন্ধ যত্ন পূর্ব্বক পাঠ করিয়াছিল, কিন্তু কাল বশতঃ এক্ষণে তাহা লুপ্ত হইয়াছে। ১৪ সে যাহা হউক সেনেকা অনেক ক্ষণ পর্য্যন্ত যন্ত্রণা সহ্য করিয়া স্বকীয় চিকিৎসকের নিকট কিঞ্চিৎ হালাহল লইয়া পান করিলেন, কিন্তু রক্ত মোক্ষণ দ্বারা তাঁহার শরীর সম্পূর্ণ রূপে নীরস হওয়াতে কালকূটেরও কোন গুণ প্রকাশ হইল না, পরে ঝটিতি প্রাণ বিয়োগের নিমিত্ত অনুক্রমে ভৃত্যেরা তাঁহাকে এক উষ্ণ জল পূর্ণ স্নানাগারে লইয়া গেল কিন্তু তাহাতেও ইষ্ট সিদ্ধি হইল না বরং যাতনা বৃদ্ধি হইতে লাগিল পরিশেষে এক বৃহৎ চুল্লীর মধ্যে আনয়ন করাতে তদীয় বাষ্প দ্বারা ত্বরায় তাঁহার প্রাণ ত্যাগ হইল। ১৫ পালিনা ঐ সময়ে অধিক রক্ত ক্ষরণ জন্য মূর্চ্ছাপন্না হইয়াছিলেন তাহাতে পরিচারকেরা তাঁহার বাহু দ্বয় বন্ধন করিয়া দেয় সুতরাং তিনি স্বামির মৃত্যুর পরেও কয়েক বৎসর জীবিতা ছিলেন, কিন্তু বিধবা হইয়া যাদৃক সদাচরণে অবশিষ্ট জীবন কাল যাপন করিয়াছিলেন তাহাতে বোধ হয় পতির প্রেম ও চরিত্র কখন বিস্মৃতা হয়েন নাই।

১৬ লিউকান্ কবির মৃত্যু আশ্চর্য্য রূপে হইল, তাঁহার বাহুদ্বয়ের শিরা দিয়া অধিক রক্ত নির্গত হওয়াতে কর এবং চরণ অবশ হয় কিন্তু জীবনোপযোগি স্থান সকল উত্তপ্ত ও সবল দেখিয়া ফার্সেলিয়ার যুদ্ধ কালে ঐ রূপ অবস্থায় মৃত এক যোদ্ধার বিষয়ে যে কবিতায়

উত্তম কাব্য রচনা করেন তাহা স্মরণ করিয়া পাঠ করিতে২ জীবন বিসর্জ্জন করিলেন।

১৭ ঐ সময়ে সি পিট্রোনিয়স নামক প্রসিদ্ধ ব্যক্তি আশ্চর্য্য প্রকারে মৃত্যু হয় সুতরাং এস্থলে তদ্বিবরণ বর্ণনা না করিয়া থাকা যায় না। কোনং ইতিহাস লেখক অনুমান করেন ঐ মহাত্মাই টি পিট্রোনাই. আর্বিট্রাই. সাটিরিকন্ নামক গ্রন্থ রচনা করেন; তাঁহার আচার ব্যবহার ইপি-কিউরিয়ন্ * মতানুযায়ি ছিল। তিনি অতি পরিপাটী রূপে আহারা-দির, সুখ ভোগ করিতেন এই কারণে নিরোর রাজ সভায় মান্য হইয়াছিলেন এবং রাজা তাঁহাকে ঐ বিষয়ের শিক্ষকর্ত্তা পদে নিযুক্ত করেন। ১৮ তিনি প্রথমে পাইসোর কৃত ষড়্‌যন্ত্রের ব্যাপার

* পূর্ব্ব কালে ইপিকিউরস নামা এক জন প্রসিদ্ধ পণ্ডিত আটিকা-দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন। তাঁহার পিতার নাম নিওক্লি[illegible] মাতার আখ্যা চিরেষ্ট্রাটা, ইহাঁরা অত্যন্ত দারিদ্র্যাবস্থায় থাকি-লেও বাল্য কালেই পুত্রকে বিদ্যা শিক্ষা করাইয়াছিলেন। ইপিকিউ-রস্ স্বকীয় তীক্ষ্ণ বুদ্ধি বলে শীঘ্রই যশস্বী হইয়া উঠিলেন। তাঁহার দ্বাদশ বৎসর বয়ঃক্রম সময়ে এক দিবস তাঁহার শিক্ষক হিসিয়ড নামক কবির গ্রন্থের এক শ্লোক পাঠ করিতেছিলেন তাহার তাৎপর্য্য এই যে সৃষ্টির পূর্ব্বে সর্ব্বাগ্রে পঞ্চ ভূতের অভেদ রূপে সৃষ্টি হইয়াছিল। এতৎ শ্রবণে ইপিকিউরস পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন সেই পঞ্চ ভূত কাহাঃ কর্ত্তৃক সৃষ্ট হয়? গুরু কহিলেন, এ প্রশ্নের উত্তর প্রদান আমার সাধ্য নহে, কেবল পণ্ডিতেরাই কহিতে পারেন। শিষ্য কহিলেন তবে অদ্যাবধি পণ্ডিতের নিকট শিক্ষা করিব। পরে ইপি-কিউরস্ এথেন্স প্রভৃতি অনেক স্থানে ভ্রমণ করত প্লেটো প্রভৃতি ভূরি২ পণ্ডিতের মত শিক্ষা করিয়া শেষে স্বকীয় এক মত প্রচার করেন তাহাতে এমত সত্য ও মীমাংসার প্রবন্ধ লিখিত হইয়াছিল যে পূর্ব্বতন পণ্ডিত কর্ত্তৃক রচিত গ্রন্থে তত্তুল্য মত দৃষ্ট হয় নাই।

গোপনে অবগত থাকিবার অপবাদে কারারুদ্ধ হন সে দুর্দ্দশা-বস্থায় ক্লেশ সহ্য করণে অক্ষম হইয়া পিয়া জেনস তারা আত্ম হত্যায় প্রাণ ত্যাগ করিতে প্রতিজ্ঞা করিলেন। ১৯ পরন্তু আশ্চর্য্যের বিষয় এই যে স্বজনের সহিত তৎকালোপযুক্ত দর্শন শাস্ত্র কিম্বা অন্য কোন মহৎ প্রবন্ধের আলাপ না করিয়া কৌতুকাবিষ্ট চিত্তে মধ্যে২ যে রূপ সামান্য প্রসঙ্গ লইয়া আমোদ করিতেন তদ্রূপ বিষয়ের উপলক্ষে কথোপকথন আরম্ভ করিলেন তাঁহার আত্মীয় লোকেরা যে২ সামান্য কবিতা পাঠ করিলেন মনোযোগ পূর্ব্বক তাহাও শ্রবণ করিলেন এবং সে সময়ে তাঁহার মনঃ এমত সুস্থির হইল যে কোন কার্য্য বা কথায় কিম্বা অন্য কোন প্রকারে মুমূর্ষু কালীয় ভাব কিঞ্চিন্মাত্র প্রকাশ হইল না। ২০ তাঁহার লোকান্তর প্রাপ্তির কিঞ্চিৎ পরেই নিউমিশিয়াস থর্মস্ ও বেরিয়া সোরানস্ এবং পিটস্ প্রেসিয়া * এই তিন প্রধান ব্যক্তি হত হইলেন এবং যে মহা পরাক্রান্ত কার্বিউলো † দ্বারা নিরো পার্থিয়ানদিগের উপর বহু বার জয়ী হইয়াছিলেন তাঁহারও নিধন হইল। নিরোর উগ্র স্বভাব প্রযুক্ত পাপিয়া নাম্নী রাজমহিষীও রক্ষা পাইলেন না; নিরো একটা সামান্য কারণে গর্ভিণ্যা-বস্থায় তাঁহাকে এমত একটা পদাঘাত করিলেন যে তৎক্ষণাৎ গর্ভপাত

---

* পিটস প্রেসিয়ার সময়ে তত্তুল্য ধার্ম্মিক লোক আর কেহ ছিল না।

† কার্বিউলো নামক প্রধান সেনাপতি পার্থিয়ানদিগকে পরাভূত করেন তদ্ভিন্ন আর্মেনিয়ানদিগকে পরাস্ত করিয়া রাজধানী মধ্যে তাহাদিগকে নষ্ট করণ পূর্ব্বক তিগ্রেনীকে তদ্দেশ্য রাজ সিংহাসন প্রদান করিয়াছিলেন। নিরো তদীয় সুখ্যাতির প্রতি দ্বেষ করিয়া তাঁহাকে হত্যা করিতে আজ্ঞা দেন। কার্বিউলো ইহা জ্ঞাত হইয়া স্বয়ং নিজ খড়্গে প্রাণ ত্যাগ করিলেন।

হইয়া তাঁহার বিনিপাত হইল। ২১ পরিশেষে যাবতীয় মানব এই দুরাত্মার দৌরাত্ম্য সহিষ্ণুতা করণে অসমর্থ হইল, তাহাতে বোধ হয় যেন ভূমণ্ডলস্থ সমুদয় মনুষ্য ঐকমত্য অবলম্বন পূর্ব্বক তাদৃশ মানুষ রাক্ষসের হস্ত হইতে পৃথিবীর উদ্ধারার্থ উদ্যম করিল।

প্রশ্ন।

১ নিরো রাজ্য শাসনের আরম্ভে কি রূপ ব্যবহার করিয়াছিলেন?

২ তাঁহার সচ্চরিত্র দীর্ঘ কাল পর্য্যন্ত ছিল কি না?

৩ তাঁহার স্বভাবে কোন প্রকার বৈপরীত্য ছিল কি না?

৪ তাঁহার ইহাই কি সর্ব্বাপেক্ষা অধিক দুষ্কর্ম্ম?

৫ তাঁহার প্রতি কোন মহা পাপের অপবাদারোপ হইয়াছিল কি না?

৬ রাজা কাহার প্রতি সেই দোষ অর্পণ করিয়াছিলেন?

৭ ঐ অপবাদগ্রস্ত দুর্ভাগ্য লোকদের কি প্রকার দুর্দ্দশা হইয়াছিল?

৮ সেই অপবাদে কোন্২ প্রধান ব্যক্তির পতন হইয়াছিল?

৯ এতদ্রূপ নিষ্ঠুরাচরণ হওয়াতে রাজ বিরুদ্ধে কোন প্রকার ষড়যন্ত্র হইয়াছিল কি না?

১০ রাজা কোন্২ বিখ্যাত ব্যক্তিকে ঐ চক্রান্তে সংসৃষ্ট জ্ঞান করিয়া নষ্ট করিয়াছিলেন?

১১ সেনেকা দোষ খণ্ডনার্থ যাহা করিয়াছিলেন তাহাতে তাঁহার পরিত্রাণ হইয়াছিল কি না?

১২ তাঁহার পত্নী পালিনা অনুমরণে উদ্যতা হইলে তিনি সম্মত হইয়াছিলেন কি না?

১৩ সেনেকার মৃত্যু বৃত্তান্ত বর্ণন কর।

১৪ রক্ত মোক্ষণ দ্বারা তাহার মৃত্যু না হওয়াতে তিনি তন্নিমিত্ত আর কি উপায় করিয়াছিলেন?

১৫ প্যালিনা স্বমৃতা হইয়াছিলেন কি বোনেকার মৃত্যুর পরেও কিছু কাল জীবিতা রহিলেন?

১৬ প্রিটেকানের মৃত্যুর বিশেষ বর্ণন কর?

১৭ নিরোর নিষ্ঠুরতায় আর কোন্ প্রধান ব্যক্তির পতন হইয়াছিল?

১৮ পিট্রোনিয়স্ কি জন্য আপদগ্রস্ত হইয়াছিলেন?

১৯ তিনি কি রূপে প্রাণ ত্যাগ করেন?

২০ আর কোন বিখ্যাত লোকের বিনাশ হইয়াছিল কি না?

২১ নিরো এই সকল নিষ্ঠুর কার্য্যের প্রতিফল পাইয়াছিলেন কি না?

---

## ২২ অধ্যায় ৮ খণ্ড।

১ স্পেন দেশের তদানীন্তন শাসন কর্ত্তা সর্বিয়স্ গালবা * সান্ধি বিগ্রহে দক্ষতা প্রযুক্ত যথেষ্ট প্রতিষ্ঠা ভাজন হইয়াছিলেন, কিন্তু ক্রূর রাজাদের সময়ে কোন ব্যক্তি কোন প্রকার ক্ষমতা প্রকাশ করিলে প্রায় তাহার বিপদ্ ঘটিয়া থাকে এ কারণ কিয়ৎ বৎসর তিনি স্বকীয় স্বাভাবিক শক্তি গোপন রাখিতে যত্ন করিয়া সামান্যাবস্থায় কাল হরণের চেষ্টা করিয়াছিলেন। ২ শেষে রাক্ষস রাজা নিরোর দৌরাত্ম্য হইতে স্বদেশের পরিত্রাণ বাসনা করিয়া গাল দেশের বিণ্ডেক্স নামক শাসন কর্ত্তার আহ্বানানুসারে রোমের প্রতিকূলে সমর করিতে সম্মত হইলেন। ৩ নিরো সংগ্রাম সজ্জায় গাল-

---

* সর্বিয়স গালবার অপর এক নাম সর্বিয়স সল্পিসিয়স। তিনি সল্পিশাই নামক বিখ্যাত প্রাচীন বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন। প্রথমে প্রিটর অর্থাৎ বিচার কর্ত্তা তৎপরে আফ্রিকার প্রোকান্সল অর্থাৎ অধ্যক্ষ এবং সর্ব্ব শেষে জর্ম্মানি এবং স্পেন দেশের রোমান সৈন্যের সেনানী হইয়াছিলেন।

বার আগমন সংবাদ প্রাপ্ত হইয়া একেবারে আপনাকে নিপাত নিশ্চয় করিলেন। তিনি রজনী যোগে আহার করিতেং এই সমাচার প্রাপ্ত হইলেন অতএব অত্যন্ত ত্রাসে কম্পান্বিত কলেবর হইয়া পড়িয়া গেলেন তাহাতে তাঁহার পদ স্পর্শে টেবিলের স্তম্ভ উল্টিয়া পড়িবায় তদুপরি স্থিত দুইটা বহু মূল্যের স্ফটিক পাত্র পতিত ও ভগ্ন হইল। তিনি ঐদাঘাতে মূর্চ্ছিত হইয়াছিলেন, কিয়ৎক্ষণ পরে চৈতন্য প্রাপ্তি হইলে প্রবলতর শত্রু সমাগমে [illegible] হইল এই ভাবিয়া উৎকৃষ্ট পরিচ্ছদে আর আবশ্যক নাই এই উক্তি করত পরিহিত বসন ছিন্ন করিলেন ও কপালে করাঘাত করিয়া উচ্চস্বরে কহিতে লাগিলেন, হায়! আমি একেবারে উচ্ছিন্ন হইলাম। ৪ পরে বিষ দ্বারা হত্যা করণে সক্ষমা লোকেষ্টা নাম্নী এক প্রসিদ্ধা অঙ্গনাকে আনাইয়া আদেশ করিলেন মৃত্যুর কোন উপায় স্থির কর, কিন্তু সেই অবলা হইতে তাঁহার এই মানস সিদ্ধ হইল না। তৎপরে রাজ বিদ্রোহ অত্যধিক হওয়াতে তিনি স্বয়ং লোকের দ্বারেং ভ্রমণ করিতে লাগিলেন। পরন্তু সকলেই তাঁহাকে দেখিয়া দ্বাররোধ করিতে লাগিল, কেহই আশ্রয় দিল না, সুতরাং নিরাশ্রয় হইয়া এক জন প্রিয় পাত্র খড়্গধারি সৈনাকে কহিলেন তুমি অসি দ্বারা আমাকে প্রহার কর, কিন্তু সে ব্যক্তি কি অন্য কোন লোক কেহই ঐ আজ্ঞা পালন করিল না, তাহাতে তিনি উচ্চস্বরে কহিলেন, হায়, আমার কি শত্রু মিত্র কেহই নাই! অনন্তর [illegible] হইয় তিনি সর্ব্বতোভাবে নিরুপায় হইয়া টাইবর নদীতে অধোমস্তক হওত ঝম্পা দিয়া প্রাণ ত্যাগ করিবার মানসে দ্রুতবেগে গমন করিয়াছিলেন। ৫ কিন্তু নদী তীরে উপস্থিত হইলে ঐ রূপ সাহস হইল না সুতরাং তথায় ক্ষণকাল দণ্ডায়মান হইয়া পুনর্ব্বিবেচনা করত এমত কোন নির্জ্জন স্থান অনুসন্ধান করিতে লাগিলেন যথায় আপন পূর্ব্ব সাহসের যোগ্য ব্যবহার করত দেহ ত্যাগ করিতে পারিবেন। ৬ তাঁহার

এই দুরবস্থায় ফেয়ান নামক এক জন ভৃত্য প্রায় দুই ক্রোশ অন্তরে পল্লী গ্রামস্থ আপনার এক নিকেতন অজ্ঞাত বাসের নিমিত্ত তাঁহাকে দিতে চাহিল, তিনি তাহাতে সম্মত হইয়া গাত্র মার্জ্জনী দ্বারা মুখ মস্তক আচ্ছাদন পূর্ব্বক দুরাচারি স্পোরস প্রভৃতি চারি জন পরিজন সমভিব্যাহারে অশ্বারোহণ পূর্ব্বক তথায় যাত্রা করিলেন।

৭ যদিও তাঁহার গন্তব্য স্থান অধিক দূরবর্ত্তি ছিল না, তথাপি পথিমধ্যে নানাবিধ দৈব ঘটনা উপস্থিত হইল। প্রথমতঃ ভূমিকম্প ও তৎপরেই বিদ্যুদগ্নি প্রকাশমান হইল। অপর চতুর্দ্দিকের শিবির হইতে কেবল কোলাহল ও সৈন্য গণের অভিশাপ ও নিরোর নানা প্রকার কদুক্তি তাঁহার শ্রবণ পথে আসিতে লাগিল। ৮ এক জন পথিক তাঁহাদিগকে দেখিয়া কহিল ইহারা বুঝি নিরোকে ধরিবার জন্য ধাবমান হইতেছে। দ্বিতীয় এক ব্যক্তি তাঁহাকেই জিজ্ঞাসা করিল তুমি নগরে নিরোর কোন সংবাদ অবগত হইয়াছ? তৎপরে তাঁহার তুরঙ্গম পথিমধ্যে এক মৃত দেহ দর্শন করিয়া ত্রাসযুক্ত হইলে তাহাতে তিনি আপনার গাত্র মার্জ্জনী পরিত্যাগ করিলেন। ৯ সেই সময়ে এক জন সৈন্য তাঁহার নামোচ্চারণ পূর্ব্বক আহ্বান করাতে তিনি স্বকীয় বাজি ও রাজ বর্ত্ম পরিবর্ত্তন করিয়া ফেয়ানের বাটির পশ্চাদ্ভাগস্থ নল বন ও অন্যান্য বন্য বৃক্ষে আকীর্ণ এক ক্ষুদ্র পথে প্রবেশ করিলেন। ঐ সময়ে সেনেট সভ্যেরা প্রিটোরিয়ান সেনাদিগকে গাল্বার সহিত মিলিত দেখিয়া তাঁহাকে ভূপতি বলিয়া ঘোষণা দিলেন এবং প্রাচীন কঠিন ব্যবস্থার ধারানুসারে নিরোর প্রতি মৃত্যু দণ্ডের আজ্ঞা প্রদান করিলেন। ১০ নিরো দণ্ডাজ্ঞার সমাচার অবগত হইয়া জিজ্ঞাসা করিলেন ঐ দণ্ডের নিয়ম কি২? তাহাতে শুনিলেন যে কোন ব্যক্তি অপরাধী হইলে তাহাকে নগ্ন করিয়া তাহার মস্তক পিলোরির * মধ্যে প্রবেশ করাইয়া তদ-

* অপরাধিদিগের দণ্ড দেওনার্থ চক্রাকার যন্ত্রের নাম পিলোরি।

যন্ত্রায় প্রহার দ্বারা প্রাণ দণ্ড করা যায়। ১১ নিরো এতৎ শ্রবণে সাতিশয় ভীত হইয়া মৃত্যুকালে আনীত দুই খান অসি আপন হস্তে গ্রহণ করিলেন, কিন্তু খড়্গ দ্বয়ের অগ্র ভাগ নিরীক্ষণ করিয়া তয় প্রযুক্ত কহিলেন, আমার অন্তিম কাল এ পর্যন্ত উপস্থিত হয় নাই এই বলিয়া অসি দ্বয় পুনর্ব্বার কোষের মধ্যে রাখিলেন। ১২ পরে স্পোরসকে কহিলেন তুমি অন্ত্যেষ্টি ক্রিয়া কালীন শোক সূচক বিলাপের ন্যায় ক্রন্দন করিতে আরম্ভ কর। অনন্তর সবিনয় বচনে, ভৃত্য গণকে কহিলেন, তোমারদের মধ্যে এক জন প্রথমতঃ প্রাণ ত্যাগ কর, তদ্দর্শনে আমার সাহস জন্মুক। তদনন্তর আপন ভীরু স্বভাবের নিমিত্ত আপনাকে তিরস্কার করিয়া উচ্চস্বরে কহিলেন, এ প্রকার ব্যবহার কদাপি নিরোর যোগ্য নহে, অতএব আমি অবশ্য সাহসী হইব; ফলতঃ আর তাঁহার কাল বিলম্বের অবকাশও ছিল না, অনুসন্ধানার্থ প্রেরিত পশ্চাদ্বর্ত্তি সেনারা একেবারে তাঁহার ঐ নিকেতনের নিকটে আসিয়া উপস্থিত হইয়াছিল। ১৩ তিনি সৈন্য দিগের ঘোটক গণের পদ শব্দ শ্রবণ মাত্রে আপনার গল দেশে এক খান ছুরিকা আঘাত করিলেন. ইপাফ্রোডিটস নামক যে ব্যক্তিকে দাসত্ব হইতে মুক্ত করিয়া কর্ম্ম সম্পাদকতা পদে নিযুক্ত করিয়াছিলেন তাঁহার সহায়তায় ঐ অস্ত্রাঘাত সাংঘাতিক হইল। ১৪ কিন্তু ইহাতেও মৃত্যু না হওয়াতে এক জন সেন্টুরিয়ান গৃহ প্রবেশ পূর্ব্বক তাঁহাকে আশ্রয় দিবার ছলে বস্ত্র দ্বারা রক্ত ধারা নিবারণের চেষ্টা করিল। নিরো তাহার প্রতি সকোপ নয়নে অবলোকন করিয়া কহিলেন, অরে সেন্টুরিয়ান এই কি তোর কৃতজ্ঞতার চিহ্ন? এ প্রকারে আশ্রয় প্রদানের কাল অতীত হইয়াছে। ক্ষণ কাল পরে বিকট রূপে চক্ষুঃ স্থির করিয়া এমত ভাবে প্রাণ ত্যাগ করিলেন যে মৃত্যুর পরেও তাঁহার জীবদ্দশার নিষ্ঠুর ও দুরন্ত স্বভাব স্পষ্ট রূপে অনুমান হইতে লাগিল। ১৫ যাহা হউক তিনি ত্রয়োদশ বৎসর সপ্ত মাস

অষ্টাবিংশতি দিবস রাজ্য শাসন করিয়া দ্বাত্রিংশদ্বর্ষ বয়ঃক্রম কালে পরলোক প্রাপ্ত হইলেন।

১৬ অনন্তর গালবা ত্রিসপ্ততি বৎসর বয়ঃক্রম সময়ে সাম্রাজ্য প্রাপ্ত হইলেন। তৎকালে তিনি সৈন্য দল সমভিব্যাহারে স্পেন দেশে অবস্থিতি করিতেছিলেন। কিন্তু রাজ্যাভিষিক্ত হইয়া শীঘ্রই বুঝিতে পারিলেন যে তাঁহার সিংহাসন প্রাপ্তি কেবল নূতনং উৎপাতের হেতু হইল। ১৭ বোধ হয় রাজকর্ম্ম বিষয়ে তাঁহার তিন প্রকার অভিপ্রায় ছিল; যথা, সৈন্যগণের গর্ব্ব খর্ব্ব করণ, পূর্ব্ব রাজার রাজত্বে বর্দ্ধিত নানা প্রকার পাপ ও দুষ্ক্রিয়ার দমন, এবং পূর্ব্ব ভূপতি গণের অপব্যয়ে অপচিত ধনাগারের উপচয় করণ। ১৮ কিন্তু এমত সদভিপ্রায় থাকাতেও তিনি সভাসদ্ ও প্রিয় পাত্র গণের বশীভূত হইয়া স্বভাবের বিপরীতাচরণ করিতেন, অর্থাৎ কখন অত্যন্ত কঠিন ও পরিমিত ব্যয়ী, কখন বা অত্যন্ত অবিবেচক ও অপব্যয়ী হইতেন, কখন কোন বিচার না করিয়া নিরপরাধ সৎপুরুষদিগকে অপরাধী ও সদোষ ব্যক্তিদিগকে নির্দোষ করিতেন। এবম্বিধ বিবিধ কারণে নানা প্রকার আত্ম কলহ ও রাজ বিদ্রোহির দল বৃদ্ধি হইতে লাগিল।

১৯ গালবা বুঝিতে পারিলেন তিনি কেবল বার্দ্ধক্য প্রযুক্ত আপনি হত মর্য্যাদ হইতেছেন এমত নহে কিন্তু উত্তরাধিকারী না থাকাতেও লোকে তাঁহাকে অশ্রদ্ধা করিতেছে; অতএব যে ব্যক্তি নিজ গুণ বলে তাদৃশ মহৎ পদোপযুক্ত ও তাঁহার বৃদ্ধাবস্থায় রক্ষণাবেক্ষণে সক্ষম এতাদৃশ এক সুপাত্রকে উত্তরাধিকারী করিতে স্থির করিলেন, কিন্তু সভাসদ্‌গণ আপনাদের মনোনীত এক জন উত্তরাধিকারী স্থির করণার্থ ইচ্ছা প্রকাশ করাতে এই বিষয়ে তাহাদের সঙ্গে তাঁহার বাদানুবাদ উপস্থিত হইল। ২০ যৎকালে গালবা নিরোর বিপক্ষতাচরণে প্রবৃত্ত হইয়াছিলেন সে সময় ওথো তাঁহার অনেক সাহায্য ও উপকার করিয়াছিলেন এই কারণে তিনি আপনাকে

উত্তরাধিকারী করণার্থ গালবার নিকট যত্ন পূর্ব্বক প্রার্থনা করিলেন। ২১ কিন্তু গালবা কেবল দেশ হিতার্থ সচেষ্ট হওয়াতে তাঁহার প্রার্থনা গ্রাহ্য করিলেন না, এক শুভ দিন নিরূপণ করিয়া পাইসো লুসিএনসকে তাঁহার নিকটে উপস্থিত হইতে কহিলেন। ইতিহাস লেখকেরা পাইসোর যে রূপ চরিত্র বর্ণনা করেন তদ্দ্বারা এই উপলব্ধি হয় যে তাঁহার প্রতি যে সম্ভ্রান্ত পদ প্রদানের কল্পনা হইয়াছিল তিনি সর্ব্বতোভাবে তদ্বিষয়ের উপযুক্ত পাত্র ছিলেন। ২২ সে যাহা হউক গালবা ঐ যুবকের কর ধারণ পূর্ব্বক উত্তর কালে রাজকার্য্য নির্ব্বাহোপযোগি কতিপয় সদুপদেশ প্রদান করিয়া তাঁহাকে উত্তরাধিকারী বলিয়া স্বীকার করিলেন। পাইসোর নম্রতা দৃঢ়তা এবং মনঃ স্থৈর্য্য দর্শনে এতাদৃশ বোধ হইয়াছিল যে তিনি ঐ সম্ভ্রান্ত পদের যোগ্য পাত্র; অধিকন্তু তৎপ্রাপ্ত্যর্থ তাঁহার লোভের আভাস মাত্র প্রকাশ হয় নাই, বরং সম্যক্ প্রকারে কার্য্যদক্ষতা প্রকটিত হইয়াছিল। ২৩ কিন্তু তাঁহার রাজত্ব প্রাপ্তিতে সেনারা ও সেনেট সভ্যেরা সমভাবে সন্তুষ্ট হইল না। সেনেট সভার অধ্যক্ষেরা পূর্ব্বাবধি উৎকোচ গ্রাহী ও দুশ্চরিত্র ছিল সুতরাং যে রাজা আপনারদের লোভ রিপুর পরিতোষ দানে অক্ষম, তাহাকে দেখিতে পারিত না, অতএব পাইসোর রাজ্যাধিকারও তাহাদের মনোমত হইল না, এবং এই সর্ব্ব জন সম্মত কুনীতির সময়ে তাঁহার স্বাভাবিক গুণও উপযুক্ত রূপে আদরণীয় হইতে পারিল না।

২৪ ওথো বহু কালাবধি গালবার প্রিয়পাত্র ছিলেন তাহাতে তিনি তদীয় পদ প্রাপ্ত হইবেন এতাদৃশী প্রত্যাশা করিতেন কিন্তু সম্প্রতি তদ্বিষয়ে নিরাশ হওয়াতে ভগ্নান্তঃকরণ হইলেন এবং বিভবাধিক ব্যয় করা অভ্যাস থাকাতে ক্রমেং অধিক ঋণগ্রস্ত ও ঋণ ভারে উত্তেজিত হইতে লাগিলেন; পরিশেষে সহজে আর ঋণ না পাওয়াতে ব্যয়ার্থ বিব্রত হইয়া বল পূর্ব্বক রাজ্যাধিকার করিতে প্রতিজ্ঞা করিলেন। এই প্রতিজ্ঞা সিদ্ধির নিমিত্ত সেনাদিগকে উৎকোচ দ্বারা

বশীভূত ও স্বপক্ষ করিলেন, পরে রাজা যৎকালে বলি প্রদান করি-তেছিলেন সেই সময় তাঁহার নিকট হইতে গোপনে বহির্দেশে আগ-মন পূর্ব্বক সেনাদিগকে একত্রিত করিয়া গালবার লোভ ও নিষ্ঠুর-তার কথা সংক্ষেপে প্রকাশ করিলেন। ২৫ সৈনেরা তন্মুখে রাজ-নিন্দা শ্রবণ করিয়া সকলেই একেবারে উচ্চস্বরে আহ্লাদ প্রকাশ করিল সুতরাং তিনি রাজাকে রাজ্য ভ্রষ্ট করণের অভিপ্রায় [illegible] ব্যক্ত করিলেন। সেনাগণ আপনা হইতে পূর্ব্বাবধিই [illegible] কৃতঘ্নতাচরণে উদ্যত ছিল তদ্বিষয়ে ওথোর উদ্যোগ দেখিয়া [illegible] স্কন্ধোপরি আরোপণ পূর্ব্বক রাজা বলিয়া ঘোষণা করিল [illegible] বাসিদিগকে শঙ্কাযুক্ত করণার্থ নগ্ন খড়্গ হস্তে পরে [illegible] শিবিরে লইয়া গেল।

২৬ পরে সেনারা বিবেচনা করিয়া দেখিল যে গালবার সপক্ষ লোকেরাও তাঁহাকে এক প্রকার পরিত্যাগ করিয়াছে অতএব তাহারা রাজ সভাস্থ লোক সমূহের উপর দিয়া গিয়া একেবারে গাল-বার উপর আক্রমণ করিল। ২৭ গালবা আক্রামক সৈন্যদিগকে নিকটবর্ত্তি দেখিয়া আপনার পূর্ব্ব সাহস স্মরণ পূর্ব্বক অগ্রে নিজ গলদেশ বাড়াইয়া দিয়া হন্তাদিগকে কহিতে লাগিলেন যদ্যপি আমার মস্তক ছেদন করিলে দেশের মঙ্গল হয় এইক্ষণে কর। ২৮ ইহাতে এক জন সৈন্য তৎক্ষণাৎ ঐ আজ্ঞা পালন করত তাঁহার মস্তক ছেদন করিয়া এক খান শূলের অগ্র ভাগে বিদ্ধ করিল এবং তাহা লইয়া ঘৃণা পূর্ব্বক শিবিরের চতুর্দিকে ভ্রমণ করিতে লাগিল। তাঁহার শরীর পথিমধ্যে পড়িয়া রহিল, কতক ক্ষণ পরে এক জন দাস আসিয়া মৃত্তিকায় তাহা প্রোথিত করিল। গালবা সাত মাস মাত্র রাজ্য শাসন করিয়াছিলেন। এই অল্প কাল মধ্যে তিনি যদ্রূপ নিজ গুণ সমূহ প্রকাশ করিয়াছিলেন তাঁহার প্রিয় পাত্রেরা তদ্রূপ নানাবিধ কুকর্ম্ম ও অত্যাচার করিয়াছিল কিন্তু পরে তাঁহার পতন হইলে সেই প্রিয় পাত্রেরাও তাহার সহবর্ত্তী হইল।

২৯ তদনন্তর ওথো রাজ্যাভিষিক্ত হইয়া সদয় ভাবে রাজ্য শাসন আরম্ভ করিলেন। তিনি বিপক্ষ গাল্বার অতি প্রিয় পাত্র মেরিয়স্ সেলশসকে কেবল ক্ষমা করিলেন এমত নহে বরঞ্চ বিশ্বস্ততার প্রতি নানা প্রকার পুরস্কার অর্পণ ইচ্ছা করিয়া তাহাকে উচ্চ অথচ সম্ভ্রান্ত পদে স্থাপিত করিলেন। ৩০ জেমানির দক্ষিণ প্রদেশস্থ এক দল সৈনা এই সময়ে সেনাপতি বিটেলিয়সের অধিক দানে ও আশ্বাস জনক বাক্যে বশীভূত হইয়া বিটেলিয়সের অধিরাজত্ব স্বীকার করিতে সম্মত হইল, এবং সেনেট্ সভাকে অমান্য করিয়া এই প্রকার করিল যে যেমত রোম দেশে কোহাটেরা অধিরাজ নির্বাচন করিয়া থাকে আমাদেরও তাদৃশ ক্ষমতা আছে। ৩১ অতএব ওথোকে রোম হইতে স্থানান্তর হইয়া বিটেলিয়সের সহিত সংগ্রাম করিতে যাইতে হইল। বিটেলিয়স ব্যালেন্স ও সিসিনা নামক নিজ দুই জন সৈনাধ্যক্ষের অধীনে সপ্ততি সহস্র যোদ্ধা নিযুক্ত করিয়া অবশিষ্ট চমূ আনয়নের নিমিত্ত স্বয়ং গাল দেশে অবস্থিতি করিলেন। পরে উভয় দলের এমত ব্যস্ততা ও পরস্পর দ্বেষ ভাবে রণ প্রবৃত্তি হইল যে ক্রমাগত তিন দিন ঘোরতর সমর রহিল। ঐ দিন ত্রয়েই ওথোর সৈন্যগণ জয়ী হইয়াছিল। ৩২ পরন্তু তাহাদের জয়াবস্থা দীর্ঘ কাল রহিল না, কারণ ব্যালেন্স ও সিসিনা প্রথমে পৃথক্ ভাবে আহবে প্রবৃত্ত হইয়াছিল পরে যখন উভয়ে সসৈন্য হইয়া এবং অধিক বল সংগ্রহ করিয়া একত্র সংগ্রাম করিল তখন ওথোর ভটগণ ইটালিস্থ সম্বারস্তি প্রদেশীয় ক্রিমোনা নগরের নিকটস্থ বিড্রিয়াকম নগরে পরাভূত হইল এবং যদিও তৎকাল পর্য্যন্ত ওথোর অধীনে অনেক সৈন্য ছিল তথাচ তিনি কতিপয় দিবস পরেই আত্ম হত্যা দ্বারা প্রাণ ত্যাগ করিলেন। তিনি তিন মাস পঞ্চ দিবস রাজত্ব করিয়াছিলেন তৎপরে বিটেলিয়স্ তাঁহার সিংহাসনের অধিকারী হইলেন।

প্রশ্ন।

১ সার্বিয়স গালবার কি প্রকার চরিত্র ছিল?

২ তিনি গোপন ভাব ত্যাগ করিয়া স্বকীয় ক্ষমতা প্রকাশ করিয়াছিলেন কি না?

৩ গালবায়ে বিপক্ষতাচরণ করিয়া তিনি কি হইয়াছিলেন কি না?

৪ এই অকস্মাৎ বিপদ দেখিয়া তিনি কি স্থির করিলেন?

৫ তিনি বাস্তবিক প্রাণ ত্যাগ করিয়াছিলেন কি না?

৬ ফেয়নের প্রবোধে তিনি সম্মত হইলেন কি না?

৭ পথিমধ্যে তাঁহার কি ঘটনা হইল?

৮ পরে আর কি ঘটনা হইল?

৯ তৎকালে নিরোর বিপক্ষে সেনেট সভায় কি রূপ আজ্ঞা প্রকাশ হয়?

১০ তৎ সংবাদ পাইয়া তিনি কি করিলেন?

১১ তাঁহার প্রতি দণ্ডাজ্ঞা হইলে তিনি কি মৃত্যু বিষয়ে তৎপ্রতীক্ষায় থাকিলেন?

১২ তিনি প্রাণত্যাগসময়ে কি ছলে বিলম্ব করিলেন?

১৩ শেষে তাঁহার মনের অধৈর্য্য কি রূপে নিরস্ত হইল?

১৪ বিপক্ষ সেনারা যখন নিকটস্থ হইল তখন তাঁহার মৃত্যু হইয়াছিল কি না?

১৫ তিনি কত কাল রাজত্ব করেন?

১৬ যখন গালবা রাজত্ব পাইলেন তখন তাঁহার বয়ঃক্রম কত?

১৭ তাঁহার কি প্রধান অভিপ্রায় ছিল?

১৮ তাঁহার স্বভাব স্থির ছিল কি ক্রমে পরিবর্ত্তন হইত?

১৯ পরে তিনি কি প্রয়োজনীয় বিষয় স্থির করিয়াছিলেন?

২০ তাঁহার উত্তরাধিকারী হইবার নিমিত্ত প্রার্থকদিগের মধ্যে কোন্ ব্যক্তি প্রধান ছিল?

২১ তিনিই কি গালবার মনোনীত হইয়াছিলেন ?

২২ পাইসো মনোনীত হইয়াছিলেন কি না এবং তাঁহার চরিত্র কি প্রকার ছিল ?

২৩ পাইসো উত্তরাধিকারী রূপে গৃহীত হয় এ বিষয়ে সাধারণের সম্মতি ছিল কি না ?

২৪ ওথো গালবাকে রাজ্য চ্যুত করণার্থ সচেষ্ট হইয়াছিলেন কি না ?

২৫ সেনারা ওথোকে আহ্লাদ পূর্ব্বক গ্রহণ করিয়াছিল কি না,

২৬ গালবা বিদ্রোহি সৈন্যদিগকে নিবারণ করিয়াছিলেন কি না,

২৭ তিনি সেনাদের হস্তগত হইয়া কি আচরণ করিলেন ?

২৮ গালবার প্রতি সেনারা কি প্রকার ব্যবহার করিয়াছিল ?

২৯ ওথো রাজ্য শাসনারম্ভে কি রূপ ব্যবহার করিয়াছিলেন ?

৩০ তাঁহার শাসন কালে কোন ব্যক্তি প্রতিদ্বন্দ্বী হইয়াছিল কি না ?

৩১ সেই প্রতিকূলতায় কি ফল দর্শিয়াছিল ?

৩২ শেষে ওথো জয়ী হয়েন কি না ?

## ২২ অধ্যায় ৯ খণ্ড।

১ তৎপরে সেনেট সভার উদ্যোগে বিটেলিয়স্ রাজপদে অভিষিক্ত হইলেন এবং কোন বলবৎ পক্ষ কর্ত্তৃক রাজারা মনোনীত হইলে তাঁহাদিগকে যে সকল সম্ভ্রমসূচক চিহ্ন প্রদান করিবার প্রথা ছিল তাহাও প্রাপ্ত হইলেন। ২ পরন্তু রাজনীত্যনুসারে শাসনার্থ যে রূপে রাজধানী প্রবেশ করিতে হয় তিনি তদ্রূপে প্রবিষ্ট না হইয়া জয়লব্ধ দেশে প্রবেশের ন্যায় নগরে প্রবেশ করিলেন। ৩ কিন্তু ভূপতিত্ব প্রাপ্ত হইয়াই সর্ব্ব প্রকার সুখাভিলাষী ও অপব্যয়ী হইলেন এবং উদরম্ভরিত্ব দোষে আসক্ত হইয়া পুনঃ২ ভোজনার্থ ইচ্ছানুসারে বমনাভ্যাস করিলেন। তাঁহার স্বার্থ সেবা

বহু ব্যয় সাধ্য আহারীয় দ্রব্য নিজ ব্যয়ে প্রস্তুত হইত না প্রায় অন্যের অর্থে সংগৃহীত হইত। তিনি সর্ব্বদা প্রজাগণের নিকেতনে আহারার্থ স্বয়ং নিজ নিমন্ত্রণ করিতেন; এক দিবসেই প্রাতঃকালে একের সদনে, মধ্যাহ্নে অন্যের ভবনে, ও রজনীতে অপরের নিকেতনে আহার করিতেন। ৪ এইরূপ অন্যান্য অপকর্ম্ম ও অত্যন্ত নিষ্ঠুরাচরণ দ্বারা আপনি আপনার অনিষ্টকারী ও সাধারণের ঘৃণা পাত্র হইলেন। পরে রোম দেশীয় লোকেরা তাঁহার উক্ত প্রকার ব্যবহার সহ্য করিতে না পারাতে পূর্ব্ব দেশস্থ সেনারা বেস্পাসিয়ানকে রাজ্যেশ্বর করিতে মনস্থ করিল।

৫ বিটেলিয়স্ যদিও আলস্য ও সুখাভিলাষে মগ্ন ছিলেন তথাচ তদ্বিরুদ্ধে যখন যুদ্ধোদ্যোগ হইল তখন রাজ্য রক্ষার নিমিত্ত দৃঢ় প্রতিজ্ঞ হইয়া আক্রমণকারিদিগকে বাধা দিতে প্রধান সৈন্যাধ্যক্ষ ব্যালেন্স ও সিসিনাকে যুদ্ধোদ্যোগ করিতে আজ্ঞা দিলেন। ৬ বেস্পাসিয়ানের সেনাপতি আণ্টোনিয়স্ প্রাইমস্ এক দল সৈন্য লইয়া অল্প সময় মধ্যে ইটালিতে উপস্থিত হইয়া দেখিল বিটেলিয়সের সেনানী সিসিনা প্রতিযোগিতা করণার্থ ক্রিমোনা স্থানে প্রস্তুত আছে, সুতরাং তাহাদের সমরোপক্রম হইল কিন্তু হঠাৎ সন্ধির প্রস্তাব হওয়াতে সিসিনা বিটেলিয়সের পক্ষ পরিত্যাগ পূর্ব্বক সসৈন্যে বেস্পাসিয়ানের পক্ষাবলম্বন করিল। পরন্তু অল্পকাল মধ্যে সিসিনার অধীনস্থ সেনারা কৃতঘ্নতা বোধে অনুতাপ করত সিসিনাকে আবদ্ধ করিয়া কোন প্রবর্ত্তক সৈন্যাধ্যক্ষ ব্যতিরেকে আণ্টোনিয়সের বিরুদ্ধে আক্রমণ করিতে প্রবৃত্ত হইল। ৭ পরে উভয় দলে সমস্ত দিবস সমুদায় সর্ব্বরী যাপন করিয়া প্রভাতে কিঞ্চিৎ বিশ্রাম পূর্ব্বক পুনর্ব্বার যুদ্ধের উদ্যোগ করিল। আণ্টোনিয়সের যোদ্ধাগণ রীত্যনুসারে সংগ্রামারম্ভের প্রাক্কালে প্রভাকরের প্রণামার্থ কোলাহল করিলে বিটেলিয়সের ভটগণ অনুভব করিল বিপক্ষ পক্ষে অধিক সংখ্যক সৈন্য সংগ্রহ হইয়াছে অতএব তাহারা রণে পরাঙ্মুখ হইয়া পলায়ন পরা-

য়াণ হইল। এই সময়েও পলায়নে তাহাদের বিংশৎ সহস্র অনী-কিনী বিনষ্ট হয়।

৮. এই সময়ে বিটেলিয়স বেস্পাসিয়ানের নিকটে এই সংবাদ প্রেরণ করিলেন যদ্যপি তুমি আমাকে বিনষ্ট না করিয়া প্রতিপাল-নার্থ যথা যোগ্য রাজকর অর্পণ কর তাহা হইলে আমি রাজ্য পরিত্যাগ করিয়া তোমার হস্তে সমর্পণ করি। তিনি এই প্রস্তাব গ্রাহ্য করাইবার নিমিত্ত অত্যন্ত শোকাকুলের ন্যায় রাজ গৃহ হইতে বহির্গত হইলেন এবং তাঁহার গৃহ পরিচারকেরা তাঁহাকে বেষ্টন করিয়া ক্রন্দন করিতেং নির্গত হইল। ৯ তিনি বিচারের অসি সিসিলিয়স্ নামক কান্সলকে সমর্পণ করিতে গমন করিলেন, কিন্তু সিসিলিয়স্ তাহা গ্রহণ না করাতে দীন রাজা রাজ চিহ্ন সকল সন্ধির মন্দিরে সমর্পণ করিতে উদ্যত হইলেন। ইতিমধ্যে কোনং ব্যক্তি কহিয়া উঠিল আপনিই সন্ধি কর্ত্তা তবে রাজ চিহ্ন সকল আপন হস্তে রাখিয়া সন্ধি মন্দিরে কি নিমিত্ত অর্পণ করিবেন। রাজা এতাদৃশ-মাত্র প্রবোধ বাক্যে সাহসী হইয়া রাজ পদ রক্ষার প্রতিজ্ঞা করিয়া সত্বর তদর্থ উদ্যোগ করিলেন।

১০. কিয়দ্দিবস পূর্ব্বে সাবিনস নামা এক ব্যক্তি বিটেলিয়সকে রাজ কর্ম্ম হইতে অবসৃত হইবার পরামর্শ দিয়াছিল, সে এইক্ষণে রাজ্যের ঈদৃশী অনিশ্চিতাবস্থা ও রাজার রাগাক্রান্ততা দেখিয়া সাহসান্বিত কোন উদ্যোগ দ্বারা বেস্পাসিয়ানের সহায়তা করিতে ইচ্ছা করত কাপিটল দুর্গ আক্রমণ করিল। পরন্তু সাবিনস্ অবিবেকের ন্যায় অসময়ে এই উদ্যম করিয়াছিল তাহাতেই বিটেলিয়সের সেনারা তাহাকে দৃঢ় রূপে আক্রমণ করত সৈন্য সংখ্যা বৃদ্ধি করিয়া অত্যল্প কালের মধ্যে ঐ সুদৃশ্য দুর্গ অনল যোগে ভস্মসাৎ করিল। ১১ কাপি-টলে অনল প্রজ্বলিত হইয়া উঠিলে বিটেলিয়স্ মৃত রাজা টাইবিরি-য়সের রাজ সদনে মহা ভোজের আমোদে থাকিয়া দৃষ্টান্তস্বরূপে অগ্নি দাহ দেখিতে লাগিলেন। ১২ কিন্তু তৎপরেই বিটেলিয়সের

সেনাগণ সাবিনসকে ধৃত করত রাজ ক্ষমতানুসারে নিহত করিল; তাঁহার ভ্রাতুষ্পুত্র যুবা ডোমিশিয়ান যাজকের বেশ ধারণ পূর্ব্বক পলায়ন করাতে রক্ষা পাইল। এই ডোমিশিয়ান কিয়ৎ কাল পরে রাজ্যাভিষিক্ত হয়। যে সকল ব্যক্তি পাবকের মুখ হইতে পরিত্রাণ পাইয়াছিল বিটেলিয়সের সৈন্যেরা তাহাদিগকে করবাল দ্বারা বিনাশ করিল।

১৩ বেস্পাসিয়ানের সেনানী আন্টোনিয়স সসৈন্য হইয়া রাজধানীর প্রাচীরের নিকটস্থ হইলে বিটেলিয়সের সেনাগণ প্রাণ পণে নগর রক্ষা করিতে প্রতিজ্ঞা করিল; কিন্তু বেস্পাসিয়ানের সেনারাও রাগোন্মত্ত হইয়া আক্রমণ করাতে বিটেলিয়সের সৈন্যগণ দুর্গ হইতে বহির্গত হইয়া উক্ত প্রতিজ্ঞা দৃঢ়করণার্থ উদ্যম করিল। পরে সমস্ত দিবস দুই দলে রণাসক্ত থাকিয়া পরিশেষে বিটেলিয়সের সৈন্যগণ পরাভূত ও নগর মধ্যে পলায়ন করিতে বাধ্য হইল, এই পলায়নের সময়ে পথি মধ্যে বেস্পাসিয়ানের সেনারা তাহাদের অনেককে বিনাশ করিল; পরাজিত যোদ্ধারা তাহাদিগকে বাধা দিতে চেষ্টা করিয়াছিল কিন্তু সময় ক্রমে তাহা নিরর্থক হইল।

১৪ তদনন্তর বিটেলিয়স এক গুপ্ত স্থানে লুক্কায়িত হইলেন কিন্তু বেস্পাসিয়ানের কতিপয় সৈন্য তাঁহাকে দেখিতে পাইয়া ধৃত করিল, তাহাতে তিনি কতিপয় দিবস জীবিত থাকিবার প্রত্যাশায় সৈন্যদিগকে কহিলেন বেস্পাসিয়ানের নিকট কিঞ্চিদ্বক্তব্য আছে অতএব তিনি যাবৎ নগরে আগমন না করেন তাবৎ তোমরা আমার প্রাণ বধে বিলম্ব করহ। কিন্তু তাঁহার ঐ বিনয় বাক্য বৃথা হইল যেহেতু সেনারা তাঁহার হস্ত দ্বয় পশ্চাদ্ভাগে ও গলদেশে রজ্জু দ্বারা বন্ধন করিয়া প্রায় বিবস্ত্র করত ফোরমে লইয়া গিয়া ইচ্ছানুসারে তাঁহার ক্রূরতা ব্যবহারের অনুরূপ ভর্ৎসনা করিতে লাগিল। তৎপরে দণ্ড দানের স্থানে লইয়া গিয়া মুষ্ট্যাঘাতাদি দ্বারা তাঁহার প্রাণ নষ্ট করিল এবং আকর্ষণী দ্বারা মৃত দেহ রাজ বর্ত্মের উপর আকর্ষণ

করিয়া অত্যন্ত অপমান পূর্ব্বক টাইবর নদীর জলে নিক্ষেপ করিল।

১৬ তদনন্তর সেনেট সভা ও সৈন্যবর্গ একবাক্য হইয়া বেস্পাসিয়ানকে রাজ্যাভিষিক্ত করত নানাবিধ উপাধি দ্বারা সম্মানিত করিলেন। তৎকালে এই এক আশ্চর্য্য প্রথা ছিল যে রাজপদ প্রাপ্ত ব্যক্তিরা অধিক গুণ বিশিষ্ট না হইলেও ক্ষমতা যুক্ত বলিয়া সম্মানিত হইতেন। ১৭ বেস্পাসিয়ান মিশর দেশীয় আলেক্জান্দ্রিয়া নগরে কতিপয় মাস অবস্থিতি করিয়া রোম নগরে যাত্রা করিলেন; কথিত আছে, তাঁহার স্পর্শ মাত্রে আলেক্জান্দ্রিয়া বাসি এক অন্ধ ও এক খঞ্জ আশু আরোগ্য প্রাপ্ত হয়। জিরুজেলেম আক্রমণার্থ যে সেনা প্রেরিত হইয়াছিল তাহার অধ্যক্ষতা পদে তিনি নিজ পুত্র টাইটসকে নিযুক্ত করিয়া স্বয়ং প্রস্থান করিলেন, পরে রোম নগর অধিক দূরে থাকিলেও পথি মধ্যে সেনেট সভা ও রোমবাসি কতিপয় প্রধান লোক প্রত্যুদ্গমন করিয়া সাক্ষাৎ করত [illegible] বিজ্ঞ বেস্পাসিয়ানের রাজ্যাভিষেক নিমিত্ত যথার্থ আহ্লাদ প্রকাশ করিলেন। ১৮ বেস্পাসিয়ানও তাঁহাদের আশা ভঙ্গ করিলেন না, গুণের পুরস্কার ও শত্রুদিগকে ক্ষমা এবং স্বকীয় সদ্ব্যবহারের দৃষ্টান্ত প্রদর্শন করিয়া নগর বাসিদিগের সৌভাগ্যার্থ বিশেষ যত্নবান হইলেন।

১৯ তৎকালে টাইটস ইহুদিদিগের প্রতিকূলে অতিশয় প্রচণ্ড রূপে যুদ্ধ করিতেছিলেন। ঐ অবাধ্য দুর্জ্জন জাতীয়েরা [illegible] পাপ জন্য সর্ব্বতোভাবে ঈশ্বরের নিকট অপরাধি ছিল তথাপি বহু কালাবধি ঐশিক অনুগ্রহের অনলম্বন করিয়া রোমীয়দিগের প্রতিকূলাচরণে দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছিল। ২০ [illegible] স্বজাতীয় ইতিহাস লেখক জোসিফস কহেন ইহুদিদের পাপের পরিসীমা ছিল না, দুর্ভিক্ষ ভূমিকম্পাদি নানাবিধ দুর্ঘটনায় তাহাদের যরুশালেমাদি সর্ব্বনাশের অগ্র সূচনা হইয়াছিল। ২১ অপর তাহা-

* আসিয়াস্থ জুডিয়া প্রদেশের রাজধানী।

দের বিরুদ্ধে কেবল [illegible] ও পৃথিবীর ঐকমত্য হইয়াছিল এমত নহে, তাহারা স্বয়ংও পরস্পর কলহ উপস্থিত করত দুই [illegible] দলবদ্ধ হইয়া পরস্পরের সম্পত্তি অপহরণ পূর্ব্বক পরস্পরকে [illegible] করিতে প্রবৃত্ত হইয়াছিল তথাপি তাহারা আপনারদের পূর্ব্ব পুরুষীয় শাস্ত্রের প্রতি বিশ্বাস ও উৎসাহ বিষয়ে অহঙ্কার করিত।

১২ উপরোক্ত দুই দলের মধ্যে জান নামক এক ব্যক্তি [illegible] মূলীভূত রাজ বিদ্রোহী ছিল। ঐ উদ্ধত ব্যক্তি আপনাকে সম্রাটি শক্তি [illegible]র ন্যায় দর্শাইয়া জরুসেলেম ও [illegible] অন্যান্য নগরে নানা প্রকার উৎপাত ও বিলুণ্ঠনাদি [illegible]। অনন্তর অল্প কালের মধ্যে সাইমন নামা এক ব্যক্তি দুর্বৃত্ত ব্যবহার জন্য [illegible] পলায়িত ও পর্ব্বত মধ্যে লুকায়িত [illegible] দস্যু ও [illegible]দিগকে একত্র করিয়া নূতন এক দল সংগ্রহ পূর্ব্বক [illegible] হইয়া অনেক রাজধানী ও নগর আক্রমণ করিয়া ইডুমিয়া নগর একেবারে উচ্ছিন্ন করিল। ১৩ অবশেষে জরুজেলেম নগর উক্ত [illegible] দ্বয়ের ঈর্ষা ও বিবাদের আস্পদ হওয়াতে জান ঈশ্বরীয় মন্দির অধিকার করিল এবং সাইমন নগরাধিকারী হইল। পরে তাহারদের পরস্পর বিদ্বেষ ও [illegible] ইহার দুষ্ট উচ্ছৃঙ্খলতা ও সর্ব্বনাশের হেতু হইল এবং যে জরুজেলেম [illegible] ও ঐশ্বর্য্যের আকর বলিয়া বিখ্যাত ছিল ঐ সময়ে তাহা কলহ ও গোলযোগের প্রসিদ্ধ স্থান হইল।

১৪ কথিত নগরের উচ্ছেদের [illegible] সময় টাইটস তন্নগরীয় দুই সহস্র সপ্ত শত হস্ত পরিমিত [illegible] মধ্যে অবস্থিতি পূর্ব্বক যুদ্ধারম্ভ করেন। ঐ সময়ে ইহুদি জাতিদের এক [illegible] উপলক্ষে সেই স্থানে নানা স্থানাগত জন সমূহ একত্রিত হইয়া সমারোহ পূর্ব্বক মহোৎসব করিতেছিল। ১৫ রোমীয়দের [illegible] ইহুদীয়দিগের পূর্ব্বোক্ত দুই দলের বিবাদ অল্প কালের নিমিত্তে স্থগিত হওয়াতে তাহারা ঐকবাক্যে প্রথমতঃ সাধারণ বিপক্ষের প্রতিযোগিতা করিয়া শেষে

সুযোগ মতে আপনারদের পরস্পর কলহ ভঞ্জন করিতে স্থির করিল। ২৬ প্রথমতঃ তাহারা নগর হইতে নির্গত হইয়া আক্রোমকগণের মধ্যে অত্যন্ত গোলযোগ উপস্থিত করিল, অতএব তাহারা শিবির পরিত্যাগ পূর্ব্বক পর্ব্বতে পলায়ন করিতে বাধ্য হইল. কিন্তু তৎপরে অতি ত্বরায় ছিন্ন ভিন্ন সৈন্যগণ পুনর্ব্বার শ্রেণীবদ্ধ হইয়া যুদ্ধার্থে আগমন করাতে ইহুদীয়দিগকে নগর মধ্যে পুনর্ব্বার প্রবেশ করিতে হইল, সেই সময়ে টাইটস নানা প্রকারে সাহস ও যুদ্ধবিদ্যার নৈপুণ্য প্রকাশ করিতে লাগিলেন।

২৭ পরন্তু জিরুশালেম নগরের এক দিক্ শৈলদ্বারা রুদ্ধ এবং অন্যান্য দিক্ প্রাচীর ত্রয়ে বেষ্টিত ছিল. টাইটস প্রথমে কাষ্ঠময় যন্ত্র দ্বারা বহির্ভাগস্থ প্রাচীর ভগ্ন করিবার চেষ্টায় কষ্ট ও আপদ্গ্রস্ত হইয়া তাহা সম্পন্ন করিলেন। কিন্তু ইহুদীয়দিগের প্রতি কোন অত্যাচার না করিয়া বরং দয়া প্রকাশ পূর্ব্বক নানা প্রকার অভয় বাক্য কহিতে লাগিলেন এবং আক্রমণারম্ভের পঞ্চ দিবস পরে দ্বিতীয় অর্থাৎ মধ্যস্থ প্রাচীর ভগ্ন করিলেন। কিন্তু আক্রান্ত ব্যক্তিরা এই সময়ে একবার পরাঙ্মুখ হইয়াছিল তথাচ যুদ্ধ স্থান পুনঃ প্রাপ্ত হইয়া ইহুদীয়দের শেষ রক্ষক অর্থাৎ অভ্যন্তরস্থ তৃতীয় প্রাচীর ভাঙ্গিবার উদ্যোগ করিতে লাগিল। ২৮ পরন্তু প্রথমতঃ তিনি ইহুদীয়দিগকে নগর রক্ষা বিষয়ে নিষ্ফল প্রয়াস পরিত্যাগার্থ সদুপদেশ দিতে তাহাদের স্বদেশীয় জোসিফসকে নগর মধ্যে প্রেরণ করিলেন; জোসিফস্ও নির্দেশানুসারে তাহাদের প্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত বিবিধ বক্তৃতা প্রভৃতি প্রয়োগ করিলেন, কিন্তু তাহারা তাঁহাকে উপহাস ও ভর্ৎসনা করত বিদায় করিয়া দিল। ২৯ ইহাতে টাইটস পূর্ব্বাপেক্ষা অধিক বল সংকলন পূর্ব্বক আক্রমণে প্রবৃত্ত হইয়া নগর মধ্যে বাণ ও প্রস্তর নিক্ষেপণার্থ নানা প্রকার ভয়ানক যন্ত্র নির্ম্মাণ করিতে আরম্ভ করিলেন, কিন্তু শত্রুরা সতর্ক হইয়া ক্রমশঃ তৎসমুদায় নষ্ট করিতে লাগিল। টাইটস অবশেষে পরামর্শ পূর্ব্বক নগরের চতু-

দিকে পরিখা খনন করিয়া বহির্ভাগ হইতে আনয়নীয় দ্রব্যাদির ও সর্ব্ব প্রকার সহায়তার পথ রোধ করিতে স্থির করিলেন। ৩০ যদিও ঐ কার্য্য আশু সম্পন্ন হইল তথাচ ইহুদীয়েরা কোন ক্রমে উক্ত যত্নে ভীত হইল না, বরং তৎকালে দুর্ভিক্ষ ও তদনুগামি মারীভয়ে তাহারদের অনেক লোক পরলোক প্রাপ্ত হইতে থাকিলেও উন্মত্ততা প্রযুক্ত রোমক পক্ষের প্রাতিকূল্য করিতে লাগিল। ৩১ অনন্তর টাইটস অনেক দূর পর্য্যন্ত নগরীয় বন পরিষ্কার এবং পূর্ব্ববৎ বহুতর মেষাগ্র প্রস্তুত করণ পূর্ব্বক অবশিষ্ট প্রাচীর ভগ্ন করিয়া পঞ্চ দিবসের মধ্যে বল দ্বারা দুর্গে প্রবেশ করিলেন। ৩২ ইহুদীয়েরা এখনও যুদ্ধের বিরুদ্ধ প্রত্যাশায় মোহিত হইয়া রহিল এবং তাহারদের প্রবঞ্চক ভবিষ্যদ্বক্তারাও ঈশ্বর অদ্যাপি সানুকূল হইবেন ইহা প্রচার করত সকলকে ভ্রমে মুগ্ধ করিয়া রাখিল। সেই সময়ে নগরীয় মন্দিরের নিকটস্থ প্রাচীরের চতুর্দ্দিগে ঘোরতর রণারম্ভ হওয়াতে ইহুদীয়েরা মন্দিরোপরি থাকিয়া সংগ্রাম আরম্ভ করিল। ৩৩ টাইটস ঐ অপূর্ব্ব অট্টালিকার রক্ষা নিমিত্ত সম্পূর্ণ রূপে সচেষ্ট ছিলেন, কিন্তু এক জন সেনা এক খান জ্বলৎ কাষ্ঠ লইয়া নিকটস্থ এক গৃহোপরি নিক্ষেপ করাতে দুর্নিবার অগ্নি ঐ মন্দিরে সংলগ্ন হইল. তাহাতে যদিও উভয় পক্ষীয় লোকেরা অনল নির্ব্বাণার্থ যৎপরোনাস্তি যত্ন করিল তথাপি ঐ সুদৃশ্য মন্দির অল্প কালের মধ্যেই দগ্ধ হইয়া ভূমিসাৎ হইল। ৩৪ ইহুদীয়েরা ঐ দেবালয়ের তাদৃক্ দুরবস্থা দর্শন করত হতোৎসাহ হইয়া পরিতাপ পূর্ব্বক কহিতে লাগিল ঈশ্বর আমাদিগকে পরিত্যাগ করিলেন। তাহারদের ক্রন্দন ও হাহাকার শব্দ নিকটস্থ পর্ব্বতে গিয়া প্রতি ধ্বনি হইতে লাগিল। ফলতঃ তাহারা জীবনাপেক্ষাও ঐ মন্দিরের অধিক আদর ও গৌরব করিত সুতরাং তাহার ভগ্ন দশা দেখিয়া ম্রিয়মাণ অবস্থায় কষ্ট ক্রমে স্ব২ মস্তক উত্তোলিত করিয়া দর্শন করত বিলাপ করিতে লাগিল। ৩৫ পরন্তু তাহারদের মধ্যে

প্রতিজ্ঞাপর লোকেরা ঈদৃশ দুর্দ্দশাতেও ক্ষান্ত হইল না; তাহারা নগরের সর্ব্বাপেক্ষা অজেয় অংশ ও পূর্ব্ব সীমাবর্ত্তি সিয়ন নামক প্রসিদ্ধ স্থানের রক্ষার্থ সচেষ্ট হইল। কিন্তু টাইটস পূর্ব্বোক্ত মেষ-যন্ত্র দ্বারা সে স্থানেও ত্বরায় অধিকার করিলেন। ৩৬ পূর্ব্বোক্ত দুই দলের কর্ত্তা জান ও সাইমন কিছুকাল গহ্বর মধ্যে লুক্কায়িত ছিল, পরে উভয়েই ধৃত হইল। টাইটস জানকে যাবজ্জীবন কারাবদ্ধ রাখিতে আজ্ঞা দিয়া সাইমনকে আপন জয়ের শোভার নিমিত্ত নিকটে রাখিলেন। অতএব জরুজেলেম নগর ছয় মাস আক্রান্ত থাকিয়া পরে একেবারে সমূলোৎপাটিত হইল, তাহার উপরি ভাগ লাঙ্গল দ্বারা এবম্প্রকারে কর্ষিত হইল যে তাহাতে নগরের কিছু মাত্র চিহ্ন রহিল না। পূর্ব্বে যীশু কহিয়াছিলেন জরুজেলেম নগরে দুই খান প্রস্তরও উপর্য্যুপরি ভাবে থাকিবে না, এক্ষণে তাহা যথার্থই ঘটিল, অপর নগরে দশ লক্ষেরও অধিক মনুষ্য আক্রমণ কালে বিনষ্ট এবং প্রায় এক লক্ষ ব্যক্তি যুদ্ধে লব্ধ হইল।

প্রশ্ন।

১ ওথোর পরে কোন ব্যক্তি রাজা হয়েন?

২ বিটেলিয়স রাজ্য প্রাপ্ত হইয়া কি ভাবে নগর প্রবেশ করেন?

৩ বিটেলিয়স নূতন পদ পাইয়া কি রূপ ব্যবহার করিয়াছিলেন?

৪ তাঁহার কুনীতির কি ফল দর্শিল?

৫ বিটেলিয়স আপন প্রতিপক্ষের অধীনতা সহজে স্বীকার করিয়াছিলেন কি না?

৬ প্রথমে কাহারা যুদ্ধারম্ভ করে?

৭ তৎপরে কি ঘটনা হইয়াছিল?

৮ বিটেলিয়সের সেনারা পরাঙ্মুখ হইলে তিনি কি রূপ ব্যবহার করিয়াছিলেন?

৯ তৎপরে আর কি আচরণ করিয়াছিলেন?

১০ তৎকালে বেস্পাসিয়ানের পক্ষীয়েরা কি নিশ্চিন্ত ছিল?

১১ যখন কাপিটল দুর্গ দগ্ধ হয় তখন বিটেলিয়স কি কার্য্যে প্রবৃত্ত ছিলেন?

১২ সাবিনসের কি দুর্গতি হইয়াছিল?

১৩ তৎপরে যে যুদ্ধ হয় তাহাতে বিটেলিয়সের পক্ষে কি ফল দর্শে?

১৪ পরাভূত রাজার কি দশা হইল?

১৫ তিনি আত্ম রক্ষার্থে যে বিনয় করিয়াছিলেন বিপক্ষ সেনারা তাহা গ্রহণ করিয়াছিল কি না?

১৬ বেস্পাসিয়ান রাজ্য প্রাপ্ত হইলে কোন বিরোধ উপস্থিত হইয়াছিল কি না?

১৭ তিনি রাজা হইবার পর প্রথমে কি২ কার্য্য করিয়াছিলেন?

১৮ রোমীয়েরা বেস্পাসিয়ানের সদ্গুণ বিষয়ে যে প্রত্যাশা করিয়াছিল তাহাতে তাহারা নিরাশ হইয়াছিল কি না?

১৯ ইহুদীয়দের বিরুদ্ধে টাইটস যে যুদ্ধ করেন তাহার কি অবস্থা হইয়াছিল?

২০ ইহুদীয়দের কি২ দুর্দশা হইয়াছিল?

২১ তাহাদের মধ্যে ঐক্যমত্য ছিল কি না?

২২ কোন২ ব্যক্তি তাহাদের বিরোধে প্রধান হইয়াছিল?

২৩ দলপতিরা কোন্ স্থানে দৌরাত্ম্য করিতেছিল?

২৪ কি রূপ উত্তম সময়ে টাইটস আক্রমণারম্ভ করিয়াছিলেন?

২৫ সে আক্রমণে কি ফল হইল?

২৬ ইহুদীয়েরা বল পূর্ব্বক আপনাদের নগর রক্ষা করিয়াছিল কি না?

২৭ টাইটস নগরাক্রমণ বিষয়ে কি২ বিশেষ উদ্যোগ করিয়াছিলেন?

২৮ টাইটস ইহুদীয়দিগকে যুদ্ধে বিরত করণার্থে তাহাদের

নিকট প্রবোধ বাক্য কহিয়া পাঠাইয়াছিলেন কি না?

২৯ ইহুদীয়েরা সেই পরামর্শ গ্রাহ্য না করাতে টাইটস কি উদ্যোগ করিয়াছিলেন?

৩০ সেই সকল উদ্যোগে ইহুদীয়েরা ভীত হইয়াছিল কি না।

৩১ টাইটস কি উপায় দ্বারা নগরাধিকার করিয়াছিলেন?

৩২ তখন ইহুদীয়েরা প্রতিযোগিতা করিতে ক্ষান্ত হইয়াছিল কি না?

৩৩ নগরীয় মন্দিরের পতন হইয়াছিল কি না?

৩৪ মন্দির বিনষ্ট হইলে ইহুদীয়দের মনে কি ভাবের উদয় হইল?

৩৫ অন্যান্য ব্যক্তিরা কোন প্রকারে প্রাতিকূল্য করিয়াছিল কি না?

৩৬ ইহুদীয়দের ও তাহাদের দলপতি দ্বয়ের কি দুর্দ্দশা হইল?

---

## ২২ অধ্যায় ১০ খণ্ড।

১ জরুজেলেম নগর অধিকৃত হইলে সেনারা সমর বিজয়ী বলিয়া টাইটসের মস্তকে রাজ মুকুট প্রদানের উদ্যম করিল, কিন্তু তিনি সুশীলতা পূর্ব্বক ঐ সম্মান গ্রহণে অসম্মত হইয়া কহিলেন জগদীশ্বর ইহুদীয়দিগের প্রতি অত্যন্ত বিমুখ হইয়া প্রত্যক্ষ রূপে ক্রোধ প্রকাশার্থ জরুজেলেম ধ্বংস বাসনায় আমাকে উপলক্ষ মাত্র করিয়াছেন। ২ যাঁহা হউক টাইটস রণ ভূমিতে কেবল প্রধান সেনাপতিত্বের কর্ম্ম নির্ব্বাহ করেন এমত নহে এক জন সামান্য যোদ্ধার ন্যায় যুদ্ধও করিয়াছিলেন; ইহাতেই রোম নিবাসি লোকেরদের মুখে তাঁহার গুণ কীর্ত্তন ভিন্ন অন্য কোন কথা ছিল না। অতএব যখন তিনি পিতার সহিত রোম নগরে আগমন করিলেন তখন নগরবাসিরা এবম্প্রকারে আনন্দ প্রকাশ করিল যে যাহার নিকটে যত বহু মূল্য ও অত্যুত্তম দ্রব্য ছিল তাঁদাগমন মহোৎসবের

শোভা বৃদ্ধির নিমিত্ত সকলই আনয়ন করিল। ৩ ঐই মহোৎসবে মন্দির হইতে বিলুণ্ঠিত বহুবিধ বহুমূল্য দ্রব্যের মধ্যে স্বর্ণের ভাগই অধিক ছিল। পরন্তু এই ব্যাপারে সমানীত যাবতীয় দ্রব্যের মধ্যে ইহুদীয়দিগের ধর্ম্ম পুস্তক অত্যন্ত শোভাকর হইয়াছিল। ৪ রোমীয়েরা ইতিপূর্ব্বে পিতা পুত্রের একদা রণজয় নয়ন গোচর করে নাই, এই কারণ উপস্থিত জয়ের স্মরণার্থ একটা কাষ্ঠ বিহীন ইষ্টকালয় অর্থাৎ খিলানময় গৃহ নির্ম্মাণ করিয়া তদুপরি টাইটসের বিজয় বৃত্তান্ত লিখিয়া দিল, সেই সৌধ অদ্যাবধি বিদ্যমান আছে।

৫ কথিত আছে বেস্পাসিয়ান কখন২ অনুচিত কর গ্রহণ করিতেন, তজ্জন্য তাঁহার দাতৃত্ব প্রভৃতি অসংখ্য সদ্গুণ সত্ত্বেও ধন লোভী এবং সর্ব্বগ্রাসী বলিয়া দুর্নাম ছিল, তথাচ ইতিহাস লেখকেরা তাঁহার যাদৃশ সচ্চরিত্র বর্ণনা করিয়াছেন অন্যান্য ভূপতিগণ তাদৃশ প্রশংসা ভাজন হয়েন নাই।

৬ তিনি প্রজাপুঞ্জের অনুরক্ত ও প্রিয় পাত্র হইয়া দশ বৎসর রাজত্ব করণানন্তর কেম্পেনিয়া নগরে সাংঘাতিক রোগগ্রস্ত হইলেন। ৭ অতএব অন্তিম কাল নিকটবর্ত্তি দেখিয়া গাত্রোত্থানের চেষ্টা করত উচ্চস্বরে কহিলেন নৃপতিদের দণ্ডায়মানাবস্থায় মৃত্যু হওয়া উচিত। অনন্তর নিকটস্থ লোকেরা তাঁহাকে ধরিয়া তুলিলে তিনি তাহাদের বাহু অবলম্বন করত তদবস্থায় দেহ ত্যাগ করিলেন।

৮ খ্রীষ্টীয় ৭৯ শকে রোমীয়েরা মহা আহ্লাদ পূর্ব্বক টাইটসকে রাজ্যাভিষিক্ত করিল * তিনিও মনুষ্যত্ব ও রাজ ধর্ম্মানুসারে ধর্ম্মপরায়ণ হইয়া রাজ্য শাসন আরম্ভ করিলেন। পিতার জীবদ্দশায় নিষ্ঠুর কামী ও অপব্যয়ী থাকাতে তাঁহার দুর্নাম ছিল, এক্ষণে সিংহা-

---

* স্যটোনিয়স ইতিহাস লেখক লেখেন টাইটসের পূর্ব্বতন কদাচার হেতু লোকেরা তাঁহার রাজ্যাভিষেকে আদৌ ভীত হয় পরে তাঁহার সদ্ব্যবহার দর্শনে তাহাদের সে ভয় দূর হইয়াছিল।

সনাধিরূঢ় হইয়া অবধি পূর্ব্ব দোষ পরিত্যাগ করত পবিত্র আচরণ ও মনুষ্যত্ব বিষয়ের দৃষ্টান্ত স্থল হইলেন। ১ প্রজা পুঞ্জের প্রিয় পাত্র হইবার প্রত্যাশায় প্রথমতঃ ইন্দ্রিয় দমন ও অনুচিতেচ্ছা বিসর্জ্জন করিতে চেষ্টা করেন। ১১ জুডিয়া দেশের রাজা অগ্রিপার বর্ণিশ নাম্নী ভগিনী পরমা সুন্দরী, ও অতি মনোহরা ছিল, টাইটস বহু কালাবধি তদীয় প্রেমাসক্ত ছিলেন এবং সেই প্রমদাও তদনুরাগিণী হইয়া প্রণয় বাসনা ব্যক্ত করিত. কিন্তু ঐ রমণী সহবর্ত্তিনী থাকাতে রোম নগরস্থ লোকদের অসন্তোষ আছে জানিয়া তিনি তদীয় প্রেমানুরাগ পরিত্যাগ করিলেন। অপর বর্ণিশ বিচ্ছেদ ভয়ে ভীতা হইয়া তন্নিবারণে যথেষ্ট যত্ন করিলেও তাহাকে পিত্রালয়ে পাঠাইয়া দিলেন। অধিকন্তু পূর্ব্বে যে সকল ব্যক্তিকে যত্ন পূর্ব্বক আমোদকর ব্যাপারে সহচর করিয়াছিলেন তাহাদিগকে বিদায় করিতে লাগিলেন। ১১ এইরূপে পরিমিতাচার, সদ্বিচার ও দান শীলতাতে প্রবৃত্ত হইয়া তাবৎ সল্লোকের প্রিয় পাত্র হইলে লোকেরা তাঁহার সকল কার্য্যে সন্তুষ্ট হইয়া তাঁহাকে লোকানন্দ উপাধি প্রদান করিল।

১২ পূর্ব্ব রাজাদের অতিশয় অশাসন ও স্বেচ্ছাচার ছিল, তাহাতে দুষ্ট লোকেরদের অত্যন্ত বৃদ্ধি হইয়াছিল, তাহারদিগকে দমন না করিলে কোন মতে রাজ্যের মঙ্গল হইতে পারিত না, অতএব টাইটস গুপ্ত চর, মিথ্যা সাক্ষি, এবং কলহ বর্দ্ধকদিগের দণ্ড প্রদানার্থ যত্নবান হইলেন এবং সেই যত্নের ফল দিনং দর্শাইতে লাগিলেন। ১৩ তথা, কোনং ব্যক্তিকে রাজবর্ত্মে বেত্রাঘাত করিতে, কাহাকেও কেলি গৃহের মধ্য দিয়া মৃত্তিকায় আকর্ষণ পূর্ব্বক অশেষ ক্লেশ প্রদান দ্বারা রাজ্যান্তর্বর্ত্তি জন শূন্য স্থানে নির্বাসন করিতে, এবং কাহাকেও বা দাস রূপে বিক্রয়ার্থ আজ্ঞা দিতে লাগিলেন। ১৪ তাঁহার শিষ্টতাচার ও পরোপকারিতা গুণের ব্যাখ্যা খ্রীষ্টিয়ান ইতিহাস লেখকেরাও, করিয়াছেন। তাঁহার প্রধান নিয়ম এই ছিল যে কোন আবেদককে অসন্তুষ্ট করিয়া বিদায় করিতেন না। হঠাৎ এক

দিন রজনীতে তাঁহার মনে উদয় হইল অদ্য দিবস কাহারও উপকার করি নাই অতএব উচ্চস্বরে কহিয়া উঠিলেন আমার এক দিন বৃথা গত হইল।

১৫ তাঁহার রাজ্যাভিষেকের প্রথম বৎসরে বিসুবিয়স্ নামক আগ্নেয় পর্ব্বত হইতে অনল নিঃসৃত হইয়া অনেক নগর দগ্ধ করে * তাহার ভস্ম পঞ্চাশৎ ক্রোশেরও অধিক দূর বেগে গমন করিয়াছিল। এই চিরস্মরণীয় দুর্ঘটনার সময় পদার্থ বিদ্যা বেত্তা প্লিনি নামা এক ব্যক্তি প্রজ্বলিত অগ্নি দর্শন করিবার বাসনায় অত্যন্ত নিকটে গমন করিয়াছিলেন তাহাতে শ্বাস বদ্ধ হওয়া পঞ্চত্ব প্রাপ্ত হয়েন। ১৬ এই উপদ্রবে ও অন্যান্য দুর্ঘটনায় রোমীয়-দিগের যে দুর্দ্দশা হয় এগ্রিকোলা কর্ত্তৃক ব্রিটন দেশ পরাজিত হইলে তাহার কিঞ্চিৎ প্রতীকার হইয়াছিল। সেই সক্ষম সৈন্যাধ্যক্ষ ভেস্পাসিয়ানের শাসনের শেষাবস্থায় ব্রিটন দেশে প্রেরিত হইয়া তদ্দেশস্থ অনধীন লোকদিগকে দমন করিতে ও যাহারা পূর্ব্বে রোমীয়-দের অধীনত্ব স্বীকার করিয়াছিল তাহাদিগকে সভ্য করিতে সমান ভাবে যত্নবান হইয়াছিলেন। ১৭ ওএল্‌স প্রদেশের উত্তরাংশ নিবাসি ওর্ডোবাইস নামক জাতীয়েরা প্রথমে পরাজিত হয়। তৎপরে তিনি আংগ্লিসি উপদ্বীপ আক্রমণ করিলেন, তন্নিবাসি লোকেরা বিনা যুদ্ধেই অধীনতা স্বীকার করে। ১৮ এইরূপে সমু-

---

* খ্রীষ্টীয় ৭৯ শকে এই দুর্ঘটনা হয়, ইহাতে হর্কিউলেনিয়ম ও পাম্পিয়াই প্রভৃতি অনেক বর্দ্ধিষ্ণু নগর ধ্বংস হইয়াছিল, ঐ সকল নগর ১৬০০ বৎসরের অধিক কাল আগ্নেয় পর্ব্বত নিঃসৃত দ্রবীভূত ধাতু নিস্রবে মগ্ন থাকিয়া ১৮০০ শকের আরম্ভে কূপাদি খনন কালে প্রকাশিত হয় এবং তন্মধ্যস্থ গৃহাদি হইতে মূর্ত্তি, লিখিত পুস্তক ও পট প্রভৃতি উত্তম২ দ্রব্য পাওয়া যায়, তাহাতে প্রাচীন লোকদিগের নানা বিদ্যায় নৈপুণ্য সপ্রমাণ হয়।

কয় ব্রিটন দেশ হস্ত গত করিয়া নিজ সেনাদিগকে সুনীতিযুক্ত ও পরাজিত ব্যক্তিদিগকে সভ্য করণার্থ নানা উপায় করিয়াছিলেন। অপর বিবিধ পরামর্শ ও দৃষ্টান্ত প্রদর্শন পূর্ব্বক মন্দির, কেলি গৃহ, এবং অট্টালিকাদি নির্ম্মাণ নিমিত্ত তাহাদের প্রবৃত্তি প্রদান করেন আর ব্রিটন দেশস্থ কুলীনগণের সন্তানদিগকে উত্তম২ বিদ্যা ও লাটিন ভাষা শিক্ষা করাইতে এবং রোমীয়দের ন্যায় পরিচ্ছদ ও শারীরিক নিয়মাদির ব্যবহার করাইতে যত্নবান হয়েন। ১৯ অতএব ঐ অসভ্য জাতীয়েরা ক্রমে২ জয়ি ব্যক্তিদের সুখ ভোগিতার নিয়ম গ্রহণ বরঞ্চ তাহাদের অপেক্ষাও অধিক সুখাসক্ত হইল। ২০ ব্রিটন দেশ জয় হওয়াতে টাইটস পঞ্চদশ বারীয় ইম্পিরেটর উপাধি প্রাপ্ত হইলেন * কিন্তু এই সম্ভ্রম জাত করিয়া অধিক দিন জীবিত রহিলেন না. রোম নগরের কিয়দ্দূরবর্ত্তি এক স্থানে অচিরে জ্বর রোগে মৃত্যুর বশতাপন্ন হইলেন। তাঁহার পরলোক প্রাপ্তি হইলে লোকেরা সন্দিহান হইয়া এই কহিতে লাগিল তাঁহার ভ্রাতা ডমিশিয়ান রাজ্য লাভের লোভে হালাহল সেবন করাইয়া তাঁহাকে নষ্ট করিয়াছে। সে যাহা হউক টাইটস দুই বৎসর দুই মাস বিংশতি দিন রাজত্ব করিয়া এক চত্বারিংশৎ বৎসর বয়ঃক্রমে লোকান্তর প্রাপ্ত হইলেন।

২১ ডমিশিয়ান রাজত্ব প্রাপ্ত হইয়া যে রূপ দয়া দাক্ষিণ্য এবং সদ্বিচার পূর্ব্বক প্রজা পালন করিতে লাগিলেন তাহাতে প্রথমতঃ সর্ব্ব প্রকার লোকের সন্তোষ জন্মিল। ২২ কিন্তু তাঁহার স্বাভাবিক বিকৃতি ভাব শীঘ্রই ব্যক্ত হইল। তিনি নিজ পিতা ও ভ্রাতার ন্যায় শাস্ত্র বিদ্যার অনুশীলন না করিয়া বরঞ্চ তাহাতে নিতান্ত অমনো-

* রোমীয়দের মধ্যে ইম্পিরেটর উপাধি অতিশয় সম্ভ্রম সূচক। প্রথমতঃ রোমীয় সৈন্যেরা জয়ি সেনাপতিদিগকে ঐ উপাধি প্রদান করিত পরে সেনেট সভ্যেরা অন্যান্য যোগ্য ব্যক্তিকেও দিতে আরম্ভ করেন।

যোগী হইয়া নীচ কার্য্যে বিশেষতঃ ধনুর্ব্বিদ্যা ও দ্যূত ক্রীড়ায় যত্নবান হইলেন। ২৩ পরন্তু ধনুর্ব্বিদ্যায় ঈদৃক্ দক্ষ হইয়াছিলেন যে সর্ব্বদা আপনার এক জন ভৃত্যকে দূরে হস্ত বিস্তার পূর্ব্বক দণ্ডায়মান করাইয়া বাণ নিক্ষেপ করিতেন তাহাতে সেই বিশিখ সকল তাহার অঙ্গুলীর মধ্য দিয়া গমন করিত কিন্তু হস্ত স্পর্শ করিত না। ২৪ অপর, প্রতি পঞ্চ হায়নান্তরে অশ্বারোহণ এবং মল্ল ক্রীড়ার নিয়ম করিয়াছিলেন তাহাতে শ্রেষ্ঠত্বে প্রতিষ্ঠিত ব্যক্তিদিগকে যথেষ্ট পারিতোষিক দিতেন, কিন্তু বিজ্ঞান ও অঙ্ক শাস্ত্র বেত্তাদিগকে রোম নগর হইতে বহিষ্কৃত করিয়া দেন। ২৫ পূর্ব্বতন কোন ভূপাল সাধারণ লোকদের সন্তোষের কারণ এতাদৃক্ বহু ব্যয় বিশিষ্ট ক্রীড়া করেন নাই। তিনি ধূম্রবর্ণ রাজ বস্ত্র ও মুকুট পরিধান পূর্ব্বক জুপিটর ও কেপিটলার মঠস্থ পুরোহিত বর্গে বেষ্টিত হওত সভাধ্যক্ষের আসনে উপবিষ্ট হইয়া ঐ কৌতুক দর্শন করিতেন এবং ক্রীড়কদিগকে পুরস্কার দিতেন ২৬ অপর জনতা সন্নিধানে যাদৃশ আড়ম্বর ও আনন্দ প্রকাশ করিতেন নির্জ্জনেও তাদৃক্ জঘন্য আমোদে কাল ক্ষেপ করিতেন অর্থাৎ একাকী থাকিলে মক্ষিকা ধরিয়া সূচীর অগ্রে বিদ্ধ করিতেন। একদা কোন ব্যক্তি তাঁহার এক জন ভৃত্যকে জিজ্ঞাসা করিয়াছিল রাজা কি একাকী আছেন, তাহাতে ঐ দাস উত্তর করে হাঁ আছেন, মক্ষিকাও তাঁহার সমাভিব্যাহারে নাই। ২৭ এইরূপে বিবিধ দুষ্কর্ম্মে রত হইয়া দিন২ কেবল ঐ সকলের বৃদ্ধি করিতে লাগিলেন, বিশেষতঃ এগ্রিকোলার প্রতি কৃতঘ্নতাচরণ করাতেই তাঁহার দুঃশীলতার প্রচুর প্রমাণ প্রকাশ পাইল। ২৮ অপিচ তিনি এক সমরীয় গৌরব লাভের অভিলাষ করিতেন, সুতরাং অন্য জনে তাদৃশ সম্ভ্রম অর্জ্জিত হইলে দ্বেষ প্রকাশ করিতেন। একদা জর্ম্মেনির কেটাই জাতীয়দের বিরুদ্ধে যুদ্ধার্থ নিজে যাত্রা করিয়া ঐ দেশে গিয়াছিলেন, কিন্তু শত্রু সংগ্রামে সাক্ষাৎ না হইতেই প্রত্যাগমন পূর্ব্বক জয় সূচক সম্ভ্রম প্রার্থনা করত কতিপয় দাস ক্রয় করেন

তাঁহাদিগকে অর্মনীয় পরিচ্ছদ পরিধান করাইয়া তাহাদের অগ্রে রোম নগরে প্রবেশ করিলেন। এই ব্যবহারে যদিও প্রজারা তাঁহার প্রতি অবজ্ঞা করিল তথাপি মৌখিক আহ্লাদ প্রকাশ ও জয় ধ্বনি করিয়াছিল।

প্রশ্ন।

১ জরুজেলেম নগর জয় করিয়া টাইটস দম্ভ প্রকাশ করিয়াছিলেন কি না?

২ রোম নগর বাসিরা টাইটস্‌কে কি রূপে আহ্বান করিয়াছিল?

৩ বিলুণ্ঠিত দ্রব্যের মধ্যে কিং বহু মূল্য ও আদরণীয় হইয়াছিল?

৪ এই জয়ের মধ্যে অসাধারণ কি ছিল?

৫ বেস্পাসিয়ানের কি রূপ চরিত্র ছিল?

৬ বেস্পাসিয়ান কত বৎসর রাজত্ব করিয়াছিলেন?

৭ তিনি মৃত্যু কালে সাহস প্রকাশ করিয়াছিলেন কি না?

৮ টাইটস কি রূপে রাজ্যারম্ভ করিয়াছিলেন?

৯ কি উপায় দ্বারা তিনি প্রজাবর্গের প্রিয় পাত্র হইয়াছিলেন?

১০ সেই কারণে তিনি কোন মহৎ ক্ষতি স্বীকার করিয়াছিলেন কি না?

১১ তাঁহার অভীষ্ট সিদ্ধ হইয়াছিল কি না?

১২ তিনি কিং প্রকার দোষি লোকদের প্রতি ক্রোধ প্রকাশ করিয়াছিলেন?

১৩ তাহাদিগকে কি রূপে দমন করিয়াছিলেন?

১৪ তাঁহার কিং প্রধান গুণ ছিল?

১৫ তাঁহার রাজত্ব কালে কি অদ্ভুত ঘটনা হইয়াছিল এবং তদ্দ্বারা কোন প্রধান ব্যক্তির প্রাণ বিয়োগ হয়?

১৬ কি২ জয় দ্বারা উক্ত দুর্ঘটনা জন্য ক্ষতির প্রতীকার হইয়াছিল?

১৭ কোন্ জাতীয়দিগকে এগ্রিকোলা প্রথমতঃ পরাভূত করেন?

১৮ পরাজিত জাতীয়দিগকে সভ্য করণার্থে তিনি কি২ উপায় ও নিয়ম স্থির করিয়াছিলেন?

১৯ সে সকল উপায় সফল হইয়াছিল কি না?

২০ এই সকল জয়ের পর টাইটস অধিক কাল জীবিত ছিলেন কি না?

২১ ডমিশিয়ান রাজত্বারম্ভ কালে কি রূপ সদ্গুণ প্রকাশ করিয়াছিলেন?

২২ তাঁহার সদ্ব্যবহার দীর্ঘ কাল স্থায়ী ছিল কি না?

২৩ তিনি কোন্ বিদ্যায় অতি নিপুণ হইয়াছিলেন?

২৪ তিনি শাস্ত্রবোদ্ধা ও বিদ্যোৎসাহী ছিলেন কি না?

২৫ তিনি ক্রীড়া কৌতুক সম্পাদন কালে কি রূপ আড়ম্বর করিতেন?

২৬ নির্জ্জনাবস্থায় কি কর্ম্মে নিযুক্ত থাকিতেন?

২৭ তাঁহার স্বভাবের বিষয়ে কিছু প্রকাশ পাইয়াছিল কি না?

২৮ তিনি কি রূপ উপায় দ্বারা যুদ্ধ গৌরব প্রাপ্তির চেষ্টা করিলেন?

---

## ২২ অধ্যায় ১১ খণ্ড।

১ এগ্রিকোলা ব্রিটন দেশে জয় প্রাপ্ত হওয়াতে তাঁহার প্রতি ডমিশিয়ানের অত্যন্ত ঈর্ষা হইল। ঐ শ্রেষ্ঠতম সেনাপতি রণ জয়ী হইয়া তৎপরেই * কালিডোনিয়নদিগকে এবং ব্রিটন জাতীয় ত্রিংশৎ

---

* স্কটল্যাণ্ড প্রদেশের প্রাচীন লোকদের নাম কালিডোনিয়ন এবং তৎ প্রদেশের নাম কালিডোনিয়।

সহস্র সৈন্যের অধ্যক্ষ গাল্‌গেকস্‌কে ক্রমে পরাজিত করিলেন। অপর সমুদ্র তট রক্ষার্থ স্থানেং অর্ণব পোত প্রেরণ পূর্ব্বক ব্রিটন দেশের উপদ্বীপত্ব প্রকাশ করিলেন। অনন্তর আর্কিনী* নামক উপদ্বীপ সমূহ প্রকাশ করিয়া পরাজয় করত রোম রাজ্যের অন্তর্গত করিলেন। ২ এগ্রিকোলার এই সকল কৃত কার্য্যের সংবাদ ডমিশিয়ানের নিকট সমাগত হইলে তিনি মৌখিক আহ্লাদ প্রকাশ করিলেন কিন্তু অন্তঃকরণে অতিশয় অসুখী হইলেন কারণ তাঁহার এই ভাবনা হইল এগ্রিকোলার সুখ্যাতি ক্রমে বৃদ্ধিশীল হইলে আমার অতুল্য যশঃ গ্লানি হইতে পারিবে অতএব ঐ সকল কৃত কার্য্যের নিমিত্ত যথাযোগ্য পুরস্কার প্রদান দ্বারা তাঁহার উৎসাহ বৃদ্ধি না করিয়া বরং কৌশল ক্রমে তদীয় পৌরুষ গোপনের যত্ন করিলেন ৩ তিনি এই অভিপ্রায়ে এগ্রিকোলার বাহ্য সম্ভ্রম বৃদ্ধির নিমিত্ত জয়োল্লাস সূচক আভরণ এবং মর্য্যাদার চিহ্ন প্রতিমূর্ত্ত্যাদি নির্মাণের আজ্ঞা দিয়া তাঁহাকে সিরিয়া দেশের অধিপতিত্ব পদে নিযুক্ত করিবার ছলে তাঁহার হস্ত হইতে সৈন্যাধ্যক্ষতার ভার প্রত্যাহরণ করিলেন। ৪ এগ্রিকোলা মহারাজের ইচ্ছানুসারে সৈন্যাধ্যক্ষতার ভার সাল্‌সটিয়স্‌ লুকলসের হস্তে সমর্পণ করিয়া পরে অবগত হইলেন সিরিয়ার অধিপতিত্ব কর্ম্মও অন্যের প্রতি অর্পিত হইয়াছে। অতএব তিনি রাত্রি যোগে সংগোপনে রোম নগরে প্রত্যাগমন পূর্ব্বক রাজার সঙ্গে সাক্ষাৎ করিলেন কিন্তু অধিরাজ তৎকালে অতিশয় অনাদর পূর্ব্বক তাঁহার সহিত আলাপ করিলেন। এই ব্যাপারের

---

* অর্কিনী উপদ্বীপ সমূহের নাম পূর্ব্ব কালে আর্কেডিস ছিল ঐ উপদ্বীপের সংখ্যা সমুদয়ে ত্রিংশৎ, তন্মধ্যে ষড়্‌বিংশতি উপদ্বীপে লোকালয় আছে, এই সকল উপদ্বীপ স্কটল্যাণ্ডের উত্তরাংশে স্থাপিত, তন্মধ্যে যে সকল মানব বসতি করে তাহাদের সংখ্যা প্রায় ২৪ সহস্র।

কিয়ৎ কাল পরেই এগ্রিকোলার মৃত্যু হওয়াতে সকলে অনুমান করিল রাজার আদেশেই তাঁহার প্রাণ হত্যা হইয়াছে।

৫ কিয়ৎ কাল পরে চতুর্দ্দিকস্থ অসভ্য জাতীয়েরা রাজ্যের নানা স্থানে আক্রমণারম্ভ করিল তাহাতে ডমিশিয়ান অনুতাপ পূর্ব্বক কহিতে লাগিলেন এক্ষণে এগ্রিকোলা জীবিত থাকিলে অনায়াসে এই সকল উপদ্রবের দমন হইতে পারিত। ইউরোপস্থ সারমেশিয়ান * জাতীয়েরা আসিয়াস্থ সারমেশিয়ানদিগের সহিত মিলিত হইয়া আক্রমণ করত এক সম্প্রদায় রোমীয় সৈন্য এবং এক জন সেনাপতিকে একেবারে নষ্ট করিল। তদনন্তর ডেশিয়ানদের † রাজা ডিসিবেলস্ রোমীয়দিগকে আক্রমণ করিয়া অনেকবার পরাভব করিল। ৬ অবশেষে রোমীয়েরা ঐ সকল অসভ্য জাতীয়দিগকে কখন বল দ্বারা কখন বা অর্থ দ্বারা প্রতিরোধ করিতে লাগিলেন, কিন্তু ঐ অর্থ লাভ বলেই তাহারা ভবিষ্যৎ কালে পুনর্ব্বার রোম রাজ্য আক্রমণ করিতে সম্যক্ প্রকারে সক্ষম হইল। ৭ শত্রুরা যে কোন প্রকারে পরাঙ্মুখ হউক ডমিশিয়ান প্রতি বারেই জয় মর্য্যাদা গ্রহণ করিতে ত্রুটি করেন নাই। তিনি অতিশয় আড়ম্বর পূর্ব্বক রোম নগরে পুনরাগমন করিয়া দুই বারেই বিনা জয়ে জয়ির ন্যায় আচরণ করিলেন, এবং তাহাতেও ক্ষান্ত না হইয়া যে জাতির সহিত কখনও যুদ্ধে প্রবৃত্ত হয়েন নাই তাহাদিগকেও পরাভূত করিয়াছেন এইরূপ প্রচার করত জর্মানিকস্ উপাধি গ্রহণ করিলেন।

* সারমেশিয়া দেশ বাসিদিগকে সারমেশিয়ান কহা যাইত। এই দেশ দুই অংশে বিভক্ত ছিল, যথা, ইউরোপস্থ ও আসিয়াস্থ সারমেশিয়া। কেহ২ এই দেশের নাম সিথিয়া কহে।

† ডেশিয়া দেশ নিবাসিদিগকে ডেশিয়ান কহা যাইত, ইদানীন্তন হঙ্গেরি দেশের কিয়দংশ ও ট্রান্সিলবেনিয়া এবং সমুদয় ওয়ালেকিয়া আর মালডেবিয়ার কিয়দংশ পূর্ব্বে ডেশিয়া দেশের অন্তর্গত

৮ এইরূপে ডমিশিয়ান রাজ্যস্থ লোকদের নিকট যদ্রূপ বিদ্রূপ ও গ্লানির পাত্র হইতে লাগিলেন অহঙ্কারের দিনং বৃদ্ধি হওয়াতে উত্তরোত্তর লোকেরদের কর্তৃক স্তুত ও অর্চিত হইব এই আকাঙ্ক্ষাও তাঁহার তদ্রূপ ক্রমে গুরুতর হইতে লাগিল। তিনি আপনিই লোকদিগকে বারণ করিলেন স্বর্ণ রৌপ্য ব্যতীত অন্য ধাতুর দ্বারা কেহ আমার প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিতে পাইবে না। অপর স্বয়ং ঐশ্বরীয় মর্য্যাদা গ্রহণ করত সর্ব্বত্র আজ্ঞা প্রচার করিলেন লোকেরা দেবতার প্রতি যে রূপ ভক্তিযুক্ত বাক্য প্রয়োগ করে আমার নাম লিখন বা উচ্চারণ সময়ে তদ্রূপ শ্রদ্ধা করিতে হইবেক। ৯ তাঁহার গর্ব্বাপেক্ষা নিষ্ঠুরতাও খর্ব্ব ছিল না তৎপরবশ্যেই নানা অপরাধের ছলে প্রধানং সেনেট সভ্য ও অন্যান্য মহাত্মাদিগের প্রাণ নাশ করেন; যথা ইলিয়স্ লামা * নামক এক ব্যক্তি এক প্রকার শ্লেষযুক্ত কৌতুক করিয়াছিলেন তন্মধ্যে অর্বাচীনতা বা কটুতার লেশ মাত্র ছিল না, তথাচ তিনি তজ্জন্য তাহার প্রাণ সংহার করিয়াছিলেন। অপর আকসিনস নামা এক ব্যক্তি ওথোর জন্মোপলক্ষে উৎসব করাতে তাহাকে বধ করেন। আর এক জন গণকের মুখে পাম্পোসিয়েনসের ভাগ্যে রাজত্ব প্রাপ্তির কথা শুনিয়া ঐ পাম্পোসিয়েনসের প্রাণ নাশ করেন। পূর্ব্বোক্ত সালসটিয়স লুকলস ব্রিটন দেশে তাঁহার প্রতিনিধি স্বরূপ থাকিয়া নূতন প্রকার বর্শা অস্ত্র নির্ম্মাণ পূর্ব্বক তাহাতে স্বকীয় নামাঙ্কিত করিয়াছিলেন সেই অপরাধে হত হন। অপর থেসিয়া ও প্রিস্ক নামক দুই জন জ্ঞানী বেস্পাশিয়ানের রাজ্য প্রাপ্তি বিষয়ে প্রতিকূলতা করিয়াছিলেন জুনিয়স রষ্টিকস নামক এক পণ্ডিত এক গ্রন্থ প্রস্তুত করিয়া তন্মধ্যে ঐ দুই জ্ঞানির গুণ বর্ণন করেন এই কারণে ডমিশিয়ান তাঁহার প্রাণ দণ্ড করিলেন।

* ডমিশিয়ান ইতিপূর্ব্বে ঐ কবির স্ত্রীকে লইয়া আপনি বিবাহ করিয়াছিলেন অতএব ঐ কবি স্বীয় গ্রন্থে উল্লেখিত শ্লেষযুক্ত কৌতুক সূচক বাক্যে সে কথার ইঙ্গিত করিয়াছিলেন।

১০ উত্তর জর্ম্মানি দেশের শাসন কর্ত্তা লুসিয়স আণ্টোনিয়স রোমস্থ লোকদিগের মুখে ডমিশিয়ানের অবজ্ঞা বার্ত্তা শুনিয়া সাহস পূর্ব্বক স্বদেশীয় সিংহাসন প্রাপ্তি নিমিত্ত যত্ন করিতে লাগিলেন এবং স্বয়ং রাজচিহ্ন সূচক ধ্বজা প্রভৃতি ব্যবহার করিতে আরম্ভ করিলেন। ১১ লুসিয়স আণ্টোনিয়সের অধীনে বহু২ বলবান যোদ্ধা ছিল ইহাতে তাঁহার পরাভব অনেক কাল পর্য্যন্ত সন্দেহ স্থল হইয়া থাকে, কিন্তু রাইন নদী হঠাৎ বর্দ্ধিতা হইয়া জলপ্লাবন হওয়াতে সৈন্য গণ ছিন্ন ভিন্ন হইল। সেই সুযোগে রাজার সৈন্যাধ্যক্ষ নার্ম্মাণ্ডস আক্রমণ করিয়া সর্ব্বতোভাবে পরাভব করিল। কথিত আছে, ঐ যুদ্ধের দিবসেই রোম নগরে অদ্ভুত রূপে জয় সংবাদ উপস্থিত হয়। ১২ এই অল্প কাল স্থায়ি বিজয় দ্বারা ডমিশিয়ানের নিষ্ঠুরতা আরও বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল। বিপক্ষ পক্ষীয়দের সহিত যে২ ব্যক্তির সদ্ভাব ছিল, তিনি তাহা ব্যক্ত করণার্থ নূতন২ যন্ত্রণা দানের বিধান করিলেন এবং যে সকল ব্যক্তিকে প্রতিপক্ষ বলিয়া সন্দেহ করিলেন তাহাদের কাহার হস্ত ছেদন কাহার বা শরীর মধ্যে অগ্নি প্রবেশ করাইতে লাগিলেন। ১৩ এই প্রকার নিষ্ঠুরতাচরণের সময় ভণ্ডতা ব্যবহার করত আত্ম পাপের আরও বৃদ্ধি করিলেন, ফলতঃ মৌখিক দয়া ও শীলতা পূর্ব্বক ভূমিকা না করিয়া তিনি কোন ব্যক্তির প্রতি দণ্ডাজ্ঞা করিতেন না, যে দিবস নিজ বাটীর অধ্যক্ষকে ক্রুশ যন্ত্রে নিহত করেন তৎপূর্ব্ব রাত্রিতে তাহার সহিত অত্যন্ত স্নেহ পূর্ব্বক ব্যবহার করিয়া তাহার আহারার্থ আপনার খাদ্য মাংস পাঠাইয়া দেন। অপর যে দিবস আরিটাইনস্ ক্লিমেন্সকে হত্যা করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন সেই দিবসেই তাহাকে আপনার সহিত একত্র নিজ চতুর্দ্দোলোপরি লইয়া যান। ১৪ পরন্তু সেনেট সভ্য ও কুলীনবর্গের প্রতি বিশেষ রূপে ভয়ানক হইয়াছিলেন যেহেতু সর্ব্বদাই এই ভয় প্রদর্শন করাইতেন তাঁহাদের বংশ একেবারে নির্ম্মূল করিবেন। একদা সসৈন্য হইয়া সেনেট সভ্যগণকে বেষ্টন করাতে তাঁহারা অত্যন্ত

শঙ্কাযুক্ত হইয়াছিলেন। ১৫ আর এক বার কেবল আমোদাভিলাষে তাহাদিগকে অন্য প্রকারে ভয় প্রদর্শন করেন, যথা, এক বার তাহাদিগকে এক বৃহৎ ভোজে নিমন্ত্রণ করিয়াছিলেন, তাঁহারা আগমন করিলে রাজবাটীর সম্মুখ-দ্বারে দণ্ডায়মান হইয়া সকলকে সমাদর পূর্ব্বক অভ্যর্থনা করিলেন। পরে তাঁহাদিগকে সমভিব্যাহারে লইয়া এক প্রকাণ্ড গৃহ মধ্যে প্রবেশ করিলেন; ঐ আগারের চতুর্দিকে কেবল কৃষ্ণ বর্ণ বস্ত্র দোলায়মান ছিল, ভূতাবদ্দর্শনে ভয়োৎপাদন নিমিত্ত তথায় কয়েকটী ক্ষীণ শিখাযুক্ত প্রদীপ জ্বলিতেছিল, আর ঐ ভবনের চতুষ্পার্শে শব রাখিবার যে সকল সিন্দুক সজ্জিত ছিল তৎ সমুদায়ের উপর একং জন সেনেট সভ্যের নাম লিখিত ছিল তদ্ভিন্ন ঐ গৃহের স্থানেং হত্যা করণের অস্ত্র ও অন্যান্য ভয়ানক দ্রব্যাদি পড়িয়াছিল। ১৬ অতএব নিমন্ত্রিত ব্যক্তিরা ঐ সদনে প্রবেশ করিয়া তদ্ভাবদ্দর্শনে ভয়ে স্তব্ধ হইতে লাগিলেন অধিকন্তু ঐ সময় কতিপয় ব্যক্তি স্বং গাত্রে মসী লেপন পূর্ব্বক এক হস্তে নিষ্কোষিত খড়্গ ও অন্য করে প্রজ্বলিত উল্কা গ্রহণ পূর্ব্বক ঐ আগারে প্রবেশ করত তাঁহাদিগকে বেষ্টন করিয়া নৃত্য করিতে লাগিল। ১৭ সেনেট সভ্যেরা ডমিশিয়ানের নিষ্ঠুর স্বভাব বিলক্ষণ রূপে অবগত ছিলেন অতএব এই ব্যাপার দর্শনে আপনাদের সদ্যো মৃত্যু নিশ্চয় করিতে লাগিলেন। এই সময়ে এক জন ভৃত্য দ্বার বিবৃত করিয়া গৃহাভ্যন্তরে প্রবেশ পূর্ব্বক তাঁহাদিগকে সংবাদ দিল মহারাজ আপনাদিগকে প্রস্থান করিতে আজ্ঞা করিলেন।

১৮ লোকেরা কামুক ও লোভী বলিয়া তাঁহাকে ঘৃণা করিত; তিনি প্রাণি হত্যার আজ্ঞা দিয়া তাহা দর্শন করত আমোদে প্রস্থান করিয়া বেশ্যাগণ সহিত স্নানাগারে স্নান করিতে যাইতেন। ১৯ রাজত্বের শেষ কালে এই দুরাত্মা রাজার নিষ্ঠুরতা পূর্ব্বাপেক্ষা গুরুতর হইল। নিরো নৃশংস ছিলেন বটে কিন্তু নিষ্ঠুরতার কার্য্য স্বয়ং দর্শন করিতেন না। পরন্তু ডমিশিয়ানের শাসন সময়ে রোমীয়দের এই

দুর্দ্দশা হইয়াছিল যে তাহাদিগকে ভাবৎ নিষ্ঠুর কার্য্যসকলকে নিরী- ক্ষণ করিতে হইত এবং রাজাও স্বয়ং স্বীয় দৃষ্টিতে দর্শন করিতেন। ফলতঃ তাঁহার চিত্তে কোন মতে দয়ার উদয় না হয় এই অভিপ্রায়ে নিরন্তর সুরা পানে উন্মত্তাবস্থায় থাকিয়া দণ্ডাজ্ঞা প্রদান করিতেন এবং যন্ত্রণা বৃদ্ধির নিমিত্ত কোন উপায় প্রকাশ হইলে আহ্লাদ প্রকাশ করিতেন।

২০ কিন্তু পরিশেষে পশ্চাল্লিখিত মতে এই দুরাত্মার দৌরাত্ম্য সমাপ্ত হইল। তিনি যে সকল লোকদিগের প্রতি আদর অথচ সন্দেহ করিতেন তন্মধ্যে তাহার ভার্য্যা ডমিশিয়াও ছিলেন, ঐ রমণীকে তাহার পূর্ব্ব স্বামি ইলিয়স লামার নিকট হইতে বল দ্বারা অপহরণ করিয়া নিজ মহিষী করেন। ২১ ডমিশিয়ানের এই স্বভাব ছিল যখন যাহাকে নিহত করিবার মনস্থ করিতেন তখনই তাহাদের নাম ক্ষুদ্র২ ফলকের উপর লিখিয়া সাবধানে আপন সঙ্গে রাখি- তেন। দৈবাৎ এক দিন ঐ সকল ফলক ডমিশিয়ার লোচন গোচর হওয়াতে বিনাশার্থ স্থিরীকৃত লোকদিগের নাম মধ্যে স্বীয় নাম পাঠ করিয়া বিস্ময়াপন্ন হইলেন। ২২ পরে নারবেনস্ এবং পিট্রোনি- য়স নামক বিচারাধ্যক্ষদিগকে তাহা দেখাইলেন তাঁহারাও তন্মধ্যে আপনং নাম দেখিতে পাইলেন, পরে রাজ বাটীর অধ্যক্ষ ষ্টিফে- নস্‌কেও দেখাইলেন তাহাতে তিনিও তাহাদের ন্যায় রাজ প্রাতি- কূল্যে মন্ত্রণা করিতে উদ্যোগী হইলেন। অনন্তর সকলে সেপটেম্বর মাসের অষ্টাদশ দিবসে রাজাকে সংহার করিতে স্থির করিলেন। ২৩ ঐ দিবস প্রাতঃকালে রাজা স্নানাগারে গমনের উদ্যোগ করিতেছিলেন সেই সময়ে তাঁহার পরিচারক পিট্রোনিয়স আসিয়া কহিল ষ্টিফেনস্ কোন বিশেষ গোপনীয় কথা নিবেদন করিবার নিমিত্ত মহারাজের সন্নিধানে আসিতে বাসনা করেন, ইহাতে রাজা নিকটস্থ পরিচারক ব্যক্তিদিগকে স্থানান্তর হইতে আজ্ঞা করিলে ষ্টিফেনস্ আপন হস্তে সাতিশয় বেদনা হইয়াছে এই ছলে উত্তরীয় বসন

মধ্যে তাহা স্থাপন পূর্ব্বক তন্মধ্যে এক ছুরিকা লুক্কায়িত করিয়া গৃহ মধ্যে প্রবেশ করিলেন। তিনি পূর্ব্বাবধি এই অভিপ্রায়ে এ রূপে উত্তরীয় মধ্যে হস্ত রাখিতে অভ্যাস করিয়াছিলেন যে লুক্কায়িত হস্তে অস্ত্র থাকিলে কেহ দেখিতে না পায়, কারণ অস্ত্রধারী হইয়া রাজ সমীপে যাইবার অনুমতি ছিল না। ২৪ ষ্টিফেনস্ রাজসন্নিধানে গিয়া এক বিষয়ের প্রসঙ্গ করত এই কথারম্ভ করিলেন মহারাজের প্রতিকূলে যেং মন্ত্রণা হইয়াছে এই কাগজে তৎসমুদায় লিখিত আছে। তাহাতে রাজা অতিশয় ব্যগ্রতা ও মনঃ সংযোগ পূর্ব্বক ঐ কাগজ পাঠ করিতে লাগিলেন, এই অবকাশে তিনি অস্ত্র বহির্গত করিয়া যথাসাধ্য বল প্রকাশ পূর্ব্বক রাজার উপর আঘাত করিলেন, কিন্তু সে আঘাত সাংঘাতিক না হওয়াতে রাজা তাঁহাকে ধরিয়া ভূমিতে ফেলিয়া দিলেন এবং সহায়তার নিমিত্ত চীৎকার করিতে লাগিলেন; পরন্তু তাঁহার রক্ষার্থ কেহ আসিল না। পরে পার্থিনিয়স্ আপনার এক জন খড়্গধারী দাস ও দুই জন সামান্য সৈন্যাধ্যক্ষকে সমভিব্যাহারে লইয়া দ্রুতবেগে নিকট গমন পূর্ব্বক ত্বরায় রাজাকে শমন ভবনে প্রেরণ করিল। কিন্তু ষ্টিফেনস্ প্রহরিগণ কর্ত্তৃক ধৃত হইয়া নিহত হইলেন; তদ্ভিন্ন অন্যান্য ষড়যন্ত্রকারিরা গোলযোগে পলায়ন করিল।

২৫ আপোলোনিয়স টাইএনিয়স্ নামা এক ব্যক্তি ঐ ঘটনার সময় ইফিসসে ছিলেন, কোনং ইতিহাস লেখক তাঁহার বিষয়ে যে প্রকার বর্ণনা করেন তাহা সম্ভব বোধ হয় না, কোনং ব্যক্তি তাঁহাকে ভোজ বিদ্যায় পারগ, কেহ বা জ্ঞানপ্রবীণ, কহিয়াছে, কিন্তু তাঁহাকে প্রবঞ্চক কহাই উচিত হয়। যে সময় ডমিশিয়ান আহত হইয়াছিলেন তখন ঐ ব্যক্তি নগরীয় এক উদ্যান মধ্যে থাকিয়া ছাত্রদিগকে উপদেশ দিতেং হঠাৎ কহিয়া উঠিলেন "ভাল ষ্টিফেনস্, সাহস পূর্ব্বক আঘাত কর।"

২৬ অপর এই প্রকার কথিত আছে যে রাজার মৃত্যু বিষয়ে অনেক ভাবি লক্ষণ প্রকটিত হইয়াছিল। রোমীয় ইতিহাস লেখক-

দের বৃত্তান্তে বিশ্বাস হউক বা না হউক তাঁহারা লেখেন তাঁহার মৃত্যু সূচক অনেকানেক অদ্ভুত দর্শন ও ভাবিবাক্য প্রকাশ হইয়াছিল কিন্তু এমত ধার্ম্মিক লোকের মৃত্যু সংবাদে তাহা নিতান্ত অনুপযুক্ত। সে যাহা হউক এ বিষয়ে স্থূল কথা এই যে লোক সকল পুনর্ব্বার আদিম অসভ্যাবস্থায় পতিত হওয়াতে তাহাদের ভাবি লক্ষণাদিতে বিশ্বাস জন্মিয়াছিল কারণ মূর্খতার স্থলেই প্রতারণার বৃদ্ধি হয়।

প্রশ্ন।

১ ব্রিটন দেশে এগ্রিকোলার কি প্রকার সৌভাগ্য হইয়াছিল?

২ এগ্রিকোলার জয় সংবাদে ডমিশিয়ান কি প্রকার আচরণ করিয়াছিলেন?

৩ তাঁহার সহিত রাজা কি রূপ ব্যবহার করিয়াছিলেন?

৪ এগ্রিকোলা আপন অধীন দেশ কাহার হস্তে সমর্পণ করিলেন?

৫ তৎপরে কোন্ জাতীয়েরা রোমের অধিকৃত প্রদেশ আক্রমণ করিয়াছিল?

৬ সেই অসভ্য জাতীয়েরা অবশেষে কি উপায় দ্বারা দূরীকৃত হইয়াছিল?

৭ ডমিশিয়ান কি উপাধি গ্রহণ করিয়াছিলেন?

৮ তিনি আপন অভিমান বশতঃ নিয়মাতিক্রম করিয়া কিং অত্যাচার করিয়াছিলেন?

৯ প্রধানং রোমানদিগকে বিনষ্ট করিবার নিমিত্ত কিং প্রকারে ছিদ্রান্বেষণ করিতেন?

১০ সেই সময় কোন্ ব্যক্তি রাজ চিহ্নাদি গ্রহণ করিয়াছিলেন?

১১ লুটসিয়স্ আন্টোনিয়স কোন্ সেনাপতি দ্বারা পরাভূত হয়েন?

১২ এক্ষণে মহারাজ কি প্রকার নূতন নিষ্ঠুরাচরণ আরম্ভ করিলেন?

১৩ তিনি কি প্রকার সতর্কতা নিমিত্ত বিশেষ রূপে চিহ্নিত হইয়াছিলেন?

১৪ কোন২ ব্যক্তিদের প্রতি বিশেষ ভয়ানক হইয়াছিলেন?

১৫-১৬-১৭ তিনি এক বার কি প্রকার ভয়ঙ্কর উদ্যোগ করিয়াছিলেন?

১৮ ঐ উদ্যোগ কি সেনেট সভাদিগের বাস্তবিক বিনাশার্থ হইয়াছিল?

১৯ তাঁহার শাসনের শেষাবস্থায় নিষ্ঠুরতা পূর্ব্বাপেক্ষা গুরুতর হইয়াছিল কি না?

২০ তিনি যে২ লোককে আদর অথচ সন্দেহ করিতেন তন্মধ্যে বিশেষ ব্যক্তি কে ছিলেন?

২১ ডমিশিয়া হত্যার্থ স্থিরীকৃত ব্যক্তিদিগের নামের মধ্যে আপন নাম দেখিতে পাইয়াছিলেন কি না?

২২ ডমিশিয়া হন্তব্য ব্যক্তিদের নামের তালিকা কাহাকে দেখাইয়াছিলেন? পরে কি নির্দ্ধার্য্য হয়?

২৩ ষ্টিফেনস্ মহারাজের হত্যা করণার্থ কি উপায় করিয়াছিলেন?

২৪ মহারাজের হত্যার বিষয় বিস্তারিয়া বর্ণন কর?

২৫ ডমিশিয়ানের মৃত্যু কালীন এপলোনিয়স টাইএনিয়স ইফিসসে কি কহিয়াছিলেন?

২৬ এই সময় রোমীয়েরা আপনাদের আদিম অসভ্যাবস্থায় পুনঃ পতিত হইয়াছিলেন কি না?

---

## ২৩ অধ্যায় ১ খণ্ড।

### পঞ্চ উৎকৃষ্ট রাজার কথা।

১ ডমিশিয়ানের * হত্যার বার্ত্তা প্রচার হইলে সেনেটাধ্যক্ষেরা

---

* যে দ্বাদশ জন অধিরাজ সিজর নামে গণ্য ছিলেন তাহাদের মধ্যে ডমিশিয়ান শেষ ব্যক্তি।

তাঁহার নামে নানা প্রকার কুৎসা করিতে লাগিলেন এবং তাঁহার প্রতিমূর্ত্তি সকল স্থান ভ্রষ্ট ও স্থানে২ দ্রব্যাদিতে মুদ্রিত এবং যশঃপত্রীস্থ নাম বিলুপ্ত তথা অন্ত্যেষ্টি ক্রিয়া রহিত করিতে আজ্ঞা করিলেন। ২ সেই সময় সাধারণ লোকদের রাজ্য শাসনে বিশেষ ভার থাকাতে তাহারা তাঁহার মরণানন্তর ঐ বিষয়ে অনুরাগ বা বিরাগ কিছুই প্রকাশ করেন নাই, কিন্তু সৈনাগণ তাঁহা হইতে ভূরি২ অনুগ্রহ প্রাপ্ত ও তদীয় দানে ধনাঢ্য হইয়াছিল এ কারণ তাহারা আপনাদের উপকারে ডমিসিয়ানের ঐ২ অপমান দর্শনে মনোমধ্যে সাতিশয় খিন্ন হইল।

৩ অনন্তর সিনেটরা স্বেচ্ছা পূর্ব্বক কাহাকে রাজ্যাধিকারী করে এই আশঙ্কায় সেনেটরেরা যে দিবস উক্ত দুরাত্মা রাজা হত হইল সেই দিবসেই কক্সিয়স্ নরবাকে রাজ্যাভিষিক্ত করিলেন। * তিনি [illegible] দেশের কোন বিখ্যাত বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন এবং যখন সিংহাসনারোহণ করিলেন তখন পঞ্চষষ্টি বৎসরাধিক প্রাচীন ছিলেন। পরন্তু সম্পূর্ণ পরিমিতাচরণ, সর্ব্বত্র প্রতি সম্মান, এবং নির্দোষ ব্যবহার এই সকলের জন্যই রোমের সিংহাসন প্রাপ্ত হয়েন।

৪ নরবার সাতিশয় সদয় স্বভাব থাকাতে তাঁহা হইতে বিচারের কার্য্য সম্পন্ন হওয়া কঠিন হইত সুতরাং তাঁহার তাদৃশ স্বভাবের প্রশংসা না করিয়া বরং তাঁহাকে অক্ষম বলিয়া নিন্দা করা যায় কিন্তু সাধারণ লোকেরা ঐ দয়া হেতুক তাঁহাকে অক্ষম জ্ঞান করিত না বরং সাধারণ হিতেচ্ছুক বোধ করিত কারণ বহু কালাবধি অত্যাচার সহ্য করিয়া বিরক্ত হইয়াছিল সুতরাং নরবার সদয় শাসনে উল্লাসিত হইল। ৫ সে যাহা হউক নরবা সিংহা-

---

* ইহা ভ্রান্ত প্রলপিত, কারণ নরবার পূর্ব্ব পুরুষেরা ক্রিট দেশীয় ছিলেন, যে স্থান এক্ষণে ক্যাণ্ডিয়া নামে খ্যাত আছে।

সনারূঢ় হইয়া শপথ করিলেন অতি গুরু পাপ করিলেও কোন সেনেটাধ্যক্ষের প্রাণ নষ্ট করিবেন না। এবং তিনি এই শপথ দৃঢ় রূপে পালন করিতেন এ বিষয়ের প্রমাণ এই, এক বার দুই জন সেনেটাধ্যক্ষ তাঁহার প্রাণ বিনাশার্থ মন্ত্রণা করিয়াছিল, তাহা প্রকাশ হইলে তাহাদের প্রতি কোন প্রকার অত্যাচার না করিয়া আপনি ঐ পরামর্শ বিদিত হইয়াছেন এতাবন্মাত্র বিজ্ঞাপনার্থ তাহাদিগকে আহ্বান করিয়া আপন সমভিব্যাহারে সাধারণ সমাজে লইয়া গেলেন এবং প্রত্যেকের হস্তে এক২ খান ছুরিকা দিয়া কহিলেন যদি তোমাদের ইচ্ছা হইয়া থাকে আমাকে সংহার করিবে তবে এই ছুরী দিয়া সাংঘাতিক আঘাত কর আমি কোন বাধা দিব না। ৮ অপর ধন বিষয়ে তাঁহার এবম্প্রকার বিতৃষ্ণা ছিল যে একজন প্রজা কোন স্থানে [illegible] অর্থ পাইয়া কি প্রকারে তাহা বিনিয়োগ করিবে [illegible]ের আজ্ঞা প্রার্থনা করিলে তাহাকে কহিয়া পাঠাইলেন তোমার ইচ্ছানুসারে ব্যয় কর। ঐ প্রজা পুনর্ব্বার নিবেদন করিল এতাদৃশ প্রচুর সম্পত্তি প্রজার পক্ষে অত্যধিক, ইহাতে তিনি তাহার ভদ্রতার প্রশংসা করিয়া প্রত্যুত্তরে লিখিলেন যদি প্রাপ্তধন গ্রহণে বাসনা না থাকে তাহা হইলে অপব্যয়ে বিনিয়োগ কর।

৯ কিন্তু এতাদৃশ সদাশয় এবং সুশীল রাজাও অজাত শত্রু ছিলেন না, বিজিলিয়স্ রুফস তাঁহার সিংহাসন প্রাপ্তি সময়ে বিস্তর প্রাতিকূল্যাচরণ করিয়াছিল, তথাপি তিনি ঐ ব্যক্তির তাদৃশ অপরাধ ক্ষমা করিয়া তাহাকে মন্ত্রিত্ব পদে নিযুক্ত করত আপনার সহচর করিলেন। অপর ক্যালপরনিয়স্ ক্র্যাসস্ নামক এক ব্যক্তি কতিপয় লোকের সহিত পরামর্শ করিয়া তাঁহাকে নষ্ট করিতে মন্ত্রণা করিয়াছিল তাহাতে সেনেটাধ্যক্ষেরা তাহাদের গুরুতর দণ্ড বিধান করিতে ইচ্ছা করিয়াছিলেন, কিন্তু তিনি তাহাদিগকে দেশ বহিভূর্ত করিয়াই ক্ষান্ত হইলেন। ১০ আর্পচ প্রিটোরিয়নেরা অত্যন্ত ভয়ানক রাজ বিদ্রোহ করিয়াছিল, তাহারা মৃত অধিরাজ হইতে

বহু বার উপকার প্রাপ্ত হওয়াতে তজ্জন্য তাঁহাকে বিস্মৃত হইতে না পারিয়া ক্যাস্পেরিয়স ওলাইএনসকে দলপতি করত অধিরাজের মৃত্যুর নিমিত্ত প্রতিহিংসা করিতে দৃঢ় পণ করিয়াছিল। ১১ নরবা সাধু লোকের প্রতি অনুগ্রহ করিতেন, তজ্জন্য অসাধু ব্যক্তিরা তাঁহার শত্রু হইয়াছিল সুতরাং তাহারা ঐ প্রতিহিংসায় সাহায্য করণার্থ সাধ্যানুসারে চেষ্টা করিয়াছিল। কিন্তু তিনি রাজ বিরুদ্ধাচারি ব্যক্তি বৃহের সম্মুখে উপস্থিত হইয়া আপনার বক্ষঃ স্থল অনাবৃত করত কহিলেন হে সৈন্যগণ তোমরা যে অত্যাচার ও অবিচার করিতে মানস করিয়াছ তাহা না করিয়া আমার এই বক্ষঃ স্থলে আঘাত কর। ১২ সৈন্যেরা তাঁহার এই কথায় মনোযোগ না করিয়া প্রিটোনিয়স ও পারথেনিয়সকে আক্রমণ পূর্ব্বক কুৎসিত রূপে বিনষ্ট করিল এবং ঐ দুষ্কর্ম্ম করিয়াও সন্তুষ্ট না হইয়া তাহাদের এই অত্যাচার অন্যায্য নহে ইহা সপ্রমাণ করণার্থ সাধারণ সমাজে বক্তৃতা করিতে সম্রাটকে লইয়া গেল, তিনিও সেনাদের প্রভু ভক্তির প্রশংসা করত তাহাদিগকে ধন্যবাদ করিলেন।

১৩ এই সকল বিষয় অধিরাজের অনিচ্ছায় সম্পন্ন হইলেও পরিণামে অত্যুত্তম ফল দর্শিল, যেহেতু তিনি সময়ের বিরুদ্ধ গতি দেখিয়া রাজকার্য্য নিষ্পাদন জন্য এক জন সহকারির আবশ্যক বোধ করত স্বগণ পরিত্যাগ পূর্ব্বক নিঃসম্পর্কীয় অলপিয়স ট্রেজানকে পোষ্য পুত্র করিয়া উত্তরাধিকারী করিলেন *। ট্রেজান ৩৮

* ট্রেজান স্পেনিয়ার্ড জাতি মধ্যে জন্ম গ্রহণ করিয়াছিলেন, তাঁহার বংশ অতি প্রাচীন বটে কিন্তু বিশেষ খ্যাত্যাপন্ন ছিল না। রাজারা যে২ গুণ থাকিলে শ্রেষ্ঠ ও উত্তম হয়েন, তাঁহাতে সে সমস্ত গুণ বিশেষ রূপে বর্ত্তমান ছিল। অপর পূর্ব্ব কালীন প্রধান২ সেনাপতিদের তুল্য যুদ্ধ বিষয়েও তাঁহার নৈপুণ্য ছিল এবং সমরের সময়ে যে২ ক্লেশ হইয়া থাকে তিনি অভ্যাস দ্বারা তাহা সহ্য করিবার ক্ষমতা উপার্জ্জন করিয়াছিলেন।

কালে উত্তর জর্মেনির শাসন কর্ত্তা ছিলেন। ১৪ তদনন্তর কিছু মাস গত হইলে অধিরাজ রেগুলস নামা এক জন সেনেটাধ্যক্ষের প্রতি অত্যন্ত ক্রোধ করাতে জ্বরগ্রস্ত হইয়া প্রাণত্যাগ করিলেন। তিনি এক বৎসর চারি মাস নব দিন রাজ্য শাসন করিয়াছিলেন।

১৫ নরবার পূর্ব্বে রোম রাজ্যে বিদেশীয় রাজা আর কেহ হয় নাই, তিনি সদাশয়তা ও পরিমিতাচরণ জন্য যথার্থ রূপেই প্রতিষ্ঠিত হইয়াছিলেন এবং যদিও তাঁহার জ্ঞানবত্তা বিষয়ের বিশেষ নিদর্শন প্রাপ্ত হওয়া যায় নাই তথাচ তাঁহার যথেষ্ট সুখ্যাতি আছে। পরন্তু উত্তরাধিকারি মনোনীত করণ ব্যতীত জ্ঞানের অন্য কোন প্রধান প্রমাণ দেখা যায় না।

১৬ নরবার মৃত্যু বার্ত্তা শ্রবণ করিয়া জর্মেনি দেশের শাসন কর্ত্তা ট্রেজান রোমীয় ৮৫১ ও খ্রীষ্টীয় ৯৮ শকে জর্মেনি হইতে রোমে প্রত্যাগমনার্থ উদ্যোগ করিলেন এবং সে স্থানে গিয়া উপস্থিত হইলে আপনার শিক্ষক অথচ মান্য বিজ্ঞবর প্লুটার্কের* লিখিত এক লিপি প্রাপ্ত হইলেন, তাহার মর্ম্ম এই, "হে ট্রেজান যাচ্ঞা ব্যতিরেকে কেবল আপন গুণ দ্বারা রাজ্যাধিপতি হইলা, এ কারণ প্রার্থনা করি তুমি সুখী হও, ইহাতে আমারও সৌভাগ্য আছে। তোমার ভাবি শাসন তদীয় পূর্ব্ব গুণের যোগ্য হইলে পরম সুখী হইব, কিন্তু ক্ষমতা প্রাপ্ত হইয়া যদি যথেচ্ছাচারী হও, তাহা হইলে তোমার বিপদ এবং আমারও লজ্জা হইবে, কেননা শিষ্যের দোষ প্রকাশ

* প্লুটার্ক নামা বিখ্যাত ইতিহাস বেত্তা গ্রীশ রাজ্যান্তঃপাতি বিয়োশিয়া দেশস্থ কিরোনিয়া নগরে জন্ম গ্রহণ করেন এবং খ্রীষ্টীয় ১৪০ শকে সেই স্থানে তাঁহার প্রাণ বিয়োগ হয়, তাঁহার অন্যান্য গ্রন্থ অপেক্ষা বিখ্যাত লোকদের উপাখ্যান ও নীতি বিষয়ক উপদেশ এই দুই গ্রন্থ অতি প্রসিদ্ধ। ঐ গ্রন্থ দ্বয় ইংরাজী ভাষায় অনুবাদিত হইয়াছে।

হইলে শিক্ষক অপরাধী হয়েন. দেখ নিরো অত্যন্ত দুষ্কর্ম্ম করাতে তাঁহার শিক্ষক সেনেকা অদ্যাপি নিন্দিত হইতেছেন, অপর সক্রেটিস এবং কুইনটিলিএনও স্ব২ শিষ্যদের কুব্যবহার জন্য অপবাদ হইতে মুক্ত হয়েন নাই, অতএব তুমি আপনার স্বস্বভাব স্থির রাখিয়া আমাকে সর্ব্বাপেক্ষা নস্ত্রান্ত করিতে যত্ন করিলে ভাল হয়। তুমি রিপু দমনের ক্ষমতাকে পূর্ব্ববৎ বলবান্ রাখিয়া ধর্ম্মকে আপন আচরণের সূত্র করিও। যদ্যপি এই সকল উপদেশ গ্রহণ কর তাহা হইলে তোমাকে ঐ উপদেশ প্রদান জন্য আমি আত্ম গৌরব করিতে পারিব, কিন্তু আমার পরামর্শ অমান্য করিয়া যদি কুপথগামী হও তাহা হইলে এই লিপি আমার পক্ষে সাক্ষ্য স্বরূপ হইবে যে তুমি আমার পরামর্শ এবং বাক্য গ্রহণ কর নাই"। এ স্থলে এই পত্র প্রকাশ করণে গ্রন্থকারের তাৎপর্য্য এই যে উক্ত জ্ঞানি শ্রেষ্ঠ এই সর্ব্বোত্তম রাজাকে যে রূপে সম্ভাষা করিতেন তাহার দৃষ্টান্ত এই। ১৭ এই গুণবান রাজার স্বীয় কর্ম্মের প্রতি মনোযোগ, শত্রু প্রতি ধৈর্য্য, উন্নতিতে অনহঙ্কার উপযুক্ত দাতৃত্ব, এবং রাজকোষ ধনের পরিমিত ব্যয়, এই সকল কারণ জন্য তাঁহার সম কালীন লোকেরা সর্ব্বদাই প্রশংসা করিত এবং অদ্যাপিও অনেকে তাঁহার গুণ কীর্ত্তন করিয়া থাকেন।

১৮ তিনি সিংহাসনারূঢ় হইয়া সর্ব্বাগ্রে ডেশিয়া নিবাসিদের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। তাহারা ডমিশিয়ানের শাসন কালে রোম সাম্রাজ্যের অনেক প্রদেশ লুঠ করিয়াছিল। অতএব তাহাদের প্রতিফল দিবার নিমিত্ত ট্রেজান এক দল পরাক্রান্ত সৈন্য সংগ্রহ পূর্ব্বক ত্বরায় তাহাদিগের প্রতিকূলে যাত্রা করিলেন। কিন্তু ডেশিয়া বাসিদের রাজা ডিসেবেলস্ মহাবল পূর্ব্বক তাঁহাকে নানা বিধ উপায়েতে কিয়ৎ কাল তাঁহার অত্যন্ত সাহসান্বিত চেষ্টাও [illegible] হইল। ১৯ পরন্তু ডিশেবেলস শেষে যুদ্ধারম্ভে বিলম্ব করিতে না পারিয়া আপন সমুদয় সৈন্য সহিত সংগ্রামে প্রবৃত্ত হইতে বাধ্য হইলেন, তাহাতে অনেক সৈন্য বিনাশ ও শেষে পরাজয় হইল।

রণ স্থলে আঘাত প্রাপ্ত রোমীয় সেনাদিগের ক্ষত স্থান বন্ধন করিবার নিমিত্ত বস্ত্রের অভাব হইয়াছিল তাহাতে অধিরাজ আপন রাজ পরিচ্ছদ ছিন্ন করত তাহাদিগকে দিয়াছিলেন। ২০ এই জয়ে বিপক্ষ পক্ষীয়েরা সন্ধির প্রার্থনা করিল এবং ঐ সন্ধির পণ তাহাদের পক্ষেই অপমান জনক হইল যেহেতু তাহাদের রাজা রোমীয় শিবিরে আগমন পূর্ব্বক আপনি রোম রাজ্যের প্রজাত্ব স্বীকার করিলেন।

২১ ট্রেজান রোমে পুনর্গমন করিলে রীত্যনুসারে জয়োল্লাস ও আনন্দোৎসব হইল পরে তিনি ডেশিয়া বাসিদিগের পুনর্ব্বার সমরোদ্যোগের বার্ত্তা শ্রবণ করিলেন তাহাতে তাঁহার বিস্ময় জন্মিল সুতরাং তাহাদের রাজা ডিসেবেলসকে দ্বিতীয়বার রোমের শত্রু রূপে গণ্য করিয়া পুনর্ব্বার তাঁহার রাজ্যে প্রবেশ করিলেন। ২২ তিনি স্বেচ্ছাক্রমে বিপক্ষ রাজ্য আক্রমণ করিতে সক্ষম হইবার মানসে ডেনিউব নদীর উপরে সেতু নির্ম্মাণ রূপ একটা বৃহৎ কর্ম্মে প্রবৃত্ত হইলেন। ২৩ সেই গম্ভীর প্রশস্ত ও বেগগামি নদীর উপর এই অদ্ভুত সেতু নির্ম্মাণে দ্বাবিংশতির অধিক খিলান হইয়াছিল তাহার কিয়দংশ অদ্যাপি বর্ত্তমান আছে তদ্দ্বারা স্পষ্ট প্রমাণ হয় যে পুরাতন লোকেরা ইদানীন্তন নির্ম্মাণকারি অপেক্ষা গৃহাদি নির্ম্মাণ কর্ম্মে অদ্ভুত কল্পনা ও মহা সাহস প্রকাশ করিতেন। ২৪ সে যাহা হউক। ট্রেজান সেই কর্ম্ম সম্পন্ন করিয়া অত্যন্ত পরাক্রমের সহিত যুদ্ধ করিতে লাগিলেন এবং সামান্য সেনার ন্যায় সমরের ক্লেশ সহ্য করত আপন দৃষ্টান্ত দ্বারা সৈন্যাদিগকে এমত সাহস প্রদান করিলেন যে তাহারা স্বীয়২ কর্ত্তব্য কর্ম্ম উত্তম রূপে করিতে লাগিল। ২৫ যদিও ডেশিয়া দেশ অতি প্রশস্ত ও অকৃষ্ট অর্থাৎ কৃষি কর্ম্ম বর্জ্জিত এবং তন্নিবাসিরা সাহসিক ও বলবান ছিল তথাপি ট্রেজান সমুদয় ডেশিয়া রাজ্য পরাজয় করিয়া রোম রাজ্যের প্রদেশ রূপে মিলিত করিলেন; ডিসেবেলস পলায়ন করিতে চেষ্টা করিয়াছিলেন কিন্তু রোমীয় সৈন্য দ্বারা বেষ্টিত হওয়াতে আত্মঘাতী হইলেন। ২৬ এইরূপ

ধারিশায় জয় হওয়াতে রোম রাজ্যের পূর্ব্বাপেক্ষা ঐশ্বর্য্য বৃদ্ধি হইল। ভারতবর্ষের অভ্যন্তর গত দেশ সকল হইতে রাজ প্রতিনিধি গণ এই জয়ের কারণ আহ্লাদ প্রকাশ পূর্ব্বক বন্দনা করিয়া তাঁহার বন্ধুতা আকাঙ্ক্ষা করিল। পরে প্রত্যাগমন কালে এই জয়ের কারণ জয়োল্লাস ও আনন্দোৎসব সহকারে তিনি রোম নগরে প্রবিষ্ট হইলেন এবং সেই আনন্দোৎসব এক শত বিংশতি দিবস পর্য্যন্ত বর্ত্তমান রহিল।

২৭ রাজ্যের সুশাসন এবং সৌভাগ্য স্থাপন জন্য ট্রেজান সর্ব্ব প্রিয় সর্ব্ব মান্য, এবং পূজ্যবৎ হইলেন। তিনি সাধারণ অট্টালিকার দ্বারা নগর সুশোভিত করিলেন এবং কুকর্ম্ম জীবি লোকদিগকে নগর হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। অপর আপনি গুণি লোকদিগের সহিত প্রণয় পূর্ব্বক কথোপকথন করিতেন, এবং শত্রু ভয় দূরে থাকুক বরং কেহ বৈরী আছে এতাদৃশী চিন্তাও তাঁহার মনে উদিত হইত না।

প্রশ্ন।

১ ডমিশিয়ানের মৃত্যু বার্ত্তা প্রকাশ হওয়াতে কি হইল?

২ প্রজার মধ্যে কেহ তাঁহার মৃত্যুতে শোকাকুল হইয়াছিল কি না?

৩ সৈন্যদিগের ঐ রূপ শোক দেখিয়া সেনেটাধ্যক্ষেরা কি করিলেন?

৪ ককসিয়স নরবা কে?

৫ তাঁহার শাসনে লোকেরা তুষ্ট ছিল কি না?

৬ তিনি যে ভবিষ্যতে অতি শান্ত রূপে শাসন করিবেন অগ্রে তাহার কি সূচনা হইয়াছিল?

৭ তিনি আপন দিব্য দৃঢ় রূপে পালন করিলেন কি না?

৮ তিনি ধন লোভী ছিলেন কি না?

৯ তাঁহার শাসন সময়ে কোন আপদ ঘটিয়াছিল কি না?

১০ এতদ্ভিন্ন অন্য কোন উপদ্রব হইয়াছিল কি না?

১১ এই উপদ্রব নিবারণার্থ সচেষ্ট হইলেন কি না?

১২ তাঁহার এই চেষ্টা সফলা হইল কি না?

১৩ এই সকল উপদ্রব হইতে কি উত্তম ফল দর্শিল?

১৪ তাঁহার মৃত্যুর কারণ কি?

১৫ তাঁহার কি প্রকার চরিত্র ছিল?

১৬ ট্রেজান সিংহাসনাভিষিক্ত হইয়া কি রূপ কার্য্য করিলেন ও কি উপদেশ প্রাপ্ত হইলেন?

১৭ নূতন রাজাকে প্রজারা কি রূপ ভাবিত?

১৮ কাহাদের সহিত তিনি যুদ্ধে প্রবৃত্ত হইলেন?

১৯ যুদ্ধের ফল কি হইল?

২০ এই জয়ের কি ফল হইল?

২১ সন্ধি কি বহু কাল রহিল?

২২ ট্রেজান কি মহৎ কর্ম্মে প্রবৃত্ত হইলেন?

২৩ ঐ কর্ম্ম কি দুষ্কর ছিল?

২৪ সেতু সমাপ্ত হইলে কি হইল?

২৫ এই দ্বিতীয় যুদ্ধে কি হইল?

২৬ এই প্রকার জয়েতে কি লাভ হইল?

২৭ সৌভাগ্য প্রাপ্ত হইয়া ট্রেজান কি আপন কর্ত্তব্য কর্ম্মে আলস্য করিয়াছিলেন?

---

## ২৩ অধ্যায় ২ খণ্ড।

১ মহাত্মা ট্রেজান সকল প্রজার প্রতি সমান ভাবে দয়া প্রকাশ করিলে তাঁহার নিষ্কলঙ্ক খ্যাতি হইত, কিন্তু তাহা না করিয়া আপনার শাসনের প্রায় নবম বৎসরে অর্থাৎ রোমীয় ৮৬০ এবং খ্রীষ্টীয় ১০৭ অব্দে খ্রীষ্টিয়ানদের প্রতি সন্দিগ্ধ হইতে লাগিলেন সুতরাং তাহাদের অনেকে সাধারণ লোকের উৎপাতে ও বিচারের দ

বিনষ্ট হইল। ২ কিন্তু অল্প কাল পরে এই অত্যাচারের নিবৃত্তি হইল. কারণ খ্রীষ্টিয়ানেরা যে নির্দ্দোষ ও কাহারও মন্দকারী নহে অধিরাজ এতদ্বিষয় অবগত হইয়া তাহাদের নিগ্রহ করিতে ক্ষান্ত হইলেন।

৩ ট্রেজানের শাসন কালে রাজ্যের সমুদয় অংশে য়িহুদীরা ভয়ানক উপদ্রব করিয়াছিল; ঐ হত ভাগ্য লোকেরা এতাদৃশ অজ্ঞানান্ধ যে অদ্ভুত প্রকারে অধীনতা হইতে মুক্ত হইবে ইহাই বাসনা করিত। অধিরাজ পূর্ব্বাঞ্চলে যুদ্ধ যাত্রা করিলে তাহারা গ্রীক ও রোমীয়দিগের যাহাকে পাইল তাহাকেই নষ্ট করিতে লাগিল। ৪ এই উপদ্রব প্রথমে রোমাধীন আফ্রিকাস্থ সিরেনি প্রদেশে আরব্ধ হইয়া পরে মিসর দেশ এবং শেষে সাইপ্রস * উপদ্বীপ ব্যাপিয়া পড়িল। ঐ দুরাচারেরা ভয়ানক ক্রোধে [illegible] হওত নির্দ্দোষ প্রজাদের প্রতি কুৎসিত ও ক্রূর আচরণ করিল। ৫ কোনং ব্যক্তিকে করপত্র অর্থাৎ করাত দ্বারা দ্বিখণ্ড ও কোনং লোককে বন্য পশুর পদ তলে নিক্ষেপ করিল। কেহং বা পরস্পর আক্রান্ত হইয়া পরস্পরের প্রাণ নাশ করিতে বাধিত হইল। এবং ভিন্ন যন্ত্রণা দিবার অপূর্ব্ব রীতি সৃষ্টি করিয়া তদ্দ্বারা আপনাদের ক্রোধ পাত্র হতভাগ্য ব্যক্তিদিগকে পীড়া দিতে লাগিল। অধিকন্তু এতাদৃক্ দ্বেষী হইল যে শত্রুদিগের মাংস ভক্ষণ ও তাহাদের চর্ম্ম পরিধান করিল। ৬ কিন্তু এই সকল নিষ্ঠুরতা বহু কাল রহিল না, ভিন্নং প্রদেশের শাসন কর্ত্তারা তাহাদের বিপক্ষতা করত ভয়ানক প্রতিফল দিয়া মনুষ্য ব্যতিরিক্ত সংসার নাশকের ন্যায় তাহাদিগকে বিনষ্ট করিল, অপর সাইপ্রসে এমত নিয়ম হইল যে সে স্থানে কোন য়িহুদী পদার্পণ করিলে প্রাণ দণ্ডার্হ অপরাধির ন্যায় দণ্ডিত হইবেক।

---

* সাইপ্রস নামক উপদ্বীপ মেডিটরেনিএন সমুদ্রের পূর্ব্বাংশে আছে।

৭ সংস্থানে উপরোক্ত রাজ্য বৃদ্ধি ব্যাপার হইতেছিল সে সময় ট্রেজান * পূর্ব্বাঞ্চলে জয়ার্থ প্রবৃত্ত থাকিয়া অতি দূরবর্ত্তি দেশ সকল রোম রাজ্যের অধীন করিলেন, পূর্ব্বে এখনও কেহ তত দূর গমন করে নাই। পরে রোম নগর আর একবার অবলোকন করিতে মানস করিলেন; কিন্তু দুর্ব্বলতা প্রযুক্ত স্বীয় শারীরিক অবনতি পূর্ব্বক স্থল পথে আগমন করিতে অক্ষম হওয়াতে সমুদ্র পথে প্রত্যাগমনই স্থির করিলেন। পরে সেলিউশিয়া † নগরে উত্তীর্ণ হইয়া পক্ষাঘাত রোগে আক্রান্ত হইলেন এবং উনবিংশতি বৎসর ছয় মাস পঞ্চ দশ দিবস রাজত্ব করণের পর ত্রিষষ্টি বৎসর বয়ঃক্রমে খ্রীষ্টীয় ১১৭ শকে পঞ্চত্ব প্রাপ্ত হইলেন।

৮ অনন্তর ট্রেজানের ভ্রাতুষ্পুত্র এড্রিয়ন উত্তরাধিকারিত্বে নির্দ্ধারিত হইলেন। ইনি রাজ্যাভিষিক্ত হইয়া যুদ্ধ বিগ্রহ নিবৃত্তি ও সন্ধি স্থাপনের বিবিধ ধারা অবলম্বন করিলেন এবং পিতৃব্য সম্মত শাসনের বিপরীত নিয়মে শাসন করিতে প্রবৃত্ত হইলেন অর্থাৎ রাজ্যের প্রাচীন সীমা রক্ষা করিয়াই সন্তুষ্ট হইলেন, অধিক জয় দ্বারা রাজ্য বিস্তার করিতে কোন ক্রমে উদ্যুক্ত হইলেন না, অত-

---

* ট্রেজান কেবল যথার্থাচারী ও বিচক্ষণ এবং যোদ্ধা ছিলেন এমত নহে, তিনি নানাবিধ আবশ্যক ও ঐশ্বর্য্যান্বিত কার্য্য দ্বারা রাজ্যের উপকার করিয়াছিলেন। যে সমস্ত মহৎ কার্য্য করেন তৎসমুদয় এই সংক্ষিপ্ত লিপিতে প্রকাশ করা অসাধ্য, তদ্বিষয়ে এই এক নিদর্শন যে ৯৬ হস্ত উচ্চ রোমস্থ একটা পর্ব্বত সমভূমি করিয়া তৎস্থানে তৎসম উন্নত এক স্তম্ভ নির্ম্মাণ করেন ঐ স্তম্ভ অদ্যাপি বর্ত্তমান আছে। অনেকে অনুমান করেন তাঁহার মৃত দেহ ঐ স্তম্ভ মূলে স্থাপিত হইয়াছিল।

† সেলিউশিয়া নগর পারশিয়া দেশস্থ টাইগ্রিস নদীর তীরে স্থাপিত ছিল।

এব প্রথমতঃ পার্থিয়ানদের সহিত সন্ধি করিতে যত্নবান হইয়া তাহাদিগকে কালসন দেশ পুনঃ প্রদান করিলেন।

৯ বহু দুর্নিতির জন্য খ্যাত্যাপন্ন রোমাধিরাজদিগের মধ্যে এড্রিএনকে এক জন প্রধান বলিয়া গণ্য করিতে হয়, কেননা তিনি মানসিক ও শারীরিক সমস্ত সদ্গুণে ভূষিত ছিলেন, অপর সুমধুর গদ্য পদ্য রচনায় তাঁহার বিলক্ষণ ক্ষমতা ছিল। আর বিচারস্থানে অব্যর্থ উত্তর প্রত্যুত্তর করিতে পারিতেন এবং আপনার সমকালীন সদ্বক্তাদের মধ্যে এক জন প্রধান ছিলেন। ১০ তাঁহার দুর্দ্দাও ক্ষমাপেক্ষা ন্যূন ছিল না। রাজত্ব পাইবার পূর্ব্বে যে সকল লোক তাঁহার অনিষ্ট করিয়াছিল তিনি অধিরাজ ও ক্ষমতাবান হইয়া তাহাদিগকেও ক্ষমা করিয়াছিলেন তাহাতে তাঁহার সহিষ্ণুতা ও দয়া বিলক্ষণ রূপে সপ্রমাণ হয় *। এক দিবস পূর্ব্বাবস্থার এক জন শত্রুর সহিত সাক্ষাৎ হইলে তাহাকে কহিয়াছিলেন "প্রিয় সুহৃৎ তুমি রক্ষা পাইলে, কারণ আমি এখন অধিরাজ হইয়াছি"। অপর তিনি আপনার বন্ধুদের প্রতি ক্ষমাশীলতা প্রকাশ করিতেন এবং নীচ লোকদিগকেও অসম্মান করিতেন না, বরং তাহাদের অনুসারে আতুরেরা তাহারা পীড়িত হইলে স্বয়ং যাইয়া তত্ত্বাবধারণ করিতেন, আর সর্ব্বদাই কহিতেন "আমি নিজ মঙ্গলের নিমিত্ত রাজ্যাভিষিক্ত হই নাই, প্রজা সমূহের কুশলার্থই রাজকার্য্যের ভার গ্রহণ করিয়াছি"।

১১ যাহা হউক, এই সকল মহৎ ধর্ম্মের তুল্য তাঁহার পাপও গুরুতর ছিল এবং ঐ সদ্গুণকে অবিকৃত রূপে স্থিরতর রাখিতে তাঁহার মানসিক ক্ষমতারও অভাব হইয়াছিল। †

---

* তাঁহার সহিষ্ণুতা ও দয়ার স্থায়িত্ব ছিল না।

† পাপের মধ্যে নিষ্ঠুরতাই প্রধান ছিল, বিশেষতঃ রাজ্য শাসনের শেষ সময়ে তিনি একটা দুঃখ জনক পীড়াগ্রস্ত হওয়াতে রাগান্ধ হইয়া বহু বিখ্যাত ব্যক্তির প্রাণ হত্যা করিয়াছিলেন পরে আত্মঘাতী হইতে উদ্যত হয়েন।

ইংরেন নদী অবধি নার্থম্বরল্যাণ্ডের টাইন নদী পর্য্যন্ত কাষ্ঠ ও মৃত্তিকা কৃত এক প্রাচীর নির্ম্মাণ করিলেন। ১৮ অনন্তর ব্রিটেন হইতে গাল দেশে পুনর্গমন করিয়া পরে আপনার জন্ম স্থান স্পেন দেশে যাত্রা করিলেন। সে স্থানে উত্তীর্ণ হইলে তদ্দেশ বাসিরা যথেষ্ট আহ্লাদ প্রকাশ করিল। ১৯ শেষে রোমে পুনরাগমন করিয়া রাজ্যের পশ্চিমাংশ ভ্রমণ করিবার উদ্যোগে কিয়ৎ কাল তথায় অবস্থান করি-লেন। কিন্তু পার্থিয়ানেরা পুনর্ব্বার আক্রমণ করাতে অনতিবিলম্বে পূর্ব্বাংশে গমন করিতে হইল। তিনি পার্থিয়ানদের নিকটস্থ হইলে তাহারা সন্ধি করিতে বাধিত হইল তাহাতে আপনি নিরুদ্বেগে ও অবাধে দেশ পর্য্যটন করিতে লাগিলেন। অনন্তর বিখ্যাত এথেন্স নগরে উপস্থিত হইয়া সে স্থানে অধিক কাল প্রবাস করত পৌত্তলিক শাস্ত্রে অতি পবিত্র রূপে গণ্য ইলিউসীয় তন্ত্র মতে দীক্ষিত হইয়া আর্কন্ অর্থাৎ প্রধান বিচারপতিত্ব কর্ম্মের ভার গ্রহণ করিলেন। ২০ এই স্থানে খ্রীষ্টীয়ানেরা যৎপরোনাস্তি নিগ্রহ ও নিষ্ঠুরতা ভোগ করিত, তিনি তাহারদের ক্লেশ নিবারণ করিলেন, এবং তাহাদের ধর্ম্মের প্রতি তাঁহার দ্বেষ এমত খর্ব্ব হইয়াছিল যে যীশু খ্রীষ্টকে রোমীয় দেবতা মধ্যে গণ্য করিতে মানস করিয়াছিলেন। ২১ পরে এথেন্স হইতে আফ্রিকায় গমন করিয়া তত্রত্য কুনীতি শোধন, শাসনের ধারা শ্রেণিবদ্ধ করণ, বিবাদ ভঞ্জন এবং ঐশ্বর্য্যশালি অট্টালিকা নির্ম্মাণ ইত্যাদি কর্ম্মে বহু কাল যাপন করিলেন। নগর অন্যান্য নগরাপেক্ষা কার্থেজ নগর উত্তম রূপে পুনর্নির্ম্মাণ করাইলেন এবং আপন নামা-নুসারে তাহার নাম এড্রিয়ানোপোলিস্ রাখিলেন*। ২২ অতঃপর রোমে প্রত্যাগমনানন্তর গ্রীস দেশে গিয়া আসিয়ামাইনরে এবং তথা

---

* এড্রিয়ান উইরোপীয় টার্কির দ্বিতীয় প্রধান নগর খ্রীষ্টীয় ১২২ শকে উদ্ধার করিয়াছিলেন এ জন্য, ঐ নগরেরও নাম এড্রিয়া-নোপোল হইয়াছে।

হইতে সিরিয়া দেশে আগমন পূর্ব্বক তন্নিকটস্থ রাজাদিগকে ব্যবস্থা ও উপদেশ প্রদান করিতে লাগিলেন। তৎপরে প্যালেষ্টাইন * ও আরব এবং মিশর দেশে গমন করিয়া অনাদরে বালুকাবৃত মিশরস্থ মহা পাম্পির বিনষ্ট সমাধি স্থান পুনরুদ্ধার করত সুশোভিত করিতে আজ্ঞা দিলেন। ২৩ তদনন্তর জরুজেলম নগর পুনর্নির্ম্মাণার্থ আজ্ঞা প্রদান করিলেন এবং তদ্বিষয়ে য়িহুদীরা সহায়তা করাতে অতি শীঘ্রই তাহা সম্পন্ন হইল। এই কালে য়িহুদীদিগের এমত আশা হইল যে বহু কালাবধি পর হস্ত গত রাজ্য পুনঃ প্রাপ্ত হইব। ২৪ কিন্তু তাহাদের ঐ আশা কেবল দুঃখ বৃদ্ধির কারণ হইল যেহেতু আপনাদের নূতন নির্ম্মিত নগরে পৌত্তলিকদিগকে ক্ষমতা প্রদান করাতে তাহারা ক্রোধান্বিত হইয়া জুডিয়াস্থ সমস্ত রোমান ও খ্রীষ্টিয়ান দলকে নির্দয় রূপে সংহার করিল। ২৫ এই নিষ্ঠুরতার প্রতিফল প্রদান মানসে এড্রিএন এক দল মহা বল সৈন্য প্রেরণ পূর্ব্বক অত্যাচারিদিগের উপর রক্তারক্তি করিয়া অনেকবার জয় প্রাপ্ত হইলেন। সেই যুদ্ধ দুই বৎসরে সমাপ্ত হয় এবং তদ্দ্বারা য়িহুদীদের এক সহস্রেরও অধিক উৎকৃষ্ট নগর ও প্রায় ছয় লক্ষ লোক বিচ্ছিন্ন হইয়াছিল।

২৬ এড্রিএন আপনার পরাক্রম প্রকাশ পুরঃসর এই বিপজ্জনক উপদ্রবের দমন করিয়া জুডিয়াস্থ অবশিষ্ট য়িহুদীদিগকে নির্ব্বাসিত করত এই আজ্ঞা প্রচার করিলেন তাহারা স্বীয়২ জন্ম ভূমি কখন দেখিতে পাইবে না। কিন্তু কিয়ৎ কাল পরেই রাজ্যের উত্তরাঞ্চলস্থ অসভ্য জাতীয়েরা ভয়ানক রূপে আক্রমণ করাতে তাঁহাকে শঙ্কাকুল হইতে হইল। তাহারা প্রচণ্ডতা পূর্ব্বক মিডিয়া † দেশে প্রবেশ

---

* প্যালেষ্টাইন নগর আসিয়াখণ্ডে স্থাপিত, তাহার অনেক নাম যথা, জুডিয়া, ক্যানেএন, ইজরেল, ইত্যাদি।

† আসিয়ার মধ্যে মিডিয়া অতি বৃহৎ দেশ, ক্যাস্পিএন সমুদ্রের দক্ষিণে ও প্রাচীন পরশিয়ার উত্তরাংশে আছে।

করিয়া আরমেনিয়ার * মধ্য দিয়া গমন করত ক্যাপাডোসিয়া † পর্য্যন্ত ছিন্ন ভিন্ন করিল। এড্রিএন্ একক্ষণে রণে তাহাদের সহিত নিরর্থক প্রবৃত্ত না হইয়া সন্ধি করাই শ্রেয়ঃ বোধ করত যথেষ্ট ধন দান দ্বারা তাহাদিগকে ক্ষান্ত করিলেন। অতএব তাহারা অপহৃত দ্রব্য ভোগে ও নূতন আক্রমণের উপায় চিন্তনে নিবৃত্ত হইয়া স্ব স্থানে প্রত্যাগমন করিল।

প্রশ্ন।

১ ট্রেজান কি সকলের প্রতি সমান দয়াবান্ ছিলেন?

২ ঐ যন্ত্রণা বহু কাল ছিল কি না?

৩ এই সময়ে কি প্রসিদ্ধ ঘটনা হইয়াছিল?

৪ কোন্ স্থানে এই উপদ্রব বিশেষ রূপে প্রদীপ্ত হইয়াছিল?

৫ য়িহুদীরা কি রূপ নিষ্ঠুরতা করিয়াছিল?

৬ এই উপদ্রব দমনার্থে কোন উপায় করা হইয়াছিল কি না?

৭ ঐ কালে ট্রেজান কি করিতেছিলেন এবং কি রূপে তাঁহার মৃত্যু হইল?

৮ তাঁহার উত্তরাধিকারী কে হইল?

৯ এড্রিএনের কি রূপ স্বভাব ছিল?

১০ তিনি কি ধার্ম্মিক ছিলেন?

১১ তাঁহার পাপ পুণ্য কি সমান ছিল?

১২ ঐ সময়ে কোন্ ব্যক্তি কর্ত্তৃক রাজ্য আক্রান্ত হইল?

১৩ এড্রিএন কি সৎপরামর্শ স্থির করিলেন?

১৪ তিনি কোন্ প্রসিদ্ধ সেতু ভগ্ন করিলেন?

১৫ তিনি কি রাজ্যের মঙ্গলে মনোযোগী ছিলেন?

১৬ কি জন্য রাজ্যে পর্য্যটন করিলেন?

---

* আরমেনিয়া কাস্পিয়া সাইনসের এক প্রদেশ।

† ক্যাপাডোসিয়া আসিয়ার উর্দ্ধ এক প্রদেশ।

১৭ তৎপরে কোন্২ স্থানে যাত্রা করিলেন?

১৮ পরে কোথায় গমন করিলেন?

১৯ তদনন্তর কি করিলেন এবং কি২ ঘটনা হইল?

২০ তিনি কি খ্রীষ্টিয়ানদের প্রতি অনুকূল ছিলেন?

২১ পরে কোথায় গমন করিলেন, এবং কোন্ কার্য্যে স্বয়ং প্রবৃত্ত হইলেন?

২২ তৎপরে কোন্ স্থানে গমন করিলেন?

২৩ যিহুদীদিগের প্রতি তিনি কি দয়া করেন নাই?

২৪ অধিরাজের এই অনুগ্রহে তাহাদের কি ফল দর্শিল?

২৫ যিহুদীরা এই নিষ্ঠুরতায় প্রতিফল পাইল কি না?

২৬ এই বিপত্তি জনক উপদ্রবের পরে কি হইয়াছিল?

---

## ২৩ অধ্যায় ৩ খণ্ড।

১ এড্রিয়ান এই প্রকারে রাজ্য মধ্যে পর্য্যটন এবং দুর্নীতি শোধন করত ত্রয়োদশ বৎসর যাপন করিয়া শেষে রোম রাজ্যে বিশ্রাম করিতে স্থির করিলেন। ২ তিনি প্রজাদিগের সহিত জীবনের অবশিষ্ট কাল যাপন করিতে মনস্থ করিয়াছেন তাহারা এতদ্বিষয়ে অবগত হইয়া পরম শান্তি জ্ঞানে আহ্লাদ প্রকাশ পূর্ব্বক উচ্চস্বরে তাঁহার সমাদর করিল। যদিও এড্রিয়ন এইক্ষণে বৃদ্ধ ও স্থূলকায় হইতে লাগিলেন তথাপি সাধারণের মঙ্গলার্থ পূর্ব্ববৎ পরিশ্রম ও মনোযোগ করিতে কিঞ্চিন্মাত্র ত্রুটি করিলেন না। ৩ প্রসিদ্ধ বিদ্বান্ ও শিল্পকারি লোকদের সহিত কথোপকথন করিতে তাঁহার বিশেষ আমোদ ছিল। আপনি সর্ব্বদাই কহিতেন বিদ্যা যে প্রকার হউক দীন বা সামান্য কারণ বশতঃ তাহা তুচ্ছ করা উচিত নহে। ৪ তিনি আজ্ঞা করিলেন সেনেটাধ্যক্ষেরা ও নাইটেরা নিজ২ পদোপযুক্ত [illegible] পরিধান না করিয়া সাধারণস্থানে গমন করিতে পারিবেন [illegible] প্রচলিত রীত্যনুসারে প্রভুরা স্ব২ ভৃত্য-

দিগকে নষ্ট করিতে পারিতেন কিন্তু তিনি সেই রীতির নিবারণ করিয়া এই নিয়ম করিলেন অপরাধী হইলে ভৃত্যগণ ব্যবস্থা মতে বিচারাধীন হইবেক। ৫ ঐ হতভাগা ব্যক্তিদিগকে নীচ জাতি জ্ঞান করিয়া তৎকাল পর্য্যন্ত তাহাদিগকে বিচারপাত্র রূপে গণ্য করাও হইত না। তাহার প্রমাণ এই, যদি কোন প্রভু আপন বাটীতে কাহার দ্বারা হত হইতেন তবে তাঁহার সম্প্রদায় ভৃত্যগণ পূর্ব্ব প্রথানুসারে যন্ত্রণাগ্রস্ত হইত। কিন্তু এড্রিএন ঐ নিষ্ঠুর রীতি নিবারণ করিয়া এই নিয়ম করিলেন যে সকল ভৃত্য আপন প্রভুর বিনাশের বিষয় জানিবার ও তাহা রহিত করিবার শক্তি থাকিলেও তাহা করিবে না। কেবল তাঁহারাই দণ্ডনীয় হইবেক।

৬ অধিরাজ ঐ প্রকার কর্ম্মেই আপনার অধিকাংশ সময় ক্ষেপণ করিতেন তাহাতে প্রতিদিন রাজকীয় কর্ম্ম সম্বন্ধে যে রূপ বৃদ্ধি হইতে লাগিল তাঁহার বলেরও তদ্রূপ হ্রাস আরম্ভ হইল। সুতরাং তিনি আপনার উত্তরাধিকারী স্থির করিতে মনন করিয়া আন্টোনাইনসকে তৎ পদাভিষিক্ত করিতে অবধারিত করিলেন।

৭ যৎকালে অধিরাজ রাজ্যের মঙ্গলার্থ যত্নবান ছিলেন, তৎকালে তাঁহার শারীরিক পীড়া এরূপ অসহ্য হইল যে আপনার প্রাণ বিনাশ নিমিত্ত কতিপয় দাসকে ব্যগ্রতা পূর্ব্বক বিনয় করিতে লাগিলেন। ৮ আন্টোনাইনস ঐ গুরুতর পাপে কোন দাসকে সংস্পৃষ্ট হইতে দিলেন না, সাধ্যানুসারে রাজাকে জীবিত থাকিতে সম্মত করাইলেন। ৯ কিন্তু যন্ত্রণার দিন২ বৃদ্ধি হইবাতে নৃপতি সর্ব্বদাই কহিতে লাগিলেন "হা! প্রার্থনা করিয়াও মৃত্যুকে না পাওয়া কি যন্ত্রণার বিষয়!" পরে কিয়ৎকাল অসহ্য ক্লেশ সহ্য করিয়া শেষে পথ্যাপথ্যের অনিয়ম করিতে প্রবৃত্ত হইলেন, এবং কহিলেন কেবল বহু চিকিৎসকের কারণেই অধুনা২ রাজাদের প্রাণ বিয়োগ হয়। ১০ পরে যে মৃত্যুকে ঐ রূপ ব্যগ্রতা পূর্ব্বক আহ্বান করিতেছিলেন তাহা ত্যাগ করাতে তাহার শরীর দৃঢ়রূপে আলিঙ্গন

উপস্থিত হইল, এবং কথিত আছে মৃত্যু আগত হইলে তিনি আনন্দে পুলকিত হইয়া আপনার জীবনকে সম্বোধন করত পশ্চাল্লেখ্য সর্ব্ব বিদিত কবিতা রচনা পূর্ব্বক পাঠ করিতে২ পার্থিব লীলা সম্বরণ করেন; তৎকালে তাঁহার বয়ঃক্রম ৬২ বৎসর হইয়াছিল এবং ২১ বৎসর ১১ মাস সৌভাগ্য যুক্ত হইয়া রাজ্য শাসন করিয়াছিলেন। তাঁহার মুমূর্ষু কালীন পঠিত কবিতা এই।

ওহে মনোহর, পরম সুন্দর, প্রাণপক্ষি বর, কি দেখি আর।
ত্যাজি নিজ ঘর, এ দেহ পিঞ্জর, হবে কি অন্তর, ভেবেছ সার॥
করেছ কি লক্ষ্য, এলায়েছ পক্ষ, কাঁপিছ প্রত্যক্ষ, দেখিতে পাই।
আমারে বিপক্ষ, করিয়া যে পক্ষ, লইলে সে পক্ষ, লক্ষ্য তো নাই॥
দোষে কুতূহল, বাসনা বিফল, ছিল যে সকল, বিফল হলো।
ভুলিয়াছ মায়া, ছাড়িবে এ কায়া, তাই বুঝি দয়া, ফুরায়ে গেল॥
কেন অন্য মনঃ, দেখি অনুক্ষণ, ভাবিলে এখন, বল কি হবে।
কারে কর ভয়, নাহিক নিশ্চয়, অথচ হৃদয়, আকুল ভেবে॥

১১ অনন্তর তাঁহার উত্তরাধিকারী টাইটস্ আণ্টোনাইনস্ রোমীয় ৮৯১ শকে সিংহাসনাধিরোহণ করিলেন। তিনি কোন্ নগরে জন্মিয়াছিলেন নিশ্চয় নাই, কিন্তু তাঁহার আদিপুরুষেরা গাল দেশস্থ নিমৌস্ প্রদেশ হইতে আগমন করেন। তাঁহার পিতা রাজ্য মধ্যে অতি সম্ভ্রান্ত কুলীন ছিলেন এবং অনেক প্রকার উচ্চ২ পদ ধারণ করিয়াছিলেন। সিংহাসনাধিরোহণ কালে আণ্টোনাইনসের পঞ্চাশৎ বৎসরেরও অধিক বয়ঃক্রম হইয়াছিল। তিনি অভিষিক্ত হইবার পূর্ব্বে সাধ্যানুসারে কায়মনে পরিশ্রম ও সৌজন্য প্রকাশ পূর্ব্বক রাজ্যের অনেক মহৎ কর্ম্ম করিয়াছিলেন। ১২ উচ্চ পদ প্রাপ্ত হইলেও তাঁহার গুণের হ্রাসতা হয় নাই বরং বিচার ও দয়া ও পরিমিতব্যয়িতা জন্য খ্যাতি বৃদ্ধি হইয়াছিল, ফলতঃ তাঁহার চরিত্র অতিশয় পবিত্র ছিল, লোকেরা সর্ব্বদাই নিউমার সহিত তাঁহার উপমা দিত। আণ্টোনাইনস্ এড্রিএনের মৃত্যুকালে তাঁহার প্রতি অতিশয় শ্রদ্ধা

ও স্বদেশীয় ধর্ম্মের প্রতি বিশেষ ভক্তি প্রকাশ করাতে তাঁহার ধার্ম্মিক উপাধি হইয়াছিল।

১৩ আণ্টোনাইনস বিদ্বান ব্যক্তিদিগের বিশেষ প্রতিপালক ছিলেন। পৃথিবীর অনেক স্থান হইতে বিদ্বৎসমূহ আনয়ন করিয়াভূরিং বৃত্তি ও সম্মান প্রদান করিতেন। ১৪ অপর আপনার পোষ্য পুত্র মার্কস্ আরিলিয়সের অধ্যয়নার্থ বিখ্যাত ষ্টোইক * পণ্ডিত এপালোনিয়স পণ্ডিতকে আনয়ন করিতে লোক প্রেরণ করাতে সেই পণ্ডিত রোমে আসিয়াছিলেন। তাহাতে অধিরাজ স্বীয় সন্নিধানে তাঁহাকে আসিতে সংবাদ প্রেরণ করাতে উক্ত পণ্ডিত গর্ব্ব পূর্ব্বক কহিয়াছিলেন "শিক্ষকের নিকটে শিষ্যের আগমন করাই উচিত কিন্তু ছাত্র সমীপে গুরুর গমন বিহিত নহে।" ১৫ অধিরাজ এই কথা শুনিয়া ঈষদ্ধাস্য করত উত্তর করিয়া পাঠান্ গ্রীশ হইতে রোমে আসিতে এপালোনিয়সের ক্লেশ হয় নাই এখন এক স্থান হইতে অন্য স্থানে গমন করা ক্লেশ জনক হইল, এ অতি আশ্চর্য্য। এই উত্তর করিয়া আপনার পোষ্যপুত্র মার্কস আরিলিয়সকে তাঁহার নিকটে পাঠাইয়া দেন।

১৬ এই সুশীল নৃপবর যৎকালে লোকদিগকে সুখী করিবার মানসে স্বকীয় সদাচরণের দৃষ্টান্ত প্রদর্শন এবং কাহারো অজ্ঞানের কর্ম্ম দেখিলে ভর্ৎসন দ্বারা চরিত্র শোধন ও নীতিশিক্ষা বিস্তারের যত্ন করিতেছিলেন সেই সময়ে আপনি হঠাৎ দারুণ জ্বর রোগে আক্রান্ত হইলেন, তাহাতে প্রাণ সংশয় বুঝিয়া বন্ধু বান্ধব ও

---

* জেনো পণ্ডিতের মতাবলম্বিদিগকে ষ্টোইক্ বলা যা। সেঁাইকদিগের সকল বিষয়েতেই ঔদাস্য এবং মায়া, দয়া, রাগ, দ্বেষ প্রভৃতি কিছু ছিল না।। ষ্টোইক কথা গ্রীক ভাষা, তাহার অর্থ, বারাণ্ডা, উক্ত মতাবলম্বিদিগের ঐ নাম হইবার নিদান এই যে জেনো পণ্ডিত এথেন্স নগরে এক বারাণ্ডায় বসিয়া ছাত্রদিগকে পাঠ অভ্যাস করাইতেন।

প্রধান২ সেনাপতিগণকে সন্নিধানে আহ্বান করিলেন। ১৭ তাহ... দেব সমক্ষে মার্কস আরিলিয়সকে আপনার পোষ্য পুত্র বলিয়া নির্দ্ধার্য করত ধনাধিষ্ঠাত্রী দেবীর স্বর্ণময়ী প্রতিমূর্ত্তি রাজসদনে সর্ব্বদা থাকিত তাহা ঐ ব্যক্তির আবাস স্থলে লইয়া যাইতে আজ্ঞা দিলেন। অনন্তর চতুঃসপ্ততি বৎসর বয়ঃক্রমে ২২ বৎসর ৮ মাস সৌভাগ্য যুক্ত শাসনের পর প্রাণ সম্বরণ করিলেন।

১৮ মার্কস আরিলিয়স যদিও আণ্টোনাইনসের একক উত্তরাধিকারী হইলেন তথাচ স্বেচ্ছামতে রাজ্য শাসন না হইবার মানসে লুসস্ বেরসকে আপনার সহকারী ও সমান পদস্থ করিলেন *। এই ব্যাপার রোমীয় ৯১২ শকে হয়। ১৯ আরিলিয়স এনিয়স বেরসের ঔরসজাত ছিলেন, ঐ ব্যক্তির বংশ অতি প্রাচীন ও বিখ্যাত তাঁহারা নিউমাকে আপনারদের আদি পুরুষ বলিয়া গণ্য করিলেন। লুসস্ বেরস সেই কমোডিয়সের আত্মজ, যিনি এড্রিয়ানের প্রথম পোষ্য পুত্র হইয়া সিংহাসনারূঢ় হইবার অগ্রে পঞ্চত্ব প্রাপ্ত হন। ২০ পরন্তু আরিলিয়স ধর্ম্ম ও গুণবত্তা হেতু যদ্রূপ সুখ্যাতাপন্ন, তাঁহার সহকারী লুসস্ বেরস অধীরতা ও লম্পটতায় তদ্রূপ বিপরীত ছিল ফলতঃ এক জনের সাধুতা ও জ্ঞান দ্বারা দ্বিতীয় ব্যক্তির মূর্খতা আলস্য ও অতি ব্যয়িতার মহতী নিন্দা হইয়াছিল।

২১ এই দুই অধিরাজ সিংহাসনে স্থির না হইতে হইতে অসভ্য লোকেরা চারি দিগ হইতে আসিয়া আক্রমণ করিল †। ক্যাটাই জাতি-

* আরিলিয়স বেরসকে রাজ্য শাসনে সহকারী করিয়াছিলেন, এবং কোন যুক্তি অকারণে খ্রীষ্টীয়ানদিগকে ক্লেশ দিয়া তাহার শাসন করিতেন না, এই দুই বিষয় নিমিত্ত তাঁহার নিন্দা করা যাইতে পারে।

† এই আক্রমণের কিয়ৎ কাল পূর্ব্বে রাজ্য মধ্যে একটা গুরুতর বিপদ হইয়াছিল অর্থাৎ টাইবর নদীতে এক ভয়ানক বন্যা হইয়া তদ্দারা নগর মধ্যে প্রজা সম্বন্ধীয় ও রাজকীয় বহুতর অট্টালিকা

য়েরা জর্মেনি ও হিস্পানিয়া [illegible] করত অগ্নি এবং খড়্গ দ্বারা উক্ত দেশ দ্বয় উচ্ছিন্ন করিল, কিন্তু পরে বিক্টোরাইনস্ তাহাদিগকে দূরীকৃত করিয়া দিলেন। অনন্তর ব্রিটনেরাও রাজবিদ্রোহী হইয়াছিল, কিন্তু ক্যাপরনিয়স্ তাহারদিগের দমন করিলেন। ২২ পরে পার্থিয়ানদিগের রাজা বলগ্রেসস স্বয়ং সেনাপতিত্ব ভার গ্রহণ করিলে পার্থিয়েরা তদধীনে অবস্থান পূর্ব্বক উপরোক্ত দুই জাতি অপেক্ষা ভয়ানক রূপে আক্রমণ করিল। তাহারা আর্মেনিয়া দেশস্থ সমুদয় রোমীয় সৈন্য সম্প্রদায়কে বিনষ্ট করিয়া সিরিয়া দেশে প্রবেশ করিল এবং তত্রস্থ রোমীয় শাসন কর্ত্তাকে দূরীকৃত করিয়া সমুদয় দেশ ত্রাস ও প্রমাদে নিমগ্ন করিল। ঐ অসভ্যদিগের আক্রমণ নিবারণ জন্য বেরস স্বয়ং যাত্রা করিলেন এবং আরিলিয়সও তাঁহার সমভিব্যাহারে কিয়দ্দূর পর্য্যন্ত আসিলেন।

২৩ পরন্তু বেরস এণ্টিয়ক* নগর পর্য্যন্ত গমন করিয়া সে স্থান হইতে শত্রু দমনার্থ প্রেরিত সেনাপতিদিগকে রণ ক্ষেত্রে দেয় সমস্ত সম্মান প্রদান করিয়া স্বয়ং নানাবিধ ইন্দ্রিয়ামোদে এমত রত হইলেন যে পূর্ব্বাবধি তদ্দেশ গ্রীকেরাও কখন তদ্রূপ আসক্ত হয় নাই। ২৪ ঐ সেনাপতিরা শত্রুদের সহিত যুদ্ধ করিয়া জয়ী হইল, পার্থি-

---

সমুদ্রে [illegible] এবং বহু সংখ্যক মনুষ্য ও পশু স্রোতে ভাসিয়া যায়, অপর নিকটস্থ দেশ সকল বহু দূর পর্য্যন্ত জলে মগ্ন হয়, তৎপরে পুনর্ব্বার ভূমিকম্প ও অগ্নিদাহ এবং সর্ব্বত্র বায়ুর মন্দ গতি হওয়াতে অসংখ্য কীট জন্মিয়া যে সকল শস্য রক্ষা পাইয়াছিল তাহাও নষ্ট করিল সুতরাং তদ্দ্বারা অত্যন্ত দুর্ভিক্ষ হইল।

* সিরিয়ার রাজধানীর নাম এণ্টিয়ক। আসিয়াতে ঐ নাম বিশিষ্ট অনুমান ষোড়শ টা নগর ছিল। ঐ সমুদয় নগর [illegible] জাতীয় প্রথম গ্রীক রাজা সেলিউকস নাইকেটর আপন পিতা এণ্টিওকসের চির স্মরণার্থ নির্ম্মাণ করিয়াছিলেন।

য়ানদের সহিত যে চারি বৎসর সংগ্রাম হইল তন্মধ্যে রোমানেরা তাহাদের দেশের বহু দূর পর্য্যন্ত প্রবেশ করিয়া সর্ব্বতোভাবে তাহাদের পরাজয় করিল কিন্তু প্রত্যাগমন কালে দুর্ভিক্ষ ও মহা মারী দ্বারা বহু সৈন্য বিনষ্ট হওয়াতে তাহাদিগের সংখ্যা অর্দ্ধাংশ অপেক্ষাও ন্যূন হইল *। ২৫ সে যাহা হউক, উক্ত প্রকার দুর্ঘটনাতেও বেরসের গর্ব্ব খর্ব্ব না হইয়া সৈন্যাধ্যক্ষেরা যাহা পরে যে জয় করিয়াছিল তিনি স্বয়ং তাহার সম্ভ্রম লইতে ও ফল ভোগ করিতে মানস করিলেন, পরে আর্মেনিয়া দেশে এক জন রাজা নিযুক্ত করিয়া ও সম্পূর্ণ রূপে পার্থিয়ানদিগের পরাভব দেখিয়া স্বয়ং পার্থিয়াজিৎ ও আর্মেনিয়াজিৎ উপাধি গ্রহণ করত রোমে প্রত্যাগত হইলেন এবং অদ্ভুত ও বহু ব্যয় সাধ্য জয়োল্লাসে প্রবৃত্ত হইলেন।

২৬ যৎকালে বেরস পূর্ব্বোক্ত সমরে প্রবৃত্ত ছিলেন তৎকালে আরিলিয়স রোমে থাকিয়া প্রজাদিগের প্রতি সুবিচার ও সন্তোষ প্রদানে বিশেষ মনোযোগী হইলেন প্রথমতঃ রাজ্য সম্পর্কীয় ব্যাপার সুধারা করিতে আরম্ভ করিলেন এবং ব্যবস্থা ও রাজ নীতির দোষ সকল শোধিত করিয়া দেন। ২৭ এই উদ্যোগের কালে তিনি সেনেটোরদিগের প্রতি অসাধারণ সম্মান প্রদান করিয়াছিলেন অর্থাৎ তাঁহারা যে বিচার করিতেন তাহার পুনর্বিচার না হইয়া তাহাই চূড়ান্ত হইত †। অতএব তাঁহার সুবিচারযুক্ত শাসনে এমত

* টাইগ্রীশ নদীর তীরস্থ সিলিউশিয়া বাসি লোকেরা ঐ নগরের প্রবেশ দ্বার বিমোচন করত তন্মধ্যে ক্যাসিসকে বন্ধু ভাবে আহ্বান করিলেও তিনি নির্দ্দয় রূপে উক্ত স্থান বাসি সমুদয় অর্থাৎ ৪ লক্ষ লোকের প্রাণ নাশ করিবার আজ্ঞা প্রদান করিলেন। ইহাতে এমত বিবেচনা হয় যে পূর্ব্ব কৃত দারুণ দুষ্কর্ম্ম সকলের দণ্ডস্বরূপ রোমানদের এই দুর্দশা ঘটিয়াছিল।

† আরিলিয়স সর্ব্বদা কহিতেন যে এত অধিক বিজ্ঞ লোক আমার

বোধ হইয়াছিল যে লোকপ্রভুত্ব পুনর্ব্বার সজীব হইবে। ২৮ প্রত্যহিক অন্যান্য কার্য্য বিষয়ে তাঁহার এতাদৃক্ যত্ন ছিল যে এক বিষয়ের প্রতি ক্রমাগত দশ দিবস পর্য্যন্ত মনোযোগ রাখিয়া তাহার সকল পক্ষ সম্যক্ রূপে বিবেচনা করিতেন এবং কন্সল কর্তৃক সেনেট সভা ভঙ্গ না হইলে তিনি প্রায় সেনেটাগার পরিত্যাগ করিতেন না। ২৯ কিন্তু আপনার সহযোগি অধিরাজের দৌরাত্ম্য, গর্ব্বিতা লম্পটতা এবং অপরিমিত ব্যয়িতার বিষয় প্রত্যহ শ্রবণ করাতে ও তদ্বিষয়ে সর্ব্বদাই প্রমাণ পাওয়াতে নিয়ত অসুখী থাকিতেন। ৩০ তথাপি ছলক্রমে ঐ সকল বিষয়ের অজ্ঞাততা প্রকাশ করিয়া মনে যুক্তি করিলেন বিবাহ হইলে বেরস আপন কুনীতি ত্যাগ করিবেন, অতএব তাহাই স্থির করিয়া পরম স্বরূপা আপন কন্যা লুসিলাকে তাঁহার নিকট পাঠাইয়া দিলেন তাহাতে বেরস এন্টিয়ক নগরে বিবাহ করিলেন। ৩১ কিন্তু তাহাতেও কোন ফল দর্শিল না যেহেতু পিতার ন্যায় লুসিলার সুস্বভাব না থাকাতে তিনি স্বামীর অপরিমিত ব্যয়িতার বাধিকা না হইয়া বরং তাহার সহকারিণী হইলেন। ৩২ তথাপি আরিলিয়সের এমত আশা হইল যে বেরস রোমে প্রত্যাগমন করিলে তাঁহার ভয়ে শান্ত হইবেন এবং তদ্দ্বারা রাজ্যের কর্ম্মের সৌভাগ্য হইতে পারিবে কিন্তু ইহাতেও তাঁহার আশা নিষ্ফল হইল যেহেতু বেরসের পুনরাগমনে রাজ্য মধ্যে ঘোরতর একটা উপস্থিত হইল, কারণ তাঁহার ন্যায় তাঁহার সৈন্যেরাও কুকর্ম্মের লিপ্ত থাকাতে তাহারা যে প্রদেশ দিয়া আসিতে লাগিল সেই স্থানেই আপনাদের স্বভাব প্রকাশ করিয়া সর্ব্বত্র কুকর্ম্মের বীজ রোপণ করিল।

৩৩ বেরসের আগমনে যে প্রকার বিপত্তি উপস্থিত হইল তাহা বর্ণনা করা অসাধ্য, তিনি চতুর্দ্দিকস্থ সাধু লোকদিগের সুস্বভাব

পরামর্শাবলম্বী হওয়া অপেক্ষা আমারই পক্ষে তাহাদের মতাবলম্বী হওয়া যুক্তি সিদ্ধ।

ও প্রজাদের দুঃখ দর্শনে কিছু মাত্র সচেতন না হইয়া অশ্রান্ত কুক্রিয়ায় প্রবৃত্ত হইলেন *। এক অনিবার্য্য মহা মারীতে রাজ্যের পশ্চিম ভাগীয় তাবৎ প্রদেশস্থ লোক শঙ্কান্বিত হইল ও অনেকে পঞ্চত্ব পাইল অপর এমত ভূমিকম্প ও দুর্ভিক্ষ এবং জল প্লাবন ঘটিল যে তত্তুল্য দুর্ঘটনার বিবরণ কোন ইতিহাসেই পাওয়া যায় না। পঙ্গপালে ইটালির শস্যাদি নষ্ট করিল এবং চতুঃপার্শ্বস্থ অসভ্য জাতিরা সুযোগ পাইয়া ঐ দেশে আক্রমণ করিতে লাগিল। ৩৪ এই সকল দুর্ঘটনা শান্তির নিমিত্তে যাজকেরা সাধ্যানুসারে দেবতাগণের উদ্দেশে অসংখ্য বলি প্রদান করিল ও অনেকে পূজা দিবার নিমিত্তে গমন করিল। অপর রোম দেশে স্বস্ত্যয়ন রূপ যে২ দৈব কর্ম্মানুষ্ঠান বিহিত ছিল তৎসমুদয়ও সম্পন্ন করিয়া ক্রমাগত সপ্ত দিবস পর্য্যন্ত লেক্‌টিসটরনিয়া অর্থাৎ অন্ত্যেষ্টি ক্রিয়াতে নিবেদনীয় ভোজ্য ভুজ্য ভোগ নিবেদন করিল। ৩৫ ইহাতেও সন্তুষ্ট না হইয়া পরে খ্রীষ্টীয়ানদের অধার্ম্মিকতাচরণেই রাজ্যের এ প্রকার বিপত্তি হইয়াছে এমত জ্ঞান করিয়া ঐ অবৈধ ধর্ম্মে উন্মত্ত ব্যক্তিরা উপস্থিত দুঃখে নত না হইয়া রাজ্যের সর্ব্ব স্থান স্থিত খ্রীষ্টীয়ানদিগকে যন্ত্রণা দিতে আরম্ভ করিল। জষ্টিন্ মারটর ও পালিকার্পস্ এবং অন্যান্য তদ্ধর্ম্মাবলম্বি লোকেরা স্বধর্ম্ম রক্ষার্থ যন্ত্রণায় প্রাণ ত্যাগ পর্য্যন্ত স্বীকার করে।

---

* তাঁহার উন্মত্ততার অন্যান্য দৃষ্টান্ত মধ্যে এই এক দৃষ্টান্ত আছে, যথা, তিনি সেলর নামক আপন অশ্বের এক স্বর্ণ প্রতিমা নির্ম্মাণ করাইয়াছিলেন এবং সেই অশ্বকে বাদাম ও দ্রাক্ষা আহার করিতে দিতেন। ঐ ঘোটক ধূম্র বর্ণের উত্তম পরিচ্ছদে ভূষিত থাকিত এবং রাজ বাটীর এক গৃহে তাহার বাস স্থল হইয়াছিল। ঐ অশ্বের মৃত্যু হইলে বেরস্ তাহার স্মরণার্থে বেটিকেন নামক সাধারণ স্থানে এক স্তম্ভ নির্ম্মাণ করাইয়াছিলেন।

## প্রশ্ন।

১ এড্রিএন রাজ্য পর্য্যটনে কত বৎসর যাপন করিলেন ?

২ তাঁহার দেশ পর্য্যটনে লোকেরা কি আহ্লাদিত ছিল ?

৩ তিনি কি [illegible] আমোদে আমোদী ছিলেন ?

৪ তিনি কিং [illegible] নিয়ম করিলেন ?

৫ [illegible] হইতে মুক্ত করিয়াছিলেন কি না ?

৬ [illegible] রাজ্য কার্য্যোপযুক্ত পরিশ্রম করিতে তাঁহার শক্তি [illegible] কি না ?

৭ তাঁহার কি অত্যন্ত ক্লেশ হয় নাই ?

৮ তাঁহার বাঞ্ছা কি সফলা হইল ?

৯ পরে তিনি কি করিলেন ?

১০ পথ্য ত্যাগের ফল কি হইল এবং মরণ কালে তিনি কি গান করিয়াছিলেন ?

১১ কে তাঁহার উত্তরাধিকারী হইল ?

১২ উক্ত [illegible] আণ্টোনাইনসের পূর্ব্ব [illegible] কি হ্রাস হই[illegible] ছিল ?

১৩ তিনি [illegible] আদর করিতেন ?

১৪ [illegible] বিষয়ে কি উপন্যাস আছে ?

১৫ [illegible] উত্তর করিলেন ?

১৬ [illegible] শাসন কি দীর্ঘ কাল স্থায়ী ও সৌভাগ্যযুক্ত ছিল ?

১৭ তিনি [illegible] কে আপন উত্তরাধিকারী করিলেন ?

১৮ আরিলিয়স কি একক অধিরাজ হইলেন ?

১৯ আরিলিয়স ও কমসের জন্ম বৃত্তান্ত কি ?

২০ তাঁহাদের স্বভাব কি সমান ছিল ?

২১ তাঁহাদের রাজত্ব কালে কোন যুদ্ধ ঘটিয়াছিল কি না ?

২২ সর্ব্বাপেক্ষা কোন্ জাতিদিগের আক্রমণ ভয়ানক হইয়া উ[illegible]

২৩ বেরস যে ভার লইলেন তাহাতে উপযুক্ত কর্ম্ম করিলেন কি না?

২৪ সৈন্যেরা কি জয়ী হইল এবং প্রত্যাগমন কালে তাহাদের কি কোন বিপদ ঘটিল?

২৫ বেরস কি তদ্দুঃখে বিমগ্ন হইয়াছিলেন।

২৬ ঐ সময়ে আরিলিয়ন কি কর্ম্মে নিযুক্ত ছিলেন?

২৭ তিনি কি স্বয়ং বিচার করিতেন?

২৮ তিনি বিশেষ বিবেচনা না করিয়া কোন বিষয়ের নিষ্পত্তি করিতেন কি না?

২৯ তিনি কি সহকারি অধিরাজের কুক্রিয়া জ্ঞাত ছিলেন?

৩০ তিনি বেরসের স্বভাব পরিবর্ত্তনার্থ কি চেষ্টা করিলেন?

৩১ সে চেষ্টা কি সফল হইল?

৩২ বেরসের বিষয়ে আরিলিয়সের অন্য কোন আশা ছিল কি না?

৩৩ এই কালে রাজ্যের কি রূপ অবস্থা হইল?

৩৪ ঐ দুঃখ বিমোচনার্থ কি২ উপায় হইল?

৩৫ কাহারা ঐ দুঃখের হেতু রূপে গণ্য হইয়াছিল?

## ২৩ অধ্যায় ৪ খণ্ড।

১ সর্ব্বত্র ব্যাপি এই উৎপাত, প্রাণ হিংসা এবং দুঃখের সময় কেবল এক ব্যক্তির অর্থাৎ আরিলিয়সের বুদ্ধি কৌশল ব্যতীত অন্য কোন উপায়ে রাজ্য মধ্যে পুনর্ব্বার সুস্থিরতা ও শান্তি স্থাপন সম্ভাবনা ছিল না। ২ আরিলিয়স বেরসকে সমভিব্যাহারি করিয়া প্রথমতঃ মার্কোমানাই* ও কোয়াডাই+ দিগের বিরুদ্ধে যাত্রা করি-

---

* জর্ম্মেনিস্থ যে জাতিদিগকে একণে মোরেবাই অথবা মোরেবিয়ন কহা যায় পূর্ব্বে তাহাদিগেরই নাম মার্কোমানাই ছিল, তাহারা তৎকালে রাইন নদীর পূর্ব্বস্থ ও ডেনিউব নদীর উত্তরস্থ প্রদেশে বসতি করিত।

+ কোয়াডাই অথবা কোঅণ্ডিয়েন জাতিরাও জর্ম্মেনি দেশীয়;

লেন। তাহাতে বেরস অনিচ্ছাতেও রোম সম্বন্ধীয় ইন্দ্রিয় সুখ পরিত্যাগ করিয়া যুদ্ধ যাত্রার ক্লেশ সহ্য করিতে বাধ্য হইলেন। ৩ তাঁহারা একুইলিয়া নগরের * নিকটে মার্কোমানাইদিগকে দেখিতে পাওয়াতে ঘোরতর সংগ্রাম করিলেন তাহাতে বিপক্ষ পক্ষের সমুদয় সৈন্য সন্ত্রাস ও শঙ্কা সহকারে পরাঙ্মুখ হইল। পরে তাঁহারা এল্প পর্ব্বত শ্রেণির মধ্য দিয়া শত্রুদিগের পশ্চাৎ২ গমন করিলেন এবং বারম্বার জয় করত পরিশেষে তাহাদিগকে সম্পূর্ণ রূপে পরাভূত করিয়া আপনাদের কোন গণনীয় হানি ব্যতিরেকে ইটালিতে প্রত্যাগমন করিলেন। এই ব্যাপার রোমীয় ৯২১ ও খ্রীষ্টীয় ১৬৯ শকে ঘটিয়াছিল। ৪ পরে শীত ঋতুর শেষে বেরস রোমে আগমনের মানস করিলেন, কিন্তু পথিমধ্যে পক্ষাঘাত রোগে আক্রান্ত হইয়া ৩৯ বৎসর বয়ঃক্রমে প্রাণ ত্যাগ করিলেন। তিনি আরিলিয়সের সহিত ৯ বৎসর রাজ্য শাসন করিয়াছিলেন।

৫ আরিলিয়স তাবৎ কাল পর্য্যন্ত কেবল রাজ্য শাসন সম্বন্ধীয় ক্লেশ সহ্য করিয়াছিলেন এমত নহে; সহকারির শাসনার্থেও তাঁহাকে যথেষ্ট আয়াস স্বীকার করিতে হইয়াছিল। পরন্তু এক্ষণে পূর্ব্বাপেক্ষা অধিক পরিশ্রমি ও তেজস্বি ভাবে রাজকীয় ব্যাপার নির্ব্বাহ করিতে লাগিলেন এবং পূর্ব্বোক্ত প্রকারে মার্কোমানাইদিগকে পরাভূত করিয়া রোমে প্রত্যাগমন পূর্ব্বক মনুষ্যের মঙ্গল ও সুনাম বৃদ্ধির জন্য পুনর্ব্বার উদ্যোগী হইলেন।

৬ কিন্তু পর্ব্বতন সমরানল পুনশ্চ প্রজ্বলিত হওয়াতে তৎকাল তাঁহার ঐ উৎকৃষ্ট উদ্যমে ব্যাঘাত পড়িল। তিনি যে সকল সংগ্রামে ব্যাপৃত হয়েন তন্মধ্যে এক বিষয়ে পশ্চাল্লেখ্য উপাখ্যান বিখ্যাত আছে-

---

তাহারা মোরেবিয়া, বোহিমিয়া এবং হঙ্গেরির কিয়দংশ স্থানে বাস করিত।

* ইটালির উত্তরে একুইলিয়া নামক প্রসিদ্ধ নগর ছিল।

যথা; সৈন্যেরা তৃষ্ণাতুর হইলে তাঁহার অধীনস্থ এক দল খ্রীষ্টীয়ান সৈন্য ঈশ্বরের আরাধনা করিল তাহাতে হঠাৎ আকাশ হইতে তৎক্ষণাৎ বৃষ্টিপাত হইয়া পিপাসায় মৃতকল্প সৈন্যগণের প্রাণ শীতল করিল। সেনাগণ আপনাদের রক্ষার্থে তাদৃশ অদ্ভুত প্রকারে উপস্থিত জল পান করিতে আকাশের দিকে বদন ব্যাদান করিল ও জল সঞ্চয়ার্থ আপন আপন মস্তকের টুপি পাতিয়া ধরিল। ৭ কথিত আছে যে মেঘ রোমানদিগের প্রতি এতাদৃশ আনুকূল্য করিল, সেই মেঘ হইতেই বিপক্ষ পক্ষের উপর শিলা বৃষ্টি ও বজ্রপাত হইতে লাগিল, তাহাতে তাহারা চমৎকৃত ও মহা ব্যাকুল হইল। রোমানেরা এই অভাবনীয় দৈব সহায়তায় পুনর্ব্বার শক্তি ও সাহস অবলম্বন পূর্ব্বক সবলে রণারম্ভ করিয়া বৈরিদিগকে খণ্ডং করত ছেদন করিয়া ফেলিল। ৮ ঐ অদ্ভুত বৃষ্টি ঘটনা বিষয়ের সত্যতা পৌত্তলিক ও খ্রীষ্টীয়ান উভয় পক্ষীয় গ্রন্থ কর্ত্তারাই স্বীকার করেন, কিন্তু এই মাত্র প্রভেদ; খ্রীষ্টীয়ানেরা কহেন যে খ্রীষ্টীয়ান সৈন্যদিগের উপাসনাতেই ঐ রূপ ঘটিয়াছিল, পৌত্তলিকেরা কহেন অধিরাজ কৃত আরাধনায় পরমেশ্বরের তাদৃশী কৃপা জন্মে *। যাহা হউক অধিরাজ এই দৈবানুকূল্যে সকলের রক্ষা জন্য খ্রীষ্টীয়ানদিগকে যন্ত্রণা দিবার যে কুপ্রথা ছিল তাহা নিবারণ করিলেন এবং তাহাদিগের হিতার্থ সেনেট সভায় পত্র লিখিলেন।

৯ এবিডিয়স ক্যাসিয়স † নামা যে সেনাপতি পার্থিয়ানদিগের প্রতিকূলে সফলতার সহিত সংগ্রাম করিয়াছিলেন এই ঘটনার কিয়ৎ

* কোনং তার্কিকেরা বিশিষ্ট কারণ দর্শাইয়া কহেন ঐ ঘটনা স্বাভাবিকী ভিন্ন দৈবী নহে।

† যুদ্ধের নিয়ম পালন বিষয়ে ক্যাসিয়স একজন প্রসিদ্ধ ও প্রবলতর নিষ্ঠাবান্ ছিলেন, এতদ্বিষয়ের প্রমাণ এই; কোন সময়ে ডেনিউব নদীর তীরে শিবির স্থাপন করিয়াছিলেন, তাঁহার কতিপয়

কাল পরে তিনি স্বয়ং অধিরাজ উপাধি গ্রহণ করিলেন, কিন্তু অল্প কাল পরেই অন্য একটা যুদ্ধ উপস্থিত হওয়াতে রণ স্থলে তাঁহার নিধন হইল। তাঁহার ছিন্ন মস্তক আরিলিয়সের সম্মুখে আনীত হইলে আরিলিয়স তদ্দর্শনে বিমুখ হইয়া খেদ প্রকাশ করিলেন এবং সম্মান পুরঃসর তাঁহার সমাধি প্রদানের আজ্ঞা দিয়া বিষাদ করিতেং এই বাক্য কহিলেন দয়া প্রকাশ করিবার এই এক অবকাশ অপগত হইল। তিনি কাসিয়সের অনুরক্ত ও বন্ধুদিগকে অত্যন্ত অনুগ্রহ করিতেন এ জন্য কেহ২ তাঁহার নিন্দা করাতে আপনি বিজ্ঞতা প্রকাশ পুরঃসর এই উত্তর দিয়াছিলেন আমরা এমত কুকর্ম্মে কাল যাপন না দেবতাগণের প্রতি কুব্যবহার করি নাই যে তাঁহারা ক্যাসিয়সকে কৃপা করিবেন, তাহার আত্মীয় ও বান্ধবগণ কি অপরাধ করিয়াছে।

১০ তিনি রাজ সভাকে বিমাতা ও শাস্ত্র বিদ্যাকে মাতা বলিয়া সম্বোধন করিতেন এবং সর্ব্বদা এই কথা বলিতেন যে জাতিদিগের রাজা পণ্ডিত তাহারাই অবনীমণ্ডলে সুখী। সাম্রাজ্য সম্ভ্রম বর্দ্ধিত

---

সৈন্য ঐ নদ [illegible]দিগের অসাবধানতা বুঝিয়া তাঁহার অনুমতি ব্যতিরেকে আক্রমণ পূর্ব্বক তিন সহস্র লোককে বিনষ্ট করিয়া প্রচুর দ্রব্য লুণ্ঠন করত শিবিরে প্রত্যাগমন করিল। কিন্তু তাহারা যখন ক্যাসিয়সের নিকটে আসিল তখন তিনি প্রশংসা না করিয়া এই উদ্যোগের পোষকতাকারি সেন্টিউরিয়ান অধ্যক্ষদিগকে ধৃত করত ক্রুশ অর্থাৎ বজ্রাকৃতি যন্ত্রে বধ করিলেন। এই নির্দ্দয়াচরণে সৈন্যেরা অবাধ্য হইলে তিনি নির্ভয়ে বিনা অস্ত্রে ক্রোধান্বিত সেনাদের সম্মুখে যাইয়া কহিলেন যদি আমাকে নষ্ট করিতে চাহ তাহা করিয়া তোমাদের কর্ত্তব্য কর্ম্মের অকরণ রূপ এই অপরাধের সহিত তোমারদিগের সৈন্যাধ্যক্ষেরও বধ কর। তাঁহার এই সাহসেই উপদ্রবের শান্তি হইল ও শক্তি দৃঢ় রূপে স্থাপিত হইল।

তাঁহার তৎকাল প্রচলিত মহা পণ্ডিত রূপে খ্যাতি ছিল। আর মহৎ কুলোদ্ভব না হইয়া যদি সামান্য বংশে জন্ম গ্রহণ করিতেন তথাপি নিজ রচিত গ্রন্থ সমুদায়ে যে প্রকার পাণ্ডিত্য প্রকাশ করিয়াছেন তাবন্মাত্র হেতুতেই তাঁহার নাম চির স্মরণীয় হইতে পারিত। তাঁহার সেই সকল গ্রন্থ অদ্যাপি বর্ত্তমান আছে।

১১ এইরূপে প্রজাদের উন্নতি ও মনুষ্যদিগের মঙ্গল পুনঃ স্থাপনের পর তিনি সংবাদ পাইলেন সিথিয়ানেরা* ও উত্তরাঞ্চলস্থ অন্যান্য অসভ্য জাতিরা অস্ত্রধারী হইয়া রাজ্য আক্রমণ করিতেছে। ১২ অতএব বৃদ্ধাবস্থাতেও স্বদেশ রক্ষার্থ ক্লেশ ভোগ করিতে প্রতিজ্ঞা করিয়া এবং তাহাদিগকে বাধা দিবার কারণ ত্বরায় প্রস্তুত হইয়া সেনেট সভায় গমন করত রাজকোষ হইতে মুদ্রা লইতে ইচ্ছা করিলেন। পরে সুনিয়মে জীবন কাল যাপন বিষয়ে প্রজাদিগকে ক্রমাগত তিন দিবস সদুপদেশ দিয়া আপন মঙ্গলার্থ প্রজা জন কর্ত্তৃক কৃত ঈশ্বর স্তব ও আপনার বিরহে তাহাদের বিলাপ শ্রবণ করিতে যুদ্ধ যাত্রা করিলেন। ১৩ ক্রমাগত দুই বৎসর সমর করণানন্তর তৃতীয় বর্ষের যুদ্ধারম্ভ কালে বাইনা নগরীয় মহা মারীর সময় পীড়াগ্রস্ত হইলেন তাহাতে আর দূরতর গমন রহিত হইল, তথাচ মনুষ্যের মঙ্গলার্থ তাঁহার স্বাভাবিক চেষ্টা কোন অংশে খর্ব্ব হয় নাই। ১৪ পরে তিনি আপনার জীবন সংশয় বুঝিয়া স্বীয় উত্তরাধিকারি কমোডসের অল্প বয়স্কতা ও মন্দ স্বভাব প্রযুক্ত অতিশয় উদ্বিগ্ন হইলেন এবং আপনার শয্যার চতুর্দিকে বেষ্টিত বন্ধুবর্গ ও প্রধান২ সেনাপতিদিগকে সম্বোধন করিয়া কহিলেন আমার মৃত্যুতে কমোডস পিতৃহীন হইবেন বটে কিন্তু আমি প্রত্যাশা করিতেছি যে তোমরা থাকাতে

* সিথিয়ানেরা টারটেরিতে বাস করিত বটে কিন্তু প্রায় সর্ব্বদা ভ্রমণ করিয়াই কালযাপন করিত। ঐ টারটেরি এক্ষণে এসিয়াটিক রসিয়া নামে খ্যাত হইয়াছে।

তাঁহার বহু [illegible] রহিল। ১৫ এই বাক্য কহিতেই তাঁহার এতাদৃশ দৌর্ব্বল্য হইল যে তৎপরেই বাক্রোধ এবং প্রাণ বিয়োগ হইল। তৎকালে তাঁহার বয়ঃক্রম ঊনষষ্টি বৎসর হইয়াছিল এবং ১৯ বৎসর রাজ্য করিয়াছিলেন। এই সর্ব্বশ্রেষ্ঠ অধিরাজের পরলোক হওয়াতে রোমানদিগের রাজ্যের শোভা ও উন্নতি তাঁহার সহগামিনী হইল।

প্রশ্ন।

১ রাজ্যের পুনর্ব্বার সুস্থিরতা নিমিত্ত রোমানেরা কাহার প্রতি লক্ষ্য করিয়াছিল?

২ আরিলিয়স কাহাদের প্রতিকূলে গমন করিয়াছিলেন এবং কে তাঁহার সঙ্গে গমন করিয়াছিল?

৩ মার্কোমানাইদের সহিত কোথায় তাঁহাদের সাক্ষাৎ হইয়াছিল ও যুদ্ধের ফল কি হইল?

৪ ভেরসের কিরূপে মৃত্যু হইল?

৫ রোমে আসিয়া আরিলিয়স কিরূপ কর্ম্ম করিলেন?

৬ এক দল খ্রীষ্টীয়ান সৈন্যের ঈশ্বরারাধনায় কি আশ্চর্য্য [illegible] হইয়াছিল?

৭ [illegible] শত্রুদের কি হইল?

৮ তজ্জন্য আরিলিয়স খ্রীষ্টীয়ানদিগের প্রতি অনুকূল হইলেন [illegible]?

৯ ক্যাসিয়সের বন্ধুগণের প্রতি দয়া করণ জন্য তাঁহাকে যাহারা নিন্দা করিয়াছিল তাহাদিগকে তিনি কি উত্তর করিলেন?

১০ তিনি সর্ব্বদা কি কহিতেন এবং তাঁহার চরিত্র কিরূপ ছিল?

১১ রাজ্যে সন্ধি স্থাপন হইবা মাত্র তিনি [illegible] করিলেন?

১২ শত্রুদিগের প্রতিকূলে গমনের পূর্ব্বে তিনি কিরূপ কর্ম্মে প্রবৃত্ত ছিলেন?

১৩ তিনি কোন্ স্থানে মহামারীগ্রস্ত হইলেন?

১৪ কি নিমিত্ত অত্যন্ত উদ্বিগ্ন হইলেন?

১৫ মৃত্যু কালে তাঁহার বয়ঃক্রম কত হইয়াছিল এবং কত বৎসর রাজ্য করেন?

---

## ২৪ অধ্যায় ১ খণ্ড

### কমোডসের সাম্রাজ্যাবধি কানষ্টান্টাইনের সময়ে কানষ্টান্টিনোপল নগরে রাজধানী স্থাপন পর্য্যন্ত বিবরণ।

১ কমোডস * আরিলিয়সের গুণে অনায়াসেই সিংহাসন লাভ করিলেন; কেননা ক্রমশঃ সৈন্য সমূহ, সেনেট সভা এবং ইটালীর ও পরে প্রদেশস্থ লোকেরা সকলেই তাঁহাকে সম্রাট বলিয়া স্বীকার করিল।

২ কিন্তু তাঁহার রাজত্ব ব্যভিচার, মূর্খতা, নিষ্ঠুরতা, অবিচার, লোভ এবং অধর্ম্ম এই সকলেই পরিপূর্ণ হইল। ফলতঃ তাঁহার চরিত্র ডমিশিয়ানের চরিত্রের অবিকল অনুরূপ ছিল, পাঠকগণ ঐ দুই চরিত্র পাঠ করিলে বোধ করিবেন যেন এক রাজ্যাধিপেরই ইতিহাস পড়িলেন। ৩ কমোডস্ আপনার বয়স্যগণ সমভিব্যাহারে বেশ্যালয়ে গমন করিতেন এবং দিবা ভাগ আহারামোদে ও রজনী অতি ঘৃণিত লাম্পট্য ব্যবহারে যাপন করিতেন। অপর কৌতুকাভিলাষী হইয়া ক্ষুদ্র২ ক্রয় বিক্রয়ির বেশ ধারণ পুরঃসর বাজারে২ দ্রব্যাদি লইয়া ভ্রমণ করিতেন এবং কখন২ অশ্বপালের বেশ ধারণ করিতেন কখন বা দাস বেশে আপন রথ চালাইতেন। আর যে সকল ব্যক্তি তাঁহার আমোদের সঙ্গী এবং নিষ্ঠুর কর্ম্মের মন্ত্রী ছিল তাহাদেরই পদ বৃদ্ধি করিতেন।

৪ যদি কেহ তাঁহাকে কিঞ্চিৎ অর্থ প্রদান করিয়া কোন শত্রুর প্রতি প্রতিহিংসা করণের অনুরোধ করিত তাহাতে তিনি ঐ অর্থ

---

* কমোডস পিতার জীবদ্দশায় উত্তরাধিকারী হইয়াছিলেন।

আপনি খেদা করত হস্তে করিয়াই গার্শিয়ার নিকটে গেল। মার্শিয়া ঐ তালিকা দর্শনে উত্তপ্ত হইল। ৮ পরে অবিলম্বে ভাবি আপনার বিপদ লিটস ও ইলেকটসের সমীপে ব্যক্ত করিল। তাহাতে তাহারা উপস্থিত সঙ্কট বিবেচনা করিয়া ঐ অত্যাচারির জীবন সংহার করাই অবধারিত করিলেন। ৯ অতএব কিয়ৎ কাল পরে বিষ প্রয়োগ দ্বারা তাঁহার প্রাণ বিনাশ করিতে স্থির করিলেন. কিন্তু তাহাতে তাহাদের অভীষ্ট সিদ্ধি হইল না। অনন্তর মার্শিয়া প্রাণ ভয়ে ব্যাকুল হইয়া নার্সিসস্ নামক এক যুবককে আনয়ন পূর্ব্বক তাহার সহায়তায় কমোডসের গলা টিপিয়া মারিয়া ফেলিল। এইরূপে ঐ দুরাত্মা দ্বাদশ বৎসর নয় মাস নিষ্ঠুরতা রূপে রাজ্য করিয়া একত্রিশ বৎসর বয়ঃক্রমে শমন সদনের অতিথি হইল *।

১০ কমোডস এমত সংগোপনে এবং শীঘ্র হত হইল যে ইতর লোকে তাহার মৃত্যুর বিবরণ জানিতে পারিল। তাহার মৃত দেহ অকর্ম্মণ্য দ্রব্যের বস্তার মত বস্ত্রে জড়িত হইয়া মদোন্মত্ত অথবা নিদ্রিত প্রহরিগণের মধ্য দিয়া নীত হইয়াছিল।

১১ যে হেলবিয়স্ পর্টিনাক্স সদ্গুণে এবং সাহসে অত্যুচ্চ পদের উপযুক্ত ছিলেন এবং যিনি নানা প্রকার অবস্থান্তর প্রাপ্ত হওয়াতে

---

* কমোডস এরূপ বলবান্ ছিলেন যে আম্ফিথিয়টর নামক নাট্যমন্দিরে এক২ মুষ্টি প্রহারে এক শত সিংহের প্রাণ বধ করিয়াছিলেন এবং ৭৩৫ বার অস্ত্র ক্রীড়কদিগকে জয় করিয়া আপনি সহস্র শস্ত্র ক্রীড়কজয়ী বলিয়া স্বীয় নাম স্বাক্ষর করিতেন। ডমিশিয়ানের মৃত্যুর বৃত্তান্ত ইহাঁর মরণ বিবরণের সহিত এমত সদৃশ বোধ হয় যে যেন তাহাই ভ্রম বশতঃ পুনর্ব্বার বর্ণিত হইয়াছে। ডাইও ক্যাসিয়স্ ডমিশিয়ানের মৃত্যু বিবরণ লিখিয়াছেন, তিনি এ বিষয়ে এতন্মাত্র বর্ণন করেন যে লিটস, ইলেকটস এবং মার্শিয়া কর্ত্তৃক কমোডস হত হয়েন।

তাঁহাকে সিংহাসনচ্যুত করিতে দৃঢ় প্রতিজ্ঞা করিল। অতএব দল বদ্ধ হইয়া কোলাহল পূর্ব্বক রাজপথ দিয়া অবাধে রাজপুরে প্রবেশ করিল এবং টংগ্রিয়া* তদ্দেশস্থ এক জন সৈন্য বর্শাঘাতে তাঁহাকে মারিয়া ফেলিল। ১৭ তিনি অনেক প্রকার অবস্থায় পতিত হওয়াতে লোকে তাঁহাকে ভাগ্যের ভাঁটা বলিয়া বর্ণনা করিত। বস্তুতঃ এতাদৃশ বিবিধ অবস্থাপন্ন হইয়াছিলেন যে তৎসমুদয় হইতে কেহ কখন উত্তীর্ণ হইতে পারে না। যাহা হউক তিনি তিন মাস মাত্র রাজ্য করিয়াছিলেন।

১৮ সৈন্যগণ তাঁহার প্রাণ বিনষ্ট করিয়া সর্ব্বত্র এই ঘোষণা দিল যে যিনি অধিক মূল্য দিবে তাহারই নিকটে সাম্রাজ্য বিক্রয় করিব। ১৯ তাহাতে দুই জন ক্রেতা উপস্থিত হইল, এক জন সল্পিসিয়ানস্, অপর এক জন ডিডিয়স্। প্রথম ব্যক্তি কুলীন, নগরাধ্যক্ষ এবং সম্রাট পার্টিনাক্সের জামাতা, দ্বিতীয় জন কুলীন বংশোদ্ভব, ব্যবস্থা পারদর্শী, এবং অত্যন্ত ধনাঢ্য ছিলেন। ২০ সল্পিসিয়ানস্ তৎক্ষণাৎ অধিক অর্থ প্রদানে অক্ষমতাপ্রযুক্ত বাক্যে সর্ব্বাধিক মূল্য অঙ্গীকার করিলেন। কিন্তু ডিডিয়স্ সঙ্গে২ নগত টাকা প্রদান করাতে তাঁহারই প্রার্থনা সিদ্ধি হইল, অর্থাৎ সৈন্যেরা তাঁহাকে শিবিরে আনিয়া সম্রাট বলিয়া মান্য করিতে শপথ করিল। ২১ অনন্তর তিনি সেনেট সভায় নীত হইলে তথায় উপস্থিত কতিপয় ব্যক্তিকে সংক্ষেপ কথায় এই মাত্র কহিলেন, "ওহে তোমরা এক জন সম্রাট চাহ, আমি অতি উপযুক্ত পাত্র, অতএব আমাকেই মনোনীত কর"। পরে সৈন্যগণের নির্ব্বাচিত সম্রাট সেনেট সভারও গ্রাহ্য হইল তাহাতে ডিডিয়স্ সপ্ত পঞ্চাশৎ বৎসর বয়ঃক্রমে সাম্রাজ্যাভিষিক্ত হইলেন। ২২ এই দুর্ব্বল রাজার বিবরণ পাঠে বোধ হয় তিনি সিংহাসনাধিরূঢ় হইয়া রাজ্য শাসন

---

* গাল দেশের উত্তরস্থ গালিয়া বেল্জিকা প্রদেশস্থ এক গ্রামের নাম টংগ্রিয়া।

ব্যাপারকে শ্রমের কর্ম জ্ঞান না করিয়া কেবল আমোদের বিষয় বোধ করিয়াছিলেন এবং প্রজা [illegible] হইবার চেষ্টায় স্বীয় কর্ত্তব্য কর্ম্মে অনুরক্ত না থাকিয়া কেবল স্বসুখাভিলাষে নিষ্কর্ম্মা হইয়াছিলেন। ফলতঃ আপনি যেমন নম্র ছিলেন কাহারও অনিষ্ট চেষ্টা আপনার মনে উদিত হইত না তদ্রূপ মনে করিতেন অন্য লোকেও তাঁহার অনিষ্ট করিবে না। ২৩ [illegible] ধনাশায় আরূঢ় হইয়া পরে ধনা[illegible] হইয়াছিলেন [illegible] ছিল অতএব যে সৈন্য-গণ তাঁহাকে সম্রাট্ [illegible] করিল অনতিবিলম্বে তাহারাই ঘৃণা করিতে আরম্ভ করিল। ২৪ তাহাতে যে সকল প্রজার অনভি-মতে রাজা হইয়াছিলেন তাহারা ঐ সময়ে পরম শত্রু হইয়া উঠিল। তিনি রাজপুরের বহির্ভাগে গমন করিলেই তাহারা চোর বলিয়া কটূক্তি [illegible] অর্থাৎ কাহত তাস্কর্য্য বৃত্তি দ্বারা সাম্রাজ্য গ্রহণ করিয়াছেন। ২৫ ডিডিয়স্ ঐ সমস্ত কটূক্তি [illegible] তেন এবং বশতাপন্ন হইব বলিয়া ঐ সকল লোকের প্রতি সম্মান ও স্নেহ প্রকাশ করিতেন। ২৬ কিয়ৎ কাল পরে কাফ্রি কুলোদ্ভব সিবি-রস * আপন সৈন্যগণের উদ্যোগে রাজা হইয়া পর্টিনাক্সের মৃত্যুর নিমিত্ত প্রতিহিংসা করিতে প্রতিজ্ঞা করিয়া রাজ্যারম্ভ করিলেন।

২৭ ডিডিয়স্ তাঁহার আগমন বার্ত্তা শুনিয়া সেনেট সভার মতে তাঁহাকে সাম্রাজ্যের অংশী করিবার প্রস্তাব করত তন্নিকটে দূত প্রেরণ করিলেন। ২৮ কিন্তু সিবিরস স্বীয় পরাক্রম এবং প্রস্তাব-কের দৌর্ব্বল্য জানিয়া ঐ প্রস্তাব গ্রাহ্য করিলেন না। পরে সেনেট সভ্যগণও তৎপক্ষাবলম্বী হইয়া ভীরুতা এবং অক্ষমতা প্রযুক্ত বর্ত্ত-মান প্রভুকে পরিত্যাগ করিলেন। ২৯ অনন্তর সাধারণ রাজ্য শাসন সময়ে যে রীতি ছিল, তদনুসারে সকলে একত্র হইয়া এই আজ্ঞা

* সিবিরস এই কালে ইউরোপীয় [illegible] উত্তরপশ্চিম ইলিরিয়া দেশে সৈন্যাধ্যক্ষ ছিলেন।

করিলেন যে তিনি যেন সাম্রাজ্য চ্যুত হয়েন তাঁহার পরিবর্ত্তে সিবিরস রাজা হইবেন। পরে দিদিয়ানসের বধার্থ আজ্ঞা প্রদান করিয়া কর্ম্ম সম্পাদনার্থ রাজ বাটীতে দূত প্রেরণ করিলেন। তাহারা তথায় গিয়া তাঁহাকে কয়েক জন বন্ধু সঙ্গে কথোপকথন করিতে দেখিয়া তৎক্ষণাৎ মস্তক ছেদন করিল।

## প্রশ্ন।

১ কমোডস কি নির্ব্বিরোধে রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন?

২ তিনি কি আপন পিতার অনুরূপ কর্ম্ম করিয়াছিলেন?

৩ তাঁহার দোষ কিঞ্চিৎ বর্ণনা কর?

৪ তাঁহার অনর্থক নিষ্ঠুরতার বিষয়ও কিঞ্চিৎ বর্ণন কর?

৫ এই চরিত্রের জন্যে তাঁহাকে কে ভর্ৎসন করিয়াছিল?

৬ এই ভর্ৎসনে কি ফলোদয় হইল?

৭ ইহা কি রূপে প্রকাশ হইল?

৮ কি ফলোদয় হইল?

৯ কি প্রকারে ইহা নির্ব্বাহ হইল?

১০ তাঁহার মৃত্যুর বিবরণ সাধারণের জ্ঞাত ছিল কি না?

১১ কে তাঁহার উত্তরাধিকারী হইল?

১২ পর্টিনাক্স কি ভয়ের কোন লক্ষণ দেখাইয়াছিলেন?

১৩ তাঁহার স্বীকারে কি ঘটিল?

১৪ তিনি কি রোমান প্রজাগণের নিকট মান্য ছিলেন

১৫ তিনি কি রূপে রাজ্য শাসন করিয়াছিলেন?

১৬ অবশেষে কি হইল?

১৭ তিনি কি উপাধিতে বিখ্যাত ছিলেন?

১৮ পরে কি রূপে রাজ্য বিক্রয় হইল?

১৯ কে২ রাজ্যাভিলাষী হইলেন?

২০ কাহার অভীষ্ট সিদ্ধ হইল?

২১ তিনি কি সেনেট সভা সমীপে মান্য হইয়াছিলেন?

২২ তাঁহার কি রূপ চরিত্র ছিল?

২৩ সৈন্যেরদিগের নিকট কি কারণে ঘৃণিত হইলেন?

২৪ তিনি কি প্রজাবর্গের প্রিয় ছিলেন?

২৫ ডিডিয়স্ কি রূপ সহ্য করিতেন?

২৬ কোন্ ব্যক্তি রাজ্যাভিলাষী হইয়া প্রকাশ পাইল?

২৭ এ বিষয়ে ডিডিয়স্ কি রূপ ব্যবহার করিলেন?

২৮ তাঁহার প্রস্তাব কি গ্রাহ্য হইয়াছিল?

২৯ পরে কি ঘটনা হইল?

---

## ২৪ অধ্যায় ২ খণ্ড।

১ নিবিরস খ্রীষ্টীয় ১৯৪ শকে নাইজরকে * এবং ১৯৮ শকে আলবাইনসকে † পরাজয় করিলেন। এই দুই ব্যক্তি তাঁহার ...

---

* পর্টিনাক্সের মৃত্যুর পর পেসেনিয়স নাইজর রাজা হইলেন, ইনি অশ্বারোহি কুলীন বংশে উৎপন্ন, প্রথমতঃ ... ক্ষের কর্ম্ম করিয়া শেষে স্বীয় গুণে প্রধান সেনানী হইয়াছিলেন। অতিশয় সাহসিক বীর, অত্যুত্তম কর্ম্মচারী, পারদর্শি সেনাপতি, এবং বিখ্যাত কুশল ছিলেন কিন্তু সাম্রাজ্য বিষয়ে সৌভাগ্য ছিল না।

† ক্লোডিয়স্ আলবাইনস্ ... ও আফ্রিকা দেশীয় লোক ... রোমের অতি সম্ভ্রান্ত বংশে জাত এবং বিখ্যাত পণ্ডিত ছিলেন। কোন ... ইহাকে ... ব্যবসায়ে রত হইতে দেখে নাই। ইনি নানা প্রকার ... করিয়াছিলেন এবং যে সময় রাজা হইয়াছিলেন তখন ব্রিটন দেশের শাসন কর্ত্তা ছিলেন। অপর অতি কঠিন হৃদয় ছিলেন ... অপরাধও মার্জ্জনা করিতেন না, কর্ম্মের ত্রুটি জন্য শত সৈন্যাধ্যক্ষগণকেও ক্রুশ যন্ত্রে বধ করিতেন। অপিচ কথিত আছে অতি ভোক্তা ছিলেন এক দিবস প্রাতে ৫০০ টা ফিগ্ নামক ফল, ১০০ টা পিচ, ১০ টা তরমুজ, ২০ থোলো দ্রাক্ষা, ১০০ টা বেকাফিকো নামক

প্রাপ্তি বিষয়ে বিপক্ষ আচরণ করিয়াছিলেন। যদিও তদনন্তর, সাহস ও পরাক্রম প্রকাশ পূর্ব্বক [illegible] আরম্ভ করিলেন তথাপি কার্থি জাতির স্বভাব সুলভ চাতুর্য্য [illegible] অতিরক্ত হওয়াতে তাঁহার মহান্ দোষ হইল। ২ তিনি [illegible] বুদ্ধি ও বিবেচনা [illegible] প্রসিদ্ধ ছিলেন কিন্তু বিশ্বাসঘাতকতা ও নিষ্ঠুরতা জন্য ঘৃণিত হয়েন। বস্তুতঃ স্বদেশার্থ কর্ম্ম এবং অতি নিষ্ঠুর [illegible] উভয় বিষয়েই তুল্য রূপে পারগ ছিলেন *।

৩ তিনি সৈন্যদিগকে ক্ষমতাবান্ ও পদস্থ করিয়াই আপনার [illegible] বৃদ্ধি করিয়াছিলেন কিন্তু তদ্দ্বারা সেনেটের সভ্যদিগের ক্ষমতার হ্রাস হইতে লাগিল এবং ঐ সকল সৈন্য ক্ষমতা প্রাপ্ত হইয়া অস্থিরচিত্ত করত রাজ্যের কর্ত্তা হইয়া উঠিল।

৪ পরন্তু তিনি এই [illegible] সৈন্যের দলবদ্ধ করিয়া [illegible] জয়েচ্ছার অনুগামী হইলেন এবং তৎকালে পার্থিয়ানেরা সাম্রাজ্যের নানা আক্রমণ করাতে তাহাদিগের প্রতিকূলে অস্ত্র ধারণ করিলেন

---

পক্ষি এবং ৪০০ টী কস্তুরী ভোজন করিয়াছিলেন [illegible] পরন্তু গাল দেশে সিবিরস কর্ত্তৃক পরাজিত হইয়া আত্মঘাতী হইলেন। ঐ সিবিরস ইহাঁর প্রতি এতাদৃশ বিদ্বেষী ছিলেন যে তাঁহার মৃত দেহের উপরে পুনঃ২ অশ্বারোহণে ভ্রমণ করত ক্ষত বিক্ষত করিয়া কুক্কুরের ভক্ষার্থে ফেলিয়া রাখিয়াছিলেন এবং শেষে তাঁহার অস্থি রোন নদীতে ফেলাইয়া দেন। ইহাঁর স্ত্রী ও সন্তানগণও নির্দয়তা পূর্ব্বক হত হইয়াছিল।

* কিয়দ্দিবসের মধ্যে ৪২ জন সেনেট সভ্য এবং অন্যান্য বহুতর ব্যক্তি আপনারা বিপুল বিত্তবান এতাবন্মাত্র অপরাধে তাঁহার ক্রোধে পড়িয়া হত হইল। অপর তিনি কমোডসের হত্যাকারি নার্সিসকে বন্য পশু দ্বারা ভক্ষণ করাইয়াছিলেন এবং আলবাইনসের দল বদ্ধ লোকদের শিরশ্ছেদ করিয়া তাহাদের শোণিতে নগর প্লাবিত করেন।

সন্দর্শনার্থ প্লাশিয়ানের অত্যন্ত বাসনা থাকাতে অধ্যক্ষের ঐ কথায় বিশ্বাস করত তাঁহার সমভিব্যাহারে রাজ ভবনের অভ্যন্তরে নিশীথে প্রবেশ করিলেন। কিন্তু সম্রাটকে মৃত না দেখিয়া রাজ সদন মশা-লের আলোকে আলোকময় অবলোকন করত অত্যন্ত বিস্ময়াপন্ন হই-লেন। ১১ সম্রাট আরক্ত নয়ন ঘূর্ণায়মান করত তাহাকে জিজ্ঞাসা করিলেন অসময়ে এখানে কেন আসিয়াছ? তাহাতে সে স্পষ্ট রূপে সকল বিষয় স্বীকার করিয়া অপরাধ মার্জনার প্রার্থনা করিল। ১২ সম্রাটও ক্ষমা করণে উদ্যত হইলেন কিন্তু রাজকুমার কারাকেলা বাল্যাবস্থাবধি নিষ্ঠুর স্বভাব থাকাতে তরবারি দিয়া তাঁহার বক্ষঃস্থল বিদীর্ণ করিলেন।

১৩ তদনন্তর সিবিরস ইটালি প্রদেশের নানা নগর সন্দর্শন করিলেন এবং আপনার কর্ম্মচারিগণের সম্ভ্রান্ত ও গৌরবান্বিত পদ বিক্রয়ের কল্পনা রহিত করিয়া অপক্ষপাতে রাজত্ব করিতে লাগিলেন। পরে রোমীয় সৈন্য বিপদগ্রস্ত হইয়া ব্রিটন হইতে পলায়নের উপক্রম করিলে তিনি আপন দুই তনয় কারাকেলা এবং গিটাকে রাজ্যাধিকারি করিয়া তাহাদের সমভিব্যাহারে খ্রীষ্টীয় ২০৮ শকে ঐ দেশে গমন করিলেন। ১৪ তদ্দেশের দক্ষিণাংশ তাঁহার আয়ত্ত থাকাতে তথায় প্রথম পুত্র গিটাকে রাখিয়া, দ্বিতীয় সন্তান কারা-কেলাকে সমভিব্যাহারি করত কেলিডোনীয়ন্দিগের বিপক্ষে গমন করিলেন। ১৫ তাঁহার সেনাগণ বিপক্ষদিগের পশ্চাৎ ধাবমান হও-য়াতে অতিশয় ক্লেশ ভোগ করিল অর্থাৎ দুর্গম বন কর্ত্তন ও জলা ভূমি শোষণ করিয়া পথ প্রস্তুত করণ এবং স্রোতস্বতী নদীর উপর সেতু নির্ম্মাণ পূর্ব্বক যাইতে হইয়াছিল তাহাতে তাঁহার পঞ্চাশ সহস্র সেনা ক্লান্তি ও পীড়ায় নিধন প্রাপ্ত হইল। ১৬ যাহাহউক তিনি সকল কষ্ট হইতে উত্তীর্ণ হইয়া সাহস পূর্ব্বক সমর করত এরূপ জয়ী হইতে লাগিলেন যে শত্রুগণ সন্ধি প্রার্থনায় ব্যগ্র হইল এবং আপ-নারদের দেশের অনেক অংশ ত্যাগ করিতে চাহিল; তাহাতে তাহা-

লেন, ঐ অবকাশে মার্শ্যাল তাঁহার নিকট দৌড়িয়া গিয়া হঠাৎ তাঁহার পৃষ্ঠে অস্ত্রাঘাত করিল তাহাতে তৎক্ষণাৎ তাঁহার প্রাণ বিয়োগ হইল। ২২ মার্শ্যাল এই দুঃসাহসিক ব্যাপার সম্পন্ন করিয়া অম্লান বদনে আপনার সৈন্যগণ সন্নিধানে অপসরণ করিল কিন্তু পরে ক্রমে২ সরিয়া একেবারে পলায়ন পরায়ণ হইল। কিয়ৎ কাল পরে তাঁহার সঙ্গিগণ তাঁহাকে দেখিতে না পাইয়া সন্দিগ্ধ হইল। অনন্তর পূর্ব্বোক্ত দাস যাহা২ ঘটিয়াছিল তদ্বিবরণ বিজ্ঞাপন করিলে জর্ম্মানি দেশীয় অশ্বারোহিগণ তাহার পশ্চাৎ২ ধাবমান হইয়া তাহাকে খণ্ড২ করিয়া কাটিয়া আসিল।

২৩ এই কুৎসিত অত্যাচারি সম্রাটের সাম্রাজ্য ছয় বৎসর কাল ছিল, তন্মধ্যে অল্পদিন রাজ্যের শ্রীর খর্ব্বতাই হইয়াছিল; এবং রাজা মনোনীত করণে সৈন্যেরাই কর্ত্তা হইবাতে যে স্থানে যে সৈন্য ছিল সকলেই স্বাতন্ত্র্য প্রকাশ করিতে আরম্ভ করিয়াছিল।

২৪ অতএব সম্রাটের মৃত্যুর পর সৈন্যগণ দুই দিবস পর্য্যন্ত অরাজক থাকিয়া পরে মাক্রিনসকে সিংহাসনে অভিষেক করিবার প্রস্তাব করিল। কারাকেলার হত্যা তাঁহার অজ্ঞাতসারে হইলেও এ বিষয় তিনি যত্ন পূর্ব্বক গোপন করিয়া রাখিয়াছিলেন। কিয়ৎ কাল পরে সেনেট সভ্যেরা তাঁহাকে এবং তাঁহার পুত্র ডাইয়াডুমিনিয়ানসকে সম্রাট রূপে নিযুক্ত করিবার প্রস্তাব গ্রাহ্য করিলেন। ২৫ তাহাতে মাক্রিনস্ ৫৩ বৎসর বয়ঃক্রমে রাজ্যারম্ভ করিলেন। তিনি সম্ভ্রান্ত বংশ জাত ছিলেন না; জাতিতে কাফ্রি ছিলেন, কেহ২ কহেন সামান্য পদাতিক থাকিয়া ক্রমে২ পদ বৃদ্ধি দ্বারা প্রিটোরীয় সৈন্য দলের অধ্যক্ষ হইয়াছিলেন পরে দৈবাৎ রাজদ্রোহে সিংহাসন প্রাপ্ত হইলেন।

২৬ তাঁহার রাজ্য প্রাপ্তি বিষয়ে মোশা নাম্নী এক স্ত্রী এবং তাহার পৌত্র হেলিওগাবলস আপত্তি করিয়াছিল। যাহা হউক

তিনি শেষে আপনার দলস্থ কএক দল বিদ্রোহি সৈন্য কর্ত্তৃক পরা-ভূত হইয়া কালসিডন * নগরে পলায়ন করিলেন তাহাতে সেনারা পশ্চাৎ২ গমন করিয়া তাঁহাকে এবং তাঁহার পুত্র ডাইয়াডুমিনিয়ানসকে বধ করিল অতএব তাঁহারা পিতা পুত্রে অত্যল্প কাল অর্থাৎ ১ বৎসর ২ মাস মাত্র রাজ্য করিতে পাইয়াছিলেন।

২৭ অনন্তর রোম নগর বাসি লোকদিগকে এবং সেনেট সভ্যগণকে ঐ সৈন্যদের মতাবলম্বি হইতে হইল সুতরাং সকলের মতে হেলিওগাবলস চতুর্দ্দশ বৎসর বয়ঃক্রম কালে রাজ্য প্রাপ্ত হইলেন; তাঁহার অত্যল্প পরমায়ুঃ কেবল দৈণতা ও অপরিমিতাচারেই গত হইয়াছিল। ২৮ তিনি চারি বৎসরের মধ্যে ছয়টা বিবাহ করিয়া ছয় জন স্ত্রীকেই পরিত্যাগ করিয়াছিলেন। অপর স্ত্রী লোকদিগের এ রূপ ভক্ত ছিলেন যে মাতাকে সেনেট সভায় লইয়া গিয়া সভ্যগণের সন্নিধানে এই অনুমতি প্রার্থনা করয়াছিলেন কোন কঠিন বিষয় উপ-স্থিত হইলে যেন তিনি সর্ব্বদা সভায় আসিতে পারেন এবং অবলা-দিগের নিমিত্ত এক সেনেট সভা নির্ম্মাণ করিয়া তাহারদিগের পদ ও পরিচ্ছদ অবধারণ পূর্ব্বক আপন জননীকে অধ্যক্ষ করিয়াছি-লেন। ২৯ তাহাতে অঙ্গনাগণ মধ্যে২ একত্র হইয়া প্রচলিত রীতি চরিত্রের বিষয়ে এবং অভ্যর্থনা ও সাক্ষাৎ করণের প্রণালীর প্রসঙ্গে বাদানুবাদ করিত। হেলিওগাবলসের অত্যাচার ও অপরিমিতা-চারে মিশ্রিত অপর এক দোষ ছিল, তিনি সর্ব্বদা কহিতেন যে দ্রব্য অল্প দামে প্রস্তুত হয় তাহা ভোজ্য নহে। অপর কথিত আছে তিনি বালকের নাড়ী দেখিয়া ভবিষ্যৎ ঘটনা কহিতে পারিতেন, তাহার জন্যে ইটালি দেশের অনেক২ সুন্দর শিশুর উদর বিদারণ করিয়া বিনষ্ট করেন।

---

* কালসিডন কনষ্টানটিনোপল নগরের সম্মুখবর্ত্তি এসিয়া মাই-নরস্থ বিথিনিয়া প্রদেশের এক নগর।

৩০ অতএব এই সময়ের ব্যবহারানুসারে সৈন্যগণ রাজ-বিদ্রোহী হইয়া রাজভবন অক্রমণ পূর্ব্বক তাঁহাকে ধরিতে আসিলা তাহাতে তিনি প্রাণ ভয়ে পুরীষোৎসর্গের ঘরে লুকাইয়া রহিলেন। সেনারা সন্ধান পাইয়া তথা হইতে তাঁহাকে বাহির করত পথে২ টানিয়া বেড়াইতে লাগিল শেষে মারিয়া ফেলিয়া তাঁহার শরীর পুনরায় মলোৎসর্গের ঘরে রাখিবার ইচ্ছা করিল কিন্তু সহজে এ বিষয়ে কৃতকার্য্য হইতে না পারাতে কেহ তাঁহার শরীর পাইয়া গোর দিতে না পারে এ কারণ বন্ধন করত টাইবর নদীতে নিক্ষেপ করিল। হেলিওগাবলস্ অষ্টাদশ বৎসর বয়ঃক্রমে রাজ্য প্রাপ্ত হইয়া কুৎসিত রূপে চারি বৎসর রাজ্য শাসন করণানন্তর এই প্রকার ঘৃণার সহিত নিধন প্রাপ্ত হইলেন।

প্রশ্ন।

১ কোন্ ব্যক্তি ডিডিয়স্ জুলিয়সের উত্তরাধিকারী হইল?

২ সিবিরসের কি রূপ চরিত্র ছিল?

৩ তিনি কি রূপে আপন ক্ষমতা বদ্ধ মূল করিলেন?

৪ তাঁহার প্রথম কীর্ত্তি কি?

৫ তিনি আপনার অনুপস্থিত কালে রাজ্য শাসনার্থ কাহার প্রতি রাজ কর্ম্মের ভার অর্পণ করিলেন?

৬ কি২ অদ্ভুত ক্রিয়া করিয়াছিলেন?

৭ প্লাশিয়ান সম্ভ্রান্ত পদ প্রাপ্ত হইয়া কি রূপ আচরণ করিল?

৮ কি রূপে সেই অবিশ্বস্ততা প্রকাশ হইল?

৯ তাহা কি রূপে সিদ্ধ হইয়াছিল?

১০ প্লাশিয়ান কি প্রতারণা জালে পতিত হইয়াছিল?

১১ এ বিষয়ে তিনি কি রূপ ব্যবহার করিলেন?

১২ তাঁহার দোষ কি মার্জ্জনা হইয়াছিল?

১৩ তৎপরে সিবিরস কোন্ ব্যাপারে নিযুক্ত হইলেন?

১৪ ব্রিটনে তিনি প্রথমতঃ কি করিলেন?

৫ আলেকজাণ্ডরের মৃত্যু জন্য যে গোলযোগ উপস্থিত হয় তাহার নিবৃত্তি হইলেই ঐ গোলযোগ উত্থাপনের মূলীভূত ম্যাকসিমিন সাম্রাজ্য প্রাপ্ত হইলেন। ৬ এই অদ্ভুত ব্যক্তির চরিত্রের বিষয়ে [illegible] মনোযোগ করা উচিত, ইনি অতি নীচ বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন, থ্রেস দেশস্থ একজন গোরক্ষকের ঔরসে উৎপন্ন হইয়া বাল্যাবস্থায় পিতৃ ব্যবসায়ে প্রবৃত্ত থাকেন। ঐ দেশে অতিশয় দস্যুভীতি থাকাতে একদা দস্যুদের সহিত যুদ্ধ করিয়াছিলেন তাহাতেই তাঁহার সাহস ও শারীরিক বল বৃদ্ধিশীল হয়। তদনন্তর তিনি রোমীয় সৈন্য মধ্যে নিবিষ্ট হইয়া সাহস ও শক্তি প্রকাশ দ্বারা ত্বরায় খ্যাতাপন্ন হয়েন। ৭ কথিত আছে তাঁহার শরীর সাড়ে আট ফুট দীর্ঘ ছিল তথাপি বিলক্ষণ হৃষ্ট পুষ্ট থাকাতে দীর্ঘাকৃতি বোধ হইত না। অপর শরীরের যাদৃশ গঠন, তদনুসারে সামর্থ্য অধিক ছিল আর অঙ্গ প্রত্যঙ্গ সর্ব্ব প্রকারে তুল্য ছিল। তিনি এতাদৃশ বৃহৎ কায় ছিলেন যে পত্নীর হস্তের কঙ্কণ তাঁহার বৃদ্ধাঙ্গুষ্ঠের অঙ্গুরী মাত্র হইত। শরীরের বল এরূপ অধিক ছিল যে দুইটা বলীবর্দ্দে যে শকট চালিত করিতে পারিত না অনায়াসে তাহা আকর্ষণ করিয়া লইয়া যাইতে পারিতেন। অপর মুষ্ট্যাঘাতে ঘোটকের দন্ত ও পদাঘাতে পঞ্জর ভগ্ন করিতে পারিতেন। ৮ তাঁহার

---

গুরুতর ভার গ্রহণে ইচ্ছা প্রকাশ হইবায় ধন্যবাদ করিয়া সেনাপতির পদে নিযুক্ত করিয়াছিলেন এবং যুদ্ধ স্থলে লইয়া যান। ঐ ব্যক্তি পদব্রজে গমন করত ক্লান্ত হওয়াতে তাহাকে প্রথমতঃ অশ্বে, পরে রথোপরি আরোহণ করান তাহাতে সে লজ্জিত হইয়া ভূপতি হওনের আশা পরিত্যাগ করত পূর্ব্ববৎ কাল যাপন করিতে লাগিল।

[illegible]। থ্রেস গ্রীস দেশের এক প্রদেশ, এইক্ষণে তাহা তুর্ক স্থানের মধ্যে গণ্য হইয়াছে।

আহারও অনুপযুক্ত ছিল না। প্রতি দিন অক্লেশে বিংশতি শের মাংস ভোজন ও ছয় গ্যালন মদ্য পান করিতেন। ৯ অপর শারীরিক সমধিক শক্তি থাকাতে কোন ব্যক্তিকে ভয় করিতেন না। ১০ যে দিবস সিবিরস রাজা স্বীয় পুত্র গিটার জন্মতিথি উপলক্ষে উৎসব করিতেছিলেন সেই দিন তাঁহার নিকট পরিচিত হয়েন। তিনি সেই দিনে একেং ষোড়শ ব্যক্তিকে ধাবন ক্রীড়ায় পরাস্ত করেন, পরে সম্রাট্ অশ্বারোহণ পুরঃসর তাঁহার সহিত দৌড়াইতে গিয়াছিলেন কিন্তু তিনিও ক্লান্ত হইলেন। তদনন্তর সাত জন বলবান্ পদাতিক তাঁহার সহিত দৌড়াইতে গিয়া পরাভব স্বীকার পূর্ব্বক পরাঙ্মুখ হয়। ১১ তিনি এই বিষয়ে বিশেষ রূপে পরিচিত হওয়াতে প্রথমতঃ সম্রাটের শরীর রক্ষার কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন পরে তাঁহার পদ বৃদ্ধি হইতে লাগিল তাহাতে ক্রমে প্রধান সেনানী হয়েন। ঐ পদে অধিকঢ় হইয়াও সফলতা, সদ্ব্যবহার এবং সুনিয়ম প্রকাশ দ্বারা সুখ্যাতি লাভ করিয়াছিলেন কিন্তু রাজ্য প্রাপ্তির পর এরূপ নির্দয় হইলেন যে কখন কোন রাজা তদ্রূপ হয় নাই। তিনি কাহাকেও ভয় করিতেন না, অন্য লোক শঙ্কান্বিত হইলে তাহাতে আমোদ করিতেন *।

১২ পরন্তু তাঁহার এই নির্দয়তায় যুদ্ধোদ্যমের খর্ব্বতা হয় নাই। উত্তম রাজার শাসনে যদ্রূপ রণোদ্যোগ হইয়া থাকে তাঁহার আদেশেও তদ্রূপ হইত। তিনি জর্ম্মনি দেশীয় লোকদিগকে সমরে পরাভূত করিয়া দুই শত ক্রোশ পর্য্যন্ত তদ্দেশ একেবারে মরুভূমি করিয়াছিলেন এবং সমুদ্র পর্য্যন্ত সমস্ত উত্তর দেশের লোকদিগকে পরাজয় করিতে মানস করেন। ১৩ এই রণযাত্রায় সৈন্যেরদের প্রবৃত্তি জন্মাইবার জন্য তাহারদের বেতন বৃদ্ধি করিয়া দিয়াছিলেন.

---

* তিনি আপনার অসদ্বংশে উৎপত্তি নিমিত্ত এরূপ লজ্জিত ছিলেন যে তদ্বিবয়ে যেং ব্যক্তির জ্ঞাত ছিল তাহাদিগকে বধ করিয়াছিলেন।

এবং যেখানে ঘোরতর রণ হইত সেই স্থানে আপনি নিযুক্ত থাকিতেন। তিনি অসভ্য জাতিদিগের মধ্যে প্রতিপালিত হইয়াছিলেন এই হেতু সৈন্যাধ্যক্ষ হইয়াও সামান্য পদাতিকের ন্যায় সমর করিতেন।

১৪ পরন্তু তাঁহার নির্দয়তাপ্রযুক্ত প্রজাগণ অবশেষে অত্যন্ত উত্ত্যক্ত হইল, তাহাতে সকলে পরামর্শ পূর্ব্বক তদীয় জীবন সংহার নিমিত্ত সংগোপনে দলবদ্ধ হইল;* কিন্তু যাবৎ তাঁহার নিজ সৈন্যগণ দুর্ভিক্ষ এবং ক্লান্তি দ্বারা বিরক্ত হইয়া তদীয় অসু বিনাশ পূর্ব্বক আপনারদের পরিত্রাণের চেষ্টা না করিল তাবৎ কেহই সহসা সঙ্কল্পিত সিদ্ধ করিতে সমর্থ হইল না। ১৫ তিনি অত্যন্ত বলবান্ ছিলেন এবং সর্ব্বদা অস্ত্রধারী হইয়া থাকিতেন সুতরাং গোপনে তাঁহার প্রাণ বধ করিতে প্রথমতঃ সকলেরই সন্ত্রাস হইল কিন্তু ঐ বিষয়ের নিমিত্ত যত্নকারি ব্যক্তিরা অনতিবিলম্বে তাঁহার প্রহরিদিগের সহিত যোগ করিল তাহাতে এক দিবস দিবা ভাগে যখন তিনি শিবিরে শয়ন করিয়াছিলেন সেই সময় তাঁহাকে এবং রাজ্যের উত্তরাধিকারি রূপে স্থিরীকৃত তদীয় তনয়কে অস্ত্রাঘাতে দ্বিখণ্ড করিয়া আসিল। ১৬ অতএব তিনি বল পূর্ব্বক তিন বৎসর মাত্র রাজ্য করিয়া পঞ্চষষ্টি বর্ষ বয়ঃক্রমে ঐ রূপ নিষ্ঠুরতার সহিত কালগ্রাসে পতিত হইলেন। তাঁহার হীনাবস্থায় ধর্ম্ম নিষ্ঠা এবং পদ প্রাপ্তির পর অত্যাচারে প্রবৃত্তি দেখিয়া এই প্রতীয়মান হয় যে কোন২ লোকের দৈন্য দশায় ধার্ম্মিকতা প্রকাশ হইয়া থাকে, কেহ২ বা উচ্চ পদ প্রাপ্ত হইলে আপনার মহত্ত্ব প্রকাশার্থ সমুৎসুক হয়।

১৭ সে যাহা হউক ঐ অত্যাচারির মৃত্যুর পর তাঁহার দেহের

---

* এই সকল দলবদ্ধের মধ্যে যে দলে গার্ডিয়ানেরা পিতা পুত্রে ছিলেন তাহা অতি প্রবল ছিল। তাঁহারা এক মাসের অধিক রাজ্য করিয়া আফ্রিকা দেশে কার্থেজের নিকটে মাকুলিয়ানের সৈন্য দ্বারা সংগ্রামে হত হইলেন।

সৎকারও হইল না। তাহার মৃত প্রতিকৃতির সহে নিক্ষিপ্ত হইল, তাহাতে কুকুর এবং গৃধ্রগণ ভক্ষণ করিল। পরে পিউপাইএনস * ও বালবাইনস বল দ্বারা সিংহাসন অধিকার করিয়া কিয়ৎ কাল নিরুদ্বেগে রাজ্য শাসন করিলেন। ১৮ অনন্তর তাঁহারদের উভয়ের মধ্যে বিসম্বাদ উপস্থিত হওয়াতে যে প্রিটোরীয় সৈন্য দল তাঁহাদের দুই জনেরই বিপক্ষ ছিল তাহারা এইরিদিগকে ক্যাপিটোলীয় † উৎসব দর্শনে অন্য মনস্ক দেখিয়া রাজ ভবনে প্রবেশ পূর্ব্বক উহাদের দুই জনকে আকর্ষণ করিয়া শিবিরের দিগে লইয়া গিয়া বধ করিল এবং অত্যুচ্চ অভিলাষ কদাপি সিদ্ধ হয় না এ বিষয়ের প্রমাণ প্রদর্শনার্থ তাহাদের মৃত শরীর রাজপথে ফেলিয়া রাখিল।

১৯ এই গোলযোগের সময় বিরোধকারি সেনাগণ গার্ডিয়ানকে রাজ সিংহাসনে অভিষিক্ত করিল। এই ব্যক্তির পিতামহ আফ্রিকা দেশে হত হইয়াছিল। ২০ ইনি ষোড়শ বৎসর বয়ঃক্রমে রাজ্য আরম্ভ করিলেন। ইহাঁর ভূরি২ সদ্গুণ থাকাতে তদ্দ্বারা অনভিজ্ঞতা দোষ অন্তর্হিত হইয়াছিল। ইনি রাজ্যের কর্ম্মচারি সৈন্য এবং নগরবাসি লোকদের মধ্যে সদ্ভাব সংস্থাপন করিয়া দিবার নিমিত্ত যৎপরোনাস্তি যত্ন করিয়াছিলেন। ২১ কিন্তু সৈন্যগণ স্বভাব দোষে অসন্তুষ্ট হইতে লাগিল এবং আফ্রিকা দেশীয় ফিলিপ নামা যে ব্যক্তি প্রিটোরীয় সৈন্যের অধ্যক্ষ ছিলেন তিনি রাজ্যাভিলাষী হইয়া চতুরতা

---

* পিউপাইএনস অতি নীচ বংশোদ্ভব কর্ম্মকারের পুত্র, কিন্তু অসাধারণ গুণবান্ ছিলেন। বালবাইনস সদ্বংশজাত। প্রথমোক্ত ব্যক্তি যুদ্ধ ও শেষোক্ত জন রাজনীতি বিদ্যায় বিখ্যাত হয়েন। তাঁহারা সেনেট সভার দ্বারা সাম্রাজ্য প্রাপ্ত হইয়া লিখিত প্রকারে হত হইয়াছিলেন।

† ক্যাপিটোলীয় উৎসব জুপিটর ক্যাপিটোলাইন দেবতার প্রীত্যর্থ ক্যাপিটল নামক মন্দিরে হইত।

পূর্ব্বক কর্ম্মচারীগণের ঐ অসন্তোষ বৃদ্ধি করিয়া দিতে লাগিলেন তাহাতে ক্রমে ষড়যন্ত্র ঘটনা হইতে আরম্ভ হইল। ২য় ফিলিপ প্রথমতঃ গার্ডিয়ানের তুল্য রাজ্য শাসনের ক্ষমতা প্রাপ্ত হইলেন বটে কিন্তু কিয়ৎ কাল পরে সম্পূর্ণ ভার প্রাপ্ত হওয়াতে বহু কালাবধি লক্ষিত নিষ্ঠুর কর্ম্ম সাধনে আপনাকে সক্ষম দেখিয়া গার্ডিয়ানের প্রাণ বধে আজ্ঞা করিলেন তাহাতে গার্ডিয়ান রাজ্য প্রাপ্তির প্রায় ষড় বর্ষ পরে দ্বাবিংশতি বৎসর বয়ঃক্রমে কাল গ্রাসে পতিত হইলেন *।

প্রশ্ন।

১। ইলাগাবলনের উত্তরাধিকারী কে হইল ?
২। তাঁহার চরিত্র কি রূপ ছিল ?
৩। তাঁহার রাজত্ব নিরুদ্বেগে ছিল কি না ?
৪। আলেক্‌জণ্ডর তদ্বিষয়ে কি প্রকার ব্যবহার করিয়াছিলেন ?
৫। কোন্ ব্যক্তি অলেকজাণ্ডরের উত্তরাধিকারী হইয়াছিল ?
৬। ম্যাক্সিমিন কে ?
৭। তাঁহার শরীর কি রূপ ছিল ?
৮। তিনি আর কোন্ বিষয়ে বিখ্যাত ছিলেন ?
৯। তাঁহার আকৃতির তুল্য প্রকৃতি ছিল কি না ?
১০। তিনি কি রূপে সিবিরসের নিকটে পরিচিত হইলেন ?
১১। তিনি সৈন্য মধ্যে কি প্রকারে পদ প্রাপ্ত হইলেন ?
১২। বিদেশীয় শত্রুগণ তাঁহাকে ভয় করিত কি না ?

---

* এই ঘটনার দুই বৎসর পূর্ব্বে পারস্য দেশের রাজা স্যাপর রোম রাজ্যের সীমা আক্রমণ করাতে গার্ডিয়ান ইলিরিয়া দেশ দিয়া গমন করত গথ ও সার্ম্মেশিয়ানদিগের পরাজয় করণ পূর্ব্বক স্যাপরকে পরাভূত করিয়াছিলেন কিন্তু স্বদেশে প্রত্যাগত হইলে তাঁহার সৈন্যগণ বিদ্রোহী হইল এবং তজ্জন্য তাঁহাকে কাল গ্রাসে পতিত হইতে হইল।

১৩ তিনি কি রূপে আপন সেনাদের বিশ্বাস ভাজন হইয়াছিলেন?

১৪ তাঁহার অত্যাচারে প্রজাগণের মনে কি উদয় হইল?

১৫ তাহারা কি প্রকারে অভীষ্ট সিদ্ধি করিল?

১৬ তিনি কত দিবস রাজ্য করিয়াছিলেন এবং তাঁহার চরিত্র দ্বারা কি বিবেচনা হইতে পারে?

১৭ পরে কোন্ ব্যক্তি সিংহাসনাভিষিক্ত হইল?

১৮ তাহারদের কি প্রকার অভিপ্রায় ছিল?

১৯ পিউপাইএনস ও বালবাইনসের পরে কে রাজা হইয়াছিল?

২০ এই রাজার কি রূপ মানস ও চরিত্র ছিল?

২১ তাঁহার শাসন সকলের মনোনীত হইয়াছিল কি না?

২২ ফিলিপের উচ্চাভিলাষ সিদ্ধ হইয়াছিল কি না?

---

## ২৪ অধ্যায় ৪ খণ্ড।

১ ফিলিপ এইরূপে আপন হিতৈষি ব্যক্তির হত্যা করিলেও সৌভাগ্য বশতঃ সৈন্যগণ কর্ত্তৃক অচিরে সম্রাট বলিয়া স্বীকৃত হইলেন, এবং আপনার রাজ্যাভিষেকের পর ষড়্বর্ষ বয়স্ক স্বীয় তনয়কে সাম্রাজ্যের অংশী করিলেন। পরে স্বদেশে আপনার ক্ষমতা রক্ষা করিবার নিমিত্ত পারস্য রাজার সহিত সন্ধি করিয়া সসৈন্যে রোম নগরের প্রতি যাত্রা করিলেন। ২ কিন্তু বাহিনীগণ তাঁহার সৈন্যাধ্যক্ষ ডিসিয়সের পক্ষাবলম্বন পুরঃসর তাঁহার বিদ্রোহী হইল এবং এক জন পদাতিক তাঁহার মস্তক ছেদন করিল অর্থাৎ নীচের ও উপরের হনু কাটিয়া দুই খণ্ড করিল। অতএব পঞ্চ বৎসর রাজত্ব করিয়া পঞ্চ চত্বারিংশদ্বৎসর বয়ঃক্রমে তাঁহার মৃত্যু হইল*।

---

* আরবীয় ফিলিপ এক দস্যু দলপতির পুত্র এবং মেসিপোটেমিয়ার সৈন্যাধ্যক্ষ ছিলেন। রোম নগরে শীঘ্র গমন করণের অভিপ্রায়ে

৩ পরে ডিসিয়স্ সাধারণ জনগণ কর্ত্তৃক তাঁহার উত্তরাধিকারি বলিয়া স্বীকৃত হইলেন। এই ব্যক্তির চতুরতা ও বুদ্ধি প্রভাবে কিয়ৎ কালের নিমিত্ত রোম সাম্রাজ্যের পতন নিবারিত হইল। সেনেট সভ্যেরা ইহাঁর গুণের অতিশয় প্রশংসা করিতেন এবং ইহাঁকে ট্রেজান অপেক্ষা অধম জ্ঞান করিতেন না। ইনিও সর্ব্বদা সকল বিষয়ে তাঁহার দিগের সম্মান দানে ও প্রজাজনের কুশল চিন্তনে নিযুক্ত থাকিতেন। ৪ কিন্তু তৎকালে কোন গুণেই রোম রাজ্যের উপস্থিত বিনাশ নিবারিত হইতে পারিত না, নগরস্থ খ্রীষ্টীয় এবং পৌত্তলিকদের পরস্পর বিবাদে এবং চতুর্দ্দিকস্থ অসভ্য জাতিদিগের অনিবার্য্য আক্রমণে রাজ্যের পরাক্রম খর্ব্ব হইতেছিল। ৫ অপর অনতিদিনে ডিসিয়সের যথার্থ গুপ্ত স্থানে শত্রু সৈন্য স্থাপিত হইল অতএব তিনি দুই বৎসর ছয় মাস রাজ্য করিয়া পঞ্চাশৎ বৎসর বয়ঃক্রম কালে সেই সৈন্য কর্ত্তৃক নিহত হইয়া প্রাণ ত্যাগ করিলেন *।

৬ অনন্তর যে গালস রোমীয় সৈন্যগণের প্রতি বিশ্বাসঘাতকতাচরণ করিয়াছিলেন তিনি পরাজয়ের পর যে সৈন্য অবশিষ্ট ছিল চতুরতা পূর্ব্বক তাহাদের কর্ত্তৃক সম্রাট বলিয়া পরিগণিত হওত পঞ্চচত্বারিংশৎ বর্ষ বয়ঃক্রমে রাজ্যারম্ভ করিলেন। এই গালস্ রোম

---

পারস্যদিগকে এ দেশ ছাড়িয়া দিয়াছিলেন। পূর্ব্বে যে রূপ [illegible] উৎসবাদি হইত তিনি তাহার শোভা বৃদ্ধি করিয়াছিলেন কিয়ৎ কাল পরে পেনোনিয়াতে ডিসিয়স্ তাঁহার বিদ্রোহী হওয়াতে পরাজিত হইলেন এবং এক জন পদাতিক তাঁহাকে প্রাণে বধ করিল।

* যদিও ডিসিয়স্ অন্যান্য বিষয়ে গুণবান্ ছিলেন কিন্তু খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বিদিগকে অত্যন্ত যাতনা দিতেন। সহস্র২ লোক তাঁহা হইতে যন্ত্রণা ভোগ করিয়া নিষ্ঠুর রূপে মৃত্যু প্রাপ্ত হইবাতে অবশিষ্ট অনেক ব্যক্তি বনও পর্ব্বতে [illegible] মনুষ্য সমাজ [illegible] পশুর [illegible] শ্রেয়ঃ জ্ঞান করিয়াছিল।

নগরস্থ সম্ভ্রান্ত বংশোদ্ভব ছিলেন *। ৭ রোমীয় রাজ শ্রেণি মধ্যে ইনিই প্রথমে অপমানিত হইয়া সন্ধি করেন কারণ যে গাথ জাতি-দিগকে পরাজয় করা উচিত ছিল বার্ষিক বহু মুদ্রা প্রদান পূর্ব্বক তাহাদের সহিত মিলন করিয়াছিলেন। ইনি দেশের অমঙ্গল নিবারণে মনোযোগ না করিয়া কেবল লাম্পট্য ও সুখ সম্ভোগেই মগ্ন থাকিতেন এবং পৌত্তলিকদিগকে খ্রীষ্টীয়ানদের উপর দৌরাত্ম্য করিতে দিতেন। ৮ ইহাঁর অধিকার কালে রাজ্য মধ্যে দৈব উৎপাতও ঘটিতে আরম্ভ হইল অর্থাৎ মারীভয় উপস্থিত হইয়া তাবৎ দেশ ব্যাপিয়া কয়েক বৎসর যাবৎ অতিশয় প্রবল রহিল, সে রূপ ভয়ানক মারী কদাপি হয় নাই। পরে গালস এবং তাঁহার সেনানী ইমিলিয়ানস উভয়ের মধ্যে বিবাদ উপস্থিত হওয়াতে এবং সেই সময়ে ইমিলিয়ানস্ গাথ জাতিদিগকে পরাজয় করাতে সেনাগণ তাঁহাকেই সম্রাট বলিয়া ঘোষণা করিল। ৯ গালস এক্ষণে সুখ ও মোহ হইতে চৈতন্য প্রাপ্ত হইয়া প্রবল বিপক্ষের প্রতিরোধ নিমিত্ত যত্নবান্ হইলেন কিন্তু তিনি ও তাঁহার তনয় উভয়েই মিসিয়ার যুদ্ধে মারা পড়িলেন। তিনি সর্ব্বদা কুক্রিয়ায় আসক্ত থাকাতে লোকের নিকট ঘৃণিত হওয়াতে আপনিই বধার্হ হইয়াছিলেন। যাহা হউক, দুই বৎসর চারি মাস অসুখে রাজ্য করিয়া সপ্ত চত্বারিংশৎ বর্ষ বয়ঃক্রমে কৃতান্তের করাল গ্রাসে পতিত হইলেন। এই সময়ে রাজ্য মধ্যে নানা বিপদ ঘটিয়াছিল।

---

* ইনি আপন পুত্র ব্যালুসিয়ানকে সহচর করিয়াছিলেন। অপমান স্বীকার করিয়া গাথদিগের সহিত যে সন্ধি করেন তাহার কিয়ৎ কাল পরেই ব্যালুসিয়ান তাহা ভঙ্গ করিলেন, ঐ সময়েই পারস্য রাজা স্যাপর মেসেপোটেমিয়া, সিরিয়া, এবং আরমেনিয়া আক্রমণ করিয়া অধিকার করিয়াছিলেন, ইহাতে কোন উদ্যোগ না করাতে তাঁহার সেনাগণ তাঁহাকে ও তাঁহার পুত্রকে বিনাশ করিল।

১০ সেনেট সভাধ্যক্ষেরা ইমিলিয়ানসকে * রাজ সিংহাসন প্রদান করিতে অসম্মত হইলেন তাহাতে আলপস পর্ব্বত শ্রেণীর সন্নিকটস্থ যে এক দল সৈন্য ছিল তাহারা আপনারদের অধ্যক্ষ বেলিরিএনকে † সম্রাট রূপে বরণ করিল। এই ব্যাপার রোমীয় ১০০৬ অব্দে এবং খ্রীষ্টীয় ২৫৩ বৎসরে হইল। ১১ ঐ ব্যক্তি রাজা হইয়া রাজ্যের নিয়মাদি শোধনার্থ বিশেষ রূপে যত্ন করিতে লাগিলেন তাহাতে তাঁহার মনের শক্তি ও উত্তমতা সপ্রমাণ হইল। কিন্তু রোম রাজ্যকে সুধারায়ুক্ত করা প্রায় অসাধ্য হইয়া উঠিয়াছিল। ১২ তথাপি পর্সিয়ার রাজা স্যাপর সিরিয়া দেশ আক্রমণ করিলে বেলিরিএন তাহাকে বাধা দিতে উন্মুখ হইয়াছিলেন কিন্তু সেই সময়ে পর্সিয়ানেরা তাঁহাকে সংগ্রামে বন্দী করিয়া লইয়া গেল ‡ এবং শেষে

---

* বেলিরিএন হাঙ্গিয়া প্রদেশে অধিরাজ পদে নিযুক্ত হইলে ইমিলিয়ানস্ তাহার বিপক্ষে যাত্রা করিতেছিলেন সেই সময়ে সেনারা তাঁহাকে হত করিল। অতএব তিনি তিন চারি মাস মাত্র রাজ্য শাসন করিতে পাইয়াছিলেন।

† বেলিরিএন অতি বিখ্যাত বংশোদ্ভব ছিলেন। সৌজন্য, ধর্ম্ম নিষ্ঠা, বিজ্ঞতা, লজ্জাশীলতা, সাবধানতা এবং অন্যান্য বহুবিধ সদ্গুণ জন্য সর্ব্বত্র তাঁহার প্রতিষ্ঠা হয়। তিনি ধর্ম্মের পরম বন্ধু ও পাপ এবং দৌরাত্মের বিজাতীয় বিদ্বেষী ছিলেন।

‡ কেহ২ কহেন ম্যাক্রিএনস্ নামক কুহকির চাতুর্য্য হেতু বেলিরিএন ঐ বিপদে পতিত হইয়াছিলেন কারণ রণ করা পরামর্শ সিদ্ধ না হইলেও সে ব্যক্তি সমরার্থ তাঁহার প্রবৃত্তি জন্মাইয়া দিয়াছিল। কেহ২ বলেন সমরে পরাভব হইলে বেলিরিএন কৌশল জালে বদ্ধ হইয়া স্যাপরের সহিত সন্ধি বিষয়ে কথোপকথন করিতে গমন করিয়াছিলেন। সে দুষ্ট ঐ অবকাশে বিশ্বাসঘাতকতা পূর্ব্বক তাঁহাকে ধৃত করিয়া পর্সিয়ায় লইয়া যায়।

তাঁহার প্রতি যে প্রকার অপমান ও নিষ্ঠুরতাচরণ করিয়াছিল, তাহাতে প্রায় বিশ্বাস করা যায় না। ১৩ কথিত আছে স্যাপর অশ্বারোহণ করিবার সময় সোপান স্বরূপে বেলিরিএনের মস্তকে পদার্পণ করিয়া ঘোটক পৃষ্ঠে উঠিতেন আর সর্ব্বদা ব্যঙ্গোক্তি পূর্ব্বক বাগ্যন্ত্রণা দিয়া কহিতেন, "বেলিরিএন তুমি যে জয় লাভ করিয়াছ তাহার স্মরণার্থ চিহ্ন স্বরূপ এইরূপ সম্মান হওয়া উপযুক্ত হয়।" ১৪ সপ্ত বৎসর পর্য্যন্ত বেলিরিএনের এই প্রকার জঘন্য অপমান ও অসহ্য ক্লেশ ভোগ হইয়া অবসান প্রাপ্ত হইল অর্থাৎ নির্দয় স্যাপর শেষে ঐ নিরাশ্রয় বন্দির চক্ষুর্দ্বয় উৎপাটন পূর্ব্বক জীবিত থাকিতে থাকিতেই তাঁহার অঙ্গ হইতে চর্ম্ম নির্ম্মোচন করত প্রাণ সংহার করিলেন *।

১৫ রোমীয় ১০১২ শকে এবং খ্রীষ্টীয় ২৫৯ অব্দে বেলিরিএন সময়ে বন্দী হইয়াছিলেন, তাঁহার পুত্র গ্যালিএনস্ আপন জনকের অপমানে ক্রুদ্ধ হইয়া প্রতিহিংসা করিতে অঙ্গীকার করত এক চত্বারিংশৎ বৎসর বয়ঃক্রমে পিতৃ পদাভিষিক্ত হইলেন কিন্তু অবিলম্বে প্রকাশ হইল তিনি কেবল রাজ্য সুখ ও ঐশ্বর্য্য ভোগের অভিলাষী, রাজ্যের রক্ষণাবেক্ষণ নিমিত্ত কিঞ্চিন্মাত্র আয়াস সহিষ্ণুতা করিতে পারেন না, তাহার নিদর্শন এই, যে ইনজেনিউয়স অধিরাজ উপাধি গ্রহণ করিয়াছিল তাহাকে রণে পরাভব করত জয়ক্লেশে যেন শ্রান্ত হইয়াছেন এমত ভাবে একেবারে নিশ্চিন্ত হইয়া বিশ্রামার্থ স্বাচ্ছন্দ্য ভোগে রত হইলেন। ১৬ এই সময়ে অন্যূন ত্রিশ জন লোভি ব্যক্তি সাম্রাজ্য প্রাপ্তির আকাঙ্ক্ষায় পরস্পর কলহ করিতে আরম্ভ করিল সুতরাং তৎকালে হতভাগ্য রোম রাজ্যের যে দুরবস্থা হইতেছিল তদুপরি এই আত্ম বিরোধ জন্য আরো দুর্গতি

* জীবিতাবস্থায় অঙ্গ হইতে চর্ম্ম নির্ম্মোচন পূর্ব্বক প্রাণ নষ্ট করিয়াছিল এ কথা সর্ব্ববাদি সম্মত নহে।

ঘটনার উপক্রম হইল। ঐ ত্রিংশৎ জন ব্যক্তি রোমীয় ইতিহাসে ত্রিংশৎ দুরাত্মা বলিয়া বর্ণিত আছে। ১৭ এই সাধারণ দুঃখে গ্যালিএনস্ দৃশ্যে প্রথমতঃ নিশ্চিন্ত থাকিয়া শেষে আত্ম রক্ষা হেতু রণ ক্ষেত্রে প্রবেশ পূর্ব্বক এক দল সৈন্যের সহিত মিলেন নগর আক্রমণ করিলেন কেননা পূর্ব্বোক্ত ত্রিশ দুরাত্মার মধ্যে এক জন ঐ নগর হস্তগত করিয়াছিল। কিন্তু মার্শিয়ান নামক এক জন সেনাপতি তাঁহার বিরুদ্ধে কুমন্ত্রণা করাতে গ্যালিএনস্ আপনার সৈন্য হস্তেই নিহত হইলেন।

১৮ পরন্তু ফ্লেবিয়স্ক্লডিয়স্ রোমীয় ১০২১ শকে এবং খ্রীষ্টীয় ২৬৮ অব্দে গ্যালিএনসের উত্তরাধিকারি পদে স্থাপিত হইলেন, তাঁহার প্রতি সকলের অনুরাগ থাকাতে সেনেট সভা ও নগরবাসি লোকেরা তাঁহাকে অধিরাজ বলিয়া স্বীকার করিল। ১৯ তিনি অতি সাহসিক ও সুনিপুণ সেনাপতি ছিলেন, ইতিপূর্ব্বে যখন গাথ জাতিরা রোম রাজ্য আক্রমণ করিয়াছিল তখন তিনি তাহাদের প্রাতিকূল্য করণ পুরঃসর রোম রাজ্যের পক্ষে অনেক উপকার জনক কর্ম্ম করিয়াছিলেন, কিন্তু ঐ বর্ব্বর জাতির উপর একবার গুরুতর জয় প্রাপ্ত হইয়া * পরে প্যানোনিয়া প্রদেশস্থ সরমিয়ম নামক নগরে সাংঘাতিক জ্বর গ্রস্ত হইলেন, তাহাতেই তাঁহার প্রাণ বিয়োগ হইল। প্রজারা তাঁহার মৃত্যুতে শোক সাগরে মগ্ন হইল এবং এই দুর্ঘটনায় রাজ্যের যে ক্ষতি হইল তাহা শোধনের আশা মাত্র রহিল না।

২০ ক্লডিয়সের মৃত্যুর পর রোমীয় ১০২৩ অব্দে এবং খ্রীষ্টীয় ২৭০ শকে আরিলিয়ন সর্ব্ববাদি সম্মতিক্রমে অধিরাজ হইলেন এবং অপূর্ব্ব ক্ষমতা প্রকাশ পূর্ব্বক শাসনারম্ভ করিলেন, সে প্রকার ক্ষমতা পূর্ব্ববর্ত্তি রাজারা বহুকাল পর্য্যন্ত ভোগ করেন নাই। ২১

* তিনি অত্যল্প সৈন্য লইয়া ৩২০০০০ গাথ সেনাকে পরাভূত ও নষ্ট করিয়া গাথিকস্ অর্থাৎ গাথ পীড়ক খ্যাতি প্রাপ্ত করিয়াছিলেন।

ক্রমজ্যাক্সিমিন রাজা ডেশিয়া প্রদেশে অতি নীচ ও অপরিচিত বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন এবং যখন সিংহাসনাধিরূঢ় হন্ তৎকালে তাঁহার পঞ্চাশ বৎসর বয়ঃক্রম হইয়াছিল *। তিনি বাল্য কালে সৈন্য মধ্যে প্রবিষ্ট হইয়া ক্রমে যুদ্ধ সম্পর্কীয় তাবৎ কর্ম্ম করিয়াছিলেন। তাঁহার দুর্জয় সাহস ও অদ্ভুত বল ছিল। একটা সমরে শত্রুদের চল্লিশ ব্যক্তিকে স্বহস্তে সংহার করেন এবং সময়েঃ নয় শত বিপক্ষ তদীয় করে নিধনপ্রাপ্ত হয়। অপিচ এতাদৃশ সাহসী ও কর্ম্মতৎপর ছিলেন যে ঐবিষয়ে জুলিয়স সিজরের তুল্য বলিয়া গণ্য হইতেন; ফলতঃ ঐ সম্রাট তাঁহার স্বভাবে কিঞ্চিৎ মৃদুতা ও দয়া থাকিত তাহা হইলে সর্ব্বতোভাবেই ঐ মহাপুরুষের সদৃশ হইতে পারিতেন।

২১ তাঁহার শক্তি দ্বারা যে সকল ব্যক্তি বশীভূত হয় তাহাদের মধ্যে পালমাইরা দেশের জেনোবীয়া নাম্নী বিখ্যাতা রাজবনিতাও ছিলেন। অধিরাজ ঐ রাজ্ঞীর দেশ জয় করত রাজধানী নষ্ট করিয়া তাঁহাকে বন্দী ভাবে আনয়ন করেন †। অপর তাঁহার আজ্ঞানুসারে ঐ রাজমহিষীর সর্ব্ব কার্য্যাধ্যক্ষ লানজাইনস্ নামা বিখ্যাত পণ্ডিতের প্রাণ সংহার হয় এবং রাজ সীমন্তিনী আপনি রোমীয় সম্রাটের জয় শোভা স্বরূপে সংরক্ষিতা হন, পরে ঐ রাণী সম্রাট সন্নিকটে এত ভূমি ও অধিক আয়োপযোগি সম্পত্তি প্রাপ্তা হইয়াছিলেন যে তদ্দ্বারা প্রায় পূর্ব্ববৎ ঐশ্বর্য্যশালি রূপে কালক্ষেপ করিতে সক্ষমা হইয়াছিলেন।

২৩ পরন্তু সর্ব্ব শেষে সম্রাটের নিষ্ঠুরতাই নিজ নিধনের নিদান

---

* অধিরাজ পদাভিষিক্ত হইবার সময়ে তিনি থেস ও ইলিরিয়া প্রদেশস্থ সৈন্যদলের অধিপতি ছিলেন।

† । জেনোবীয়ার প্রতি ঐ রূপ ব্যবহার করাতে কৃতঘ্নতা হইয়াছিল, কারণ তাঁহার স্বামী ওডেনেটস রাজ্যের অনেক উপকার করিয়াছিলেন, আর পারসীকদিগকে পরাজয় করাতে ঐ গ্যালিএনসের সহযোগি অধিরাজ হইয়াছিলেন।

হইয়া উঠিল, কারণ প্রধান কর্মকারী মেনেথিয়স নামক এক ব্যক্তির অপরাধ হেতু তাহাকে ভয় প্রদর্শন করাতে ঐ ব্যক্তি তাঁহার অনিষ্ট চিন্তায় প্রবৃত্ত হইল তাঁহাতে যৎকালে অধিরাজ অত্যল্প রক্ষক সহকারে থ্রেস দেশীয় হেরাক্লিয়া নামক স্থান হইতে বিজান্শিয়ম * নগরাভিমুখে গমন করিতেছিলেন সে সময়ে বিপক্ষ পক্ষের লোকেরা ষড়যন্ত্র করত তাঁহার উপর পতিত হইয়া তাঁহাকে নষ্ট করিল। অতএব তিনি পঞ্চ বৎসর পর্য্যন্ত প্রবল পরাক্রম ও পরিশ্রম পূর্ব্বক রাজ্যের শাসন করিয়া ষষ্টি বর্ষ বয়ঃক্রমে মানব লীলা সম্বরণ করিলেন।

২৪ কিয়ৎ কালানন্তর † সেনেট সভার অধ্যক্ষেরা রোমীয় ১০২৮ এবং খ্রীষ্টীয় ২৭৫ অব্দে ট্যাসিটসকে অধিরাজ পদে অভিষিক্ত করিলেন। ঐ ব্যক্তি ঐ পদের উপযুক্ত পাত্র ছিলেন, কিন্তু তৎকালে ৭৫ বৎসর বয়ঃক্রম হওয়াতে তাঁহার প্রতি যে সকল সম্মান প্রদত্ত হইল তদর্থ তাঁহার অভিলাষ মাত্র ছিল না। ২৫ তাঁহার রাজ্য শাসন এপ্রকার পরিমিতাচার এবং সুবিচার সহকারে আরম্ভ হইল যে ঐ রাজত্ব কিয়ৎ কাল স্থায়ি হইলে প্রজারা সর্ব্বতোভাবে সুখী হইতে পারিত কিন্তু কেবল ছয় মাস মাত্র রাজত্ব হইবার পরেই পশিয়ান ও সিথিয়ানেরা রাজ্যের পূর্ব্বাংশে আক্রমণ করিল তাহাতে তিনি তাহারদিগের প্রতিকূলে যাত্রা করিয়া পথিমধ্যে জ্বর রোগে প্রাণ ত্যাগ করিলেন। ২৬ এই স্বল্প কাল যদ্যপি শাসন সময়ে সেনেট সভার অধ্যক্ষেরা রাজ শক্তির অধিকাংশ অধিকার করিয়াছিলেন। তৎকালে যে সকল সম্রাট্ সেনেটদিগকে রাজ শক্তির অংশ

---

* থ্রেস দেশীয় মহানগর বিজান্শিয়মের নাম এইক্ষণে কন্স্টান্টিনোপল হইয়াছে।

† অরেলিয়ানের পরলোকের পর অষ্টমাস কাল পর্য্যন্ত রাজ সিংহাসনে কেহ অধ্যাসীন হন নাই।

প্রদান পূর্ব্বক সাম্রাজ্য শাসন করিতেন ইতিহাস লেখকেরা তাঁহার-দিগের যথোচিত প্রশংসা করিয়াছেন।

২৭ ট্যাসিটসের মৃত্যুর পর তাঁহার বৈমাত্রের ভ্রাতা সিলেশিয়া দেশে অবস্থান পূর্ব্বক অধিরাজোপাধি গ্রহণ করিলেন কিন্তু প্রোবস * কর্ত্তৃক দুই বার পরাভূত হওয়াতে শেষে হতাশ হইয়া আত্ম হত্যা করিলেন। অনন্তর সমুদয় সেনা একেকালে একবাক্য হইয়া এই মত প্রকাশ করিল যে প্রোবস সম্রাট হইবেন। ২৮ তৎকালে প্রোবসের ৪৪ বৎসর বয়ঃক্রম হইয়াছিল। তিনি বিখ্যাত বংশে জন্মিয়া বাল্য কালাবধি যুদ্ধ বিদ্যা বিষয়ে সুশিক্ষিত ও অনুরাগী ছিলেন। প্রথমাবধি সাহস ও রণ পাণ্ডিত্য প্রযুক্ত তাঁহার নাম বিখ্যাত হয় ফলতঃ শত্রুদিগের দুর্গোল্লঙ্ঘন কিম্বা শিবিরে প্রবেশ করিতে হইলে তিনিই অগ্রসর করিতেন। অপর একাকী ভূরি২ সংগ্রাম ও অনেক প্রসিদ্ধ নগরবাসিদিগের প্রাণ রক্ষা করাতে তাঁহার যথেষ্ট প্রতিষ্ঠা হয়। রাজপদাভিষিক্ত হইলেও তাঁহার সাহস ও সতর্কতার ন্যূনতা হয় নাই। ২৯ কিন্তু অবিলম্বে রাজ্য মধ্যে বৎসর২ নূতন২ দুর্ঘটনা ঘটিতে লাগিল এবং সর্ব্বত্র সমান ভাবে উৎপাত আরম্ভ হইল তাহাতে এক কালীন সর্ব্বনাশের উপক্রম হইয়া উঠিল; বোধ হয় প্রোবসের ন্যায় পারগ রাজা না হইলে ঐ সকল উপদ্রব নিবারণের কোন উপায় হইতে পারিত না। ৩০ সে যাহা হউক, অবশীভূত সৈন্যেরা অবকাশ পাইয়া তিনি যৎকালে গ্রীশ দেশে আগমন করিতেছিলেন তৎকালে আক্রমণ করত তাঁহার প্রাণ বিনষ্ট করিল। অতএব তিনি সাধারণ গৌরব সহকারে ছয় বৎসর চারি মাস রাজ্য করিয়া পরলোক গমন করিলেন †। তাঁহার পর কেরুস অধিরাজ হইলেন।

---

* প্রোবস প্যানোনীয়া দেশে জন্মিয়াছিলেন।

† তিনি সর্ব্বত্র জয়ী হইতেন। ইলিরীয়া দেশে সার্মেশীয়ান-দিগকে পরাজয় করাতে পার্শিয়ার রাজা দ্বিতীয় ব্যারানিস অমত্ত ভীত

প্রশ্ন।

১ ফিলিপ্ কি অবাধে অধিরাজ হইলেন?

২ তিনি কি বহু কাল রাজ্য করিয়াছিলেন?

৩ ডিসিয়স্ কি প্রকার লোক ছিলেন?

৪ তিনি কি সাম্রাজ্যের পূর্ব্বসৌভাগ্য পুনঃ স্থাপন করিতে সক্ষম হইয়াছিলেন?

৫ কি প্রকারে তাঁহার মৃত্যু হইল?

৬ পরে কে রাজা হইলেন?

৭ গ্যালসের চরিত্র কি প্রকার ছিল?

৮ তাঁহার রাজ্য কালে আর কি দুর্ঘটনা ঘটিয়াছিল?

৯ ইমিলিয়ানসের উপদ্রব বার্ত্তা শুনিয়া গ্যালস্ কি করিলেন?

১০ পরে কে রাজা হইলেন?

১১ ব্যালিরিয়ান্ প্রথমে কি করিলেন ও তাহার ফল কি হইল?

১২ তাঁহার কি বিপদ্ ঘটিয়াছিল?

১৩ দাসত্বাবস্থায় তাঁহার প্রতি কি রূপ ব্যবহার হইয়াছিল?

১৪ ঐ নিষ্ঠুরতার পর তিনি কি বহু কাল জীবিত ছিলেন?

১৫ পরে কোন্ ব্যক্তি রাজা হইলেন?

১৬ গ্যালিএনস্ ব্যতীত আর কেহ রাজ্যাকাঙ্ক্ষী ছিল কি না?

১৭ বহু শত্রুযুক্ত হইয়া তিনি কি করিলেন?

১৮ পরে কে রাজা হইলেন?

১৯ ক্লাডিয়সের চরিত্র কি রূপ ছিল এবং কি প্রকারে তাঁহার মৃত্যু হয়?

---

হইয়াছিলেন যে স্বয়ং তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া সন্ধি প্রার্থনা করিয়াছিলেন। এলোরিয়ান রাজ্য স্থির করিয়া কৃষি কার্য্যে বিশেষ মনোযোগ করিতেছিলেন। ঐ সময়ে পুনঃ প্রবেশ ... মতে তাঁহার [illegible]

২০ পরে কে রাজা হইলেন?

২১ আরিলিয়ান কে?

২২ তিনি কাহাকে জয় করেন।

২৩ কি প্রকারে তাঁহার মৃত্যু হইল?

২৪ পরে কে রাজা হইলেন?

২৫ ট্যাসিটস কি সুশাসন করিয়াছিলেন?

২৬ কি নিমিত্ত তাঁহার শাসন বিশেষ রূপে [illegible]

২৭ পরে কে রাজা হইলেন?

২৮ প্রোবস্ কি রূপ গুণ বিশিষ্ট ছিলেন?

২৯ ঐ সময়ে রাজ্যের অবস্থা কি রূপ ছিল।

৩০ তাঁহার মৃত্যু কি রূপে হইল?

---

## ২৪ অধ্যায় ৫ খণ্ড।

১ মৃত সম্রাটের প্রিটোরিয়ান প্রহরিদিগের অধ্যক্ষ কেরস [illegible] গণ কর্ত্তৃক উক্ত রাজার উত্তরাধিকারিত্বে অবধারিত হওয়া [illegible] শক্তি সুদৃঢ় করণাভিপ্রায়ে ক্যারাইনস্ ও নিউমেরিয়ান [illegible] স্বীয় পুত্রদ্বয়কে সহকারি অধিরাজ করিলেন; এই ঘটনা রোমীয় ১০৩৫ শকে অর্থাৎ খ্রীষ্টীয় ২৮২ অব্দে হইয়াছিল। তাঁহার জ্যেষ্ঠ তনয় ক্যারাইনস্ অতি পাপাত্মা ছিল কিন্তু কনিষ্ঠ পুত্র নিউমেরিয়ান গুণবত্তা, লজ্জাশীলতা এবং সাহস জন্য যশস্বী হয়েন।

২ অনন্তর তিনি প্রোবসের প্রাণ ঘাতকদিগের দণ্ড বিধান পূর্ব্বক সাম্রাজ্য সুস্থির করিতে প্রবৃত্ত হইলেন। পশ্চিম দেশস্থ অনেক জাতিরা রাজ্যের প্রতিকূল্যাচরণ করাতে তিনি জ্যেষ্ঠ সন্তানকে তাঁহাদের শাসনার্থে প্রেরণ করিয়া স্বয়ং সারমেশিয়ানদিগের প্রতিকূলে যাত্রা করত তাহাদিগকে পরাভূত করিলেন। পরে ১৬০০০ সহস্র ব্যক্তিকে বিনাশ এবং ২০০০০ সহস্র লোককে যুদ্ধে বন্দি করিয়া আনিলেন। পার্থিয়ার রাজ দ্বিতীয় ব্যারানিস তাঁহার বিরুদ্ধে যুদ্ধ যাত্রা

করিয়াছিলেন কিন্তু আপনিই পরাজিত হইয়া নিজ রাজধানী টেসি-ফন নগরের অধিকার ভ্রষ্ট হইলেন। এই জয় জন্য কারস পর্শিকস্ উপাধি প্রাপ্ত হইলেন কিন্তু বহুকাল ঐ উপাধি উপভোগ করিতে পারিলেন না; তাঁহার শিবিরে দৈবযোগ বজ্রাঘাত হওয়াতে ষোড়শ মাস মাত্র সাম্রাজ্য শাসনের পর বজ্র [illegible] হারে সংহার প্রাপ্ত হইলেন। কেরসের মৃত্যু হইলে তাঁহার তনয় দয় একত্রে [illegible] পদাভিষিক্ত হইলেন, এবং গত বৎসর পার্শিয়ানদিগের সহিত সন্ধি করত যে জুলিয়ান বেনিসীয়া * দেশে আপনাকে অধিরাজ বলিয়া রটাইয়াছিলন কারাইনস্ তাঁহার প্রতিকূলে যুদ্ধ [illegible] তাঁহাকে পরাজয় করিয়া গালদেশে পুনরাগমন করিলেন।

৩ এমত [illegible] কেরাইনস্ গাল দেশে অবস্থিতি করিতে [illegible] তাঁহার কনিষ্ঠ সহোদর পিতার সহিত সমরে গমন করিয়া পিতৃশোকে ঈদৃক্ ব্যাকুল হইলেন যে কোন প্রবোধ না মানিয়া নিরত রোদন করাতে তাঁহার নেত্র রোগ জন্মিল তাহাতে তাঁহাকে এক শিবিকা মধ্যে বদ্ধ হইয়া সৈন্য সঙ্গে গমন করিতে হইল। ৪ তাঁহার এই ইন্দ্রিয় বৈকল্য হওয়াতে তাঁহার শ্বশুর এপরের লোভ উপস্থিত হইল; তিনি মনে করিলেন ইহাকে [illegible] আমি নিরাপদে রাজপদাভিলাষ করিতে পারি, অতএব এক জন বেতন ভোগি দুরাচার ব্যক্তি দ্বারা নিজ জামাতার প্রাণ সংহার করাইয়া এই ঘোষণা করাইলেন যে অধিরাজ এ পর্য্যন্ত জীবিত আছেন, কিন্তু আলোকাবলোকনে অশক্ত। ৫ সে যাহা হউক, পরে তাঁহার শরীর হইতে দুঃসহ দুর্গন্ধ নির্গত হওয়াতে ঐ বিশ্বাসঘাতকতা প্রকাশ পাইল এবং সৈন্য মধ্যে সমূহ কোলাহল উপস্থিত হইল। ৬ এই গোলযোগে ডাই-য়োক্লিশিয়ান নামক এক জন তাৎকালীন বিখ্যাত সেনাপতি ভূপতি-পদে মনোনীত হইয়া স্বহস্তে এপরের প্রাণ নাশ করিলেন। কথিত

* বেনিসিয়ার নাম অধুনা বেনিস্ হইয়াছে।

আছে যে এপরকে সংহার করাতে প্রত্যাদেশ প্রতিপালিত হইয়াছিল. কারণ লোকে কহে আচার্য্যেরা বলিয়াছিলেন একটী বরাহের * সংহার করিলেই ডাইয়োক্লিশিয়ান্ সম্রাট হইবেন।

৭ রোমীয় ১০৫৭ এবং খ্রীষ্টীয় ২৮৪ শকে ডাইয়োক্লিশিয়ান্ চত্বারিংশ বৎসর বয়ঃক্রমে সাম্রাজ্যে অভিষিক্ত হইলেন। তিনি অন্ত্যজ কুলে জন্ম গ্রহণ করেন এবং ডাইয়োক্লিয়া † নগরে জন্ম হওয়াতে তাঁহার নাম ডাইয়োক্লিশিয়ান হয়। তিনি কেবল নিজ গুণেই এই প্রধান পদ প্রাপ্ত হইলেন, ফলতঃ সর্ব্বদা সদ্গুণ সাহস এবং সরলতা প্রকাশ পুরঃসর সাম্রাজ্য সম্বন্ধীয় সমস্ত কার্য্য ক্রমশঃ সম্পন্ন করিয়াছিলেন।

৮ এই সময়ে উত্তরাঞ্চলস্থ অসভ্যেরা দলবদ্ধ হইয়া আগমন পূর্ব্বক রাজ্যোপরি পতিত হইতেছিল, ‡ তাহারদিগের সহিত রোমান

---

* এপর শব্দের অর্থ বরাহ।

† ডালমেশিয়া দেশে নেনিস মোহানার পূর্ব্ব তীরে ডাইয়োক্লিয়া নগর স্থাপিত ছিল।

‡ ক্যারাইনস্ আপন ভ্রাতার মৃত্যু ও ডাইয়োক্লিশিয়ানের রাজ্যাভিষেকের বার্ত্তা পাইয়া গাল দেশ হইতে ত্বরায় রাজ্য অপহারকের প্রতিকূলে আগমন করত সর্ব্বতোভাবে তাহাকে পরাভূত করিলেন কিন্তু যৎকালে তিনি শত্রুদিগের পশ্চাৎ২ ধাবমান হইতেছিলেন সে সময় তাঁহার সৈন্যেরাই তাঁহাকে সংহার করিল।

§ সর্ব্বত্র অসংখ্য শত্রু থাকাতে ডাইয়োক্লিশিয়ান ম্যাক্সিমিয়ানকে নিজ সহযোগি অধিরাজ করিয়া খ্রীষ্টীয় ২৯২ শকে কনষ্টান্শিয়স্, ক্লোরস্ এবং গ্যালেরিসকে সিংহাসনে অভিষিক্ত করিলেন। খ্রীষ্টীয় ২৯৬ শকে তিনি মিশর দেশে একিলিয়স্ নামক এক জন আক্রমকের প্রতিকূলে গমন করিলেন এবং তাঁহাকে পরাজয় করিয়া বল পূর্ব্বক কারারুদ্ধ করিলেন। আর খ্রীষ্টীয় ৩০৩ শকে খ্রীষ্টীয়ানদিগকে নিষ্ঠু-

দিগের সংগ্রামের বিশ্রাম ছিল না, তাহারদের দমনার্থ প্রেরিত সৈন্যেরা প্রস্থান করিলেই তাহারা নির্গত হইত এবং ঐ সৈন্যের পুনরাগমন মাত্রে অকস্মাৎ আপনারদিগের শীতল, শস্য শূন্য এবং দুর্গম নিভৃত আশ্রমে (যে স্থানে কেবল তাহারাই অবস্থিতি করিতে পারিত) পলায়ন করিত। ৯ এইরূপে অসংখ্য সিথিয়ান, গথ, সার্মেশিয়ান, এলেনাই, কারসিয়াই এবং কোয়াডাই জাতীয়েরা রাজ্য মধ্যে আগমন করিল কিন্তু যত পরাভূত হইল তাহারদিগের শক্তি ও উৎসাহ ন্যূন না হইয়া বরং তত বৃদ্ধি পাইতে লাগিল। ১০ তিনি তাহারদিগকে অনেক বার পরাজয় করত [illegible] নিমগ্ন ছিলেন। একদা আপনি ও আপনার সহযোগি অধিরাজ ম্যাক্সিমিয়ান * উভয়

---

রূঢ়রূপে তাড়না করিয়াছিলেন. এ জন্য সকল লোকে তাঁহার নিন্দা করিয়া থাকে।

* ম্যাক্সিমিয়ান অতি নীচ বংশে জন্মিয়াছিলেন. তাঁহার স্বভাব পশুবৎ জঘন্য এবং অতি নিষ্ঠুর ছিল, কিন্তু অত্যন্ত সাহসী, বিজ্ঞ এবং বিশ্বাসী সেনাপতি ছিলেন। ডাইয়োক্লিশিয়ান তাঁহার ঐ সকল গুণ দেখিয়া তাঁহাকে সহকারি অধিরাজ করিয়াছিলেন। তিনি রাজ শক্তি পাইবার অল্প কাল পরে গাল দেশে গমন করিয়া বাগাউডি নামক কৃষিজীবি উপদ্রবি জাতিদিগকে পরাভব করিলেন। পরে বরগনডিএনদের ও হিরুলাইদের এবং জর্মানদের সহিত সংগ্রাম করিলেন। অনন্তর ২৯৭ শকে আফ্রিকায় গমন করিয়া লিবিয়া দেশস্থ পাঁচটা নগর অধিকার করিলেন। খ্রীষ্টীয় ৩০৪ শকের মার্চ মাসীয় প্রথম দিবসে ঐ অধিরাজদ্বয় রাজ্য পরিত্যাগ করিলেন কিন্তু ইহা স্বেচ্ছাক্রমে হয় নাই; [illegible]কটা আত্ম কলহ নিবারণ নিমিত্ত তদ্রূপ করিতে হইয়াছিল, কারণ গ্যালিরিএনস তাঁহাদিগের দুই জনকে এই ভয় প্রদর্শন করিলেন যদি [illegible] রাজ্য ত্যাগ না করেন তাহা হইলে তাঁহাদের সহিত যুদ্ধ করি- [illegible] ডাইয়োক্লিশিয়ান রাজ্য ত্যাগ করিয়া স্যালোনা

একেবারে রাজ সিংহাসন পরিত্যাগ পূর্ব্বক সমস্ত রাজ কার্য্য হইতে বিমুখ হইলেন তাহাতে পৃথিবীর সমুদায় লোক বিস্ময়াপন্ন হইল। ডাইয়োক্লিশিয়ান এইরূপে কিয়ৎ কাল জীবিত ছিলেন এবং বিংশতি বৎসর অতি প্রগল্‌ভতা ও দক্ষতা পূর্ব্বক সাম্রাজ্য শাসন করিয়া শেষে বিষ পান অথবা উন্মত্ততা হেতু আত্মঘাতী হইয়া প্রাণ ত্যাগ করিলেন কিন্তু বিষোপযোগে কি ক্ষিপ্ততায় তাঁহার পরলোক প্রাপ্তি হয় তাহার নিশ্চয়তা নাই। তাঁহার অন্তঃকরণে দয়ার ভাগ অল্প ছিল কিন্তু সে সময় যে রূপ কুনীতি হইয়াছিল, তাহাতে তদ্রূপ আচরণই উপযুক্ত হইত।

২ উক্ত অধিরাজ দ্বয় রাজ্য ভ্রষ্ট হইলে পর যে দুই সিজার পূর্ব্বে মনোনীত হইয়াছিলেন তাঁহারাই সাধারণ কর্তৃক ঐ দুই রাজার উত্তরাধিকারী বলিয়া পরিগৃহীত হইলেন। রোমীয় ১০৫৭ এবং খ্রীষ্টীয় ৩০৪ শকে এই ঘটনা হইল। কনষ্টান্শিয়স ক্লোরস সিজার আপনার শরীরের বর্ণ জন্যই ঐ নাম প্রাপ্ত হয়েন। তিনি

যাহার নাম এইক্ষণে স্প্যালেটো হইয়াছে তন্নিকটস্থ আপন ভবনে প্রস্থান করিয়া উদ্যানে চাস করণের আমোদে কাল যাপন করিতে লাগিলেন। তাঁহার মৃত্যুর পরে ম্যাক্সিমিনিয়ান পুনর্ব্বার রাজ্য গ্রহণ করিয়া মহাঃ গৌরব প্রকাশ পূর্ব্বক বিংশতি বৎসর শাসন করিয়াছিলেন; কিন্তু পরে আপনার সহযোগি অধিরাজ কনষ্টান্টাইনের উপর অত্যাচারের উদ্যম করাতে ধৃত হইয়া অপরাধী হইলেন অতএব আপনার মৃত্যু স্থির করিতে বাধিত হইলেন এবং খ্রীষ্টীয় ৩১০ শকে ষষ্টি বৎসর বয়ঃক্রমে সারসেলিস দেশে শ্বাসবদ্ধ হইয়া পরলোক গমন করিলেন। অষ্ট বা নব শত বৎসর গত হইল তাঁহার শব একটা সীসার আধার মধ্যে প্রাপ্ত হওয়া গিয়াছিল তাহাতে তদীয় শরীরের তাবদংশই ছিল, কিঞ্চিন্মাত্র নষ্ট হয় নাই।

ধার্ম্মিক, সাহসী, এবং দয়ালু ছিলেন। গ্যালেরিয়স * নিজেও সাহসী ছিলেন কিন্তু অসভ্যতা, লাম্পট্য, এবং ঈর্ষ্যা দোষ ছিল। ১৩ অতএব তাঁহাদের উভয়ের স্বভাবের এইরূপ বৈপরীত্য হওয়াতে তাঁহারা সম্পূর্ণ শক্তি প্রাপ্তি মাত্রে রাজ্য বিভাগ করিলে [illegible] তাঁহাকে কনষ্ট্যান শিয়স রাজ্যের পশ্চিমাংশের শাসনার্থ নিযুক্ত হইয়া পরে নিজ পুত্র কনষ্টানটাইনকে আপনার উত্তরাধিকারী করত খ্রীষ্টীয় ৩০৬ শকে ব্রিটেন দেশস্থ ইয়র্ক নগরে প্রাণ ত্যাগ করিলেন। গ্যালেরিয়সেরও একটা গুরুতর পীড়া উপস্থিত হইল, চিকিৎসকদিগের বিশেষ চেষ্টাতে তাহার কিছু মাত্র শান্তি না হওয়াতে তাহাতেই তিনি পঞ্চত্ব প্রাপ্ত হইলেন।

১৪ এই কনষ্ট্যানটাইন্ পরে মহিমার্ণব উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার রাজ্যাভিষেক সময়ে কতিপয় ব্যক্তি ঐ পদের নিমিত্ত প্রয়াস করেন। রোমীয় ১০৬৪ শকে এবং খ্রীষ্টীয় [illegible] অব্দে এই ঘটনা হয়। ঐ সকল ব্যক্তি মধ্যে তৎকালীন রোম নগরের অধিকারী ম্যাক্সেন্‌শন্ [illegible] ছিলেন। ১৫ কথিত আছে এই রাজ্যাপহারকের প্রতিকূলে গমনী সময়ে এক অদ্ভুত প্রত্যাদেশ হওয়াতে কনষ্টানটাইন্ খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী হয়েন। ১৬ সে প্রত্যাদেশ এই, যৎকালে সেনারা রোম রাজ্যে গমন করিতেছিল সেই সময় এক দিবস কনষ্টানটাইন অপরাহ্ণে বসিয়া নানা কারণ বশতঃ অনিত্য ঐহিক বিষয় ও উপস্থিত সংগ্রামে সম্ভাব্যমান বিপদ্ সমূহ চিন্তা করিতেছিলেন। কিয়ৎ ক্ষণ পরে মনে বুঝিলেন দৈবাশ্রয় ব্যতীত কৃতকার্য্য হওয়া অসাধ্য অতএব তদানীন্তন প্রচলিত ধর্ম্মের অনুধ্যান করত ব্যগ্রতা পূর্ব্বক পরমেশ্বর

* গ্যালেরিয়স প্রথমে গো রক্ষক থাকিয়া পরে এক সামান্য সেনা হইয়াছিলেন, কিন্তু সাহস ও সচ্চরিত্র [illegible] পরিশেষে অধিরাজ্যপদ প্রাপ্ত হন। তিনি প্রায় সর্ব্বদা থ্রেস ও ইলিরিয়া দেশই শাসন করিতেন।

নিকট প্রার্থনা করিতেং কহিলেন, "হে প্রভো আমি কোন্ পথ অবলম্বন করিব, সদুপদেশ করুন।" কিয়ৎ ক্ষণ পরে সূর্য্যাস্ত সময়ে ক্রুশাকার * জ্যোতির্ম্ময় এক স্তম্ভ তাঁহার দৃষ্টি গোচর হইল; তাহাতে এই লিখিত ছিল "ইহার দ্বারা পরাভব করহ।" ১৭ এমত অনির্ব্বচনীয় প্রত্যাদেশ প্রত্যক্ষ হওয়াতে অধিরাজ ও সেনারা চমৎকৃত হইয়া সকলেই স্বং বুদ্ধি শক্তি প্রয়োগ পূর্ব্বক তদ্বিষয়ে বিবেচনা করিতে লাগিল। যাহারা পৌত্তলিক মতাবলম্বী ছিল তাহারা স্বজাতীয় জ্যোতির্ব্বেত্তাদিগের গণনানুসারে ঐ ঘটনা কুলক্ষণ জ্ঞান করিয়া ভবিষ্যতে দুর্দ্দশার কারণ স্বরূপ মানিল। কিন্তু অধিরাজের মনে বিপরীত ভাবের উদয় হইল, কথিত আছে যে সেই রজনীতে তদ্বোধক বস্তু অবলোকন করাতে ঐ বিষয়ে তাঁহার দৃঢ়তর বিশ্বাস হইয়াছিল। ১৮ অতএব যে রূপ আকৃতি পূর্ব্ব দিন আকাশে দেখিয়াছিলেন পর দিবস সেই রূপ এক রাজপতাকা প্রস্তুত করাইয়া আজ্ঞা করিলেন তাবৎ যুদ্ধেই ঐ পতাকা ঐশ্বরিক আশ্রয়ের ধ্বজা স্বরূপে তাঁহার অগ্রেং নীত হইবেক। পরে খ্রীষ্টীয় ধর্ম্মের প্রধানং অধ্যাপকদিগের সহিত পরামর্শ করিয়া প্রকাশ্য রূপে সেই ধর্ম্ম অবলম্বন করিলেন।

১৯ কনষ্ট্যানটাইনের সেনার অধিকাংশ খ্রীষ্টীয়ান ছিল সুতরাং তিনি খ্রীষ্টীয়ান হওয়াতে তাহারা অধিক অনুগত হইল। তদনন্তর তিনি কাল বিলম্ব না করিয়া নবতি সহস্র পদাতিক ও অষ্ট সহস্র অশ্বারূঢ় সৈন্য সহিত ইটালি দেশে প্রবেশ পূর্ব্বক রোমের দ্বার পর্য্যন্ত গমন করিলেন। ম্যাক্‌সেনশস্‌ও এক লক্ষ সপ্তাতি সহস্র পদাতিক ও অষ্টাদশ সহস্র অশ্বারূঢ় সেনা সমভিব্যাহারে নগর হইতে আগমন করিলেন। ২০ ইহাতে একটা ঘোরতর সংগ্রাম হইল এবং ম্যাক্‌সেনশসের অশ্বারোহী সৈন্য সকল পরাজিত হওয়াতে বিপক্ষ পক্ষ জয়ী হইল; শেষে যৎকালে টাই-

* ক্রুশ অর্থাৎ এই + বজ্রাকার বস্তু খ্রীষ্টীয় ধর্ম্মের চিহ্ন।

বর নদীর উপরিস্থ একটা সেতু পার হইয়া পলায়ন করিতেছিলেন তৎকালে সেই সেতু ভগ্ন হইবাতে ম্যাক্সেনশস্ একেবারে জলমগ্ন হইয়া মানব লীলা সম্বরণ করিলেন।

২১. কনষ্ট্যানটাইন্ এই জয় প্রাপ্ত হইয়াই রোম নগরে প্রবেশ করিলেন, কিন্তু সেনেট সভা ও সাধারণ ব্যক্তিরা তাঁহাকে যে সাধু-বাদাদি প্রদান করিল তাহাতে আমোদ না করিয়া তাহারদিগকে এই মাত্র কহিলেন দৈব বলে আমার এই জয় হইয়াছে নিজ গুণে হয় নাই। অন্য কথা দূরে থাকুক তিনি শূন্য মার্গে যে ক্রুশাকৃতি নিরীক্ষণ করিয়াছিলেন তদ্রূপ এক ক্রুশ নির্ম্মাণ করাইয়া স্বকীয় প্রতিমূর্ত্তি সকলের দক্ষিণ পার্শ্বে স্থাপন করত তন্মধ্যে এই কথা খোদিত করাইলেন, "জয় প্রদ এই ক্রুশের মাহাত্ম্যে কনষ্ট্যানটাইন্ দুর্জনের হস্ত হইতে রাজ্য রক্ষা করত তাহার শক্তি হইতে নগরের পরিত্রাণ করিয়া সেনেটাধ্যক্ষ ও প্রজা-দিগকে পূর্ব্ব শক্তি পুনঃ প্রদান করিয়াছিলেন।" ২২ পূর্ব্বে গুরুতর অপরাধকারি দাসদিগকে ক্রুশ দ্বারা বধ করিবার প্রথা ছিল, কিন্তু কনষ্ট্যানটাইন আজ্ঞা করিলেন ভবিষ্যতে কোন দোষি ব্যক্তির তদ্রূপে দণ্ড বিধান হইবেক না। অপর অল্প কাল পরে এই রাজাজ্ঞা প্রচার হইল খ্রীষ্টীয়ানেরা তাবৎ ক্লেশ হইতে মুক্ত হইয়া বিশ্বাস ও ক্ষমতার পদ প্রাপ্ত হইবেক।

২৩. যাহা হউক রোম রাজ্য কিয়ৎ কাল এই অবস্থায় রহিল। কনষ্ট্যানটাইন ধর্ম্মানুরাগ বশতঃ যথা সাধ্য যত্ন করিয়া ধর্ম্মের বৃদ্ধি এবং বহু কালাবধি রাজ্য মধ্যে লুপ্ত প্রায় বিদ্যার পুনঃ প্রচার করণের উপায় করিতে লাগিলেন। ২৪ কিন্তু এই সকল বিষয়ে ব্যস্ততার সময়ে ম্যাক্সিমিনাসের যুদ্ধোদ্যোগ দ্বারা রাজ্যের সুস্থিরতা পুনর্ব্বার ভঙ্গ হইল। তিনি পূর্ব্বাঞ্চল শাসন করিতেন, ঐ সময়ে সম্পূর্ণ শক্তি প্রাপ্তির প্রত্যাশায় বহু সেনা সমভিব্যাহারে লিসিনি-য়সের প্রতিকূলে যাত্রা করিলেন। ২৫ পরন্তু বহু বিরোধানন্তর

একটা সাধারণ রণে সর্ব্বতোভাবে পরাভূত হইলেন তাহাতে তাঁহার অনেক সৈন্য খণ্ড২ রূপে ছিন্ন হইল এবং অবশিষ্ট ব্যক্তিরা জয়ির নিকট অধীনতা স্বীকার করিল। অতএব তিনি এই সাধারণ সংহারের সময় স্বয়ং পলায়ন করিয়া অন্য এক দল সৈন্য সংগ্রহ করত পুনর্ব্বার সংগ্রামের সৌভাগ্য পরীক্ষণে প্রবৃত্ত হইলেন কিন্তু হঠাৎ মৃত্যু হওয়াতে তাঁহার কামনা সিদ্ধি হইল না। ২৬ অদ্ভুত উন্মত্ততাবস্থায় তাঁহার পরলোক প্রাপ্তি হওয়াতে তিনি যে সকল খ্রীষ্টীয়ানদের প্রসিদ্ধ শত্রু ছিলেন তাহারা সর্ব্বত্র রাষ্ট্র করিয়া দিল যে পরমেশ্বরের কোপ জন্য তাঁহার ঐ দুর্গতি ঘটিল; কিন্তু এই সময়ের ইতিহাসাদির অধিকাংশ অলীক ও অদ্ভুত ক্রিয়া বর্ণনে পরিপূর্ণ।

প্রশ্ন।

১ প্রবোসের উত্তরাধিকারী কে হইলেন?

২ ক্যারস কি২ কর্ম্ম করেন এবং কি রূপে তাঁহার মৃত্যু হয়?

৩ তাঁহার বিয়োগে নিউমিরিএনের কি রূপ শোক হইয়াছিল?

৪ ঐ শোকের ফল কি হইল?

৫. ঐ বিশ্বাসঘাতকতা কি রূপে প্রকাশ পায়?

৬. এপর যে মানসে বিশ্বাসঘাতকতা করেন তাহা কি পূর্ণ হইয়াছিল?

৭ ডাইঅক্লিশিয়ান কে?

৮ এইকালে [illegible] করিল?

৯ [illegible] কি সম্পূর্ণ দমন হইয়াছিল?

১০ [illegible] কি আশ্চর্য্য ব্যাপার ঘটিল?

১১. ডাইয়াক্লিশিয়ানের মৃত্যু কি প্রকারে হইল?

১২ ডাইয়াক্লিশিয়েন ও ম্যাক্সিমিয়ানের পর কে রাজা হইল?

১৩ তাঁহারা কি রূপে শাসন করিতে লাগিলেন?

১৪ কনষ্ট্যানটাইন কি নির্ব্বিরোধে রাজা হইলেন?

১৫ এই সময়ে কি আশ্চর্য্য ব্যাপার ঘটিয়াছিল?

১৬ তাহার বিশেষ কহ?

১৭ স্বপ্নদর্শনে অধিরাজ ও সেনাদের মনে কি ভাবের উদয় হইল?

১৮ অধিরাজ কি আজ্ঞা করিলেন?

১৯ কাহার কত সেনা ছিল?

২০ যুদ্ধের ফল কি হইল?

২১ জয়ের পর কন্‌ষ্টান্‌টাইন কি করিলেন?

২২ পরে তিনি কিং আজ্ঞা করিলেন?

২৩ পরে কি করিলেন?

২৪ রাজ্য কি বহু কাল সুস্থির ছিল?

২৫ ঐ যুদ্ধের ফল কি হইল?

২৬ খ্রীষ্টীয়ানেরা ম্যাক্‌সিম্যানের মৃত্যুর কি কারণ দর্শাইল?

---

## ২৪ অধ্যায় ৬ খণ্ড।

১ কন্‌ষ্টান্‌টাইন্ ও লিসিনিয়স্ এই প্রকারে নির্বিরোধে রাজ্যের অধিকারী ও অংশী হওয়াতে বোধ হইল তাঁহাদের বন্ধুতা ও শান্তি সুশৃঙ্খলতা থাকিবে। ২ কিন্তু অবিলম্বে প্রকাশ পাইল যে লোক যেমনে রাজ শক্তির একাংশমাত্র লক্ষ্য করিয়াছিল তাহা এই-ক্ষণে সম্পূর্ণ গ্রাস না করিয়া পরিতৃপ্ত হইল না। পৌত্তলিক গ্রন্থকর্ত্তারা কহেন অধিরাজ দ্বয়ের মধ্যে এই বিবাদ কন্‌ষ্টান্‌টাইন দ্বারাই ঘটিয়াছিল কিন্তু খ্রীষ্টীয়ানেরা লিসিনিয়সকেই ঐ বিবাদের কারণ বলিয়া বর্ণনা করিয়াছেন। ৩ সে যাহা হউক প্রাধান্য হেতুক উভয় পক্ষই যথা সাধ্য যত্ন করত ভীষণ সেনা সহকারে পান্নোনিয়া দেশস্থ সাইব্যালিস্ নগরের নিকটে সমরে প্রবৃত্ত হইল। ৪ যুদ্ধারম্ভের পূর্ব্বে কন্‌ষ্টান্‌টাইন্ খ্রীষ্টীয়ান ধর্ম্মাধ্যক্ষদিগের সম-ভিব্যাহারে [illegible] ঈশ্বরের স্তব করত সহায়তা প্রার্থনা করিলেন; লিসিনিয়সও ঐ রূপ উৎসাহ পূর্ব্বক পৌত্তলিক পুরোহিতদিগকে

কহিলেন যাহাতে দেবতারা আমারদের প্রতি অনুকূল হন তাঁহাই করুন *। ৫ কিন্তু সত্য পক্ষেরই প্রার্থনা সিদ্ধি হইল অর্থাৎ কনষ্ট্যানটাইন ভয়ানক বাধা উত্তীর্ণ হইয়া জয় লাভ করত শত্রুদিগের শিবির হস্তগত করিলেন। কিয়ৎ কাল পরে লিসিনিয়স কতিপয় দিবসের নিমিত্ত রণ নিবৃত্ত থাকিবার প্রার্থনা করাতে কনষ্ট্যানটাইন্ তাহাতে সম্মত হইলেন। ৬ কিন্তু ঐ নিবৃত্তি দীর্ঘ কাল থাকিল না, অনতিবিলম্বে সমরাগ্নি পুনঃ প্রজ্বলিত হইল এবং উভয় পক্ষে ঘোরতর কাটাকাটি হইতে লাগিল, তাহাতে লিসিনিয়স্ সম্পূর্ণ রূপে পরাজিত হইয়া নিকোমিডিয়া দেশে পলায়ন করিলে কনষ্ট্যানটাইন্ তাঁহার পশ্চাদ্ধাবমান হইলেন সুতরাং লিসিনিয়স্কে তাঁহার অধীন হইতে হইল। লিসিনিয়স অধীন হইবার পূর্ব্বে জায়াকে এই শপথ করাইলেন যে প্রাণ নাশ না করিয়া জীবনের অবশেষ কাল নির্জ্জনে যাপন করিতে দিবেন। ৭ কিন্তু কনষ্ট্যানটাইন্ তাঁহার দ্বারা অনিষ্ট হইবার আশঙ্কা করিয়াই হউক অথবা তিনি বিপক্ষতা নিমিত্ত কুমন্ত্রণা † করিতেছেন এ বিষয় জানিতে পারিয়াই হউক, অনতিবিলম্বে ঐ শপথ ভঙ্গ করত তাঁহার এবং তাঁহার সেনাপতি মার্শিয়ানের প্রাণ সংহারার্থ আজ্ঞা প্রদান করিলেন। ঐ মার্শিয়ান ইতিপুর্ব্বে সিজার উপাধি প্রাপ্ত হইয়াছিলেন।

৮ কনষ্ট্যানটাইন্ এই প্রকারে স্বয়ং সম্রাট হইয়া খ্রীষ্টীয়ান ধর্ম্মের মূল এ রূপে দৃঢ় করিতে স্থির প্রতিজ্ঞ হইলেন যে নূতন পরিবর্ত্ত দ্বারা চঞ্চল না হয়। অনন্তর এই আজ্ঞা প্রচার করিলেন

---

* প্রামাণিক গ্রন্থ কর্ত্তারা কহেন লিসিনিয়সের মানস ছিল জয়ী হইলে খ্রীষ্টীয়ানদিগকে তাড়না করিতে আরম্ভ করিবেন।

† সাক্রেটিস্ কহেন লিসিনিয়স্ বাস্তবিক কনষ্ট্যাটাইনের বিপক্ষে কুমন্ত্রণা করিয়াছিলেন। ঐ সাক্রেটিস্ গ্রীক জাতীয় বিখ্যাত পণ্ডিত নহেন।

রাজ্যের তাবৎ প্রদেশে খ্রীষ্টীয় প্রধান ধর্ম্মাধ্যক্ষদিগের অনুজ্ঞা অসংশয়ে পালিতা হইবেক। ঐ সময়ে খ্রীষ্টীয়ান মণ্ডলী মধ্যে যে মতান্তর হইয়াছিল তাহার দমন নিমিত্ত এক সাধারণ সভাও স্থাপন করিলেন *। মতান্তরাবলম্বি ব্যক্তি সকলের মধ্যে এরিয়সের † মতই বিশেষ বিরুদ্ধ ছিল। ৯ অধিরাজ স্বয়ং সেই সভার অধ্যক্ষ হই- লেন, তাহাতে তিন শত অষ্টাদশ জন খ্রীষ্টীয়ান ধর্ম্মাধ্যক্ষ আগমন করেন এতদ্ভিন্ন অনেক বৃদ্ধ পুরোহিত ও সহকারি [illegible]দেরও সমাগম হয়। এতাবৎ সংখ্যক ব্যক্তিমধ্যে কেবল [illegible] জন ব্যতিরেকে সকলেই এরিয়সের মতে দোষারোপ করেন। এরিয়স্ স্বীয় অনুচরগণ সহ রাজ্যের দূরাঞ্চলে দূরীকৃত হইলেন।

১০ তিনি এই প্রকারে সাম্রাজ্য সুস্থির করিলেন বটে কিন্তু নিজ সাংসারিক দুঃখ নিবারণ করিতে না পারিয়া আপনার পত্নী ফাস্টা ও পুত্র ক্রিস্পস্‌কে হত্যা করিলেন. তদানীন্তন বিবরণ লেখকদিগের মতের অনৈক্যতা প্রযুক্ত ঐ বিষয়ের প্রকৃত কারণ নিশ্চয় করা দুঃসাধ্য হইয়াছে। ১১ সম্ভাবিত কারণ এই যে, রাজমহিষী পরম সুন্দরী ছিলেন, এবং কামাতুরা স্বভাব বশতঃ কনষ্ট্যানটাই- নের পূর্ব্ব ভার্য্যা গর্ব্ভজাত এক সন্তান ক্রিস্পসের প্রতি বহু দিবসাবধি প্রচ্ছন্ন ভাবে প্রেমাসক্তা হন। ১২ আপনার প্রতি উক্ত যুবা ব্যক্তি তদনুরূপ আসক্ত হয় এ বিষয়ের কৌশল করিতে রাজ্ঞী কোন প্রকারে ত্রুটি করেন নাই; কিন্তু সঙ্কেত ও ভাব ভঙ্গি সকল বিফল হওয়াতে অবশেষে ক্রিস্পসের নিকট স্পষ্ট রূপে আপনার অভিলাষ প্রকাশ করিলেন। ১৩ পরন্তু এ বিষয়ে রাণীর প্রার্থনা উভয়েরই পক্ষে ভাল

---

* নাইস্ দেশে ঐ সভা স্থাপিত হওয়াতে নাইসের সভা নামে তাহা বিখ্যাত হয়।

† যে সকল ব্যক্তি খ্রীষ্টের ঈশ্বরত্বে অবিশ্বাস করিত এরিয়স তাহারদিগের মধ্যে প্রধান ছিলেন।

স্বরূপ হইল, কারণ ক্রিস্পস্ তাঁহার কথায় অবজ্ঞা করাতে তিনি তাঁহার প্রতিহিংসা নিমিত্ত অধিরাজের নিকট তাঁহার অন্যায় অপবাদ ব্যক্ত করিলেন। ১৪ অতএব কনষ্ট্যানটাইন্ জারাশঙ্কায় ঘৃণান্বিত ও ক্রোধানলে প্রজ্বলিত হইয়া কোন কথা না শুনিয়া ক্রিস্পসের প্রাণ সংহারের আদেশ করিলেন। পরন্তু যখন এ বিষয়ের প্রতীকারের সম্ভাবনা রহিল না তখন সন্তানের নির্দোষত্ব জানিতে পারিলেন *। ১৫ ইহাতে ফাস্টার বধ ব্যতীত উপায়ান্তর না থাকাতে এই প্রবঞ্চনা ও চাতুরীর সহকারিগণ সহিত তাঁহার প্রাণ দণ্ড হইল।

১৬ সকলে অনুমান করেন কনষ্ট্যানটাইন্ রোম হইতে রাজধানী বিজ্যান্শিয়মে (যাহার নাম এক্ষণে কনষ্ট্যান্টিনোপল্ হইয়াছে) লইয়া যাওয়াতে রাজ্যের যে অপকার হয় তাঁহার কৃত উপকার অপেক্ষা তাহা গুরুতর হইয়াছিল। ১৭ যেহেতু রোম রাজ্যে কিঞ্চিৎ অ-ম্মান প্রাপ্তি নিমিত্তই হউক কি কনষ্ট্যান্টিনোপল্ নগর রাজ্যের অধিক অভ্যন্তরবর্ত্তি এই কারণেই হউক অথবা সাম্রাজ্যের পূর্ব্বাঞ্চলে আপনার উপস্থিতি হইবার অত্যাবশ্যকতা ছিল তজ্জন্যই হউক যদি রাজধানী স্থানান্তরিত করিয়া থাকেন তথাপি ঐ সকল কারণ অমূলক এবং দুর্ব্বল বলিতে হইবেক। ১৮ ফলতঃ ঐ রাজ্য যদিও বহু কাল হইতে হ্রাস পাইয়া আসিতেছিল তথাচ ঐ ঘটনায় শীঘ্রই তাহার ধ্বংস সম্পন্ন হইল। তদনন্তর রাজশ্রীর পুনরুদ্ধার হয় নাই বরং স্থানভ্রষ্ট হওয়াতে বিদেশী ভূমিতে রোপিত পুষ্প বৃক্ষের ন্যায় ক্রমশঃ অকিঞ্চিৎ ও অপদার্থ হইয়া উঠিল।

---

* ক্রিস্পসের অসাধারণ গুণ ছিল, তিনি সাহস ও পরোপকারি স্বভাব এবং অন্যান্য অত্যুৎকৃষ্ট গুণ জন্য প্রজা ও সৈন্য সমাজের পরম প্রেমাস্পদ হইয়াছিলেন অতএব কনষ্ট্যানটাইন স্নেহ শূন্য হইয়া তাঁহাকে অবিচারে বধ করাতে আপনার মহিমায় মালিন্য জন্মাইলেন।

১৯ প্রথমে তিনি এবম্প্রকার একটী নগর নির্ম্মাণ করিবার মনস্থ করিয়াছিলেন যাহা সমস্ত পৃথিবীর রাজধানী হইতে পারে; কিন্তু তজ্জন্য এসিয়া মাইনর প্রদেশস্থ কালসিডন [illegible]র নিরূপণ করিয়া ভিত্তি খননের সূত্রপাত মাত্র করিয়াছেন এমত সময়ে একটা উৎক্রোশ পক্ষী ঐ সূত্র লইয়া উড্ডীয়মান হইয়া বাসফরস [illegible] সম্মুখস্থ বিজ্যান্‌শিয়ম্‌ নগরে গমন করিল। [illegible] ঐ স্থলেই রাজধানী স্থাপন করা শ্রেয়ঃ জ্ঞান করিলেন; [illegible] উক্ত নগর রাজধানীর উপযুক্ত স্থান ছিল কারণ [illegible] থাকিলে কোন স্থান মহাবল পরাক্রান্তের বাস যোগ্য হইতে [illegible] তৎসমুদায়ই তথায় ছিল। ২১ সমুদ্র হইতে ক্রমে উত্থিত এক বৃহৎ ক্ষেত্র মধ্যে ঐ নগর স্থাপিত ছিল, এবং যে [illegible] অর্থাৎ খাঁড়ী দ্বারা মেডিটরএনিয়ন ও ইউক্‌সিন্‌ সমুদ্রের যোগ হইয়াছে তদুপরি তাহা স্থাপিত হওয়াতে দেশ সভ্য সকল সুখ ও স্বাস্থ্য সে স্থানে লব্ধ হইবার সম্ভাবনা ছিল। এই রাজধানী স্থাপন রোমীয় ১০৮৪ এবং খ্রীষ্টীয় ৩৩০ শকে সম্পন্ন হয়। ২২ তিনি এই নূতন নগরীকে অনেক ঐশ্বর্য্যশালি অট্টালিকা দ্বারা শোভিত করিয়া চতুর্দশাংশে বিভক্ত করত তন্মধ্যে এক দুর্গ ও এক নাট্যশালা এবং বহু দেবালয় নির্ম্মাণ করিলেন; এতদ্ভিন্ন রাজ্যোপযোগি অন্যান্য অনেক উদ্যোগ সম্পন্ন করিলেন। এইরূপে ঐ নগর তাঁহার অভিপ্রায়ানুরূপ নানাবিধ ঐশ্বর্য্যে ভূষিত হইল পরে ভক্তি শ্রদ্ধা সংস্কারাতিশয় সহকারে ধর্ম্মার্থ মৃত ব্যক্তিদিগের ঈশ্বর অর্থাৎ খ্রীষ্টের নামে ঐ সকল অট্টালিকা প্রতিষ্ঠা করিলেন। এইরূপে প্রায় দুই বৎসর পরে নিজ সভায় [illegible] হইতে তথায় আগমন করিলেন।

২৩ রাজধানী স্থানান্তর হইবা মাত্র রাজ্য মধ্যে কোন ব্যবস্থার বিপর্য্যয় হয় নাই। অতএব রোম বাসিরা অনিচ্ছাতেও ঐ পরিবর্ত্তনে সম্মত হইল; পরে দুই [illegible] বৎসর পর্য্যন্ত কোন উৎপাত

ঘটিল না; কিন্তু শেষে গাথ জাতীয়েরা ডেনিউব নদীর তীর হইতে রোমীয় প্রহরিদিগকে প্রস্থান করিতে দেখিয়া পুনরাক্রমণ করত বিজাতীয় নিষ্ঠুরতা পূর্ব্বক রাজ্যের উচ্ছেদ করিতে লাগিল। ২৪ সে যাহা হউক, কনষ্ট্যানটাইন্ শীঘ্র আক্রমণ নিবারণ করিয়া তাহাদিগকে এমত ক্লেশযুক্ত করিলেন যে প্রায় তাহাদের এক লক্ষ লোক শীত ও ক্ষুধায় পঞ্চত্ব পাইল।

২৫ তাঁহার তনয় সমুদায় মধ্যে সাম্রাজ্য বিভাগ করিয়া দেওয়াও এক গুরুতর ভ্রম বলিয়া লোকে ব্যাখ্যা করিয়া থাকে। তাঁহার জেষ্ঠ পুত্র কনষ্ট্যাটাইন্ গাল প্রদেশ ও পশ্চিমাংশ পাইলেন; দ্বিতীয় পুত্র কনষ্ট্যানশিয়সের অংশে আফ্রিকা ও ইলিরিকম দেশ পড়িল; এবং কনিষ্ঠ পুত্র কনষ্ট্যান্স ইটালির অধিপতি হইলেন। ২৬ এইরূপে বিভাগই রাজ্যের পতন হইবার বিশেষ কারণ হইল যেহেতুক আক্রমণ নিবারণার্থ রাজ্যের সমুদয় বলের ঐক্য না হওয়াতে অসভ্যেরা অধিক সংখ্যক সৈন্য লইয়া যুদ্ধ করত যদিও সর্ব্বদা রণে ভঙ্গ দিয়াছিল তথাচ শেষে জয়ী হইল। পরন্তু ত্রিংশৎ বৎসর রাজত্ব করিবার পর ষষ্টি বৎসর বয়ঃক্রমে কনষ্ট্যানটাইনের স্বাস্থ্য হ্রাস হইতে লাগিল। ২৭ একটা কম্পজ্বর উপস্থিত হইয়া ক্রমশঃ বৃদ্ধিশীল হইবাতে তিনি নিকোমিডিয়ায় গমন করত আরোগ্যের আশা শূন্য হইয়া ব্যাপ্টাইজ অর্থাৎ খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী হইলেন। পরে খ্রীষ্টীয় ধর্ম্মোৎসব সূচক ভোজ প্রাপ্ত হইয়া প্রাণ ত্যাগ করিলেন *।

* গ্রন্থ কর্ত্তাদের মধ্যে তাঁহার প্রতি কাহার বিরাগ ও কাহার অনুরাগ জন্য কনষ্ট্যানটাইনের চরিত্র নানা প্রকারে বর্ণিত হইয়াছে। পৌত্তলিকেরা কহেন তিনি সর্ব্ব পাপের আধার ছিলেন, খ্রীষ্টিয়ানেরা বলেন তিনি অতি ধার্ম্মিক ও ঈশ্বর পরায়ণ ছিলেন; কিন্তু এ বিষয়ে সকলেই ঐক্য হয়েন যে যদিও তিনি উৎকৃষ্ট রাজা না

প্রশ্ন।

১ এ সময়ে রাজ্যের অবস্থা কি রূপ ছিল?

২ ঐ সন্ধি কি দীর্ঘ কাল স্থায়ী হইল, এবং কে তাহা ভঙ্গ করিল?

৩ যুদ্ধ কি প্রবল হইবার সম্ভাবনা ছিল?

৪ অধিরাজদ্বয় যুদ্ধের পূর্ব্বে কি [illegible]

৫ তাহার ফল কি হইল?

৬ যুদ্ধের যে কিয়ৎ পরিমাণে শান্তি [illegible] র্ত্তিল?

৭ কনষ্ট্যানটাইন্ কি প্রতিজ্ঞা [illegible]

৮ কনষ্ট্যানটাইন একা রাজা হইয়া [illegible] উৎকৃষ্ট [illegible] কি করিলেন

৯ [illegible] সন্তুষ্ট হইয়াছিল এবং কি স্থির [illegible]

১০ অধিরাজ কি সাংসারিক বিষয়ে সুখী ছিলেন?

১১ ঐ ঘটনার সম্ভাব্য কারণ কি?

১২ ক্রিস্পস্ কি আপনার প্রতি রাজ্ঞীর [illegible] ছিলেন?

১৩ ক্রিস্পস্ রাজ্ঞীর কথায় কি সম্মত হইলেন?

১৪ কনষ্ট্যানটাইন্ রাজ্ঞীর কথা শুনিয়া কি করিলেন?

১৫ এই অবিচারের প্রতীকার কি হইল?

১৬ রাজধানী স্থানান্তর করাতে কি রাজ্যের মঙ্গল হইল?

১৭ যেং কারণ জন্য ঐ কর্ম্ম করিলেন তাহা কি সমূলক ছিল?

১৮ ইহার ফল কি হইল?

১৯ প্রথমে তাঁহার মানস কি ছিল [illegible] নিমিত্ত তাহার [illegible] বর্ত্তন করিলেন?

---

হয়েন তথাপি মহিলাগণের সম্প্রতি [illegible] তাবৎ গুণ তাঁহাতে ছিল।

২০ ঐ স্থান কি উপযুক্ত ছিল?

২১ ইহার কি রূপ অবস্থা ছিল?

২২ তিনি কি পুরী নির্ম্মাণ করিলেন এবং নির্ম্মিত গৃহাদি সকল কাহার প্রীত্যর্থে উৎসর্গ হইল?

২৩ রাজধানী স্থানান্তর হইবা মাত্রই কি কোন পরিবর্ত্তন হইল?

২৪ অসভ্যেরা কি প্রবল বাধা পাইয়াছিল?

২৫ লোকে কানষ্ট্যানটাইনের আর কি দোষ্ দেয়?

২৬ রাজ্য বিভাগের ফল কি হইল?

২৭ তাঁহার মৃত্যুর বিশেষ বিবরণ কহ?

[ডাক্তর গোল্‌ডস্মিথ এই বিবরণ অতি ব্যস্ততা পূর্ব্বক সমাপ্ত করাতে তাঁহার অন্তিমাধ্যায় অন্যথা করিয়া কনষ্ট্যানটাইনের মৃত্যু অবধি রাজ্যের সম্পূর্ণ বিনাশ পর্য্যন্ত যে২ ঘটনা হইয়াছিল তাহার সংক্ষেপ বিবরণ প্রকটিত করাই যুক্তি সিদ্ধ বোধ হইয়াছে।]

---

## ২৫ অধ্যায়।

### মহা কনষ্ট্যানটাইনের মরণাবধি মহা থিয়োডিসিয়সের পরলোক গমন পর্য্যন্তের বিবরণ।

১ এই সময় হইতে রাজ্যের সৌভাগ্যাবস্থার পুনরুদ্ধারের আশা একেবারে অপগত হইল কেননা সদুপায় দ্বারা দুরবস্থা নিবারণের সম্ভাবনা ছিল না এবং চতুর্দ্দিক্ হইতে যে সকল বিপদ ঘটিতে লাগিল কোন প্রকার বীরত্ব দ্বারা তাহারও শান্তি হইবার প্রত্যাশা রহিল না। যদিও মধ্যে২ সদুপায় রূপ ক্ষণ প্রভা কালক্রমে বহুলী ভূত দুরবস্থা তিমিরকে নাশ করিয়াছিল বটে কিন্তু তাহাতে পরক্ষণে আলোকাপগমে পুনশ্চ ঘোরান্ধকার রূপ অধিক দুর্দ্দশা হইবার উপক্রম হইল।

২ খ্রীষ্টীয় ৩৩৩ শকে কনষ্ট্যানটাইনের দেহপাতের পর তাঁহার তিন তনয় পৈতৃক রাজ্য বিভাগ করিয়া নির্ব্বিরোধে স্ব২ খণ্ড শাসন

করিলেন কিন্তু পরিশেষে রাজ্য বৃদ্ধির লোভ তাহাদের অন্তঃকরণ স্পর্শ করাতে ভ্রাতৃ স্নেহ ভগ্ন হইল সুতরাং জ্যেষ্ঠ কনষ্ট্যানটাইন কনষ্ট্যান্সের রাজ্যাংশ আক্রমণ [illegible] প্রদেশে গমন করিতে [illegible] সেই২ স্থানেই আশঙ্কা [illegible] পরিপূর্ণ হইল। ৩ যাহাহউক, তাঁহার গতিরোধ করিবার [illegible] কনষ্ট্যান্স যে সৈন্য দল প্রেরণ করিয়াছিলেন [illegible] ও বাধা দ্বারা কনষ্ট্যানটাইনকে শেষে এক [illegible] হইল। অপর কনষ্ট্যান্সের সৈন্যেরা তাঁহার [illegible] লিপ্সার উচিত ফল প্রদান করিয়া সেই স্থানেই [illegible] করিল।

৪ অতএব কনষ্ট্যান্স আপন ভ্রাতার রাজ্য গ্রহণ করি[illegible] খ্রীষ্টীয় ৩৪০ অব্দে স্বীয় রাজ্য সহিত মিলিত করিলেন। কিন্তু রাজ্য [illegible] উপার্জনাপেক্ষা সদ্বিবেচনা ও পরিমিতাচরণ পূর্ব্বক রক্ষা করা অতি কঠিন কর্ম্ম অতএব কনষ্ট্যান্স রাজ্য পাইয়া তদনুসারে [illegible] করাতে তাঁহার প্রতি প্রজাদের শ্রদ্ধার লাঘব হইতে লাগিল। এই অবসরে অসভ্য বংশজ ম্যাগ্নেনশিয়স নামক এক জন মহোদ্যম বিশিষ্ট যোদ্ধা সাহসান্বিত হইয়া আপনাকে অধিরাজ বলিয়া প্রকাশ করাইল। ৫ কনষ্ট্যান্স ঐ রাজ্যাপহারকের প্রতি বাধা দিতে সর্ব্বতোভাবে অসমর্থ হইলেন, কারণ কুকর্ম্ম ও অক্ষমতা দ্বারা যোদ্ধাদের অশ্রদ্ধা ভাজন হওয়াতে তাহারা প্রায় সকলেই পরিত্যাগ করিয়া তাঁহার বিপক্ষের স[illegible] হইয়াছিল সুতরাং নিরুপায় হইয়া পলায়নের চেষ্টা করিতে লাগিলেন কিন্তু হঠাৎ ধৃত হওয়াতে শত্রু হস্তে হত হইলেন। অতএব পিতৃ কর্ত্তৃক রাজ্য ভার প্রাপ্ত হইবার প্রায় ত্রয়োদশ বৎসর পরে তাঁহার মৃত্যু হইল। ৬ সে যাহাহউক, ইলিরিকম দেশস্থিত সৈন্য সমূহ ম্যাগ্নেনশিয়সের অধিরাজত্ব স্বীকার না করিয়া [illegible] পূর্ব্বক আপনারদের অধ্যক্ষ ব্যাটানিওর বশীভূত রহিল।

৭ উপরোক্ত ঘটনার কালে পর্সিয়ার রাজা স্যাপর কনষ্ট্যান-শিয়সের রাজ্য আক্রমণ করত এন্টিওক নগর পর্য্যন্ত আসিবাতে তিনি তাঁহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন কিন্তু প্রথমে কোন অংশে কৃত-কার্য্য হইতে না পারিয়া বারম্বার পরাজিত হইলেন শেষে সিঙ্গারা নগরের * রণে তাঁহার জয় হইল এবং স্যাপরের দুই পুত্রকে আপ-নার হস্তগত করিলেন। ৮ কথিত আছে তিনি ঐ দুইটী রাজকুমারকে রোমীয় সিবির মধ্যে কশাঘাত করাইয়া পরে তাহারদের প্রাণ বধ করিয়াছিলেন। কিন্তু এইরূপ নিষ্ঠুরতাচরণ পশুবৎ অসভ্য ব্যক্তি-রই যোগ্য, খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি সভ্য রাজ্যাধিপতির উপযুক্ত নহে।

৯ যাহা হউক কনষ্ট্যান্সের হত্যা এবং ম্যাগনেন্শিয়স ও ব্যাট্রা-নিয়ো কর্ত্তৃক রাজ্যাপহরণের সংবাদ পাইবা মাত্র কনষ্ট্যান্শিয়স স্যাপরের সহিত সন্ধি করিয়া যথাসাধ্য ত্বরাপূর্ব্বক নিজ স্বত্বাস্পদ রাজ্যের উপর আক্রমণকারিদিগের প্রতিকূলে যুদ্ধ করিতে গেলেন। ১০ পরে ব্যাট্রানিওকে প্রবঞ্চনা ও কৌশল দ্বারা বশীভূত করিয়া দয়া প্রকাশ পূর্ব্বক ক্ষমা করত বাস স্থানার্থে তাঁহাকে প্রুসা নগর † প্রদান করিলেন। ব্যাট্রানিও ধন সম্পত্তি সম্পন্ন হইয়া সেই স্থানে জীবনের অবশিষ্ট কাল যাপন করিতে সম্মত হইলেন। ১১ তদনন্তর ম্যাগনেন্শিয়স তদপেক্ষা অধিক ভয়ানক শত্রু হইল, সে ব্যক্তি বিশ্বাসঘাতকতা দ্বারা প্রাপ্ত সম্পত্তি অস্ত্র বলে রক্ষা করিতে প্রতিজ্ঞা করিল, এবং যুদ্ধ দ্বারা বিবাদ নিষ্পত্তি করিবার নিমিত্ত প্যানোনিয়া দেশীয় ‡ ড্রেব নদী তীরস্থ মরসা নগরের রণ-

* মেসোপোটেমিয়া দেশস্থ এক নগরের নাম সিঙ্গারা কিন্তু এক্ষণে তাহার নাম সিঞ্জার হইয়াছে।

† বাইথিনিয়ার এক নগরের নাম প্রুসা।

‡ প্যানোনিয়া দেশে এই সকল প্রদেশ ছিল, যথা—ক্রোশিয়া, কার্ণিওলা, স্ক্লাবোনিয়া, উইন্ডিচ, মার্চ, অর বিয়ার্ন কিয়দংশ, হঙ্গেরি, এবং আষ্ট্রিয়া।

নিযুক্ত ছিলেন তৎকালে কনষ্ট্যানশিয়স্ রোম রাজ্যের পুরাতন রাজধানীতে গমন করিলেন কিন্তু ইলিরিএন প্রদেশের দুরবস্থা হওয়াতে সে স্থানে অবস্থিতি করিতে পারিলেন না। পরন্তু তথা হইতে গমন করিবার পূর্ব্বে মিসর দেশ হইতে আনীত শুণ্ডাকৃতি ক্ষুদ্র২ প্রস্তর স্তম্ভ সকলের মধ্যে সর্ব্ব বৃহৎ স্তম্ভ রোম নগরস্থ সর্কস ম্যাক্সিমস স্থানে স্থাপিত করাইয়াছিলেন। ২০ জুলিএন সাহস ও দূঢ় প্রতিজ্ঞতা পূর্ব্বক দেশ শাসন করিয়া সুখ্যাতি লাভ করাতে কনষ্ট্যানশিয়সের মনে অতিশয় ঈর্ষা জন্মিয়াছিল অতএব তিনি তাঁহাকে সসৈন্য হইয়া গালদেশ হইতে আগমন পূর্ব্বক পর্সিয়ানদিগের দমনার্থে অবিলম্বে আসিয়ায় যাত্রা করিতে আজ্ঞা করিলেন। ২১ কিন্তু সৈন্যেরা আপনাদের সেনাপতির ও স্বদেশের প্রতি অতিশয় স্নেহবশতঃ প্রযুক্ত অধিরাজের ঐ আজ্ঞা অমান্য করিয়া জুলিএনকে আগষ্টস উপাধি প্রদান পূর্ব্বক অধিরাজত্ব পদ গ্রহণ করিতে বাধ্য করিল।

২২ জুলিএন সৈন্যেরদের অবাধ্য হইলে কোন ফল হইবেক না বিবেচনা করিয়া অধিরাজের নিকট সম্মান সূচক এক পত্র প্রেরণ করিয়া তাঁহার প্রাধান্য স্বীকার করিলেন। ২৩ পরন্তু অধিরাজ অতি কটু ভাষায় ঐ পত্রের উত্তর লিখিয়া তাঁহাকে নূতন প্রাপ্ত পদ পরিত্যাগ করিতে আজ্ঞা দিলেন এবং বলপূর্ব্বক সেই আদেশ পালন করাইতে উদ্যোগ করিতে লাগিলেন, কিন্তু তৎপরে হঠাৎ পীড়াগ্রস্ত হওয়া মৃত্যুর বশম্বদ হওয়াতে তাঁহার মানস বিফল হইল। অতএব তিনি পঞ্চ চত্বারিংশৎ বৎসর বয়ঃক্রমে চতুর্বিংশতি বর্ষ রাজ্য শাসনের পর পরলোক প্রাপ্ত হইলেন। এইরূপে যে সিংহাসনের নিমিত্ত যুদ্ধারম্ভ হইবার উপক্রম হইয়াছিল কনষ্ট্যানশিয়সের আকস্মিক মৃত্যু ঘটনায় জুলিএন অনায়াসে ও নির্ব্বিরোধে তাহা অধিকার করিলেন। ২৪ যদিও জুলিএন খ্রীষ্টীয় ধর্ম্মানুসারে শিক্ষিত হইয়াছিলেন তথাচ অনতিবিলম্বে আপন পূর্ব্ব পুরুষদিগের ধর্ম্মের প্রতি প্রবৃত্তি প্রকাশ করিয়া কনষ্ট্যানশিয়সের উৎপাত শূন্য হইবামাত্র ঐ ধর্ম্মকে পূর্ব্ববৎ

উজ্জ্বল করিতে সচেষ্ট হইলেন। ২৫ তিনি খ্রীষ্টীয় [illegible] মত অগ্রাহ্য করিয়া মনুষ্য নির্ম্মিত পুত্তলিকাদিকে প্রণাম [illegible] লেন বটে কিন্তু বিরুদ্ধমতাবলম্বি লোকদিগের [illegible] না হইয়া তাঁহাদের প্রতি অতিশয় দয়া ও সুশীলতা প্রকাশ [illegible] এবং কাহাকেও বল পূর্ব্বক কোন ধর্ম্ম অবলম্বন করা[illegible]

২৬ অনন্তর জুলিএন পর্সিয়ানদিগের সহিত সাহস পূর্ব্বক সংগ্রাম করিতে প্রতিজ্ঞা করিয়া স্বদেশীয় সুশিক্ষিত পঞ্চষষ্টি সহস্র [illegible] ও সিথিয়ান জাতীয় ভয়ানক এক দল বেতন ভোগি [illegible] এবং কতকগুলি অশিক্ষিত অশ্বারূঢ় যোদ্ধা সংগ্রহ করত ইউফ্রেটিস নদীর তীরে২ গমন করিতে লাগিলেন। খাদ্য দ্রব্য পরি পূর্ণ [illegible] ও অর্ণবপোত তাঁহার সমভিব্যাহারে চলিল। ২৭ তিনি পূর্ব্বমত সাহস প্রকাশ পূর্ব্বক নিম্ন শ্রেণিস্থ সেনাগণের সহিত ঐ দুঃসাধ্য কর্ম্মের ক্লেশ ও বিপদের অংশ গ্রহণ করিয়াছিলেন এবং পদব্রজে গমন করিয়া সকলের উপর কর্ত্তৃত্ব করত তাহাদের কদর্য্য ও সামান্য আহারীয় সামগ্রী ভোজন করিতেন। ২৮ অপর সেনাপতিত্ব ও নিপুণতা এবং নিজ সাহসের পুনঃ২ প্রমাণ দর্শাইয়া শত্রুদিগের সহিত একটা সামান্য সংগ্রামে শল্য দ্বারা বিদ্ধ হয়েন; অতএব যে সময় অতি সম্ভ্রমে জীবন যাপন করিতেছিলেন সেই কালে এমত গৌরবে মৃত্যু ঘটনা হওয়াতে দেবতাদিগের ধন্যবাদ করিতে২ প্রাণ ত্যাগ করিলেন।

২৯ খ্রীষ্টীয়ান ও পৌত্তলিক ইতিহাস বেত্তারা [illegible] ভিন্ন২ রূপে এই রাজার আচরণ বর্ণনা করিয়াছেন যে তিনি কি রূপ [illegible] ছিলেন তাহা নির্ণয় করা অসাধ্য, তথাপি স্বরূপাখ্যানে ইহা বক্তব্য যে তাঁহার ব্যবহারের অধিকাংশ এমত উত্তম ছিল যে বহু২ খ্রীষ্টীয়ানদিগের চরিত্রে তাঁহার চরিত্রের তুলনা করিলে তাহাদিগকে লজ্জিত হইতে হয় এবং ইহাও অনুমান করা যায় যে রোম রাজ্যের সুশাসন পক্ষে তিনিই সমুপযুক্ত পাত্র ছিলেন অতএব তাঁহার

অকাল মৃত্যুই ঐ রাজ্যের অবশ্য ভাবি পতন শীঘ্র সম্পন্ন হইবার হেতু হইল *।

৩০ জুলিএনের মৃত্যুতে সেনারা সঙ্কটাপন্ন হইয়া আপনারদের মধ্য হইতে জোবিএন নামক এক ব্যক্তিকে নির্বাচন পূর্ব্বক অধিরাজ পদে নিযুক্ত করিল। ৩১ ঐ ব্যক্তি নীচ বংশজাত সুতরাং তাদৃশ মহৎ পদের উপযুক্ত পাত্র ছিল না। এতদ্বিষয়ে সুস্পষ্ট প্রমাণ এই, যে মেসেপোটেমিয়া দেশ যাত বিজিত ভূরি২ মনুষ্য হত্যা ও অর্থ ব্যয় হইয়াছিল সেই দেশের অধিকাংশ পার্শিয়ানদিগকে সমর্পণ করিয়া তাহাদের সহিত এক সন্ধি করিলেন; ইহা সামান্য লজ্জাকর ব্যাপার নহে। তৎপরে মৃত অধিরাজ পৌত্তলিক ধর্ম্মের পুনরুদ্ধার নিমিত্ত সগৌরবে যে সকল দেব মন্দির স্থাপিত করিয়াছিলেন তৎসমুদয় অবরুদ্ধ করিয়া খ্রীষ্টীয় ধর্ম্ম পুনঃ স্থাপন করিলেন। ৩২ অনন্তর কনষ্ট্যান্টিনোপলে প্রত্যাগমন করিয়া এক দিন নিজ গৃহে বসিয়া আছেন তথায় প্রয়োজন বশতঃ অঙ্গারাগ্নি স্থাপিত থাকাতে তদুত্থ ধূমে হঠাৎ তাঁহার শ্বাস রুদ্ধ হইল অতএব অত্যল্প কাল অর্থাৎ অষ্ট মাস মাত্র রাজ্য শাসনের পর খ্রীষ্টীয় ৩৬৭ অব্দে তাঁহার প্রাণ বিয়োগ হইল।

* খ্রীষ্টীয়ানদিগের মতে জুলিএনের আচার অতি মন্দ ছিল। তাহারা কহে তিনি অতি নিষ্ঠুর ও প্রতারক ছিলেন। সেণ্ট গ্রেগরিন্যান্‌ জিএনেন্‌জেন্‌ কহেন যৎকালে জুলিএন এণ্টিওক নগরে বাস করিয়াছিলেন তৎকালে তাঁহার আজ্ঞায় গোপনে যে সকল লোকের বধ হইয়াছিল তাহাদের দেহে অরণটিস্‌ নদীর গতি রোধ হইয়াছিল, এবং উদর নাড়ী নিরীক্ষণ করিয়া ভবিষ্যদ্বৃত্তান্ত জ্ঞাত হইবার আশয়ে যে সকল নবীনা কুমারী ও বালকদিগকে তিনি নির্দয়তাপূর্ব্বক বিনষ্ট করিয়াছিলেন তাহাদের শবে পুষ্করিণী ও খাত সকল পরিপূর্ণ হইয়াছিল।

৩৩ জোবিএনের মৃত্যুর পর ব্যালেনটিনিএন নামা এক জন উচ্চ পদস্থ সেনাপতি অধিরাজের সিংহাসনে অভিষিক্ত হইলেন। ৩৪ তিনি প্যানোনিয়া দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন; তাঁহার পিতা কৌণ্টগ্রেশিয়ান পূর্ব্বে ঐ রাজ্যের প্রধান কর্ম্মে নিযুক্ত ছিলেন। ব্যালেনটিনিএন বিনা সহায়ে ঐ বৃহদ্রাজ্যের সমস্ত কার্য্যের প্রতি আবশ্যক মতে মনোযোগ করা দুষ্কর বোধ করিয়া নিজ সহোদর ব্যালেন্সকে আগষ্টস্ উপাধি প্রদান পূর্ব্বক [illegible] পূর্ব্বাঞ্চলস্থ প্রদেশ সকলের ও রাজধানী কনষ্টান্টিনোপলের শাসন কর্তৃত্ব ভার সমর্পণ করিলেন। ৩৫ আর ইলিরিকম ইটালী এবং গালদেশ আপনার শাসনাধীনে রাখিয়া মিলেন নগরে স্বীয় রাজধানী করিলেন। এইরূপে রোমীয় সম্রাজ্য দুই খণ্ডে বিভক্ত হওয়াতে পরিশেষে পূর্ব্ব ও পশ্চিম রাজ্য নামে বিখ্যাত হইয়া ছিল। কিন্তু রোমীয় ইতিহাসে পূর্ব্ব রাজ্যাপেক্ষা পশ্চিম রাজ্যেরই অধিক সম্বন্ধ আছে সুতরাং তাহাতে যে সকল প্রধান২ ঘটনা হইয়াছিল তাহারই সংক্ষেপ বিবরণ এই গ্রন্থে লেখা যাইবে আর পূর্ব্ব রাজ্যে যেং অসাধারণ ব্যাপার ঘটিয়াছিল আবশ্যকমতে তাহারও বৃত্তান্ত প্রকটিত হইবেক।

৩৬ ব্যালেন্টিনিএনের শাসন সময়ে প্রদেশীয় লোকেরা অসন্তুষ্ট হইয়া উপদ্রব করিতে আরম্ভ করিল, তাহারদের সঙ্গে বিদ্রোহে ও অসভ্য জাতিবাসিগণের আক্রমণে রাজ্যের স্বাস্থ্য পক্ষে মুহুর্মুহু ব্যাঘাত হইতে লাগিল। কিন্তু তিনি আপন সাবধানতা ও কর্ম্ম নৈপুণ্য দ্বারা প্রথমতঃ প্রদেশ সকলকে পুনরায় বশীভূত করিলেন পরে শেষোক্ত লোকদিগকে অগ্নি ও খড়্গ দ্বারা শাসিত করিয়া তাহাদিগের আক্রমণ নিবারণ করিলেন। ৩৭ এই সময়ে পিক্ট * ও স্কাট জাতি দ্বারা ব্রিটেন উপদ্বীপে ঘোরতর উৎপাত

* স্কাটল্যাণ্ডের উত্তরাংশস্থ লোকদিগকে পিক্ট কহা যাইত, তাহারদের আদি দেশ সিথিয়া।

হইতেছিল। তাহাতে অধিরাজ স্বয়ং তাহাদিগের প্রতিকূলে গমন করিতে না পারিয়া সেনাপতি থিওডোসিয়সকে পাঠাইয়া দিলেন; এবং ঐ সেনানী অনেক সংগ্রামে আক্রমণকারিদিগকে পরাঙ্মুখ করিয়া ঐ দ্বীপের উত্তরাংশে তাহাদিগকে পলায়ন পরায়ণ হইতে বাধ্য করিলেন। তাহাতে নগর ও দুর্গ সকল পুনর্ব্বার পূর্ব্ববৎ সুদৃঢ় ও ঐশ্বর্য্যশালি হইল। ৩৮ ঐ সময়ে অধিরাজ গাল দেশে ধারাবাহিক জয় লাভ করিতেছিলেন তাহাতে কোএডাই * জাতি পরাভূত হইয়া ক্ষমা প্রার্থনা পূর্ব্বক তাঁহার নিকট দূত প্রেরণ করিল। ৩৯ কিন্তু দূত সকল তাঁহার সমীপে উপস্থিত হইলে তিনি তাহাদের নিকটে অত্যন্ত গর্ব্ব প্রকাশ পূর্ব্বক কোএডাইদের বিশ্বাস ঘাতকতা ও নিষ্ঠুরতা জন্য তাহাদিগকে উগ্রভাবে ভর্ৎসনা করিতে লাগিলেন ঐ উগ্রতাতেই হঠাৎ তাঁহার উদরস্থ রক্তস্থালী বিদীর্ণা হইয়া গেল, অতএব দ্বাদশ বর্ষ রাজ্য শাসনের পর খ্রীষ্টীয় ৩৭৫ শকে ৫৫ বৎসর বয়ঃক্রমে প্রাণত্যাগ হইল।

৪০ ব্যালেনটিনিএনের মৃত্যু হইলে তাঁহার দুই পুত্র গ্রেশিএন ও ব্যালেনটিনিএন ঐ রাজ সিংহাসনে অভিষিক্ত হইলেন। দ্বিতীয় তনয় ব্যালেনটিনিএন পিতৃ বিয়োগ কালে নিতান্ত শিশু ছিলেন। ৪১ অতএব গ্রেশিএন সিংহাসনারূঢ় হইবা মাত্র হন † ও গাথ এবং আলেমেনাই জাতীয় সৈন্যেরা যুদ্ধ করণার্থ মিলিত হইল তাহাতে গ্রেশিএন তাহাদিগের প্রতি বাধা দিবার নিমিত্ত বহির্ভূত হইয়া এমত সুশৃঙ্খলা ও সাহস পূর্ব্বক ঐ কর্ম্ম সম্পন্ন করিলেন যে এক সংগ্রামেই শত্রুদিগের ৩০ সহস্র সৈন্য হত হইল। ৪২ তদনন্তর তাঁহার পিতৃব্য ব্যালেন্সের মৃত্যু হওয়াতে তিনি পূর্ব্ব ও পশ্চিম উভয় রাজ্যেরই অধিরাজ হই-

* ইদানীন্তন মোরাবিয়ার ডেন্যুব নদী তটস্থ জর্ম্মেনী দেশের এক পুরাতন জাতিদিগের নাম কোএডাই ছিল।

† সারমেশিয়ার এক জাতিদিগের নাম হন ছিল।

লেন এবং তজ্জন্য সাহসি থিওডোসিয়সকে স্বকীয় সাম্রাজ্যের সমাংশী করিয়া কনষ্টান্টিনোপল ও পূর্ব্ব রাজ্য তাঁহার শাসনাধীন করিয়া দিলেন। ৪৩ কিন্তু এই ব্যক্তি সাতিশয় উৎসাহ সহকারে পৌত্তলিক ধর্ম্মের মূলোৎপাটনার্থ যত্ন করাতে বহু সংখ্যক দেবার্চ্চক প্রজা ইহাঁর প্রতি অসন্তুষ্ট হইল ঐ সুযোগে ব্রিটেন উপদ্বীপস্থ সেনাপতি ম্যাকসিমস্ সাহসান্বিত হইয়া বিপক্ষতা পূর্ব্বক স্বাধীনতা প্রকাশ করিল। ৪৪ গ্রেশিএন ঐ রাজ্যাপহারককে শাস্তি দিবার কারণ অতি ত্বরান্বিত হইলেন কিন্তু নিজ সেনারা তাঁহাকে পরিত্যাগ করিল এবং তাহাদের মধ্যে কতিপয় দুরাচার পামর বিশ্বাসঘাতকতা পূর্ব্বক তাঁহার প্রাণ সংহার করিল। অতএব অষ্টম বর্ষ রাজ্য শাসন করিয়া চতুর্বিংশতি বৎসর বয়ঃক্রমে খ্রীষ্টীয় ৩৮৩ শকে তাঁহার পঞ্চত্ব হইল।

৪৫ গ্রেশিএনের পরলোক প্রাপ্তি হইলে থিওডোসিয়স সাতিশয় শোকাকুল হইলেন, কিন্তু তৎকালে ম্যাক্সিমসকে প্রতিফল দিবার কোন সুযোগ না পাইয়া তাঁহার সহিত এই নির্ব্বন্ধ করিলেন এল্প পর্ব্বতের উত্তর পশ্চিম প্রদেশ মাত্র গ্রহণ করিয়া গ্রেশিএনের সহোদর ব্যালেনটিনিএনকে নির্ব্বিঘ্নে ইটালি ও আফ্রিকা এবং পশ্চিম ইলিরিকম দেশ সকল অধিকার করিতে দিবেন।

৪৬ কিন্তু ম্যাক্সিমস্ ঐ সন্ধির সম্পূর্ণ রূপে বিরুদ্ধাচরণ করত অসংখ্য সৈন্য সহ ইটালিতে প্রবেশ করিলেন এবং রোম পর্য্যন্ত সমস্ত প্রদেশ উচ্ছিন্ন করিয়া শেষে নগরে প্রবেশ করিলেন। ৪৭ থিওডোসিয়স ম্যাক্সিমসের এই বিশ্বাসঘাতকতাচরণে ও আপনার রাজ্ঞী ব্যালেন্টিনিএনের সহোদরা গালার অনুনয়ে সচেতন হইয়া তাহার প্রতিকূলে যুদ্ধ যাত্রা করত একুইলিয়া * নগরের নিকটে তাঁহাকে

* এড্রিএটিক সমুদ্রের উত্তরে রোমান জাতীয় এক দল লোক একুইলিয়া নগর নির্ম্মাণ করিয়া সেই স্থানে বাস করিয়াছিল। সেই স্থল

পরাভূত করিলেন। ৪৮ ম্যাক্সিমস্ বিজয়ির হস্তে পতিত ও রাজ পরিচ্ছদে রহিত হইলেন এবং খ্রীষ্টীয় ৩৮৮ শকে সেই স্থানেই তাঁহার মস্তকচ্ছেদন হইল। বিক্টর নামা তদীয় যে তনয় পৈতৃক রাজত্ব পদের সমানাংশী হইয়াছিলেন তিনিও বিপক্ষ সৈন্যের ক্রোধে আপতিত হইয়া হত হইলেন।

৪৯ ব্যালেনটিনিএন এইরূপে নির্বিরোধে পশ্চিম রাজ্যের অধিকারী হইলেন বটে কিন্তু অধিক কাল ভোগ করিতে পাইলেন না, রাজপুরীর অধ্যক্ষ যে এরবোগ্যাষ্টিসকে সম্মান ও ক্ষমতা প্রদান করিয়াছিলেন সেই ব্যক্তি মন্ত্রণা করিয়া তাঁহার শ্বাস রুদ্ধ করাতে বিংশতি বৎসর বয়ঃক্রম সম্পূর্ণ হইবার পূর্ব্বে পঞ্চত্ব প্রাপ্ত হইলেন। ৫০ উক্ত বিশ্বাসঘাতক আপনার পাপের উপযুক্ত দণ্ড হইতে পরিত্রাণ পাইবার আশয়ে আপনার আশ্রিত ইউজেনিয়স নামক এক ব্যক্তিকে রাজপদ প্রদান করিয়াছিল; সে ঐ ইউজেনিয়সকে পূর্ব্বে নীচ অবস্থা হইতে উচ্চ পদস্থ করে। ৫১ সে যাহা হউক, যদিও নূতন রাজা থিওডোসিয়সের সহিত সদ্ভাব করিতে সযত্ন হইল তথাচ থিওডোসিয়স ব্যালেনটিনিএনের হত্যার প্রতিহিংসা করণে তিলার্দ্ধ বিলম্ব না করিয়া এক দল অধিক সৈন্য সংগ্রহ পূর্ব্বক সমরে প্রবৃত্ত হইলেন এবং দীর্ঘ কাল ব্যাপি ঘোরতর সংগ্রামের পর ইউজেনিয়সের সৈন্যদিগকে পরাভূত করত কারারুদ্ধ করিয়া তাহার শিরশ্ছেদন করিলেন। এই দুর্ঘটনা দর্শনে এরবোগ্যাষ্টিস স্বহস্তে আত্ম হত্যা করিয়াছিল।

৫২ এই ঘটনায় রোম রাজ্য পুনর্ব্বার এক স্বামির কর্তৃত্বাধীন হইল, কিন্তু থিওডোসিয়স ষোড়শ বৎসর রাজ্য শাসনের পর খ্রীষ্টীয় ৩৯৫ শকে মিলেন নগরে পীড়িত হইয়া জানুআরি মাসের মধ্যে

---

বৃহৎ পরিমাণ ও যথেষ্ট বিভব জন্য ঐ নাম সেকেণ্ডা অর্থাৎ দ্বিতীয় রোম নামে বিখ্যাত হইয়াছিল।

দশাহে প্রাণ ত্যাগ করাতে রাজ্যের ঐ অবস্থা বহু কাল স্থা[illegible] হইল না।

প্রশ্ন।

১ মহান্ উপাধি বিশিষ্ট কনষ্টান্টাইনের মৃত্যুর পরে রাজ্যের কিরূপ অবস্থা হইল?

২ কনষ্ট্যানটাইনের পুত্রেরা আপন২ অধিকারে অধিক কাল তুষ্ট ছিলেন কি না?

৩ উক্ত অনুচিত আক্রমণের কি ফল হইল?

৪ ঐ ঘটনাতে কনষ্ট্যান্সের কি লভ্য হইল?

৫ রাজ্যাপহারক কি প্রধান হইল?

৬ ম্যাগনেনশসকে মনোনীত করিবার নিমিত্ত সেনারা কি এক মত হইয়াছিল?

৭ ঐ সময়ে কনষ্ট্যানশস্ কি করিতেছিলেন?

৮ তিনি জয়ী হইয়া কি আচরণ করিলেন?

৯ সহোদরের মৃত্যু বার্ত্তা শুনিয়া কি করিলেন?

১০ রাজ্যাপকারকদিগের দমন করিলেন কি না?

১১ ম্যাগনেন্শস্ কি সহজে পরাজিত হইলেন?

১২ ঐ সময়ে কনষ্ট্যানশস্ কি করিলেন?

১৩ তাঁহার সেনাপতিরা কি তদীয় বিশ্বাসের উপযুক্ত পাত্র ছিল

১৪ ম্যাগনেন্শসের অদৃষ্টে কি ঘটিল?

১৫ তৎপরে কি ঘটনা হইল?

১৬ গ্যালস কি ঐ সম্মানের যোগ্য ছিলেন?

১৭ গ্যালসের পরে কে তাঁহার পদ পাইল?

১৮ জুলিএন কি ঐ পদের উপযুক্ত ছিলেন?

১৯ ঐ সময়ে কোন্ বিষয়ে কনষ্ট্যান্শসের মনঃ সংযোগ হইয়াছিল?

২০ জুলিএনের বৃত্তান্ত শুনিয়া অধিরাজ কি করিলেন?

২১ ঐ আজ্ঞায় কি ফল হইল?

২২ তাহাতে জুলিএন কি করিলেন?

২৩ কনষ্ট্যান্স কি তাঁহার মহাধিরাজত্ব স্বীকার করিলেন?

২৪ জুলিএন কি খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী ছিলেন?

২৫ তিনি কি খ্রীষ্টীয়ানদের নিগ্রহকারী ছিলেন?

২৬ তাঁহার প্রথম কীর্ত্তি কি২?

২৭ তিনি কি প্রকারে সেনাদের অধ্যক্ষতা করিয়াছিলেন?

২৮ তাঁহার কি প্রকারে মৃত্যু হইল?

২৯ জুলিএনের কি রূপ চরিত্র ছিল?

৩০ তাঁহার পরে কে রাজা হইলেন?

৩১ জোবিএন কে এবং প্রথমে কি২ কর্ম্ম করিয়াছিলেন?

৩২ তাঁহার কি প্রকারে মৃত্যু হইল?

৩৩ জোবিএনের পরে কোন্ ব্যক্তি রাজা হইল?

৩৪ ব্যালেনটিনিএন কে ও কাহার সহিত রাজ্য বিভাগ করিয়া লইয়াছিলেন?

৩৫ আপনার জন্য রাজ্যের কোন্ অংশ রাখিলেন?

৩৬ তাঁহার শাসন কি সুস্থির ছিল?

৩৭ ব্রিটেন দেশের সংগ্রামের কি ব্যবস্থা করিলেন?

৩৮ তৎকালে স্বয়ং কি কর্ম্মে প্রবৃত্ত ছিলেন?

৩৯ কি জন্য তাঁহার মৃত্যু হইল?

৪০ ব্যালেনটিনিএনের পরে কে রাজা হইলেন?

৪১ কোন্ শত্রুদের সহিত তাঁহাকে রণ করিতে হইল?

৪২ রাজ্য শাসনের ভার কোন২ ব্যক্তিকে বিভাগ করিয়া দিলেন?

৪৩ ম্যাক্সিমস কি সুযোগে তাঁহার বিপক্ষ হইল?

৪৪ ইহার কি ফল হইল?

৪৫ ইহাতে থিওডোসিয়স কি করিলেন?

৪৬ ম্যাকসিমস কি ঐ সন্ধির নিয়ম পালন করিলেন?

৪৭ থিওডোসিয়স ঐ অতিক্রমণের প্রতিফল দিলেন কি না?

৪৮ ম্যাক্‌সিমসের কি রূপে মৃত্যু হইল?

৪৯ দ্বিতীয় ব্যালেনটিনিয়ন কি নিশ্চিন্ত ভাবে ও বহু কাল রাজ্য ভোগ করিয়াছিলেন?

৫০ বিশ্বাসঘাতক পরে কি করিল?

৫১ মন্ত্রণাকারিদের বিশ্বাসঘাতকতা কি সুসিদ্ধ হইল?

৫২ থিওডোসিয়সের কি রূপে মৃত্যু হইল?

---

## ২৬ অধ্যায়।

### থিওডোসিয়সের মৃত্যু অবধি পশ্চিম রাজ্যের ধ্বংস পর্য্যন্তের বিবরণ।

১ থিওডোসিয়সের মৃত্যুর পর তদীয় তনয়দ্বয় রাজ্যাধিকারী হইলেন, তন্মধ্যে আর্কেডিয়স নামা প্রথম পুত্র রাজ্যের পূর্ব্বাংশ ও হনোরিয়স নামা দ্বিতীয় সন্তান পশ্চিমাংশ স্ব২ অংশস্বরূপে প্রাপ্ত হইলেন। ২ কিন্তু তাঁহাদের মধ্যে কেহ পৈতৃক গুণ ও ধর্ম্ম প্রাপ্ত হয়েন নাই; কনিষ্ঠ রাজকুমার উপস্থিত পতনাবস্থা হইতে রাজ্য রক্ষণে ও চতুর্দ্দিক হইতে সমাগত বৈরি ব্রাতের আক্রমণ রূপ বিপদুদ্ধারণে এপ্রকার অসমর্থ ছিলেন যে দীর্ঘকাল স্থায়ি তদীয় রাজত্ব সময়ে যে সমস্ত গুরুতর ঘটনা হয় তদ্বর্ণনোপলক্ষে তাঁহার নামোল্লেখ করাও বিচার সঙ্গত হয় না।

৩ গথ জাতীয় আলারিক নামা কোন প্রধান পদস্থ ব্যক্তি সাহস ও সুচরিতা প্রকাশ পুরঃসর থিওডোসিয়সের জীবদ্দশায় তাহার আদেশানুসারে সংগ্রাম করিয়াছিলেন। এক্ষণে তিনি রাজ্যের উত্তরাধিকারিদিগের দুর্ব্বলতা দেখিয়া আপনাকে গথ জাতির রাজা বলিয়া প্রচার করিলেন এবং রোমীয়দিগের সহিত অনেকবার তুমুল যুদ্ধে প্রবৃত্ত হইলেন; এবং যদিও হনোরিয়সের ষ্টিলিকো নামক সেনাপতির সাহস ও কর্ত্তৃত্বে বারম্বার পরাভূত হইয়াছিলেন তথাচ এমত

অনুভব হইতে লাগিল যেন পরাজয় দ্বারা তদীয় বিক্রম ক্রমশঃ বৃদ্ধি
শীল হইতেছে যেহেতু তিনি পরাক্রম প্রকাশ পূর্ব্বক রোমের রাজ-
ধানীর প্রবেশ দ্বার পর্য্যন্ত গমন করিয়াছিলেন। ৪ তাহাতেই
পশ্চিমাঞ্চলের ভীরু ভূপতি র‍্যাবেনা নামক দুরাক্রম্য নগরে
পলায়ন পরায়ণ হইয়া বহুবিত্ত বিতরণ পূর্ব্বক ঐ ভয়ানক আক্রা-
মকের সহিত অল্প কাল স্থায়ি সন্ধি সংস্থাপন করেন। ৫ যৎ-
কালে ইটালিতে এই প্রকার ব্যাপার ঘটিতেছিল তৎকালে
বাণ্ডাল ও আলান জাতীয়েরা গাল রাজ্যের প্রদেশ সকল আক্র-
মণ পূর্ব্বক জয় লাভ করিতে লাগিল। অপর এল্প পর্ব্বতের উত্ত-
রাংশস্থ রোম রাজ্যের অন্যান্য প্রদেশ সকল ক্রমে চতুর্দ্দিকস্থ অসভ্য
আক্রমণকারিদিগের হস্তগত হইতে লাগিল; সুতরাং হনোরি-
য়সের সাম্রাজ্য কেবল ইটালির মধ্যে সঙ্কীর্ণ হইয়া রহিল এবং
অন্যান্য গুরুতর উদ্যোগ দ্বারা পরে লোপ হইবার উপক্রম হইল।

৬ হতবুদ্ধি হনোরিয়স রাজা স্বীয় সর্ব্বনাশ সম্পন্ন করণাভিলাষির
ন্যায় নিতান্ত অবিবেকিতা ও নিষ্ঠুরতা পূর্ব্বক নিজাধীন অসভ্য জাতীয়
সৈন্যদিগের বিশ্বস্ততার প্রতিভূ স্বরূপে সমর্পিত স্ত্রী পুত্রদিগকে বধ
করিলেন। ৭ তাহাতে ত্রিংশৎ সহস্র ঐ অসভ্য সৈন্য তাঁহার নির্দয়-
তায় দুঃখিত হইয়া প্রতিহিংসা করণ মানসে তৎক্ষণাৎ তাঁহার পক্ষ
পরিত্যাগ পূর্ব্বক আলারিকের সপক্ষ হইল, সুতরাং সম্রাটের শক্তি
সংকুচিত ও তদীয় প্রবল বৈরি আলারিকের বল বৃদ্ধিশীল হইতে
লাগিল। ৮ পরে হনোরিয়স্ ছল করিয়া মহাবীর ষ্টিলিকোর
নামে এই অপবাদ দিলেন যে তিনি রাজ বিপক্ষে মন্ত্রণা করিতে
প্রবৃত্ত হইয়াছেন অতএব রাজদ্রোহি বলিয়া প্রকাশ্য রূপে তাঁহার
প্রাণ বধ করত নিজ ঘাতক পরিপূর্ণ করিলেন। কিন্তু ষ্টিলিকোর
প্রতি রাজবিদ্রোহিতার অপবাদারোপ নিতান্ত অমূলক ছিল;
তাঁহার এবং সম্রাটের এতাদৃশ বিদ্বেষের বাস্তবিক হেতু এই যে

তাঁহার সাহস ও কর্ম্ম দক্ষতা দ্বারা বাতুল রাজার ভীরুতা ও আলস্য উদ্ভাবিত হইয়া গ্লানির কারণ হইতেছিল।

৯ সে যাহা হউক, আলারিক আপনার অভীষ্ট সিদ্ধির বিষয়ে এই সকল সদুপায় দেখিয়া পুনর্ব্বার যুদ্ধারম্ভ করিতে কিঞ্চিন্মাত্র বিলম্ব করিলেন না, অতিবেগে গমন করত সাহস পূর্ব্বক ইটালির কএকটা ধনাঢ্য নগর আক্রমণ করিয়া লুট করিলেন। ১০ কিন্তু রোম নগরই তাঁহার আকাঙ্ক্ষার প্রধান বিষয় ছিল; অতএব অনেক সৈন্য সমভিব্যাহারে ঐ নগরীর চতুর্দ্দিক বেষ্টিত করিয়া চতুঃপার্শ্বস্থ প্রদেশাদি হইতে যাতায়াতের পথ সকল সম্পূর্ণ রূপে রুদ্ধ করিলেন, তাহাতে নগরস্থ অসংখ্য লোকের আহারীয় দ্রব্যাদি আহরণে সুতরাং ব্যাঘাত পড়িল। ১১ অনন্তর ঐ সময়ে পুনঃ নগরে দুর্ভিক্ষ ও তদনুষঙ্গি মহামারী উপস্থিত হইয়া ভূরিং প্রাণি সংহার করিল। ১২ অতএব রোম নিবাসিগণ অবশেষে আলারিককে ৬২৫০ মোন স্বর্ণ ও ৩৭৫ মোন রৌপ্য তথা বহু মূল্য বস্ত্র দ্রব্য উপঢৌকন প্রদান পূর্ব্বক আক্রমণে ক্ষান্ত করিল তাহাতে তিনি কিয়ৎ কালের জন্য প্রস্থান করিলেন। ১৩ কিন্তু যুদ্ধ বিশ্রান্তি অত্যল্প কাল মাত্র ছিল; পর বৎসরেই আলারিক রণ সজ্জায় নগরের প্রাচীরের নীচে গিয়া উপস্থিত হইলেন এবং কএক জন ক্রীত দাস বিশ্বাসঘাতকতা পূর্ব্বক নগরের একটা প্রবেশ দ্বার মুক্ত করিয়া দেওয়াতে সেই সুযোগে রাজধানী তাঁহার অসভ্য সৈন্যদিগের লোভ ও ক্রোধের আস্পদ হইল এবং তাহারা নগরাভ্যন্তর্ব্বর্ত্তি শাস্ত্র ও শিল্প বিদ্যার স্মরণীয় গৃহ সকলের অপেক্ষাও সমাদর না করিয়া অনায়াসে নষ্ট করিয়া ফেলিল। অপর ঐ সকল ব্যক্তি সর্ব্বত্র প্রাণি হত্যা ও বাসিন্দাগণকে উচ্ছিন্ন প্রচ্ছিন্ন করিতে লাগিল, তাহাতে যেং ব্যক্তি ঐ অসভ্যদিগের নির্দ্দয় অস্ত্রাঘাত হইতে রক্ষা পাইয়াছিল, তাহারদের এতাদৃশ গুরুতর ক্লেশ ও দুর্ভাগ্য ঘটিল যে যুক্ত নগ্ন হইয়া দেশ হইতে বহিষ্কৃত হইতে হইল।

১৪ ঐ প্রকার বিনাশ ও অত্যাচার কেবল রোম নগর মধ্যে হইল এমত নহে, ছয় দিবস পরে ঐ অসভ্য বীর মহা রাজধানীকে উচ্ছিন্নাবস্থায় পরিত্যাগ করিয়া ইটালির উত্তম২ প্রদেশ সকলও নষ্ট করিয়া ফেলিল। পরে অন্যান্য নূতন জয়ের চিন্তা করিতেছিল ইত্যবসরে আলারিক অকালে কালগ্রস্ত হওয়াতে বর্দ্ধিষ্ণু রোম সাম্রাজ্য শ্রীভ্রষ্ট এবং অবশিষ্টাংশ ঐ ভয়ানক শত্রু হইতে মুক্ত হইল *।

১৫ হনোরিয়স অপকৃষ্টরূপে দীর্ঘকাল রাজত্ব করিয়া শেষে ৩৯ বৎসর বয়ঃক্রমে খ্রীষ্টীয় ৪২৩ শকে প্রাণ ত্যাগ করিলেন। তাঁহার সন্তান সন্ততি না থাকাতে তদীয় সহোদরা প্লেসিডইয়ার পুত্র ব্যালেন্টিনিএন ছয় বৎসর মাত্র বয়ঃক্রমেই রাজাভিষিক্ত হইলেন। ১৬ এই নূতন রাজার রাজত্ব কালে হন জাতিদিগের রাজা আটিলা সম্রাজ্যের অন্য এক নূতন শত্রু হইয়া উঠিলেন। এক বার সম্পূর্ণ রূপে পরাভূত হইয়াও রোমীয়দিগের পক্ষে এমত ভয়ানক হইয়াছিলেন যে অবশেষে রোমীয়দিগকে তাঁহার নিকট সন্ধি প্রার্থনা করিতে হইল এবং তাহাতেই তাঁহারা রাজভগিনী হনোরিয়াকে সম্প্রদান করিয়া তাঁহার সহিত বৈবাহিক সম্বন্ধ স্থাপন

* অসভ্য জাতিদিগের ক্রূর স্বভাব তাহারদিগের অধিপতির অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পন্ন করাতেই প্রকাশ হইল। ইটালি দেশের কালেব্রিয়া প্রদেশস্থ কোসেন্সিয়া অর্থাৎ কোসেনজা নগরের পার্শ্ব দিয়া বিউসেন্টিনস্ নামক যে নদী আছে তন্মধ্যে রাজার সমাধি দিবার অভিপ্রায় করিয়া অসভ্যেরা তাহার স্রোতঃ ফিরাইতে হতভাগ্য যুদ্ধলব্ধ লোকদিগকে নিযুক্ত করিল পরে জয় কালীন প্রাপ্ত অনেক ধন ও দ্রব্যাদি সমাধি মধ্যে রাখিয়া অন্ত্যেষ্টি ক্রিয়ার সমস্ত কর্ম্ম সম্পন্ন করণানন্তর নদীর স্রোতঃ খুলিয়া দিল। অপর মৃত বীরের সমাধি স্থল কেহ জানিতে না পারে এ কারণ তৎকর্ম্মে প্রবৃত্ত ঐ যুদ্ধলব্ধ লোকদিগকে পরে নির্দ্দয় রূপে নষ্ট করিল।

করে। ১৭। কিন্তু ঐ বিবাহের রাত্রিই আটিলার জীবনের শেষ রাত্রি হইয়াছিল কারণ তৎপর দিবস প্রাতে তাঁহার শরীর গতাসু হইয়া শয্যায় পড়িয়াছিল *।

১৮ যাহা হউক, ব্যালেনটিনিএন বিজ্ঞতা ও পরিণাম দর্শিতারূপ উপায় দ্বারা সাম্রাজ্যের পূর্ব্ব সৌভাগ্য ও পরাক্রম পুনঃ স্থাপন বিষয়ে কিঞ্চিন্মাত্রও যত্ন না করিয়া বিবিধ প্রকার মূর্খত্ব ও লাম্পট্যাচরণে মগ্ন হইলেন; এবং অবশেষে অদম্য কামুকতা স্বভাব জন্যই তাঁহার নিপাত হইল। ১৯ অর্থাৎ প্রিটোনিয়স মাক্সিমস্ নামক এক ব্যক্তির ধর্ম্ম পরায়ণা পতিব্রতা পত্নীর প্রতি আসক্ত হইয়া প্রতারণা পূর্ব্বক তাহাকে রাজবাটীতে আনয়ন করত বল দ্বারা তাহার সতীত্ব নষ্ট করিলেন। ২০ সেই অবলার স্বামী এই অত্যাচারে ক্রোধোন্মত্ত হইয়া ভূপতির প্রাণ সংহার করিয়া স্বয়ং তৎপদাভিষিক্ত হয়।

২১ পরন্তু পেট্রোনিয়সের রাজদণ্ড বহুকাল স্থায়ি হয় নাই, তিনি ব্যালেনটিনিএনের স্ত্রী ইউডাক্সিয়াকে বলক্রমে বিবাহ করিয়া-

---

* আটিলার শবের সহিত যুদ্ধ লব্ধ অনেক ধন সম্পত্ত্যাদি সমাধি স্থিত হইল এবং ইহাঁরও সমাধি স্থান গোপন করণার্থ আলারিকের অন্ত্যেষ্টি ক্রিয়ার ন্যায় সমাধি খননকারি ব্যক্তিদিগের হত্যা হইয়াছিল। যদিও যুদ্ধ লব্ধ ব্যক্তিদিগের হত্যা করা সমাধি স্থান গোপন করিবার কারণ বলিয়া অসভ্যেরা বর্ণনা করিত কিন্তু যে স্থলে সমাধি নির্ম্মাণকারি ব্যক্তি সকল ব্যতীত অন্যান্য অনেকেই সমাধি স্থান অবলোকন করিয়া থাকে সে স্থলে গোপন করণের কারণ কোন ক্রমে সম্ভব বোধ হয় না বরং অনুমান হয় অবৈধ বিশ্বাস ক্রমে অসভ্যেরা আপনারদিগের প্রভুর পরকালে সেবা চলিবার নিমিত্তই সমাধি নির্ম্মাণকারিদিগকে নষ্ট করিত; এই প্রকার নিষ্ঠুর রীতি কোনং দেবোপাসক প্রদেশে অদ্যাপি প্রচলিত আছে।

ছলেন ; সেই স্ত্রীর প্রবৃত্তি উৎপাদন নিমিত্ত বাণ্ডাল জাতির রাজা জেনসিরিক রোম রাজ্য আক্রমণ করিলে সামান্য লোকেরা রাজদ্রোহে প্রবৃত্ত হইয়া পেট্রোনিয়সকে বধ করিল। ২২ ঐ আক্রমণকারী রোমে প্রবেশ পূর্ব্বক নগর লুণ্ঠন করণার্থ সেনাদিগকে অনুমতি দিলেন তাহাতে অনীকিনীগণ চতুর্দ্দশ দিবস অহোরাত্র অবিশ্রামে লুঠ করিল, অতএব আলারিক এবং আটিলা যাহা পরিত্যাগ করিয়াছিলেন এক্ষণে জেনসিরকের সেনারা তৎ সমুদায় হস্তগত করিয়া বিনষ্ট করিল অথবা কার্থেজ নগরে লইয়া গেল। ২৩ পেট্রোনিয়সের মৃত্যুর পর ম্যাজোরিএন নামা এক ব্যক্তি সাম্রাজ্যে অভিষিক্ত হইলেন। বোধ হয় এই রাজা কর্ম্মক্ষম দয়াবান্ এবং ধার্ম্মিক ছিলেন কিন্তু প্রজাদিগের বিদ্রোহাচরণেই তাঁহার মৃত্যু হইল।

২৪ তদনন্তর লিবিয়স্ সিবিরস্ নামা এক ব্যক্তি সম্রাট হইলেন. তিনি কোন মহৎ কার্য্য করেন নাই, ছয় বৎসর রাজত্ব করিলে পর বিষোপযোগে তাঁহার প্রাণ বিনাশ হইল। এই রাজার শাসন কালে বাণ্ডাল জাতীয়েরা হর্কিউলিসের স্তম্ভাবধি নাইল নদীর মুখ পর্য্যন্ত অর্থাৎ জিব্রালটর নগর হইতে কার্থেজ নগর পর্য্যন্ত তাবদ্দেশ একেবারে আক্রমণ করাতে ইটালির পক্ষে অতিশয় পীড়াদায়ক হইল। ২৫ তদনন্তর বর্ণনীয় কোন রাজাই সাম্রাজ্যের সিংহাসনে উপবেশন করেন নাই এবং আগষ্টুলস্ হইতেই পশ্চিম সাম্রাজ্যের অধিপতিত্ব নাম একেবারে বিলুপ্ত হইল। হেরুলাই জাতীয়েরদের সেনাপতি ওডোসরের আজ্ঞাক্রমে আগষ্টুলস আপনার পদ ত্যাগ করিলে ওডোসর ইটালির সম্রাট সংজ্ঞা গ্রহণ করিলেন, এইরূপে মহা রাজধানী রোম অতি ঘৃণ্য সূত্রে উৎপন্না হইয়া পৃথিবীর কর্ত্রীর ন্যায় বর্দ্ধিষ্ণু হইয়াও পরে পতিতা হইল। পৃথিবীস্থ সমস্ত বস্তু যে নিয়মে ক্রমে বৃদ্ধি পাইয়া পরে ক্রমশঃ হ্রাসতা প্রাপ্ত হওত

বিনষ্ট হয় রোম রাজ্যের পক্ষে সেই নিয়ম বর্ত্তিল অর্থাৎ কবি এবং ইতিহাস বেত্তাদিগের গ্রন্থের বর্ণনার বিষয় মাত্র হইয়া পড়িল।

প্রশ্ন।

১ মহাত্মা থিওডোসিয়সের পর কে রাজা হইল?

২ রোমীয় সাম্রাজ্য শাসনের নিমিত্ত তাঁহারা উভয়ে কি সমান উপযুক্ত ছিলেন?

৩ হনোরিয়সকে দুর্ব্বল দেখিয়া প্রথমে কোন্ ব্যক্তি রাজ্য আক্রমণ করিল?

৪ হনোরিয়স্ সাহস পূর্ব্বক তাঁহার প্রতিযোগিতা করিয়াছিলেন কি না?

৫ আর কোন্২ আক্রমণকারিরা সাম্রাজ্যের শান্তি নাশক হইল?

৬ ঐ সকল আক্রমণ নিবারণ নিমিত্ত হনোরিয়স্ বিজ্ঞের ন্যায় উপায় করিলেন কি না?

৭ উক্ত হত্যায় কি ফল দর্শিল?

৮ কি রূপ মূঢ়ত্ব ও নিষ্ঠুরাচরণ তাঁহার রাজত্বের গ্লানি জনক হইল?

৯ ঐ সকল কার্য্যে কি ফল দর্শিল?

১০ প্রাগুক্ত আক্রমণে নিজ রোমের কিছু ক্ষতি হইয়াছিল কি না?

১১ তাহাতে কি ফল দর্শিল?

১২ রোম রাজ্য উক্ত দুর্দশা সমূহ হইতে কি রূপে মুক্ত হইল?

১৩ রোমের স্বাচ্ছন্দ্যাবস্থা অধিক কাল ছিল কি না?

১৪ কেবল রোমেরই কি দুর্গতি হইল? না, অন্যান্য স্থানেরও হইয়াছিল?

১৫ কোন্ সময়ে হনোরিয়সের মৃত্যু হইল এবং তাঁহার উত্তরাধিকারী কে হইলেন?

১৬ নূতন সম্রাটের শাসন কালে কোন্ ব্যক্তি রাজ্যাক্রমণ করিল?

১৭ তিনি অধিক কাল এই নূতন কুটুম্বিতার সুখ ভোগ করিয়াছিলেন কি না?

১৮ ব্যালেনটিনিএনের চরিত্র বাস্তবিক কি প্রকার ছিল?

১৯ কি কারণে শীঘ্র তাঁহার মৃত্যু ঘটিল?

২০ ঐ কুকর্মের প্রতিহিংসা কি রূপে সম্পন্ন হইল?

২১ এই ব্যক্তির রাজ শাসন কি সৌভাগ্যান্বিত ছিল?

২২* জেনসিরিক হইতে রোমের কিছু ক্ষতি হইল কি না?

২৩ পেট্রোনিয়সের পর কে সম্রাট হইলেন?

২৪ ম্যাজোরিএনের উত্তরাধিকারী কে হইলেন?

২৫ সিবিরসের উত্তরাধিকারী কে হইলেন এবং পশ্চিম বা রোম সাম্রাজ্যের শেষ সম্রাট্ কে হইয়াছিলেন?

---

## ২৭ অধ্যায়।

### যে সকল অসভ্য জাতীয়দিগের আক্রমণে রোম রাজ্যের ধ্বংস হয় তাহারদিগের বৃত্তান্ত।

১ যে সকল অসভ্য জাতি দ্বারা রোম রাজ্যের বিনাশ হয় তাহারা ঐ রাজ্যের শেষাবস্থায় ক্রমাগত কয়েক রাজার দুর্ব্বলতা এবং মূর্খতায় সাহসান্বিত হইয়া তাঁহাদের অধিকার আক্রমণে প্রবৃত্ত হয়, নূতন সৈন্য সংগ্রহ করণের প্রয়োজন হইলে ঐ রাজারা আপনারদের প্রজাপুঞ্জ সুখ ভোগ এবং আলস্য পারবশ্যে অকর্ম্মণ্য ও দুর্ব্বল এপ্রযুক্ত তাহাদিগকে পরিত্যাগ করিয়া ঐ সকল বলিষ্ঠ ও ভয়ানক জাতিদিগকে বেতন দিয়া সেনার কর্ম্মে নিযুক্ত করিতেন কিন্তু উহারদিগকে বশীভূত রাখিবার অভিপ্রায়ে তাঁহারা যে সকল ভূমি ও নানাবিধ ধনাদি দান করিতেন তদ্দ্বারা ঐব্যক্তিরা ক্রমশঃ লোভী ও সাহসান্বিত হইয়াছিল তাঁহাতেই পরে রাজ্য হস্ত-

নেচ্ছু হইল। ঐ সকল ব্যক্তির প্রতি যদিস্যাৎ কৌশল পূর্ব্বক পুরস্কার প্রদত্ত হইত তাহা হইলে এত হানি হইতে পারিত না। কিন্তু তাহারদের প্রতি কোন কারণে নিষ্ঠুরাচরণ, এবং অপমান করিয়া তৎপরেই পুরস্কার দেওয়া, এবং পারিতোষিক দিবার পর পুনরায় অপমান করা, এইরূপ পুনঃ২ অত্যাচার হওয়াতেই ঐ বিভ্রাট্ ঘটিয়াছিল; কেননা তাহারা ঐ প্রকারে অপমানিত হইলে ক্রোধান্বিত হইয়া উপদ্রবে প্রবৃত্ত হইত; ইহাতে ভূপতিরা তৎকালে তাহারদিগকে দমন করিতে অশক্ত হইয়া পারিতোষিক দিতেন সুতরাং ক্রমে২ এইরূপে তাহারদের বল অত্যন্ত বৃদ্ধিশীল হইয়া উঠিল। ২ খ্রীষ্টীয় ৪০৬ শকের শেষে বাণ্ডাল ও সুএবাই এবং আলান এই তিন জাতীয়েরা প্রথমে রোম রাজ্য আক্রমণ পূর্ব্বক রণোদ্যম করিল, তদ্দৃষ্টে গথ, বর্গণ্ডীয়ান, আলেমেনাই, ফ্রাঙ্ক, হন, আঙ্গ্লাই, হেরুলাই এবং লঞ্জোবার্ডাই অথবা লম্বার্ডাই জাতিরাও ঐ প্রকারে আক্রমণ করিতে প্রবৃত্ত হইল। কথিত আছে সাক্সন্ ও হন জাতি ব্যতীত উপরোক্ত প্রধান২ তাবৎ জাতীয়েরাই জর্ম্মান বংশে উৎপন্ন। ঐ জাতি সকলের আদিম বাস কোন্ স্থানে ছিল এবং তাহারা ক্রমাগত কোন্২ স্থান পরিত্যাগ পূর্ব্বক কোথায়২ বাস করিয়াছিল তাহার নিদর্শন পাওয়া সুকঠিন কারণ তাহারা লিখন পঠন বিষয়ে মূর্খ ছিল এ হেতুক আপনা২ পরিভ্রমণের অনিশ্চিত উপাখ্যান মাত্র রাখিয়াছিল।

---

## বাণ্ডালদিগের কথা।

৩. বর্গণ্ডীয়ান্ এবং লম্বার্ড জাতিদের ন্যায় বাণ্ডালেরা প্রাচীন সুএবাই জাতীয় এক শ্রেণী ছিল। জর্ম্মনী দেশের যে খণ্ড এল্ব ও বিষ্টিউলা নামক নদী দ্বয়ের মধ্যে স্থাপিত আছে, সেই স্থানে বাণ্ডালেরা বাস করিত। স্ক্যাণ্ডিনেবিয়া * দেশ হইতে কতকগুলিন বীর

* প্রাচীন স্ক্যাণ্ডিনেবিয়া দেশের নাম এক্ষণে সুইডেন হইয়াছে।

আগমন পূর্ব্বক তাহারদিগের সহিত মিলিত হইয়াছিল এবং দক্ষিণাঞ্চলে গমন করত ডেশিয়ার এক প্রদেশে বসতি করিয়াছিল, সেই প্রদেশ অধুনা ট্রান্সিলবেনিয়া এবং হঙ্গেরী দেশের অন্তর্গত হইয়াছে। পরে গাথ জাতীয়েরা তাহারদিগের নূতন বসতি স্থানে উপদ্রব ও উত্তেজনা উপস্থিত করাতে তাহারা কনষ্ট্যানটাইন মহারাজের শরণাপন্ন হইল এবং তিনিও তাহাদিগকে প্যানোনিয়া দেশে এই পণে কতক ভূমি প্রদান করিলেন যে তাহারা প্রয়োজন মতে রোমানদিগের যথা সাধ্য সাহায্য করিবে। ৪ খ্রীষ্টীয় পঞ্চ শত শকে আলান জাতীয় যে ব্যক্তিরা আদৌ কাকেশস পর্ব্বত এবং প্রাচীন সিথিয়া হইতে আসিয়াছিল তাহারা বাণ্ডালদিগের সহিত একত্রিত হইল এবং তাহারদিগের এক দল বোরিস্থিনীস্ অর্থাৎ ইদানীন্তন নিপর নাম্নী নদী মুখের নিকট সার্ম্মেশিয়া দেশে বসতি করিয়া ডেনিউব নদীর তীর পর্য্যন্ত আক্রমণ করত রোমানদিগের সহিত ঘোরতর সমর করিল। তদনন্তর বাণ্ডাল ও আলান জাতীয়েরা জর্ম্মনি দেশের মধ্য দিয়া গমন কালীন স্যুএবাই জাতীয়দিগের কিয়দংশের সহিত সংশ্লিষ্ট হইল এবং তিন জাতিতে একমত হওত গাল দেশে প্রবেশ পূর্ব্বক তাহা একেবারে উচ্ছিন্ন করিল। ৫ ঐ অসভ্য জাতীয়েরা গাল দেশ হইতে স্পেনে গমন করিয়া তথায় বাস করত ঐ প্রদেশকে স্বজাতীয়, অর্থাৎ বাণ্ডালুশীয়া, নামে বিখ্যাত করিল; এক্ষণে ঐ সংজ্ঞার রূপান্তর হইয়া তাহার নাম আণ্ডালুশীয়া হইয়াছে। পরে ঐ ব্যক্তিরা খ্রীষ্টীয় ৪২৯ শকে কৌণ্ট বণিফেস্ রাজার আহ্বানে স্পেন হইতে আফ্রিকায় গমন করিয়া তথায় জিব্রাল্টরের নিকটস্থ খাঁড়ি হইতে কার্থেজ প্রদেশ পর্য্যন্ত যাবতীয় প্রদেশ অধিকার করত এক বৃহৎ সাম্রাজ্য সংস্থাপিত করিয়াছিল। তাহারা প্রায় এক শত বৎসর পর্য্যন্ত মেডিটরেনিয়ন্ অর্থাৎ ভূমধ্যস্থ সমুদ্রের পশ্চিম ভাগের অধিপতি ছিল, পরে পূর্ব্বাংশের সম্রাট জষ্টিনিয়ন্ মহাবল পরাক্রান্ত নিজ সেনাপতি বেলিসেরিয়সের সহিত অনেক সৈন্য প্রেরণ পুরঃ-

সর তাদৃশ সমুদ্রীয় দস্যুদিগের শক্তি একেবারে বিনষ্ট করিয়া বাণ্ডালদিগের নাম জাতিমালা হইতে লোপ করাইল।

### প্রশ্ন।

১ অসভ্য জাতীয়েরা প্রথমতঃ রোমান রাজ্যে কি প্রকারে আসিয়াছিল?

২ উত্তরাঞ্চলের জাতিরা কোন্ সময়ে প্রথম আক্রমণে উদ্যম করিয়াছিল?

৩ বাণ্ডালেরা প্রথমে কোন্ স্থানে বসতি করিয়াছিল?

৪ আলানেরা কোন্ স্থান হইতে আসিয়াছিল?

৫ বাণ্ডালেরা কোন্২ দেশে স্বকীয় শক্তি সংস্থাপন করিয়াছিল?

---

## সুএবাই জাতির বৃত্তান্ত।

১ সুএবায়েরা এক স্থানে স্থির থাকিত না বটে কিন্তু জর্ম্মনি দেশের মধ্যে প্রসিদ্ধ রণ পণ্ডিত ছিল; এবং এক্ষণে যেখানে বর্লিন্‌নগর স্থাপিত আছে সেই স্থানেই প্রায় সর্ব্বদা অবস্থান করিত। ২ খ্রীষ্টীয় ৪০৬ সনে আলান এবং বাণ্ডালেরা যখন গাল দেশে প্রবেশ করে সেই সময় সুএবায়েরা তাহারদিগের সমভিব্যাহারে গমন করিল; পরে তাহারদিগেরই সঙ্গে স্পেন দেশে গমন করিয়া তন্মধ্যে গালিশিয়া নামক প্রদেশ আপনারদের অংশ স্বরূপে প্রাপ্ত হইল। ৩ ঐ প্রদেশ ৫৮৫ শক পর্য্যন্ত তাহারদিগের অধিকারে থাকিয়া পরে লিউবিগিল্ডি নামক বিসিগাথ জাতীয় রাজার আজ্ঞানুসারে বিনষ্ট হইল।

### প্রশ্ন।

১ সুএবাই জাতীয়দিগের পরিচয় কি?

২ তাহারা স্পেন দেশের কোন্ অংশ আপনারদের অংশ স্বরূপে প্রাপ্ত হইয়াছিল?

৩ তাহাদের রাজ্য কত কাল ছিল এবং কি রূপে ধ্বংস হয়?

আলান জাতির কথা।

১ আসিয়ার অন্তঃপাতি সার্ম্মেশিয়া প্রদেশের উত্তরাংশে আলান জাতীয়দিগের প্রথম বাসস্থান ছিল, রোমানেরা মহামহিম পম্পির সময়াবধি ঐ জাতিকে জানিত। ২ রোমের পূর্ব্বতন সম্রাট্দিগের শাসন সময়ে তাহারা কএক বার রাজ্যের সীমা সম্বন্ধীয় প্রদেশ সকল আক্রমণ করিয়াছিল; এবং বেস্প্যাশিয়নের রাজ্যকালীন মিডিয়ার মধ্য দিয়া আর্মেনিয়া দেশ পর্য্যন্ত আসিয়াছিল। ৩ খ্রীষ্টীয় ৩৭৬ শকে তাহারদের রাজ্য হন্ জাতীয়দের দ্বারা বিনষ্ট হওয়াতে আক্রমণকারিদিগের ক্রোধ হইতে রক্ষা নিমিত্ত যাহারা পলায়ন করিতে পারিয়াছিল তাহারা প্যান্নোনীয়া প্রদেশে প্রস্থান পূর্ব্বক তথা হইতে পশ্চিম দিগে গমন করতঃ বাণ্ডাল ও সুএবাইদিগের সহিত একত্র হইল; পরে তাহাদের সহিত রাইন নদী পার হইয়া ফ্রান্স দেশের মধ্য দিয়া গমন পূর্ব্বক রেম্পেণ্ডীয়দের অধীনে স্পেন দেশে প্রবেশ করত লিউসিটেনীয়া প্রদেশে বসতি করিয়া রহিল; ঐ প্রদেশের নাম এইক্ষণে পোর্টুগাল হইয়াছে। ৪ ঐ স্থানে ৪৭৭ অব্দে বিসিগাথ জাতীয়েরা আলানদিগকে পরাভব করিয়া অধিকাংশ অধিকার করিয়া লয়।

প্রশ্ন।

১ কোন্ দেশে আলানদিগের আদ্য বাসস্থান ছিল?

২ রোম রাজ্যের বর্দ্ধিষ্ণু অবস্থায় আলানেরা রাজ্যের কোন স্থান আক্রমণ করিয়াছিল কি না?

৩ সুএবাই এবং বাণ্ডালদের সহিত আলানদিগের কি প্রকারে মিলন হইয়াছিল?

৪ লিউসিটেনীয়া প্রদেশে তাহারদের কত কাল অধিকার ছিল এবং তথায় কোন্ জাতি দ্বারা পরাভূত হয়?

গাথ জাতির বিবরণ।

১ গাথেরা অতিশয় ভয়ানক ছিল স্ক্যাণ্ডিনেবিয়া দেশ তাহাদের আদ্য বাসস্থান রূপে বর্ণিত আছে; কিন্তু তাহারা যখন প্রথমতঃ ইতিহাস বেত্তাদের নিকট বিদিত হয় তখন ডেনিউব নদী তীরে তাহাদের বাস ছিল। ২ উহারদিগের মধ্যে পূর্ব্বাঞ্চলে এবং টাইরাস ও বোরিস্থিনীস্ ও টানেস এই নদীত্রয়ে * বেষ্টিত ইউকসিন সমুদ্রের তটস্থ দেশে যাহারদের বাস ছিল তাহারা অষ্ট্রোগাথ উপাধি বিশিষ্ট হইয়াছিল; ও পশ্চিমাঞ্চলে প্রাচীন ডেশিয়া প্রদেশে এবং টাইরাস ও ডেনিউব এবং বিস্টিউলা এই নদীত্রয়ে বেষ্টিত স্থান সকলে যাহারা বাস করিত তাহারদিগের নাম বিসিগাথ হইয়াছিল। ৩ হন্ জাতীয়েরা গাথদিগকে এই সুবিস্তীর্ণ দেশে আক্রমণ করাতে তাহাদের কিয়দংশ পরাভূত হইয়াছিল অবশিষ্ট লোক স্বস্ব বসতি পরিত্যাগ পূর্ব্বক ক্রমশঃ কয়েক রোমান সম্রাট হইতে স্থান দান প্রাপ্ত হইয়াছিল; কিন্তু পরে রোমানেরা অতি অবিজ্ঞতা পূর্ব্বক উহারদের প্রতি অন্যায়াচরণ করাতে উহারা উপদ্রুত হইয়া তাহাদিগের এতাদৃশ দারুণ শত্রু হইয়া উঠিল যে ইটালি প্রদেশ এবং রোম নগর দুই বার অপহরণ ও লুঠ করিয়া গাল ও স্পেন দেশে রাজ্য স্থাপিত হওনানন্তর জয় যুক্ত হইয়া সমর শেষ করিল।

৪ বিসিগাথদিগের স্পেন দেশীয় রাজ্যের উন্নতি সময় পোর্ট-গালের অধিকাংশ ও গাল দেশস্থ সেপ্‌টিমেনীয়া প্রদেশ এবং ভূমধ্যস্থ সমুদ্রের দক্ষিণ পারে আফ্রিকার উত্তর পশ্চিমাংশীয় মারিটেনীয়া ও টিঞ্জিটানা এ সমস্ত স্থান তদন্তর্গত হইয়াছিল। এই প্রশস্ত রাজ্য আনুমানিক খ্রীষ্টীয় ৫৫০ শকাবধি ৮০০ শকের আরম্ভ পর্য্যন্ত বিসিগাথদিগের অধিকারে ছিল। তদনন্তর মুর জাতিদের

---

* এইক্ষণে টাইরাস্ নদীর নাম নিষ্টর ও বোরিস্থিনীস্ নদীর নাম নিপর এবং টানেস নদীর নাম ডন হইয়াছে।

দ্বারা তাহার ধ্বংস হয়। ৫। ৫৫০ শকে থুরিঞ্জিয়ান নামক জাতি জর্ম্মনি দেশের মধ্য স্থানে বাস করে; তাহারা বিসিগাথদিগের এক শাখা ছিল।

প্রশ্ন।

১ গাথদিগের আদিম বাস স্থান কোথায় ছিল এবং পরে কোথায় বাস করে?

২ ঐ জাতির কয় প্রকার সংজ্ঞা ছিল?

৩ পরে উহারা কোন্২ দেশে কি কারণে প্রস্থান করিয়াছিল?

৪ বিসিগাথদিগের রাজ্য কত কাল ছিল?

৫ গাথদিগের কোন্ শাখা জর্ম্মনি দেশে বাস করিত?

---

বর্গণ্ডীয়ান জাতির বিবরণ

১ বর্গণ্ডীয়ানেরা আদৌ ওডর ও বিষ্টিউলা এই নদী দ্বয়ের মধ্যবর্ত্তি দেশ সকলে বাস করিত; বিসিগাথেরা যে২ স্থান হইয়া যুদ্ধার্থ যাত্রা করিয়াছিল ইহারাও সেই২ দেশ দিয়া আক্রমণ করত বেড়াইয়াছিল। ৫০০ শকের প্রথমে ইহারা রাইন নদীর উত্তর তীরে এবং সুইট্জরলাণ্ড দেশে অবস্থান করিয়াছিল। এই রাজ্য ধ্বংস হইলে পর গাল দেশের একাংশ আক্রমণ করিয়া তথায় বাস করে; তদবধি ঐ স্থানের নাম বর্গণ্ডী বলিয়া বিখ্যাত হইয়াছে।

প্রশ্ন।

১ বর্গণ্ডীয়ানেরা কোন্ দেশ আক্রমণ করিয়াছিল?

---

আলমেনাইদিগের ইতিহাস।

১ জর্ম্মনি দেশে অনেক ক্ষুদ্র২ জাতি ছিল, তন্মধ্যে কয়েক জাতি মিলিত হইয়া আলমেনাই নামে বিখ্যাত হয়। ঐ শব্দের ব্যুৎপত্তি লভ্য অর্থে অনেক জাতির মিলন বুঝায়; কেননা (All) শব্দের অর্থ,

সকল; (Man) শব্দের অর্থ, মনুষ্য; এই শব্দ দ্বয়ের মিলনে আলমেনাই হইয়াছে। ২ ডেনিউব ও রাইন এবং মেএন এই নদী ত্রয়ের মধ্যস্থিত প্রদেশ সকলে তাহারদের অধিকার ছিল। ৩ খ্রীষ্ট জন্মের তিন শত শকের পর অবধি চারি শত শক পর্য্যন্ত তাহারা গাল ও ইটালি দেশ পুনঃ২ আক্রমণ করাতে রোমানদিগের পক্ষে অত্যন্ত ভয়ানক হইয়া উঠিয়াছিল।

প্রশ্ন।

১ আলমেনাই জাতীয়দিগের আদি বৃত্তান্ত কি?

২ কোন্২ স্থানে তাহারদের অধিকার ছিল?

৩ তাহারা কি প্রকারে ও কোন্ সময়ে রোমানদিগের পক্ষে ভয়ানক হইয়াছিল?

---

## ফ্রাঙ্ক জাতির উপাখ্যান।

১ জর্ম্মনি দেশের কতিপয় ক্ষুদ্র২ জাতি পরস্পরের স্বাধীনতা রক্ষার্থ একত্রিত হইয়া স্বয়ং ফ্রাঙ্ক সংজ্ঞা গ্রহণ করিয়াছিল। ফ্রাঙ্ক শব্দের ব্যুৎপত্তি লব্ধ অর্থে "স্বাধীন ব্যক্তি" বুঝায়। রাইন্ এবং উইসর এই নদী দ্বয়ের মধ্যস্থ প্রদেশ সকলে ইহাদিগের বসতি ছিল, সেই সকল প্রদেশের কতক অংশ এক্ষণে হলণ্ড এবং ওএষ্টফেলীয়া বলিয়া বিখ্যাত হইয়াছে। ২ তিন শত শকাভ্যন্তরে তাহারা গাল দেশ আক্রমণ করিয়াছিল কিন্তু পরে আরিলিয়ন্ নামা এক ব্যক্তি (যিনি পরে রোমের সম্রাট হইয়াছিলেন) কর্ত্তৃক পরাভূত হইল। চারি শত এবং পাঁচ শত শক সমারম্ভ সময়ে তাহারা এক স্থির জাতি রূপে সংস্থাপিত হইয়া রাইন ও উইসর ও মেএন এবং এল্ব এই নদী চতুষ্টয়ের মধ্যস্থিত দেশের আদি নাম পরিবর্ত্তন করিয়া ফ্রান্সীয়া অর্থাৎ: ফ্রাঙ্ক নাম রাখিয়াছিল, পরে ছয় শত শকে সমুদয় গাল দেশ জয় করিয়া গালের পরিবর্ত্তে তাহার নাম ফ্রান্স রাখে।

প্রশ্ন।

১ ফ্রাঙ্ক জাতীয়েরা এই নাম কি রূপে প্রাপ্ত হইয়াছিল ?

২ প্রাচীন কালে কোন্ দেশ ফ্রাঙ্ক নামে বিখ্যাত ছিল ও এক্ষণে কোন্ দেশকে ফ্রান্স কহা যায় ?

---

হন জাতির বিবরণ।

১ অসভ্য জাতি সমুদয়ের মধ্যে হনেরা অতি ভয়ানক ও নিতান্ত ক্রূর ছিল। অনুমান হয় তাহারা প্রথমতঃ কালমক কিম্বা মাঙ্গোলীয়ান্ টারটর জাতি ছিল, এবং আধিপত্য প্রাপ্ত হইয়াও আপনারদের জন্ম ভূমি সম্বন্ধীয় বন্য ব্যবহার পরিত্যাগ করে নাই। ২ তাহারা প্রথমতঃ গাথদিগকে ডেনিউব নদী তীর হইতে দূর করিয়া রাজ্যের পূর্ব্বাংশে আক্রমণ করত কনস্ট্যাণ্টিনোপল রাজধানী হইতে বল পূর্ব্বক কর গ্রহণ করিয়াছিল। পরে তাহারদিগের রাজা আটিলার সমভিব্যাহারে ইটালী দেশ আক্রমণ করত উচ্ছিন্ন করিয়া রোম নগর লুঠ করে। ৩ আটিলার পরলোক হইলে হনেরা বিভক্ত হইয়া পৃথক্‌রূপে ক্ষুদ্রং রাজ্য সংস্থাপন করিয়াছিল। তাহারদের স্বাধীনতা আট শত শকের শেষ পর্য্যন্ত সুস্থির ছিল, পরে সকলেই মহারাজ শার্লেমেন কর্ত্তৃক পরাভূত হইল।

প্রশ্ন।

১ হন জাতীয়েরা প্রথমে কোন্ স্থান হইতে আসিয়াছিল ?

২ তাহারা কত দূর পর্য্যন্ত আক্রমণ করিয়াছিল ?

৩ তাহারা কি প্রকারে বিনষ্ট হইল ?

আঙ্গালাই ও স্যাক্সন জাতির বিষয়।

১ খ্রীষ্টাবতারের দ্বিতীয় শত শকাবসানের অব্যবহিত পরে স্যাক্সন জাতির প্রকাশোপক্রম হয়। তৎকালে তাহারা এল্ব নদী পারে যে স্থানে বাস করিত এক্ষণে তাহাকে হালষ্টিন কহা যায়।

তাহারদের প্রতিবাসি আঙ্গলাই জাতীয়েরা শ্লেজিক প্রদেশে বাস করিত। ২ অতি পূর্ব্বে এই উভয় জাতীয়েরা সমুদ্র দস্যু বলিয়া বিখ্যাত ছিল এবং ইউরোপের পশ্চিম ভাগে সমুদ্র তটস্থ লোকেরা তাহারদের দৌরাত্ম্যে সর্ব্বদা সশঙ্ক থাকিত। ৩ পিক্ট জাতীয়েরা ব্রিটন দেশ আক্রমণ করিলে তাহা নিবারণ নিমিত্ত ব্রিটনীয়েরা তাহারদিগের সাহায্য প্রার্থনা করিয়াছিল তাহাতেই তাহারা ঐ রাজ্যে প্রবিষ্ট হইয়া ব্রিটন উপদ্বীপের দক্ষিণাংশ জয় করিয়া লয়, তদবধি ঐ জয়ী অর্থাৎ আঙ্গলাই জাতির নামানুসারেই ঐ উপদ্বীপের উপাধি ইংলণ্ড হইয়াছে। ৪ ফ্রাঙ্ক জাতীয়েরা গাল রাজ্যে গমন করিলে পর স্যাক্সন জাতীয়েরা এল্ব নদী পার হইয়া তাহারদের লোকশূন্য স্থান আক্রমণ করত প্রাচীন ফ্রান্স দেশের নাম পরিবর্ত্ত করিয়া স্যাক্সনি রাখিয়াছিল।

প্রশ্ন।

১ স্যাক্সন ও আঙ্গলাই জাতীয়েরা কোন্২ দেশে বসতি করিত?

২ অতি পূর্ব্বে ঐ জাতির আচরণ কি রূপ ছিল?

৩ ব্রিটন দেশের দক্ষিণাংশের নাম ইংলণ্ড কি প্রকারে হইল?

৪ ফ্রাঙ্ক জাতীয়েরদের আদিম বাস স্থান অর্থাৎ প্রাচীন ফ্রান্স দেশের নাম পরিবর্ত্ত হইয়া স্যাক্সনি নাম কি প্রকারে হয়?

---

হেরুলাই জাতির বর্ণন।

১ স্কাণ্ডিনেবিয়া দেশে হেরুলাই জাতির পূর্ব্ব নিবাস ছিল, পরে তাহারা বাল্টিক সমুদ্র পার হইয়া প্রথমতঃ পমিরেনীয়া প্রদেশে অবস্থিতি করত অবশেষে গাথ জাতির ন্যায় পূর্ব্বাভিমুখে গমন করিয়া পাল্স্ মিওটিস নদী তীরে বসতি করিল। ২ কিন্তু প্রবলতর প্রতিবাসির উপদ্রবে বিরক্ত হইয়া পশ্চিমাঞ্চলে প্রত্যাগমন পূর্ব্বক শেটল্যাণ্ড নামক দ্বীপ সমূহের মধ্যবর্ত্তি থুল নামক দ্বীপে নৌকা যোগে গমন করিয়া আইসলণ্ড উপদ্বীপে সুস্থির হইয়া বসতি

করিল। ৩ ইটালীর নূতন রাজ্য সংস্থাপনান্তে হেরুলাই জাতীয় ওডোসর নামক এক ব্যক্তি তাহার প্রথম রাজা হইয়া নির্ব্বিবাদে ত্রয়োদশ বৎসর রাজত্ব করিলেন; পরে থিওডরিক, আষ্ট্রোগাথ জাতীয়দিগকে সমভিব্যাহারি করিয়া ইটালী দেশ আক্রমণ করত ওডোসরের সহিত মৌখিক সন্ধি সংস্থাপনানন্তর নীচ ভাবে তাঁহাকে হত্যা করিয়াছিলেন।

প্রশ্ন।

১ হেরুলাই জাতির আদিম বাস কোথায় ছিল?

২ সর্ব্ব শেষে তাহারা কোন্ স্থানে অবস্থিতি করিয়াছিল?

৩ নূতন ইটালী রাজ্যের প্রথম সম্রাট্ কোন্ ব্যক্তি হইয়াছিল?

---

লাম্বোবার্ডাই জাতির বর্ণন।

১ এই জাতির নাম কেহ২ লাম্বার্ড ও কহিত। ইহারা আপনারদের পূর্ব্ব বাসস্থান স্কাণ্ডিনেবিয়া প্রদেশ পরিত্যাগ পূর্ব্বক প্রথমতঃ বিষ্টিউলা নদীর পুলিনে বসতি করিয়াছিল, পরে ডেনিউব নদীর অভিমুখে প্রস্থান করিয়া তত্রস্থ রোমীয় প্রদেশের লোকদিগকে আক্রমণ ও তাহাদের সম্পত্তি লুঠ করত ব্যতিব্যস্ত করিল। ২ গাথদিগের রাজ্য ধ্বংস হইলে পর তাহারা ইটালি দেশ আক্রমণ করিয়া ৫৬৮ শকে আপনারদের নামে, অর্থাৎ; লাম্বার্ড সংজ্ঞায় রাজ্য সংস্থাপন করিল; সে রাজ্য ৭৭৩ শক পর্য্যন্ত বর্ত্তমান থাকিয়া পরে শার্লেমেন মহারাজের অধীন হইল।

প্রশ্ন।

১ লাম্বার্ড জাতীয়েরা কোন্ স্থান হইতে প্রথম আসিয়াছিল এবং পরে রোম রাজ্যের কোন্ স্থান আক্রমণ করিয়াছিল?

২ কোন্ শকে এবং কোন্ রাজার সময়ে লাম্বার্ড রাজ্য পতিত হইয়াছিল?

---

## জেপিড়ি জাতির বিবরণ।

১ পূর্ব্বে জেপিড়ি জাতীয়দিগের বাস স্কাণ্ডিনেবিয়া দেশে ছিল; সে স্থান পরিত্যাগ করিয়া তাহারা প্রথমতঃ বিশ্চিউলা নদীর কূলে বসতি করে, পরে টৈনেইস নদীর দিকে গমন করিয়াছিল। ২ হুন জাতীয়দের রাজা আটিলা জেপিড়িদিগকে ও অন্যান্য উত্তর দেশীয় জাতিকে যুদ্ধে পরাজয় করিয়াছিলেন; তদনন্তর তাহারা মিত্র ভাবে তাঁহার সঙ্গে গাল দেশীয় প্রসিদ্ধ যুদ্ধে গমন করিয়াছিল। ৩ আটিলার পরলোক প্রাপ্ত হইলে জেপিড়ি জাতীয়েরা হুনেরদের অধীনস্থ হইতে মুক্ত হইয়া রোমীয় রাজাদিগের আজ্ঞানুসারে ডেশীয়া ও ইলিরিকম প্রদেশে বসতি করিল; সেই স্থানে ৫৭২ সন পর্য্যন্ত সুস্থির থাকিয়া লাম্বার্ডদিগের রাজা আলবয়নস দ্বারা পরাভূত হওত স্থানভ্রষ্ট হয়।

### প্রশ্ন।

১ জেপিড়ি জাতীয়েরা স্কাণ্ডিনেবিয়া প্রদেশ পরিত্যাগ পূর্ব্বক কোন্ স্থানে প্রথম বাস করিয়াছিল?

২ কোন্ ব্যক্তি তাহারদিগকে পরাভূত করিয়াছিল এবং তাহারা কোন্ যুদ্ধযাত্রায় সমভিব্যাহারী হইয়াছিল?

৩ আটিলার পরলোক প্রাপ্তি হইলে জেপিড়িদিগের কি ঘটিয়াছিল?

---

## নর্মান জাতির নিরাকরণ।

১ ফ্রাঙ্ক জাতীয়েরা নারওয়ে এবং ডেনমার্ক দেশের লোকদিগকে নর্মান, অর্থাৎ; উত্তর দেশীয় জাতি কহিত, এবং আইর্লণ্ড দ্বীপস্থ লোকেরা তাহারদিগকে ইষ্টমেন, অর্থাৎ; পূর্ব্ব দেশীয় বলিত। জল পথে দস্যু বৃত্তি দ্বারাই উহাদিগের জীবিকা নির্ব্বাহ হইত। অষ্ট শত শকের উপক্রমে উহারদিগের উপদ্রব প্রকাশ হইতে আরম্ভ হয়, এবং ৯ শত শকে অতিশয় ভয়ানক হইয়া উঠে; সেই

হওয়ার তাহারা ফ্রান্স দেশের কিয়দংশ পরজয় করিয়া লইয়াছিল। ঐ প্রদেশের নাম এক্ষণে নর্মানডি হইয়াছে। ইহার পর দুই শত বৎসরের মধ্যে স্যাকসনদিগকে অপদস্থ করিয়া ইংলণ্ড দেশ তাহারদিগের হস্ত হইতে কাড়িয়া লইয়া নিজাধিকৃত করত সিসিলী উপদ্বীপে ও ইটালীর দক্ষিণাংশে কয়েকটা রাজ্য স্থাপিত করিয়াছিল।

প্রশ্ন।

১ কোন্ জাতিকে নর্মান কহা যায়।

---

বলগেরীয়ন জাতির বিবরণ।

১ সিথিয়ান, অর্থাৎ; টারটার বংশে বলগেরীয়নদিগের উৎপত্তি হয়; উহারা সপ্তম শত শকের শেষ কালে রোম রাজ্যের পূর্ব্বাংশে অতিশয় ভয়ানক হইয়াছিল। নবম্ শত শকের আরম্ভে উহারদিগের রাজা, ক্রমনস্, যুদ্ধ করণাভিপ্রায়ে কনষ্ট্যানটিনোপল নগরের প্রবেশ দ্বার পর্য্যন্ত গমন করিয়াছিলেন, কিন্তু তাহার দুর্গাদি অত্যন্ত দৃঢ় দেখিয়া তথা হইতে পরাঙ্মুখ হওত আড্রিএনোপোল্ নগর আক্রমণ করিলেন এবং বহুবিধ দ্রব্যাদি লুঠিয়া লইয়া স্বদেশে পুনঃ প্রত্যাগত হইলেন। ক্রমনসের উত্তরাধিকারিরা তাঁহার ক্ষমতা প্রাপ্ত হন নাই; সুতরাং, বলগেরীয়নেরা যদ্রূপ দুর্দ্ধর্ষ ছিল ক্রমশঃ তদ্রূপই দুর্ব্বল হইতে লাগিল।

প্রশ্ন।

১ বলগেরীয়নদিগের বৃত্তান্ত কি?

---

সেবাই জাতির বিবরণ।

১ সেবাইয়েরা অসভ্য জাতি মালার অন্তিম শ্রেণি; ষষ্ঠ শত শকের পূর্ব্বে কোন গ্রন্থকারের গ্রন্থে তাহাদিগের উল্লেখ নাই। প্রথমতঃ তাহারা ইউরোপের পূর্ব্বাংশে উপস্থিত হয়, পরে মধ্যস্থ সমস্ত প্রদেশ

[illegible] পড়িয়া তত্রস্থ অনেক অংশ অধিকার করিয়া লয়, এক্ষণে অষ্ট্রিয়া রাজ্য সেই অংশে স্থাপিত হইয়াছে। স্লেবাই জাতিয়েরা রাজ্যের পূর্ব্বাংশেতে অনেক বার যুদ্ধ করিয়াছিল এবং ডেনিউব নদীর তীরে গ্রীশিয়ান দিগের সাহিত যে সংগ্রাম করে তাহাতেই কনষ্টান্‌টিনোপল রাজ্য কম্পমান হয়। বিনিডাই ও সার্ভিয়া এই দুই পৃথক্ জাতি, স্লেবোনী বংশের মধ্যেই ছিল।

প্রশ্ন।

১ স্লেবাই জাতির বিবরণ কি

---

সারাসেন, মুর, এবং তুর্ক; এই জাতি ত্রয়ের পরিচয়।

১ মধ্য কালে আরব জাতীয়েরা সারাসেন্ সংজ্ঞায় বিখ্যাত ছিল। অনুমান হয় তাহারা এব্রাহেম ও হেগারের পুত্র ইশমাইলের বংশ। সংকালীন পৃথিবীর পূর্ব্ব ও পশ্চিমাংশস্থ সকল রাজত্ব ও রাজ নীতির নানা প্রকার পরিবর্ত্তন হইয়াছিল, তৎকালে যদিও সারাসেনেরা চতুর্দ্দিকস্থ রাজ্য সকলের সহিত সতত রণে বিরক্ত ছিল, তথাপি তাহারদের স্বাধীনতা নষ্ট হয় নাই। সপ্তম সেন্টুরির আরম্ভে মক্কা নগরের কোন প্রসিদ্ধ বংশোদ্ভব মহম্মদ নামক এক ব্যক্তি আপনাকে ভবিষ্যদ্বক্তা বলিয়া প্রচার করাইয়া এক জন স্বধর্ম্ম ত্যাগি খ্রীষ্টীয়ানের সহায়তায় ধর্ম্ম বিষয়ক পৃথক্ এক মত প্রকাশ করেন, ঐ মতের প্রতি প্রথমতঃ অনেক প্রকার আপত্তি উপস্থিত হইয়াছিল, কিন্তু শেষে আরব দেশের প্রধান২ জাতীয়েরা তাহা গ্রহণ করিল। মহম্মদের উত্তরাধিকারিদের উপাধি, কালিফ, ছিল; ইহারা বল দ্বারা আপনারদের পূর্ব্ব পুরুষ প্রণীত ধর্ম্ম প্রচলিত করিতে প্রতিজ্ঞা করিয়া ক্রমশঃ রোম রাজ্যাপেক্ষাও বিস্তৃত এক রাজ্য স্থাপন করিল। পারস দেশ, ভারতবর্ষ, রোম রাজ্যের পূর্ব্বাংশের তাবৎ প্রদেশ, এবং এসিয়ার মধ্য ও দক্ষিণস্থ সমুদয় অঞ্চল, তাহারদের অধিকারস্থ হইয়াছিল। তাহার অল্প কাল পরেই তাহারা

আফ্রিকার উত্তরাংশ জয় করিল, এবং খ্রীষ্টীয় ৮ম শতাব্দের আরম্ভে সারা-সেনীয় মুরেরা * স্পেন দেশকে আপনাদের অধিকারভুক্ত করিল। ২ অনুমান হয় চারল্‌স মার্টেল নামক ফ্রান্স দেশীয় বীর ৭৩২ সালে তাহারদের অসংখ্য সৈন্যকে পাইটিয়র নামক যুদ্ধ ক্ষেত্রে পরা-ভূত না করিলে তাহারা সমুদয় ইউরোপ পরাজয় করিত।

৩ কিন্তু কালিফদিগের মহা রাজ্যের গৌরব শীঘ্র ক্ষয় পাইতে লাগিল; শেষে রোম রাজ্য যে কারণে উচ্ছিন্ন হইয়াছিল সেই কারণে ইহারদেরও মহা রাজ্যের ধ্বংস হইল, অর্থাৎ রোমীয়দের ন্যায় ইহারাও আপদ সময়ে বেতন ভোগি সৈন্য নিযুক্ত করিলেন। মহম্মদ ধর্ম্মাবলম্বি টারটার জাতি হইতে কালিফেরা সৈন্য সংগ্রহ করিতেন; ঐ জাতীয়েরা তুর্কীস্থান, অর্থাৎ টারটেরির পশ্চিমাংশে বাস করিত এপ্রযুক্ত তাহারদিগকে তুর্কোমান বা তুর্ক বলা যাইত। ঐ সাহসিক ও ভয়ানক যোদ্ধারা দুর্ব্বল কালিফদিগের রাজ্য বল পূর্ব্বক অধিকার করিয়া আসিয়ার পশ্চিমাংশের জয় সমাপন করিল। খ্রীষ্টীয়ানেরা যিরূশালেম নগরকে যবনাধিকার হইতে মুক্ত করিবার নিমিত্ত যুদ্ধে প্রবৃত্ত থাকাতে কিয়ৎকাল গ্রীক রাজ্য বিনাশে বিলম্ব হইয়াছিল, কিন্তু অবশেষে খ্রীষ্টীয় ১৪৫৩ অব্দে তুর্কেরা হেলেস্পণ্ট নামক সমুদ্র খাড়ি পার হইয়া কনষ্টানটিনোপল নগর অধিকার করত ইউরোপের উৎকৃষ্ট স্থানে খ্যাতিপ্রেত রাজ্য সংস্থাপন করিল।

প্রশ্ন।

১ মহম্মদ ও তাঁহার উত্তরাধিকারিদিগের কর্ত্তৃত্বাধীনে আরবীয় লোকেরা কোন্২ গুরুতর সমরে জয়ী হইয়াছিল?

২ কোন্ ব্যক্তির দ্বারা সারাসেনদের যুদ্ধের গতি রোধ হইয়া-ছিল?

৩ তুর্কদিগের রাজ্য কি রূপে স্থাপিত হইয়াছিল?

---

* যে সকল সারাসেনেরা মারিটেনিয়া দেশে বাস করিয়াছিল তাহারদের নাম সারাসেনীয় মুর হইয়াছিল।

এবারাই জাতীয়দের বৃত্তান্ত।

১ আটে পর্ব্বত হইতে নির্গত। হটেস নদীর উৎপত্তি স্থানের নিকট চিন টারটেরি দেশের পশ্চিমাংশে এবেরাই জাতীয়েরা পূর্ব্বে বাস করিত। ২ পরন্তু ষষ্ঠ শত শকের মধ্য কালে কতিপয় তুর্কী লোক তাহারদিগকে তথাহইতে বহিষ্কৃত করিয়া দিলে তাহারা পশ্চিম দিকে গমন করত ডেন্যিউব নদীর তীরে বসতি করিল সে স্থানে বলগেরিয়নদের কর্তৃক পরাভূত হওয়া পর্য্যন্ত অবস্থান করিয়াছিল। খ্রীষ্টীয় ৮১৪ শকের পরে ইতিহাসে তাহাদের নাম পাওয়া যায় না, কারণ ভৌকস রাজা পূর্ব্ব রাজ্য আক্রমণ করণাভিপ্রায়ে যে ভূরি সৈন্য সংগ্রহ করিয়াছিলেন তাহারা তন্মধ্যে মিলিত হইয়া স্বীয় নাম লোপ করে।

প্রশ্ন।

১ এবারাই জাতীয়দের প্রথম বাস কোন স্থানে ছিল?

২ পরে তাহারদের কি হইয়াছিল?

---

## ২৮ অধ্যায়।

### খ্রীষ্টীয় ধর্ম্ম যে রূপে বৃদ্ধিশীল হয় তদ্বিবরণ।

১ যীশু খ্রীষ্টের জন্মের কিয়ৎ বৎসর পূর্ব্বে জুডিয়া প্রদেশে রোমীয়দিগের অধিকার হইয়াছিল। তদ্দেশ নিবাসিদের অর্থাৎ য়িহুদীয়দিগের ইতিপূর্ব্বে স্বদেশ প্রতি সাতিশয় প্রীতি থাকাতে তাহারা এ পর্য্যন্ত বিদেশে গমনাগমন করিত না; কিন্তু এক্ষণে বাণিজ্য করণের বাসনায় রাজ্যের নানা স্থানে বসতি করিল। ২ অন্যান্য ব্যক্তিদিগের ধর্ম্ম হইতে ইহারদের ধর্ম্মের বিশেষ বিভিন্নতা প্রযুক্ত ইহারা সকল হইতে পৃথক্ থাকিত। ওসাইরিসের উপাসকেরা জুপিটর দেবের নিকট বলিদান কি নৈবেদ্য উৎসর্গ করিতে দ্বিধা করিত না, এবং পারস্য, ভারতবর্ষ, ও জর্ম্মনি দেশের লোকেরাও রোমীয় মন্দিরে প্রণাম করিত; কিন্তু এব্রাহেমের সন্তানেরা, অর্থাৎ; য়িহুদিরা

খোদিত প্রতিমার প্রতি ঐশ্বরিক সম্মান অর্পণ করিতে অসম্মত ছিল, তাহাতে তাহারদের পৌত্তলিক প্রতিবাসিরা প্রথমে আশ্চর্য্যান্বিত হইয়া পরে তাহারদিগকে অবজ্ঞা করিতে লাগিল। ৩ মেসাইয়া, অর্থাৎ; যীশুর অবনী মণ্ডলে অবতীর্ণ হওনের প্রধান তাৎপর্য্য কেবল ইস্‌রেল বংশীয় ধর্ম্ম ভ্রষ্ট ব্যক্তিদিগকে পুনর্ব্বার স্বধর্ম্মে নিরত করণার্থ মাত্র; অতএব তিনি স্বদেশীয় ব্যক্তি সমক্ষেই আপনার নূতন ও বিশেষ ধর্ম্ম ঘোষণা করিতেন; সুতরাং, প্যালেস্টাইন নগরে খ্রীষ্টের প্রকট হওন, জীবন যাপন, মরণ এবং পুনর্জ্জীবন প্রভৃতি অদ্ভুত ব্যাপার সমুদায় সে সময় ব্রহ্মাণ্ডময় বিখ্যাত হয় নাই।

৪ খ্রীষ্টের মৃত্যুর পর শেষ আজ্ঞা প্রতিপালন জন্য তাঁহার শিষ্যেরা দেশ বিদেশে ধর্ম্ম শাস্ত্র ঘোষণা করিতে গমন করিলেন; পূর্ব্বাবধি রাজ্যের প্রায় তাবৎ প্রধান২ নগর মধ্যে য়িহুদীয় অর্চ্চনা গৃহ স্থাপিত থাকাতে নূতন ধর্ম্ম শাস্ত্র ঘোষণার পক্ষে অত্যন্ত উপকার হইল। ৫ খ্রীষ্টীয় ধর্ম্মের ক্রমশঃ বৃদ্ধি এবং অবশেষে সর্ব্বত্র সর্ব্বতোভাবে সংস্থাপন হওন বিষয়ে জগৎ কর্ত্তা পরমেশ্বরের ইচ্ছা ব্যতীত অন্যান্য অনেক উপায় হইয়া উঠিল, যথা, দেব পূজার প্রবৃত্তি ক্রমে লোপ হওয়াতে মনুষ্য সকল জুপিটর ও রোমওঁলসের উপাসনা সম্বন্ধীয় কল্পিত উপাখ্যানের প্রতি গোপনে উপহাস করিতে লাগিল; বলিদানাদি যাহা করিত, তাহাও আন্তরিক নহে, কেবল পূর্ব্ব প্রচলিত প্রথা নিমিত্তই করিত; এবং কোন পূজোপলক্ষে পথিমধ্যে যে সমারোহ হইত তাহাও বিদ্রূপের স্থল হইয়া উঠিল। পণ্ডিত সকলে দেবাদি পূজা বিষয়ক ধর্ম্মের প্রতি নির্ভয়ে অশ্রদ্ধা এবং উপহাস করিতে লাগিলেন, এবং অনেকেই স্বকীয় নাস্তিকতা প্রকাশ করিতে আরম্ভ করিলেন। ৬ মনুষ্য সমাজে কোন এক প্রকার ধর্ম্মের চলন থাকা অত্যাবশ্যক; কারণ নর লোকের রিপু ও উৎকট বাঞ্ছা দমন কেবল ঐহিক, অর্থাৎ, রাজ ব্যবস্থাতে হইতে পারে না; তজ্জন্য দৃঢ়তর শাসন, অর্থাৎ; পরকাল সম্বন্ধীয় কোন প্রকার ভয় প্রদর্শন

প্রয়োজন করে। লোকের জীবন যে এই অনিত্য দেহের অনুজীবি নহে, তদ্বোধই পারলৌকিক বিষয়ানুসন্ধানে মনুষ্যের মনোভিনিবেশের মূল কারণ হইয়াছে। দেবার্চ্চনার মত সর্ব্ব প্রকারে যুক্তি বিরুদ্ধ ও অপ্রসিদ্ধ; পণ্ডিতেরা প্রায় অনুমান দ্বারা আপনাদের মত প্রতিপন্ন করেন; কিন্তু এইক্ষণে গাস্পেল অর্থাৎ; ঈশ্বর বিষয়ক এই ধর্ম্মশাস্ত্র দ্বারা জীবনের প্রকৃতি ও জীবাত্মার অমরতার সম্যক্ দেদীপ্যমান হইল। ৭ সত্য পথাবলম্বিতার প্রভাব আদিম খ্রীষ্টীয়ান দিগের ক্রিয়া ও চরিত্রেতেই স্পষ্ট রূপ প্রকাশমান হইল, যেহেতুক তাঁহারা অতুলা পাপ ও লম্পটতার সময়ে পৃথিবীতে থাকিয়াও নিষ্কলঙ্ক ছিলেন; আর যে সকল লোক পূর্ব্বে বেশ্যা, লম্পটতা, এবং অন্যান্য বহুবিধ পাপ জন্য প্রসিদ্ধ ছিল তাহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হইয়াই নম্র, ধৈর্য্যশীল, সাধু, এবং ধার্ম্মিক হইল; দুষ্টতা ত্যাগ পূর্ব্বক ভদ্র হওনের এই প্রকার দৃষ্টান্ত দর্শনে এ রূপ পরিবর্ত্তন কি কারণে হইল তাহা অবগত হইবার বাসনা মানবদিগের মনে সুতরাং উদয় হইল। ৮ খ্রীষ্টীয় ধর্ম্ম সর্ব্বত্র প্রচার হওনের আর এক উপায় এই হইল যে তাঁহার ধর্ম্ম পুস্তকে এমত প্রসঙ্গ আছে যে যাহারা ঐ ধর্ম্মাবলম্বন করিবেক তাহারা সকলেই অপ্রভেদে অবশেষে পরিত্রাণ প্রাপ্ত হইবেক, এবং এই ধর্ম্মের বিশেষ মহিমা এই, যে নির্ধন ব্যক্তিদিগের নিকটে তদ্ধর্ম্মের মর্ম্ম ঘোষণা হইত। কোন দুঃখি লোক অসঙ্গতি ক্রমে উৎকৃষ্ট দ্রব্যাদি দ্বারা দেবতার পূজা দেওনে অসমর্থ হইলে মন্দিরে প্রবেশ করিতে পারিত না, অতএব এক্ষণে সকল ব্যক্তি বিনা অর্থে ও বিনা মূল্যে ত্রাণ কর্ত্তার নিকট ক্ষমা এবং প্রেম প্রাপ্তির আশা পাওয়াতে তাঁহার আজ্ঞা পালনে প্রবৃত্ত হইতে লাগিল।

৯ খ্রীষ্ট জন্মের পর ১০০ শত বৎসর মধ্যে রাজ্যের প্রধান নগরে, বিশেষতঃ আসিয়া মাইনর প্রদেশে, খ্রীষ্টীয় ধর্ম্মশালা সকল স্থাপিত হইতে লাগিল। খ্রীষ্টীয় ধর্ম্ম ক্রমশঃ বর্দ্ধিষ্ণু হওনের প্রতি

প্রথমতঃ লোকে উপেক্ষা করিয়াছিল, কিন্তু এক্ষণে শাসন কর্ত্তাদিগে-রও তদ্বিষয়ে সতর্কতা হইল। রোমীয় শাসন কর্ত্তারা স্বভাবতঃ অত্যন্ত অলসতা হেতুক খ্রীষ্টীয় ধর্ম্ম সত্য কি মিথ্যা তদনুসন্ধান বিষয়ে অমনোযোগী ছিলেন, ফলে এই ধর্ম্ম তাঁহারদিগের অধর্ম্মাচরণের বৈরি স্বরূপ প্রকাশ হওয়াতে তৎপ্রতি অনুরাগী ছিলেন না সুতরাং ঝটিতি তাহার বৃদ্ধির উপক্রম দর্শনে তাঁহারা স্পষ্টই ভীত হইলেন। রোমীয় রাজ রীত্যনুসারে রাজকীয় এবং বিচার সম্বন্ধীয় কার্য্য এক ব্যক্তির প্রতিই অর্পিত হইত, তাহাতেই রোমীয় শাসন কর্ত্তারা আপ-নাদের স্বার্থ বিবেচনায় এই নূতন মতের বিধ্বংসনে উৎসুক হইলেন, এবং শেষে নিষ্ঠুর রাজা, নিরো, খ্রীষ্টীয়ানদিগকে নিগ্রহ করণ রূপ উল্কাপাত আরম্ভ করিলেন। ১০ কিন্তু ধর্ম্মার্থ জীবন বিস-র্জনকারি ব্যক্তিদিগের প্রাণ ত্যাগ করণ ঐ ধর্ম্মের সত্যতার প্রমাণ স্বরূপ হইল, কারণ ঐ মহা পুরুষেরা যে প্রকার ধৈর্য্য পুরঃসর নিষ্ঠুর যন্ত্রণা সমূহ সহ্য করিয়াছিলেন এবং মৃত্যু যাতনা সময়েও পরমেশ্বরের প্রতি যে রূপ ভক্তি ও দৃঢ় বিশ্বাস প্রকাশ করিয়াছি-লেন তদ্দর্শনে অনেকানেক লোক সহজেই স্বীয় পূর্ব্ব ধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক ঐ ধর্ম্ম অবলম্বন করিল। ফলতঃ নিগ্রহ জন্যই খ্রীষ্টীয়া-নেরা দৃঢ় রূপে একত্রিত হইয়াছিলেন, এবং নিরো রাজার মৃত্যুর সঙ্গে২ সকল শঙ্কার শেষ হওয়াতে এমনি ঘটিয়া উঠিল যে খ্রীষ্টীয় ধর্ম্ম ধ্বংস করণার্থ যেং উপায় স্থির হইয়াছিল সেই২ উপায় দ্বারা তাহা দৃঢ়তা প্রাপ্ত হইল।

১১ নিরোর উত্তরাধিকারি রাজারা স্ব২ রাজনীতি কিম্বা বিবেক শূন্য ধার্ম্মিকত্ব বশতঃ খ্রীষ্টীয়ানদিগের উপর ক্রমাগত যে নিগ্রহ করিয়াছিলেন তাহাতেও পূর্ব্বের ন্যায় ফল দর্শিল; অব-শেষে খ্রীষ্টীয়ানদিগের সম্প্রদায় এমত বলবান হইয়া উঠিল যে রাজ্য প্রাপ্তি জন্য বিরোধের স্থলে তাহারদের সহায়তার অত্যাব-শ্যক হইল।

১২ কনষ্টানটাইন রাজা যখন কেবল গাল দেশের শাসন কর্ত্তা ছিলেন, তাঁহার তদানীন্তন কোমল শাসন, ও খ্রীষ্টীয়ান-দিগকে আশ্রয় দান, এবং তাহারদের ধর্ম্ম শাস্ত্রের প্রতি পক্ষপাত হেতু রাজ সিংহাসনারোহণ নিমিত্ত তাঁহার উদ্যমে সাধ্যানুসারে সহায়তা করিতে তাহারদের অতিশয় ইচ্ছা হইল। এইরূপে কনষ্টানটাইনের খ্রীষ্টীয়ানদিগের সহিত সম্মিলন হইলে তিনি তাহারদিগের ধর্ম্ম বিষয়ক মাহাত্ম্যের বীজানুসন্ধানে প্রবৃত্ত হইয়া তদ্ধর্ম্মে বিশ্বাস রূপ ফল প্রাপ্ত হইলেন; পরে রাজ সিংহাসনারোহণ করিলেই খ্রীষ্টীয় ধর্ম্ম বিধি মতে সংস্থাপিত হইল। ১৩ স্বধর্ম্ম ত্যাগী রাজা জুলিয়নের রাজত্ব সময়ে খ্রীষ্টীয়ানদিগের উপর তাড়না হয় নাই। নানা মতে তাহারদের উদ্যম ভঙ্গ হইয়াছিল; অতএব তাঁহার অকাল মৃত্যু হওয়াতে খ্রীষ্টীয় ধর্ম্ম উত্তম রূপে সংস্থাপিত হওন পক্ষে যে প্রতিবন্ধক ছিল তাহাও দূর হইল এবং থিওডোসিয়স রাজার রাজত্ব সময়ে দৃঢ়তর রূপে স্থাপিত হইল। ১৪ এই রাজার রাজ্য কালে প্রতিমাদি পূজা সম্পর্কীয় অবশিষ্ট সমস্ত চিহ্ন এক কালে বিনষ্ট হইয়া গেল, অর্থাৎ; বেদিকা ও যজ্ঞ বেদী প্রভৃতি উচ্ছিন্ন ও মন্দির সকল রুদ্ধ হইল। পূর্ব্বাবধিই দেবালয় সকল প্রায় সর্ব্বত্র সর্ব্বজন কর্তৃক পরিত্যক্ত হইয়াছিল, অতএব ধর্ম্ম বিষয়ক ঐ পরিবর্ত্তন অনায়াসেই সম্পন্ন হইল। ১৫ এই সময়াবধি ইউরোপের মধ্যে খ্রীষ্টীয় ধর্ম্ম প্রচলিত হইয়া তত্রস্থ তাবৎ লোকের সুখের এবং জ্ঞান বৃদ্ধির আকর স্বরূপ হইয়াছে।

প্রশ্ন।

১ খ্রীষ্টের আগমন কালীন য়িহুদীয় লোকদিগের কি রূপ অবস্থা ছিল?

২ অন্যান্য জাতীয় ব্যক্তিবর্গ হইতে য়িহুদীয়েরা কি প্রকারে পৃথক ছিল?

৩ খ্রীষ্ট ধর্ম্ম সম্বন্ধীয় চমৎকার ব্যাপার দর্শন করিয়াও যে লোকে তৎপ্রতি উপেক্ষা করিয়াছিল, তাহার সম্ভব কারণ কি দর্শান যায়?

৪ য়িহুদীয়দের ইতস্ততো দেশ বিদেশে গমন হওয়াতেই খ্রীষ্টীয়ান ধর্ম্ম প্রচলিত হওনের কারণ কি রূপে হইল?

৫ খ্রীষ্টীয় ধর্ম্মের প্রথম ঘোষণা সময়ে দেব পূজার মত কি অবস্থায় ছিল?

৬ খ্রীষ্ট ধর্ম্ম শাস্ত্র দ্বারা কি গুপ্ত বিষয় প্রকাশ হইয়াছে?

৭ আদ্য খ্রীষ্টীয়ানেরা প্রাণ ত্যাগ করাতেই খ্রীষ্টীয় ধর্ম্ম শীঘ্র সর্ব্বত্র ব্যাপ্ত হওনের সুযোগ কি রূপে হইল?

৮ কি প্রকার লোকদিগের নিকট ঐ ধর্ম্ম শাস্ত্রের ঘোষণা বিশেষ রূপে করা যাইত?

৯ কি জন্য খ্রীষ্টীয়ানদিগকে যন্ত্রণা দিতে রোম রাজ্যের শাসন কর্ত্তাদিগের প্রবৃত্তি হইয়াছিল?

১০ খ্রীষ্টীয়ানদিগের প্রতি তাড়না হওয়াতে তাঁহারদের মত কি একেবারে উচ্ছিন্ন হইয়াছিল?

১১ খ্রীষ্টীয়ান সম্প্রদায় যে ত্বরায় সবল হইয়াছিল তাহার কি প্রমাণ পাওয়া যায়?

১২ কোন্ ব্যক্তি দ্বারা খ্রীষ্টীয়ান ধর্ম্ম বিধি মতে সংস্থাপিত হইল?

১৩ কোন্ রাজার রাজত্ব কালে খ্রীষ্টীয় ধর্ম্ম কিঞ্চিৎ বাধা প্রাপ্ত হইয়াছিল?

১৪ দেব পূজা সম্বন্ধীয় অবশিষ্ট চিহ্ন সকল কোন্ সময়ে একেবারে লুপ্ত হইয়াছিল?

১৫ খ্রীষ্টীয় ধর্ম্ম সংস্থাপিত হওয়াতে ইউরোপ বাসিদের প্রতি কি ফল দর্শিয়াছে?

গ্রন্থ সমাপ্তিঃ।